VYABASTA SANGRAHA.

PART II.

OR

THE ORDINARY SURGICAL DISEASES AND DISEASES OF THE EYE, EAR, NOSE, THROAT AND SKIN WITH THEIR ETIOLOGY, SYMPTOMS, TREATMENT, CLINICAL THERAPEUTICS AND PRESCRIPTIONS.

BY

BEBHUTI BHUSAN CHATTERJEE M. B.

Medical Officer, Dighapatia Raj Estate

"ব্যবস্থা-সংগ্রহ।"

দ্বিতীয় ভাগ।

বা

অস্ত্রচিকিৎসা রোগ, চক্ষুরোগ, দন্তরোগ, নাসিকারোগ, গলরোগ ও চর্ম্মরোগ ইত্যাদির নিদান, লক্ষণ, চিকিৎসা ও ব্যবস্থাপত্র

শ্রীবিভূতিভূষণ চট্টোপাধ্যায় এম্, বি প্রণীত।

Calcutta.

PRINTED BY BEHARY LALL BANERJEE,
AT MESSRS. J. G. CHATTERJEA & CO.'S PRESS,
44, AMHERST STREET.
PUBLISHED BY THE AUTHOR, DIGHAPATIA.

1897.

ভূমিকা।

বিবিধকার্য্য ও শারীরিক অসুস্থতা নিবন্ধন "ব্যবস্থা-সংগ্রহ" দ্বিতীয় ভাগ যথা সময়ে প্রকাশিত করিতে পারি নাই, তজ্জন্য গ্রাহক মহোদয়গণের নিকট ক্ষমা প্রার্থনা করি। যে সকল অস্ত্র চিকিৎসা রোগ, চক্ষু রোগ, গল রোগ, কর্ণ রোগ, দন্ত রোগ ও চর্ম্ম রোগ সচরাচর মফস্বলে দেখিতে পাওয়া যায়, সেই সকল রোগের নিদান, লক্ষণ, চিকিৎসা ও ব্যবস্থা পত্র হইা দেওয়া হইল। অনেক মফস্বল ও গ্রাম্য চিকিৎসকের অনুরোধে প্রথম ভাগ অপেক্ষা ইহাতে কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়া, প্রত্যেক রোগের কারণ ও প্রধান প্রধান লক্ষণ যথা স্থানে সন্নিবেশিত করা হইয়াছে। ১০।১৫ বৎসরের মধ্যে রোগের নিদান সম্বন্ধে যে সকল নূতন নূতন তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, তাহা অনেক চিকিৎসক অবগত নহেন, সুতরাং ঐ গুলি বিশেষ উপকারী ও প্রয়োজনীয় বোধে এই গ্রন্থে নিবিষ্ট হইল। এ পর্য্যন্ত যে সকল নূতন ঔষধ, নূতন চিকিৎসা প্রণালী ও রোগোৎপাদক বেসিলাস (Bacilus) আবিষ্কৃত হইয়াছে, তদ্বিবরণও এই পুস্তকে উল্লিখিত হইয়াছে। প্রত্যেক রোগের অনেকগুলি ব্যবস্থা-পত্র দেওয়া হইয়াছে বটে, কিন্তু অধিকাংশ স্থলেই আবার রোগের কিরূপ অবস্থায় ঐ সকল ব্যবস্থা পত্রের ঔষধ দিতে হইবে, তাহা বিশদ ভাবে বুঝাইয়া দেওয়া হইয়াছে। আরও বিশেষ সুবিধার জন্য প্রত্যেক ঔষধের ক্রিয়া ও অবস্থানুযায়ি উপযোগিতা এবং কিরূপ মাত্রায় ঐ সকল ঔষধ বিশেষ ফলদায়ক, তাহাও সুস্পষ্টরূপে প্রকাশ করা গিয়াছে। যাঁহারা ইংরাজী ভাষায় অনভিজ্ঞ তাঁহাদেরই সুবিধার

জন্য নানা প্রামাণিক গ্রন্থ হইতে এই পুস্তক সংগৃহীত হইল। এক্ষণে ইহা সাধারণের যৎসামান্য উপকারে আসিলেই আমি আমার সমস্ত যত্ন ও পরিশ্রম সফল মনে করিব।

এই পুস্তক প্রনয়ণ সম্বন্ধে আমার সুযোগ্য এসিষ্টাণ্ট শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র পাল অনেক সাহায্য করিয়াছেন, সেই জন্য তিনি ধন্যবাদের পাত্র। ইতি তারিখ ১৫ই নবেম্বর ১৮৯৭।

গ্রন্থকার।

সূচীপত্র।

নির্ঘণ্ট।

ব্যবস্থা-সংগ্রহ।

দ্বিতীয় ভাগ।

(এব্‌সেস্‌), Abscess.

স্ফোটক

স্ফোটক দুই প্রকার উষ্ণ বা তরুণ এবং শীতল বা পুরাতন। পুরাতন স্ফোটকগুলি প্রায়ই উপদংশ বা টিউবার্কেল অথবা রক্তদোষ বা রক্তের বিষাক্ততা হেতু উৎপন্ন হয়।

লক্ষণ—তরুণ স্ফোটকে স্থানিক প্রদাহের ন্যায় কিছু না কিছু দৈহিক বৈলক্ষণ্য যথা জ্বর ইত্যাদি প্রকাশ পায় এবং তৎসঙ্গে স্ফোটক স্থানে দব্‌দবে বেদনা, স্ফীততা, উষ্ণতা ও চর্ম্ম রক্তবর্ণ হইতে দেখা যায়। একটি জলপূর্ণ রবারের ব্যাগের উপরে দুই স্থানে দুই অঙ্গুলি রাখিয়া এক অঙ্গুলি দ্বারা টিপিলে অন্য অঙ্গুলিতে যেরূপ আঘাত অনুভব হয়, স্ফোটকে পূয়োৎপত্তি হইলে উক্তরূপ পরীক্ষা দ্বারা সেইরূপ আঘাত অনুভব করিতে পারা যায়।

জিহ্বা মূলের কোন স্থানে স্ফোটক হইলে লেরিংস অর্থাৎ শ্বাসনলীর উপরে চাপ পড়িয়া রোগীর শ্বাস কৃচ্ছ উপস্থিত হইতে পারে।

পুরাতন স্ফোটকের প্রথমাবস্থায় বিশেষ কোন লক্ষণ দৃষ্ট হয় না, অনেক স্থলে এমন কি, বেদনা পর্য্যন্ত অনুভূত হয় না কখন কখন কেবল মাত্র কম্প দিয়া জ্বর হয়, এবং দৈহিক অসুস্থতা, ক্ষুধামান্দ্য ইত্যাদি দৃষ্ট হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

যে অঙ্গে স্ফোটক হয় তাহা সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা সর্ব্বতোভাবে বিধেয়। প্রথমাবস্থায় একষ্ট্রাক্ট বেলাডনা, পোস্তের ঢেঁড়ির স্বেদ বা মসিনার পুল্‌টিস প্রয়োগ করা কর্ত্তব্য। বেদনা নিবারণ জন্য অহিফেন অতি উত্তম ঔষধ। প্রাদাহিক জ্বরের জন্য একোনাইট সহ ঘর্ম্মকারক ঔষধ বিশেষ প্রয়োজনীয়।

উষ্ণ বা তরুণ স্ফোটকের নিম্নভাগে (Deep) পূয়োৎপত্তি হইলে স্ফোটক স্বতই বিদীর্ণ হয় না। পূয়ঃ উপরে উঠিলে যে স্থানে কম বাধা পায় সেই স্থানে কর্ত্তন করত পূয়ঃ বাহির করিয়া দেওয়া উচিত, নতুবা পূয়ের সন্নিধানস্থ বিধান ধ্বংস হইবার বিশেষ সম্ভাবনা।

পুরাতন স্ফোটকগুলি প্রায়ই রক্তদোষ বা বিশেষ কোন কারণ বা প্রদাহ জন্য উৎপন্ন হয়। এ অবস্থায় দৈহিক অবস্থার উন্নতি পক্ষে এবং রক্তদোষ নিবারণ জন্য যত্নবান হওয়া উচিত।

পূয়ঃ সঞ্চার হইবামাত্র কর্ত্তন করিয়া দেওয়া উচিত। নিম্নভাগে অর্থাৎ যে স্থানে কর্ত্তন করিলে পূয়ঃ সঞ্চয় না হইয়া স্বতই বাহির হইয়া যাইতে পারে এরূপ ভাগে অতি তীক্ষ্ণাগ্র এবং ধার যুক্ত ছুরিকা দ্বারা কর্ত্তন করা আবশ্যক।

স্ফোটক গভীর (Deep) হইলে এক্সপ্লোরিং নিডল্ দ্বারা পরীক্ষা করিয়া তীক্ষ্ণাগ্র বিষ্টোরী দ্বারা কর্ত্তন করতঃ ডাইরেক্টর বা ড্রেসিং ফরসেপ্স দ্বারা মুখ বিস্তৃত করিয়া পূয়ঃ নির্গত করা উচিত। তৎপরে ২০০০ ভাগ জলে এক ভাগ পারক্লোরাইড অব্ মার্কারী

দ্রব করিয়া স্ফোটক গহ্বর ধৌত করণান্তর একটী ড্রেনেজ টিউব প্রবেশ করিয়া রাখা কর্ত্তব্য। উপরিস্থিত স্ফোটক হইলে এক দিন পরেই ড্রেনেজ টিউব বাহির করিয়া লইতে পারা যায় কিন্তু গভীর স্ফোটকে উক্ত টিউবের বহির্দ্দিকের মুখ প্রত্যহ একটু একটু করিয়া কর্ত্তন করা বিধেয়। বিস্তৃত অথচ গভীর স্ফোটক হইলে যাহাতে মুখ বড় হয় এরূপ বিস্তৃত ভাগে কর্ত্তন করা উচিত।

পুরাতন স্ফোটক গভীব হইলে এস্পিরেটর দ্বারা পূয়ঃ বাহির করা বিধেয় কিন্তু স্ফোটক উপরিস্থিতি হইলে ল্যানসেট্ বা স্ক্যাল্-পেল্ দ্বারা কর্ত্তন করা যুক্তি সঙ্গত।

ঔষধ বিষয়ক টীকা।

বেলাডনা—উভয় আভ্যন্তরিক এবং বাহ্যিক প্রয়োগে অনেক সময় স্ফোটকে পূয়োৎপত্তি হইতে পারে না।

কার্ব্বলিকএসিড—১০।১২ গ্রেণ এক ঔন্স জলে দ্রব করিয়া স্ফোটক গহ্বরে পিচকারী দেওয়া বিশেষ ফলপ্রদ।

হাইড্রার্জিরাই—স্ফোটক উঠা নিবারণ জন্য ইহার নানা প্রকার প্রয়োগরূপ ব্যবহৃত হয় কিন্তু তন্মধ্যে ওলিয়েট অব্ মার্কারী অতি উত্তম। বাইক্লোরাইড অব্ মার্কারী স্ফোটক গহ্বর ধৌত করার জন্য অতীব ফলদায়ক।

আইওডিন—কখন কখন গভীর এবং বিস্তৃত স্ফোটক গহ্বরে আইওডিন লোশন পিচকারী দ্বারা প্রয়োগে উপকার দৃষ্ট হয়।

ফস্ফেট্স—ফস্ফেট অব্ লাইম ১—২ গ্রেণ মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেবনে কখন কখন স্ফোটকের উৎপত্তি বন্ধ করে।

পটাশি পারম্যান্গেনাস্—পূয়ের দুর্গন্ধ নিবারণ জন্য এক পাইন্ট জলে এক আউন্স দ্রব করিয়া ধৌতরূপে ব্যবহারে উপকার দর্শে।

সাল্‌ফাইড্‌স্‌—ডাঃ রিঙ্গার বলেন যে সাল্‌ফাইড অব্‌ পটাশিয়াম, সোডিয়াম এবং ক্যাল্‌সিয়াম ব্যবহারে স্ফোটকোদ্গম বন্ধ করিতে পারা যায়।

ট্যানিক এসিড—পুরাতন স্ফোটকের অতিরিক্ত পূয়ঃ নিঃসরণ নিবারণ করিবার জন্য কখন কখন ইহার পিচকারী ব্যবহৃত হয়।

ব্যবস্থা পত্র।

১। হাইড্রার্জ্জিরাই পারক্লোরাইড ... ১ অংশ।
জল ... ... ২০০০ অংশ।
স্ফোটক গহ্বর পিচকারী দ্বারা ধৌত করিতে হইবে।

২। গ্লিসাবিন ... ... ২৫ অংশ।
এসিড কার্ব্বলিক ... ... ২৫ অংশ।
জল ... ... ১০০০ অংশ।
স্ফোটক গহ্বব পিচকারী দ্বাবা ধৌত করিতে হইবে।

৩। আইডোফরম্‌ ... ... ১০ অংশ।
গ্লিসারিন ... ... ১০০ অংশ।
স্ফোটক গহ্বরে প্রয়োগ করিতে হইবে।

৪। ক্যাল্‌সিস সাল্‌ফাইড্‌ ... ১/৮—১/২ গ্রেণ।
সুগার অব্‌ মিল্ক ... ... যথা প্রয়োজন।
এক পুরিয়া, স্ফোটকোদ্গম নিবারণ জন্য প্রত্যহ ৪।৬ পুরিয়া সেব্য।

Aneurism, (এনিউরিজম্)।

ধমন্যর্ব্বুদ বা ধমনী স্ফীতি।

যদ্যপি ধমনী প্রাচীর প্রসারিত হইয়া অর্ব্বুদাকারে পরিণত হয় এবং তদন্তর্গত রক্ত অর্ব্বুদ মধ্যে প্রবেশ করে তাহা হইলে উক্ত অর্ব্বুদকে ধমন্যর্ব্বুদ কহে। ইহা ৪ শ্রেণীতে বিভক্ত যথা (১) প্রকৃত ধমন্যর্ব্বুদ, (২) কাল্পনিক বা অপ্রাকৃত ধমন্যর্ব্বুদ (৩) বিস্তৃত ধমন্যর্ব্বুদ. (৪) ধমনী প্রাচীর বিদারণ জনিত অর্ব্বুদ বা Dissecting Aneurism.

১। প্রকৃত এনিউবিজম—ধমনীর তিন প্রকার প্রাচীর দ্বারা ইহার আবরণ বা থলি গঠিত হয় কিন্তু এই শ্রেণীর ধমন্যর্ব্বুদ অতি বিরল।

২। কাল্পনিক এনিউরিজম—কেবলমাত্র ধমনীর বাহিরের প্রাচীর দ্বারা ইহার আবরণ বা থলি গঠিত হয়।

৩। বিস্তৃত এনিউরিজম্—ধমনীব বাহ্যিক আচ্ছাদন ও চতুস্পার্শ্বস্থ বিধান সমূহ প্রসাবিত হইয়া গঠিত হয়। আঘাত বা ধমনী প্রাচীরের পীড়া জন্য প্রথমে চতুস্পার্শ্বস্থ বিধান মধ্যে রক্ত প্রবেশ করিয়া এইরূপ অর্ব্বুদাকারে পরিণত হয়।

৪। ধমনী প্রাচীর বিদাবণ জনিত এনিউরিজমে, ধমনীর অভ্যন্তবিণ প্রাচীর নষ্ট হইয়া বা তথায একটী ছিদ্র উৎপন্ন হইয়া, রক্ত বেগে ধমনীর মধ্যস্থিত ও বাহ্যিক প্রাচীরের মধ্যবর্ত্তী স্থানে প্রবেশ করিয়া ইহা গঠিত হয়।

লক্ষণ—ধমন্যর্ব্বুদ মাত্রেই স্পন্দন বর্ত্তমান থাকে। এই স্পন্দন অঙ্গুলি সঞ্চাপন দ্বারা অনুভূত হয় এবং ষ্টেথস্কোপ্ দ্বারা পরীক্ষা করিলে ইহাতে একপ্রকার ব্রুই বা কামারের হাপরের শব্দের

ন্যায় শব্দ শুনা যায়। অর্ব্বুদের ঊর্দ্ধভাগস্থ ধমনী, অঙ্গুলি দ্বারা চাপিলে, স্পন্দন এবং ষ্টেথস্কোপ দ্বারা ব্রুই শব্দও শুনা যায় না। অর্ব্বুদের সম্মুখ দিকস্থ ধমনী চাপিলে উহার আকার কিঞ্চিৎ পরিমাণে খর্ব্ব হয় কিন্তু স্পন্দন ও ব্রুই শুনা যায় না।

চিকিৎসা বিষয়ক টীকা।

কোন কোন ধমন্যর্ব্বুদ দেহের অভ্যন্তরে এরূপ ভাবে অবস্থিত যে উহাদিগের স্থানিক চিকিৎসা অসম্ভব। ঐ সকল ধমন্যর্ব্বুদের ঔষধ সেবন দ্বারা চিকিৎসা ভিন্ন অন্য কোন উপায় নাই। ঔষধের ক্রিয়া হেতু অর্ব্বুদাভ্যন্তরে রক্ত সংযমিত হইয়া বা চাপ বাঁধিয়া অর্ব্বুদ আকুঞ্চিত হয় ও শেষে একেবারে দূরীভূতও হইতে পারে। ঔষধের মধ্যে পটাশ আইওডাইড, আর্গট ও অন্যান্য নিদ্রাকারক ঔষধ বিশেষ ফলপ্রদ। ইহা ভিন্ন একোনাইট ও ডিজিটেলিস হৃদপিণ্ডের ক্রিয়া স্থির রাখিবার জন্য সময়ে সময়ে ব্যবহৃত হইয়া থাকে। কখন কখন টিং ষ্টিলএর পিচকারী প্রয়োগে অর্ব্বুদ আরোগ্য হইতে দেখা গিয়াছে। কিন্তু ঔষধ ব্যবহারের সঙ্গে সঙ্গে রোগীকে সম্পূর্ণ বিশ্রামে রাখা ও তরল পদার্থ বর্জ্জিত পথ্য ব্যবস্থা করা সর্ব্বতোভাবে বিধেয়।

ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট—রক্তচাপ কমাইবার পক্ষে ইহা একটী মহৌষধ।

এলম্—১০ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিন বার সেবনে কখন কখন অর্ব্বুদ মধ্যস্থিত রক্ত জমিয়া যাইতে দেখা গিয়াছে।

বেরিয়াই ক্লোরাইডম্—ডাঃ ফ্লিণ্ট ⅙—⅕ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিন বার ব্যবহারে সন্তোষজনক ফল পাইয়াছেন।

ক্লোরাল হাইড্রাস—আভ্যন্তরিক ধমন্যর্ব্বুদের রক্ত ভার কমাইবার জন্য বিশেষ উপযোগী।

ক্লোরামাইড্—বক্ষের বাহিরের ধমন্যর্ব্বুদের বেদনা নিবারণ জন্য ইহা একটী প্রধান ঔষধ।

ডিজিটেলিস—আভ্যন্তরিণ এনিউরিজম সহ হৃদ্‌পিণ্ডের ক্রিয়া অতিশয় প্রবল থাকিলে পটাশ আইওডাইড সহ টিং ডিজিটেলিস ৫—৮ মিনিম মাত্রায় ব্যবহারে উত্তম ফলদর্শে। ডাঃ ক্লিফোর্ড এল্‌বট্ বলেন যে ডিজিটেলিস দ্বারা ধমন্যর্ব্বুদ চিকিৎসায় আশ্চর্য্য ফল পাওয়া যায়। এবং তিনি আরও বলেন যে, যে পর্য্যন্ত নাড়ীর গতি প্রতি মিনিটে ৪৫ না হয় ততক্ষণ ক্রমশ বেশী মাত্রায় ব্যবহার করা উচিত। ডাঃ হোমস্ বলেন কেবল ডিজিটেলিস অপেক্ষা পটাশ আইওডাইড ও ডিজিটেলিস একত্রে ব্যবহার করিলে অধিক উপকার দর্শে।

আর্গট—প্রঃ ডেকষ্টা এবং ল্যাঙ্গেন্‌বেক্ আর্গটের ভূয়সী প্রশংসা করেন। প্রঃ ভন্ ল্যাঙ্গেনবেক নিম্নলিখিত ব্যবস্থামত ঔষধ প্রয়োগে উত্তম ফল পাইয়াছেন।

আর্গটিন	...	১—৪ গ্রেণ।
পরিশ্রুত জল	..	যথা প্রয়োজন।
গ্লিসারিন	...	যথা প্রয়োজন।

অর্ব্বুদের সান্নিধ্যে ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রযোজ্য।

টিং ফেরি পারক্লোরাইড—ক্ষুদ্র ক্ষুদ্র ধমন্যর্ব্বুদে ইহার পিচকারী ফলদায়ক। প্রঃ বিল্‌রথ স্বতোদ্ভূত বা আঘাতজনিত ধমন্যর্ব্বুদে ইহার বিশেষ প্রশংসা করেন।

গ্যালিক এসিড—ডাঃ এস্, এফ্, স্পিয়ার, সাব্ সাল্‌ফেট অব্ আয়রণ সহ ইহা ব্যবহার করেন।

প্লম্বাই এসিটাস—এওর্টিক ধমন্যর্ব্বুদে ২—২০ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহৃত হয়।

পটাশ আইওডাইড—ডাঃ গ্রেভস্ প্রথমে ইহা ব্যবহার করেন। ডাঃ ব্যাল্‌ফোর ইহা অধিক মাত্রায় ব্যবহার করিতে বলেন। কেহ কেহ আবার কার্ব্বনেট অব্ এমনিয়া সহ অল্পমাত্রায় ব্যবহারে ফলদায়ক বিবেচনা করেন। ডাঃ ফদার গিল্ ক্লোরাল হাইড্রাস সহ ব্যবহার করিতে বলেন।

ট্যানিক এসিড—৫।১৫ গ্রেণ মাত্রায় ব্যবহারে কখন কখন ফল দর্শে।

ভিরাট্রাম ভিরিডি—অন্যান্য ঔষধসহ রক্ত সঞ্চালনের গতি মৃদু করিবার জন্য ব্যবহৃত হয়।

অন্যান্য উপায়।

১। Ligature of the artery (ধমনী বাঁধিয়া দেওয়া)।
২। Compression (সঙ্কাপন)।
৩। Galvano-puncture (গ্যালভেনো-পাংচার)।

ব্যবস্থা পত্র।

১।	পটাশ আইওডাইড	... ...	১৫ গ্রেণ।
	সিরাপ টলু	... ..	১ ড্রাম।
	একোয়া	... ...	১ ড্রাম।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

জে, এম্, ডেকষ্টা এম, ডি,

২।	আর্গটিন	... ..	২ গ্রেণ।
	রেকৃটিফায়াড স্পিরিট	... ...	½ ড্রাম।
	গ্লিসারিন	... ...	½ ড্রাম।

৫ মিনিম মাত্রায় অর্ব্বুদ মধ্যে পিচকারী দিতে হইবে।

৩। একষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ২ ড্রাম।

১০ মিনিম মাত্রায় অর্ব্বুদ মধ্যে পিচকারী দিতে হইবে।

৪। ল্যাক্টুকেরাই ... ... ২০ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়েসায়েমাস ... ১০ গ্রেণ।

৬ বটীকা, উৎকাশী হেতু নিদ্রা না হইলে রাত্রিতে শয়নকালে ২ বটীকা সেব্য।

৫। লাইকর ওপিযাই সিডেটাইভাস ... ২৫ মিনিম।
— এমনি এসিটেটিস ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, বেদনা থাকিলে প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য।

৬। লাইকর ফেরি সাব্সাল্ফেটিস্ ... ৪ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, এবডোমিন্যাল (নিম্নোদর সম্বন্ধীয়) ধমন্যর্ব্বুদে নিম্নলিখিত ঔষধসহ পর্য্যায়ক্রমে প্রত্যহ তিনবার সেব্য।

৭। টিং একোনাইট ... ৫ মিনিম।

একমাত্রা, বক্ষ এবং নিম্নোদর সম্বন্ধীয় ধমনার্ব্বুদে প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য।

৮। পটাশ আইওডাইড .. .. ৫ গ্রেণ।
এমন কার্ব্ব ... ... ৩ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, আভ্যন্তরীন ধমন্যর্ব্বুদে সেব্য।

৯। ফেরি পারক্লোরাইড ... ... ৮ গ্রেণ।
একোয়া ... ... ১ ড্রাম।

৭ মিনিম মাত্রায় অর্ব্বুদমধ্যে পিচকারী দিতে হইবে।

১০। আর্গটিন ... ১—৪ গ্রেণ।
গ্লিসারিন ... ... যথা প্রয়োজন।

পরিশ্রুত জল ... ... যথা প্রয়োজন।

অর্ব্বুদ সন্নিধানস্থ ত্বকনিম্নে পিচকারী প্রয়োগের জন্য।

১১। টিং একোনাইট ... ... ২ ঔন্স।

অলিভ অয়েল ... ... ২ ঔন্স।

অর্ব্বুদোপরি কাপড় ভিজাইয়া লাগাইতে হইবে।

Anus Fisure of, এনাস ফিসার অব্

ফিসার অব্ এনাস্।

মলদ্বারের বিদারিতাবস্থা বা মলদ্বারের মধ্যে স্ফিংটার এনাই পেশীচক্রের ভিতরে শ্লৈষ্মিক ঝিল্লি বিদারিত হইয়া যে ক্ষত হয় তাহাকে ফিসার অব্ এনাস কহে। মল নির্গমনের সময় স্ফিংটার পেশীর আক্ষেপজনক আকুঞ্চন জন্য এরূপ জ্বালা ও তীব্র বেদনা উপস্থিত হয় যে, রোগী কিছুতেই মলত্যাগ করিতে চাহে না। মলত্যাগের প্রায় ১০ মিনিট পরেই এই বেদনা উপস্থিত হয়। মলত্যাগের সময় বেশী বেগ দিলে এই রোগ জন্মে। এতদ্ব্যতীত উপদংশ জন্যও এই রোগ উৎপন্ন হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

দুই বৃদ্ধাঙ্গুলি দ্বারা বলপূর্ব্বক স্ফিংটার এনাই পেশীর প্রসারণ এই রোগের উপযুক্ত চিকিৎসা। ইহাতে আরোগ্য বা বেদনার উপশম না হইলে ঐ ক্ষতের মধ্য দিয়া ইন্‌সিসন প্রদানন্তর স্ফিংটার এনাই পেশীর কিয়দংশ কর্ত্তন করাই যুক্তিসঙ্গত। কেহ কেহ অস্ত্র করিতে আদৌ মত দেন না।

ফিলাডেলফিয়ার ডাঃ হার্টসরন্ কলোডিয়ান ও তৎসহ দুই ভাগ গ্লিসেরিন ক্ষত স্থানে প্রয়োগ করিয়া এই রোগ উপশম হইতে

দেখিয়াছেন। কিন্তু দুরুহাবস্থায় নাইট্রেট অব সিল্‌ভার বা সাল্‌ফেট্‌ অব্‌ কপার প্রয়োগ ব্যবস্থা করেন।

অনেক অস্ত্র চিকিৎসক টিং অথবা একষ্ট্রাক্ট ক্রামেরিয়া লার্ড সহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিতে বলেন।

পারিস নগরের ডাঃ ক্রেকি ২ ভাগ ক্লোরাল ১০০ শত ভাগ জল দ্রব করিয়া স্থানিক প্রযোগ করাতে সন্তোষজনক ফল পাইয়াছেন।

কোন কোন অস্ত্র চিকিৎসক সজোবে গুহ্যদ্বার প্রসারিত করিয়া ক্ষতস্থানে ষ্ট্রং নাইট্রিক এসিড লাগাইতে বলেন। কিন্তু নাইট্রিক এসিড প্রয়োগ করিবার সময় রোগীকে ক্লোরফরম বা ইথার দ্বারা অচেতন করা উচিত।

নিউইয়র্কের ডাঃ আর্সকিন্‌ মেসন্‌, বেলাডনা অথবা ওপিয়ম সহ জিঙ্ক বা ষ্ট্র্যামনিয়াম মলমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন যে অস্ত্রোপচার না করিয়া উপরোক্ত মলম প্রয়োগে এই রোগ সম্পূর্ণরূপে আরোগ্য হইয়া যায়।

ডাঃ হ্যামন বলেন যে গুহ্যদ্বার সজোরে প্রসারিত করিবার কোন প্রয়োজন নাই। তৎপরিবর্ত্তে এক ভাগ ক্লোরফরম এবং দুই ভাগ এল্‌কোহল একত্র মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে রোগ আরোগ্য হইয়া যায়।

ব্যবস্থা পত্র।

১।	গ্লিসারিন	...	...	½ ঔন্স।
	ময়দা বা এরারুট	...	...	২॥ ড্রাম।
	জিঙ্কাই অক্সাইড	...	...	১ ড্রাম।

গ্লিসারিন এবং ময়দা মিশ্রিত করিয়া একটী চিনা মাটির পাত্রে

গরম করিলে ঈষৎ গাঢ় হইলে অকসাইড অব্ জিঙ্ক মিশ্রিত করিয়া ক্ষত স্থানে লাগাইবার জন্য মলম প্রস্তুত করিতে হইবে।

(মন্‌সিয়ার টার্নিয়ার, প্যারিস্)

২। এসিড্ ট্যানিক ... ... ১৫ গ্রেণ।
গ্লিসারিন ... ... ই ঔন্স।

প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে ক্ষত স্থানে লাগাইতে হইবে।

(ডাঃ রলেট্ প্যারিস)

৩। হাইড্রার্জিরাই সাবক্লোরাইড ... ৪ গ্রেণ।
এডেপ্‌স্ বা সিম্পল অয়েণ্টমেণ্ট ... ১ ড্রাম।

গরম জলদ্বারা ক্ষত স্থান ধৌত করিয়া লাগাইতে হইবে। ঐ

৪। হাইড্রার্জিরাই সাবক্লোরাইড ... ৪ গ্রেণ!
পাল্‌ভ ওপিয়াই ... ... ২ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা .. ... ২ গ্রেণ।
সিম্পল অয়েণ্টমেণ্ট ... ... ১ ড্রাম।

বার বার লাগাইতে হইবে। আবশ্যকমত নাইট্রেট অব্ সিল্‌ভার স্পর্শ কবিয়া উক্ত মলম প্রযোগ করিলে ভাল হয়।

(উইলিযাম এলিংহাম, এফ, আব্, এস, লণ্ডন)

৫। মার্করি অয়েণ্টমেণ্ট ... ... ৫০ গ্রেণ।
মোম অথবা সোপ্ ... ...১০০ গ্রেণ।

১২ টী সাপোজিটরী প্রস্তুত করিতে হইবে। উপদংশ জনিত ফিসারে বিশেষরূপে ব্যবহার্য্য। (প্রঃ ভেলপো, প্যারিস)

Anus Fistula of, (এনাস ফিশ্চুলা অব্)।
গুহ্যদ্বারে নালী ঘা, ভগন্দর।

গুহ্যদ্বারের চতুষ্পার্শ্বস্থ এরিওলার টিসুতে মধ্যে মধ্যে স্ফোটক উৎপন্ন হইয়া গুহ্যদ্বারের পার্শ্বে মুখ হয়। কিন্তু ঐ স্ফোটক গহ্বর স্বতই আরোগ্য না হইয়া নালী ঘা রূপে পরিণত হয় ইহাকে ভগন্দর কহে। ইহা দুই প্রকার যথা—কম্‌প্লিট বা সম্পূর্ণ এবং ব্লাইণ্ড অব্ ইন্‌কম্‌প্লিট বা অসম্পূর্ণ। যে নালী ঘায়ের এক মুখ রেক্টমের ভিতর ও আর একমুখ গুহ্যদ্বারের পার্শ্বে থাকে তাহাকে সম্পূর্ণ ভগন্দর ও যাহার মুখ রেক্টমের ভিতর না থাকিয়া কেবল মাত্র গুহ্যদ্বারের পার্শ্বে মুখ থাকে তাহাকে অসম্পূর্ণ ভগন্দর কহে।

চিকিৎসা বিষয়ক টীকা।

অস্ত্রোপচারই এই নালী ঘা আরোগ্যের প্রধান উপায়। নালী ঘার বাহিরের মুখ দিয়া একটী ডাইরেক্টর প্রবেশ করাইয়া নালী ঘার শেষ পর্য্যন্ত চালাইয়া দিবে পরে বাম হস্তের তর্জ্জনী অঙ্গুলি গুহ্য দ্বারের মধ্যে দিয়া প্রবেশ করাইয়া দিলে ডাইরেক্টরের অগ্রভাগ অনুভব করিতে পারা যাইবে। সম্পূর্ণ নালী ঘা হইলে সরলান্ত্র মধ্যে ডাইরেক্টারের অগ্রভাগ অঙ্গুলি দ্বারা স্পর্শ ও অসম্পূর্ণ হইলে অঙ্গুলি দ্বারা অনুভব করিতে পারা যায়। সম্পূর্ণ নালী ঘা হইলে এক খানি প্রোবপয়েণ্টেড্ বিষ্টৌরী ডাইরেক্টরের গ্রুভের মধ্য দিয়া প্রবিষ্ট করাইয়া উহার অতীক্ষ্ণ অগ্রভাগ সরলান্ত্রের মধ্যস্থিত অঙ্গুলি স্পৃষ্ট হইলে ডাইরেক্টরটী বাহির করিয়া প্রবেশিত বিষ্টৌরীর অগ্রভাগ উক্ত অঙ্গুলি দ্বারা ধৃত করিয়া ফিশ্চুলা ও সরলান্ত্র মধ্যবর্ত্তী বিধান ও গঠনাবলী কর্ত্তন করিয়া গুহ্যদ্বারের মধ্য দিয়া

বাহির করিতে হইবে। অসম্পূর্ণ নালী ঘা হইলে প্রথমে ঔষধাদির দ্বারা আরোগ্য করিতে চেষ্টা করা উচিত। তাহাতে উপকার না হইলে এক খানি তীক্ষাগ্র বিষ্টোরী দ্বারা অসম্পূর্ণ নালী ঘাকে সম্পূর্ণ নালী ঘা করিয়া উপরোক্ত নিয়মে কর্ত্তন করিতে হইবে।

পারিসে প্রঃ গয়ন ফিশ্চুলাতে অস্ত্র না করিয়া কেবল উপশমকারী চিকিৎসাই ব্যবস্থা করেন। প্রথমতঃ তিনি কোষ্ট পরিষ্কারক ঔষধ ব্যবস্থা করেন ও প্রত্যেক দাস্তের পর পচন নিবারক ও বেদনা নিবারক সাপোজিটরী দিতে বলেন। এবং নিম্নলিখিত ব্যবস্থা দ্বয়ের বিশেষ প্রশংসা করেন।

পটাশ ব্রোমাইড	...	... ৭৫ গ্রেণ।
ফেরি এট্ এমনি সাইট্রাস		... ৪ গ্রেণ।
সিরাপ অরেন্সাই	...	... ২ ঔন্স।

ই ঔন্স মাত্রায় প্রত্যহ দুইবার সেব্য।

আইডফরম	..	... ২ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা	...	... ঌ গ্রেণ।
সফট্ সোপ্	...	যথা প্রয়োজন।

একটী সাপোজিটরী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।

আমেরিকার ডাঃ ই, সি, হিউজেস্ স্যাচুরেটেড্ ইথিরিয়াল টিং অব্ আইওডিন অর্থাৎ যে পরিমাণে আইওডিন ইথারে দ্রব হয় সেই পরিমাণে দ্রব করিয়া নালী ঘা মধ্যে পিচকারী ব্যবহার করিয়া সন্তোষজনক ফল পাইয়াছেন।

Anus, Prolapsus of, এনাশ প্রল্যাপ্সেস অব্।

স্ফিংটার পেশীর এবং অন্ত্র প্রাচীরের শিথিলাবস্থা হেতু কখন কখন শরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির কিয়দংশ গুহ্যদ্বারের মধ্যে দিয়া নির্গত হয় ইহাকে প্রল্যাপ্সেস্ এনাই কহে। সচরাচর ২—৪ বৎসর বয়স্ক শিশুদিগের মধ্যে এই পীড়া দেখা যায়। শৈশবাবস্থায় পুরাতন উদরাময় ও রক্তামাশা অথবা কৃমি জন্য এ রোগ জন্মে। মূত্রাশয়ে পাথরীহেতু প্রস্রাবের পুনঃ বেগ দিলে কখন কখন এরোগ হইতে পারে। স্ত্রীলোকদিগের বহু সন্তান প্রসবও এ রোগ উৎপন্নের একটী কারণ। এতদ্ভিন্ন স্ফিংটাব ও এলিভেটার এনাই পেশীর দুর্ব্বলতাবশতঃ এ বোগ জন্মে।

চিকিৎসা বিষয়ক টীকা।

শিশুদিগেব উদরাময়জনিত এই বোগ উৎপন্ন হইলে উদরাময়ের উপশম বা অন্ত্রের কোনরূপ উত্তেজনা থাকিলে তাহাব হ্রাস পক্ষে যত্নবান হওয়া উচিত। রোগ সামান্যরূপ হইলে হস্তদ্বারা ভিতবে প্রবেশ করাইলেই আরোগ্য হয়। অন্ত্রের শিথিলতাবশতঃ এ রোগ উৎপন্ন হইলে এলম বা ট্যানিক এসিড ও গ্লিসারিন অথবা হেমেমিলিসের পিচকারী বিশেষ ফলপ্রদ। যদ্যপি রোগী দাড়াইলেই সরলান্ত্র বহির্গত হয় তাহা হইলে রোগীকে শায়িত রাখাই সর্ব্বতোভাবে বিধেয়। যদি বহির্গত অংশে ক্ষত দৃষ্ট হয় তাহা হইলে নাইট্রেট অব্ সিল্ভারের দ্রবের স্থানিক প্রয়োগ অত্যন্ত উপকারী। রোগীকে শায়িত অবস্থায় মল মূত্র ত্যাগ করিতে উপদেশ করা একান্ত কর্ত্তব্য। বার্লিনের প্রঃ ল্যাঙ্গেন্বেক্ সরলান্ত্রকে ভিতরে প্রবেশ করাইয়া পরে সেলুলার টিসুতে আর্গটিনের পিচকারী দিতে বলেন। প্রঃ ট্রুমেয়ার কেবল গরম জলের স্বেদ ও মেগ্নেশিয়া ব্যবহারে অনেক রোগী আরোগ্য করিয়াছেন।

১। আর্গটিন ... ... ৫—১৫ গ্রেণ।
পরিশ্রুত জল ...১০০ মিনিম।
১০—১৫ মিনিম মাত্রায় পিচকারী দিতে হইবে।
(প্রঃ ল্যাঙ্গেন্‌বেক্)

২। লাইকর বিশমথ .. ... ৪ ড্রাম।
বার্লী ওয়াটার ... ... ২ ঔন্স।
গুহ্যদ্বারে পিচকারী দিতে হইবে।
(প্রঃ জন ক্লিভ্‌ল্যাণ্ড)

৩। টিং ফেরি পারক্লোরাইড .. ... ১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
$\frac{1}{8}$ অংশ পিচকারী দিতে হইবে। (ঐ)

Anus Pruritus of, এনাস প্রুরাইটাস্ অব্।

গুহ্যদ্বারের কণ্ডুয়ন।

কৃমি বা অর্শের রক্তাধিক্যবশতঃ ইহা উৎপন্ন হয়। কখন উত্তেজক পানীয় ব্যবহারেও এই রোগ হইতে পারে।

চিকিৎসা বিষয়ক টীকা।

যাহাতে কোষ্ঠ বদ্ধ না হয় এরূপ উপায় অবলম্বন করা উচিত ও প্রত্যেকবার মলত্যাগের সময় সাবান ও জলদ্বারা ধৌত করিয়া তুলা ভিজাইয়া গুহ্যদ্বার মুছা আবশ্যক। অক্সাইড অব্ জিঙ্ক জলে দ্রব করিয়া স্থানিক প্রয়োগ বিশেষ ফলপ্রদ। ক্যালমেল এবং ভেসিলিন উভয় একত্রে মিশ্রিত করিয়া মলম প্রয়োগ করিলেও অধিক উপকার দর্শে। কোকেন এবং গ্লিসারিন অথবা বোরাক্স এবং মর্ফিয়া বা কার্ব্বলিক এসিড্ প্রয়োগদ্বারাও সময়ে সময়ে

বিশেষ ফল পাওয়া যায়। আভ্যন্তরিক ঔষধের মধ্যে কুইনাইন এবং আর্সেনিক সর্ব্বপ্রধান।

১। হাইড্রার্জিরাই সাব্‌ক্লোরাইড ... ১০ গ্রেণ।
ভেসিলিন ... ... ১ ড্রাম।
গুহ্যদ্বারে লাগাইতে হইবে। (ডাঃ এলিংহাম)

২। সোডিযাই বোরেটিস্ ... ... ২ ড্রাম।
মর্ফিয়া মিউরিযাস ... ... ১৬ গ্রেন।
এসিড হাইড্রসায়েনিক ডিল্ ... ই ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ঔন্স।
একোয়া .. সমষ্টি ৮ ঔন্স।
ধৌতরূপে ব্যবহার করিতে হইবে। (ঐ)

৩। টিং ডিজিটেলিস ... ... ৩ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।
ধৌতরূপে ব্যবহার করিতে হইবে। (ঐ)

৪। অঙ্গুয়েণ্টাম গ্যালিকম ওপিও ... ২ ড্রাম।
গুহ্যদ্বারে লাগাইতে হইবে। (ঐ)

Balanitis, (ব্যালানাইটিস)।

প্রিপিউজ বা লিঙ্গ ত্বকের প্রদাহ।

কারণ। স্থানিক উত্তেজনা বা প্রমেহ বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

এক ঔন্স পবিশ্রুত জলে ১০ গ্রেণ নাইট্রেট অব্ সিলভার দ্রব করত প্রাদাহিক স্থান ধৌত করিয়া এক খণ্ড শুষ্ক লিণ্ট

পরস্পর বিমুখ প্রাদাহিক স্থানদ্বয় মধ্যে প্রবেশ করাইয়া পৃথক রাখিতে হইবে। ফাইমোসিস বা মুদা হইলে গরম জল দ্বারা ধৌত করিয়া ১ ঔন্স জলে ৫ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব করিয়া পিচকারী প্রয়োগ করিতে হইবে। পুরাতন ব্যালা-নাইটিসে সাব্‌কাম্‌সিসন্‌ বিধেয়। মুদা হইয়া ভিতরে ঘা হইলে নিম্ন লিখিত লোশনের ২০ ফোটা দ্বারা উহার অভ্যন্তর ধৌত করা উচিত।

আইডফরম	... ...	১ ভাগ।
ট্র্যাগাকান্থ পাউডার	... ...	১ ভাগ।
গ্লিসারিন	... ...	৩ ভাগ।
জল	... ...	১০ ভাগ।

লোশন। পিচকারী দিবার জন্য।

১।	পাল্‌ভ ওপিয়াই	... ...	১ গ্রেণ।
	উত্তপ্ত জল	... ..	৬ ঔন্স।

দ্রব করিয়া

লাইকর প্লম্বাই সর্ব এসিটেটিস	...	১ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। ডাঃ ভ্যান্‌বুরেন্‌।

২।	এলুমিনিস	...	৫—১০ গ্রেণ।
	একোয়া	... ...	১ ঔন্স।

ধৌতরূপে ব্যবহার করিতে হইবে। (ঐ)

৩।	এসিড ট্যানিক	.. ...	১ ড্রাম।
	গ্লিসারিন	... ...	১ ঔন্স।

পিচকারী দিতে হইবে। (ঐ)

৪।	এল্‌কোহল	... ...	১ ঔন্স।
	একোয়া	... ...	২ ঔন্স।

ধৌতরূপে ব্যবহার করিতে হইবে। (ঐ)

৫।	আর্জেণ্টাই নাইট্রাস	...	৩—৪ই গ্রেণ।
	পরিশ্রুত জল	.. ...	৪ ঔন্স।

ধৌতরূপে ব্যবহার করিতে হইবে।

৬।	এলুমিনিস	...	৪০—৮০ গ্রেণ।
	রোজ ওয়াটার	... ...	৪ ঔন্স

ধৌতরূপে ব্যবহার করিতে হইবে। (ঐ)

৭।	টিং আইওডিন	... ...	১৫ মিনিম।
	পবিশ্রুত জল	... ...	৭ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। ঐ

ভিতরে ক্ষত ও তাহা হইতে অধিক পূযঃ নিঃসরণ হইলে।

৮।	জিঙ্কাই সাল্‌ফ	... ...	২ গ্রেণ।
	এসিড ট্যানিক	... ...	৪ গ্রেণ।
	গ্লিসারিন	... ...	২ ড্রাম।
	একোয়া	....	৪ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (সিলাস ডার্কি)

প্রেপ্রিউজের প্রদাহ বিস্তৃত হইয়া অত্যন্ত বেদনা হইলে।

৯।	একষ্ট্রাক্ট ওপিয়াই	... ...	৪০ গ্রেণ।
	রোজ ওয়াটার	... ...	৯ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

Bed Sore, (বেড্ সোর)।

শয্যাক্ষত।

বহুদিবসাবধি একভাবে শযন হেতু দেহের ভার সেই দিকে নীত হইয়া সঞ্চাপন জন্য যে ক্ষত উৎপন্ন হয তাহাকেই বেড্সোর বা শয্যাক্ষত কহে। সচরাচর অত্যন্ত দুর্ব্বলতা হেতু দৈহিক পরিপুষ্টির হ্রাস জন্য এই ক্ষত উৎপন্ন হয। যে কোন পীড়া বশতঃ অনেক দিবস এক পার্শ্বে শযন করিযা থাকিলে শয্যাক্ষত হইবার বিশেষ সম্ভাবনা। নিম্নলিখিত রোগে প্রাযই শয্যাক্ষত হইতে দেখা যায যথা ফ্রাক্চার অব্ দি স্পাইন, প্যারালিসিস, নিম্ন শাখার ফ্রাক্চার, স্পাইনের এঙ্গুলার কার্ভেচার, প্রবল বিশেষ বিষাত্মক জ্বর এবং বার্দ্ধক্য অবস্থা।

লক্ষণ—প্রথম হইতেই কতকগুলি আত্মবোধক ও কতকগুলি চাক্ষুষ লক্ষণ প্রকাশ পায। আত্ম বোধক লক্ষণের মধ্যে রোগী তাহার বিছানার এক স্থানে কিছু কঠিন এবং কোন শক্ত পদার্থ আছে বলিযা অনুভব করে। অথবা কোন একটি নির্দ্দিষ্ট স্থানে সূচবিদ্ধবৎ বেদনা অনুভূত হয। চাক্ষুষ লক্ষণের মধ্যে শয্যাক্ষত হইবার স্থানটি কিছু খস্খসে ও হস্ত পরিচালনে বেদনা যুক্ত বোধ হয়। ক্রমে সেই স্থান কৃষ্ণবর্ণ হইযা বিগলিত ক্ষতরূপে পরিণত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহার ভিন্ন ভিন্ন অবস্থায় ভিন্ন ভিন্ন রূপ চিকিৎসার আবশ্যক। যথা—(১) প্রতিরোধক চিকিৎসা। (২) সূচনাবস্থার চিকিৎসা। (৩) ক্ষতাবস্থার চিকিৎসা।

প্রতিবোধক চিকিৎসা—পক্ষাঘাত বা মূত্রধাবণে অসমর্থতা হেতু এই রোগ হইলে যে স্থানে শয্যাক্ষত হইবার সম্ভাবনা প্রথম হইতেই সেই স্থানটি সাবান জল দ্বারা ধৌত করিয়া, কিছু তুলা, স্পিবিট অব্ ওযাইন, ইউডিকোলন বা ব্রাণ্ডিতে ভিজাইয়া ঘর্ষণ করতঃ ঐস্থানে জিঙ্ক মলম প্রয়োগ কবা কর্ত্তব্য। এবং উক্ত স্থানের সঞ্চাপন নিবাবণ জন্য বাযুশয্যা, জলশয্য বা তূলার গদি ব্যবহার করা উচিত। কদাচ বিছানাব চাদবেব নিচে কলম্ব ব্যবহার কবা উচিত নহে কেন না শবীবেব ঘর্ম্ম কম্বলে শোষিত হইয়া পুলটিসেব মত কার্য্য কবিতে পাবে। এবং ক্ষত আবোগ্য হওয়া দূরে থাকুক ববং ক্ষতেব উৎপত্তিব সহাযতা কবিতে পাবে।

সূচনাবস্থাব চিকিৎসা—চর্ম্মে সামান্য ছাল উঠামত দেখিলে তদুপবি সোপ প্ল্যাষ্টাব বা কলোডিয়ান অথবা কলোডিযান ফ্লেক্সাইল প্রয়োগ কবা উচিত। অন্যান্য প্রয়োগের মধ্যে বেক্‌টিফাযাড স্পিবিট, ক্যাম্ফবেটেড্ স্পিবিট ½ অংশ জলসহ, এক ঔন্স স্পিরিটে ২ গ্রেণ পাবক্লোবাইড অব্ মার্কাবী দ্রব, কিম্বা এক ঔন্স জলে ৫ গ্রেণ নাইট্রেট অব্ সিল্‌ভাব দ্রব বিশেষ ফলপ্রদ।

ক্ষতাবস্থার চিকিৎসা—ক্ষত দৃষ্ট হইলে উত্তেজক ও পচন নিবাবক লোশন বা ড্রেসিং প্রয়োগ এবং স্লাফ উঠাইয়া দেওয়া আবশ্যক। ক্ষত হইতে দুর্গন্ধযুক্ত পূযঃ নিসৃত হইলে কণ্ডিজ লোশন বা পারক্লোরাইড লোশন (২০০০ ভাগ জলে ১ ভাগ) দ্বাবা ধোয়াব ব্যবস্থা করা উচিত। উত্তেজক ড্রেসিংএব মধ্যে কার্ব্বলিক লোশন (৪০ ভাগ জলে এক ভাগ), রেড লোশন, টিং বেঞ্জোইন কোং, বাল্‌সাম্ পিক্, টিং মব্ এবং টিং ক্যাপ্টিকিউ সর্ব্বপ্রধান। পচন নিবারক ড্রেসিংএর মধ্যে আইডফরম, আইওডল, এরিষ্টল এবং বোরেসিক এসিড ইত্যাদি অতীব

প্রয়োজনীয়। স্লাফের উপরে পচন নিবারক ঔষধ প্রয়োগ করিয়া তদুপরি এক খণ্ড গটাপার্চ অথবা অয়েল্‌ড্ সিল্ক রাখিয়া তাহার উপর এব্‌সর্বেণ্ট কটন দিয়া ব্যাণ্ডেজ করিয়া দিবে।

ঔষধ বিষয়ক টীকা।

এল্‌কোহল—চর্ম্ম রক্তবর্ণ হইবার পূর্ব্বে এল্‌কোহল বা তৎপরিবর্ত্তে হুইস্কি বা ইউডিকোলন প্রয়োগ করিলে অনেক সময় শয্যা-ক্ষত হয় না।

এলম্—সূচনাবস্থার পূর্ব্বে ট্যানিক এসিড সহ এলম প্রয়োগে উপকার দর্শে।

আর্জেণ্টাই নাইট্রাস—শয্যাক্ষত হইবার আশঙ্কা হইলে সেই স্থানে ইহার দ্রব (১০ গ্রেণে ১ ঔন্স জল) প্রয়োগ বিশেষ ফলপ্রদ।

বালসাম পিক—শয্যাক্ষত হইলে পর ইহার স্থানিক প্রয়োগ অতীব ফলদায়ক।

ক্যাম্ফর—ইহার টিংচার অতি উত্তম প্রতিবোধক ঔষধ।

চারকোল—স্লাফের উপর কয়লার গুড়া প্রয়োগ করিলে স্লাফ উঠিয়া যায় এবং ক্ষতের দুর্গন্ধ দূর হয়।

এম্‌প্লাষ্ট্রাম—লেড্ এবং সোপ্ প্ল্যাষ্টার অতি উত্তম স্থানিক প্রয়োগ।

গ্লিসারিন—ইহা উত্তম প্রতিরোধক ঔষধ। যে স্থানে শয্যা ক্ষত হইবার আশঙ্কা থাকে সেইস্থানে প্রাতে ও বৈকালে গ্লিসারিন দ্বারা ধৌত করিলে উক্ত আশঙ্কা দূর হয়।

হাইড্রার্জিরাই—চর্ম্ম রক্ত বর্ণ হইবার পূর্ব্বে এক ঔন্স এল্‌কোহলে দুই গ্রেঁণ পারক্লোরাইড অব্ মার্কারী দ্রব করিয়া স্থানিক প্রয়োগে বিশেষ উপকার দৃষ্ট হয়।

আইওডিন—প্রথমাবস্থায় ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

আইডফরম—ইহার চূর্ণ স্নাফের উপর প্রয়োগ করিলে স্নাফ উঠিয়া যায়।

মর্—ইহা একটি উত্তম প্রতিরোধক ঔষধ।

রিসিনাই অয়েল—বালসম্ কোপেবাসহ প্রয়োগে সময়ে সময়ে আশ্চর্য্য ফল দৃষ্ট হয়।

Bleeding or Hœmorrhage, ব্লিডিং অর্ হেমরেজ। রক্তস্রাব।

রক্তসঞ্চালনী যন্ত্রের কোন অংশ হইতে রক্তস্রাব হইলে তাহাকে হেমরেজ কহে। পীড়া বা আঘাত বশতঃ রক্তসঞ্চালনী যন্ত্রের কোন অংশের বিদারণ বা ছেদনহেতু রক্তস্রাব হয়। শরীরের বাহ্যিক কোন স্থানের রক্তস্রাব প্রায়ই আঘাত জন্য হইয়া থাকে। কখন কখন গভীর ক্ষতের ধমনী বা শিরা ধ্বংশ প্রাপ্ত হইয়া তদ্দণ্ডেই রক্তস্রাব হইতে থাকে। বৃহৎ ধমন্যর্ব্বুদ বিদীর্ণ হইয়াও রক্তস্রাব হয়। এতদ্ভিন্ন পীড়া বশতঃ আভ্যন্তরিক যন্ত্রের রক্তস্রাব হইয়া থাকে। আঘাতজনিত রক্তস্রাব দুই শ্রেণীতে বিভক্ত যথা—প্রাথমিক এবং দ্বৌবারিক। আঘাত লাগিবামাত্রই যে রক্তস্রাব হয় তাহাকে প্রাথমিক রক্তস্রাব কহে। আর প্রথম রক্তস্রাব নিবারণ হইয়া পুনবায় যে রক্তস্রাব হয় তাহাকে দ্বৌবারিক রক্তস্রাব কহে। প্রাথমিক রক্তস্রাব আবার দুই শ্রেণীতে বিভক্ত যথা—ধমনী হইতে রক্তস্রাব হইলে আর্টিবিয়াল বা ধামনীক এবং ভেন হইতে রক্ত স্রাব হইলে ভিনাস বা শৈরিক রক্তস্রাব কহে।

চিকিৎসা বিষয়ক টীকা।

শরীরের বাহ্য প্রদেশ হইতে রক্তস্রাব হইলে স্বাভাবিক নিয়মে, শৈত্যপ্রয়োগে বা ধামনীক অবসাদক, সঙ্কোচক ও রক্তরোধক

ঔষধ প্রয়োগে অথবা লিগেচার বা সূত্রদ্বারা বন্ধনে নিবারিত করিতে পারা যায়। আঘাত জনিত সামান্য রক্তস্রাব হইলে শৈত্য প্রয়োগে, অঙ্গুলি দ্বারা সঞ্চাপনে, সঙ্কোচক ঔষধ সেবনে কিম্বা রক্তরোধক ঔষধ প্রয়োগে রক্তস্রাব স্থগিত হয়।

সঙ্কোচক ঔষধের মধ্যে আর্গট ও এসিটেট অব্ লেড্ সর্ব্বোৎকৃষ্ট এবং রক্তরোধক ঔষধের মধ্যে টিং ষ্টিল, টার্পিণ্টাইন, গ্যালিক এসিড, ট্যানিক এসিড ও ম্যাটিকো সর্ব্বপ্রধান। কিন্তু কোন ধমনী ছিন্ন হইলে তাহার রক্তস্রাব নিবারণ জন্য লিগেচার অর্থাৎ সূত্র বা ক্যাট্‌গট্ দ্বারা তৎক্ষণাৎ বন্ধন করা কর্ত্তব্য।

ঔষধ বিষয়ক টীকা।

এসিড্‌স্—এসিড সাল্‌ফ ডিল, এসিড নাইট্রিক ডিল ও এসিড এসিটিক ডিল অতি ক্ষুদ্র ধমনীর রক্তস্রাব বন্ধ করে।

এসিটাম—সামান্য কাটা ঘাযের রক্তস্রাব এবং জলৌকা দংশনজনিত রক্তপাতে ভিনিগার ব্যবহৃত হয।

একোনাইট—হৃদ্‌পিণ্ডের অবসাদকরূপে রক্তস্রাবে কচিৎ ফলদায়ক হয়।

এগারিক—জলৌকা দংশন, কাটা ঘা ও মাড়ী হইতে রক্তস্রাবে মূল্যবান ঔষধ।

এল্‌কোহল—রক্তস্রাব বশতঃ যখন হৃদ্‌পিণ্ড দুর্ব্বল হয় তখন এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ অতি সাবধানে ব্যবহার্য্য বরং ইহা অপেক্ষা অহিফেন ব্যবহারই শ্রেয়ঃ।

এলুমিন—ইহা একটি প্রধান রক্তরোধক ঔষধ। চূর্ণাকারে কাটা ঘা ইত্যাদির উপর প্রয়োগে তৎক্ষণাৎ রক্তস্রাব বন্ধ হয়।

এমনিয়া—অত্যধিক রক্তস্রাবজনিত অবসাদনে ইহার কোন কোন প্রয়োগরূপ অতীব ফলদায়ক।

এণ্টিফেব্রিন এবং এণ্টিপাইরিন—ডাঃ মন্‌করভো বলেন ইহা উত্তম রক্তরোধক ঔষধ। তিনি কথন কথন লৌহ আর্গটিন, বোরিক এসিড্ বা অন্যান্য ঔষধ অপেক্ষা এণ্টিপাইরিন ব্যবহারে সন্তোষজনক ফল পাইয়াছেন।

আর্জ্জেণ্টাই নাইট্রাস—জলৌকা দংশন জনিত রক্তস্রাবে, ব্যবহার হয়।

এট্রপাইন—আভ্যন্তরিক যন্ত্র হইতে রক্তস্রাব কথন কথন ১/২০—১/৮০ গ্রেণ মাত্রায় ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রযোগে বন্ধ হয।

কলোডিয়ান—ডাঃ রিচার্ডসন্ রক্তরোধক ঔষধ সহ ইহা ব্যবহারে উত্তম ফললাভ করিযাছেন। ১নং ব্যবস্থা পত্র দেখুন।

ক্রিয়েজোট—নাসিকা, ফেরিংস এবং মুখ গহ্বর হইতে রক্তস্রাবে, এলম সহ সমান ভাগে প্রযোগে আশ্চর্য্য ফল পাওযা যায়।

কুপ্রাই সালফ—জলৌকা দংশন জনিত রক্তস্রাবে ব্যবহৃত হয়।

ডিজিটেলিস—আভ্যন্তরিক যন্ত্রাদি হইতে রক্তস্রাব নিবারণ জন্য ইহা অতি উত্তম ঔষধ।

আর্গট—সেবনে অথবা ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগে ফলপ্রদ, বিশেযতঃ রক্তস্রাবিক ধাতুতে অর্থাৎ সামান্য কারণে যাহাদের রক্তস্রাব হয় সেই সকল রোগীর পক্ষে বিশেষ প্রয়োজনীয়।

ফিরাম—সচরাচর রক্তস্রাব নিবারণ জন্য টিং ফেরি পারক্লোরাইড রক্তরোধকরূপে ব্যবহার হয়; কিন্তু যেস্থানে ইহা প্রয়োগ করা যায় অনেক সময তথায সুফিং অল্‌সার হইয়া থাকে সেই জন্য অনেক চিকিৎসক ইহা অপেক্ষা লাইকর ফেরি পারস্কল্‌ফেটিস্‌কে ভাল বোধ করেন।

গ্যালিক এসিড—ইহা একটি উত্তম স্থানিক রক্তরোধক ঔষধ।

হেমেমিলিস—রক্তস্রাবিক ধাতুতে (Hœmorrhagic diathisis), অধিকক্ষণ স্থায়ী সামান্য রক্তস্রাবে এবং অর্শজনিত রক্তস্রাবে ইহা অত্যন্ত উপকারী।

ক্র্যামারিয়া—উত্তম আভ্যন্তরিক সঙ্কোচক।

ম্যাটিকো—আভ্যন্তরিক এবং বাহ্যিক প্রয়োগে সন্তোষজনক ফল পাওয়া গিয়াছে।

ওপিয়াম—অতিবিক্ত বক্তস্রাবের পর অবসাদনে ইহা পূর্ণমাত্রায় ব্যবহার্য্য।

ফিনাসিটিন—ডাঃ মন্‌ব্যাভো ইহাকে অতি উত্তম রক্তরোধক মনে করেন।

প্লম্বাই এসিটাস—আভ্যন্তবিক যন্ত্রেব বক্তস্রাবে ৫ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হয়।

ট্যানিক এসিড—উৎকৃষ্ট বক্তরোধক।

টেরিবিন্থিনি অয়েল—বক্তস্রাবিক ধাতুতে এবং আভ্যন্তরিক বক্তস্রাবে অধিক মাত্রায় ব্যবহার হয।

অন্যান্য উপায।

কটারি, শৈত্য প্রযোগ, বন্ধন, অঙ্গ উত্তোলন অবস্থায় রাখা এবং সজোবে সঙ্কুচিত করা, সঞ্চাপন, টর্সন, ট্র্যান্সফিউসন।

ব্যবস্থা পত্র।

ষ্টিপ্‌টিক্ কলোডিযান।

১।	কলোডিয়ান	...	...১০০ ভাগ।
	কার্ব্বলিক এসিড্	...	.. ১০ ভাগ।
	ট্যানিক এসিড	...	... ৫ ভাগ।
	বেঞ্জোইক এসিড	...	... ৫ ভাগ।

মিশ্রিত করিয়া সম্পূর্ণরূপে দ্রব না হওয়া পর্য্যন্ত আলোড়ন করিতে হইবে। ডাঃ ডবলিউ রিচার্ডসন্।

২। কলোডিয়ান ... ... ৬ ভাগ।
ক্রিষ্টালাইজড্ পারক্লোরাইড অব আয়রণ ১ ভাগ।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৩। এসিড ট্যানিক ... ... ৪০ গ্রেণ।
শর্করা ... ... ২ ড্রাম।
স্পিরিট লেভেণ্ডিউলি ... ... ৫ মিনিম।
এডেপ্‌স্ ... ... ১২ ঔন্স।
আঘাত স্থানে এবং শৈবিক রক্তস্রাবে প্রয়োগ করিতে হইবে।
ইটালীর ডাঃ অরোসি।

৪। আইওডিন ... ... ১ ড্রাম।
পটাশ আইওডাইড ... ২ ড্রাম।
এল্‌কোহল ... ... ২ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৪ ঔন্স।
আভ্যন্তরীক গহ্বর (Cavity) হইতে রক্তস্রাবে (১) পিচকারী দ্বারা প্রযোগ করিতে হইবে (বিশেষতঃ (১) সৌত্রিক অর্ব্বুদজনিত জরায়ু হইতে রক্তস্রাব হইলে)।
(প্রঃ এস্, ডি, গ্রস্, ফিলাডেল্‌ফিয়া)

৫। এসিড ট্যানিক ... ... ২০ গ্রেণ।
এলম ... ... ৪০ গ্রেণ।
রোজ ওয়াটার ... ... ৩ ঔন্স।
রক্তরোধকরূপে বাহ্যিক প্রয়োগ জন্য ব্যবহার্য্য।
ডাঃ মন্‌সেল্।

ডাঃ প্ল্যাগিয়ারির রক্তরোধক ঔষধ।

৬।	টিং বেঞ্জোইন কোং	... ...	৮ ঔন্স।
	এলুমিনিস	... ..	১ পাউণ্ড।
	একোয়া	... ...	১০ পাউণ্ড।

মিশ্রিত করণান্তর ৬ ঘণ্টা পরিমাণে চিনামাটীর পাত্রে উত্তপ্ত করিতে হইবে এবং মধ্যে মধ্যে নাড়িতে হইবে। পরে উত্তপ্ত জল দ্বারা যে অংশ কমিয়া গিয়াছে তাহা পূরণ করিয়া ষ্টপার্ড বোতলে রাখিতে হইবে।

মার্টিনের ট্যানিন সোলিউশন।

৭।	ট্যানিক এসিড	...	১ ঔন্স।
	পরিশ্রুত জল	.. ...	২ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

আভ্যন্তরিক ঔষধ (সেবনের জন্য)

৮।	প্লম্বাই এসিটাস	... ...	১৬ গ্রেণ।
	পাল্‌ভ্‌ ডিজিটেলিস	...	৭ গ্রেণ।
	— ওপিয়াই	... ...	৩ গ্রেণ।
	কন্‌ফেক্‌শন্‌ রোজ	... ...	১৫ গ্রেণ।

২০ বটীকা প্রত্যহ ৩।৪ বটীকা সেব্য। (ডাঃ আরল্‌)

৯।	এসিড গ্যালিক	... ...	½ ড্রাম।
	— সাল্‌ফ ডিল	... ...	১ ড্রাম।
	টিং ওপিয়াই	... ..	১ ড্রাম।
	ইন্‌ফিউশন রোজি কোং	...	৪ ঔন্স।

ঔন্স মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ বার্থলো)

Bronchocele, (ব্রঙ্কসিল)।

গলগণ্ড।

গলদেশের থাইরয়েড্ গ্রন্থির বিবৃদ্ধিকে ব্রঙ্কসিল বা গলগণ্ড কহে। পানীয় জলে অত্যধিক পরিমাণে লাইম বা মেগ্নেসিয়াম থাকিলে এই রোগ উৎপন্ন হয়। গলগণ্ড অধিক বড় হইলে গলা ভার বোধ হয় ও শেষে ক্রমশঃ শ্বাসকৃচ্ছ এবং গলাধঃকরণ-কৃচ্ছ্রতা উপস্থিত হয়। ইহা ব্যতীত রোগী শিরঘূর্ণন ও মস্তিষ্কের পীড়া ইত্যাদি অনুভব করে।

কখন কখন গলগণ্ড রোগাক্রান্ত ব্যক্তিদিগের চক্ষুকোটর হইতে গোলকদ্বয় কিঞ্চিৎ সম্মুখে বাহির হইয়া আইসে ইহাকে এক্স অফথ্যাল্মিক্ গয়েটার (Exopthalmic Goitre) কহে।

চিকিৎসা বিষয়ক টীকা।

যে স্থানে গলগণ্ডের প্রাদুর্ভাব, সেই স্থান হইতে রোগীকে বিশুদ্ধ বায়ু সঞ্চালিত অন্য স্থানে যাইতে পরামর্শ দেওয়া, অথবা তথাকার জলপান করিতে নিষেধ করা কর্ত্তব্য। থাইরয়েড গ্রন্থির সামান্য বিবৃদ্ধি হইলে পটাশ আইওডাইড ২।৩ গ্রেণ মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেবন করা এবং গ্রন্থির উপর টিংচার বা অঙ্গুয়েণ্টাম আইওডিন অথবা ব্লিষ্টার প্রয়োগ করা কর্ত্তব্য। যদ্যপি গ্রন্থি অধিক পরিমাণে বিবৃদ্ধি হয় তাহা হইলে উহার মধ্যে টিং আইওডিনের পিচকারী দেওয়া উচিত। অথবা কয়েকটি সিটন প্রবেশ করান আবশ্যক। প্রথম সপ্তাহে টিং আইওডিন ১৫ মিনিম হইতে ১ ড্রাম মাত্রায় দুইবার, দ্বিতীয় সপ্তাহে একবার এবং তৎপরে ১৪।১৫ দিবস পর একবার পিচকারী দেওয়া উচিত।

গলগণ্ডের পক্ষে বিন আইওডাইড মলম মর্দ্দন অতীব ফলদায়ক। ক্যাপ্টেন কানিংহাম এই চিকিৎসার প্রথম প্রবর্ত্তক। তিনি এই মলম রোগীকে রৌদ্রে বসিয়া গলগণ্ডের উপর মর্দ্দন করিতে বলেন। তিনি বলেন যে এই নিয়মে তিনি ভারতবর্ষের ৬০০০০ রোগী আরোগ্য করিযাছেন কিন্তু একটি রোগীরও মুখ আইসে নাই।

কেহ কেহ থাইবযেড্ গ্রন্থি লিগেচার দ্বারা বন্ধন করিতে ব্যবস্থা দেন। কেহ বা শ্বাসকৃচ্ছ্র আরম্ভ হইলে গ্রন্থির দক্ষিণ এবং বাম ভাগের মধ্যস্থিত যোজক (Isthmus) অস্ত্রোপচার দ্বারা কর্ত্তন করিতে বলেন।

ব্যবস্থা পত্র।

১।	আইওডিন	... ...	১ ড্রাম।
	এল্‌কোহল্‌	... ...	১০ ড্রাম।

প্রত্যেক দশমদিনে ১০—১৫ মিনিম মাত্রায় গ্রন্থি মধ্যে পিচকারী দিতে হইবে। (প্রঃ এ, লুক)

২।	টিং ফেরি পারক্লোরাইড	...	১ ঔন্স।
	একোযা	... ...	১ ঔন্স।

সিষ্ট মধ্যে পিচকারী করিয়া ৭২ ঘণ্টা পর্য্যন্ত ক্যানুলা ঐ স্থানেই রাখিতে হইবে তৎপরে ঔষধ সহ ক্যানুলা বাহির করিয়া লইতে হইবে। (ডাঃ মরেল মেকাঞ্জি)

৩।	আইডফরম	... ...	১ ভাগ।
	ইথার	... ...	৫ ভাগ।
	অলিভ অয়েল	... ...	৯ ভাগ।

কোমল গলগণ্ডে ১৫ মিনিম মাত্রায় পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে। (মসেটিগ্ মুরহফ্)

৪।	আইডফরম	... ...	১ ভাগ।
	ইথার	... ...	৭ ভাগ।
	অলিভ অয়েল	... ...	৭ ভাগ।

১৫ মিনিম মাত্রায় পিচকারী দিতে হইবে।

৫।	টিং আইওডিন	...	½—১ ড্রাম।
	গ্লিসারিন	... ...	২ ড্রাম।
	একোয়া	...	সমষ্টি ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

(আর্থার টি, নর্টন, এফ, আর্, সি, এস, লণ্ডন)

৬।	ক্যাড্‌মিয়াই আইওডাইড	...	১ ড্রাম।
	সিম্পল অয়েণ্টমেণ্ট	... ..	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

(প্রঃ জে, এম, ডেকষ্টা ফিলাডেল্‌ফিয়া)

৭।	ব্রোমিনাই	...	১২—২০ মিনিম।
	এডেপ্স বা লার্ড	.. ...	১ ঔন্স।
	লিমন অয়েল	... ...	১০ মিনিম।

সময়ে সময়ে মালীষ করিতে হইবে।

(ডাঃ ফ্রেডারিক ইষ্টাবলেন্, জার্ম্মানি)

৮।	বিন আইওডাইড মলম	...	১ ড্রাম।
	সিম্পল অয়েণ্টমেণ্ট	... ..	৬ ড্রাম।

গলগণ্ডের উপর মালিষের জন্য ব্যবহার্য্য।

(প্রঃ এস্, ডি, গ্রস্, ফিলাডেল্‌ফিয়া)।

৯।	পটাশ আইওডাইড	...	৫ গ্রেণ।
	ফেরি এমনি সাইট্রেটিস্	...	৫ গ্রেণ।

ইন্‌ফিউশন কোয়াশিয়া ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(আর্থব, টি, নর্টন, এফ, আর, সি, এস্,)

গলগণ্ড হইয়া শ্বাসকৃচ্ছ্র হইলে নিম্নলিখিত ঔষধের ধুম শ্বাস দ্বারা গ্রহণ করিলে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়।

১০। পাল্‌ভ ষ্ট্র্যামনিয়াই ... ২ ড্রাম।

পটাশ নাইট্রাস ... ... ১ ড্রাম।

পাল্‌ভ ওপিয়াই ... .. ২০ গ্রেণ।

আবশ্যকমত একটি কুঠরীর মধ্যে এক ড্রাম মাত্রায় অগ্নিতে জ্বালাইয়া শ্বাস দ্বারা গ্রহণ করিতে হইবে।

Bruises or Contusion.

ব্রুইসেস্ বা কণ্টিউশন্।

কোমল অঙ্গ সমূহের আঘাত।

কণ্টিউসনে ত্বক বিদীর্ণ বা বিচ্ছিন্ন হয না কিন্তু ত্বকনিম্নস্থ গঠন সমূহ দলিত বা ছিন্ন বিচ্ছিন্ন হয় এবং ত্বকনিম্নে রক্তস্রাব হয়। উক্ত রক্তস্রাব অববোধ বা নিবারণ জন্য শৈত্য, ক্যাম্ফর, টিং আর্নিকা, এমন মিউরাস সংযুক্ত লোশন প্রয়োগ অতীব ফলপ্রদ। এসিটেট অব্ লেড্, সাল্‌ফেট অব্ জিঙ্ক, কার্ব্বলিক এসিড, ভিনিগার, এলম বা লবন সংযুক্ত লোশনও বিশেষ প্রয়োজনীয়। যদি কোন ধমনী বিদীর্ণ হইয়া গিয়া ত্বকনিম্নে অধিক পরিমাণে রক্তস্রাব হয় তাহা হইলে তৎক্ষণাৎ আইসব্যাগ্ প্রয়োগ করা সর্ব্বতোভাবে বিধেয়। যদি আঘাত প্রাপ্ত স্থান উষ্ণ, রক্তবর্ণ এবং বেদনা যুক্ত হয় তাহা হইলে অস্ত্রোপচার দ্বারা ঐ স্থান কর্ত্তন করিয়া রক্ত বা সিরাম বহির্গত করিয়া দেওয়া উচিত।

ঔষধ বিষয়ক টীকা।

এসিটাম—ভিনিগর এবং লবন সংযুক্ত লোশন স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয।

এল্‌কোহল—আঘাত প্রাপ্ত স্থানে প্রয়োগ করিলে তথায় কাল-শিরা পড়েনা বা কৃষ্ণবর্ণ হয না। ক্রুইস বা কণ্টিউসনের উপর সর্ব্বদা ভিজাইয়া রাখিলে বেদনার লাঘব করে।

এমন ক্লোবাইড—ক্যাম্ফব, সোপ বা এল্‌কোহল সহ প্রয়োগে ফলদায়ক।

আর্নিকা—কোন কোন চিকিৎসক ইহার উত্তপ্ত ইন্‌ফিউশন্ ব্যবহাব কবিতে বলেন কেহ বা ইহাব টিংচারের প্রশংসা করেন। ডাঃ লফলাব নিম্নলিখিত রূপে ব্যবহাবে বিশেষ ফল পাইয়াছেন।

টিং আর্নিকা	...	..	১ ঔন্স।
ভিনিগার	...	..	১ ঔন্স।
একোয়া ক্যাম্ফব	...	...	৬ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য।

ব্রাইওনিয়া—বিলাতী পালোয়ান বা কুস্তিওয়ালারা ব্যবহার করিয়া থাকে।

ক্যাম্ফর—অধিক পবিমাণে কণ্টিউসন্ হইলে স্পিরিট ক্যাম্ফব প্রয়োগে অনেক সময় শীঘ্র উপকার পাওয়া যায়।

ক্যাপ্‌সিকাম—ইহার টিংচার প্রয়োগে ক্রুইসজনিত বিবর্ণতা দূর হয়।

আইওডাম—ত্বকনিম্নে অধিক রক্তস্রাব হইয়া অনেকদিন স্থায়ী হইলে নিম্নলিখিত ব্যবস্থা অনুসারে ইহা ব্যবহার করা উচিত।

টিং আইওডিন ... ... ১ ভাগ।

এল্‌কোহল ... ... ১ ভাগ।

স্থানিক প্রয়োগ করিতে হইবে।

প্লম্বাই সব্‌এসিটেটিস—লাইকর প্লম্বাই সবএসিটেটিস বা গোলার্ডশ লোশন অতি উত্তম ঔষধ। কখন কখন কোনিয়াম, এল্‌কোহল্‌, বা এমনিয়া সহ ব্যবহারে বিশেষ উপকারী।

ব্যবস্থা পত্র।

১। এমন ক্লোবাইড ... ... ৫ ড্রাম।
এসিড এসিটিক . . ১০ ড্রাম।
এল্‌কোহল অথবা রেক্‌টিফায়াড স্পিরিট .. ... ১০ ড্রাম।
একোযা ... সমষ্টি ১০ ঔন্স।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। (লণ্ডন হাঁসপাতাল)

২। এমন ক্লোবাইড ... ... ২ ড্রাম।
রেক্‌টিফায়াড স্পিরিট ... ২ ঔন্স।
একোয়া ... ... ২ ঔন্স।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। ইহা অতি উত্তম স্নিগ্ধকারক ঔষধ। (ডাঃ হ্যাফি)

৩। লাইকুর প্লম্বাই সব্‌এসিটেটিস্‌ ... ১ ড্রাম।
এলকোহল অথবা রেকৃটিফায়াড স্পিরিট .. ... ৬ ড্রাম।
এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ১০ গ্রেণ।
একোয়া ... ... ১০ ঔন্স।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৪। লাইকর এমনি এসিটেটিস	..	১ ঔন্স।
— প্লম্বাই সবএসিটেটিস	...	২ ড্রাম।
একোয়া ...	...	১ পাইন্ট।

স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৫। সোডিয়াই বোরেটিস ..	...	১ ড্রাম।
এল্‌কোহল ডিল ...	...	১½ ড্রাম।
পরিশ্রুত জল ...	..	৩ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য। (ঐ)

৬। এসিডাই সাল্‌ফিউবোসাই	...	১ ঔন্স।
একোয়া ..	..	১ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য।

Bubo, বিউবো।

ব্রঘ্ন বা বাঘি।

শরীবের যে কোন অংশে স্থিত গ্রন্থির প্রাদাহিক বিবৃদ্ধিকে বিউবো বা বাঘি কহে।

কাবণ—উত্তেজনা, উপদংশ এবং প্লেগ।

প্রকার—ইহা তিন প্রকাব যথা—(১) সিম্পল বা সিম্পেথেটিক (অনুবেদনিক) বিউবো, (২) স্পেসিফিক্ (বিশেষ) বিউবো, অর্থাৎ যাহা শ্যাঙ্কাবের পূয় শোষিত হইয়া উৎপন্ন হয়, (৩) উপদংশ (সিফিলিটিক) জনিত বিউবো।

(১) প্রমেহ, মুদা এবং প্রেপ্রিউজ প্রদাহ ইত্যাদির স্থানিক উত্তেজনা বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে। (২) বিশেষ অর্থাৎ শ্যাঙ্কারজনিত বিউবোতে শ্যাঙ্কারের পূয়, গ্রন্থির শোষক নাড়ী-

দ্বারা শোষিত হইয়া গ্রন্থিমধ্যে প্রবেশ করতঃ গ্রন্থির প্রদাহ জন্মাইয়া পূয় উৎপন্ন করে। (৩) উপদংশজনিত বিউবোতে কোন প্রবল প্রদাহ বর্ত্তমান থাকেনা সুতরাং গ্রন্থিগুলি অত্যন্ত কঠিন হয়।

লক্ষণ—(১) সাধারণ বা অনুবেদনিক বিউবোতে গ্রন্থি সামান্যরূপ স্ফীত হয়, বেদনা অতি অল্প হয় এবং অল্পদিন মধ্যে হয় বসিয়া যায় না হয় স্ফোটকরূপে পরিণত হয়। ইহাতে একটি গ্রন্থি ব্যতীত বহু গ্রন্থি আক্রান্ত হয় না। (২) বিশেষ বা শ্যাঙ্কার-জনিত বিউবোর লক্ষণগুলি প্রথমে প্রায়ই উপরোক্ত সাধারণ বিউবোর মত কিন্তু শ্যাঙ্কারের বৃদ্ধির সঙ্গে সঙ্গে উহা ক্রমশঃ বৃদ্ধি হইতে থাকে। বিউবো কর্ত্তন করিলে তন্নিম্নে স্লাফ্‌বিশিষ্ট পাতলা ঈষৎ হরিদ্রাভ ধূসর বর্ণ পূয় নির্গত হইতে দেখা যায়। (৩) উপদংশজনিত বিউবোতে প্রায়ই গ্রন্থিগুলির প্রবল প্রদাহ বা পূয়োৎপত্তি না হইয়া ক্রমে কঠিন হইয়া উঠে।

চিকিৎসা বিষয়ক টীকা।

সাধারণ বা অনুবেদনিক বিউবোর প্রথমাবস্থায় প্রদাহনাশক ঔষধ প্রয়োগ ও রোগীকে সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা উচিত। স্থানিক প্রয়োগের মধ্যে একষ্ট্রাক্ট বেলাডনা এবং গ্লিসারিন প্রয়োগ, উষ্ণ পুল্‌টিস্, গরম জলের স্বেদ বিশেষ উপকারী। পূয়োৎপত্তি হইবামাত্র ½ ইঞ্চি পরিমাণে লম্বভাবে কর্ত্তন করতঃ পূয বহির্গত করিয়া তন্মধ্যে একটি ড্রেনেজ টিউব প্রবেশ করাইয়া রাখা কর্ত্তব্য। পূয়োৎপত্তি হইবামাত্র কর্ত্তন করা আবশ্যক নতুবা নালী ঘায়ে পরিণত হইবার বিশেষ সম্ভাবনা। পূয় বহির্গত হইলে পর বোরেসিক লিণ্ট উষ্ণ জলে ভিজাইয়া প্রয়োগ করা উচিত। পরে স্ফীতির হ্রাস হইলে বোরেসিক মলম লাগাইয়া তদুপরি এবং সর্বেণ্ট কটন দিয়া স্পাইকা ব্যাণ্ডেজ দ্বারা বান্ধিয়া রাখা আবশ্যক।

বাঘি হইলে অনেকে বসানের জন্য প্রয়াস পাইয়া থাকেন। অবশ্য প্রথমাবস্থায় টিং আইওডিন, এমনিয়েকাম কম্ মার্কারী প্ল্যাষ্টার, গন্ধ বিরজা, বেলাডনা প্রভৃতি প্রযোগে অনেক সময় উপকার হইযা থাকে বটে, কেবলমাত্র অতিরস্থানে অবশ্য বসাইতে হইবে, ইহাতে প্রবল প্রদাহের হ্রাস না হয তাহা হইলে বাঘি বসাইবার চেষ্টা পাওয়া বৃথা।

শ্যাঙ্কারজনিত বিউবোর চিকিৎসা প্রায অনুবেদনিক বা সাধারণ বিউবোর চিকিৎসার মত। পূযোৎপত্তি হইবা মাত্রই কর্ত্তন করা উচিত। সচরাচর একটি ইন্‌সিসান দিলেই যথেষ্ট হয কিন্তু যদি স্ফোটক গহ্বর বা বাঘির পূয বহুদূর পর্য্যন্ত ত্বকনিম্নে বিস্তৃত থাকে তাহা হইলে একের অধিক ইন্‌সিসন্ দেওযাই বিধেয। বাঘি কর্ত্তন করা পর এক আউন্স জলে ৫—১০ গ্রেণ নাইট্রেট অব্ সিল্‌ভার দ্রব করিযা তদভ্যন্তর ভাগ ধৌত করিযা আইডফরম চূর্ণ ছড়াইয়া দিবে এবং তৎপরে একটি ড্রেনেজ টিউব প্রবেশ করাইযা লিষ্টারের পচন নিবারক গজ অথবা বোরেসিক লিণ্ট দিয়া ব্যাণ্ডেজ বাঁধিযা রাখিবে কিন্তু এত সতর্কতা সত্বেও যদি বাঘি শ্যাঙ্কারে পরিণত হয তাহা হইলে শ্যাঙ্কারের ন্যায ড্রেস করিবে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে মার্কারী সর্ব্বপ্রধান। বেদনা বোধ হইলে ওপিযাম বা অন্য কোন বেদনা নিবারক ঔষধ ব্যবস্থা করা উচিত।

সিফিলিটিক বা উপদংশ জনিত বাঘিতে বেদনা অনুভব হয না। স্পর্শমাত্র বেদনা বোধ হইলে রোগীকে সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা ও উষ্ণজল স্বেদ প্রযোগ করা কর্ত্তব্য। দৈহিক অবস্থার উন্নতির জন্যে মার্কারী ও পটাশ আইওডাইড বিশেষ উপযোগী। গ্রন্থিগুলি কঠিন হইলে ওলিয়েট অব্ মার্কারী অতীব ফলদায়ক।

Burns or Scalds, বারন্স্ অর্ স্কল্ড্স্।

অগ্নি বা কোন উত্তপ্ত পদার্থ দ্বারা শরীরের কোন স্থান দগ্ধ হইলে তাহাকে বারন্ কহে। কোন উত্তপ্ত তরল পদার্থ দ্বারা শরীরের কোন অংশ দগ্ধ হইলে তাহাকে স্কল্ড কহে। দগ্ধ ৪ প্রকার

(১) প্রথম প্রকারের দগ্ধে ত্বক রক্তবর্ণ এবং তৎসহ সামান্য জ্বালা ও বেদনা হয়, কিন্তু ত্বকের কোন অংশ নষ্ট হয় না।

(২) দ্বিতীয় প্রকারের দগ্ধে, ত্বক বেশ রক্তবর্ণ হয় এবং ত্বকে ফোস্কা পড়ে ও ত্বকের উপরিস্থিত এপিডার্মিস্ নষ্ট হয়। তদ্ভিন্ন অপরাংশের কোন অনিষ্ট হয় না এবং দাগ না হইয়াও ক্ষত আরোগ্য হইতে পারে।

(৩) তৃতীয় প্রকারের দগ্ধে, সমুদায় ত্বক নষ্ট হয় না কিন্তু উপরিস্থিত কিউটিকিল্ ও অন্যান্য বিধানের কিয়দংশ নষ্ট হয়। ইহাতে পচন ও পূযোৎপত্তি শীঘ্রই আরম্ভ হয় এবং শুষ্ক হইলে চিরস্থায়ীরূপে একটি দাগ রহিয়া যায়।

(৪) চতুর্থ প্রকারের দগ্ধে, অতিশয় উত্তাপ সংস্পর্শজনিত ত্বক সম্পূর্ণরূপে নষ্ট হইয়া যায় এবং তন্নিম্নস্থ এরিওলার বিধানে স্লাফ ও পূয়োৎপত্তি হয়। ইহাতে দগ্ধ স্থানের অধিকাংশ একেবারে বিনষ্ট হইয়া কদাকার দেখায়। সন্ধি স্থানের নিকট হইলে সাইক্যাট্রিক্স এবং সঙ্কোচন বশতঃ রোগী বিকলাঙ্গ হয়। উদরে এবং বক্ষে বিস্তৃত দগ্ধ হইলে (বিশেষতঃ সম্মুখভাগে) জীবনের আশা থাকে না। এতদ্ব্যতিরেকে যদি দেহের অর্দ্ধাংশের অধিক দগ্ধ হয় তাহা হইলে বাঁচিবার আশা খুব কম, তবে হাত কিম্বা পা অতিশয় দগ্ধ হইলেও জীবনের আশা থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

স্থানিক চিকিৎসা—অল্প পরিমিত স্থানে ত্বকের উপরাংশ সামান্য রূপ দগ্ধ হইলে কোন চিকিৎসার বিশেষ প্রয়োজন হয় না। তবে কাহারও মতে দগ্ধ স্থানটি শীতল জল ও কাহারও মতে ঈষদুষ্ণ জলে ডুবাইয়া পরে ময়দা, অক্সাইড অব্ জিঙ্ক, বিশমথ সাব নাইট্রাস কিম্বা কলোডিয়ান প্রয়োগ করিয়া তদুপরি তুলা দিয়া ব্যাণ্ডেজ করা আবশ্যক। যদি ফোস্কা উৎপন্ন হয় তাহা হইলে ফোস্কাগুলি সূচদ্বারা গালিয়া দিয়া তদুপরি কলোডিয়ান লাগাইয়া এক খণ্ড লিণ্ট কার্ব্বলিক তৈলে ভিজাইয়া অথবা ভেসিলিন মাখাইয়া প্রয়োগ করা কর্ত্তব্য এবং অবশেষে তুলা দিয়া বাঁধিয়া রাখা উচিত। কেহ কেহ বলেন চা খড়ি এবং ভিনিগার একত্র মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে বিশেষ ফল দর্শে, এমন কি তৎক্ষণাৎ বেদনার উপশম হয় এবং উহা দগ্ধ স্থানের একটি আবরণ হইয়া থাকে।

অতি বিস্তৃত দগ্ধের চিকিৎসা বিশেষ সতর্কতার প্রয়োজন। এই অবস্থায় চিকিৎসকের দৃঢ়তা, স্থিরতা এবং সহিষ্ণুতার বিশেষ প্রয়োজন। কেবল জীবন রক্ষা করিলেই যে নিশ্চিন্ত হইবে তাহা নহে। পরে রোগী বিকলাঙ্গ না হইতে পারে ও দগ্ধস্থান কদাকার না দেখায় তদ্বিষয়ে যত্নবান হওয়া উচিত।

দগ্ধের অব্যবহিত পরেই গাত্র বস্ত্রগুলি খুব আস্তে আস্তে খুলিয়া লইবে। অঙ্গে লাগিয়া থাকিলে খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করতঃ ধীরে ধীরে খুলিয়া লইবে পরে কোকেন সংযুক্ত কোন পচন নিবারক লোশন যথা হাইড্রার্জ্জিরাই পারক্লোরাইড লোশন বোরেসিক এসিড লোশন বা কার্ব্বলিক এসিড লোশন দ্বারা সমস্ত দগ্ধস্থান ধৌত করিয়া ড্রেসিং ও পচন নিবারক তুলা দ্বারা বাঁধিয়া

দিবে। ভিন্ন ভিন্ন চিকিৎসকেরা ভিন্ন ভিন্ন ড্রেসিং পছন্দ করেন। কেহবা প্রাচীন প্রথানুযায়ী ক্যারন অয়েল বা লিনসিড অয়েল এবং চুনের জল সমভাগে একত্র মিশ্রনকে ভাল বলেন। কেহবা লিন্‌সিড অয়েলের পরিবর্ত্তে আমণ্ড বা অলিভ অয়েলের সঙ্গে একটুকু আইডফরম বা কার্ব্বলিক এসিড সংযোগ করিয়া দেন। কেহ কেহ শ্বেত শরিষার তৈল সংযুক্ত পটি, কেলমাইন মলম, কার্ব্বলিক অয়েল, কার্ব্বনেট অব সোডা সলিউশন, ময়দা বা ষ্টার্চ মনোনীত করেন। কিন্তু গ্লিসারিন অথবা ভেসিলিন সহ বোরিক এসিড এবং আইডফরম প্রয়োগই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট ড্রেসিং। দগ্ধ স্থানের অথবা পূযের দুর্গন্ধ না হইলে শীঘ্র শীঘ্র ড্রেসিং পরিবর্ত্তন করা অনুচিত।

শিশুদিগকে প্রথম প্রথম ড্রেসিং পরিবর্ত্তনের সময় ক্লোরফরম আঘ্রান করান কর্ত্তব্য নতুবা অত্যন্ত যন্ত্রনা হইবার সম্ভাবনা। স্লাফ পৃথক করিবার জন্য বোরেসিক এসিড লিণ্ট উষ্ণ জলে ভিজাইয়া প্রয়োগ করা কর্ত্তব্য।

পূযোৎপত্তি হইলে কোন বেদনা নিবারক ঔষধ সংযুক্ত ক্যালমাইন বা জিঙ্ক অথবা লেড মলম, লোশন অব লেড অথবা মর্ফিয়া এবং গ্লিসারিন ব্যবহার করা যাইতে পারে। বেদনা ও দুর্গন্ধ নিবারণ এবং ক্ষত শীঘ্র আরোগ্যের জন্য হেম্‌লক্ এবং স্পার্মাসিটি মলম সহ আইডফরম প্রয়োগ অতীব ফলপ্রদ। গ্র্যানুলেশন বা ক্ষতের মাংশাঙ্কুর উচ্চ হইলে নাইট্রেট অব সিল্‌ভার লোশন বা পেন্‌সিল্ প্রয়োগ করা কর্ত্তব্য।

আভ্যন্তরিক ঔষধ—প্রথমাবস্থায় এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ ও এমনিয়া ইত্যাদি বিশেষ প্রয়োজনীয়। বেদনা নিবারণ

এবং নিদ্রাকর্ষণের জন্য ব্রোমাইড অব পটাশ এবং ক্লোরাল হাইড্রাস বিশেষ উপযোগী।

পূয়োৎপত্তি হইলে পুষ্টিকর পথ্য, এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ ও বলকারক ঔষধ সেবন করান বিশেষ আবশ্যক।

ঔষধ বিষয়ক টীকা।

এলুমেন—জলে দ্রব করিয়া এবং মলমসহ প্রয়োগে উপকারী।

একেশিয়া—প্রথমে ঘন মিউসিলেজের প্রলেপ দিয়া তদুপরি পাল্‌ভ একেশিয়া ছড়াইয়া দেওয়া অতি উত্তম প্রয়োগ।

আর্জেণ্টাই নাইট্রাস—অনেক চিকিৎসক এই রোগে ইহার প্রশংসা করেন। ডাঃ স্কি নিম্নলিখিতরূপ ব্যবস্থা করেন।

আর্জেণ্টাই নাইট্রাস	...	... ২০ গ্রেণ।
একোয়া	..	... ১ ঔন্স।

বাহিক প্রয়োগের জন্য।

বিশমথ সাবনাইট্রাস—ডাঃ রিচার্ডসন ইহা গ্লিসারিন সহ প্রয়োগের ভূয়সী প্রশংসা করেন।

ক্যাল্‌সিস্ ওয়াটার—ক্যারন অয়েল প্রস্তুতের ইহা একটি প্রধান ঔষধ। সমান ভাগ মসিনার তৈল সহ মিশ্রিত করিলে ক্যারন অয়েল প্রস্তুত হয়।

ক্যালসিস গ্লিসারিন—নিম্নলিখিত ব্যবস্থা স্থানিক প্রয়োগের জন্য উপযুক্ত।

ক্যাল্‌সিস	...	... ১ ড্রাম।
গ্লিসারিন	...	... ৬ ঔন্স।
ক্লোরফরম	...	১—২ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য।

কার্ব্বলিক এসিড—ইহার লোশন বা মলম বিশেষ উপযোগী।

কার্ব্ব লিগনাই—দগ্ধ স্থানে কয়লার গুঁড়া ছড়াইয়া দিলে বেদনা নিবারিত এবং দুর্গন্ধ দূর হয়।

কোকেন—দগ্ধ স্থানের বেদনা নিবারণের জন্য প্রয়োজ্য।

কলোডিয়ান—সামান্য এবং অল্প দগ্ধের উপর প্রয়োগে প্রদাহ নিবারিত হয় এবং বাহ্যিক উত্তেজক পদার্থ যথা ধূলা ইত্যাদি হইতে ক্ষত স্থানকে রক্ষা করা যায় ইহার সঙ্গে কয়েক ফোটা ক্যাষ্টর অয়েল মিশ্রিত করিলে আরও ভাল হয়।

ক্রেটা—লণ্ডনের সেণ্ট টমাস হাঁসপাতালে শিশুদিগের দগ্ধে নিম্নলিখিত স্থানিক প্রয়োগের বিশেষ সুখ্যাতি আছে।

এসিড এসিটিক	...	... ১ ভাগ।
একোয়া	.	... ১২ ভাগ।
ক্রিটা (শ্বেত, অর্থাৎ চা খড়ি		যথা প্রয়োজন।

ফেরি সাল্ফ—১ পাইণ্ট জলে ২ ড্রাম ফেরি সাল্ফ দিয়া লোশন প্রস্তুত করিয়া দগ্ধস্থানে প্রয়োগ করিলে সময়ে সময়ে উত্তম ফল পাওয়া যায়।

অয়েল মেন্থল—পেন্সিল বা বস্ত্রদ্বারা প্রয়োগে অতি সত্বর বেদনা নিবারিত হয়। গ্লিসারিন সহও প্রয়োগ করা যাইতে পারে।

ওপিয়াম—দুরূহ দগ্ধে বেদনা নিবারণের জন্য বিশেষ প্রয়োজনীয়।

প্লম্বাই এসিটাস—এসিটেট এবং সাব্ এসিটেট অব লেড লোশন উভয়ই উত্তম স্নিগ্ধকারক স্থানিক প্রয়োগ।

পটাশি পারম্যান্গেনাস—ড্রেসিং করিবার পূর্ব্বে দগ্ধ স্থান পরিস্কার করিবার জন্য ব্যবহৃত হয়।

সেলিসিলিক এসিড—দগ্ধ স্থানের ড্রেসিংএর জন্য সেলিসিলিক উল বিশেষ উপকারী।

সোডিয়াই বাইকার্ব্ব—প্রথম দুই প্রকার দগ্ধে ইহা উৎকৃষ্ট ঔষধ।

দগ্ধের অবাবহিত পবে দগ্ধ স্থানে প্রয়োগ করিলে তৎক্ষণাৎ বেদনা উপশমিত হয়।

সোডিয়াই ক্লোরিনেটি লাইকব—ডাঃ মরিস এবং ডুগাস ইহার বিশেষ প্রশংসা কবেন।

ট্যানিক এসিড—ডাঃ নিকলস্কি ইহাব ভূয়সী প্রশংসা কবেন।

টেবিবিন্থিনি অযেল—কোন কোন চিকিৎসক ইহা ব্যবহাব করিয়া সন্তোষজনক ফল পাইয়াছেন।

অঙ্গুয়েণ্টাম পিট্রালিন—স্নিগ্ধকাবক এবং বেদনা নিবাবক স্থানিক প্রযোগ।

জিন্সাই অক্‌সাইড—কার্ব্বলিক এসিড সহ মলমরূপে ব্যবহৃত হয়।

ব্যবস্থা পত্র।

১।	লিন্‌সিড্ অযেল	...	.. যথা প্রযোজন।
	ল'ইম ওযাটাব	...	... ঐ

স্থানিক প্রযোগ কবিতে হইবে। দগ্ধেব প্রথমাবস্থায বেশ উপকাবী।
মিঃ টি, হোমস্।

২।	ক্যাবন অযেল	...	.. ১ ঔন্স।
	অযেল টার্পিণ্টাইন	...	.. ২ ড্রাম।

স্থানিক প্রযোগেব জন্য। চর্ম্ম একেবাবে নষ্ট হইলে বিশেষ উপযোগী। (ঐ)

৩।	এসিড কার্ব্বলিক	...	... ১ ড্রাম।
	অলিভ অয়েল	...	.. ৩ ঔন্স।

দুর্গন্ধযুক্ত পূয় নির্গত হইলে স্থানিক প্রয়োগ করিতে হইবে। ক্ষতের স্লাফ পৃথক হইলে তৎক্ষণাৎ দূরীভূত করা উচিত। (ঐ)

৪। লাইকর সোডি ক্লোরিনেটি ... ১ ঔন্স।
মর্ফিয়া সাল্‌ফ .. ... ৩ গ্রেণ।
একোযা ... ... ১ পাইন্ট।

লিণ্টে মাথাইযা স্থানিক প্রযোগ করিতে হইবে। স্থানিক পচন নিবারক ও দুর্গন্ধ নাশকেব জন্য বিশেষ উপযোগী।

(ডাঃ জন্. মরিস্)

৫। এসিড কার্ব্বলিক . ১—৪ ড্রাম।
মর্ফিযা সাল্‌ফ ... . ২ গ্রেণ।
অলিভ অযেল ... ... ৬ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ঐ)

যখন তিন প্রকাবেব দগ্ধ একত্রে দেখিতে পাওযা যায তখন প্রঃ থিওডব বিল্‌বথ নিম্নলিখিত ব্যবস্থাব বিশেষ প্রশংসা কবেন। প্রথমে ইহা প্রযোগে অত্যন্ত যন্ত্রণা হয বটে কিন্তু শীঘ্র একটি স্ক্যাব হইয়া যন্ত্রণা একেবাবে নিবাবিত হয।

৬। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
একোয়া ডিষ্টিল্টো ... .. ১ ঔন্স।

দগ্ধ স্থানে প্রয়োগ করিতে হইবে।

৭। ক্রিয়োজোট ... ... ½ ড্রাম।
একোয়া ... ... ½ পাইন্ট।

স্থানিক প্রযোগেব জন্য। দ্বিতীয প্রকাবেব দগ্ধে বিশেষ উপযোগী। (ডাঃ ই, আব্, স্কুইব, আমেবিকা)

৮। করোসিভ সাব্‌লিমেট সলুসনে এক গাছি সূত্র ভিজাইয়া সূচ দ্বারা ফোস্কা মধ্যে প্রবেশ করাইয়া সূচ বাহির করতঃ সূতা ফোস্কা মধ্যেই রাখিয়া দিবে এবং দগ্ধ স্থানের উপর আইডকরম

ও ভেসিলিন প্রয়োগ করিয়া অয়েল্‌ড সিল্ক অথবা মোমজামা ইত্যাদি দ্বারা আবৃত কবিয়া রাখিবে এবং ড্রেসিং প্রত্যহ পরিবর্ত্তন করিবে। জার্ম্মনীব ডাক্তার বর্টেনবার্গ উপরোক্ত চিকিৎসার অত্যন্ত প্রশংসা কবেন।

৯।	ভেসিলিন	...	... ১ ঔন্স।
	সেলিসিলিক এসিড পাউডাব		... ১৫ গ্রেণ।
	কোকেইন মিউবাস	..	২—৪ গ্রেণ।

এই মলম প্রযোগ কবিয়া তদুপবি আইডফবম বা সেলিসিলিক গজ দিবে পরে সেলিসিলিক কটন উল ও ব্যাণ্ডেজ দিয়া বান্ধিয়া দিবে। শীঘ্র ড্রেসিং নষ্ট হইলে পবিবর্ত্তন করা উচিত নতুবা প্রত্যহ একবাব ড্রেসিং দিলেই চলিবে।

(ডাঃ লিয়ন, জিমেন)

১০।	আইডফবম	..	... ১ ভাগ।
	এসিড বোবেসিক	...	... ৫ ভাগ।
	এণ্টিপাইবিন	...	... ৫ ভাগ।
	পিট্রলিন মলম	.	... ৫০ ভাগ।

স্থানিক প্রযোগেব জন্য।

১১।	প্লম্বাই কার্ব্বনেট্‌স্	...	... ২ ঔন্স।
	অয়েল লাইনাই	..	... যথা প্রয়োজন।

ঘন দুগ্ধেব মত হইলে প্রয়োগ কবিতে হইবে।

(প্রঃ এস্, ডি, গ্রস্)

১২।	ইয়েলো ওয়াক্স	...	... ১ ঔন্স।
	ওলিয়াই লাইনাই	...	... ৩ ঔন্স।

এসিড ট্যানিক ... ... ১ ড্রাম।
বিশমথ সাবনাইট্রাস ... .. ২০ গ্রেণ।

মোম উত্তপ্ত করতঃ লাইনাই অয়েল মিশ্রিত করিয়া নাড়িতে হইবে। শীতল হইলে পর ট্যানিক এসিড মিশ্রিত করিবার পর বিশমথ মিশ্রিত করিতে হইবে। ইহা স্থানিক প্রয়োগের নিমিত্ত।

(ডাঃ এ, ডি, বিঙ্কার্ড)

১৩। আইডফরম .. ৪০—৮০ গ্রেণ।
সিরেটাই ... ... ১ ঔন্স।
কার্ব্বলিক এসিড ... ... ৬ মিনিম।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

১৪। ক্লোরাল হাইড্রাস ... ১—১½ ড্রাম।
গ্লিসারিন ... ... ½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৬ ঔন্স।

দুর্গন্ধযুক্ত পূযঃ নিঃসরণ নিবারণ জন্য স্নিগ্ধকারক প্রয়োগ। প্রথমতঃ একটুকু জ্বালা করে কিন্তু উহা শীঘ্র নিবারণ হইয়া যায়।

১৫। এসিড ট্যানিক ... ... ১০ ভাগ।
এল্‌কোহল ... ... ১০ ভাগ।
ইথার ... ... ৮০ ভাগ।

ইথার এবং এল্‌কোহল একত্র করিয়া পরে ট্যানিক এসিড মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ নিকলস্কি)

১৬। লাইম ওয়াটার ... .. ৮ ঔন্স।
ওলিয়াম এমিগ্‌ডেলি আমেরা ২—৩ মিনিম।

ইহার ২ ঔন্স লইয়া ৪ ঔন্স লার্ড অথবা পুরাতন ঘৃতে মিশ্রিত করতঃ লিণ্টে মাথাইয়া দগ্ধ স্থানে লাগাইতে হইবে।

(ডাঃ জন, এইচ, ব্রিণ্টন, আমেরিকা)

১৭। এলুমিনিস ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ৮ ঔন্স।

ইহাকে এলমের স্যাচুরেটেড্ সলুশন কহে। সদ্য দগ্ধ ক্ষতে উত্তম স্থানিক প্রয়োগ।

(ডাঃ ম্যাডিসণ মার্শ, আমেবিকা)

১৮। পাল্‌ভ একেশিযা ... ... ৪ ঔন্স।
— ট্র্যাগাকান্থ ... ... ২ ঔন্স।
সিরাপ ... ... ১ পাইণ্ট।
উত্তপ্ত জল .. ... যথা প্রয়োজন।

মধুব মতন গাঢ করিয়া পেস্তত কবিতে হইবে। আমেরিকার কোন কোন হাঁসপাতালে ইহা সদাসর্ব্বদা ব্যবহার হয়।

দগ্ধকাবী তরল পদার্থ গলাধঃকরণ হেতু বালকবালিকাদিগের লেবিংস এবং গ্লটিস দগ্ধ হইলে নিম্নলিখিত ঔষধ সেবন বিশেষ উপকারী।

১৯। ভাইনম এণ্টিমনি ... ... ২৪ মিনিম।
টিং একোনাইট ... ১২—২৪ মিনিম।
একোয়া ... ... ৭ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রথমতঃ ½ ঘণ্টান্তর তৎপরে ১ ঘণ্টান্তর অবশেষে ২।৩ ঘণ্টান্তর সেব্য।

Carbuncle, কার্ব্বঙ্কল।

পৃষ্ঠাঘাত।

ত্বকনিম্নস্থ এরিওলার বিধানের বিশেষ প্রদাহ বশতঃ নিম্নস্থ ও মধ্যভাগস্থিত অংশের পচন হইয়া উপরিস্থিত অংশের যে ধ্বংশ আরম্ভ হয় তাহাকে কার্ব্বঙ্কল বা পৃষ্ঠাঘাত বা দুষ্ট ব্রণ কহে। ইহা সচরাচর পৃষ্ঠদেশে ও গ্রীবায় দেখিতে পাওয়া যায় সেই জন্য এদেশে সাধারণ লোকে পৃষ্ঠব্রণ বা পৃষ্ঠাঘাত কহে।

এই রোগের প্রথমে একটি কঠিন ঈষদুচ্চ ব্রণ দৃষ্ট হয় ও তাহার চতুস্পার্শ্বে ঘোর বা ঈষৎ রক্তবর্ণ স্ফীততা দৃষ্ট হয় এবং ব্রণের সর্ব্বোচ্চ স্থানে একটি ভেসিকিল বা রক্তযুক্ত সিরাম পূর্ণ ফুসকুড়ি লক্ষিত হয়। উহা ছিন্ন হইলে বা গলিয়া গেলে অনেক গুলি ছিদ্র দেখিতে পাওয়া যায় ও ঐ সকল ছিদ্র হইতে পূয নির্গত হইতে থাকে। কখন কখন রোগের শেষ অবস্থা পর্য্যন্ত কার্ব্বঙ্কল সচ্ছিদ্র অবস্থায় থাকে কখন বা সমস্ত ছিদ্রগুলি একটি বড় ছিদ্রে পরিণত হইয়া স্লাফ দ্বারা আবৃত থাকে। প্রথমাবস্থায় লঙ্কা বাটা প্রলেপ দেওয়ার ন্যায় জ্বালা অনুভব হয় কিন্তু স্লাফ দেখা গেলে জ্বালার হ্রাস হয় এবং শেষে একেবারে নিবৃত্তি হইয়া যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে দৈহিক অবস্থার উন্নতির দিকে যত্নবান হওয়া উচিত। বিরেচক ঔষধ দ্বারা কোষ্ঠ পরিষ্কার করিয়া উত্তেজক এবং বলকারক ঔষধ ব্যবস্থা করা বিশেষ কর্ত্তব্য। দুরূহ রোগে এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ বিশেষ প্রয়োজনীয়। প্রায় সশর্কর বহুমূত্র রোগের সঙ্গে এই রোগ দেখিতে পাওয়া যায় সুতরাং প্রথমেই রোগীর মূত্রের অবস্থা এবং স্বভাব পরীক্ষা করিয়া

দেখা উচিত। মূত্রে শর্করা থাকিলে সশর্কর মূত্রের চিকিৎসা আবশ্যক। বলকারক ঔষধের মধ্যে কুইনাইন, বার্ক এবং ধাতব অম্ল অতীব প্রয়োজনীয়। বেদনা এবং জালা নিবারণের জন্য ওপিয়াম বিশেষ উপকারী।

ডাঃ পিটার ইয়েড, লিউ, মাউবাগ্ন, থিওডোর বথ্, মন্‌সিয়ার জোলি প্রভৃতি চিকিৎসকগণ কার্ব্বলিক এসিড্ প্রয়োগের ভূয়সী প্রশংসা করেন। কেহ কেহ কার্ব্বঙ্কলের ত্বক নিম্নে কার্ব্বলিক এসিডের পিচকারী দিতে বলেন। উপরোক্ত চিকিৎসকগণের মতে কার্ব্বলিক এসিডের প্রথম প্রযোগ একটুকু বেদনা জনক বটে কিন্তু পরে ইহা দ্বারা অত্যাশ্চর্য্য ফল লাভ করিতে পারা যায়। প্রাচীন অস্ত্র চিকিৎসকদিগের মধ্যে কেহ কেহ প্রথমে নাইট্রেট অব্ সিল্‌ভার পেন্‌সিল প্রয়োগের, কেহ বা কষ্টিক পটাশ প্রয়োগের পক্ষপাতী। অনেকেই ক্রুশিযাল ইনসিসন (ক্রুশাকার কর্ত্তন) দিতে বলেন। বাস্তবিক পক্ষে যদি স্ফীততা, বেদনা, কাঠিন্য, রক্তবর্ণ ও সটানতা অধিক পরিমাণে থাকে তাহা হইলে অস্ত্রোপচারই সর্ব্বতোভাবে বিধেয়।

ঔষধ বিষয়ক টীকা।

আর্জেণ্টাই নাইট্রাস—রোগের প্রথমাবস্থায় ইহার পেন্‌শিল প্রয়োগের অনেকে ব্যবস্থা করেন।

বেলাডনা—গ্লিসারিন সহ ইহার একষ্ট্রাক্ট প্রয়োগে বেদনার উপশম হয়।

ক্যাল্‌সিয়াই সাল্‌ফাইড—ডাঃ রিঙ্গার বলেন সুগার অব মিল্ক সহ ইহা ১/১০—১/২ গ্রেণ মাত্রায় সেবন অতীব ফলপ্রদ।

কার্ব্বলিক এসিড—আধুনিক নূতন অস্ত্র চিকিৎসকদিগের মধ্যে অনেকে কার্ব্বলিক এসিড প্রয়োগের পক্ষপাতী। কেহবা

ষ্ট্রং কেহবা ডাইলিউট কার্ব্বলিক এসিড ব্যবহার করিতে বলেন।

ফেরি পারক্লোরাইড—ডাঃ স্নাইডার এই রোগে ইহার যথেষ্ট প্রশংসা করেন।

ইক্‌থিয়ল্—পচন নিবারকরূপে কখন কখন স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

আইডফরম—কার্ব্বঙ্কলের মধ্যম বা শেষাবস্থায় স্লাফ দূর করিবার জন্য ইহার চূর্ণ ব্যবহার হয়।

হাইড্রার্জিরাম—কার্ব্বঙ্কলের প্রথমাবস্থায় ইহার মলম বা পলস্তা ব্যবহৃত হয়।

পটাশ ক্লোরাস—যখন কার্ব্বঙ্কল পুনঃ উদ্ভবের আশঙ্কাসহ উদধ্মান, অম্ল বা অজীর্ণ বর্ত্তমান থাকে তখন কেহ কেহ পটাশ ক্লোরাস ৫—২০ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিনবার সেবন করিতে বলেন।

পটাশি পারমেন্‌গ্যানাস্—কার্ব্বঙ্কল অস্ত্রোপচারের পর বেদনা ও পূয়ের দুর্গন্ধ নিবারণজন্য ইহার লোশন ব্যবহার হয়।

ব্যবস্থা পত্র।

১। এসিড কার্ব্বলিক	...	...	২ ঔন্স।
গ্লিসারিন	..	..	১ ড্রাম।

কার্ব্বঙ্কলের ছিদ্র মধ্যে প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ পিটার ইয়েড্, লণ্ডন)

২। গ্লিসারিন (নিউট্রাল ৩০ পারসেন্ট)	...		২ ঔন্স।
পরিশ্রুত জল	..	...	২ ঔন্স।
কার্ব্বলিক এসিড	...	...	৪৫ মিনিম।

প্রাদাহিক স্থানে ১ ড্রাম মাত্রায় ত্বকনিম্নে পিচকারী দিলে প্রথমতঃ বেদনা বৃদ্ধি হইয়া পরক্ষণেই হ্রাস হয়।

(ডাঃ মোউরাঞ্জ)

৩। এসিড কার্ব্বলিক ... ... ৮ মিনিম।
— ট্যানিক ... ... ৪০ গ্রেণ।
অয়েল রিসিনি ... ... ৪০ মিনিম।
কলোডিয়ান ... ... ১ ড্রাম।

আক্রান্ত স্থানে প্রলেপ দিতে হইবে। (মনসিয়ার জোলি)

৪। টিং আইওডিন প্রলেপ দিয়া নিম্নলিখিত ঔষধ প্রযোজ্য।
অয়েল টেরিবিস্থিনি ... ... ১ ঔন্স।
— অলিভ ... ... ১ ঔন্স।
টিং ওপিয়াই ... ... ১ ঔন্স।

ইহাতে কার্ব্বঙ্কলের উপর একটি ফোস্কা উৎপাদন হইবে কিন্তু তৎপরেই বেদনার হ্রাস, কাঠিন্য ও সটানতা কম হইবে।

(প্রঃ এস, ডি, গ্রস্, ফিলাডেল্‌ফিয়া)

৫। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... যথা প্রয়োজন।
গ্লিসাবিন ... ... যথা প্রয়োজন।

মলম প্রস্তুত করিয়া স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(প্রঃ সিড্‌নি রিঙ্গার, লণ্ডন)

৬। ইক্‌থিয়ল্ ... ... ১ ড্রাম।
ক্যাম্ফরেটেড্ লার্ড ... ... ২ ঔন্স।

প্রাদাহিক স্থানে প্রত্যহ তিনবার লাগাইতে হইবে।

(মোঃ বোক্কুইনকি, ফ্রান্স)

৭। কার্ব্বলিক এসিড ... ... ১ ঔন্স।
সেলিসিলিক এসিড ... ... ১ ঔন্স।
বোরাক্স ... ... ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
অয়েল সাসাফ্রাস ... ... ২ ড্রাম।
ওয়াটাব .. ... ১ পাইন্ট।
স্থানিক প্রয়োগের জন্য।

(ডাঃ উইলকিন্‌সন্‌)

৮। লাইকর প্লম্বাই সাব্ এসিটেটিস .. ২ ঔন্স।
এসিড সাল্‌ফিউরিসাই ... ... ২০ মিনিম।
একোয়া .. ... ১ পাইন্ট।
স্থানিক প্রয়োগ কবিতে হইবে। (ডাঃ এ ওয়াল্‌টচ্‌)

৯। টেরিবিন্থিনি মলম ... .. যথা প্রযোজন।
এডিপিস বা লার্ড ... ... যথা প্রয়োজন।

কার্ব্বঙ্কলের উপব৻প্রয়োগ করিয়া তদুপরি একখণ্ড লিণ্ট প্রয়োগ কবিতে হইবে।

১০। পটাশি পাবম্যান্‌গেনাস্ ... ... ৩০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
ধৌত করিতে হইবে। (ডাঃ ন্যাফি)

আভ্যন্তরিক ঔষধ।

১১। কুইনি সাল্‌ফ ... .. ২ গ্রেণ।
টিং ফেরি পারক্লোরাইড ১০—১৫ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(ডাঃ জেম্‌স্ গ্রে গ্লোভার, লণ্ডন)

১২। ক্যাল্‌সিয়াই সাল্‌ফাইড ... ১/১০—১/৬ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ ৪।৬ বটীকা সেব্য।

(প্রঃ সিড্‌নি রিঙ্গার)

১৩। সোডিযাই আর্সেনিয়েট ... ... ১১/২ গ্রেণ

পরিশ্রুত জল ... ... ৬১/২ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যহ দুই বার আহারের পূর্ব্বে সেব্য।

(ডাঃ ডেলিও, ফ্রান্স)

১৪। হাইড্রার্জিবাই সাব্ ক্লোরাইড ৫—১০ গ্রেণ।

সোডি বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।

এক পুরিযা, বিরেচন আবশ্যক হইলে রাত্রিতে শয়নকালে সেব্য।

Cancer, ক্যান্‌সার।

কর্কট রোগ।

অনুবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে ইহা কোষ ও সংযোগ বিধান দ্বারা গঠিত দেখা যায। কোন কোন ক্যান্‌সারের কোষগুলি এত ঘন যে তন্মধ্যে সামান্য সৌত্রিক বিধান মাত্র দৃষ্ট হয। পক্ষীর বাসার মধ্যে ডিম্ব থাকিলে যেরূপ গর্ত্ত হয় কোন কোন ক্যান্‌সার কোষের সেইরূপ গর্ত্ত অনুবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিতে পাওয়া যায়।

ক্যান্‌সার ৫ প্রকার যথা—(১) হার্ড বা কঠিন বা স্কিরাস, (২) কোমল বা এন্‌কেফেলয়েড্, (৩) লোবিউলার এপিথিলিয়াল, (৪) সিলেণ্ডি ক্যাল এপিথিলিয়াল, এবং (৫) কোলয়েড্।

লক্ষণ—হস্তদ্বারা নিপীড়নে বা পরীক্ষায় অর্ব্বুদটি অতি কঠিন, উঁচু নিচু, এবং ডুমা ডুমা দেখা যায়। প্রথমাবস্থায উপরিস্থ ত্বক হইতে পৃথক থাকে। অবশেষে অর্ব্বুদ ও ত্বক একত্রিভূত হইয়া যায। স্কিরাস অর্ব্বুদ ধীবে ধীবে বর্দ্ধিত হয় এবং একটি বড কমলা লেবুব আকাব অপেক্ষা বড় হয় না। সময়ে সময়ে বেদনা থাকে না বটে, কিন্তু প্রাযই দপদপে অথবা চিড়িক মাবা বেদনা বোধ হয। অর্ব্বুদটি বেশী নাড়িলে অত্যন্ত বেদনা হয এবং বাত্রিতে ছুবি বসানবৎ বা স্নায়ুশূলবৎ বা তাড়িৎ-প্রযোগবৎ বেদনা প্রাযই অনুভূত হয। অর্ব্বুদ যতই আস্তে আস্তে বৃদ্ধি পাইতে থাকে ততই চতুস্পার্শ্বস্থ ত্বক কুচ্‌কিয়া যায়। ক্রমে কোনস্থান গাঢ রক্তবর্ণ, চক্‌চকে এবং ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী জাল দ্বাবা বেষ্টিত হইতে দেখা যায। অতঃপব ঐ ত্বক সামান্য বিদীর্ণ হয় এবং অপেক্ষাকৃত কোমল হইযা উহা হইতে আঠাব ন্যায় পূয়ঃ নির্গত হইতে থাকে। অবশেষে বিগলিত অবস্থা প্রাপ্ত হইয়া উহাব যন্ত্রণা অত্যন্ত বৃদ্ধি হয। সঙ্গে সঙ্গে লিম্ফাটিক গ্রন্থি-গুলিব বিবৃদ্ধি দেখা যায়। দেহ ক্রমশঃ শীর্ণ হইতে থাকে, মুখ মণ্ডল বিবর্ণ হয় এবং সমস্ত শবীব কর্কট বোগেব আকাব প্রাপ্ত হয়। অর্ব্বুদের উপব যে ক্ষত দৃষ্ট হয তাহা খুব শক্ত এবং ধাব গুলি কঠিন ও অসমান। ক্ষতেব মধ্যেব গ্র্যানুলেশন বা মাংসাঙ্কুব উচ্চ উচ্চ হয় এবং উহা হইতে সামান্য কারণবশতঃ বক্তস্রাব হইতে দেখা যায়। ক্ষত প্রাযই বিগলিতাবস্থা প্রাপ্ত হয়।

(১) হার্ড বা কঠিন স্কিবাস কর্কটবোগ সচবাচব স্ত্রীলোকদিগের স্তনে দেখা যায়। ইহা ব্যতীত পাকাশয, জরায়ু, জিহ্বা, ইস্‌ফেগস্ বা অন্ননলী, যকৃত ও অন্যান্য গ্রন্থি যথা প্রষ্টেট, অণ্ড-কোষ, ত্বক এবং অন্যান্য গঠন বা বিধান সমূহে উৎপন্ন হয়।

(২) এন্‌কেফেলয়েড্ ক্যান্‌সার সচরাচর লাল নিঃসারক গ্রন্থিতে, স্তনে, অণ্ডকোষে, ওভেরিতে এবং প্রষ্টেট গ্রন্থি ইত্যাদিতে হইতে দেখা যায়। ইহা প্রথম হইতেই প্রায় কোমল ও স্থিতিস্থাপক এবং অঙ্গুলি সঞ্চাপন দ্বারা ইহার অভ্যন্তরে কোন তরল পদার্থের ন্যায় অনুভূত হয়। অর্ব্বুদটি হস্তদ্বারা পরীক্ষায় লোবিউলেটেড্ বা নানা ভাগ বিশিষ্ট বলিয়া বোধ হয়। উপরিস্থিত ত্বক্, পৃথক, বিবর্ণ, স্ফীত ও শিরাজাল বেষ্টিত দেখা যায়। কোন কোন স্থলে প্রথমাবস্থাতেই অর্ব্বুদের আবরণ ত্বকে প্রাদাহিক শোথ উপস্থিত হয়। যতই অর্ব্বুদটি বর্দ্ধিত হইতে থাকে ততই উপরিস্থ ত্বক উহার সহিত সংশ্লিষ্ট হইয়া যায় এবং পরে ত্বকের এক স্থানে ক্ষত দৃষ্ট হয়। অর্ব্বুদ, ফ্যাসিয়া এবং ত্বক অতিক্রম করিয়া অতি শীঘ্র শীঘ্র বর্দ্ধিত হইতে থাকে। এই সময়ে সার্ব্বাঙ্গিক শীর্ণতা উপস্থিত হয়। দৈহিক লক্ষণ প্রায় স্কিরাস্ ক্যান্সারের মত হয় এবং সঙ্গে সঙ্গে লিম্ফাটিক গ্রন্থিগুলির বিবৃদ্ধি দেখিতে পাওয়া যায়।

(৩) লোবিউলার এপিথিলিওমা সচরাচর মুখাভ্যন্তরে, জিহ্বায়, গুহ্যদ্বারে, লিঙ্গে, স্ত্রীযোনিতে, স্ক্রোটাম বা পোতায় ও ইসোফেগাসের উপরি ভাগে হইতে দেখা যায়। প্রথমতঃ সামান্য একটি ফুস্‌কুড়ির মত হইয়া পরে উহা বিদীর্ণ হইয়া যায় এবং উহা হইতে একটি ক্ষুদ্র ক্ষত উৎপন্ন হয়। ক্ষতের মধ্যভাগ কঠিন, উচু নিচু এবং প্রদাহযুক্ত ও ধারগুলি অসমান হয় এবং নিম্নে ক্রমশঃ ক্ষয় হইতে থাকে। অবশেষে ক্ষত হইতে দুর্গন্ধযুক্ত পূয়ঃ নিঃসৃত হইতে থাকে এবং সামান্য কারণে রক্তস্রাব হয়। সঙ্গে সঙ্গে অত্যন্ত বেদনা উপস্থিত হয় এবং সন্নিকটস্থ লিম্ফ্যাটিক গ্রন্থিগুলি বর্দ্ধিত দেখা যায়।

(৪) সিলেণ্ড্রিক্যাল এপিথিলিয়্যাল ক্যান্সার, প্রায়ই এলি-

মেণ্টেবী কেনালের শ্লৈষ্মিক ঝিল্লিতে উৎপন্ন হয়। কিন্তু ইহা ব্যতিরেকে মূত্রাশযে ও অন্যান্য স্থানে দেখা গিয়া থাকে। ইহা প্রথমে সামান্য অর্ব্বুদেব ন্যায দৃষ্ট হইযা ক্রমে চতুস্পার্শস্থ বিধান সমূহকে আক্রমণ কবে। বর্দ্ধিতাবস্থাতে অন্যান্য ক্যান্সাবেব ন্যায ক্ষত দেখা যায। কখন কখন এই অর্ব্বুদ অতি বৃহৎ দৃষ্ট হয়, এমন কি উদবাভ্যন্তবে হইলে উদব প্রাচীবেব ত্বকের নিম্নে স্পষ্ট অনুভূত হয ও ক্রমে অন্ত্রাববোধ হইয়া বোগী মৃত্যুমুখে পতিত হইতে দেখা যায।

(৫) কোলযেড্ ক্যানসাব উদব গহ্ববেব আভ্যন্তবিক যন্ত্রে ও অন্ত্রাববণে সচবাচব দৃষ্ট হয কিন্তু এতদ্ব্যতীত কখন কখন বক্ষে উৎপন্ন হইতে দেখা যায। ইহা অতি অল্প সমযেব মধ্যে বৃদ্ধি হইযা প্রকাণ্ড অর্ব্বুদে পবিণত হয়। আভ্যন্তবিক কোন যন্ত্রে উৎপন্ন হইলে সেই যন্ত্রেব ক্রিযাব বৈলক্ষণ্য প্রথম হইতেই লক্ষিত হয।

চিকিৎসা বিষযক টীকা।

এই বোগে বোগীর দৈহিক অবস্থাব প্রতি দৃষ্টি বাখা উচিত। কিন্তু দৈহিক চিকিৎসায অর্ব্বুদেব হ্রাস হইবাব সম্ভাবনা নাই। ইহার সূচনা লক্ষিত হইবামাত্রই অস্ত্র দ্বাবা বিদূবিত করাই সর্ব্বতোভাবে বিধেয়। কাবণ প্রথমাবস্থায় বিদূরিত না করিলে শেষে চিকিৎসককে আক্ষেপ কবিতে হয়। ঔষধাদি প্রযোগ দ্বারা বেদনা ইত্যাদি লাঘব হয বটে কিন্তু মূল রোগের কিছুই উপকার হয় না। তবে আভ্যন্তবিক যন্ত্রে ক্যান্সাব হইলে বা বাহিরের ক্যান্সার অস্ত্রদ্বারা উৎপাটন করাব পর যদি পুনরায় আভ্যন্তরিক যন্ত্রে ইহার উদ্গম হইতে দেখা যায় তাহা হইলে উপশমকারক চিকিৎসা করাই কর্ত্তব্য।

ঔষধ বিষয়ক টীকা।

এসিড এসিটিক ডিল—অনেক সময় ত্বকনিম্নে ইহার পিচকারী প্রয়োগে উপকাব দর্শে। ডাঃ ই, কবি বলেন যে তিনি এসিটেট অব লাইম এবং সোডা দিবসে ২ ড্রাম মাত্রায় ব্যবস্থা করিয়া বিশেষ ফল পাইয়াছেন।

এল্কোহল—ডাঃ হ্যাসি ১০০ ভাগ এলকোহল সহ এক ভাগ ইথার ত্বকনিম্নে পিচকারী প্রয়োগ কবিতে ব্যবস্থা দেন।

এমন কার্ব্ব এবং এমন ক্লোবাইড—সুপ্রসিদ্ধ চিকিৎসক সার এস্‌লি কুপাব ক্যানসাবে এই দুইটি ঔষধ সেবন করিতে দিতেন।

আর্সেনিকাম—উভয় বাহ্যিক এবং আভ্যন্তবিক প্রয়োগেব নিমিত্ত ব্যবহার হইযা থাকে।

ব্রোমিনাম্—ডাঃ উইলিয়ামস্ জবায়ুব ক্যান্সাবে ব্যবহাব কবিয়া থাকেন। ডাঃ ল্যাণ্ডল্ফি ক্লোবাইড অব্ ব্রোমিনকে ক্যান্সারেব একটি মূল্যবান ঔষধ মনে কবেন।

কার্ব্বলিক এসিড—কষ্টিক প্রযোগের পূর্ব্বে ক্যান্সারের উপর স্পর্শহাবকরূপে লাগান হইয়া থাকে।

কার্ব্বনিক এসিড—জবায়ুব ক্যান্সাবেব বেদনা নিবারণ জন্য পিচকারী দ্বাবা প্রযোগ কবা হইযা থাকে।

ক্লোরাল—জবায়ুব ক্যান্সাবে ইহাব স্থানিক প্রয়োগে বেদনা নিবাবিত হয়। ডাঃ ফ্রিসার প্রথমে ভেজাইনা উত্তমরূপে ধৌত কবিয়া পবে ৩ ঔন্স জলে ২ ড্রাম ক্লোবাল দ্রব প্রস্তুত করিয়া তূলা দ্বারা প্রয়োগ করিতে বলেন।

ক্রোমিক এসিড—ত্বকনিম্নে ইহার পিচকারী ব্যবহাব হয়। ২৭নং ব্যবস্থা পত্র দেখুন।

সাইট্রিক এসিড—ক্যান্সারের বেদনার উপশম জন্য ব্যবহৃত হয়। ২৩নং ব্যবস্থা পত্র দেখুন।

কন্ডুর‍্যাঙ্গো—আমেরিকাব চিকিৎসকগণ গ্যাষ্ট্রিক ক্যান্সারে ইহাকে একটি মূল্যবান ঔষধ বলিয়া মনে কবেন। ইহা দ্বারা রোগ আবোগ্য না হইলেও গ্যাষ্ট্রিক ক্যানসারের বমন, অগ্নিমান্দ্য এবং বেদনা অনেক পরিমাণে উপশমিত হয়। ৭নং ব্যবস্থা পত্র দেখুন।

ক্রিয়েজোট—ডাঃ ফব্ন্ ইহাব বাহ্যিক প্রয়োগে উত্তম ফল পাইয়াছেন।

ফিরাম—লৌহের নানা প্রযোগরূপ ব্যবহৃত হইয়া থাকে বটে কিন্তু সাল্ফেট অব্ আযরন সলুশনেব বাহ্যিক প্রযোগ সর্ব্বাপেক্ষা ভাল। ডাঃ কার্মিক্যাল ইহা ব্যবহাবে সন্তোষজনক ফল পাইযাছেন।

হাইড্রাষ্টিস্ ক্যানাডেন্সিস্—ডাঃ এডোয়ার্ড ইহার আভ্যন্তরিক প্রযোগের যথেষ্ট প্রশংসা করেন।

আইডফরম—ইহাব স্থানিক প্রযোগে বেদনা উপশমিত হয়।

ফাইটলেকা ডিকণ্ড্রা—অনেকে ক্যান্সারে ইহার যথেষ্ট প্রশংসা করিয়া থাকেন।

প্লম্বাই নাইট্রাস—এপিথিলিযাল ক্যান্সারে ইহা অতি উত্তম ঔষধ।

পটাশি ফিউজা—বোডে'ট, এপিথিলিযাল এবং অন্যান্য ক্যান্সারে অন্যান্য কষ্টিক ঔষধ অপেক্ষা ইহার বাহ্যিক প্রয়োগ ফলপ্রদ।

পটাশি ব্রোমাইড—ফ্রান্সের মিঃ পিরো ইহার স্থানিক প্রয়োগ ব্যবস্থা করেন।

পটাশি ক্লোরাস—এপিথিলিয়াল ক্যান্সারে ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

সোডি বাইকার্ব্ব—জার্ম্মানীর প্রঃ বুস্ এপিথিলিয়াল ক্যান্সারে ইহার স্থানিক প্রয়োগে বিশেষ ফল পাইয়াছেন।

ট্যানিক এসিড—ডাঃ সোয়াল্বি বলেন যে ইহা দ্বারা ক্যানসারের কোষ ধ্বংশ করিতে পারা যায় সুতরাং ইহার স্থানিক প্রয়োগ বিশেষ প্রয়োজনীয়।

টেরিবিনা চায়না—বার্মিংহামের ডাঃ ক্লে, জরায়ুর ক্যান্সারে দুই গ্রেণ সাল্ফার সহ ৩ গ্রেণ মাত্রায় এই ঔষধ ব্যবহারে উপকার পাইয়াছেন।

থুজা অক্সিডেণ্টালিস—ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগ ফলপ্রদ।

জিঙ্কাই ক্লোরাইড—ক্যান্সারে ক্ষয়কারী প্রয়োগরূপে ব্যবহৃত হয়।

জিঙ্কাই সাল্ফাস্—ইহাও ক্ষয়কারীরূপে ব্যবহৃত হয়।

ব্যবস্থা পত্র।

১।	সক্কাস কোনিয়াই	...	½—১ ড্রাম।
	একোয়া ক্লোরফরম	...	½—১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (প্রঃ ষ্টর্ক ভায়েনা)

২।	লাইকর পটাশি	...	.. ১ ড্রাম।
	একোয়া	...	... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (সার বেঞ্জমিন ব্রোডি)

৩।	সোডি বাইকার্ব্ব	...	২০—৩০ গ্রেণ।
	এমন কার্ব্ব	...	... ৫ গ্রেণ।

টিং কলম্বা ... ½—১ ড্রাম।
ইন্‌ফিউশন্ জেন্‌শিয়ান কোং ১—১½ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। জরায়ুর ক্যান্‌সারে বিশেষ উপকারী। (সার এসলি কুপার)

৪। কার্ব্বন বাই সাল্‌ফাইড্ ... ২—৪ মিনিম।
ওলিয়াম এমিগ্‌ডেলি ডাল্‌সিস্ ... ২ ড্রাম।
মিউসিলেজ ... ... ২ ড্রাম।

একমাত্রা, পাকস্থলীর ক্যান্‌সারে প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ জেমস্, টি, হোয়াইটেকার)

৫। পাল্‌ভ ওপিয়াই ... .. ১ ড্রাম।
একষ্ট্রাক্ট কোনিয়াই ... ... ২ ড্রাম।
পাল্‌ভ একেশিয়া .. যথা প্রয়োজন।

৪০ বটীকা, ১।২ বটীকা মাত্রায় বেদনা নিবারণের জন্য সন্ধ্যাকালে সেব্য। (লণ্ডন হাঁসপাতাল)

৬। ফাইটলেকা রেডিসিস্ ... ... ২ ঔন্স।
এল্‌কোহল ... ... ১ পাইণ্ট।

১৪ দিন ভিজাইয়া, ফিল্‌টার করণান্তর ১৫ মিনিম—১।২ ড্রাম মাত্রায় আহারান্তে সেব্য। (ডাঃ ও ক্রুক)

৭। কনডুর‍্যাঙ্গো বার্ক ... ... ½ ঔন্স।
জল ... ... ১২ ঔন্স।

১২ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া পরে উহা উত্তপ্ত করিবে এবং জল শুষ্ক হইয়া ছয় ঔন্স হইলেই নামাইয়া লইবে। মাত্রা ½ ঔন্স, দিবসে তিন অথবা চারিবার। (প্রঃ রুল, বন্)

৮।	পাল্ভ সিলিকা	... ...	৩ গ্রেণ।
	মর্ফিয়া সাল্ফ	... ...	১ গ্রেণ।

৩ পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য। (মিঃ এফ্, ব্যাটি)

৯।	বেনজিন্	...	১০—১৫ মিনিম।
	মিউসিলেজ	... ...	১ ড্রাম।

একমাত্রা, পাকস্থলীর ক্যানসারে প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

(প্রঃ উইলিয়াম এবৃষ্টিন্, গটিঞ্জেন)

১০।	এসিড কার্ব্বলিক	... ...	৬ গ্রেণ।
	গ্লিসারিন	... ...	½ ঔন্স।
	টিং ক্যাম্ফর কোং	... ...	১½ ঔন্স।
	একোয়া	... ...	২ ঔন্স।

পাকস্থলীর ক্যান্সারে ১ ড্রাম মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ নেথাম, এস্, ডেভিস, চিকাগো)

স্থানিক বাহ্যিক প্রয়োগ।

১১।	প্লম্বাই আইওডাইড	... ...	২ ড্রাম।
	পাল্ভ ওপিয়াই	... ...	২ ড্রাম।
	ফেরি সাল্ফ একসিকেটা	...	½ ড্রাম।
	গ্লিসারিন	... ...	যথা প্রয়োজন।

(ডাঃ সি, এইচ, মুর, মিডল্‌সেক্স হাঁসপাতাল, লণ্ডন)

১২।	আর্সেনিয়াস এসিড	... ...	২ ড্রাম।
	মিউসিলেজ গাম একেশিয়া	..	১ ড্রাম।

গাঢ় করিয়া এক ইঞ্চ বর্গ পরিমাণ ক্যান্সারের, উপর প্রলেপ দিয়া তদুপরি এক টুকরা শুষ্ক লিণ্ট প্রয়োগ করিবে এক ঘণ্টার মধ্যে লিণ্ট শুষ্ক হইয়া উহার সহিত লাগিয়া যাইবে।

(ঐ)

১৩। ষ্ট্যামনিয়াম পত্র (টাট্‌কা) ... ২ পাউণ্ড।
লার্ড ... ... ১ পাউণ্ড।

অল্প উত্তাপে মিশ্রিত করিয়া আলোড়ন করিতে হইবে। তৎপরে কটন উলে লাগাইয়া আক্রান্ত স্থানে প্রয়োগ করিতে হইবে। (ডাঃ সি, এইচ, মুর, মিডলসেক্স হাঁসপাতাল লণ্ডন)

১৪। জিন্সাই ক্লোরাইড .. ... ১ ড্রাম।
অরাই ক্লোরাইড্ ... ... ১ ড্রাম।
এণ্টিমোনিযাই ক্লোরাইড ... ১ ড্রাম।
ব্রোমিনাই ক্লোরাইড ... ... ১ ড্রাম।
ষ্টার্চ একোয়া ... যথা প্রয়োজন।

ক্ষতস্থানেব উপব প্রয়োগ কবিতে হইবে।

(ডাঃ ল্যান্‌ডল্‌ফি)

১৫। জিন্সাই ক্লোরাইড ... ... ১ ভাগ।
ষ্টার্চ ... ... ৩ ভাগ।
একোয়া .. যথা প্রয়োজন।

স্থানিক প্রযোগেব জন্য। (মোঃ মেসোনেভ প্যারিস)

১৬। জিন্সাই ক্লোরাইড ... ... ২ ঔন্স।
একোয়া ... যে পবিমাণ লাগে।

একটি গ্লাস ষ্টপাব ওযালা শিশিতে রাখিয়া গ্লাস শলাকা দ্বারা প্রয়োগ করিতে হইবে। (ডাঃ স্ন্যাফ)

১৭। জিন্সাই ক্লোরাইড ... ... ১ ঔন্স।
পাল্‌ভ স্যাঙ্গুইনেরিয়া রেড়িসিস্ ... ১ ঔন্স।
এমিলাই ... যথা প্রয়োজন।

কোমল চাঁমড়ায় লাগাইয়া প্রয়োগ করিবে। (ঐ)

১৮। জিঙ্কাই ক্লোরাইড ... ... ৩ ড্রাম।
এণ্টিমনি ক্লোবাইড ... ... ২ ড্রাম।
এমিলাই ... ... ৮০ গ্রেণ।
পাল্‌ভ ওপিযাই ... ... ১ ড্রাম।
গ্লিসাবিন ... যথা প্রয়োজন।
প্রয়োগ করিতে হইবে। (লণ্ডন হাঁসপাতাল)।

১৯। একষ্ট্রাক্ট বেলাডনা ... .. ½ ঔন্স।
এসিড হাইড্রসাযেনিক্ ডিল ১—২ ড্রাম।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
পরিশ্রুত জল .. ... ১ পাইন্ট।

এক ঔন্স পবিমাণ এই লোসন লইয়া ১—৩ ঔন্স পবিশ্রুত জল সহ মিশ্রিত করিবে অতঃপব ইহাতে গদির মতন করিয়া বস্ত্র ভিজাইযা প্রয়োগ কবিবে।

(লণ্ডন হাঁসপাতাল)

লোশন (ধৌত)।

২০। টিং গ্যালি .. ... ২ ঔন্স।
— মব্ .. ... ১ ঔন্স।
— ওপিয়াই ... ... ৫ ড্রাম।
ক্রিযেজোট ... ... ১ ড্রাম।
এসিড এসিটিক ... ... ২ ড্রাম।
(ডাঃ জন ক্রিসেল)।

২১। টিং হাইড্রাষ্টিস ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।
লোশন, ধৌত করিতে হইবে। (ডাঃ এডুইন্ পেন্)

২২। প্লম্বাই নাইট্রেটিস ... ... ২ ড্রাম।
একোয়া রোজ ... ... ৪ ঔন্স।

প্রত্যহ ৩।৪ বার লাগাইতে হইবে। এপিথিলিওমাতে বিশেষ উপকারী। (ডাঃ ন্যাফি)।

২৩। সাইট্রিক এসিড ... ১—২ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।

লোশন, ধৌত করিবার জন্য। ইহা প্রয়োগে ক্যান্সারের বেদনা শীঘ্র নিবারণ হয়। (ডাঃ ন্যাফি)।

হাইপডার্মিক ইন্জেক্শন্স (ত্বক নিম্নে পিচকারী প্রয়োগ)।

২৪। এসিড এসিটিক ডিল .. ½—১ ড্রাম।

ত্বক নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে। (ঐ)

২৫। এল্কোহল্ ... ... ১০০ ভাগ।
ইথার ... ... ১ ভাগ।

ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে। (ঐ)

২৬। ব্রোমিনাই ... ... ১২ মিনিম।
এলকোহল .. ... ১ ড্রাম।

৪—১০ মিনিম মাত্রায় ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে। (ঐ)

২৭। এসিড ব্রোমিক ... ... ১০০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

১ ড্রাম মাত্রায় ক্যান্সারের ত্বক মধ্যে পিচকারী দিতে হইবে। (ঐ)

২৮। এসিড কার্ব্বলিক লিকুইড ... ১ ড্রাম।
সোডি সাল্‌ফেট্‌স্‌ ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ১০ ঔন্স।
এটমাইজাব দ্বারা প্রয়োগ কবিতে হইবে। (ঐ)

Caries, (কেরিজ)।

কোমল গঠনেব ক্ষতের ন্যায অস্থিব পুবাতন প্রদাহ জনিত ক্ষতকে কেবিজ কহে। ইহা দুই প্রকাব যথা—সিম্পল বা সহজ এবং ফাঙ্গেটিং বা সাব্‌ আর্টিকিউলার।

লক্ষণ—কেবিজে প্রথমে অস্থি বক্তবর্ণ ও কোমল হয; পরে প্রদাহ বর্দ্ধিত হইয়া অস্থিতে স্ফোটক উৎপন্ন হয ও ঐ স্ফোটক স্বতই বিদীর্ণ হইযা গিযা উহাদ্বাবা অস্থির ক্ষত আরম্ভ হয় এবং ক্রমে অস্থিব ধ্বংশ হইতে থাকে। এই সঙ্গে ঐ সকল স্থানের উপবিস্থ ত্বকে নালী ঘা দেখিতে পাওযা যায। উক্ত নালী ঘা মধ্যে প্রোব প্রবেশ কবাইযা পবীক্ষা করিলে অস্থি কোমল ও খর খবে বোধ হয় এবং উহাব চতুস্পার্শ্বস্থ পেবিয়ষ্টিয়াম্‌ উচ্চ, কঠিন এবং উহাতে নূতন আস্থিক বিধানের সঞ্চয় হইয়াছে বলিয়া বোধ হয।

চিকিৎসা বিষয়ক টীকা।

কেবল স্থানিক চিকিৎসা কবিলে এ বোগ আবোগ্য হয়না। ইহার সঙ্গে সঙ্গে দৈহিক চিকিৎসাও আবশ্যক। আক্রান্ত স্থান কর্ত্তন বা বিদূবিত করিলেই যে বোগ একেবারে নিঃশেষ হইয়া আরোগ্য হইবে তাহা নহে। ইহাব সঙ্গে বিশুদ্ধ বায়ু, উত্তম পুষ্টিকর পথ্য এবং বলকারক ঔষধ সেবন অতীব প্রয়োজনীয়।

উপদংশ বর্ত্তমান থাকিলে তাহার প্রতিষেধক চিকিৎসা করিতে হইবে। গণ্ডমালা হেতু রোগ হইলে গণ্ডমালার আভ্যন্তরিক চিকিৎসা করা নিতান্ত কর্ত্তব্য।

স্থানিক চিকিৎসা—প্রথমতঃ নালী ঘাগুলি কর্ত্তন করিবে। কেহ কেহ পীড়িত অস্থিতে সাল্‌ফিউরিক এসিড এবং জল একত্র মিশ্রিত করিয়া লিণ্টে ভিজাইয়া প্রযোগ করিতে বলেন। আমেরিকার ডাঃ এণ্ড্রুস ১ ঔন্স জলে ১০ গ্রেণ কার্ব্বলিক এসিড দ্রব পিচকারী দ্বারা প্রযোগ করিয়া বিশেষ ফল পাইয়াছেন। এইরূপ স্থানিক চিকিৎসায় কোন উপকার না পাইলে পীড়িত অস্থি গাউজ দ্বারা চাঁছিয়া লইবে অথবা করাত দ্বারা কর্ত্তন করিয়া ফেলিবে।

ব্যবস্থা পত্র।

১।	এসিড সাল্‌ফ এরোমেটিক্	...	১ ড্রাম।
	পরিশ্রুত জল	... ...	১ ঔন্স।

আক্রান্ত স্থানে পিচকারী করিতে হইবে।

(ডাঃ ইফ্রাম্ কটার)।

ডাঃ ভিলেটির দ্রব।

২।	লাইকর প্লম্বাই সাব্‌এসিটেটিস্	...	৪ ঔন্স।
	জিন্সাই সাল্‌ফাস	...	২ ঔন্স।
	কুপ্রাই সাল্‌ফাস	... ...	২ ঔন্স।
	ওয়াইন ভিনিগার	.. ...	২৪ ঔন্স।

ইহার ১ ভাগে ১০ ভাগ জল মিশ্রিত করিয়া আক্রান্ত স্থানে স্পঞ্জ এবং ব্যাণ্ডেজ দ্বারা প্রত্যহ ২।১ বার লাগাইতে হইবে।

Chancer Soft, শ্যাঙ্কার সফ্‌ট্‌।

কোমল শ্যাঙ্কার।

যে সকল স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয়ে বা লিঙ্গে কোমল শ্যাঙ্কার বা উপদংশ বর্ত্তমান থাকে তাহাদিগের সহিত সঙ্গমে অন্য স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয়ে বা লিঙ্গে যে ক্ষত উৎপন্ন হয় তাহাকে শ্যাঙ্কার কহে। ইহা একটি স্পর্শাক্রমক এবং বিশেষ বিষাত্মক গুনযুক্ত ক্ষত। এইরূপ ক্ষত যুক্ত স্ত্রীলোকের সহিত কোন পুরুষ সঙ্গম করিলেই সেই পুরুষের লিঙ্গে এই ক্ষত হইতে পারে। এবং এইরূপ ক্ষত যুক্ত পুরুষের সহিত কোন স্ত্রীলোক সঙ্গম করিলেও সেই স্ত্রীলোকের জননেন্দ্রিয়ে উক্ত রূপ ক্ষত হইতে পারে। যদি স্ত্রীজননেন্দ্রিয়ের বা লিঙ্গের ত্বক কোনরূপ ছিন্ন না থাকে অর্থাৎ অক্ষুণ্ণ থাকে তাহা হইলে ঐরূপ ক্ষতের পূয়ঃ সংশ্রবেও এ রোগ জন্মে না। এরূপ প্রায় দৃষ্ট হয় যে একজন শ্যাঙ্কার রোগ-গ্রস্থা বেশ্যার সহিত ৫ জন পুরুষ সঙ্গম করিয়াছে কিন্তু তাহাদের মধ্যে হয়ত একজনের উপদংশ হইয়াছে।

কোমল শ্যাঙ্কার রোগগ্রস্থা স্ত্রীর সহিত সঙ্গমের ২৪ ঘণ্টার মধ্যেই লিঙ্গের উপরের কোন স্থান ঈষৎ রক্তবর্ণ হইয়া উঠে। দ্বিতীয় দিবসে উহা বিস্তৃত হইতে দেখা যায় এবং তৃতীয় দিবসে সেই স্থানে একটি ফুসকুড়ি হয়। প্রায় পঞ্চম দিবসে উহা স্বতই গলিয়া একটি চক্রাকার ক্ষত দৃষ্ট হয়। ক্ষতের চতুস্পার্শ্ব লাল রেখাযুক্ত হয় এবং ক্ষত হইতে ঈষৎ হরিদ্রাভ ঘোলাটে রংয়ের পূয়ঃ নির্গত হইতে থাকে। ইহা প্রায়ই গ্লান্স পিনিসের ঊর্দ্ধভাগে অথবা প্রেপিউস বা লিঙ্গত্বকে কিম্বা ফ্রিনাম অর্থাৎ নিম্নস্থ শেলাইয়ের নিকট উদ্ভূত হইতে দেখা যায়।

উপসর্গ—প্রদাহ, মুদা বা ফাইমোসিস, উল্টমুদা বা প্যারাফাই-মোসিস এবং ফ্যাজিডেনিক বা ক্ষয়কারী শ্যাঙ্কার।

চিকিৎসা বিষয়ক টীকা।

স্থানিক ঔষধ প্রয়োগ দ্বারা চিকিৎসাই আরোগ্যের প্রধান উপায়। ইহা ব্যতীত দৈহিক সাধারণ চিকিৎসা ও বলকারক ঔষধ সেবন বিশেষ প্রয়োজনীয়। রোগীকে মদ্যপান ও স্ত্রী সহবাস করিতে নিষেধ করিবে। অতি অল্পদিনের শ্যাঙ্কারে কষ্টিক লোশন প্রয়োগ করিলে শীঘ্র আরোগ্য হইতে পারে। কিন্তু যদি শ্যাঙ্কার বিস্তৃত হয় তাহা হইলে প্রথমে কষ্টিক প্রয়োগ না করিয়া অন্যান্য মৃদু উপায় অবলম্বন করাই কর্ত্তব্য। কেহ কেহ ষ্ট্রং নাইট্রিক এসিড বা কয়লার গুঁড়া এবং ষ্ট্রং সাল্‌ফিউরিক এসিড একত্রে মিশ্রিত করিয়া প্রয়োগ করিতে বলেন। কিন্তু এই সমস্ত ঔষধ প্রয়োগ অত্যন্ত যন্ত্রণাদায়ক। আইডফরম, কুইল বা তুলি দ্বারা প্রয়োগই সর্ব্বাপেক্ষা ফলপ্রদ। ক্ষতের উপরে আইডফরম ছড়াইয়া দিয়া তদুপরি এক টুকরা লিণ্ট বা তুলা দিয়া অবশেষে ব্যাণ্ডেজ বা প্ল্যাষ্টার (ষ্টিকিং বা অন্য কোন প্ল্যাষ্টার) দিয়া বান্ধিয়া রাখাই ভাল। আইডফরমের গুঁড়ার পরিবর্ত্তে আইডফরম. ভেসিলিন বা গ্লিসারিন সহ মলম প্রস্তুত করিয়া অথবা ইথারে দ্রব করিয়া প্রয়োগ করা যাইতে পারে। যদ্যপি আইডফরম ব্যবহার না করা হয় তাহা হইলে বোরেসিক এসিড বা স্যালল বা কার্ব্বলিক এসিড, জিঙ্কাই সাল্‌ফ কিম্বা লেড্ লোশন প্রয়োগেও উপকার দর্শে।

যে কোন ড্রেসিং দেওয়া হউক না কেন উহা সদা সর্ব্বদা পরিবর্ত্তন করা উচিত। মূত্র সংস্পর্শ হইলে তখনই নূতন ড্রেসিং দেওয়া আবশ্যক। ফাইমোসিস বা মুদা সহ শ্যাঙ্কারে কার্ব্বলিক

লোশন (৪০ ভাগ জলে ১ ভাগ), বা বোরেসিক এসিড এবং গ্লিসারিনের পিচকারী অতীব ফলদায়ক। যে ক্ষত বাহিরে থাকিবে তাহার উপর আইডফরম দিয়া এবসর্ব্বেণ্ট কটন অর্থাৎ আচুষনকাবী তুলা দ্বারা ড্রেস করিবে। প্রদাহযুক্ত শ্যাঙ্কারে লেড্ এবং ওপিয়াম লোশন বা অন্যান্য বেদনা নিবারণকারী অথবা সিগ্ধকারক ঔষধ প্রয়োগ কবিবে

ফাইমোসিস বা মুদা হইলে যদি পিচকারী দ্বারা অভ্যন্তর ভাগ বিশেষরূপে ধৌত কবিতে না পারা যায় তাহা হইলে ডাইরেক্টর প্রবেশ করাইযা বিষ্টোবী দ্বারা লিঙ্গ ত্বক কর্ত্তন করিয়া দিবে। এবং তৎপরে ভিতবের শ্যাঙ্কাব ড্রেস করিবে। প্যারাফাইমোসিস বা উল্টামুদা হইলে তাহা হস্তদ্বাবা রিডিউস্ করিতে চেষ্টা করিবে কিন্তু যদি ঐ মুদা কশা হয় এবং উহা দ্বাবা অন্যান্য গঠনের অবরুদ্ধতা জন্মে (Strangulation) তাহা হইলে উহা ডাইরেক্টব ও বিষ্টোবা অথবা স্ক্যালপেল দ্বাবা কর্ত্তন করিয়া দিবে।

ফ্যাজিডেনিক বা ক্ষয়কাবী শ্যাঙ্কাব—এই উপসর্গ বিশিষ্ট রোগীকে সম্পূর্ণ বিশ্রামে রাখিবে এবং বেদনা নিবারক ঔষধ, লাবনিক বিরেচক এবং পুষ্টিকারক খাদ্য ব্যবস্থা করিবে। দুর্ব্বলতা লক্ষিত হইলে কুইনাইন, বার্ক বা লৌহঘটিত বলকারক ঔষব বিশেষ উপকারী। বেদনা নিবারণার্থ ওপিয়মই উত্তম ঔষব। সংপ্রতি লণ্ডনেব লকহাঁসপাতালে এই উপসর্গক্রান্ত পুরুষদিগকে প্রথমাবস্থায় পীড়িত স্থান ঈষদুষ্ণ জলে (৯৮০ ডিগ্রি উত্তাপ বিশিষ্ট। ডুবাইয়া রাখাতে সন্তোষজনক ফল দৃষ্ট হইয়াছে ইহা অতি অনায়াস সাধ্য। রোগীকে একটি গরম জলের টবে বসাইয়া জল ঠাণ্ডা হইতে না পারে তজ্জন্য মধ্যে মধ্যে উষ্ণ জল টবে ঢালিয়া দিবে ও সেই ঘরের দরজা ও জানালা ইত্যাদি

বন্ধ করিয়া দিবে। রোগীর যে অংশ জলমগ্ন থাকিবেনা (অর্থাৎ বক্ষদেশ ইত্যাদি) উহা কদাচ অনাবৃত রাখিবে না। এইরূপ ৮।৯ ঘণ্টা টবে বসাইয়া রাখিয়া পরে ক্ষত স্থান আইডফরম দ্বারা ড্রেস করিবে। গরম জলে বসাইয়া পরে আইডফরম প্রয়োগে কোন উপকার না হইলে টার্টারেট অব আয়রণ ১০—৬০ গ্রেণ এক ঔন্স জলে ওপিয়াম সহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে অথবা তৎপরিবর্ত্তে পারম্যান্গেনেট্ অব্ পটাশ লোশন বা কণ্ডিজ লোশনের স্থানিক প্রয়োগ করিবে। উপরোক্ত নিয়মে ক্ষত আরোগ্য না হইলে কষ্টিক দ্বারা পোড়াইয়া দিবে। অন্যান্য কষ্টিকের মধ্যে আর্জেণ্টাই নাইট্রাস, ও ক্লোরাইড অব্ জিঙ্ক সর্ব্বাপেক্ষা ফল প্রদ।

ফ্যাজিডেনিক শ্যাঙ্কার হইতে অল্প অল্প রক্তস্রাব হইলে লাইকর ফেরি পারসাল্‌ফেটে তুলা ভিজাইয়া প্রয়োগ করিবে। দুরূহ রোগে কটারী প্রয়োগই ব্যবস্থা।

ব্যবস্থা পত্র।

১। আইডফরম ... ½—১ ড্রাম।

শ্যাঙ্কারের উপর ছড়াইয়া দিতে হইবে।

(ডাঃ আর্থার কুপার)।

২। আইডফরম	...	...	১ ড্রাম।
ভেসিলিন	.	..	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩। আইডফরম	...	...	১ ড্রাম।
গ্লিসারিন	...	...	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৪। বোরেসিক এসিড পাউডার শ্যাঙ্কারের উপর ছড়াইয়া দিতে হইবে। (ঐ)

৫। স্যালল ... ১০—৩০ গ্রেণ।

ক্ষতে ছড়াইয়া দিতে হইবে। (ঐ)

৬। জিঙ্কাই সাল্‌ফ ... ২—৪ গ্রেণ।
কার্ব্বলিক এসিড লিকুইড ১৫ মিনিম।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।

স্থানিক প্রযোগ কবিতে হইবে। (ঐ)

৭। বোবাসিক এসিড ... ৪—১০ গ্রেণ।
গ্লিসাবিন ... ... ১ ঔন্স।

মুদা সহ শ্যাঙ্কাবে পিচকাবী দিতে হইবে। (ঐ)

৮। লাইকব প্লম্বাই সাব্ এসিটেটিস .. ১ ড্রাম।
টিং ওপিযাই ... .. ৪৫ মিনিম।
একোযা ... সমষ্টি ১ ঔন্স।

প্রাদাহিক শ্যাঙ্কাবে স্থানিক প্রয়োগ কবিতে হইবে। (ঐ)

৯। লোশিও হাইড্রার্জিবাই নাইগ্রা ... ১ ঔন্স।

স্থানিক প্রযোগ কবিতে হইবে। (ঐ)

১০। এলুমিনা .. ৪০—৮০ গ্রেণ।
রোজ ওযাটাব ... ... ৩ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (প্রঃ এড্‌মণ্ড ল্যাংলিবার্ট প্যারিস)

১১। ওযাটাব ... ... ৬ ড্রাম।
লিমন জুস ... .. ১½ ড্রাম।
টিং ওপিয়াই ... ... ৪৫ মিনিম।
লাইকর প্লম্বাই সাবএসিটেটিস ... ১ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (রমেট এবং মরিয়াল্)

১২। ফেরি এট্‌ পটাশি টার্ট ... ২—৩ ড্রাম।
একষ্ট্রাক্ট ওপিয়াই ... ১৫—৩০ গ্রেণ।
একোয়া ... ... ৩ ঔন্স।
হ্যাজিডেনিক শ্যাঙ্কারে স্থানিক প্রয়োগের জন্য।
(ডাঃ বার্কলি হিল্)।

১৩। এসিড নাইট্রিক ডিল্‌ ... ১ ঔন্স।
একষ্ট্রাক্ট সিঙ্কোনা লিকুইড ... ২ ঔন্স।
জলসহ ৩০—৪৫ মিনিম মাত্রায় দিবসে তিনবার স্থানিক প্রয়োগ করিতে হইবে। (প্রঃ ল্যাংলিবার্ট প্যারিস)

১৪। ক্লোরাইড অফ জিঙ্ক ... ১২—২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ৩ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ বার্কলি হিল্ লণ্ডন)

Calculi Vesical and Renal.

মূত্রাশয়ের এবং মূত্রযন্ত্রের পাথরি।

মূত্রাশয়ে ইউরিন্যারি সেডিমেণ্ট একত্রিভূত হইয়া যে পাথরি প্রস্তুত হয় তাহাকে ভেসাইক্যাল ক্যাল্‌কিউলাই বা মূত্রাশয়িক পাথরি বা ষ্টোন বলে। এইরূপে মূত্রযন্ত্রে যে পাথরি প্রস্তুত হয় তাহাকে রিনাল ক্যালকিউলাই বা মূত্রযন্ত্রসম্বন্ধীয় পাথরি বলে।

মূত্রসম্বন্ধীয় পাথরিগুলি ইউরিক এসিড, ইউরেট্‌স্‌, শিষ্টিন, জ্যান্থিন, অক্‌জিলেট অব লাইম, ক্যাল্‌সিয়াম ফস্ফেটস্‌, ম্যাগ্‌নেসিয়াম ফস্ফেট, এমনিও ম্যাগ্‌নেসিয়াম ফস্ফেট, ও ক্যাল্‌সিয়াম কার্ব্বনেট ইত্যাদি দ্বারা প্রস্তুত হয়।

লক্ষণ—মূত্রাশয় মধ্যে পাথরি হইলে রোগী অসহ্য বেদনা অনুভব করে; সদাসর্ব্বদা মূত্রাশয়ে ভার বোধ হয় এবং কটিদেশে এক প্রকার আকর্ষণবৎ বেদনা অনুভূত হয়, সেই বেদনা কখন উর্দ্ধে, কখন পৃষ্ঠদেশে ও কখন নিম্ন পর্য্যন্ত বিস্তৃত হয়। পাথরি প্রপীড়িত রোগীকে প্রায়ই লিঙ্গের মূলদেশে সদা-সর্ব্বদা চুলকাইতে এবং লিঙ্গ ধরিয়া টানিতে দেখা যায়; বিশেষতঃ শিশুরা লিঙ্গ ধরিয়া মোচড়াইতে ও টানিতে থাকে। প্রস্রাব হইতে হইতে হঠাৎ বন্ধ হইয়া যায় কিন্তু এক পার্শ্বে বা উত্তানভাবে শায়িত অবস্থায় প্রস্রাব করিলে উহা প্রায়ই বন্ধ হয় না। মূত্র ত্যাগের শেষে অত্যন্ত যন্ত্রণা হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

ভেসাইক্যাল ক্যাল্‌কিউলাই—ডাক্তার জর্জ্জ হার্লী বলেন যে ইউরিক এসিড ক্যাল্‌কিউলাইয়ের উৎপত্তি নিবারণ বা রোধ করিতে হইলে চা, কফি এবং বিয়ার পান করিতে নিষেধ করা আবশ্যক। পানীয় জল সম্বন্ধে বিশেষ সতর্ক হওয়া কর্ত্তব্য। ভার জল পান করিতে দেওয়া অনুচিত। উভয় পানীয় এবং পাকের জন্য পরিশ্রুত জল ব্যবহার করিতে পারিলে ভাল হয়। নিতান্ত পক্ষে বৃষ্টির জল পান করা উচিত। স্বাভাবিক ধাতব জল পাথরির পক্ষে বড় ভাল। ধাতব জলের মধ্যে যে সকলে কার্ব্বনেট, সাইটেট এবং এসিটেট অব সোডিয়াম, পটাশিয়াম এবং লিথিয়াম আছে, সেই গুলিই সর্ব্বাপেক্ষা ভাল।

লণ্ডনের সুপ্রসিদ্ধ অস্ত্র চিকিৎসক সার হেনরি টম্‌সন্‌ ইউরিক এসিড্‌ ক্যাল্‌কিউলাসে মূত্রকারক ঔষধ ও ক্ষার সংযুক্ত ধাতব জল বিশেষতঃ ভিচি ওয়াটার দ্বারা চিকিৎসা করা অতীব দোষনীয় মনে করেন। তিনি বলেন এই প্রকার পাথরিতে লাবনিক ধাতব

জল যথা পলনা ফ্রেডারিক্শল্, মিবিযানাবাদ কারল্স্ব্যাড বা ফ্রানেজেনস্বাড্ অতীব ফলদায়ক। এই সকল জল ৩—১০ ঔন্স মাত্রায় সমভাগ উষ্ণ জলসহ প্রাতে আহাবের পূর্ব্বে পান করিতে দেওযা উচিত। সাব হেনবি টমসন্ নিম্নলিখিত পথ্য দিতে নিষেধ কবেন যথা—তৈলময় বা চিনি মিশ্রিত জিনিষ, মাখন, মিষ্ট ফল এবং মদ্য। এদেশীয় বোগীকে ঘৃত, ঘৃতপক্ক জিনিষ, মাখন, মিঠাই, পেযাবা, কুল, আঙ্গুব ইত্যাদি সুমিষ্ট ফল খাইতে নিষেধ কবা উচিত।

আমেবিকাব হাইড্রাঞ্জিযা আববোবেসেন্স নামক গাছেব লিকুইড একষ্ট্রাক্ট ব্যবহাব কবিযা তথাকাব চিকিৎসকেবা অত্যাশ্চর্য্য ফল পাইযাছেন। হল্যাণ্ড প্রদেশে নিম্নলিখিত তৈল ক্যাপ্সুলাকাবে সেবন কবিতে দেওযা হয এবং সেখানে ইহা একটি অতি উত্তম ঔষধ বলিযা বিখ্যাত।

ওলিযাই ক্যাডিনাই	...	৪ ড্রাম।
— টেবিবিন্থিনি	...	৩ ড্রাম।
লোসিও সাল্‌ফিউবিস বা সলফব লোসন		১ ড্রাম।

১২০ ক্যাপ্সুল, প্রত্যহ ৩ ক্যাপ্সুল সেব্য।

প্রায় অন্যান্য সকল ঔষধ অপেক্ষা লিথিযাম সল্ট এবং ক্ষাব সংযুক্ত ধাতব জলই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ।

ঔষধ প্রযোগ দ্বাবা কোন উপকাব না হইলে লিথটমি বা অশ্মচ্ছেদ দ্বারা পাথবি বহির্গত কবিবে অথবা মূত্রনালীব মধ্যে এক প্রকার যন্ত্র (Lithotrite) প্রবেশ কবাইযা তদ্দ্বাবা পাথবি চূর্ণ করতঃ পিচকাবী এবং ক্যাথিটারেব সাহায্যে মূত্রাশয় ধৌত করিয়া চূর্ণীকৃত পাথরি বাহির করিয়া দিবে।

রিন্যাল ক্যাল্‌কিউলাস—মূত্র যন্ত্রে পাথরি হইলে মৎস্য, মাংস এবং অধিক গরম মসলা দিয়া পাক করা খাদ্য খাইতে দিবে না। যাহা সহজে পরিপাক হয় এরূপ খাদ্য ব্যবস্থা করিবে। ঔষধের মধ্যে ক্ষার ঔষধ এবং ক্ষার সংযুক্ত ধাতব জল বিশেষতঃ ভিচি, এমস্‌, কনট্রিভিল ও নিউযেনার ইত্যাদি ধাতব জল সর্ব্বাপেক্ষা ফলদায়ক। কেহ কেহ কেবল ক্ষারসংযুক্ত ঔষধ দ্বারা চিকিৎসা অপেক্ষা লাবনিক মৃদু বিরেচক ও ধাতব জলদ্বারা চিকিৎসা অধিক ফলদায়ক বিবেচনা করেন। সার উইলিযাম ররার্টসের মতে মূত্র-যন্ত্রে ইউরিক এসিডের পাথরি হইযাছে নিশ্চয় জানিতে পারিলে ইউরিক এসিড দ্রবকারক ঔষধ যথা—এসিটেট বা সাইট্রেট অব পটাশ ৪০—৫০ গ্রেণ মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেবন করিতে দেওয়া উচিত। এইরূপ চিকিৎসা ২।৩ মাস চলিবে কিন্তু যদি চিকিৎসার মধ্যে ইউরিন এমোন্যায়াক্যাল (অর্থাৎ যদি মূত্রের বিকৃতাবস্থা) হইতে দেখা যায় তাহা হইলে তৎক্ষণাৎ এরূপ চিকিৎসা বন্ধ করা উচিত। উপরোক্ত ঔষধ দুইটি ভিন্ন ইউরিক এসিড দ্রব করিবার নিমিত্ত লিথিয়া কার্ব্ব, সোডিযাই ফস্ফেট ও টার্টারেট কার্ব্বনেট অব্‌ পটাশিয়াম ও সোডিয়াম, কার্ব্বনেট অব্‌ ক্যাল্‌-সিয়ামের প্রয়োগরূপ এবং পিপেরাজিন ব্যবহৃত হয়। ডাঃ উই-লিয়াম ক্যাজ্‌ বলেন যে তিনি এই রোগে প্রিপেয়ার্ড চক ২০—৩০ গ্রেণ মাত্রায় মিউসিলেজ ও মিণ্ট ওয়াটারসহ প্রত্যহ তিনবার ব্যবস্থা করিযা অতি সন্তোষজনক ফল পাইয়াছেন। মূত্রযন্ত্রে পাথরিজনিত শূলে মর্ফাইন অতি উত্তম ঔষধ। দুরূহ রোগে ঔষধ দ্বারা কোন উপকার না হইলে নিফ্রোলিথটমি বা নিফ্রেক্টমি ইত্যাদি অস্ত্রোপচার দ্বারা পাথরি বাহির করা উচিত।

ঔষধ বিষয়ক টীকা।

এসিডস্ বা অম্ল—অক্জ্যালিক এবং ফস্ফেটিক পাথরিতে ধাতব অম্ল অতীব প্রয়োজনীয়। অল্প মাত্রায় নাইট্রিক বা নাইট্রো-মিউরিয়াটিক এসিড অনেকদিন পর্য্যন্ত ব্যবহার করা উচিত। এতদ্ব্যতীত সাইট্রিক, বেঞ্জোইক এবং ডাইলিউটেড্ ফস্ফারিক এসিড ব্যবস্থা করা যাইতে পারে।

এল্‌কেলাইন বা ক্ষার—ম্যান্‌চেষ্টারের ডাঃ রবার্টস্ বলেন যে যদি কিছু দিন পর্য্যন্ত মূত্র ক্ষার ধর্ম্ম অবলম্বন করে তাহা হইলে ইউরিক অথবা লিথিক পাথরি মূত্রাশয়ে দ্রব হইতে পারে। মূত্রযন্ত্রের পাথরি হইলে বা মূত্রশূলে ক্ষার ঔষধ অত্যন্ত উপকারী। পৃষ্ঠদেশে বেদনা বর্ত্তমান থাকিলে ও রক্ত এবং পূযঃ মিশ্রিত মূত্রে অথবা মূত্রে ইউরিক এসিড নির্গত হইলে পটাশ সাইট্রাস অতি উপকারী ঔষধ। এস্থলে একটি বিষয় মনে করিয়া রাখা উচিত যে অধিক মাত্রায় ক্ষার ঔষধ ব্যবহার করিলে পাথরির উপর ফস্ফেট্স্ জমিবার সম্ভাবনা।

একোয়া (জল)—পাথরি বা অশ্মরি পীড়ায় পানীয় জল সম্বন্ধে বিশেষ সতর্ক হওয়া উচিত। ভার জল কদাচ পান করিতে দিবে না। যতদূর সম্ভব পরিস্কৃত জল পান করিতে দিবে। এই রোগে ক্ষার সংযুক্ত ধাতব জল বিশেষ উপকারী।

এমনিয়াই বেঞ্জোয়াস—মূত্র এমনিয়েক্যাল বা বিকৃতাবস্থা প্রাপ্ত হইলে এবং ফস্ফেটস্ সংযুক্ত হইলে ইহা সেবনে উপকার দর্শে।

বেলাডনা—মূত্র যন্ত্রের পাথরি নির্গত হইবার সময় আক্ষেপ নিবারণ জন্য ইহা ব্যবহৃত হয়।

বোরেট্ এবং বোরোসাইট্রেট অব্ মেগনেসিয়াম—পাথরি নির্গত করিবার জন্য ব্যবহৃত হয়।

জেল্সিমিযাম—মূত্রাশযেব পাথবিতে উপকাবী। প্রথমে অধিক পরিমাণে জলপান করিতে দিযা পবে এই ঔষধ প্রত্যেক ঘণ্টান্তব ব্যবস্থা কবিবে। অবশেষে বোগীকে উপুড় করিয়া হস্ত ও পদদ্বয়েব উপব ভাব দিযা শযন কবাইয়া,প্রস্রাবের বেগ দিতে বলিবে।

ল্যাক্টিকাম্ এসিডাম্—মূত্রে ফস্ফেটস্, ইউবিক এসিড, ইউরেটস্ এবং অক্জ্যালেট্ অব্ লাইম অধিক পবিমাণে জন্মিলে ল্যাক্টিক এসিড বিশেষ ফলদাযক।

লিথিযাই ব্রোমাইড—ইউবিক এসিড এবং ইউরেটস্ দ্রব করিবাব জন্য ইহা ব্যবহৃত হয়।

নাইট্রিক এসিড—ফস্ফেটিক্ পাথবিতে ১ ঔন্স জলে ১ মিনিম এসিড নাইট্রিক ডিল ব্যবহাবে সন্তোষজনক ফল দৃষ্ট হইযাছে।

ওপিয়াম—ইহা একটি মূল্যবান ঔষধ। পূর্ণমাত্রায ব্যবহার করা উচিত।

পটাশি এসিটাস—ইউবিক এসিড পাথবিতে ব্যবহাব হয়।

পটাশ বাইকার্ব্ব—ইহাও উপবোক্ত উদ্দেশ্যে ব্যবহাব হয়।

পটাশি সাইট্রাস—ইহা একটি অতি প্রযোজনীয ক্ষাব ঔষধ।

পটাশি পাবম্যান্গেনাস্—ইহা ইউরিক এসিডকে ইউরিয়াম পবিণত কবে, সুতরাং ইউবিক এসিড পাথরি জন্মিতে পাবে না।

প্রঃ হুজার্দ্দিন বোমেজ ইউবিক এসিড পাথরির উৎপত্তি নিবারণ জন্য নিম্নলিখিত ব্যবস্থা পত্র ব্যবহার করিয়া থাকেন।

ব্যবস্থা পত্র।

১। পটাশ সাইট্রাস ... ৩—৪ ড্রাম।
সিরাপ ... ... ১ ঔন্স।
ইন্‌ফিউশন বকু .. ... ৩ ঔন্স।
২৪ ঘণ্টায় সেব্য। (প্রঃ হুজার্দ্দিন বোমেজ)

২। সোডি বাইকার্ব্ব ... .. ৩০ গ্রেণ।
সিরাপ .. .. ২ ঔন্স।
একোয়া ... ... ৩ ঔন্স।
২৪ ঘণ্টায় সেব্য। (ঐ)

অথবা

৩। সোডা বাইকার্ব্ব . ... ২ ঔন্স।
এসিড টার্টারিক ... ... ১ ঔন্স।
শর্করা .. ... ৩ ঔন্স।
১—৪ ড্রাম মাত্রায় ১ ঔন্স জলসহ সেব্য। (ঐ)

অথবা।

৪। সোডি বাইকার্ব্ব ৮ গ্রেণ।
শর্করা .. ... ২৪ গ্রেণ।
এক পুরিয়া, প্রত্যহ ৪ পুরিয়া সেব্য। (ঐ)

৫। পটাশ বাইকার্ব্ব .. .. ১২ ড্রাম।
এসিড সাইট্রিক .. ৮—২৪ গ্রেণ।
একোয়া .. সমষ্টি ১২ ঔন্স।
ইউরিক এসিড পাথরিতে ৪ ড্রাম - ১ ঔন্স মাত্রায় ১ ঔন্স জল সহ প্রত্যহ তিনবার সেব্য।

(সার্ হেন্‌রী টমসন, এফ্, আর্, সি, এস্, লণ্ডন)।

৬। সোডিয়াই বাইবোবেটিস	..	..	৭ গ্রেণ।
— বাইকার্ব্ব	...	..	৯ গ্রেণ।
সিবাপ অবেন্সাই	...	..	১½ ঔন্স।

সোডা ওযাটার সহ সেব্য। যাহাদেব পাথরিব ধাতু তাহাদের মূত্রসহ যদি ঈষৎ রক্তাভ গুঁড়া পড়ে তাহা হইলে উপবোক্ত ব্যবস্থাপত্র অত্যন্ত উপকাবী। (ডাঃ ভিনেবলস্ লণ্ডন)

৭। লিথিয়াই কার্ব্ব	...	...	৬ গ্রেণ।
সিবাপ অবেন্সাই	...	...	১½ ঔন্স।

সোডা ওয়াটাব সহ সমস্ত দিনে সেব্য। (ঐ)

৮। সোডিয়াই বাইবোবেট	...	২ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রিক	...	½ ঔন্স।
টিং ওপিযাই ...	...	½ ঔন্স।
একষ্ট্রাক্ট ইউভা অর্সাই লিকুইড	...	১ ঔন্স।
একোয়া ...		৩ ঔন্স।

একষ্ট্রাক্ট ইউভা অর্সাই এবং একোযাব পরিবর্ত্তে ইনফিউশন অথবা ডিককৃশন্ ইউভা অর্সাই দিযা ½ ঔন্স মাত্রায সেবন কবিতে দিবে।

৯। নিযমিতরূপে কোষ্ঠ পবিষ্কার বাখিবাব জন্য নিম্নলিখিত মৃদুবিবেচক ও পবিবর্ত্তক বটীকা অতীব ফলদায়ক॥

বেজিন্ পডফাইলিন	...	...	¼ গ্রেণ।
পালভ ইপিকাক	..	...	¼ গ্রেণ।
হাইড্রাষ্টিন	...	...	১½ গ্রেণ।
লেপ্ট্যাণ্ড্রিন	...	...	১ গ্রেণ।

এক বটীকা, রাত্রিতে শয়ন কালে সেব্য। কিছুদিন উপ-

রোক্ত বটীকা ব্যবহার পরে নিম্নলিখিত মিকশ্চার প্রাতে আহারের পূর্ব্বে সেবন করা অতি আবশ্যক।

১০।	সোডিয়াই সাল্‌ফেটিস	...	...	১ ঔন্স।
	এমন ক্লোরাইড	...	...	২ ঔন্স।
	একোয়া	...	...	১ পাইণ্ট।

প্রাতঃকালীন আহারের অর্দ্ধঘণ্টা পূর্ব্বে ২ ঔন্স মাত্রায় আধ ঔন্স জলসহ সেব্য।

Cystitis Acute, (সিষ্টাইটিস একিউট)।

মূত্রাশয়ের প্রবল প্রদাহ।

মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির প্রবল প্রদাহকে একিউট সিষ্টাইটিস বলে। ইহা নিম্নলিখিত পঞ্চবিধ কারণে উৎপন্ন হয় যথা—(১) আঘাত, (২) পাথরি বা অন্যান্য বস্তু অথবা মূত্রাশয় মধ্যে ক্যাথিটার ইত্যাদি প্রবেশ করাইয়া অনেকক্ষণ রাখাহেতু। (৩) মূত্রাবরোধ, (৪) উত্তেজক ঔষধ (যথা—ক্যান্থারাইডিস ইত্যাদি) প্রয়োগ, (৫) প্রমেহ। সচরাচর উপরোক্ত পঞ্চবিধ কারণ জন্য সিষ্টাইটিস হইতে দেখা যায়।

লক্ষণ—মূত্রাশয়ে শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ হইলে ঘন ঘন মূত্রত্যাগ ইচ্ছা, মূত্রত্যাগে বেদনা, পিউবিসে বেদনা এবং আনুসঙ্গিক জ্বর ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। অন্য পাত্রে মূত্র রাখিলে মূত্র ঘোলাটিয়া বর্ণ দেখা যায় এবং নিম্নে মিউকাস বা শ্লেষ্মা জমিয়া থাকে। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা মূত্র পরীক্ষা করিলে প্রচুর পরিমাণে এপিথিলিয়াম এবং পূয়ঃ কোষ দেখিতে পাওয়া যায়; পীড়া অত্যন্ত কঠিন হইলে তৎসঙ্গে রক্তকনীকাও দৃষ্ট হয়।

এই রোগে কচিৎ মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উপর আর একটি ঝিল্লি উৎপন্ন হয় এবং উহা স্বতই মূত্রসহ নিক্ষিপ্ত হয়। স্ত্রীলোকদিগের এই ঝিল্লি মূত্রনালী দিযা বহির্গত হইয়া যায় কিন্তু পুরুষদিগের মূত্রনালী অতি সুক্ষ্ম বলিয়া উহা বহির্গত হইতে পারে না।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথম ৩টী কারণে প্রদাহ জন্মিলে প্রদাহোৎপাদক কারণ দূর করাই সর্ব্বতোভাবে বিধেয়। ৪র্থ অর্থাৎ কোন উত্তে-জক ঔষধ সেবন বশতঃ পীড়া হইলে রোগীকে গরম জলের টবে বসিতে আদেশ করিবে এবং টিং হায়োসায়েমাস ১ ড্রাম মাত্রায়, লাইকর ওপিয়াই সিডেটাইভাস ১০ মিনিম ও লাইকর পটাশি ২০ মিনিম সহ, ব্যবস্থা করিবে (১নং ব্যবস্থা পত্র দেখ)। প্রমেহ হেতু এই পীড়া হইলে রোগীকে সর্ব্বদা শয়নাবস্থায় রাখিবে, লঘু অথচ স্নিগ্ধকারক পথ্য দিবে, মদ্যপান করিতে নিষেধ করিবে, মৃদুবিরেচক ঔষধ ব্যবস্থা করিবে এবং অল্পমাত্রায় ক্ষার ঔষধ সেবন করিতে দিবে। সার হেন্‌রী টমসন্ অন্যান্য ক্ষার ঔষধ অপেক্ষা লাইকর পটাশিকে সর্ব্ব শ্রেষ্ঠ মনে করেন এবং ইহার সঙ্গে টিং হায়োসায়েমাস দিতে বলেন। ঘন ঘন মূত্র ত্যাগেচ্ছা থাকিলে অল্পমাত্রায় ওপিয়াম বা মর্ফাইন বা বেলাডনা বিশেষ উপকারী। গরম জলের টবে বসানে, উষ্ণজলস্বেদে এবং মসিনার পোল্‌টিস প্রয়োগে যন্ত্রণার বিশেষ উপশম হয়। রোগীকে মসিনা ভিজান জল, বার্লী ওয়াটার এবং ইশবগুলের সরবৎ ইত্যাদি পান করিতে দেওয়া ভাল। সহসা কোন শারীরিক পরিশ্রম করিতে দেওয়া উচিত নয় এবং মদ্যপান অথবা প্রমেহ জন্য মূত্রনালী মধ্যে পিচকারী দিতে নিষেধ করা কর্ত্তব্য।

Chronic Cystitis, (ক্রনিক সিষ্টাইটিস)।

মূত্রাশয়ের পুরাতন প্রদাহ।

মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির পুরাতন প্রদাহকে ক্রনিক সিষ্টাইটিস কহে।

কারণ—মূত্রনালীর দৈহিক সংবৃত্তি বা ষ্ট্রিক্‌চার, প্রষ্টেট গ্রন্থির বিবৃদ্ধি, পাথরি অথবা অধিক পরিমাণে মূত্র সঞ্চয় হেতু মূত্রাশয়ের পরিপূর্ণতা, মূত্রাশয় প্রাচীরের আকুঞ্চন শক্তির হ্রাস, আঘাত বা স্নায়বিক কেন্দ্রের পীড়া জনিত পক্ষাঘাত, মূত্রের অস্বাভাবিক অবস্থা এবং মূত্রযন্ত্রের পীড়া বশতঃ এই রোগ উৎপন্ন হয়।

লক্ষণ—মূত্রাশয়ের পুরাতন প্রদাহে ঘন ঘন মূত্রত্যাগেচ্ছা; এবং মূত্রাশয় ও মূত্রনালীর মধ্যে জ্বালা বর্ত্তমান থাকে। মূত্র ঘোলাটীয়া হয় এবং মূত্র সহ পূয়, পূয মিশ্রিত শ্লেষ্মা ও রক্ত মিশ্রিত পূয নির্গত হয়। মূত্রে শ্লেষ্মার পরিমাণ প্রথমে কম থাকে পরে ক্রমশ বৃদ্ধি হইতে থাকে এবং শেষে এত বেশী হয় যে মূত্রনালী কখন কখন রুদ্ধ হইয়া যায়। অতি পুরাতন অবস্থায় মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষত হয় এবং মূত্রসহ চক্‌চকে ঘন শ্লেষ্মা নির্গত হইতে থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

যান্ত্রিক পীড়া ব্যতীত মূত্রাশয়ের পুরাতন প্রদাহে বকু, ট্রিটিকম্‌রিপেন্স, ইউভা আর্সাই, এলকিমিলা আরাভেন্সিস ইত্যাদির ইন্‌ফিউশন এবং ক্ষার ঔষধ যথা—সোডা বা পটাশ বিশেষ প্রয়োজনীয়। সাব্ একিউট বা অনতি প্রবল এবং ক্রনিক সিষ্টাইটিসের প্রথমাবস্থায় ইন্‌ফিউশন বকু বিশেষ উপ-

কারী। প্যারেরা ব্রেভার ডিকক্‌শন্‌ও অতীব ফলপ্রদ। প্যারেরা ব্রেভা এবং ইউভি আর্সাই দিবসে ১০ ঔন্স পরিমাণে এবং ট্রিটিকম্‌ রিপেন্স ও এলকিমিলা আরেভন্‌সিসের ডিকক্‌শন্‌ দিবসে ২০ ঔন্স পরিমাণে পান করিতে দেওয়া উচিত। ক্ষার ঔষধের মধ্যে সোডা বাইকার্ব্ব বা পটাশ বাইকার্ব্ব এবং পটাশ সাইট্রাস সর্ব্ব প্রধান। অন্যান্য ঔষধের মধ্যে কোপেবা, কিউবেব, টিং ষ্টিল, বেঞ্জোইক এসিড ইত্যাদি বিশেষ ফলদায়ক : বেদনা নিবারণের জন্য ওপিয়াম বা বেলাডনা সাপোজিটারী অত্যন্ত উপকারী।

মূত্রাশয় মধ্যে পচন নিবারক বা বেদনা নিবারক ঔষধের পিচকারী প্রয়োগেও বিশেষ ফল দর্শে। পিচকারী প্রয়োগ করিতে হইলে প্রথমে ৮।৯।১০নং ক্যাথিটার প্রবেশ করাইয়া প্রস্রাব বাহির করিয়া দিবে। পরে পিচকারীতে ঈষদুষ্ণ জল লইয়া ক্যাথিটারের ছিদ্র মধ্যে উহার অগ্রাংশ প্রবেশ করাইয়া মূত্রাশয় ধৌত করিয়া লইবে। কিন্তু ক্যাথিটার প্রবেশ করিবার সময় মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লিতে বা প্রাচীরে আঘাত না লাগে সে বিষয়ে সাবধান হইতে হইবে। মূত্রাশয় বিশেষরূপে ধৌত করিয়া অবস্থানুসারে ১৫, ১৬, ১৭, ১৯, ২০, ২১ নং ব্যবস্থা পত্রের ঔষধ দ্বারা পিচকারী দিবে।

মূত্রাশয়ের প্রবল এবং পুরাতন প্রদাহের
ঔষধ বিষয়ক টীকা।

এল্‌কেলিজ বা ক্ষার—ক্ষার ঔষধের মধ্যে সোডা বা পটাশ সাইট্রাস এবং বাইকার্ব্ব সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, বিশেষতঃ যখন মূত্র অম্ল ধর্ম্মাক্রান্ত থাকে।

এমন বেঞ্জোয়াস—মূত্রে ফস্ফেট নির্গত হইতে থাকিলে ডাঃ গ্যারড ইহার প্রশংসা করেন।

আর্জেণ্টাই নাইট্রাস—ফরাসীদেশের অস্ত্রচিকিৎসকেরা অত্যন্ত বেদনা যুক্ত মূত্রাশয়ের প্রবল প্রদাহে ইহার স্থানিক প্রয়োগ ব্যবস্থা করেন।

বেঞ্জোইক এসিড—পুরাতন মূত্রাশয়ের প্রদাহে প্রসিদ্ধ চিকিৎসক সার হেনরি টমসন ইহা গ্লিসারিন সহ বটিকাকারে সেবন করিতে বলেন।

ক্যাম্ফরিক এসিড—মূত্রাশয়ে মূত্রের পচন নিবারণ জন্য ইহার পিচকারী ব্যবহার হইয়া থাকে।

কার্ব্বলিক এসিড—১ ভাগ কার্ব্বলিক এসিডে ১০০ ভাগ গরম জল মিশ্রিত করিয়া মূত্রাশয় মধ্যে পিচকারী দিলে অনেক সময় উপকার দর্শে।

কল্‌চিকাম্—মূত্র ক্ষারধর্ম্ম অবলম্বন করিলে অথবা বাতজনিত মূত্রাশয় প্রদাহে ইহা ব্যবহৃত হয়।

কোপেবা—মূত্রাশয়ের উত্তেজনা নিবারণ জন্য ইহা অতি উত্তম ঔষধ। কিন্তু অল্পমাত্রায় ব্যবহার করা কর্ত্তব্য।

কিউবেব—পাথরি জন্য মূত্রাশয়ের প্রদাহে সার বেঞ্জামিন ব্রোডি ইহা ১০—১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিতে বলেন।

ইউক্যালিপ্টাস্—ডাঃ বার্থলো বলেন যে মূত্রাশয়ের পুরাতন প্রদাহে ইহা একটি উত্তম ঔষধ। ইহার অরিষ্ট ১ ড্রাম মাত্রায় ব্যবহার করা কর্ত্তব্য।

ফেরি পারক্লোরাইড টিং—পুরাতন সিষ্টাইটিসে ৮—১৫ মিনিম মাত্রায় ইন্‌ফিউশন বকু সহ প্রত্যহ তিনবার সেবনে ফলপ্রদ।

হাইড্রার্জিরাই পারক্লোরাইড—প্রঃ গুইয়ন্ ইহার এক ভাগ ৫০০ ভাগ জলে দ্রব করিয়া মূত্রাশয়ে পিচকারী দিতে বলেন।

আইডকরম্—মূত্রে অত্যধিক পূয় নির্গত হইলে ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

ল্যাক্টিক এসিড—ডাঃ টি, ডেকি ইহার উভয় স্থানিক এবং আভ্যন্তরিক প্রয়োগ ব্যবস্থা করেন। তিনি বলেন যে ইহা অতি উত্তম পচন নিবারক ঔষধ।

ওপিয়াম—বেদনা নিবারণের জন্য ইহা অতি উত্তম ঔষধ।

কুইনি সাল্‌ফ—লণ্ডনের মিঃ টি, ডব্লিউ নন্ বলেন যে মূত্রাশয় প্রদাহে মূত্র অত্যন্ত দুর্গন্ধযুক্ত এবং অত্যধিক পরিমাণে পূয় নির্গত হইলে ইহার পিচকারী অতীব ফলদায়ক।

স্যাণ্ডেল অয়েল—আমেরিকার ডাঃ ডব্লিউ ভেরিয়ান্ সাধারণ মূত্রাশয় প্রদাহে ইহার ভূয়সী প্রশংসা করেন।

ব্যবস্থা পত্র।

একিউট সিস্টাইটিস। মূত্রাশয়ের তরুণ প্রদাহ।

১।	লাইকর পটাশি	...	.. ২০ মিনিম।
	টিং হায়োসায়েমাস	...	ই—১ ড্রাম।
	লাইকর ওপিয়াই সিডেটাইভাস		... ১০ মিনিম।
	একোয়া অথবা বার্লী ওয়াটার অথবা ইন্‌ফিউশন্ লাইনাই	...	১—৩ ঔন্স।

একমাত্রা প্রত্যেক মাত্রা ২।৪ ঘণ্টান্তর সেব্য।

(সার হেনরী টমসন্)

২।	লাইকর পটাশি	...	২—৪ ড্রাম।
	মিকশ্চ্যুর একেশিয়া	...	... ৩ ঔন্স।

৪ ড্রাম মাত্রায় প্রত্যেক ৪।৬।৮ ঘণ্টান্তর সেব্য।

(প্রঃ ডি, এইচ, এগ্‌নিউ)

৩। লাইকর পটাশি ... ২—৪ ড্রাম।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ২০—৮০ গ্রেণ।
সিরাপ অরেন্সাই ... ... ৩ ঔন্স।
একোয়া সিনেমম্ . .. ৩ ঔন্স।

½ ঔন্স মাত্রায় বার্লী ওয়াটার অথবা মসিনা ভিজান জলসহ প্রত্যেক ৮ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৪। পটাশ সাইট্রাস .. ২০—৩০ গ্রেণ।
একোয়া অথবা ইন্‌ফিউশন বকু ১—২ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন চারি মাত্রা সেব্য। (ডাঃ ভ্যান বুরেন্)

৫। ডিকক্‌শন্ ইউভা অর্সাই ফোলিয়া ½ ঔন্স।
একমাত্রা. প্রত্যেক মাত্রা ২ ঘণ্টান্তর সেব্য।

এবং

পাল্‌ভ ডোভারিস ... ৫—১০ গ্রেণ।
একপুরিয়া, রাত্রিতে শয়নকালে সেব্য। (ডাঃ নিমায়ার)

৬। ওলিয়াম রিসিনি . .. ১ ঔন্স।
একমাত্রা সেব্য।

অথবা

হাইড্রার্জিরাই সাব্‌ক্লোরাইড ... ৫ গ্রেণ।
পাল্‌ভ জ্যালাপ কোং .. .. ১০ গ্রেণ।
একপুরিয়া, রাত্রিতে শয়নকালে সেব্য।

এবং

পটাশ নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
স্পিরিট ইথার নাইট্রিক .. ১৫ মিনিম।
ইন্‌ফিউশন্ লাইনাই কোঃ ... ১ ঔন্স।

একমাত্রা, প্রস্রাব কম হইলে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (প্রঃ এস্, ডি, গ্রস্, ফিলাডেল্‌ফিয়া)।

৭। পটাশ ক্লোরাস ... .. ই ঔন্স।
একোয়া ... ... ১ পাইণ্ট।

ই ঔন্স মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য।

(প্রঃ এডলেফসেন)।

৮। পালভ ওপিয়াই .. ... ৪০ গ্রেণ।
ক্যাম্ফর ... ... ১৫ গ্রেণ।
সোপ ... ১১০ গ্রেণ।

৬০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (প্রঃ রিকর্ড)

৯। কুইনি হাইপফস্ফাইটস্ ... ই ড্রাম।
ফেরি পাইরোফস্ফাইটস্ .. ই ড্রাম।
একষ্ট্রাক্ট আর্গটিন .. ... ১৫ গ্রেণ।

১৫ বটীকা, প্রত্যেক বটীকা ৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ জি, এন্, মোনের্টি)।

ইন্‌ফিউশন লাইনাই।

১০। লিন্‌সিড (মসিনা) .. ...১৫০ গ্রেণ।
যষ্টিমধু চূর্ণ .. ... ৫০ গ্রেণ।
উত্তপ্ত পরিশ্রুত জল .. ... ১০ ঔন্স।

১—২ ঔন্স মাত্রায় সেব্য।

বেদনা নিবারণের জন্য সাপোজিটরী।

১১। মর্ফিয়া ... ই—১ গ্রেণ।
অয়েল থিওব্রোমা ... যথা প্রয়োজন।

একটি সাপোজিটারী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।

(স্যার হেনরী টম্‌সন্)।

১২। পাল্‌ভ ওপিয়াই ... ২—৪ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ১০—১৫ গ্রেণ।
একটি সাপোজিটারী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।
(মিঃ ডিষ্টন)

১৩। পাল্‌ভ ওপিয়াই ... ... ৩ গ্রেণ।
কেকেও বটার অথবা কোমল সাবান যথা প্রয়োজন।
একটি সাপোজিটারী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।
(প্রঃ এস, ডি, গ্রস্)।

১৪। আইডফরম .. .. ২ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা ... .. ½ গ্রেণ।
কেকেও বটার অথবা কোমল সোপ্ ৪৫ গ্রেণ।
একটি সাপোজিটারী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।
(ডাঃ ন্যাফি)।

গুহ্যদ্বারে পিচকারী।

১৫। এট্রপিয়া সাল্‌ফ ... ১ গ্রেণ।
এসিড কার্ব্বলিক ... .. ১২ মিনিম।
পরিশ্রুত জল ... ... ৮ ঔন্স।

৪০—৬০ মিনিম মাত্রায় ½ ঔন্স জল সহ প্রত্যহ দুইবার গুহ্যদ্বারে পিচকারী দিতে হইবে।

(ভার্জিনিয়া মেডিক্যাল মন্থলি)।

১৬। টিং ওপিয়াই ... .. ১ ড্রাম।
ঈষদুষ্ণ জল ... ... ২ ঔন্স।
গুহ্যদ্বারে পিচকারী দিতে হইবে। (প্রঃ এস্, ডি, গ্রস্)

মূত্রাশয়ের পুরাতন প্রদাহ।

পানীয় জন্য ব্যবহার্য্য।

১। ইন্‌ফিউশন বকু ... ১—২ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৫।৬ মাত্রা সেব্য। (সার হেন্‌রী টম্‌সন্)

২। ট্রিটিকম্ রিপেন্স (ভূমির নিম্নভাগস্থ মূল) ৩ ঔন্স।

১৫ মিনিট পর্য্যন্ত উত্তপ্ত করিয়া সমস্তই ২৪ ঘণ্টার মধ্যে সেব্য।

৩। প্যারেরা ব্রেভা মূল ... ... ½ ঔন্স।
জল ... ৩ পাইন্ট।

অগ্নির উপর রাখিয়া জল এক পাইন্ট হইয়া আসিলে তখন নামাইবে। মাত্রা ৮—১২ ঔন্স।

৪। ইনফিউজন এলকেমিলা আরবেন্সিস এক পাইন্ট ২৪ ঘণ্টার মধ্যে সমস্ত পান করিতে হইবে।

৫। ইন্‌ফিউশন্ ওভি অর্সাই ফোলিয়া ... ½ পাইন্ট।
২৪ ঘণ্টায় সেব্য। (ঐ)

আভ্যন্তরিক ঔষধ।

৬। সোডা বাইকার্ব্ব ... ৫—১০ গ্রেণ।
ইন্‌ফিউশন্ ওভি অর্সাই ... ½ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (প্রঃ ডি, হেস্, এগ্‌নিউ)

৭। বেঞ্জোইক এসিড ... ... ৩ গ্রেণ।
গ্লিসারিন ... যথা প্রয়োজন।

এক বটীকা, প্রত্যহ ৪।৫ বটীকা সেব্য। (সার হেন্‌রী টম্‌সন্)

৮। লাইকর পটাশি ... ... ২০ মিনিম।
মিকশ্চর একেশিয়া ... ... ½ ঔন্স।

একমাত্রা, প্রত্যেকমাত্রা ৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৯। কোপেবা ... ... ৫ মিনিম।
মিউসিলেজ একেশিয়া ... ... ১ ড্রাম।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

১০। কোপেবা ... .. ১ ঔন্স।
মর্ফিয়া সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
পাল্‌ভ একেশিয়া ... ... ২ ড্রাম।
শর্করা ... .. ২ ড্রাম।
একোয়া ... .. ৬ ঔন্স।
১—২ ড্রাম মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য।
(প্রঃ এস্, ডি, গ্রস্)।

১১। এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... ৫ গ্রেণ।
— ভেলেরিয়ানি ... .. ১ ড্রাম।
৩০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (প্রঃ বিকর্ড)।

১২। স্পিরিট ইথার নাইট্রিক .. ২০—৩০ মিনিম।
সিরাপ জিঞ্জার ... ... ১ ড্রাম।
ডিকক্‌সন চিমাফাইলা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (প্রঃ রবার্ট, ড্রুইড্)

সাপোজিটরি।

১৩। পাল্‌ভ ওপিয়াই ... ... ২ গ্রেণ।
— ক্যাম্ফর ... ... ৫ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... ½ গ্রেণ।
কেকেও বটার বা সফ্‌ট সোপ ... যথা প্রয়োজন।
এক সাপোজিটরী, গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।
(প্রঃ এস্, ডি গ্রস্)

১৪। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ½ গ্রেণ।
— হায়োসায়েমাস ... ... ১ গ্রেণ।
কেকেও বটাব অথবা কোমল সাবান যথা প্রয়োজন।

এক সাপোজিটবী, প্রত্যহ ২।৩ বার গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে। (প্রঃ ডি, এইচ, এগ্‌নিউ)

বেদনা নিবাবণার্থ নিম্নলিখিত বেদনা নিবাবক সোলুশন বা দ্রব মূত্রাশয মধ্যে পিচকাবী দ্বারা প্রয়োগ কবিতে হইবে।

১৫। একষ্ট্রাক্ট কোনিয়াই ... ... ১ ড্রাম।
— হায়োসায়েমাস ... ... ১ ড্রাম।
— ওপিযাই লিকুইড ... ½ ড্রাম।
এলকোহল ... ... ২ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ১৬ ড্রাম।

½ অংশে ২ ঔন্স গবম জল মিশ্রিত কবিয়া ক্যাথিটাবের সাহায্যে মূত্রাশয মধ্যে পিচকাবী দিতে হইবে। ½ ভাগ লোশন বহির্গত হইলে পব ক্যাথিটাব বাহিব কবিয়া অবশিষ্ট ½ অংশ লোশন মূত্রাশয মধ্যে বাখিতে হইবে। (ঐ)

১৬। পটাশ পাবমেন্‌গেনাস ... ... ৪০ গ্রেণ।
পরিশ্রুত জল ... .. ১০ ঔন্স।

পূয মিশ্রিত প্রস্রাব নির্গত হইলে ½ অংশ লোশন মূত্রাশয় মধ্যে পিচকাবী দ্বাবা প্রবেশ কবাইতে হইবে।

১৭। কুইনি সালফ . ... ১ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

পূয় মিশ্রিত শ্লেষ্মা নির্গত হইলে মূত্রাশয় মধ্যে পিচকারী দিতে হইবে। (মিঃ এরিকশন্)

১৮। সোডি হাইপসাল্‌ফেটিস ... ৮০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ পাইণ্ট।

প্রত্যেক বারে ½ অংশ পিচকারী দ্বারা মূত্রাশয় মধ্যে প্রবেশ করাইতে হইবে। (ডাঃ ম্যালেজ্, পারিস)

১৯। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ৭ গ্রেণ।
পবিশ্রুত জল ... . ৩½ ঔন্স।

ক্যাথিটার সাহায্যে গবমজলে মূত্রাশয় ধৌত করিয়া উপরের লিখিত লোসনেব অর্দ্ধেক মূত্রাশয় মধ্যে দিযা এক মিনিট পরেই নির্গত কবিযা দিবে। (প্রঃ বিকর্ড, পারিস)

২০। আইডফবম ... ... ৩ ড্রাম।
গ্লিসাবিন ... ... ৯ ড্রাম।
পবিশ্রুত জল ... ... ১½ ড্রাম।
গাম ট্র্যাগাকাস্থ ... ... ৪ গ্রেণ।

½ ড্রাম মাত্রাব ১ পাইণ্ট জলসহ মূত্রাশয মধ্যে প্রবেশ কবাইয়া ধৌত কবিতে হইবে। (প্রঃ মসিটিগ্—মুবহফ্)

২১। হাইড্রার্জিবাই পারক্লোবাইড (১ ভাগে ৫০০০ ভাগ জল) সলিউশন।

মূত্রাশয মধ্যে পিচকাবী দ্বাবা ধৌত করিতে হইবে।

Cysts Mucus, সিষ্টস, মিউকাস।

১। জিঙ্কাই ক্লোবাইড় ... ... ১০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

২০ মিনিম মাত্রায় টিউমার মধ্যে পিচকারী দিতে হইবে।

Concussion of the brain, কন্‌কাশন অব্ দি ব্রেন।

মস্তিষ্ক বিকম্পন।

মস্তকে কোনরূপ আঘাত লাগা বশতঃ মস্তিষ্ক বিকম্পিত হইলে তাহাকে কন্‌কাশন্ অব্ দি ব্রেন বা মস্তিষ্ক বিকম্পন কহে। সামান্য আঘাতজনিত মস্তিষ্কের বিকম্পনে রোগী কেবল ক্ষণকালের জন্য সংজ্ঞাহীন হয় মাত্র, তদ্ভিন্ন অন্য কোনও আশঙ্কাজনক লক্ষণ দৃষ্ট হয় না, কিন্তু অনেক সময়ে আঘাতের আধিক্যবশতঃ মস্তিষ্কের বিকম্পন সহ মস্তকে অন্যান্য আঘাত চিহ্ন লক্ষিত হয়, কখন কখন করোটীর অস্থি ভগ্ন হইয়া যায় এবং মস্তিষ্ক বিলোড়িত হইয়া গুরুতররূপে আঘাত প্রাপ্ত হয়।

মস্তিষ্কের বিকম্পনে প্রায়ই তিন অবস্থা লক্ষিত হয় যথা—(১) হিমাঙ্গ বা অবসন্নাবস্থা, (২) প্রতিক্রিয়া বা নিদ্রাবস্থা, (৩) আরোগ্যাবস্থা। হিমাঙ্গাবস্থায় রোগী সংজ্ঞাহীন হয়, নাড়ী অত্যন্ত মৃদু ও ত্বক বিবর্ণ হয়, হাত পা শীতল এবং কনীনিকা প্রসারিত হয়। সম্পূর্ণ হিমাঙ্গ অবস্থা প্রাপ্ত হইলেও কখন কখন রোগী একেবারে সংজ্ঞাহীন হয় না। এই অবস্থায় রোগীকে সম্পূর্ণ বিশ্রামে রাখিবে এবং বস্ত্রাদি শিথিল করিয়া দিয়া মস্তকে বরফ বা শীতল জল প্রয়োগ করিবে। অত্যন্ত অধিক অবসাদন না হইলে কদাচ উত্তেজক ঔষধ ব্যবস্থা করিবে না। অর্দ্ধ ঘণ্টা হইতে ২৷৩ ঘণ্টা বা তদপেক্ষা অধিক সময় অতীত হইলে, রোগী অসুস্থতা সূচক শব্দ করিতে থাকে এবং শেষে পার্শ্ব পরিবর্ত্তন করে ও পা গুটাইয়া লয়। অনেক সময় প্রতিক্রিয়া অবস্থায় বমন উপস্থিত হয়। আঘাত প্রাপ্তির সময় পাকাশয় পূর্ণ থাকিলে প্রায়ই এই উপসর্গ ঘটিয়া থাকে। এই সময়ে অল্প অল্প চেতনা এবং কখন

কখন রোগীর নাম জিজ্ঞাসা করিলে তাহার উত্তর দিতে পারে, কিন্তু এরূপ অবস্থা অধিক ক্ষণ থাকে না। অল্প সময় মধ্যেই রোগী নিদ্রিতাবস্থা প্রাপ্ত হয়। শরীর ঈষৎ গরম ও মুখ এক টুকু রক্তবর্ণ এবং কনীনিকা আকুঞ্চিত হয়। রোগীকে এ অবস্থায় সহজে জাগরিত করা যাইতে পারে ও মল মূত্র ত্যাগের সময় রোগী আপনিই জাগ্রত হয়। রোগী শিশু হইলে এ অবস্থায় নাড়ীর গতি প্রায়ই অসম দেখা যায়। পাছে পক্ষাঘাত হইয়া থাকে, সেজন্য রোগীর অঙ্গ প্রত্যঙ্গ চালনা করিয়া পরীক্ষা করা উচিত। যদি কোন অঙ্গ প্রত্যঙ্গের দুর্ব্বলতা লক্ষিত হয় তাহা হইলে পক্ষাঘাতের পূর্ব্ব লক্ষণ জানিবে। যদ্যপি রোগী অজ্ঞানাবস্থায় শয্যাতে মল মূত্র ত্যাগ করে, তাহা হইলে নিশ্চয়ই মস্তিষ্কে গুরুতর আঘাত লাগিয়াছে বিবেচনা করিতে হইবে। এইরূপ নিদ্রিতাবস্থা এক হইতে সাত দিবস পর্য্যন্ত চলিতে পারে। দুরূহাবস্থায় এই নিদ্রা এত প্রগাঢ় হয়, যে কনীনিকা পরীক্ষার জন্য হস্ত দ্বারা চক্ষু উন্মীলন করিলেও রোগীর নিদ্রাভঙ্গ হয় না। এই অবস্থায় লঘু পথ্য, বিরেচক ঔষধ এবং মস্তিষ্কে শৈত্য প্রয়োগ ভিন্ন অন্য কিছু ব্যবস্থা করা উচিত নয়।

দ্বিতীয় বা নিদ্রিতাবস্থা অতীত হইলে, রোগী অত্যন্ত দুর্ব্বল বোধ করে এবং প্রায় শিরঃপীড়ার জন্য যন্ত্রণা অনুভব করে। কিন্তু এই গুলি আরোগ্যাবস্থার পূর্ব্ব লক্ষণ। সম্পূর্ণ আরোগ্য লাভ না হওয়া পর্য্যন্ত রোগীকে বিশ্রামে রাখিবে। আবশ্যক হইলে বিরেচক ঔষধ দিবে কদাচ উত্তেজক ঔষধ ব্যবহার করিবে না।

Compression of the Brain.

কম্‌প্রেশন্ অব দি ব্রেন।

মস্তিষ্ক সঙ্কাপন।

নিম্নলিখিত চতুর্ব্বিধ কারণে মস্তিষ্ক সঙ্কাপন জন্মে।

(১) মস্তিষ্কোপরি রক্তসংযম। (২) মস্তিষ্কোপরি অর্ব্বুদোদ্গম। (৩) করোটিস্থ অস্থির অভ্যন্তরে পূয় বা সিরাম সঞ্চার। (৪) করোটিস্থ অস্থি ভগ্ন জনিত ভগ্ন খণ্ডের অবনতাবস্থা।

অনেকের ধারনা যে করোটিস্থ ভগ্নাস্থি খণ্ডের অবনতাবস্থা জন্যই মস্তিষ্ক সঙ্কাপন উৎপন্ন হয কিন্তু ইহা সম্পূর্ণ ভুল। অনেক সময ভগ্নাস্থি খণ্ড এত ক্ষুদ্র হয যে তাহার দ্বারা মস্তিষ্কের সঙ্কাপন সম্ভবে না। সাধারণতঃ মস্তিষ্ক সঙ্কাপনের প্রধান কারন আঘাত বা আঘাত বশতঃ অস্থি ভগ্ন জনিত প্রদাহ, রক্তসংযম ও পূয বা সিরাম সঞ্চার।

গুরুতর আঘাত বশতঃ মস্তিষ্ক অত্যধিক সঙ্কাপিত হইলে নাড়ী অতি মৃদুগামী, শ্বাস প্রশ্বাস কষ্টকর, দেহ বিবর্ণ ও শীতল এবং কনীনিকা কখন প্রশস্ত কখন সঙ্কুচিত হয। কখন কখন গলমধ্যে ঘড ঘড শব্দ উদ্ভূত হয এবং কখন বা শ্বাস প্রশ্বাসে উভয গণ্ড স্থলে স্ফীততা দৃষ্ট হয। অল্প অল্প রক্ত সঞ্চিত হইযা মস্তিষ্ক সঙ্কাপিত হইলে লক্ষণগুলি সামান্য ভাবে প্রকাশ পায় কিন্তু ভগ্নাস্থি খণ্ড জন্য হঠাৎ মস্তিষ্ক সঙ্কাপিত হইলে রোগী সম্পূর্ণরূপে অচৈতন্যাবস্থা প্রাপ্ত হয। নাড়ী অত্যন্ত মৃদু হয, শ্বাস কৃচ্ছতা ক্রমশঃ বৃদ্ধি হইতে থাকে, মুখ অতি বিবর্ণ হয় এবং কখন কখন সঙ্গে সঙ্গে পক্ষাঘাত লক্ষিত হয়।

এইরোগে অস্ত্রোপচার অর্থাৎ ট্রিফাইনিং দ্বারা ভগ্নাস্থি খণ্ড উত্তোলন করা এবং সঞ্চিত রক্ত বা পূয় বহির্গত করা ভিন্ন ঔষধাদির দ্বারা কোন চিকিৎসা নাই।

Corn and Warts, (করন্ এণ্ড ওয়াটস্)।

আঁচিল ও করন্।

চিকিৎসা বিষয়ক টীকা।

ওয়ারট্ তুলিবার জন্য ক্রোমিক এসিড বিশেষ উপকারী। ইহা ৪নং ব্যবস্থা পত্রানুযায়ী ৫।৬ দিবস লাগাইলে আস্তে আস্তে উঠিয়া যায়। প্রঃ সাইম এইরোগে এসিটিক এসিডের বিশেষ প্রশংসা করেন। ওয়ারট্ নরম না হওয়া পর্য্যন্ত প্রত্যহ লাগাইতে বলেন ও পরে ছুরি দ্বারা আস্তে আস্তে কর্ত্তন করিয়া তুলিয়া ফেলিতে বলেন এবং তৎপরে ঐ স্থানে নাইট্রেট অব্ সিলভার প্রয়োগ ব্যবস্থা করেন।

কোমল করনে এলম্ এবং ডিম্বের শ্বেতাংশ সমভাগে মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে বেদনা ইত্যাদি তৎক্ষণাৎ উপশম হয়। করনের চতুস্পার্শ্বস্থ স্থান পমেড্ দ্বারা আবৃত করিয়া গ্লাস নির্ম্মিত শলাকা দ্বারা ৩নং ব্যবস্থা পত্রের ঔষধ প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে।

এমন মিউরাস অম্ল জল সহ মিশ্রিত করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র আঁচিলে লাগাইলে উহা উঠিয়া যাইতে পারে। কেহ কেহ ফাউলার্স সলুশন আঁচিলে প্রয়োগ করিতে বলেন। ডাঃ মেকেঞ্জি বলেন এক বিন্দু লাইকর ফেরি সাল্ফেটিস্ আঁচিলের উপর প্রয়োগে উহা শুষ্ক হইয়া যায়। উপদংশ বা সুস্রাব জনিত

আঁচিলে এক পাইন্ট জলে ১ ড্রাম নাইট্রিক এসিড মিশ্রিত করিয়া প্রয়োগে উপকার দর্শে।

ব্যবস্থা পত্র।

১।	এসিড সেলিসিলিক	... ৩০ গ্রেণ।
	একষ্ট্রাক্ট কেনাবিশ ইণ্ডিকা	... ৫ গ্রেণ।
	কলোডিযান	· ১/২ ঔন্স।
		(ইবাসমস্ উইলসন্)
২।	টিং আইওডাই ..	... ২ ড্রাম।
	লাইকব ফেবি সাব্ সাল্ফেটিস	.. ১ ড্রাম।
	ইথাবিস্ ..	সমষ্টি ১ ঔন্স।
		(ডাঃ ন্যাফি)
৩।	জিন্সাই সাল্ফ এক্সিকেটা	... ৪ ড্রাম।
	এসিড সাল্ফিউরিক	... যথা প্রযোজন।

গ্ল্যাস নিম্মিত শলাকা দ্বারা লাগাইতে হইবে।

(সার হেন্‌রী টম্‌সন)

৪।	এসিড ক্রোমিক ...	১০০ গ্রেণ।
	একোযা ...	... ১ ঔন্স।

লোশন। গ্ল্যাস নিম্মিত শলাকা দ্বারা লাগাইতে হইবে।

(ঐ)

Dissecting Wound ডিসেক্টিং উণ্ড।

শবচ্ছেদনজনিত আঘাত।

শবচ্ছেদনকালে অসাবধানতা বশতঃ ছুরিকা বা অন্যান্য অস্ত্র দ্বারা অঙ্গুলিতে বা হস্তে আঘাত প্রাপ্ত হইলে তাহাকে ডিসেক্টিং

ণ্ড বা শবচ্ছেদন জনিত আঘাত কহে। এই আঘাত সময়ে সময়ে অত্যন্ত অনিষ্টকর হয়, এমন কি ইহা দ্বারা মৃত্যু পর্য্যন্ত ঘটিতে পারে। তিনটি কারণ বশতঃ ইহাতে বিশেষ অনিষ্ট হইতে পারে যথা—(১) বিষাক্ত শবের বিষ ক্ষত মধ্যে প্রবিষ্ট হইয়া প্রবল প্রদাহোৎপাদন। (২) এই আঘাত হেতু বিস্তৃত প্রদাহ হইয়া পচনোদ্ভব হওয়া। (৩) মৃতদেহ নিঃসৃত দূষিত পদার্থ বা রস ক্ষত মধ্যে প্রবেশ করিয়া পচন আরম্ভ হওয়া। নিম্নলিখিত রোগে মৃতদেহ ছেদনকালীন বিশেষ সাবধান হওয়া উচিত যথা—ইরিসিপেলাস, পাইমিয়া, সেপ্টিসিমিয়া, বিশেষ গুণাত্মক ও বিষাক্ত প্রদাহ জনিত অন্ত্রাবরণ ও ফুসফুসাবরণ প্রদাহ, পিওরপারল্ ফিভার, ডিফিউস বা বিস্তৃত সেলুলাইটিস, গ্র্যাংগ্রিন এবং সর্প-দংশন।

লক্ষণ—আঘাত অতি সামান্য হইলে আহত স্থান ঈষৎ রক্তবর্ণ হইয়া উঠে এবং একটি ক্ষুদ্র ব্রন হইয়া স্বতই শুষ্ক হইয়া যায়। কিন্তু গুরুতর আঘাতে আহত স্থান উত্তপ্ত এবং রক্তবর্ণ হইয়া উঠে ও অসহ্য বেদনা অনুভব হয়। কিছুক্ষণ পরে প্রবল প্রদাহ হইয়া ঐ স্থান স্ফীত হয় এবং অবশেষে পূযোৎপত্তি হইয়া পচনারম্ভ হয়। ইহার সঙ্গে সঙ্গে জ্বর বর্ত্তমান থাকে এবং অত্যধিক দুর্ব্বলতা উপস্থিত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

বিষাক্ত বা অন্যান্য মৃতদেহ ছেদনকালীন অত্যন্ত সতর্ক হওয়া আবশ্যক। হস্তে বা অঙ্গুলিতে সামান্যমত ক্ষত থাকিলে ইণ্ডিয়ান রবারের দস্তানা হস্তে পরিয়া শবচ্ছেদন করা উচিত। ইণ্ডিয়ান রবারের দস্তানা না পাইলে গটাপার্চা ও ক্লোরফরম দ্বারা একটি

আবরণ প্রস্তুত করিয়া ক্ষতস্থান আবৃত রাখিবে অথবা ষ্টিকিং-প্ল্যাষ্টার প্রয়োগ করিবে। হস্তে বা অঙ্গুলিতে ক্ষত না থাকিলেও উত্তমরূপে কার্ব্বলিক অয়েল হস্তে মাখিবে। অথবা কার্ব্বলিক এসিড ও ভেসিলিন ব্যবহার করিবে। যদ্যপি সামান্য একটুকু আঘাত প্রাপ্ত হয় তাহাহইলে ক্ষতের উপর একটি বাঁধ দিয়া অপর হস্ত দ্বারা তখনই রক্ত বাহির করিয়া দিবে অথবা মুখ দ্বারা অঙ্গুলি হইতে রক্ত চুষিয়া ফেলিবে। তৎপরে কার্ব্বলিক এসিড লোশন (১ ভাগে ২০ ভাগ জল) অথবা হাইড্রার্জিরাই পার-ক্লোরাইড লোশন (১ ভাগে ৫০০ ভাগ জল) দ্বারা ক্ষত স্থান ধৌত করিবে। অনেকে ক্ষত স্থান পোড়াইতে বলেন কিন্তু সুপ্রসিদ্ধ অস্ত্রচিকিৎসক এরিকৃসন্ বলেন যে কষ্টিক ঔষধ প্রয়োগ না করাই ভাল। নিতান্ত আবশ্যক হইলে এক ফোটা নাইট্রিক এসিড অথবা কার্ব্বলিক এসিড প্রয়োগ করা মন্দ নয়।

আহত স্থানে ব্রন হইয়া পরে ক্ষত হইলে লেড্ লোশন বা ১নং ব্যবস্থা পত্রানুযায়ী ঔষধ প্রয়োগ করিবে। তাহাতে উপকার না হইলে নাইট্রেট অব্ সিলভার বা আইডফরম প্রয়োগ করিবে। কিন্তু সর্ব্বাপেক্ষা আইডফরম প্রয়োগই বিশেষ উপকারী। শব-চ্ছেদ জনিত আঘাত বশতঃ সেলুলার বা কৈশিকি বিধানের প্রদাহ হইলে উষ্ণজল স্বেদ ও পুল্‌টিস প্রয়োগ বিশেষ প্রয়োজনীয়। প্রদাহ হেতু সটানতা বা পূয়োৎপত্তি হইলে স্ক্যাল্‌পেল্ দ্বারা কর্ত্তন করিয়া দিবে। এবং প্রদাহযুক্ত স্থানে একষ্ট্রাক্ট বেলাডনা এবং গ্লিসারিন প্রয়োগ করিবে। লিম্ফ্যাটিকের প্রদাহ হইলে বিরেচক ঔষধ বিশেষ আবশ্যক। এই রোগে দৈহিক চিকিৎসার জন্য এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ, কুইনাইন এবং পুষ্টিকারক পথ্য অতীব প্রয়োজনীয়। লিম্ফ্যাটিক গ্রন্থিতে স্ফোটক হইলে

কর্ত্তন করা কর্ত্তব্য। গ্যাংগ্রিন আরম্ভ হইলে তৎক্ষণাৎ এম-পুটেশন করা উচিত।

ব্যবস্থা পত্র।

১। টিং কুইনি · ... ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ৬ ড্রাম।
স্পিরিট এমন্ এরোমেটিক ... ৩ ড্রাম।
— ইথারিস .. ... ৩ ড্রাম।
একষ্ট্রাক্ট ওপিয়াই লিকুইড ... ৩০ মিনিম।
ইন্‌ফিউশন অথবা ডিককৃশন্ সিঙ্কোনা
সমষ্টি ৬ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যেক ৬ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ টি, এইচ্, ট্যানার)।

২। কুইনি সাল্ফ ... .. ১২ গ্রেণ।
ফেরি সাল্ফ এক্সিকেটা ... ... ১২ গ্রেণ।
ষ্ট্রিকনিয়া সাল্ফ ... ... $\frac{1}{3}$ গ্রেণ।
১২ বটীকা, প্রত্যহ ৪ বটীকা সেব্য।
(ডাঃ হ্যাফি)

এবং
হুইস্কি ... · $\frac{1}{2}$ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ২।৩ মাত্রা সেব্য।

৩। সোডা সাল্‌ফাইট্‌স্ ... .. ৪০ গ্রেণ।
ইন্‌ফিউশন সিঙ্কোনা ... ... ২ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩,৪ বার সেব্য।
(ডাঃ হ্যাফি)

স্থানিক প্রয়োগ।

৪। লাইকর প্লম্বাই সাব্ এসিটেটিস ... ১ ভাগ।
রেক্টিফায়াড স্পিরিট ... ... ১ ভাগ।
পরিশ্রুত জল ... ... ৬ ভাগ।
(মারকস্ বেক্)

স্থানিক প্রয়োগের জন্য।

৫। কার্ব্বলিক এসিড ... ... ১ ড্রাম।
অলিভ অয়েল ... ... ৯ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৬। এসিড কার্ব্বলিক ... ... ১ ড্রাম।
ভেসিলিন .. .. ৯ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৭। কার্ব্বলিক লোশন—(১ অংশে ২০ অংশ জল) ধৌত করিবার জন্য। (ঐ)

৮। হাইড্রার্জিবাই পারক্লোরাইড লোশন (১ ভাগে ৫০০ ভাগ জল) ধৌত করিবার জন্য। (ঐ)

৯। আইডফরম ক্ষতোপরি ছড়াইতে হইবে।

অথবা।

আইডফরম ... ... ১ ড্রাম।
ভেসিলিন ... ... ১ ঔন্স।
ক্ষতে লাগাইতে হইবে। (ঐ)

Dysuria, Irritable Bladder, Retention, of urine, Strangury.

ডিসিউরিয়া, ইরিটেবল্ ব্ল্যাডার, রিটেন্‌শন্ অব্ ইউরিন, ষ্ট্র্যাঙ্গারী।

মূত্রকৃচ্ছ্র।

মূত্রকৃচ্ছ্র—মূত্ররোধ, মূত্রাশয়ের উত্তেজনা এবং ষ্ট্র্যাঙ্গারী বা পেরিনিয়াম এবং গুহ্য দ্বারের বেদনা জনক আক্ষেপ সহ যে অতি অল্প ও ঘন ঘন মূত্রত্যাগ হয় তাহাকে মূত্রকৃচ্ছ্র কহে। যে কোন কারণে মূত্রত্যাগ কষ্টকর, ও বেদনা জনক হইলেই, তাহাকে ডিসিউরিয়া কহে। ইহা কোন রোগ নহে কেবল একটি লক্ষণ মাত্র।

মূত্ররোধ—মূত্ররোধ প্রায়ই প্রমেহ, মূত্রনালীর দৈহিক সংবৃত্তি, পাথরি, প্রষ্টেট্ গ্রন্থির বিবৃদ্ধি, মূত্রাশয়ে অর্ব্বুদ, মূত্রাশয়ে বা মূত্রনালীতে রক্ত সংযম এবং আক্ষেপ বশতঃ উৎপন্ন হয়।

মূত্রাশয়ের উত্তেজনা—মূত্রাশয়ের সকল প্রকার প্রাদাহিক অবস্থাতেই উহার উত্তেজনা বর্ত্তমান থাকে। ইহা ব্যতীত পাথরি বা অন্যান্য বাহ্য বস্তু থাকিলে, মূত্ররোধে, মূত্রনালীর দৈহিক সংবৃত্তিতে ও প্রদাহে, মূত্র যন্ত্রের পুরাতন প্রদাহে, ব্রাইট্‌স্ ব্যাধিতে, মূত্র অধিক পরিমাণে অম্লধর্ম্ম অবলম্বন করিলে এবং হিষ্টিরিয়া রোগে মূত্রাশয়ের উত্তেজনা বর্ত্তমান থাকে।

ষ্ট্র্যাঙ্গারী—মূত্র যন্ত্রের প্রবল প্রদাহে, মূত্রশূলে, মূত্রযন্ত্রের রক্তাধিক্যে এবং ক্যান্থারাইডিস ইত্যাদি ঔষধের বিষাক্ততায় ষ্ট্র্যাঙ্গারী উপস্থিত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

যে যে কারণে মূত্রকৃচ্ছ্র হয় তাহার চিকিৎসা করিলেই মূত্রকৃচ্ছ্র উপশম হইবে। অধিকক্ষণ মূত্ররুদ্ধ হইয়া থাকিলে তৎক্ষণাৎ ক্যাথিটার প্রবেশ করাইয়া মূত্র নির্গত করা উচিত। কিন্তু যদি উত্তেজনার আধিক্য থাকে অথবা ক্যাথিটার নিকটে না থাকে তাহা হইলে ১০।১৫ মিনিম মাত্রায় লডেনম অথবা ৩০ মিনিম মাত্রায় লাইকর ওপিয়াই সিডেটাইভাস সেবনের জন্য ব্যবস্থা করিবে অথবা ইহার পরিবর্ত্তে ১ ড্রাম টিং ওপিয়াই মিউসিলেজ বা ষ্টার্চ সহ সরলান্ত্রে পিচকারী দিবে। গরম জলের টবে বসাইয়া রাখাও একটি উত্তম প্রক্রিয়া। প্রমেহ বশতঃ মূত্ররোধে গরম জলের টবে বসাইলে তৎক্ষণাৎ মূত্র ত্যাগ হয় কিন্তু মূত্রকারক ঔষধ ব্যবহার করা বিশেষ অপকারী। কখন কখন বিরেচক ঔষধ বা এনিমা ব্যবহারে মূত্র ত্যাগের বিশেষ সহায়তা করে। পক্ষাঘাত জনিত মূত্ররোধে ক্যাথিটার প্রবেশ করান ভিন্ন উপায় নাই। আংশিক পক্ষাঘাতে বা মূত্রাশয়ের প্রাচীরের আকুঞ্চন শক্তির হ্রাস বশতঃ মূত্ররোধে ষ্ট্রিক্নিয়া বা অধিক মাত্রায় টিং নক্সভমিকা সেবনে উপকার দর্শে।

মূত্রাশয়ের উত্তেজনা মাত্রেই মূত্র পরীক্ষা করা নিতান্ত আবশ্যক। মূত্র ক্ষার ধর্ম্মাক্রান্ত হইলে এসিড নাইট্রমিউরিয়াটিক ডিল ও ডিকক্শন্ প্যারেরা অতীব ফলদায়ক, কিন্তু মূত্র অম্ল ধর্ম্মাক্রান্ত হইলে লাইকর পটাশি ও টিংচার হায়োসায়েমাস ইন্-ফিউশন্ বকু সহ ব্যবস্থা করিবে। একষ্ট্রাক্ট ওপিয়ামের সাপোজি-টারীও বিশেষ ফলপ্রদ। দৈহিক দুর্ব্বলতা বর্ত্তমান থাকিলে লৌহ ঘটিত বলকারক ঔষধ প্রয়োজনীয়। কখন কখন অন্যান্য ঔষধে উপকার না দর্শিলে টিং ক্যান্থারাইডিস বা টিং সেস্কুই

ক্লোরাইড অব্ আয়রণ ব্যবহারে সন্তোষ জনক ফল পাওয়া যায়। স্ত্রীলোকদিগের মূত্রাশয়ের উত্তেজনায় জিঙ্কাই অক্সাইড ও বেলাডনার সাপোজিটারী ফলপ্রদ। এসিড বেঞ্জোইক ব্যবহারেও ঘন ঘন মূত্রত্যাগেচ্ছার উপশম হয়। ডাঃ হিল বলেন যে তিনি প্রমেহ ও আঘাত জনিত মূত্রাশয়ের উত্তেজনায় পটাশ ব্রোমাইড ও জেল্‌সিমিয়াম দ্বারা উত্তম ফল পাইয়াছেন। ষ্ট্র্যাঙ্গারীতে ওপিয়াম, হায়োসায়েমাস এবং ক্যাম্ফর অতি উত্তম ঔষধ। ক্যান্থারাইডিস বা টার্পেণ্টাইন জনিত বিষাক্ততায় লডেনম সংযুক্ত ষ্টার্চের পিচকারী প্রয়োগে ও ক্যাম্ফর এবং ওপিয়াম বটীকাকারে সেবনে যথেষ্ট ফল দর্শে।

ঔষধ বিষয়ক টীকা।

এমন ব্রোমাইড—মূত্রাশয়ের উত্তেজনায় ২০—৩০ গ্রেণ মাত্রায় উপকারী।

এমনিয়াই সাইট্রাস—মূত্রাশয়ের উত্তেজনা সহ যদি মূত্রে ইউরিয়ার অম্লতা থাকে তাহা হইলে নিম্নলিখিত ব্যবস্থানুযায়ী ঔষধ প্রয়োগে উপকার দর্শে।

এমনিয়াই সেস্কুই কার্ব্ব ...	... ১ ড্রাম।
এসিড সাইট্রিক ...	... ৭৫ গ্রেণ।
একোয়া	... ৬ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য।

বেলাডনা—মূত্রাশয়ের স্নায়বীক উত্তেজনায় ইহা বিশেষ উপকারী। ডাঃ গ্রস্ মূত্রাশয়ের নিউর্যাল্‌জিয়াতে বেলাডনা সহ কুইনাইন, আর্সেনিক এবং ষ্ট্রিক্‌নিয়া ব্যবস্থা করেন।

বকু—অনেক সময় ইহা সেবনে মূত্রাশয়ের উত্তেজনা উপশমিত হইতে দেখা যায়।

ক্যান্থারিস্—স্ত্রীলোকদিগের এবং প্রষ্টেট গ্রন্থির পুরাতন বিবৃদ্ধি জনিত মূত্রাশয়ের উত্তেজনায় ইহা কখন কখন ব্যবহার হয়।

ক্লোরাল—মস্তিষ্ক এবং মর্জ্জার পীড়া জনিত মূত্রাশয়ের উত্তেজনায় ইহা অতীব ফলদায়ক।

কোকেন—মূত্রনালী মধ্যে পিচকারী দ্বারা প্রয়োগে মূত্রাশয়ের উত্তেজনা ইত্যাদি উপশমিত হয়।

কলচিকাম্—বাতজনিত মূত্রাশয়ের উত্তেজনায় অত্যাশ্চর্য্য ফলদায়ক।

কোপেবা—মূত্রাশয়ের প্রদাহজনিত উত্তেজনায় প্রবল প্রদাহ দূরীভূত হইলে পর ইহা ব্যবস্থা করা উচিত।

জেল্‌সিমাম্—ইহা দ্বারা অনেক সময় উত্তেজনা উপশমিত হয়।

ওপিয়াম—ইহা সেবনে বা সাপোজিটারী অথবা সরলান্ত্রে পিচকারী দ্বারা প্রয়োগে মূত্রাশয়ের উত্তেজনায় এবং মূত্ররোগে বিশেষ উপকার দর্শে।

পটাশ ব্রোমাইড—ইহা দ্বারা বেদনা ও আক্ষেপ উপশমিত হয়।

জিঙ্কাই অক্সাইড—স্ত্রীলোকদিগের মূত্রাশয়ের উত্তেজনায় ইহার সাপোজিটারী স্ত্রীজননেন্দ্রিয়ের মধ্যে প্রয়োগে উপকার দৃষ্ট হয়।

ষ্ট্র্যাঙ্গারী।

ক্যাম্ফর—ওপিয়াম বা মর্ফিয়াসহ প্রয়োগে অত্যাশ্চর্য্য ফল দর্শে।

কোকেন—ষ্ট্র্যাঙ্গারীতে ইহা একটি বিশেষ উপকারী ঔষধ।

হায়োসায়েমাস—ষ্ট্র্যাঙ্গারীতে অন্যান্য মূত্রকারক ঔষধসহ অবসাদকরূপে ব্যবহৃত হয়।

ব্যবস্থা পত্র।

ডিসিউরিয়া।

১।	স্পিরিট ইথার নাইট্রিক	...	১ ঔন্স।
	টিং ক্যাম্ফর কো: ..	...	১ ঔন্স।

মূত্রাশয় প্রদাহে এবং ডিসিউরিয়াতে ২ ড্রাম মাত্রায় প্রত্যেক ঘণ্টান্তর সেব্য। (ডাঃ এ, ডবলিউ, রজার্স)

মূত্রাশয়ের উত্তেজনায় মূত্র ক্ষারধর্ম্মাক্রান্ত হইলে।

২।	এসিড নাইট্রমিউরিয়াটিক ডিল	...	১ই ড্রাম।
	টিং বেলাডনা ...	...	১ ড্রাম।
	ডিকক্শন প্যারেরা ...	...	৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেব্য।

(ডাঃ টি, এইচ, ট্যানার)

মূত্রাশয়ের উত্তেজনায় মূত্র অম্লধর্ম্মাক্রান্ত হইলে।

৩।	লাইকর পটাশি ...		১০—১৫ মিনিম।
	টিং হায়োসায়েমাস ...	...	১৫ মিনিম।
	ইন্‌ফিউশন বকু ...	..	১ই ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

৪।	জিঙ্কাই অক্সাইড ..	...	৮ গ্রেণ।
	একষ্ট্রাক্ট বেলাডনা ...	..	৪০ গ্রেণ।
	অয়েল থিওব্রোমা ...	...	১ ঔন্স।
	— অলিভ ...	...	২ ড্রাম।

৮ সাপোজিটারী প্রস্তুত করিয়া স্ত্রীজননেন্দ্রিয়ে প্রবেশ করাইতে হইবে।

৫।	পটাশ ব্রোমাইড	... ...	৪ গ্রেণ।
	— বাইকার্ব্ব	... ...	৫ গ্রেণ।
	টিং জেল্‌সিমাই	...	১—২ মিনিম।
	একোয়া	... ...	১ ঔন্স।

একমাত্রা মূত্রাশয়ের উত্তেজনায় প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ ডবলিউ, স্কট, হিল)

৬।	পটাশ সাইট্রাস	... ...	৪ ড্রাম।
	টিং হায়োসায়েমাস	... ...	১ ঔন্স।
	টিং বকু	... ...	½ ঔন্স।
	একোয়া	..	সমষ্টি ৩ ঔন্স।

১ ড্রাম মাত্রায ১ ঔন্স জলসহ প্রত্যহ তিনবাব সেব্য।

(ডাঃ ই, এল্, টনষ্ট্যাল)

৭।	ভাইনম কল্‌চিসাই	...	১০—১৫ মিনিম।
	স্পিরিট ইথাব নাইট্রিক	...	২০—৩০ মিনিম।
	মর্ফিযা সাল্‌ফ	... ...	⅛ গ্রেণ।
	একোয়া	... ...	১ ঔন্স।

একমাত্রা, বাতগ্রস্থ বোগীব মূত্রাশযের উত্তেজনায় রাত্রিতে শয়নকালে সেব্য। (প্রঃ গ্রস্‌)

৮।	পাল্‌ভ ওপিযাই	..	১—২ গ্রেণ।
	কেকেও বাটাব বা কোমল সাবান	...	যথা প্রয়োজন।

একটি সাপোজিটাবী (ডাঃ স্যাফি)

৯।	এসিড বেঞ্জোইক	... ...	১৫ গ্রেণ।
	সোডিযাই বাইবোরেটিস	.. ..	½ ড্রাম।
	একোযা	... ...	৫ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

ষ্ট্র্যাঙ্গারীতে।

১০। একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ... ১২ গ্রেণ।
পাল্ভ ক্যাম্ফর ... ... ১২ গ্রেণ।
— ডোভারিস .. .. ১২ গ্রেণ।

১১। টিং ওপিয়াই ... ... ½ ড্রাম।
মিউসিলেজ অথবা ষ্টার্চ ... ... ১ ঔন্স।
পিচকারী দিবার জন্য।

১২। ক্যাম্ফর ... ... ৩ গ্রেণ।
ওপিয়াম . ... ½ গ্রেণ।
এক বটিকা। (ডাঃ রেডফোর্ড)

Deptheria, (ডিপথিরিয়া)।

গলাহার।

যে প্রবল বিশেষ গুণাত্মক সংক্রামক রোগ, জ্বর, দুর্ব্বলতা এবং গলা, লেরিংস ও অন্যান্য স্থানের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহসহ প্রকাশ পায় ও যাহাতে সেই গলাভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লির স্থানিক প্রদাহ এবং তৎসহ বাহ্যিক আঘাত জনিত ক্ষত বা সাধারণ ক্ষত ইত্যাদিতে অপ্রকৃত বক্ত সূত্রনির্ম্মিত ঝিল্লিগঠিত হয় বা সব পড়ে তাহাকে ডিপ্থিরিয়া বা গলাহার কহে।

কারণ—সংপ্রতি ভূরি ভূরি প্রমান দ্বারা স্থিরিকৃত হইয়াছে যে ইহা এক প্রকার বীজানু (Bacillus) দ্বারা উৎপন্ন হয়। এই বীজানুকে ক্লেবস্ লুফলার বীজানু কহে।* ডিপ্থিরিয়ার

* সুপ্রসিদ্ধ প্রঃ ক্লেবস্ এবং লুফ্লার এই বীজানু প্রথম আবিষ্কার করিয়াছিলেন বলিয়া ইহাকে ক্লেবস্-লুফ্লার বীজানু কহে।

অপ্রকৃত ঝিল্লি অনুবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে উহাতে এক প্রকার বীজানু দেখিতে পাওয়া যায়। উহা দেখিতে সরল অথবা ঈষদ্বক্র, ক্ষুদ্র ক্ষুদ্র তৃণ যষ্টির বা দাঁড়ির ন্যায় কেবল এক দিকের অগ্রভাগ গোল গোল অথচ মোটা, ইংবাজী বাদ্যেব জয়ঢাকের কাটির ন্যায়। এই বীজানু হইতে নানা প্রকাব বিষাক্ত পদার্থ নিঃসৃত হয় এবং ইহাদের দ্বারা রক্ত বিষাক্ত হইয়া এই বোগ জন্মে।

ফ্রান্সের প্রঃ রু এবং ইযার্সিন বলেন যে ডিপ্থিরিয়াব অপ্রকৃত ঝিল্লি একেবারে অন্তর্হিত হইলেও, এমন কি পীড়িত স্থান সুস্থ অবস্থা প্রাপ্ত হইলেও, এই প্রকাবের বীজানু ২।৪ সপ্তাহ পর্যাস্ত মুখগহ্বরে পাওয়া যায়। সুতবাং ডিপ্থিবিযা বোগী আরোগ্য হইলেও তাহাকে অন্যত্র রাখা আবশ্যক। এই বীজানু কোন স্থানে জন্মে এবং কি প্রকাবেই বা শবীবে প্রবেশ করে সে বিষয়ে চিকিৎসকেবা এখনও সম্পূর্ণ অনভিজ্ঞ।

ইনকুবেশন (Incubation stage) গুপ্তাবস্থা—প্রথমে এই ডিপ্থিরিযার বিষ শবীবে প্রবেশ কবিলেও কিছু দিন ইহার কোন লক্ষণ প্রকাশিত হয না। এই অবস্থার স্থিতি কখন কখন নিশ্চিত স্থির কবা কঠিন। ভিন্ন ভিন্ন অবস্থানুসাবে ইহা কখন অধিকক্ষণ, কখন অল্পক্ষণ স্থাযী হয়। জন্তুদিগেব শরীরে এই বিষ প্রবেশ কবাইলে ১২ ঘণ্টাব মধ্যেই ডিপ্থিরিয়ার লক্ষণ প্রকাশ পায, কখন বা তিন দিবস পবে প্রকাশ পায়। মনুষ্য-দিগের মধ্যে প্রায় এইরূপই দেখা যায। যদি কোন কাবণ বশতঃ কোন ডিপ্থিবিয়া বোগীব বিষ অন্য ব্যক্তিব ক্ষতেব সহিত সংস্লিষ্ট হয় অথবা ডিপ্থিবিয়া রোগীতে ব্যবহৃত যন্ত্র বীতিমত ধৌত না করিয়া অন্য শরীরে প্রয়োগ করা যায়, তাহা হইলে ১২ ঘণ্টা হইতে ৪ দিবস মধ্যে ডিপ্থিরিয়ার লক্ষণ প্রকাশ পায়।

এতদ্ব্যতীত অন্য প্রকারে এই বিষ বা বীজাণু অন্য শরীরে প্রবেশ করিলে প্রায় দুই হইতে আট দিন পর্য্যন্ত গুপ্তাবস্থায় থাকে। বিষের উগ্রতা অনুসারে গুপ্তাবস্থা অল্পক্ষণ স্থায়ী হইয়া থাকে।

লক্ষণ—এই রোগকে তিনপ্রকারে বিভক্ত করা যাইতে পারে যথা—অতি মৃদু, সাধারণ এবং বিষম ডিপ্‌থিরিয়া রোগ। অতি মৃদু ডিপ্‌থিরিয়া রোগ অনায়াসেই বিষম ডিপ্‌থিরিয়া রোগে পরিণত হইতে পারে। সাধারণ ডিপ্‌থিরিয়ার লক্ষণগুলি নিম্নে বিবৃত হইল।

প্রথম বা আক্রমনাবস্থা—প্রথমাবস্থাতে রোগী সহসা অসুস্থতা বোধ করে; তাহার কার্য্য বা পরিশ্রম করিতে অনিচ্ছা হয়, এবং ক্ষুধামান্দ্য, বিবমিষা, ক্বচিৎ বমন ও পিপাসা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। তৎসঙ্গে গলার মধ্যে বেদনা, গলাধঃকরণে কষ্টবোধ, চোয়ালের নিচের গ্রন্থিগুলির বৃদ্ধি এবং জ্বর লক্ষিত হয়। জ্বর প্রথমে ১০০° বা ১০১° ডিগ্রির অধিক হয় না। গলাভ্যন্তর পরীক্ষা করিলে দেখা যায় যে অলিজিহ্বা, তালু, টন্‌সিল ও ফেরিংস স্ফীত হইয়াছে। শ্বাস প্রশ্বাসের সঙ্গে সঙ্গে নাড়ীর গতি দ্রুত হয়। ক্রমে শারীরিক দুর্ব্বলতা বেশী হইতে থাকে এবং নিম্ন হনুস্থির কোণস্থিত গ্রন্থি ভিন্ন তন্নিকটবর্ত্তী লিম্ফ্যাটিক গ্রন্থি স্ফীত ও বেদনাজনক এবং উহার উপরিস্থিত ত্বক রক্তবর্ণ হয়। এই সময়ে নাড়ী অতি দ্রুত ও ক্ষীণ এবং শ্বাস প্রশ্বাস ঘন ঘন হইতে দেখা যায়। তৎসঙ্গে গলাভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ বিশেষরূপ বর্দ্ধিত ও টন্‌সিল বিবর্ণ এবং রক্তবর্ণ শ্লৈষ্মিক ঝিল্লি দ্বারা পরিবেষ্টিত দেখা যায়। অল্পক্ষণ পরেই টন্‌সিল, কোমল তালু এবং ফেরিংসের উপরে স্থানে স্থানে

শ্বেতবর্ণ সর পড়িতে দেখা যায়। ঐ সকল স্থানের স্ফীততার বৃদ্ধির সঙ্গে সঙ্গে শ্বেতবর্ণ সর ও বৃদ্ধি হইতে থাকে এবং ক্রমে রক্ত বর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী পরিবেষ্টিত হরিদ্রা মিশ্রিত শ্বেতবর্ণের কাল্প-নিক বা অপ্রকৃত ডিপ্‌থিরিয়া ঝিল্লি রূপে পরিণত হয়। প্রথমে উহা সহজে উঠাইয়া ফেলা যায় ও তন্নিম্নে দগদগে রক্তবর্ণ ক্ষত দৃষ্ট হয় কিন্তু কখন কখন উহা পীড়িত স্থানের সহিত এত সংলগ্ন হইয়া থাকে যে সহজে উঠাইতে পারা যায় না। উঠাইতে গেলে আক্রান্ত স্থানের শ্লৈষ্মিক ঝিল্লি ছিন্ন বিছিন্ন হইয়া যায় ও নিম্নে রক্তস্রাবী ক্ষত দৃষ্ট হয়। উক্ত ঝিল্লি স্থানান্তরিত করিলেও অল্পক্ষণ মধ্যেই তথায় আর একটি নূতন অপ্রকৃত ঝিল্লি নির্ম্মিত হয়। ঐ ঝিল্লি বিস্তৃত হইয়া সমস্ত অলিজিহ্বা, টন্‌সিল ও ফেরিংস আবৃত করিয়া ফেলে। এই অবস্থায় গলাভ্যন্তর এতই স্ফীত হয় যে গলার ছিদ্র কচিৎ দৃষ্ট হয় এবং ঐ অপ্রকৃত ঝিল্লির বর্ণেরও পরিবর্ত্তন ঘটে। হরিদ্রা মিশ্রিত শ্বেতবর্ণ হইতে ধূসরবর্ণ প্রাপ্ত হয় এবং প্রথমে উহা খুব পাতলা থাকে পরে পুরু চামড়ার ন্যায় দেখা যায়। এই সময়ে নাসিকা রন্ধ্র হইতে সর্ব্বদা জল পড়িতে থাকে; জিহ্বা শুষ্ক ও শ্বেত বা ধূসর বর্ণ লেপযুক্ত এবং অগ্রভাগ রক্তবর্ণ দেখা যায়। ক্ষুধা আদৌ থাকে না ও সময়ে সময়ে বমন হইতে থাকে। গলাধঃকরণ অত্যন্ত কষ্টকর ও বেদনাজনক হইয়া পড়ে, এমন কি রোগী কিছুই খাইতে পারে না। প্রায়ই কোষ্টবদ্ধ থাকে। দৈহিক উত্তাপ ক্রমশঃ বৃদ্ধি হইতে থাকে এবং বক্ষ পরীক্ষা করিয়া দেখিলে শ্বাস নালীর রক্তাধিক্য বশতঃ নানাপ্রকার শুষ্ক শব্দ শুনিতে পাওয়া যায়। রোগী কখন কখন অল্প অল্প প্রলাপ বকিতে থাকে।

উপরের লিখিত অবস্থা প্রাপ্ত হইয়াও রোগীকে আরোগ্য

লাভ করিতে দেখা গিয়াছে। এই প্রকার রোগে আরোগ্য লক্ষণ প্রায়ই চতুর্থ দিবসে লক্ষিত হয়। অপ্রকৃত ঝিল্লি আপনা-পনি একবার পৃথক হইয়া পড়িয়া গেলে, পুনরায় আর গঠিত হইতে দেখা যায় না এবং ইহার পর হইতে রোগী আরোগ্য লাভ করিতে থাকে, কিন্তু ১২।১৪ দিবসের কম প্রকৃতরূপে আরোগ্য লাভ করিতে পারে না।

মৃদু প্রকারের ডিপ্থিরিয়ার প্রথম অবস্থায়, সামান্য শারীরিক অসুস্থতা, দুর্ব্বলতা, ক্ষুধামান্দ্য ও অতি অল্প জ্বর লক্ষিত হয়। গলাধঃকরণে সামান্য মাত্র বেদনা অনুভূত হয় এবং গলাভ্যন্তর পরীক্ষা করিয়া দেখিলে টন্সিলের স্থানে স্থানে শ্বেতবর্ণ সর দৃষ্ট হয় কিন্তু কোমল তালু বা ফেরিংসে কিছুই দৃষ্ট হয় না। অল্পদিন মধ্যেই শাদা শাদা দাগগুলি অন্তর্হিত হয় অথবা কাশের সঙ্গে উঠিয়া যায়। এই প্রকারের রোগী বেড়াইতে অথবা নিয়মিত কার্য্য করিতে অসমর্থ হয় না।

বিষম (Malignant) ডিপ্থিরিয়া রোগে প্রথম হইতেই গুরুতর লক্ষণ দৃষ্ট হয়। আক্রমণের সূচনা হইতেই অত্যন্ত অবসাদন ও দুর্ব্বলতা, নাড়ী ক্ষীণ অথচ দ্রুত এবং শক্তিহীন, শ্বাস প্রশ্বাস ঘন ঘন, ত্বক শুষ্ক, উত্তপ্ত ও কৃষ্ণবর্ণ, জিহ্বা শুষ্ক ও ধূসরবর্ণ, বিড়বিড়ে প্রলাপ ইত্যাদি লক্ষিত হয়। কখন কখন নানাবিধ শ্লৈষ্মিক ঝিল্লি হইতে রক্তস্রাব, চক্ষের কঞ্জাংটাইভার নিম্নে রক্ত সংযম ও গায়ে রক্তবর্ণ দাগ ইত্যাদি দৃষ্ট হয়। এই সময়ে দৈহিক উত্তাপ অত্যন্ত অধিক অথবা ১০১।১০২।১০৩ ডিগ্রি পর্য্যন্ত হয়। প্রস্রাবে এলবুমেন নির্গত হয় এবং গলাভ্যন্তরে টন্সিল, ফেরিংস, অলিজিহ্বা ও কোমল তালুর উপর অতি কোমল কৃষ্ণবর্ণ অপ্রকৃত ডিপ্থিরিয়ার ঝিল্লি দেখিতে পাওয়া

যায়। আক্রান্ত স্থানের পার্শ্বস্থ বিধান সমূহে অতি শীঘ্রই পচন বা বিগলিতাবস্থা প্রাপ্ত হয়। মুখ বিস্তার কবিলে ভয়ানক দুর্গন্ধ বাহির হয়। ঐ অপ্রকৃত ঝিল্লি অধিকাংশ স্থলে নাসিকা মধ্যে বিস্তৃত হয় এবং নাসীকা বন্ধ হইতে দুর্গন্ধ জল নির্গত হইতে থাকে। গলাব সমস্ত গ্রন্থিগুলি বর্দ্ধিত এবং প্রদাহ যুক্ত দেখা যায়। এই প্রকাব বিষম ডিপ্‌থিবিয়া রোগেব ভাবীফল প্রায়ই অশুভ।

অপ্রকৃত ঝিল্লির উৎপত্তি ডিপ্‌থিরিয়া বোগেব একটি প্রধান ও বিশেষ লক্ষণ। অনেকেব মতে ইহা না থাকিলে এই বোগ কদাচ ডিপ্‌থিরিয়া নামে অভিহিত হইতে পাবেনা কিন্তু আবার কোন কোন সুপ্রসিদ্ধ চিকিৎসক কখন কখন ডিপ্‌থিবিয়াব অন্যান্য সমস্ত লক্ষণ প্রকাশ পাইতে দেখিযাছেন কিন্তু ঝিল্লির কোন উদ্দেশ পান নাই। অবশ্য এই প্রকাব ডিপ্‌থিরিযা অতি বিবল। কখন কোন ডিপ্‌থিরিয়া প্রাদুর্ভূত স্থানে মৃদু ডিপ্‌থিরিয়ার সংখ্যা অধিক দেখিতে পাওয়া যায। আবাব কোন কোন স্থানে কেবল সাধারণ ডিপ্‌থিবিযাব সংখ্যা অধিক দেখিতে পাওয়া যায়।

উপসর্গ—(১) লেবিংস বা অন্যান্য নিম্ন বায়ুনালীতে, নাসিকায়, কর্ণে এবং চক্ষে অপ্রকৃত ঝিল্লিব বিস্তৃতি।

(২) বাহ্যিক আঘাত জনিত ক্ষতে বা ত্বকের সামান্য বিদাবণে এই অপ্রকৃত ঝিল্লিব আবির্ভাব।

(৩) গলাভ্যন্তরের বিধান সমূহের বিস্তৃত ক্ষত ও পচন বা বিগলিতাবস্থা। ডাঃ হিন্‌ক বলেন কখন কখন কোমল তালুতে ছিদ্র হয়।

(৪) গলায় প্রবল প্রদাহ এবং কচিৎ পূয়োৎপত্তি।

(৫) এলবুমিনিউরিয়া বা মূত্রে এলবুমিন বহির্গমন।

(৬) মূত্রবোধ এবং ইউরিয়া দ্বারা বিষাক্ততা।

(৭) হৃদপিণ্ডের বিবৃদ্ধি।

(৮) হৃদপিণ্ডের অবসাদন।

(৯) প্রায় সকল প্রকার শ্লৈষ্মিক ঝিল্লির ক্ষত হইতে রক্তস্রাব।

(১০) রক্তচাপ জনিত শিরাবরোধ (Venous thrombosis)।

(১১) ব্রঙ্কাই এবং ফুসফুসের পীড়া অর্থাৎ ব্রঙ্কাইটিস, ব্রঙ্ক নিউমোনিয়া, ফুসফুসের বায়ুবোধহেতু শুষ্কাবস্থা, এম্ফিসিমা, এবং ফুসফুস্ হইতে রক্তস্রাব।

(১২) পক্ষাঘাত।

লেরিংসে ডিপথিরিয়া ঝিল্লির বিস্তৃতি বড়ই আশঙ্কা জনক। শিশুদিগের মধ্যে ইহা প্রায়ই ঘটিয়া থাকে। এই উপসর্গ উপস্থিত হইলে রোগী লেরিংসে অত্যন্ত বেদনা অনুভব করে এবং সঙ্গে সঙ্গে উৎকাশী হয়। শ্বাসপ্রশ্বাস ঘন ঘন হইতে থাকে; গলার মধ্যে এবং বক্ষাভ্যন্তরে সাঁই সাঁই শব্দ হয়, মধ্যে মধ্যে শ্বাসকষ্ট হয়; সদাসর্ব্বদা শুষ্ক কাশ হইতে থাকে এবং গলার স্বর ক্রমশঃ অস্পষ্ট হইয়া যায়। শিশুদিগের মধ্যে প্রায়ই দেখা যায় যে গলার অবরোধ দ্রবীভূত করিবার নিমিত্ত তাহারা তাহাদের ক্ষুদ্র হস্ত দ্বারা গলা টানিতে থাকে। ক্রমশঃ লেরিংস অবরুদ্ধ হইয়া বায়ু প্রবেশের ব্যাঘাত জন্মে। এই সময়ে রোগী এত ঘন ঘন নিশ্বাস টানিতে থাকে যে তাহাতে সমস্ত পঞ্জর উঠিতে ও নামিতে দেখা যায়। নিম্ন পঞ্জর আর প্রসারিত হয় না কেবল উপরেই উঠিতে থাকে। ক্ল্যাভিকেলের উপরিস্থিত

স্থান প্রত্যেকবার শ্বাস গ্রহণের সময় নমিত হয়। ক্রমশঃ অধর এবং মুখাবয়ব নীলবর্ণ হইয়া যায়; নাড়ী অত্যন্ত দ্রুত হয়; কপালও কখন কখন সমস্ত শরীর ঘর্ম্মাক্ত হয়। শিশু-দিগের মধ্যে এই সময় ঘন ঘন আক্ষেপ ও স্পন্দন হইতে দেখা যায়। এইরূপ অবস্থায় ট্রেকিওটমী করিয়া বায়ু প্রবেশ না করাইলে মৃত্যু অবশ্যম্ভাবী।

পূর্ব্বেই বলা হইয়াছে কখন কখন বিষম ডিপ্‌থিরিয়ার ঝিল্লি নাসিকার অভ্যন্তরে প্রবেশ করে। এই উপসর্গ উপস্থিত হইলে রোগীর প্রতি নিশ্বাসে নাক ডাকার ন্যায় শব্দ হয় এবং বাহিরের নাসিকা রন্ধ্র দুইটি ঘন ঘন প্রসারিত ও আকুঞ্চিত হইতে থাকে ও নাসিকা দিয়া সদাসর্ব্বদা অতি তীব্র দুর্গন্ধযুক্ত জল পড়িতে থাকে। ঐ জল নাসিকার চতুস্পার্শ্বস্থ যে সমস্ত স্থানে লাগে সেই স্থানে ছাল যাওয়া মত অথবা রীতিমত ক্ষতই উৎপন্ন হয়। কোন কোন স্থলে নাসিকা হইতে রক্তস্রাব হইতে থাকে।

নাসারন্ধ্র হইতে অশ্রুনালী দ্বারা কঞ্জাংটাইভাতে ডিপ্‌থিরিয়া বিস্তৃত হইতে এবং চক্ষু ধ্বংশ হইতে কচিৎ দৃষ্ট হয়। কখন কখন গলাভ্যন্তর হইতে ডিপ্‌থিরিয়া ঝিল্লি উপবিস্থিত ফেরিংসের মধ্য-স্থিত ইউষ্টেকিয়ান টিউব দিয়া মধ্য কর্ণে প্রবেশ করে। এইরূপে ইসোফেগাস, পাকাশয় এবং অন্ত্রও আক্রান্ত হইতে পারে।

সময়ে সময়ে দেখা যায় যে ডিপ্‌থিরিয়া রোগীর গাত্রে অন্য কোনরূপ ক্ষত থাকিলে তাহার উপরে স্বতই ডিপ্‌থিরিয়া ঝিল্লি নির্ম্মিত হয় কিন্তু এমন অনেক রোগীও দেখিতে পাওয়া যায় যাহাদের বাহ্যিক ক্ষতেই ডিপ্‌থিরিয়া ঝিল্লি প্রথম দৃষ্ট হয় এবং

ইহা হইতেই রক্ত বিষাক্ততা জন্মিয়া সার্ব্বাঙ্গিক লক্ষণ সকল প্রকাশ পায়।

প্রায় সকল প্রকারের ডিপ্‌থিরিয়ায় হন্বস্থির নিম্নস্থ গ্রন্থিগুলির প্রদাহ ও বিবৃদ্ধি দেখিতে পাওয়া যায় কিন্তু কোন কোন দুরূহ রোগে ইহা ব্যতীত গলার সমস্ত গ্রন্থিগুলি আক্রান্ত হয়। উহাদের উপরিস্থিত ত্বক স্ফীত, রক্তবর্ণ ও শোথযুক্ত দেখিতে পাওয়া যায় এবং কচিৎ গ্রন্থিগুলিতে পূযোৎপত্তি হয়।

এলবুমিনিউরিয়া—প্রায় অর্দ্ধেক কখন কখন ⅔ অংশ রোগীর প্রস্রাবে এলবুমিন বহির্গত হইতে দেখা যায়। কখন কখন এলবুমিনের পরিমাণ অত্যন্ত অধিক কখন বা অতি অল্প। আরোগ্যের পূর্ব্বাবস্থাতেই ইহার বহির্গমন বন্ধ হয়। কোন কোন সময় ইহা মাসাধিকের অধিক পর্য্যন্ত থাকে।

পক্ষাঘাত—ইহা ডিপ্‌থিরিয়ার একটি প্রধান উপসর্গ। ডাঃ গাউয়ার্স বলেন যে শতকরা ৮ হইতে ৬৬ জন ডিপ্‌থিরিয়া রোগীর পক্ষাঘাত হইয়া থাকে এবং আরোগ্য প্রাপ্ত রোগীর মধ্যে প্রায় ⅓ অংশ রোগীকে পক্ষাঘাতের যন্ত্রণা ভোগ করিতে হয়। সাধারণতঃ এই পক্ষাঘাত প্রায় দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ সপ্তাহে দেখা দেয়, কিন্তু কখন কখন আবার দ্বিতীয় দিবসেই ইহা উপস্থিত হয়।

প্রথমে কোমল তালুরই প্রায়ই পক্ষাঘাত হইয়া থাকে। এই উপসর্গ উপস্থিত হইলে রোগীর কথা খোনা খোনা বা অনুনাসিক হয়; কোন তরল পদার্থ গিলিতে গেলে তাহা নাসিকারন্ধ্র দিয়া বহির্গত হইয়া যায়। কথা বলিবার সময় অলিজিহ্বা অসাড় হইয়া পড়িয়া থাকে এবং তাহার স্পর্শানুভবশক্তি একেবারেই লোপ হয়। কখন কখন তালুর একদিগের পক্ষাঘাত হইয়া অলি জিহ্বা পর্য্যন্ত নীত হয়। ইহা ব্যতীত কখন কখন চক্ষু, ঊর্দ্ধাঙ্গ, নিম্নাঙ্গ,

ইন্টারকষ্টাল পেশী, ডায়ফ্রাম, লেরিংস এবং ভোকাল কর্ডের পেশী ইত্যাদির পক্ষাঘাত হইয়া থাকে। চক্ষের পক্ষাঘাত হইলে যে চক্ষে পক্ষাঘাত হয় ইন্টার্নাল রেক্টাস পেশীর পক্ষাঘাত বশতঃ সেই চক্ষু ঈষৎ ট্যাবা দেখা যায়। নিকটের বস্তু ভালমত দৃষ্ট হয় না কিন্তু দূরের বস্তু বেশ দেখা যায়। আলোকে চক্ষুর কনীনিকা ভালমত আকুঞ্চিত হয় না। ইন্টার্নাল রেক্টাস পেশী ভিন্ন অন্যান্য পেশীও আক্রান্ত হইতে পারে। ঊর্দ্ধাঙ্গের পক্ষাঘাত হইলে প্রথমে সেই সকল অঙ্গের পক্ষাঘাতের পূর্ব্বে ঝিঁ ঝিঁ ধরার মত অথবা সূচ বিদ্ধবৎ বেদনানুভব হয়। তৎপরে ক্রমশঃ পক্ষাঘাত হয়। মাংসপেশীগুলি শুষ্ক হইতে থাকে, হাঁটুর চাকার নিম্নে যে মোটা শির বা টেণ্ডন আছে তাহাতে ধাক্কা দিলে পা নড়িয়া যায় না। স্পর্শানুভব সম্পূর্ণরূপে বা আংশিকরূপে নষ্ট হয়। মুখের বা জিহ্বার পেশী সকল আক্রান্ত হইতে প্রায়ই দেখা যায়না।

ডিপ্‌থিরিয়ার দৈহিক উত্তাপ প্রায় ১০৪° ডিগ্রির অধিক হয়না কিন্তু ব্রঙ্কোনিউমোনিয়া বা গলদেশে পূযোৎপত্তি হইলে তদপেক্ষা অধিক হয়। নাড়ী প্রায়ই ক্ষীণ দেখা যায় ; কিন্তু খুব দ্রুত নাড়ী একটি আশঙ্কাজনক লক্ষণ এবং এই দ্রুত নাড়ীর সঙ্গে সঙ্গে বমন বর্ত্তমান থাকিলে, ভাবীফল বড়ই অশুভ মনে করিতে হইবে। হৃদপিণ্ডের স্পন্দন প্রায়ই ক্ষীণ এবং প্রথম শব্দ ছোট অর্থাৎ অল্পক্ষণ স্থায়ী হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহা একটি ভয়ানক সংক্রামক পীড়া তজ্জন্য ডিপ্‌থিরিয়া রোগাক্রান্ত হইবা মাত্রই রোগীকে স্বতন্ত্র স্থানে রাখা উচিত। গলাভ্যন্তর হইতে নিক্ষিপ্ত ডিপ্‌থিরিয়া ঝিল্লির সামান্য অংশ

কোন প্রকারে দেহের বা রক্তের সহিত সংযুক্ত হইলেই ডিপ্‌থিরিয়া হইবে, সুতরাং ডিপ্‌থিরিয়া রোগীর সম্মুখে একভাগ কার্ব্বলিক এসিড দ্রব বা ৫০০ শত ভাগে এক ভাগ পার-ক্লোরাইড অব্ মার্কারী দ্রব পূর্ণ জলপাত্র রাখা কর্ত্তব্য। বাটী হইতে বিড়াল বা অন্য পোষা পাখী স্থানান্তরিত করা আবশ্যক। রোগীকে গরম অথচ উত্তম বায়ু সঞ্চালিত গৃহে রাখা সর্ব্বতোভাবে বিধেয়। যদি শ্বাস যন্ত্রের কোনরূপ পীড়া লক্ষিত হয় তাহা হইলে উষ্ণ জলের বাষ্পদ্বারা গৃহের বায়ু আর্দ্র রাখা উচিত।

ডিপ্‌থিরিয়া রোগীর শারীরিক দুর্ব্বলতা অত্যন্ত অধিক হইয়া থাকে এবং সামান্য তরল পদার্থ পান করিতে রোগী কষ্টবোধ করে। ইহার উপর প্রায় আবার বমন আর একটি উপ-সর্গ আসিয়া উপস্থিত হয়। এরূপ অবস্থায় রোগী বিশেষে ভিন্ন ভিন্ন পথ্য ব্যবস্থা করা উচিত। সোডা ওয়াটার বা চুনের জলসহ দুগ্ধই উত্তম পথ্য। ইহা দুই ঘণ্টান্তর অল্প অল্প পরিমাণে দেওয়া আবশ্যক ও তৎসহ এরারুট মিশ্রিত করিয়া দেওয়া মন্দ নহে। ইহা ব্যতীত বা ইহার পরিবর্ত্তে সুপ বা ব্রথ অনায়াসে দেওয়া যাইতে পারে। দুগ্ধ সহ্য না হইলে কেবল ব্রথের উপর নির্ভর করাই কর্ত্তব্য। কোন পথ্যই গলাধঃকরণ না হইলে সরলান্ত্র মধ্যে পিচকারী দ্বারা পথ্য দেওয়া উচিত।

প্রত্যেক দুরূহ ডিপ্‌থিরিয়া রোগে, এল্‌কোহল বিশেষ প্রয়োজনীয়। রোগীর বয়স এবং অবস্থানুসারে শ্যাম্পেন (Champagne) অথবা ব্রাণ্ডি ২।৩ ঘণ্টান্তর ব্যবস্থা করা উচিত। হৃদপিণ্ডের অবসাদন লক্ষিত হইলে উহা ঘন ঘন এবং অধিক পরিমাণে দেওয়া কর্ত্তব্য।

আভ্যন্তরিক ঔষধ—ডিপ্‌থিরিয়া বীজাণু ধ্বংস করার পক্ষে

পচন নিবারক ঔষধই প্রসিদ্ধ। অন্যান্য পচন নিবারক ও বীজাণু নাশক ঔষধের মধ্যে কুইনাইন, পারক্লোরাইড এবং পার-আইওডাইড অব্ মার্কারী সর্ব্বপ্রধান। ২ গ্রেণ কুইনাইন, ইত—ইভ গ্রেণ পারক্লোরাইড অব্ মার্কারী সহ প্রত্যেক ৩৪ ঘণ্টান্তর ব্যবহারে, অতীব সন্তোষজনক ফল পাওয়া যায়। পার-আইওডাইড অব্ মার্কারী ব্যবহার করিতে হইলে উহার দ্রবই ব্যবহার করা উচিত। অনেকে সায়েনায়েড অব্ মার্কারী সেবন জন্য ব্যবহার করিতে বলেন কিন্তু উহা ভয়ানক বিষ সুতরাং ব্যবহার না করাই ভাল।

কখন কখন সেলিসিলিক এসিড এবং উহার প্রয়োগরূপ ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। পুরাতন ঔষধের মধ্যে টিং ফেরি পারক্লোরাইড এবং পটাশ ক্লোরাস অতীব মূল্যবান। এই উভয় ঔষধই গ্লিসারিন সহ ব্যবহার করিলে ভাল হয়। বমন না হওয়া পর্য্যন্ত টিং ফেরি পারক্লোরাইড অনায়াসে ব্যবস্থা করা যাইতে পারে। জ্বরঘ্ন ঔষধের মধ্যে ক্ষার ধর্ম্মাক্রান্ত ঔষধাপেক্ষা অম্লধর্ম্মাক্রান্ত ঔষধই ভাল। কখন বা কোন কারণে এণ্টিফেব্রিন এণ্টিপাইরিন ও ফিনাসিটিন ইত্যাদি ঔষধ ব্যবহার করা উচিত নহে। অন্যান্য ঔষধের মধ্যে পারঅক্সাইড অব্ হাইড্রোজন, সোডিয়াম হাইপসাল্‌ফেট, সোডিয়াই সেলিসিলেট, টার্পিণ্টাইন, থাইমল, হেলেনিন্, ক্লোরাল এবং জেবরাণ্ডি কখন কখন ব্যবহৃত হইয়া থাকে।

স্থানিক ঔষধ—পচন নিবারক ঔষধ দ্বারা ডিপ্‌থিরিয়া বিষ ধ্বংস করা যাইতে পারে সুতরাং ঐ সকল ঔষধই স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য। কষ্টিক ঔষধ ব্যবহার পরিত্যাগ করা উচিত কারণ উহা দ্বারা ডিপ্‌থিরিয়া ঝিল্লি ধ্বংস বা দুরীভূত

না হইয়া বরং বৃদ্ধি পায়। ডিপ্‌থিরিয়া ঝিল্লি উঠাইয়া ফেলিতে পারিলে ভালই হয় কিন্তু তাহা বলিয়া জোর করিয়া তুলিয়া ফেলা যুক্তি সঙ্গত নহে।

স্থানিক প্রয়োগের জন্য যে কোন ঔষধ ব্যবস্থা হউক না কেন উষ্ণ জলসহ ব্যবহার করিবে। কখনই শীতল জল ব্যবহার করিবে না। ১নং ব্যবস্থা পত্র স্থানিক প্রয়োগের জন্য বিশেষ উপকারী। এতদ্ব্যতীত ৫০০ শত ভাগ জলে ১ ভাগ পারক্লোরাইড অব্ মার্কারী দ্রব, ২০ শ ভাগ জলে ১ ভাগ কার্ব্বলিক এসিড দ্রব ২০ শ ভাগ জলে এক ভাগ বিসর্সিন দ্রব অতীব ফলদায়ক। পারক্লোরাইড অব্ আয়রণের স্থানিক প্রয়োগেও উত্তম ফল পাওয়া যায়। উপরোক্ত প্রয়োগ সহ কার্ব্বলিক এসিড স্প্রে ব্যবহার করা যাইতে পারে। কেহ কেহ বলেন পেপেইন প্রয়োগে ডিপ্‌থিরিয়া ঝিল্লি দুরীভূত হয় কিন্তু ফলে ইহার কৃত-কার্য্যতা ততদূর দৃষ্ট হয় না। কোন কোন স্থলে নিম্ন লিখিত লোশন স্প্রে দ্বারা ব্যবহারে সন্তোষজনক ফল পাওয়া গিয়াছে।

গ্লিসারিন অব্ কার্ব্বলিক এসিড	...	৬ ড্রাম।
সোডা বাইকার্ব্ব	... ...	১ ড্রাম।
গরম জল	... ...	৬ ঔন্স।

উপসর্গের চিকিৎসা—নাসিকার ডিপ্‌থিরিয়ায় উপরোক্ত কার্ব্বলিক এসিড এবং সোডা বাইকার্ব্ব স্প্রে, বোরাক্স, পটাশ ক্লোরাস এবং গ্লিসারিন প্রয়োগে অথবা পার্ক্লোরাইড অব্ মার্কারী (২০০০ ভাগে ১ ভাগ) লোশনের স্প্রে এবং টার্পিণ্টাইন অথবা ইউডিক্যালিপ্টলের বাষ্প গ্রহণ অতীব ফলপ্রদ।

লেরিংসের ডিপ্‌থিরিয়া প্রাথমিক বা দ্বৌবারিক উভয় বিধই হইয়া থাকে। সচরাচর ইহা ডিপ্‌থিরিয়ার একটি উপসর্গরূপে

লক্ষিত হয়। শিশুদিগের মধ্যে এই রোগ হইলে শিশুকে শয্যায় শয়ন করাইয়া চতুস্পার্শ্ব বস্ত্র দ্বারা আবৃত করতঃ এক পার্শ্বে অৰ্দ্ধেক খোলা রাখিবে, ঠিক তাম্বুর মত করিয়া বস্ত্রদ্বারা ঘিরিবে। পরে পায়েরদিকের বস্ত্রাবরণের পার্শ্বে একটি উষ্ণজলের ষ্টিম স্প্রে রাখিয়া তাহার নলটি বস্ত্র ছিদ্র করিয়া ভিতরে রাখিবে এবং মস্তকের পার্শ্বে যে দিকে অৰ্দ্ধেক খোলা রাখা হইয়াছে সেই পার্শ্বে কার্ব্বলিক এসিড ও সোডা বাইকার্ব্বের স্প্রে রাখিবে, দুইটি স্প্রেই চলিতে থাকিবে একটী দ্বারা উষ্ণ জলের বাষ্প ও অপরটি দ্বারা কার্ব্বলিক এসিড বাষ্প চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া পড়িবে।

অতি অল্প বয়স্ক শিশুদিগের গলায় এক টুকুরা ব্লটিং কাগজ বাঁধিয়া তাহাতে স্পিরিট অব্ টার্পিণ্টাইন, পাইনল বা ইউ-ক্যালিপ্টল দিলে শুভ ফল দর্শে।

উপরোক্ত স্থানিক *প্রয়োগের সঙ্গে ১/৬০ গ্রেণ পারক্লোরাইড* অব্ মার্কারী দুগ্ধ সহ ২।১ ঘণ্টান্তর সেবন অতীব ফলদায়ক। ডিপ্‌থিরিয়া ঝিল্লি নির্গত করার জন্য বমনকারক ঔষধও দেওয়া উচিত। বমনকারক ঔষধের মধ্যে ইপিকাক এবং সাল্‌ফেট অব্ জিঙ্ক উৎকৃষ্ট। এপমর্ফিন। অত্যন্ত অবসাদক সুতরাং উহা ব্যবহার করা কোনক্রমেই উচিত নহে। উপরোক্ত চিকিৎসায় কোন ফল না হইলে ট্রেকিওটমী অথবা ইন্টুবেসন্ করাই যুক্তি সঙ্গত।

বমন—বমন নিবারণের জন্য কার্ব্বলিক এসিড, ক্রিয়েজোট বা বিশমথ অত্যন্ত উপকারী। এতদ্ব্যতীত বরফ চুষিতে দেওয়া উচিত।

হৃদ্‌পিণ্ডের অবসাদনে উত্তেজক ঔষধ, ষ্ট্রিক্‌নিয়ার ত্বক নিম্নে পিচকারী, নাইট্রেট অব্ এমিল বা নাইট্রো গ্লিসারিন ব্যবহার্য্য। এতদ্ব্যতীত রোগীকে সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা এবং সাধারণ বল-

কাবক ঔষধ যথা ষ্ট্রিক্নিয়া, আয়রণ, এবং ডিজিটেলিস ইত্যাদি ঔষধ সেবন করিতে দেওয়া নিতান্ত আবশ্যক।

পক্ষাঘাত হইলে উত্তম পুষ্টিকর পথ্য, বিশুদ্ধ বায়ু সেবন ও লৌহঘটিত ঔষধ এবং ষ্ট্রিক্নিয়া ব্যবস্থা করা উচিত।

সংপ্রতি ইউরোপে ডিপ্‌থিরিয়া বিষ প্রতিষেধক এণ্টিটক্সিন সিরাম দ্বারা নূতন চিকিৎসা প্রথা প্রবর্ত্তিত হইয়াছে ও ইহা দ্বারা অত্যাশ্চর্য্য ফল দৃষ্ট হইযাছে ও হইতেছে। কলেরা বীজাণুর আবিষ্কারক সুপ্রসিদ্ধ প্রঃ কচেব প্রঃ বেরিং ও কিটাসেটো নামক ছাত্রদ্বয় এই চিকিৎসাব প্রথম প্রবর্ত্তক। এই নূতন প্রবর্ত্তিত চিকিৎসানুসাবে এণ্টিটক্সিন সিরাম ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ কবা হইয়া থাকে।

প্রঃ বেরিং প্রথমতঃ ডিপ্‌থিরিয়া বীজাণু ক্ষার ধর্ম্মাক্রান্ত পেপ্‌টোন্ সংযুক্ত ব্রথে রোপন কবিয়া উহা ৩৭° সেণ্টিগ্রেড উত্তাপে এবং উষ্ণজলের বাষ্প বিশিষ্ট আর্দ্রবায়ু সঞ্চালিত ঘরে রাখিয়া দেন। তিন সপ্তাহ পবে দেখেন যে এই রোপিত বীজাণু হইতে এক প্রকাব বিষ নিঃসৃত হইযাছে। তৎপবে ব্রথ ফিল্‌টার করণান্তব একটি পরিষ্কাব তবল পদার্থ প্রাপ্ত হন এবং উহা বায়ু নিরুদ্ধ একটি ষ্টপাব যুক্ত শিশিতে অন্ধকাব স্থানে রাখিয়া দেন। এই টক্সিন বা বিষ হইতে ৫০০ ড্রাম লইয়া একটি গিনিপিগ নামক জন্তুর দেহ মধ্যে প্রবেশ কবাইয়া দিয়া দেখেন যে ঐ গিনিপিগ ২৪ ঘণ্টা পবে মরিয়া গেল। পরে তিনি কুকুর, ভেড়া, গাধা, গরু এবং ঘোড়া ইত্যাদি জন্তুর শরীরে উহার ক্রিয়া পরীক্ষা করিতে লাগিলেন। অবশেষে পরীক্ষা করিয়া এই সিদ্ধান্ত করিলেন যে যদি অতি অল্প অল্প বিষ অনেকক্ষণ পর পর প্রয়োগ করা যায় তাহাহইলে যে জন্তুর শরীরে উহা প্রয়োগ করা হয় ঐ

জন্তুর শরীরে পরে ডিপ্‌থিরিয়া বিষ প্রবেশ করাইলে আর ডিপ্‌থিরিয়া উৎপন্ন হয় না। এমন কি বিশুদ্ধ প্রকৃত বিষ ঐ জন্তুর দেহে প্রবিষ্ট হইলেও কিছুই হয় না। অন্যান্য জন্তুর মধ্যে ঘোটকই সহজে ও শীঘ্রই এইরূপ বিষ ক্রিয়া প্রতিরোধ করিতে পারে এবং অন্যান্য জন্তু অপেক্ষা ডিপ্‌থিরিয়া বীজাণু জনিত বিষ ক্রিয়া সহ্য করিতে পারে। যে সকল ঘোটকের দেহে অল্প অল্প ডিপ্‌থিরিয়া বিষ প্রবেশ করাইয়া শেষে দেখা যায় যে উহারা পূর্ণ মাত্রায় বিষ সহ্য করিতে পারে উহাদের জুগুলার ভেন হইতে রক্ত মোক্ষন করিয়া সেই রক্ত হইতে তিনি সিরাম পৃথক করিয়া লইলেন এবং ডাঃ বেরিং দেখিলেন এই সিরাম যে জন্তুর দেহে প্রবিষ্ট করান হইল সেই জন্তুই অনায়াসে ডিপ্‌থিরিয়া বিষ সহ্য করিতে পারিল। অবশেষে ডিপ্‌থিরিয়াক্রান্ত মনুষ্য শরীরে এই বিষ অর্থাৎ সিরাম ত্বক নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগে অত্যাশ্চর্য্য ফল পাইতে লাগিলেন। সংপ্রতি এই চিকিৎসা সমস্ত ইউরোপ প্রচলিত হইযাছে এবং এইরূপ চিকিৎসা জন্য এ রোগের মৃত্যু সংখ্যা অনেক কম হইয়াছে। ৩১নং ব্যবস্থা পত্র দেখ।

ঔষধ বিষয়ক টীকা।

এসিড সাল্‌ফিউরাস—ডাঃ কার্পেণ্টার শিশুদিগের ডিপ্‌থিরিয়া রোগে নিম্নলিখিত ঔষধ প্রয়োগে অত্যাশ্চর্য্য ফল পাইয়াছেন।

এসিড সাল্‌ফিউরেসাই	...	১ ঔন্স।
একোয়া পিউরা	... ...	১ ঔন্স।
গ্লিসারিন	... ...	৬ ঔন্স।

বয়সানুসারে ½—২ ড্রাম মাত্রায় প্রত্যেক অর্দ্ধ ঘণ্টান্তর সেব্য।

এল্‌কোহল—ডাঃ রবার্টস ডিপ্‌থিরিয়ার বিষ প্রতিষেধকরূপে এল্‌কোহল সংযুক্ত কবল ব্যবহার করিয়া ফল পাইয়াছেন।

পটাশ ক্লোরাস	...	...	২ ঔন্স।
এল্‌কোহল	...	...	২ ঔন্স।
একোয়া বোজ	..	...	২ ঔন্স।

প্রত্যেক অর্দ্ধ ঘণ্টান্তর কবল কবিতে হইবে।

এসিড কার্ব্বলিক—ডাঃ ম্যাকওযেন এক ফোটা কার্ব্বলিক এসিড জলসহ প্রতি ঘণ্টান্তব সেবনেব ব্যবস্থা করেন।

এমন মিউবাস—ডাঃ ওগ্‌লেসবি ইহা সেবন ব্যবস্থা করিয়া থাকেন। তিনি নিম্নলিখিত ব্যবস্থা পত্রের প্রশংসা করেন।

এমন মিউবাস	...	..	২ ড্রাম।
পাল্‌ভ একেশিয়া	..	..	২ ড্রাম।
শর্কবা	...	...	২ ড্রাম।
উষ্ণজল	...	...	৪ ঔন্স।

শিশুদিগেব জন্য ১ ড্রাম ও প্রাপ্ত বয়স্কদিগের জন্য ৩—৪ ড্রাম মাত্রায প্রত্যেক দুই ঘণ্টান্তব সেব্য। অবসাদন বর্ত্তমান থাকিলে তিনি উক্ত ঔষধসহ এল্‌কোহল সংযুক্ত উত্তেজক ঔষধ ও ক্লোরিন জলেব কবল ব্যবস্থা করেন।

এপমর্ফিয়া—ডিপ্‌থিবিযায বমন করাইবাব আবশ্যক হইলে কেহ ত্বকনিম্নে $\frac{1}{16}$ গ্রেন মাত্রায পিচকারী প্রযোগ ব্যবস্থা করেন। কিন্তু ইহা বড অবসাদক।

একোয়া ক্লোবিনাই—ইহা উভয় আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়। শিশুদিগের জন্য ১—২ ড্রাম মাত্রার অধিক দেওয়া উচিত নহে। কখনও জল সহ সেবনের ব্যবস্থা কবিবে না।

ক্লোরাল—ডাঃ ফাবিনি গ্লিসারিন সহ ব্যবহার করিয়া অতি উত্তম ফল পাইয়াছেন।

ক্লোরাল	...	৩০—৪০ গ্রেণ।
গ্লিসারিন	...	৪—৫ ড্রাম।

১ ড্রাম মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য।

কিউবেব—ডিপ্‌থিরিয়ার প্রথমাবস্থায় মোঁসো ট্রিডো অধিক মাত্রায় ইহা ব্যবস্থা করেন।

কুপ্রাই সাল্‌ফাস—ডাঃ স্কোয়েযার এই রোগে বমনের জন্য নিম্নলিখিত ব্যবস্থা মত ইহা ব্যবহার করেন।

কুপ্রাই সাল্‌ফ	...	..	৫ গ্রেণ।
একোয়া	..	..	১ ঔন্স।

বালকদের জন্য ১ ড্রাম মাত্রায় ব্যবহার্য্য।

টিং ষ্টিল—ইহা ডিপ্‌থিরিয়া রোগের একটি মহামূল্য ঔষধ। প্রায় সকল অবস্থাতেই ইহা দেওয়া যাইতে পারে। রোগ যখনই প্রথম দৃষ্ট হইবে তখন হইতেই ইহা ব্যবহার করা উচিত। ডাঃ ইয়েটস বলেন কখন কখন ইহা ২।৩ বার সেবনে বমন হইতে দেখা যায় কিন্তু উহা বরাবর থাকেনা। যদি ইহা দ্বারা কোষ্ঠবদ্ধ হয় তাহা হইলে ইহার সঙ্গে একটু গ্লিসারিন সংযোগ করিয়া দেওয়া আবশ্যক। প্রাপ্ত বয়স্কের জন্য ১০।১৫ মিনিম ৩ বৎসর বয়স্কের জন্য ৫ মিনিম এবং এক বৎসর বয়স্কের জন্য ২ মিনিম মাত্রায় ব্যবস্থা করা উচিত। লাইকর ফেরি-পারক্লোরাইড এবং গ্লিসারিন সমভাগে কখন কখন স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

গোয়েকাম—ডাঃ ন্যাফি নিম্নলিখিত ব্যবস্থা পত্রের বিশেষ প্রশংসা করেন।

টিং গোয়েসাই এমনিয়েটা ..		১—৫ ড্রাম।
— সিঙ্কোনা কোং	...	... ২ ঔন্স।
পটাশ ক্লোরাস	...	... ৮০ গ্রেণ।
মেলিস	...	যথা প্রয়োজন।
একোয়া	...	... ৮ ঔন্স।

বয়সানুসারে ১—৪ ড্রাম মাত্রায় ২।৩।৪।৬ ঘণ্টান্তর অথবা প্রত্যেক তিনবার সেব্য।

হাইড্রার্জিরাই সাব্ ক্লোরাইড—আমেরিকার ডাঃ ডুয়ার বলেন যে তিনি অধিক মাত্রায় সোডা বাইকার্ব্ব ও অল্পমাত্রায় ক্যালমেল এবং ব্রাণ্ডি ও পুষ্টিকর পথ্য ব্যবহার করিয়া অনেক রোগী আরোগ্য করিয়াছেন। ডাঃ হোয়াইটহেড্ আবার ক্যালমেল সহ কুইনাইন এবং লৌহ ঘটিত ঔষধ দিতে বলেন। তিনি বলেন যে সোডা এবং ক্যালমেল ব্যবহারে ডিপ্‌থিরিয়ার অপ্রকৃত বা কাল্পনিক ঝিল্লি দ্রবীভূত হয় এবং উহা সম্পূর্ণরূপে অন্তর্হিত বা অপসারিত না হওয়া পর্য্যন্ত উহা ব্যবহার করা উচিত। তিনি আরও বলেন যে অধিক মাত্রায় সোডা থাকার জন্য স্যালিভেশন বা মুখ আইসার কোন আশঙ্কার সম্ভাবনা নাই।

হাইড্রার্জিরাই পারক্লোরাইড—ডাঃ মেডিসন রিস ইহার বিশেষ প্রশংসা করেন। ৪ ঔন্স বৃষ্টির জলে ১ গ্রেণ হাইড্রার্জিরাই পারক্লোরাইড দ্রব করিয়া ৫ বৎসরের শিশুর জন্য উহার ১ ড্রাম প্রত্যেক দুই ঘণ্টান্তর সেবন করিতে দিয়া থাকেন। রোগ কঠিন হইলে ঐ মাত্রা প্রত্যেক ঘণ্টান্তর ব্যবস্থা করেন কিন্তু অধিক দিন ব্যবহার করিতে হইলে ক্রমশঃ কম মাত্রায় দিতে বলেন।

হাইড্রার্জিরাই সায়ানিউরেটম্—ডাঃ এ, এরিকসন্ ইহা ২৫টি রোগীতে ব্যবহার করিয়া ফল পাইয়াছেন। তিনি বলেন ইহা অতি অল্প মাত্রায় ব্যবহার করা উচিত। ৩ ঔন্স জলে ৳ গ্রেণ দ্রব করিয়া ১ ড্রাম মাত্রায় দিয়া থাকেন।

পেপায়োটিন—ডাঃ সাফার বলেন যে তিনি ৪৭ জন রোগীকে ১০০ ভাগ জলে ৫ ভাগ পেপাযোটিন দ্রব করিয়া উহার স্থানিক প্রয়োগ কবিয়াছিলেন উহাতে প্রায় সমস্ত রোগীরই অপ্রকৃত ঝিল্লি অতি শীঘ্র অন্তর্হিত হইয়াছিল এবং সঙ্গে সঙ্গে দৈহিক উত্তাপেরও হ্রাস হইয়াছিল। ইহা অতি সাবধানে প্রয়োগ কবা উচিত।

পটাশ ক্লোরাস—ইহা ডিপ্থিবিয়ার একটি মূল্যবান ঔষধ। অধিক মাত্রায় এবং অল্পক্ষণান্তর ব্যবহারে বিশেষ উপকারী।

লাইকর পটাশি—ডাঃ ন্যাফি বলেন অনেক কঠিন রোগে ইহা দ্বাবা উপকাব পাওয়া গিযাছে। যতক্ষণ ডিপ্থিরিয়ার সামান্য মাত্র ঝিল্লি বর্ত্তমান থাকিবে ততক্ষণ ইহা ২০ মিনিম মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর দেওয়া যাইতে পারে।

সোডিয়াই বেঞ্জোয়াস—প্রঃ ক্লেব্স্ বলেন ইহা ডিপ্থিরিয়ার একটি উত্তম প্রতিষেধক ও পচন নিবারক ঔষধ। তিনি প্রাপ্ত বয়স্ককে প্রত্যহ ১—২ ড্রাম মাত্রায় শর্করা সহ দিয়া থাকেন। অন্যান্য চিকিৎসকে অল্প মাত্রায় বিশেষ ফল পাইয়াছেন।

ষ্টিমুলেণ্টস্—বোগেব আতিশয্য বশতঃ রোগী যতই অল্পপরিমাণে পথ্য লইবে ততই উত্তেজক ঔষধের আবশ্যক হইবে। উত্তেজক ঔষধের মধ্যে ব্রাণ্ডিই সর্ব্বোৎকৃষ্ট। তৎপরিবর্ত্তে কখন কখন শ্যামপেন ব্যবহার করা যাইতে পারে। রোগের

কঠিনাবস্থায় উত্তেজক ঔষধ কিছু অধিক পরিমাণে ব্যবহার করা আবশ্যক। অতি অল্পবয়স্ক শিশুদিগকে ১০—৩০ ফোটার অধিক দেওয়া উচিত নহে। তদপেক্ষা অধিক বয়স্ক শিশুদিগকে ½—১ ড্রাম মাত্রায় দেওয়া যাইতে পারে এবং প্রাপ্ত বয়স্কদিগকে ½—১ ঔন্স মাত্রায় দেওয়া উচিত।

থাইমল ডাঃ ওয়ারেন ইহা নিম্নলিখিত রূপে ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন।

থাইমল ...	... ৪½ গ্রেণ।
পটাশ ক্লোরাস ...	.. ৩½ ড্রাম।
কুইনি সালফ ...	½—১ ড্রাম।
ভাইনম গ্যালিসাই ..	... ৮½ ঔন্স।
গ্লিসারিন ...	... ২ ঔন্স।

১—৫ বৎসর বয়স্ক বালকের জন্য ১—২ ড্রাম এবং প্রাপ্ত বয়স্কের জন্য ½—১ ঔন্স মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তর সেব্য।

টার্পিটাইন—জার্ম্মান দেশীয় অনেক চিকিৎসক দুগ্ধ সহ ইহা ব্যবহারে ডিপ্‌থিরিয়ার অপ্রকৃত ঝিল্লি বিদূরিত হইতে দেখিয়াছেন।

স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত ঔষধের টীকা।

এসিড বোরিক—ইহার কবল বিশেষ ফলপ্রদ। ইহার পূর্ণ তেঁজস্কর দ্রব (Saturated Solution) ব্যবহার করাই কর্ত্তব্য।

এসিড কার্ব্বলিক—ডাঃ সি সেজউইক্ নিম্নলিখিত স্থানিক প্রয়োগের ভূয়সী প্রশংসা করেন।

এসিড কার্ব্বলিক ...	.. ২০ মিনিম।
— এসিটিক ...	... ৩০ মিনিম।

মিশ্রিত করণান্তর নিম্নলিখিত ঔষধত্রয় সংযোগ করিতে হইবে।

মেলিস	... ...	২ ড্রাম।
টিং মর্	... ...	২ ড্রাম।
একোয়া	সমষ্টি	১ ঔন্স।

তিনি অল্প বয়স্ক বালকদের গলার মধ্যে স্পঞ্জ দ্বারা প্রয়োগ করিতে বলেন এবং প্রাপ্ত বয়স্ককে কবল করিতে বলেন।

নিউ ইয়র্কের ডাঃ এফ, সি, হর্জ ডিপ্থিরিয়ার ঝিল্লিতে নিম্ন-লিখিত ঔষধ প্রয়োগ করিতে বলেন। অধিক বয়স্ক শিশু বা প্রাপ্ত বয়স্ক দিগের জন্য উহার ১৫ বা ৩০ ফোটা এক গ্ল্যাস জলে মিশ্রিত করিয়া কবল ব্যবস্থা করেন।

এসিড কার্ব্বলিক	... ...	১ ড্রাম।
এল্‌কোহল	... ...	১ ড্রাম।
টিং আইওডিন	... ...	১½ ড্রাম।
একোয়া	... .	৫ ড্রাম।

আর্জেন্টাই নাইট্রাস—লণ্ডনের ডাঃ ডব্লিউ স্কোয়ার প্রথমাবস্থায় ১ ভাগ আর্জেণ্টাই নাইট্রাস ৮ অথবা ১২ ভাগ জলে দ্রব করিয়া উহার স্থানিক প্রয়োগ ব্যবস্থা করেন এবং ডিপ্থিরিয়া ঝিল্লি বা সর দৃষ্ট হইলে তদপেক্ষা তেজস্কর দ্রব (১ ভাগে তিন ভাগ জল) প্রয়োগ করিতে বলেন।

চিনোলিন—গলরোগ সম্বন্ধীয় একখানি সংবাদ পত্রে এক জন ডাক্তার ইহার স্থানিক প্রয়োগের বিশেষ প্রশংসা করিয়াছে এবং নিম্নলিখিত স্থানিক প্রয়োগ বিশেষ ফলদায়ক বলিয়া বর্ণিত হইয়াছে।

পাল্ভ টিনোলিন	...	...১৫৪ গ্রেণ।
এল্‌কোহল	...	... ৩ ঔন্স ৩ ড্রাম।
পরিশ্রুত জল	...	... ৩ ঔন্স ৩ ড্রাম।

ক্লোরাল—ডাঃ আব্, কার্ণি বলেন ইহা ডিপ্‌থিরিয়া রোগের একটি মূল্যবান ও বিশেষ গুণবিশিষ্ট ঔষধ বলিলেও অত্যুক্তি হয় না।

ক্লোরাল	...	... ১ ড্রাম।
একোয়া	...	... ১ ঔন্স।

প্রত্যেক এক অথবা ২ ঘণ্টান্তব উক্ত ঔষধের কবল ব্যবহারে সন্তোষ জনক ফল পাওযা যাইতে পারে।

ইউক্যালিপ্টাস অয়েল—প্রঃ মগলার গ্লিসারিন সহ ইহা সমভাগে মিশ্রিত কবিযা ষ্টিম স্প্রে দ্বাবা প্রয়োগ কবিতে বলেন।

টিং ষ্টিল—ইহা গ্লিসাবিন সহ সমভাগে প্রয়োগে বিশেষ ফলদর্শে।

ফেরিসাল্‌ফ--ডাঃ ডি শুব্বাটা নিম্নলিখিত কবলের অত্যন্ত প্রশংসা কবিযা থাকেন।

ফেরি সাল্‌ফ	...	.. ১ ড্রাম।
এসিড সাল্‌ফ ডিল	...	... ২৫ মিনিম।
একোয়া	...	... ৩ ঔন্স।

কবল করিবার জন্য।

হাইড্রার্জিরাই পারক্লোরাইড—ডাঃ টোমাসো বিলোটি অনেক কঠিন রোগে ইহার স্থানিক প্রয়োগে সন্তোষজনক ফল পাইয়াছেন। কেবল ডিপ্‌থিরিয়া ঝিল্লি বা সর ব্যতীত অন্যস্থানে প্রয়োগ সম্বন্ধে বিশেষ সতর্ক হইতে হইবে।

আইওডাম—ডাঃ ওয়াবি কিউর‍্যান্ আইওডিনের বাষ্প গ্রহণে উত্তম ফল পাইয়াছেন।

আইওডফরম—অনেক চিকিৎসক ইহার স্থানিক প্রয়োগের প্রশংসা করিয়া থাকেন।

ল্যাক্‌টিক্‌ এসিড—অর্দ্ধ ঔন্স জলে ১৫।২০ মিনিম ল্যাক্‌টিক এসিড দ্রব স্প্রে দ্বারা প্রয়োগে ডিপ্‌থিরিয়া ঝিল্লি বা সর দ্রবীভূত হইয়া যায়।

লেবুর রস—অনেকে কাগজি লেবুর রসের কবল ব্যবহার করিতে বলেন।

মিউরিয়াটিক এসিড—ডাঃ হিলিয়ার নাইট্রেট অব্‌ সিল্‌ভার অপেক্ষা ইহার স্থানিক প্রয়োগ ও কবল উপকারী বিবেচনা করেন।

পটাশ ক্লোরাস—ইহার কবল অতীব ফলদায়ক।

পটাশি পারম্যান্‌গেনাস্‌—ডাঃ ওযাটসন ক্যাম্বেল নিম্নলিখিত কবলের বিশেষ প্রশংসা করেন।

পটাশি পারম্যানগ্যানেট	...	১০ গ্রেণ।
একোয়া	...	১০ ঔন্স।

কবল করিবার জন্য।

পেপসিন—ডাঃ ডব্লিউ, এইচ, হেল হোযাইট ডিপ্‌থিরিয়ার ঝিল্লি বা সর দ্রবীভূত করার জন্য গ্লিসারিন এসিড পেপ্‌সিন ব্যবহার করেন।

সেলিসিলিক এসিড—ডাঃ ওয়াগ্‌নার নিম্নলিখিত কবলের বিশেষ পক্ষপাতী। তিনি ইহা দ্বারা ১৫টী রোগী আরোগ্য করিয়াছেন। যাহারা অতিশিশু এবং কবল করিতে পারেনা তাহাদের জন্য ১½ গ্রেণ সেলিসিলিক এসিড জলে দ্রব করিয়া গলাহারে প্রয়োগ করিতে বলেন।

লাইকর সোডি ক্লোরিনেটি—দুর্গন্ধ হারক কবলরূপে ব্যবহৃত হয়।

সোডিয়াই হাইপসাল্ফাইট—ডাঃ মেনার্ড ইহার নিম্নলিখিত স্থানিক প্রয়োগ ও কবল ব্যবহারে ফল পাইয়াছেন।

সোডিয়াই হাইপসাল্ফাইট	..	২ ড্রাম।
গ্লিসারিন	...	... ২ ড্রাম।
একোয়া	..	.. ৬ ড্রাম।

ইহার সহিত নিম্নলিখিত কবলও ব্যবহার করিতে বলেন।

ভিনিগার—এফ, ফ্রেডারিক ইহার স্থানিক প্রয়োগ ও কবলের সুখ্যাতি করিয়া থাকেন।

ডাঃ লুফ্লার যিনি ডিপ্থিরিয়া বীজাণু আবিষ্কার করিয়াছেন তিনি নিম্নলিখিত কবল প্রয়োগে যথেষ্ট ফল পাইয়াছেন।

এসিড কার্ব্বলিক	..	... ১৫ ফোটা।
এলকোহল	.	.. ২ ঔন্স।
পরিশ্রুত জল	.	... ৫ ঔন্স।

কবল করিবার জন্য।

ব্যবস্থা পত্র।

স্থানিক প্রয়োগ।

১।	বোরাক্স	...	... ২ ড্রাম।
	বোরিক এসিড	...	.. ২ ড্রাম।
	গ্লিসারিন	...	... ৪ ঔন্স।
	উষ্ণজল	...	.. ১ পাইন্ট।

বড় পিচকারি দ্বারা পীড়িত স্থান ধৌত অথবা প্রয়োগ করিতে হইবে। (ডাঃ ববনি ইয়ো)

২।	কার্ব্বলিক এসিড	...	... ২ ড্রাম।
	ক্যাম্ফর	...	... ১ ঔন্স।
	গ্লিসারিন	...	... ১০ ড্রাম।

ঔষধগুলি একত্র মিশ্রিত করিয়া একটি পাত্রে উত্তপ্ত জলের উপর দশ মিনিট কাল রাখিতে হইবে। ঐ সময় কালমধ্যেই উহা হইতে একপ্রকার তরল পদার্থ পৃথক উহার উপর ভাসিতে থাকিবে। উহাই তুলি দ্বারা গল মধ্যে প্রযোগ করিতে হইবে। ডিপ্‌থিরিয়া ঝিল্লি উঠাইয়া উপরোক্ত ঔষধ প্রযোগ করিলেই ভাল হয়। (প্র. সাণ্টমুগ, ফ্রান্স)।

৩। এসিড ল্যাক্‌টিক	...	.. ১৫০ গ্রেণ।
সিরাপ অরেন্সাই	...	... ১ ঔন্স।
একোয়া	...	... ৮ ঔন্স।

কবল করিবার জন্য। (ফ্রান্সের সংবাদপত্র।

৪। এসিড কার্ব্বলিক	...	.. ৮০ গ্রেণ।
ক্যাম্ফর	...	...৩০০ গ্রেণ।
অলিভ অয়েল	..	... ১ ঔন্স।

স্থানিক প্রযোগের জন্য। (ডাঃ স্কুলে)

৫। বিটা ন্যাপথল্‌	...	... ১ ড্রাম।
ক্যাম্ফর	...	... ২ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ বুকার্ড)

৬। এসিড সেলিসিলিক	...	... ২০ গ্রেণ।
রেক্‌টিফায়াড স্পিরিট	...	... ½ ড্রাম।
গ্লিসারিন	..	... ১½ ঔন্স।
ইনফিউশন ইউক্যালিপ্টাই		... ৪ ঔন্স।

তুলি দ্বারা সদাসর্ব্বদা লাগাইতে হইবে।

(ডাঃ জুলস্‌, সাইমন)

৭।	পেপেইন ...	... ২ ড্রাম।
	হাইড্র ন্যাপ্‌থল্ ...	... ৩ গ্রেণ।
	এসিড হাইড্রক্লোরিক ডিল	... ১৫ মিনিম।
	গ্লিসারিন ...	... ৪ ড্রাম।
	একোয়া ·	সমষ্টি ৪ ঔন্স।

স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে।

(ডবলিউ সি, ক্যাল্‌ড্‌ওয়েল, এম, ডি,)

৮।	টিং ফেরি পারক্লোরাইড ...	১—১২ ড্রাম।
	গ্লিসারিন ...	... ১ ঔন্স।
	একোয়া ·	... ১ ঔন্স।

স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ডাঃ বিলিংটন)

৯।	পটাসি ক্লোরাস ...	২—১ ড্রাম।
	গ্লিসারিন ...	... ২ ঔন্স।
	লাইকর ক্যাল্‌সিস ...	... ১২ ঔন্স।

স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

১০।	এসিড কার্ব্বলিক ...	... ১৫ মিনিম।
	লাইকর ক্যাল্‌সিস ...	... ৬ ঔন্স।

স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

১১।	এসিড কার্ব্বলিক ..	... ২ ড্রাম।
	— সাল্‌ফিউরোসাই ..	... ৬ ড্রাম।
	টিং ফেরি পারক্লোরাইড ...	... ১ ঔন্স।
	গ্লিসারিন ...	... ১ ঔন্স।

ক্যামেল হেয়ার পেন্‌সিল দ্বারা গলার মধ্যে লাগাইতে হইবে অথবা স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে।

(ডাঃ রবার্ট বেল, গ্ল্যাস্‌গো)

১২। লাইম	... ...	১ ড্রাম।
সাল্‌ফার	... ...	২ ড্রাম।
ওয়াটার	... ...	১৮ ড্রাম।

প্রথমে লাইম অল্প জল মিশ্রিত করিয়া পরে অবশিষ্ট জল ঢালিয়া দিবে। অতঃপর উত্তপ্ত করিয়া ১½ ঔন্স পরিমাণ থাকিতে নামাইয়া লইবে। ইহা স্প্রে দ্বারা ব্যবহার্য্য।

১৩। এসিড সেলিসিলিক	... ...	½ ড্রাম।
গ্লিসারিন	... ...	২ ঔন্স।
লাইকর ক্যাল্‌সিস	... ...	৮ ঔন্স।

এটমাইজার অথবা ষ্টিম স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে।

(প্রঃ জে, লুইস, স্মিথ)

১৪। এসিড কার্ব্বলিক	... .	৩২ মিনিম।
গ্লিসারিন	... ...	২ ঔন্স।
লাইকর ক্যাল্‌সিস	.. ...	৬ ঔন্স।

ষ্টিম স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

১৫। এসিড কার্ব্বলিক	... ...	৩২ মিনিম।
পটাশ ক্লোরাস	... ...	৩ ড্রাম।
গ্লিসারিন	... ...	৩ ঔন্স।
একোয়া	... ...	৫ ঔন্স।

ষ্টিম স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

১৬। এসিড কার্ব্বলিক	... ...	৮ মিনিম।
লাইকর ফেরি পার সাল্‌ফেটিস		২—৩ ড্রাম।
গ্লিসারিন	... ...	১ ঔন্স।

ক্যামেল হেয়ার পেন্‌সিল দ্বারা গলাভ্যন্তরে স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

১৭। ক্লোরাল	...	...	৩ ড্রাম।
এসিড সেলিসিলিক	...	...	৩ ড্রাম।
গ্লিসারিন	...	...	৩ ড্রাম।
সোডিয়াই সাল্‌ফেট	...	...	৩ ড্রাম।
এল্‌কোহল	...	...	২ ড্রাম।
একোয়া	...	...	৭ ড্রাম।

একটি পুরু গ্লাস পাত্রে উক্ত ঔষধগুলি একত্র করিয়া, সোডিয়াই সাল্‌ফেট, সেলিসিলিক এসিড এবং ক্লোরাল দ্রব না হওয়া পর্য্যন্ত উত্তপ্ত করিবে পরে ফিল্‌টার করণান্তব একটি ষ্টপারযুক্ত শিশিতে রাখিযা বাহ্যিক প্রয়োগেব জন্য ব্যবহাব কবিবে।

(ডাঃ কারলো প্যাভেসি, ইটালি)

১৮। গ্লিসারিন	...	..	½ ঔন্স।
টিং আইওডিন	...	...	½ ড্রাম।
এসিড সেলিসিলিক	...	...	২০ গ্রেণ।

তুলি দ্বারা প্রয়োগ কবিতে হইবে।

(ডাঃ জে, আব ব্ল্যাক, এমেরিকা)

১৯। গ্লিসাবিন	...	...	১ ঔন্স।
সোডিয়াই বোবেট্‌স্	...	...	৪ ড্রাম।
একোয়া ক্যাম্ফব	...	...	৪ ঔন্স।
— পাইসিস্ লিকুইড		...	৫ ঔন্স।

এটমাইজার দ্বাবা ব্যবহার করিতে হইবে।

(ডাঃ জেসফ, এইচ, ওয়ারেন)

নেজাল ডিপ্‌থিরিয়ার স্থানিক প্রয়োগ।

২০। সাব্‌লাইম্‌ড্‌ সাল্‌ফাব ... .. ১ ড্রাম।
এডিপিস ... ... ১ ঔন্স।

মলম। বোরেসিক এসিড লোশন দ্বারা নাসিকা গহ্বর ধৌত করণান্তর উক্ত মলম প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ জুলাস, সিমান)

আভ্যন্তবিক প্রয়োগ।

২১। টিং ফেবি পাবক্লোরাইড .. ১৬০ মিনিম।
কুইনি সাল্‌ফ ... ... ২৪ গ্রেণ।
পটাশ ক্লোবাস ... ... ৪৮ গ্রেণ।
সকাই লিমনিস .. ... ৬ ড্রাম।
একোযা ক্লোবফর্মাই ... সমষ্টি ৮ ঔন্স।

½ ঔন্স জল সহ ½ ঔন্স মাত্রায় প্রত্যেক ঘণ্টা অথবা ২ ঘণ্টা অন্তর সেবা। (ডাঃ বার্ণী ইও)

২২। টিং ফেবি পাবক্লোবাইড ... ৫ মিনিম।
পটাশ ক্লোরাস .. ১—৩ গ্রেণ।
সিবাপ ... ... ½ ড্রাম।
একোযা ... সমষ্টি ২ ড্রাম।

একমাত্রা, ৩ বৎসব বযস্ক বালকেব জন্য প্রত্যেক মাত্রা প্রত্যেক ঘণ্টান্তব সেবা। (ঐ)

২৩। টিং ফেবি পাবক্লোবাইড ... ২ মিনিম।
পটাশ ক্লোবাস ... ½—১ গ্রেণ।
সিবাপ ... ... ১০ মিনিম।
একোয়া ... ½—১ ড্রাম।

একমাত্রা, এক বৎসর বয়স্ক বালকের জন্য প্রত্যেক মাত্রা প্রত্যেক ঘণ্টান্তর সেব্য। (ঐ)

২৪।	হাইডার্জিবাই পাবক্লোরাইড ...	... ১/২৪ গ্রেণ।
	সোডিয়াই ক্লোবাইড ...	... ১ গ্রেণ।
	পেপ্‌সিন্ ...	... ১ গ্রেণ।
	টিং একোনাইট ..	১৫—৩০ মিনিম।
	পবিশ্রুত জল ...	... ৪ ঔন্স।

১/২ ঔন্স মাত্রায প্রত্যেক ঘণ্টান্তব সেব্য। (বোবি)

২৫।	প্রিসিপিটেড্ সাল্‌ফাব ...	... ৩ ড্রাম।
	— পাউডাব ...	... ২ ড্রাম।
	অযেল সিনেমম ...	২—৩ মিনিম।
	গ্লিসাবিন ...	... ৬ ঔন্স।

১—২ ড্রাম মাত্রায (হ্যাস্)

২৬।	সোডিযাই বেঞ্জোযাস ...	... ২১/২ ড্রাম।
	সিবাপ অবেন্সাই ...	... ৫ ড্রাম।
	একোয়া মেন্থপিপ ...	. ৩ ঔন্স।
	একোযা ..	সমষ্টি ৬ ঔন্স।

৩ বৎসব বযস্ক বালকেব জন্য ২ ড্রাম মাত্রায প্রত্যেক ঘণ্টা অন্তব সেব্য। বালকেব বযসেব আধিক্যতানুসাবে ঔষধের মাত্রা বৃদ্ধি কবিতে হইবে।

২৭।	টিং ফেবি মিউবিযাস ...	... ২ ড্রাম।
	পটাশ ক্লোবাস ...	... ১ ড্রাম।
	পরিশ্রুত জল ...	... ৪ ঔন্স।

প্রাপ্ত বয়স্কের জন্য ½ ঔন্স মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর এবং বালকদের জন্য ১ ড্রাম মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ ডবলিউ বি, পাউয়েল)

২৮। পাইল কার্পিন ... · ⅙ গ্রেণ।
পেপ্‌সিন্ ... ... ১০ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ১৭½ ড্রাম।
এসিড হাইড্রক্লোবিক ডিল ২ ৩ মিনিম।

১—৪ ড্রাম মাত্রায়। ইহা অত্যন্ত অবসাদক সুতরাং বিশেষ সতর্কতার সহিত ব্যবহার্য্য। (ডাঃ ল্যাক্স, পাবিস)

২৯। পটাশ ক্লোবাস ... ... ১ ড্রাম।
এসিড হাইড্রক্লোবিক ডিল ... ১৫ মিনিম।
টিং বেলাডনা ... ... ১৫ মিনিম।
একোয়া ... ... ৪ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যেক ছুই ঘণ্টান্তব সেব্য।

(ঐ)

৩০। পটাশ ক্লোবাস ... ... ৩ ড্রাম।
এসিড সাল্‌ফিউরোসাই .. ... ৩½ ড্রাম।
টিং ফেবি পাবক্লোবাইড ... ... ৩ ড্রাম।
গ্লিসাবিন ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ৬ ঔন্স।

প্রাপ্ত বয়স্কের জন্য ৪ ড্রাম এবং বালকদের জন্য ২ ড্রাম মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ রবার্ট বেল, গ্ল্যাস্‌গো)

ডিপ্‌থিরিয়ার পক্ষাঘাতের জন্য।

৩১। ষ্ট্রিক্‌নিয়া ... ... ১ গ্রেণ।
এসিড নাইট্রিক ডিল ... ... ১ ড্রাম।
একোয়া .. ... ৭ ড্রাম।

বালকদেব জন্য ৩—৫ মিনিম মাত্রায় এবং প্রাপ্ত বয়স্কের জন্য ১৫—৩০ মিনিম মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য।

(প্রঃ মেট্‌কাফ্‌, আমেরিকা)

আবোগ্যাবস্থায়।

৩২। ফেবি এট্‌ কুইনি সাইট্রাস ... ৮০ গ্রেণ।
লাইকব ষ্ট্রিক্‌নিয়া .. ... ৩২ মিনিম।
এসিড হাইড্রক্লোবিক ডিল্‌ ... ৮০ মিনিম।
একোয়া ক্লোবফর্ম্মাই ... ... ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বাব আহাবন্তে সেব্য।

(ডাঃ বার্ণী ইও)

৩৩। সিবাপ ফেবি ফস্ফেটিস্‌ .. ... ১ ঔন্স।
ক্যাল্‌সিস হাইপফস্ফেট ... ... ৪৮ গ্রেণ।
কুইনি সালফ ... ... ২৪ গ্রেণ।
লাইকর ষ্ট্রিক্‌নিয়া ... ... ৪৮ মিনিম।
এসিড ফস্ফবিক ডিল্‌ ... . ২৪ মিনিম।
একোয়া ... সমষ্টি ৪ ঔন্স।

বালকদের বয়সানুসারে ½—১ ড্রাম মাত্রায় আহাবন্তে প্রত্যহ দুই বার সেব্য। (ঐ)

ডিপ্‌থিরিয়া প্রতিষেধক সিবামেব ত্বকনিম্নে পিচকারী প্রয়োগ।

৩৪। বেরিং এবং আব্‌লিকের ডাইলিউট এণ্টিটক্সিন সিরাম

(১নং) ১০ সি, সি, (কিউবিক সেণ্টিমিটর) বালকদিগের বক্ষের চর্ম্মনিম্নে প্রয়োয্য।

৩৫। বেরিং এবং আরলিকের তেজস্কর এণ্টিটক্সিন সিরম (২নং) ১০—২০ সি, সি (কিউবিক সেণ্টিমিটর)।

Ear Diseases of ইয়ার ডিজিজেস্ অব্।

কর্ণ রোগসমূহ।

Eczima Auriclo একজিমা অবিকল্ বা কর্ণের অবিকল্ ও কর্ণরন্ধ্রের এক প্রকার চর্ম্মরোগ বা বিখজ। অধিক বয়স্ক স্ত্রীলোকদিগের ও শিশুদিগের মধ্যে এই রোগ দেখিতে পাওয়া যায়। অধিক দিন স্থায়ী হইলে ইহা দ্বারা বহিস্থ কর্ণের দ্বার অতি ক্ষুদ্র হওয়ার সম্ভাবনা এবং কখন কখন এমন কি কর্ণরন্ধ্র একেবারে রুদ্ধ হইয়া যাইতে পারে। ইহার চিকিৎসা অন্যান্য স্থানের বিখজের চিকিৎসার ন্যায়। চর্ম্মরোগ মধ্যে বিখজের চিকিৎসা দেখ।

চিকিৎসা বিষয়ক টীকা।

শিশুদিগের এই রোগে প্রঃ গ্রুবার কডলিভার অয়েল এবং গ্লিসারিন একত্র মিশ্রিত করিয়া প্রয়োগ করিতে বলেন। প্রঃ বর্ণেট উহার উপর অক্সাইড অব্ জিঙ্ক এবং ময়দা ছড়াইয়া দিয়া ফল পাইয়াছেন। জ্বালা বেশী হইলে পীড়িত স্থান শীতল জল দ্বারা ধৌত করিতে বলেন। অনতি প্রবল একজিমায় ধূসরবর্ণ থকৃথকে ঘা দৃষ্ট হইলে প্রথমে এসিটাম্ ক্যান্থারাইডিস্ প্রয়োগ করিয়া ৩ নং ব্যবস্থা পত্র স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার করিতে বলেন। যদ্যপি এইরূপ প্রক্রিয়া সত্ত্বেও রোগ ক্রমশঃ বৃদ্ধি হইতে থাকে

তাহা হইলে ১ ঔন্স জলে ১০ গ্রেণ নাইট্রেট অব সিল্ভার প্রয়োগ করা মন্দ নহে। রোগ ক্রমশঃ কর্ণ বন্ধ্র পর্য্যন্ত বিস্তৃত হইলে ৪ নং ব্যবস্থা পত্রের মলম তুলি দ্বারা প্রযোগ কবিবে।

Otitis ওটাইটিস্ বা বহির্ভাগস্থ কর্ণের বিস্তৃত বা নির্দ্দিষ্ট স্থানের প্রদাহ বহির্ভাগস্থ কর্ণের কোন এক নির্দ্দিষ্ট স্থানের প্রদাহ প্রায়ই বয়েল বা স্ফোটক জনিত হইয়া থাকে। উভয় প্রদাহেই কর্ণ মধ্যে কট্‌কটে বা দপ্‌দপে বেদনা এবং শিরঃপীড়া ইত্যাদি বর্ত্তমান থাকে, বাত্রিকালে বেদনা অত্যন্ত বৃদ্ধি পায় এবং কথন কথন এমন কি বিছানাব সামান্য মাত্র গবম সহ্য হয় না। কর্ণ মধ্যে নানাবিধ শব্দ শ্রুত হয এবং সমযে সময়ে বেদনা অসহ্য হইয়া উঠে।

চিকিৎসা বিষযক টীকা।

বহির্ভাগস্থ কর্ণ রন্ধ্রেব বিস্তৃত প্রদাহের প্রবলাবস্থায়, কর্ণের পার্শ্বে জলৌকা বসানে কথন কথন প্রদাহেব উপশম হইতে দেখা যায়। কিন্তু দুর্ব্বলাবস্থার রোগীর পক্ষে ইহা নিষিদ্ধ। যে কোন অবস্থাতেই হউক না কেন, গবম জলের পিচকাবী বিশেষ উপকারী। বেদনা নিবাবণের জন্য মর্ফিয়াব স্থানিক প্রয়োগ অতীব ফলপ্রদ। শিশুদিগেব কর্ণ প্রদাহে ২।১ ফোটা লডেনম্ কর্ণ রন্ধ্রে প্রয়োগে আশু বেদনা নিবাবণ হইতে দেখা যায়। প্রত্যহ দুই বার উষ্ণজল অথবা সাবান মিশ্রিত উষ্ণ জলের পিচকারী দ্বারা কর্ণ পরিষ্কার রাখা কর্ত্তব্য। যদ্যপি পূযঃ অত্যন্ত গাঢ় অথচ হরিদ্রা বর্ণের হয় এবং কর্ণ মধ্যে গ্র্যানুলেশনের উপক্রম দেখা যায় তাহা হইলে ১ ঔন্স পরিশ্রুত জল ১০ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব করিয়া উহার ২।১ ফোটা কর্ণমধ্যে দেওয়া উচিত এবং ওটাইটিস্রের নং ২ ব্যবস্থা পত্র স্থানিক প্রয়োগ জন্য ব্যবহার করা

পাইতে পারে। কর্ণাভ্যন্তর অত্যন্ত স্ফীত হইলে নং ৩ ব্যবস্থা পত্র বিশেষ উপকারী।

মধ্য কর্ণের প্রবল শ্লৈষ্মিক প্রদাহে লাবনিক বিবেচক এবং ঘর্ম্ম-কারক ঔষধ সেবন ব্যবস্থা করা বিধেয় এবং ইউষ্টেকিয়ান টিউব রুদ্ধ বা ক্ষুদ্র হইলে পলিটজারস্ এয়ার ব্যাগ অথবা ইউসটেকিয়ান ক্যাথিটার দ্বারা বিস্তৃত করা কর্ত্তব্য। মধ্য কর্ণের উভয় প্রবল এবং পুরাতন শ্লৈষ্মিক প্রদাহে দৈহিক চিকিৎসার জন্য ফেরি আইওডাইড, পটাশ আইওডাইড এবং লাইকর হাইড্রার্জিরাই পারক্লোরাইড প্রভৃতি পরিবর্ত্তক ঔষধ বিশেষ প্রয়োজনীয়।

Otorrhœa অটোরিয়া বা কান পাকা।

চিকিৎসা বিষয়ক টীকা—প্রথমাবস্থায় কর্ণ সদাসর্ব্বদা পরিষ্কার রাখা সর্ব্বতোভাবে বিধেয়। নিজ নিজ কর্ণ পরিষ্কার করিতে হইলে ক্লার্কের ইয়ার ডুশ ব্যবহার করা উচিত। এক পাইণ্ট (অনুমান অর্দ্ধসের) গরম জলে ১ ড্রাম সোডা বাইকার্ব্ব দ্রব করিয়া উহার ২।১ ঔন্স দ্বারা কর্ণ ধৌত করা কর্ত্তব্য। বেদনা থাকিলে গরম জল সহ একটু অহিফেন অথবা টিং ওপিয়াই মিশ্রিত করিয়া লওয়া ভাল। অসহ্য বেদনা হইলে কর্ণের পার্শ্বে ত্বকনিম্নে মর্ফিয়ার পিচ্‌কারী দেওয়া কর্ত্তব্য। দুর্গন্ধযুক্ত পূয় নিঃসরণ হইলে অতি মৃদু কার্ব্বলিক লোশন অথবা কণ্ডিজ লোশন দ্বারা পিচকারী করা বিধেয়। পুরাতন অবস্থায় ২ অথবা ৩ নং ব্যবস্থা পত্র স্থানিক প্রয়োগের জন্য বিশেষ উপযোগী। যদি ঐ পূয়ঃসংযুক্ত পুরাতন প্রদাহে টিম্পেনাম বা কর্ণ ঢক্কার ছিদ্র দৃষ্ট হয় তাহা হইলে অতি মৃদু সঙ্কোচক ঔষধের পিচকারী দেওয়া উচিত। এ অবস্থায় নাইট্রেট অব্ সিল্‌ভার কদাচ ব্যবহার করা কর্ত্তব্য নহে।

অতি পুরাতন অবস্থায় সাল্‌ফেট অব্‌ কপারের ক্ষীণ দ্রব (২ গ্রেণ—১ ঔন্স) স্থানিক প্রয়োগের জন্য উপকারী। যদি কর্ণাভ্যন্তরে বড় বড় গ্র্যানুলেশন দেখা যায় তাহা হইলে একটি প্রোবের অগ্রভাগ নাইট্রেট অব্‌ সিল্‌ভার লাগাইয়া গ্র্যানুলেশন্‌ গুলি স্পর্শ করা উচিত।

Polypus পলিপাস—টিম্পেনিক মেম্ব্রেন বা কর্ণঢক্কার ছিদ্রের ক্ষুদ্র মাংসার্ব্বুদ বা পলিপাস একটি সাধারণ উপসর্গ। ঢক্কার ছিদ্র না থাকিলেও ইহা কখন কখন দেখা যায়। সচরাচর ইহা কর্ণ ঢক্কার আবরণ ঝিল্লি হইতে উৎপন্ন হয় এবং ঢক্কাছিদ্রের ধারে জন্মিতে দেখা যায়। সময়ে সময়ে ইহা এত বড় হয় যে সমস্ত কর্ণ ছিদ্র আবদ্ধ করিয়া ফেলে।

চিকিৎসা বিষয়ক টীকা।

পলিপাস গুলি—পলিপাস ফরসেপ্‌স বা ওয়াইল্‌ডিস্‌ স্নেয়ার দ্বারা উঠাইয়া দেওয়া কর্ত্তব্য। তৎপরে আর না জন্মিতে পারে তজ্জন্য ক্লোরো এসিটিক এসিড এবং অবশেষে নাইট্রেট অব্‌ সিল্‌ভার অতি সাবধানে সেই স্থানে প্রয়োগ করা আবশ্যক।

Tinnitus Aurium টিনিটস্‌ অরিয়ম্‌।

বা

কর্ণ মধ্যে শব্দ।

নানা কারণ বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে যথা—(১) কর্ণ মধ্যে অধিক পরিমাণে খোল বা ময়লা থাকিলে। (২) কর্ণরন্ধ্র মধ্যে মোটা মোটা চুল জন্মিলে। (৩) ঢক্কার ভিতরদিকে বা মধ্য কর্ণে শ্লেষ্মা সঞ্চিত থাকিলে। (৪) ইউষ্টেকিয়ান টিউব মধ্যে কোন বাহ্যিক পদার্থ থাকিলে। এতদ্ব্যতীত রক্তাল্পতা, হৃদ্-

পিণ্ডের দ্রুত গতি, মস্তিষ্কের উত্তেজনা এবং স্নায়বীয় অবসাদন ইত্যাদি ইহার অন্যতর কারণ।

চিকিৎসা বিষয়ক টীকা।

কর্ণ মধ্যে শব্দে এসিড হাইড্রব্রোমিক ডিল একটি বিশেষ উপকারী ঔষধ। ক্যারটিড্ ধমনীর সামান্য সঙ্কাপনেও ইহা দূরীভূত হইতে দেখা যায়। মিঃ মিল্টন্ ব্রোমাইড অব্ পটাশিয়াম অপেক্ষা এমন ক্লোরাইড ব্যবহারে সন্তোষজনক ফল পাইয়াছেন।

কর্ণে অধিক পরিমাণে খোল বা ময়লা জন্মিয়া এই রোগ হইলে উষ্ণ জল সহ অল্প পরিমাণে সোডা মিশ্রিত করিয়া পিচকারী দিলে ইহা নিবারিত হইতে দেখা যায়। কর্ণ মধ্যে চুল জন্মিলে উহা কর্ত্তন করিয়া দেওয়া উচিত। কর্ণ মধ্যে শ্লেষ্মা সঞ্চয় জন্য ইহা উৎপন্ন হইলে পলিটজারস্ এয়ার ব্যাগ দ্বারা এই সঞ্চিত শ্লেষ্মা দূর করা যায়। ইউষ্টেকিয়ান টিউব মধ্যে বাহ্য পদার্থের অবস্থান জানিতে পারিলে তাহা বিদূরিত করা কর্ত্তব্য। রক্তাল্পতা হেতু এই রোগ জন্মিলে লৌহঘটিত ঔষধ অতীব মূল্যবান। হৃদ্‌পিণ্ডের ক্রিয়াধিক্য বশতঃ উৎপন্ন হইলে একোনাইট এবং ডিজিটেলিস অত্যন্ত ফলদায়ক।

মস্তিষ্কের উত্তেজনাজনিত কর্ণাভ্যন্তরীন শব্দে ব্রোমাইড অব্ পটাশিয়াম বিশেষ উপকারী। স্নায়বীয় অবসাদন হেতু এই রোগ জন্মিলে ফস্ফরাস এবং ষ্ট্রিকনিয়া বিশেষ প্রয়োজনীয়।

কর্ণরোগ সমূহের ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট—ডাঃ বেয়ার এবং টারনবুল বলেন কর্ণের বাহ্যিক গহ্বরের প্রদাহে (Otitis) ইহা প্রয়োগ করিলে শীঘ্র বেদনা উপশমিত হয়।

এলুমেন—কর্ণ হইতে পূয়ঃ স্রাবে ইহা অতি উত্তম সঙ্কোচক প্রয়োগ। কর্ণাভ্যন্তর গরম জল দ্বারা ধৌত করিয়া তুলি দ্বারা পুছিয়া লইবে পরে ইহার গুড়া ফুৎকার দ্বারা কর্ণাভ্যন্তরে প্রবেশ করাইবে। অনেক সময় দেখা যায় যে প্রথম প্রয়োগের ২৪ ঘণ্টার মধ্যেই স্রাব কম হইয়া যায়। এইরূপ ২।৩ দিন প্রয়োগেই রোগ আরোগ্য হইয়া যাইতে পারে। যদি স্রাব বন্ধ হইয়া গুড়া শুষ্ক হইয়া জমাট বান্ধিয়া থাকে তাহা হইলেও কোন চিন্তার কারণ নাই। আস্তে আস্তে উহা কানখুস্‌কি দ্বারা অনায়াসে বাহির করিয়া লওয়া যাইতে পারে।

একোয়া ক্যাল্‌সিস্‌ বা চূণের জল—প্রবল প্রদাহ থাকিলে, ইহা বিশেষ উপকারী।

একোয়া ওয়ার্ম বা উষ্ণজল।—কর্ণ বেদনায় কর্ণ ধৌত করিবার জন্য বিশেষরূপে ব্যবহার্য্য।

আর্জেণ্টাই নাইট্রাস—ইহার অতি মৃদু দ্রব (১ ঔন্স জলে ১।২ গ্রেণ) ব্যবহার হইয়া থাকে।

এট্রপিয়া সাল্‌ফ—কর্ণাভ্যন্তর প্রদাহের ইহা একটি মূল্যবান ঔষধ। ইহার দ্রব (১ ঔন্স পরিশ্রুত জলে ৪ গ্রেণ মাত্রার) কয়েক ফোটা কর্ণমধ্যে দিলে প্রদাহের প্রবলতা সহজেই দূর হইতে পারে।

কার্ব্বলিক এসিড—ডাঃ পল্‌সন্‌ বলেন কেরিজ অথবা পলিপাস্‌ সহ অটোরিযাতে ১০ ভাগ কার্ব্বলিক এসিড ১০০ ভাগ অলিভ অয়েল সহ মিশ্রিত করতঃ উহাতে তুলার মোটা পল্‌তে ভিজাইয়া কর্ণমধ্যে প্রয়োগ করিলে সন্তোষজনক ফল

পাওয়া যায়। এই ঔষধ প্রয়োগের পূর্ব্বে কর্ণে পিচকারী দিয়া তুলি দ্বারা কর্ণাভ্যন্তর মুছাইয়া লওয়া কর্ত্তব্য।

ক্লোরাল হাইড্রাস—ইহার ক্ষীণ দ্রব ১০—৩০ ফোটা ইউষ্টেকিয়ান ক্যাথিটার দ্বারা মধ্য কর্ণে প্রবেশ করাইলে অনেক কর্ণ-রোগাক্রান্ত রোগীর বধিরতা উপসম হয়।

কোকেন—ওলিয়াম কম্ কোকেন ২—৪ ফোটা কর্ণাভ্যন্তরে প্রয়োগে বেদনা প্রায়ই উপশমিত হইয়া থাকে।

ডিজিটেলিস—কর্ণমধ্যে নানাবিধ শব্দ শ্রুত হইলে ইহার স্থানিক প্রয়োগ অতীব ফলদায়ক।

গ্লিসারিন—ইহা একটি মূল্যবান স্নিগ্ধকারক প্রয়োগ।

হাইড্রব্রোমিক এসিড ডিল—টিনিটাস অরিয়াম্ রোগে বা কর্ণমধ্যে নানাবিধ শব্দ শ্রুত হইলে ইহা বিশেষ ফলদায়ক।

আইওডাম্—ডা: ডি, ম্যার্চিয়ার বলেন পুরাতন অটোরিয়ায় যদি কর্ণাভ্যন্তরস্থিত অস্থি বা উপাস্থি হইতে পূয়ঃ নির্গত হইতে দেখা যায় তাহা হইলে নিম্নলিখিত স্থানিক প্রয়োগে উপকারি দর্শে।

টিং আইওডিন	... ...	২৫ মিনিম।
পটাশ আইওডিন	... ...	৪ গ্রেণ।
এৃকোয়া	... ...	২ ঔন্স।

কয়েক ফোটা কর্ণে প্রয়োগ করিতে হইবে।

আইডফরম—যে সকল অটোরিয়া রোগে কর্ণচক্কার শ্লৈষ্মিক ঝিল্লি পুরু, স্ফীত ও রক্তাধিক্যযুক্ত দেখিতে পাওয়া যায় সেই অবস্থাতে ইহার চূর্ণ কুইল দ্বারা ফুঁ দিয়া কর্ণমধ্যে প্রয়োগ করিলে ফল পাওয়া যায়।

পটাশ আইওডাইড—বাতজনিত ক্ষণস্থায়ী স্বল্প বধিরতায় ইহার নিম্নলিখিত লোশনের স্থানিক প্রয়োগ ফলদায়ক।

পটাশ আইওডাইড	... ...	৪ গ্রেণ।
একোয়া রোজ	... ...	১ ঔন্স।

কয়েক ফোটা কর্ণমধ্যে প্রয়োগ করিতে হইবে।

প্লম্বাই এসিটাস্—অতি উপকারী সঙ্কোচক ঔষধ।

পটাশি পারম্যান্গেনাস—ডাঃ হোই ঘন পূয়ঃ সংযুক্ত কর্ণের পুরাতন প্রদাহে ১ ঔন্স জলে ২—৮ গ্রেণ দ্রব করিয়া পিচকারী করিতে বলেন।

সেলিসিন—ডা; ই, এইচ, জ্যাক্সন্ বলেন অটোরিয়াতে ইহা একটি মূল্যবান ঔষধ। কর্ণাভ্যন্তর উত্তমরূপে পরিষ্কার করিয়া কুইল দ্বারা ফুঁ দিয়া কর্ণমধ্যে প্রবেশ করাইবে এবং তুলা দ্বারা কর্ণরন্ধ্র বন্ধ করিয়া দিবে। স্রাব বেশী হইলে কর্ণরন্ধ্রের তুলা ক্লোরিনেটেড সোডাতে মাখাইয়া প্রয়োগ করিবে।

সোডি বাইকার্ব্ব—কর্ণে অধিক পরিমাণে খোল থাকিলে ইহার লোশনের পিচকারী অতীব ফলদায়ক।

ষ্ট্রিক্নিয়া—স্নায়বীয় অর্থাৎ স্নায়ুমণ্ডলের পীড়া সংক্রান্ত বধিরতায় ১ ভাগ নাইট্রেট অব্ ষ্ট্রিক্নিয়া ১০০ শত ভাগ জলে দ্রব করিয়া ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগে বিশেষ উপকারী।

ট্যানিক্ এসিড—গ্লিসারিন এসিড ট্যানিক অটোরিয়ার সাধা*র ঔষধ।

জিঙ্কাই সাল্ফাস্—অতীব মূল্যবান সঙ্কোচক ঔষধ।

মেডিকেটেড কটন উল—মধ্য কর্ণের পুরাতন পূয়ঃ সংযুক্ত প্রদাহে কাপাসের তুলা নিম্নলিখিত লোশনে ভিজাইয়া কর্ণমধ্যে প্রয়োগ করা হইয়া থাকে।

বোরাক্স ... ১ ভাগ জল ১০০ ভাগ।
জিন্সাই সাল্‌ফাস্ ... ২ ভাগ জল ১০০ ভাগ।
ঐ ... ৫ ভাগ ঐ
ট্যানিন ... ৫ ভাগ জল ১০০ ভাগ।
সেলিসিলিক এসিড ... ৫ ভাগ জল ১০০ ভাগ।
এলাম .. ৩ ভাগ জল ১০০ ভাগ।
ঐ ... ৫ ভাগ জল ১০০ ভাগ।

ব্যবস্থাপত্র।

কর্ণের বিথজের জন্য।

১। জিন্সাই অক্সাইড .. ... ২ ড্রাম।
এলাম্ ... ... ১ ঔন্স।
ষ্টার্চ অথবা ময়দা ... ... ১ ঔন্স।
ক্ষতে ছড়াইয়া দিবার জন্য। (ডাঃ বার্ণাট)

২। জিন্সাই অক্সাইড ... ১—৪ ড্রাম।
এমিলাই বা ময়দা ... ৭—৯ ড্রাম।
ঘাযে ছড়াইয়া দিবার জন্য। (ঐ)

৩। ওলিযাই ক্যাডিনাই .. ... ২ ড্রাম।
এলকোহলিস .. ... ১ ঔন্স।
ঘায়ে লাগাইবার জন্য। (ঐ)

৪। হাইড্রার্জিবাই এমনিও ক্লোবাইড ... ২০ গ্রেণ।
অঙ্গুয়েন্টাম্ এডিপিস্ ... ... ১ ড্রাম।
ঘাযে লাগাইবার জন্য। (ঐ)

৫। অয়েল মুর্হ ই ... ... ১ ড্রাম।
গ্লিসারিন ... .. ১ ড্রাম।
ঘায়ে লাগাইবার জন্য। (প্রঃ গ্রুবার)।

৬।	জিঙ্কাই সাল্‌ফ	...	৩—৬ গ্রেণ।
	উষ্ণজল	..	... ১ ঔন্স।

লোশন, কর্ণ মধ্যে পিচকাবী দ্বারা ধৌত করিয়া নিম্ন লিখিত ঔষধ প্রয়োগ করিতে হইবে।

আর্জেণ্টাই নাইট্রাস	...	... ৮ গ্রেণ।
পবিশ্রুত জল	...	... ১ ঔন্স।
লোশন।		(রবার্ট লিভিং)।

৭।	অঙ্গুবেণ্টাম সিট্রিন	...	... ১ ভাগ।
	ভেসিলিন	...	... ৬ ভাগ।

মলম, লাগাইবাব জন্য। (ঐ)

ওটাইটিস্, কর্ণ প্রদাহ।

১।	মর্ফিয়া সাল্‌ফ	...	... ৮ গ্রেণ।
	একোয়া	...	... ½ ঔন্স।

ঈষদুষ্ণ কবিয়া ১০ ফোটা মাত্রায় কর্ণে দিতে হইবে।

(ডাঃ বার্ণাট)।

২।	জিঙ্কাই সাল্‌ফ	...	... ৫ গ্রেণ।
	টিং ওপিয়াই	...	... ২০ মিনিম।
	পবিশ্রুত জল	...	... ১ ঔন্স।

ঈষদুষ্ণ কবিয়া ১০ ফোটা মাত্রায প্রত্যহ ৪ বাব কর্ণে দিতে হইবে। (ঐ)

৩।	লাইকব প্লম্বাই সব এসিটেটিস		১০—২৫ মিনিম।
	এসিড এসিটিক ডিল		৩—১০ মিনিম।
	লাইকব ওপিয়াই সিডেটাইভাস		২০ মিনিম।
	পরিশ্রুত জল	...	সমষ্টি ১ ঔন্স।

কর্ণরন্ধ্রে প্রয়োগ করিতে হই৻ (ডাঃ হিণ্টন)।

৪।	কুপ্রাই সাল্‌ফ	... ...	৪ গ্রেণ।
	মেলিস রোজি	... ...	২ ড্রাম।
	একোয়া রোজি	... ...	৬ ড্রাম।

প্রবল কর্ণবন্ধ্র প্রদাহে পুলটিস দ্বারা বেদনা উপসমিত হলেই উপরোক্ত স্থানিক প্রযোগ ব্যবহার করা যাইতে পারে।

অটোরিয়া বা কানপাকা।

১।	এসিড কার্ব্বলিক	..	৫—১০ মিনিম।
	একোয়া	... ...	১ ঔন্স।

লোশন, কর্ণে পিচকারী দিবার জন্য। (মোঃ মেনিয়ার)

২।	জিঙ্কাই সাল্‌ফ	...	১—৩ গ্রেণ।
	একোয়া	.. ...	১ ঔন্স।

লোশন, কর্ণে পিচকারী দিবার জন্য। (ঐ)

৩।	এলাম	.. ...	১—৪ গ্রেণ।

(ঐ)

অথবা

প্লম্বাই এসিটাস .. ... ১—৪ গ্রেণ।

(ঐ)

অথবা

জিঙ্কাই সাল্‌ফাস্‌	...	১—৪ গ্রেণ।
উষ্ণজল	...	১ ঔন্স।

লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৪।	জিঙ্কাই সাল্‌ফ	.. ..	২০ গ্রেণ।
	গ্লিসারিন	.. ..	১ ঔন্স।
	একোয়া	... ...	২ ঔন্স।

লোশন। (ঐ)

৫।	প্লম্বাই এসিটাস	...	... ১০ গ্রেণ।
	একোয়া	...	... ১ ঔন্স।

লোশন,

পলিপাস।

১।	টিউক্রিয়াই মাব্ ফোলিয়োবম	...	৪ ঔন্স।
	এলকোহল		.. ১০ ঔন্স।

চতুর্দ্দশ দিবস পর্য্যন্ত ভিজাইযা বাখিযা অবিষ্ট প্রস্তত কবিয়া লইবে। এবং উহা পলিপসেব উপবে প্রয়োগ কবিবে। এই স্থানিক প্রয়োগের সঙ্গে সঙ্গে ৫—১০ মিনিম মাত্রায সেবন ও ব্যবস্থা করা যাইতে পাবে।

ওট্যাল্‌জিযা কর্ণশূল।

১।	ফিনেট অব্ কোকেন	... ½ গ্রেণ।

১½ ড্রাম এলকোহল দ্রব কবতঃ ১½ ড্রাম পবিশ্রুত জল মিশ্রিত কবিযা প্রত্যেক বাবে ১০—৩০ মিনিম মাত্রায কর্ণে প্রযোগ কবিতে হইবে।

Enuresis or Incontinence of Urine.

এনিউরেসিস্ অথবা ইনকণ্টিনেন্স অব্ ইউবিন।

মূত্রধারণে অসমর্থতা।

যখন আঘাত, মূত্রাশযেব এবং মূত্রনালীর পক্ষাঘাত, মত্র-নালীব দৈহিক সংবৃত্তি ও প্রষ্টেট গ্রন্থিব বিবৃদ্ধির জন্য মূত্রধারণে অসমর্থতা জন্মে তখন ইহাকে অস্ত্র চিকিৎসা বোগের মধ্যে গণনা করিতে হইবে।

চিকিৎসা বিষয়ক টীকা।

আঘাত হেতু মূত্রাশয়ের গ্রীবার বা মূত্রনালীর পক্ষাঘাত বশতঃ মূত্রধারণে অসমর্থতায় তাড়িত প্রয়োগ অতীব ফলদায়ক ষ্ট্রিক্চার অর্থাৎ মূত্রনালীব দৈহিক সংবৃত্তি হেতু এই রোগ হইলে ষ্ট্রিক্চাবেব চিকিৎসা কবিলেই উহা নিবৃত্তি হইবে। প্রষ্টেট গ্রন্থির বিবৃদ্ধি হেতু এই বোগ প্রত্যহ ক্যাথিটার দ্বারা মূত্র নির্গত কবিলেই উহা দূব হইবে।

ডাঃ উইলিযাম হ্যামণ্ড এই বোগে জিঙ্কাই ব্রোমাইড অথবা ফেরি ব্রোমাইড এবং আর্গট পর্য্যাবক্রমে ব্যবহাব করিয়া অত্যাশ্চর্য্য ফল পাইযাছেন। ডাঃ হোযাইটলা আঘাতজনিত এই রোগে টিং নক্সভমিকাকে অধিকতব উপকাবী মনে করেন।

ঔষধ বিষয়ক টীকা।

বেলাডনা—বেলাডনা এবং ইহাব বীর্য্য এট্রপিযা এ বেইাগে অতি উত্তম ঔষধ। বেলাডনা অধিক মাত্রায ব্যবহার করা উচিত।

ক্লোবাল হাইড্রাস—১০—১৫ গ্রেণ মাত্রায রাত্রিতে শয়নকালে সেবনে বিশেষ উপকাব দর্শে।

আর্গট—বেলাডনা এবং আর্গট একত্রে সেবনে অনেক সময় প্রভূত উপকাব দৃষ্ট হয।

ফেবি অাইওডাইড—গণ্ডমালা বোগাক্রান্ত শিশুদিগের এই রোগে ইহা অতীব ফলপ্রদ।

জেল্সিমিয়াম—ডাঃ এডওযার্ড মেয়াব বলেন যে শিশুদিগের ও বৃদ্ধদিগের এই বোগে বেলাডনাতে কোন ফল না পাইলে ইহা ব্যবহারে যথেষ্ট ফল পাওয়া যায।

ষ্ট্রিক্নিয়া—ডাঃ বেল্ল ইহা $\frac{1}{৮০}$ গ্রেণ মাত্রায় ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগে সন্তোষজনক ফল পাইয়াছেন।

টিং ষ্টিল—কোন কোন চিকিৎসক আভ্যন্তরিক ঔষধের মধ্যে ইহাকে শ্রেষ্ঠ মনে করেন।

ব্যবস্থাপত্র।

১।	একষ্ট্রাক্ট আর্গট লিকুইড	..	১০ মিনিম।
	টিং ষ্টিল ...	...	৫ মিনিম।
	স্পিরিট ক্লোরফরম ...	...	৫ মিনিম।
	ইনফিউশন কোয়াশিয়া ...	..	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

(ডাঃ এন্. কুলি /ব্রি

২।	টিং নক্সভমিকা ..	...	৬ ড্রাম।
	একষ্ট্রাক্ট ডেমিয়ানা লিকুইড	...	২$\frac{1}{2}$ ঔন্স।
	গ্লিসারিন ...	সমষ্টি	৪ ঔন্স।

আহারান্তে জলসহ ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

(ডাঃ হুইটলা)

৩।	জিঙ্কাই ব্রোমাইড ...	...	$\frac{1}{2}$ ঔন্স।
	একষ্ট্রাক্ট আর্গট লিকুইড	...	৪ ঔন্স।

১০ মিনিম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

দ্বিতীয় মাসে ৫ মিনিম মাত্রা বৃদ্ধি করিতে হইবে।

(ডাঃ হ্যামণ্ড)

৪।	এসিড বেঞ্জোইক ...	...	২ ড্রাম।
	একোয়া সিনেমম্ ...	...	৬ ঔন্স।

$\frac{1}{2}$ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ হ্যাফি)

Epistaxis, এপিস্‌ট্যাক্সিস্।

নাসারন্ধ্র হইতে রক্তস্রাব।

নিম্নলিখিত কারণ বশতঃ নাশারন্ধ্র হইতে রক্তস্রাব হয় যথা—(১) রক্তপ্রধান ধাতু, (২) অনুকল্প (vicarious) ঋতু, (৩) পুরাতন ব্রাইটুস্ ব্যাধি, (৪) স্বল্প বিরাম, টাইফয়েড, টাইফস্ এবং স্কার্লেট ফিভার, (৫) স্কার্ভি, পার্‌পিউরা হেমরেজিয়া, প্লীহার বিবৃদ্ধি, পাইমিয়া এবং ইরিসিপেলাস বা বিসর্প, (৬) হৃদপিণ্ডের পীড়া প্লুরিসি, এম্ফাইসিমা, এসাইটিস্ বা উদরী এবং ওভেরিয়ান ড্রপ্‌সি, (৭) দৈহিক, ধামনীক ও শৈরিক রক্তাধিক্য, (৮ আঘাত, নাসারন্ধ্রের অস্থির অপায়, করোটীর বেসস্থিত অস্থির অপায়, নাসিকা গহ্বর মধ্যে ক্যান্‌সার, প্রবল বেগে হাঁচি এবং উত্তেজক বস্তু নাসিকাদ্বারা টানা।

এই রোগে রক্ত ধারে অথবা ফোটা ফোটা করিয়া পড়ে। সচরাচর এক নাসারন্ধ্র হইতে রক্তস্রাব হয় এবং কদাচ উভয় নাসারন্ধ্র হইতে রক্তস্রাব হয়। এই রক্তস্রাব সচরাচর অল্পক্ষণ স্থায়ী হইয়া থাকে কিন্তু কখন কখন এত ভয়ানক রক্তস্রাব হয় যে ইহা দ্বারা রোগীর মৃত্যু হইতে পারে।

চিকিৎসা বিষয়ক টীকা।

শিরঃপীড়া, নাসিকার রক্তাধিক্য এবং অনুকল্প ঋতু বশতঃ কখন কখন নাসারন্ধ্র হইতে রক্তস্রাব হইতে দেখা যায়। এই রূপ রক্ত নিঃসরণ রোগীর পক্ষে উপকারী ভিন্ন অপকারী নহে এমতাবস্থায় এই রক্তস্রাব বন্ধ করিতে চেষ্টা করা অকর্ত্তব্য।

সামান্য রক্তস্রাবে নাসিকায় শীতল জল বা বরফ প্রয়োগ অথবা শীতল জলসিক্ত বস্ত্র প্রয়োগে রক্তস্রাব বন্ধ হইতে পারে।

যে দিকের নাসিকা হইতে রক্তস্রাব হয় সেই দিকের হস্ত উত্তোলন করিয়া মাথায় রাখিয়া অপর হস্ত দ্বারা নাসিকা চাপিয়া ধরিলে কখন কখন তৎক্ষণাৎ রক্তস্রাব বন্ধ হয়। পাকাশয়ের এবং পায়ের ডিমের উপর মাষ্টার্ড প্লাষ্টার প্রয়োগেও অনেক সময় উপকার দর্শে। উপরোক্ত সামান্য সামান্য উপায় দ্বারা রক্তস্রাব বন্ধ না হইলে সঙ্কোচক ঔষধ যথা—এলাম্, এসিটেট অব লেড, আয়রণ সাল্টস্, গ্যালিক অথবা ট্যানিক এসিড জলে দ্রব করিয়া নাসারন্ধ্র মধ্যে পিচকারী দ্বারা অথবা তুলা ভিজাইয়া প্রয়োগে বিশেষ ফল দর্শে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে টিং ষ্টিল, টার্পেণ্টাইন, ব্রোমাইড অব্ পটাশ, বেলাডনা, কুইনাইন, আর্গটিন, সাল্‌ফিউরিক এসিড এবং এসিটেট্ অব্ লেড অতীব ফলদায়ক।

দুরূহ রোগে ঔষধ সেবনে ও বাহ্যিক প্রয়োগে কোন উপকার না হইলে বিলোজ সাউণ্ড বা ক্যানিউলা দ্বারা নাসারন্ধ্র প্লাগ বা বন্ধ করিয়া দেওয়া কর্ত্তব্য।

উপরোক্ত যন্ত্রের অভাবে একটি রোপ্যনির্ম্মিত ক্যাথিটার কিম্বা ছিদ্রযুক্ত প্রোবে একটি সূত্র পরাইয়া নাসারন্ধ্রে প্রবেশ করাইবে। ক্যাথিটার বা প্রোবের অগ্রভাগ মুখ গহ্বরের মধ্যস্থিত অলি জিহ্বার পশ্চাতে বাহির হইলে ঐ সূত্র বাহির করিয়া লইয়া এক টুকুরা স্পঞ্জ অথবা পুরু করিয়া লিণ্টের গদি বান্ধিয়া দিবে। তদনন্তর ক্যাথিটার বা প্রোব বাহির করিয়া লইলে ঐ সূত্রস্থিত স্পঞ্জ বা গদি উপরে উঠিয়া গিয়া পোষ্টিরিয়ার নেরিজ পর্য্যন্ত প্রবেশ করিয়া দ্বার রুদ্ধ করিবে এবং অবশেষে ঐ সূত্রের উভয় অন্ত একত্র করিয়া নাসিকার সম্মুখে বন্ধন করিয়া রাখিবে। ইহা ব্যতীত এই রোগে ইণ্ট্রনেজাল ব্যাগও একটি মূল্যবান যন্ত্র।

ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট- অল্প মাত্রায় ঘন ঘন সেবনে শিশুদিগের এবং স্থূল-কায় ব্যক্তিদিগের নাসারন্ধ্রের রক্তস্রাবে উপকারী।

এলম্—নস্যরূপে গ্রহণে এবং লোশন অর্থাৎ দ্রব করিয়া পিচকারী প্রয়োগে ফলদায়ক।

ডিজিটেলিস—কখন কখন ইহার ইন্‌ফিউশন সেবনে রক্তস্রাব তখনই বন্ধ হয়।

আর্গট—ইহা একটি মূল্যবান রক্তরোধক ঔষধ। অত্যন্ত রক্ত-স্রাবে ত্বকনিম্নে আর্গটিনের পিচকারী অত্যন্ত উপকারী।

ফ্রিরাম—লৌহের প্রয়োগরূপের মধ্যে টিং ফেরি পারক্লোরাইড অত্যুৎকৃষ্ট সঙ্কোচক। কেহ কেহ ৮ ঔন্স জলে ১ ড্রাম লাই-কর ফেরি সাবসাল্‌ফেটের দ্রব পিচকারী দ্বারা প্রয়োগেও সন্তোষজনক ফল পাইয়াছেন।

গল—দুর্ব্বল রোগীর পক্ষে গল চূর্ণ ১০—২০ গ্রেণ মাত্রায় অতি উত্তম সঙ্কোচক।

হেমেমেলিস—ইহার টিংচার ১—২ মিনিম মাত্রায় অর্দ্ধ ঘণ্টান্তর ব্যবহারে বিশেষ উপকারী।

ওপিয়াম—ত্বক শুষ্ক হইলে ডোভার্স পাউডার বিশেষ উপযোগী।

কুইনাইন—কখন কখন নাসারন্ধ্রের রক্তস্রাবে ইহা ব্যবহারে আশ্চর্য্য ফল পাওয়া যায়।

সোডিয়াই সাল্‌ফাস্—কেহ কেহ অর্দ্ধ ঘণ্টান্তর ব্যবহার করিতে বলেন।

ট্যানিক এসিড—৬ ঔন্স জলে ১ ড্রাম ট্যানিক এসিড সোলুশন স্প্রে দ্বারা ব্যবহারে উপকার দর্শে।

ব্যবস্থাপত্র।

১। একষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ½ ঔন্স।

দুরুহ রক্তস্রাবে ২০ মিনিম মাত্রায় জলসহ প্রত্যহ তিন বার অথবা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

২। অয়েল টেরিবিন্থিনি ... ২০—৩০ মিনিম মাত্রায় দুগ্ধ বা মিউসিলেজ সহ ২।৩ ঘণ্টান্তর ব্যবহার্য্য।

৩। ইন্‌ফিউশন ডিজিটেলিস .. ২ ঔন্স।

টিং ক্রামাবিয়া ... ... ১ ঔন্স।

একষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ১ ঔন্স।

আবশ্যকমত ½ ঔন্স মাত্রায় সেব্য। (ডাঃ বার্থলো)

৪। টিং ফেরি পারক্লোরাইড .. ১ ড্রাম।

একোয়া ... ... ৩ ড্রাম।

নাসিকাভ্যন্তরে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে।

(ব্রিটিশ মেডিক্যাল জর্ণাল)

Erysipelas, ইরিসিপেলাস।

ত্বকের বা ত্বক এবং এরিওলার বিধানের বিস্তৃত প্রদাহকে ইরিসিপেলাস বা বিসর্প কহে। ইহা তিন প্রকার যথা। (১) সিম্পল বা সাধারণ, (২) ফ্লেগমোনাস বা সেলিউলো কিউটেনিয়াস, (৩) সেলিউলার বা ডিফিউজ সেলুলাইটিস। প্রথম প্রকারের ইরিসিপেলাসে কেবল ত্বক ও তন্নিম্নস্থ বিধান আক্রান্ত হয়। দ্বিতীয় প্রকারে ত্বক এবং নিম্নস্থ এরিওলার বিধানে প্রদাহ হয়। তৃতীয় প্রকারে অতি নিম্নস্থ সেলিউলার বিধান আক্রান্ত হয়।

সিম্পল বা কেবল ত্বকের ইরিসিপেলাসে নিম্নলিখিত লক্ষণগুলি প্রকাশ পায়। আক্রমণের অব্যবহিত পূর্ব্বে কম্প, ক্ষুধা-

মান্দ্য অসুস্থতা, বিবমিষা ক্বচিৎ বমন, শিরঃপীড়া, অঙ্গসমূহে বেদনা এবং জ্বরের অন্যান্য লক্ষণ প্রকাশিত হয়। দৈহিক উত্তাপ হঠাৎ ১০৩° ডিগ্রি হয় এবং কখন কখন এই সময প্রাপ্ত বয়স্ক-দিগেব নাসিকা হইতে বক্তস্রাব এবং শিশুদিগের কন্‌ভাল্‌সন্ বা তড়্কা দৃষ্ট হয়। এই সকল লক্ষণ প্রকাশের ২৪ ঘণ্টার মধ্যে ত্বকের প্রদাহ লক্ষিত হয়। সচবাচর উহাব নিকটস্থ লিম্ফ্যাটিক গ্রন্থি-গুলি স্ফীত হয় এবং পবে তাহা বৰ্দ্ধিত ও বেদনাজনক হয়। স্থানিক প্রদাহ প্রায়ই কোন ক্ষত বা সামান্য ছাল উঠা হইতে উৎপন্ন হয; কোন ক্ষত হইতে উৎপন্ন না হইলে প্রায়ই ত্বক এবং শ্লৈষ্মিক ঝিল্লিব মিলন স্থান হইতে উৎপন্ন হয় যথা চক্ষের কোণ, মুখ গহ্বরের কোণ, কর্ণছিদ্রেব পার্শ্ব এবং গুহ্যদ্বার। এই প্রদাহ নাসাবন্ধ্র বা ফেবিংস হইতে উৎপন্ন হইলে উহা সমস্ত মুখে বিস্তৃত হইতে পাবে। প্রথমাবস্থায় প্রদাহযুক্ত ত্বক অত্যন্ত রক্তবর্ণ হয এবং সময়ে সময়ে ঈষৎ হবিদ্রাভা বিশিষ্ট দেখা যায়; ঐ বক্তাভা ক্রমশঃ চতুর্দ্দিকে বিস্তৃত হইতে থাকে। অতঃপর বক্তের জলীযাংশ ত্বকে আসিয়া জমে এবং অঙ্গুলি সঞ্চাপনে ত্বক বসিয়া যায। যেখানে ত্বক নিম্নস্থ এরিওলার বিধান আল্‌গা যথা—চক্ষুর পাতা এবং পোতা, সেই স্থান গুলি অধিক পবিমাণে স্ফীত হয। অধিকাংশ স্থলে সিরামপূর্ণ ছোট ছোট ফুসকুড়ি হয এবং সে গুলি একত্র হইয়া বড় বড় ফোস্কা উৎপন্ন করে। ফোস্কাগুলি গলিয়া স্বতই শুষ্ক হইয়া যায় এবং উপরে এক একটি স্ক্যাব বা মামড়ি পড়ে। কদাচ ঐ প্রদাহে পূযোৎপত্তি হয়। প্রদাহেব বৃদ্ধিব অবস্থায় জ্বরের হ্রাস হয় না বরং ঐ স্থানে বেদনা, উত্তাপ ও সটানতা অধিক বর্তমান থাকে। নাড়ী দ্রুতগামী এবং পূর্ণতা প্রাপ্ত হয়। উত্তাপ প্রাতে ঈষৎ

কম হয কিন্তু সন্ধ্যাব সময় আবার অত্যন্ত বেশী হয় ; এমন কি ১০৬।১০৭ ডিগ্রি পর্য্যন্ত হইয়া থাকে। রাত্রিতে প্রলাপ উপস্থিত হয় ; মস্তিষ্কের ইরিসিপেলাসে এই প্রলাপ একটি সাধারণ লক্ষণ। জিহ্বা শুষ্ক এবং লেপযুক্ত থাকে ; কঠিন রোগে জিহ্বা ফাটা ফাটা ও ধূসব বর্ণ হয় এবং দন্তে ও ওষ্ঠে সর্ডিস বা এক প্রকার কৃষ্ণবর্ণ লেপ বর্ত্তমান থাকে। মস্তিষ্কেব ইবিসিপেলাসে অলি জিহ্বা ও উহাব চতুষ্পার্শে বক্তাধিক্য হয। কখন কখন কোষ্ট-বদ্ধতা থাকে বটে কিন্তু দুর্গন্ধ মলযুক্ত উদরাময অনেক সময় উপস্থিত হইযা থাকে। মূত্রে এলুবিউমেনেব ভাগ কম হয়। মস্তিষ্কেব ইবিসিপেলাসে বোগীব আকাব এতই বিকৃত হয যে, হঠাৎ তাহাকে দেখিলে ভয হয। মস্তিষ্ক অত্যন্ত স্ফীত হয় এবং মুখাবয়ব অত্যন্ত কদর্য্য দেখায। প্রদাহেব হ্রাস না হওয়া পর্য্যন্ত রোগ উপসমেব সম্ভাবনা থাকে না। প্রদাহ হ্রাস হইলেই দৈহিক উত্তাপও হ্রাস হয। এই হ্রাস পঞ্চম দিবসেও হইতে পাবে এবং কখন কখন ১৫।২০ দিন পর্য্যন্ত লাগে। সমযে সময়ে দেখিতে পাওয়া যায যে একদিকের প্রদাহ কমিতেছে আবাব অন্যদিকে বাড়িতেছে। মুখেব এবং মস্তকেব এই বোগ আশঙ্কাজনক। প্রদাহেব নিবৃত্তিব পব সেই স্থানেব ত্বক উঠিয়া যায় ও বোগী অত্যন্ত দুর্ব্বল হইযা পডে। সামান্য আক্রমণের পবও বোগী এত দুর্ব্বল হয় যে, অনেক দিনে সম্পূর্ণ সুস্থতা লাভ কবিতে পাবে না। দুরুহ রোগে ভযানক প্রলাপ এবং পবে কোমা বা গভীর নিদ্রাবস্থা প্রাপ্ত হইয়া বোগীর মৃত্যু হয়। যদি পরিণামে পূয়োৎপত্তি এবং পচন আবম্ভ হয় তাহা হইলে প্রায়ই সেপ্‌টিসিমিয়া বা পাইমিয়া ইত্যাদি রক্ত বিষাক্ততাই রোগীর মৃত্যুর কারণ হইয়া উঠে।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহার চিকিৎসাকে দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে যথা—(১) দৈহিক ও (২) স্থানিক।

(১) দৈহিক চিকিৎসা—এই রোগে স্বতই অত্যন্ত অবসাদন জন্মে সুতরাং অবসাদক ঔষধ দেওয়া যুক্তিসঙ্গত নহে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে দুইটি ঔষধই সর্ব্ব প্রধান ও অধিক ফলদায়ক যথা—টিং ষ্টিল এবং একোনাইট। টিং ষ্টিল অধিক মাত্রায় না দিলে (৪০ মিনিম মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর) কোন ফল হইবার সম্ভাবনা নাই। একোনাইট দৈহিক উত্তাপের প্রবলতা অনুসারে ব্যবহৃত হয়। প্রথমে অর্দ্ধ বা এক মিনিম মাত্রায় প্রত্যেক ১৫ মিনিটান্তর ব্যবহার করা কর্ত্তব্য পরে ত্বক আর্দ্র না হওয়া পর্য্যন্ত ১২ ঘণ্টান্তর ঐ মাত্রায় দিবে কিন্তু অতি সাবধানে ব্যবহার করা উচিত। সামান্য মাত্র অবসাদনের লক্ষণ দৃষ্ট হইলে উহা বন্ধ করিবে। পথ্য খুব পুষ্টিকর অথচ লঘু হওয়া আবশ্যক যথা—দুগ্ধ, সুপ ইত্যাদি। উত্তেজক ঔষধ অনেক সময় প্রয়োজনীয় এবং নাড়ীর অবস্থা দেখিয়া তাহার পরিমাণ স্থির করা কর্ত্তব্য। অধিকাংশ স্থলে প্রত্যহ ২।৩ ও ৪ ঔন্স ব্রাণ্ডি সেবন করান আবশ্যক কিন্তু মদ্যপায়ীদিগকে ৬।৮।১২ ঔন্স পর্য্যন্ত দেওয়া যাইতে পারে।

(২) স্থানিক চিকিৎসা—স্থানিক প্রয়োগের জন্য কখনও শীতল জল ব্যবহার করিবেনা, ইহা একেবারে নিষিদ্ধ। শীতল জল ব্যবহার করিলে প্রদাহ বর্দ্ধিত হয় এবং পূয়োৎপত্তি ও পচনের সম্পূর্ণ সম্ভাবনা থাকে। উষ্ণ জল স্বেদ কখন কখন দেওয়া যাইতে পারে কিন্তু ইহাপেক্ষা তুলা গরম করিয়া তাহার শুষ্ক স্বেদ উপকারী। পুলটিস কখনও ব্যবস্থা করিবেনা।

স্থানিক প্রয়োগগুলিকে ৫ ভাগে বিভক্ত করা যাইতে পারে যথা—(১) বায়ুরোধকারী এবং ত্বকরক্ষাকারী প্রযোগ সমূহ। (২) অবসাদক প্রয়োগ সমূহ। (৩) বীর্যাবান সঙ্কোচক প্রযোগ সমূহ। (৪) পচন নিবারক প্রয়োগ সমূহ। (৫) সীমা নির্দ্দেশ কারী প্রযোগ সমূহ।

(১) এই প্রযোগ সমূহ যেমন এক দিকে বায়ু প্রবেশ করিতে দেয় না, তেমনি আবার ত্বক হইতে দূষিত পদার্থের নিঃসরণ বন্ধ করে। ইহাদের মধ্যে কলোডিয়ান, অযেল বা ষ্টার্চ সচরাচর ব্যবহৃত হয। প্রথমে ঐ ঔষধ প্রয়োগ করিয়া পরে তূলা দিয়া ব্যাণ্ডেজ করিযা দেওযা কর্ত্তব্য।

(২) অবসাদক প্রযোগ সমূহের মধ্যে বেলাডনার সারের বাহ্যিক প্রয়োগই সর্ব্বোৎকৃষ্ট। সচরাচর উহা গ্লিসারিন সহ সম-ভাগে মিশ্রিত করিয়া ব্যবহৃত হয়। ইরিসিপেলাস সহ লিম্ফ্যাটিক ভেসেলের গ্রন্থি প্রদাহে ইহা বিশেষরূপে ব্যবহার্য্য।

(৩) বীর্য্যবান সঙ্কোচক ঔষধের প্রযোগ সমূহ। ফ্রান্স প্রদে-শের লিমনস নগরের প্রসিদ্ধ ডাক্তার ভ্যালেটি ১০০ শত ভাগ জলে ৩০ ভাগ টিং ষ্টিল দ্রব করিয়া উহার প্রয়োগের ভূয়সী প্রশংসা করেন। প্রাচীন চিকিৎসকদিগের মতে সালফেট অব্ আয়রনের লোশন অতীব ফলপ্রদ। কেহ কেহ আবার ২০ গ্রেণ নাইট্রেট অব্ সিল্ভার ১ ড্রাম জলে দ্রব করিয়া প্রযোগ করিতে বলেন।

(৪) পচন নিবারক প্রযোগ সমূহ। পচন নিবারক ঔষধের মধ্যে ডাঃ মরিস্যাল ক্রিযেজোট এবং কেওলিন (বা সিলিকেট অব্ এলুমিনিয়ম) একত্র মিশ্রিত করিযা প্রযোগ করিতে বলেন। ডাঃ ডিওয়ার সল্‌ফিউরাস এসিড এবং গ্লিসারিন সমানভাগে একত্র করিযা দেওয়া ভাল বলেন। সাধারণতঃ টিং আইওডিন প্রয়োগ

অন্দ নহে। প্রঃ কচ্ ক্রিওলিন ১ ভাগ, আইডফরম ৪ ভাগ এবং ল্যানলিন ১০ ভাগ একত্রে মলম প্রস্তুত করিয়া প্রয়োগ করিতে বলেন এবং উহার যথেষ্ট প্রশংসা করেন। ডাঃ হিয়েটার ৩০ ভাগ গরম জলে ১ ভাগ কার্ব্বলিক এসিড দ্রব করিয়া ত্বক নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে বলেন। এবং আরও বলেন যে ইহা প্রয়োগে প্রদাহের বিস্তার বন্ধ করিতে পারা যায়।

(৫) সীমা নির্দ্দেশকারী প্রয়োগ সমূহ—এই প্রকার প্রয়োগের মধ্যে নাইট্রেট অব্ সিল্ভারের লোশন সর্ব্বোৎকৃষ্ট। ইহার তেজস্কর লোশন দ্বারা সীমা নির্দ্দেশকারী রেখা আঁকিয়া দেওয়া উচিত। অনেক সময় দেখা যায় যে এরূপ প্রয়োগে প্রদাহ উক্ত সীমা নির্দ্দেশক রেখা অতিক্রম করেনা।

ফসেস বা কোমল তালুর ইরিসিপেলাসে টিং ষ্টিলের তেজস্কর সোলিউশনের স্থানিক প্রয়োগ সর্ব্বাপেক্ষা ফলদায়ক। এই প্রকার ইরিসিপেল্লাসে গ্লটিসের ইডিমা বা শোথ হইলে তাহা স্ক্যারিফাই করা অর্থাৎ পীড়িত স্থানের ২।১ স্থানে অস্ত্র দ্বারায় ইনসিশন দেওয়া উচিত। ইহাতে রোগোপশম না হইলে ট্রেকিওটমী করাই বিধেয়।

(২) ফ্লেগ্‌মোনাস বা সেলিউলো কিউটেনিয়াস ইরিসিপেলাস—ইহাতে প্রথম হইতে ত্বকের প্রদাহসহ ত্বকনিম্নস্থ বিধানে রক্তের জলীয়াংশ সঞ্চিত হয়। চর্ম্ম রক্তবর্ণ হয় কিন্তু প্রথমটির অর্থাৎ শুষ্ক ত্বকের প্রদাহের ন্যায় ততদূর সীমাবদ্ধ থাকে না। যতই প্রদাহ বিস্তৃত হইতে থাকে ততই পীড়িত স্থান সটান ও চক্‌চকে হইয়া উহাতে ফোস্কা উৎপাদন হয়। সটানতা এত বেশী হয় যে অঙ্গুলি সঞ্চাপনে সেই স্থান বসিয়া যায় না। প্রথম আক্রমণের কিছুদিন পর হইতেই পীড়িত অঙ্গের অধিকাংশ স্থান আক্রান্ত

হয়। এই অবস্থায় চিকিৎসা দ্বারা উপসমিত না হইলে ক্রমে পীড়িত স্থানের রক্তবর্ণ ঘোর হইয়া উঠে এবং কৃষ্ণাভাযুক্ত রক্ত বর্ণের গোটা গোটা দাগ দৃষ্ট হয়। এই সঙ্গে সে স্থানের সটানতা অনেক কম হয় বটে, কিন্তু পচনের পূর্ব্ব লক্ষণ লক্ষিত হইয়া থাকে এবং ক্রমে বিগলিতাবস্থা প্রাপ্ত হয়। স্লাফ বা বিগলিতাংশ-গুলি যতই পৃথক হইতে থাকে ততই নিম্নস্থ ফ্যাসিয়া এবং মাংসপেশী দৃষ্ট হইতে থাকে। এইরূপে পীড়িতাঙ্গের ত্বক ও নিম্নস্থ বিধান ধ্বংশ হইয়া যায়। এইরূপ অবস্থা ৭ হইতে ১০ দিনের মধ্যে হইতে পারে। প্রথমাবস্থায় অত্যন্ত জ্বালা বর্ত্তমান থাকে কিন্তু পচনাবস্থ হইলে জ্বালা ও উত্তাপের একেবারে নিবৃত্তি হয়। উপরোক্ত লক্ষণ সহ অত্যন্ত জ্বর হয় এমন কি ১০৫ ডিগ্রি পর্য্যন্ত হইয়া থাকে। জিহ্বা শুষ্ক এবং ধূসর বর্ণ হয়, ওষ্ঠে ও দন্তে কৃষ্ণবর্ণ লেপ পড়ে, ক্ষুধা চিহ্নমাত্র থাকেনা এবং অবশেষে প্রায়ই উদরাময় দৃষ্ট হয়। প্রথমতঃ নাড়ীর পূর্ণভাব থাকে, পরে অস্থি-রত এবং ক্ষীণ হয়। কঠিন রোগে বিড়বিড়ে প্রলাপ বর্ত্তমান থাকে এবং পরিশেষে নিউমোনিয়া, প্লুরিসি ইত্যাদি উপসর্গ হইয়া মৃত্যু হয়। বিগলিতাংশ পৃথক হইবার সময় পাইমিয়া বা সেপ্টি-সিমিয়া হইবার বিশেষ সম্ভাবনা।

চিকিৎসা বিষয়ক টীকা।

রোগীকে পুষ্টিকর পথ্য যথা—দুগ্ধ, সুপ এবং ডিম্ব ইত্যাদি ও উত্তেজক ঔষধ ব্যবস্থা করা উচিত। আভ্যন্তরিক ঔষধের মধ্যে বার্ক এবং এমনিয়া অতীব ফলপ্রদ। প্রথমাবস্থায় স্থানিক প্রয়ো-গের জন্য উষ্ণজল স্বেদ ও সমভাগে একষ্ট্রাক্ট বেলাডনা এবং গ্লিসারিন অত্যন্ত ফলপ্রদ। সামান্য মাত্র সটানতা লক্ষিত হইলেই স্ক্যালপেল দ্বারা ইন্‌সিশন দেওয়া কর্ত্তব্য এবং ড্রেসিংয়ের

জন্য স্যালালেমব্রথ বা সেলিসিলিক উল প্রয়োগ করা আবশ্যক।

(৩) বিস্তৃত সেলুলাইটিস বা সেলুলাব ইরিসিপেলাস—এই প্রকার রোগে, ত্বক নিম্নস্থ সেলুলাব টিশু বা কৈশিক বিধানে অথবা মাংসপেশীব মধ্যস্থিত বা ফ্যাসিয়াব নিম্নস্থ সেলুলার বিধানে প্রদাহ আবদ্ধ থাকে।

লক্ষণ—ইহাতে পীড়িত স্থানের ত্বক ঈষৎ রক্তবর্ণ হয় ও ত্বক নিম্নস্থ বিধানে রক্তের জলীযাংশ সঞ্চিত হয়। প্রথম হইতেই বিদীর্ণানুভাবক বেদনা ও জ্বালা বর্ত্তমান থাকে এবং সঞ্চাপনে অত্যন্ত বেদনা অনুভব হয। পীড়াব বৃদ্ধিব সঙ্গে সঙ্গে স্ফীত স্থান কোমল ও বক্তবজে হয এবং স্থানে স্থানে ফ্ল্যাক্চুযেশন্ বা পূয়ঃ সঞ্চালন অনুভব হয। ক্রমে ত্বক গাঢ় বক্তবর্ণ হইয়া বিগলিতাবস্থা প্রাপ্ত হয। সঙ্গে সঙ্গে দৈহিক উত্তাপ ১০৪।১০৫ ডিগ্রি হয়। জিহ্বা শুষ্ক ও ঘন লেপযুক্ত থাকে। কখন কখন বমন ও উদবাময় উপস্থিত হয। নাড়ী দ্রুত ও পূর্ণ এব অবশেষে অতি দ্রুত ও ক্ষীণ হয ও বোগী সদাসর্ব্বদা প্রলাপ বকিতে থাকে। এই প্রকাবেব ইবিসিপেলাস প্রাযই ২।৩ দিনেব মধ্যেই বৃদ্ধি পায়। এবং এই বোগ প্রাযই বিষাক্ত ক্ষত হইতে উৎপন্ন হয। শবচ্ছেদন জনিত ক্ষত হেতু এই বোগ জন্মিলে অধিকা শ স্থলে বোগীব মৃত্যু হইয়া থাকে। পাথবিব জন্য লিথটমীব পব অথবা প্রসবান্তে এই বোগ জন্মিতে পাবে। মস্তিষ্কের ক্ষত জনিত ইবিসিপেলাস প্রায়ই এই প্রকাবেব হইযা থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

সামান্য রোগে একষ্ট্রাক্ট বেলাডনা ও গ্লিসারিন প্রয়োগে এবং উষ্ণজল স্বেদ ব্যবহারে প্রদাহেব নিবৃত্তি হইতে দেখা যায়। কিন্তু

দুরূহ রোগে ইন্‌সিশন, পচন নিবারক ঔষধ প্রয়োগ, পুষ্টিকর পথ্য এবং উত্তেজক ঔষধ বিশেষ প্রয়োজনীয়।

ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট—সকল প্রকার ইরিসিপেলাসের বিশেষতঃ বলিষ্ঠ রোগীর ইরিসিপেলাস জনিত জ্বরে লণ্ডনের মিঃ রিঙ্গর ১৫ মিনিটান্তর ২ ফোটা মাত্রায় ইহার অবিষ্ট ব্যবস্থা করেন।

এমন কার্ব্ব—সার টমাস ওয়াট্‌সন প্রথমে বিরেচক ঔষধ দিয়া পরে ইহা ব্যবহার করিতে বলেন। মিঃ ক্যাম্বেল, ডি, মর্গ্যান্ বলেন, যেখানে অত্যধিক স্নায়বীয় অবসাদন লক্ষিত হয়, ত্বক শীতল ও কোমল থাকে, জিহ্বা আর্দ্র ও পুরু এবং নাড়ী দুর্ব্বল ও দ্রুত হয় সেই অবস্থায় ইহা মূল্যবান ঔষধ। জিহ্বা কঠিন, শুষ্ক এবং ফাটা ফাটা থাকিলে ও ত্বক্ শুষ্ক ও উত্তপ্ত থাকিলে ইহা ব্যবস্থা করা উচিত নহে।

বেলাডনা একষ্ট্রাক্ট—ধামনীক বেগ হ্রাস জন্য ইহা $\frac{1}{6}$ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হয়।

ফেরি ব্রোমাইড—আমেরিকার অনেক চিকিৎসক ইহা প্রয়োগে যথেষ্ট ফল পাইয়াছেন।

লাইকর ফেরি পারক্লোরাইড—ইহা এই রোগের একটি মূল্যবান ঔষধ। ইহা উভয় বাহ্যিক এবং আভ্যন্তরিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

পটাশ ক্লোরাস—এই রোগে পচনের পূর্ব্ব লক্ষণ দৃষ্ট হইলে বা উহার সম্ভাবনা থাকিলে ডাঃ কোপল্যাণ্ড এই ঔষধ টিং সিঙ্কোনা সহ ব্যবহার করিতে বলেন।

কুইনি সাল্‌ফ—জিহ্বা পরিষ্কার ও ত্বক আর্দ্র হইলে অথবা নাড়ী কোমল, অতি দ্রুত বা কম্পান্বিত হইলে এবং দৈহিক

উত্তাপ সাধারণ অথচ তৎসহ প্রলাপ বর্ত্তমান থাকিলে অথবা পুয়োৎপত্তি বা পচন আরম্ভ হইলে ইহা ব্যবহার করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য। ইহার সঙ্গে টিং ফেরি পারক্লোরাইড দিলে আরও ভাল হয়।

সোডিয়াই সাল্‌ফেট—ইটালী নগরের প্রঃ পল্লি ইহার বিশেষ প্রশংসা করেন।

স্থানিক প্রয়োগ।

এড়েপ্‌স্—ইরাস্‌মস্ উইলসন্ অন্যান্য প্রয়োগাপেক্ষা ইহাকেই ভাল বলেন। তিনি প্রথমে উষ্ণজল বা বাষ্প দ্বারা চর্ম্ম শিথিল বা কোমল করিয়া লইয়া পরে উষ্ণ চর্ব্বি মাথাইয়া দিয়া সমস্ত স্থান তুলা দিয়া আবৃত করিতে বলেন।

এমনকার্ব্ব—ইরাসমস উইলসন্ নিম্নলিখিত লোশনের প্রশংসা করেন।

এমন কার্ব্ব	... ...	১ ড্রাম।
প্লম্বাই এসিটাস	... ...	১ ড্রাম।
একোয়া রোজ	... ...	৮ ঔন্স।

আর্জেণ্টাই নাইট্রাস—১৫নং ব্যবস্থা পত্র দেখুন।

ব্রোমিনাম—ডাঃ গোল্‌ড স্মিথ নিম্ন লিখিত সোলিউশন ব্যবহার করিতে বলেন।

ব্রোমিনাই	.. .	১ ঔন্স।
পটাশ ব্রোমাইড	...	১৬০ গ্রেণ।
পরিশ্রুত জল	.. ..	৪ ঔন্স।

ক্যালক্স ক্লোরিনেটা—নিম্নলিখিত প্রয়োগ বিশেষ ফলদায়ক।

ক্যাল্‌সিস ক্লোরিনেটি	..	১—২ ড্রাম।
একোয়া	... ...	১ পাইণ্ট।

লোশন।

ক্যাম্ফর—পারিসের ডাঃ মোন্‌সিয়ো ডেলপেচ্‌ ইথারে ক্যাম্ফর দ্রব করিয়া আক্রান্ত স্থানে প্রয়োগ করিতে বলেন। বিশেষতঃ মুখের ইরিসিপেলাসে ইহা প্রযোগ করিলে প্রদাহ মস্তক পর্য্যন্ত বিস্তৃত হইতে পারে না।

কার্ব্বলিক এসিড—ইহার স্থানিক প্রযোগ অতীব ফলপ্রদ। কেহ কেহ ইহার ১ পারসেণ্ট সোলিউশনে অর্থাৎ একশত ভাগ পরিশ্রুত গরম জলে একভাগ দ্রব করিয়া ত্বক নিম্নে পিচকারী দিতে বলেন।

কলোডিয়ান—ইহা বায়ুরোধকরূপে ব্যবহৃত হয। মনসিয়ার ব্রোকেযার বলেন যতদূর পর্য্যন্ত চর্ম্ম রক্তবর্ণ থাকে, ততদূর পর্য্যন্ত ইহা প্রয়োগ করা উচিত কলোডিয়ানে কোন প্রকার তৈল মিশ্রিত না থাকে তদ্বিষয়ে সাবধান হওয়া কর্ত্তব্য।

ক্রিয়েজোট—ডাঃ ফ্যানেষ্টক্‌ ইহার স্থানিক প্রযোগের বিশেষ প্রশংসা করেন।

ক্রিওলিন—স্থানিক পচন নিবারক প্রয়োগরূপে ব্যবহৃত হয।

ফেরি পারক্লোরাইড লাইকর—ডাঃ ডব্‌লিউ, এল হোয়াইট বলেন যে তিনি, কি হাঁসপাতালে, কি বাহিরের চিকিৎসায ইহা অপেক্ষা অন্য কোন স্থানিক প্রয়োগে এত ফল পান নাই। তিনি ইহা আক্রান্ত স্থান অতিক্রম করিয়া আরও ৩।৪ ইঞ্চি পরিমিত স্থানে উষ্ট্রকেশ নির্ম্মিত ব্রাস দ্বারা প্রয়োগ করিতে বলেন। নিম্নলিখিত ব্যবস্থা পত্র তিনি অতি প্রয়োজনীয় ও উপকারী বিবেচনা করেন।

লাইকর ফেরি পারক্লোরাইড ফোর্ট	..	১ ভাগ।
রেক্‌টিফায়াড স্পিরিট	..	১ ভাগ।

বাহ্যিক প্রয়োগের জন্য।

ফেবি সাল্ফ—প্রঃ ভেল্পো নিম্নলিখিত ব্যবস্থা পত্রের বিশেষ প্রশংসা করেন।

ফেবি সাল্ফ	...	১ ড্রাম।
একোয়া	...	১ পাইণ্ট।

লাগাইবার জন্য।

অথবা

ফেবি সাল্ফ	..	২ ড্রাম।
এডেপস্ বা লার্ড	..	২ ঔন্স।

মলম, লাগাইবার জন্য।

গ্লিসারিন—উত্তেজনা নিবারণ ও ত্বক রক্ষার জন্য ইহা ব্যবহার করা হয়।

হিমেটক্সিলাই—মোঃ ডেমারটি আঘাত জনিত ইরিসিপেলাসে ইহাকে ফলদায়ক মনে করেন। এবং নিম্নলিখিতরূপে ব্যবহার করিতে বলেন।

একষ্ট্রাক্ট হিমেটক্সিলাই	.	১ ঔন্স।
এডেপস্	..	১ ঔন্স।

প্রয়োগের জন্য।

হাইড্রার্জিরাই পারক্লোরাইড—ডাঃ ডিউয়ার্স নিম্নলিখিত ব্যবস্থানুযায়ী প্রয়োগ করিতে বলেন।

হাইড্রার্জিরাই পারক্লোরাইড	...	১ গ্রেণ।
একোয়া	...	১ ঔন্স।

লাগাইবার জন্য।

হাইড্রার্জিরাই মলম—কখন কখন আক্রান্ত স্থানে প্রয়োগে প্রদাহের গতি রোধ হয়।

হাইড্রার্জিবাই পারঅক্সাইড—কখন কখন প্রাদাহিক স্থানে স্প্রে দ্বারা প্রয়োগ করা যায়।

ইক্‌থিয়াল—ডাঃ নস্‌বম্, ক্রম এবং এলেন বলেন ইহা ইরিসি-পেলাসের উত্তম প্রতিষেধক প্রয়োগ।

ল্যানলিন—অন্যান্য মলম সহ ব্যবহার করা হইয়া থাকে।

পিক্স লিকুইডা—ডাঃ হিওরেটার নিম্নলিখিত স্থানিক প্রয়োগের প্রশংসা করেন।

পাইসিস লিকুইড	. .	½ ঔন্স।
প্রিপেয়ার্ড লার্ড	.. .	২ ড্রাম।

লাগাইবার জন্য।

প্লম্বাই সাব এসিটেটিস লাইকর ডিল—ইহা একটি স্নিগ্ধ কারক স্থানিক প্রয়োগ।

প্লম্বাই নাইট্রাস—ডাঃ জন হার্বনাট বলেন যে তিনি অন্যান্য প্রয়োগাপেক্ষা ইহা দ্বারা অধিক ফল পাইয়াছেন।

পটাশি পারম্যানগেনাস্—ডাঃ লিভিট ইহা নিম্নলিখিত রূপে প্রয়োগ করিতে বলেন।

পটাশি পারম্যানগেনাস	...	৩০ গ্রেণ।
একোয়া	..	১ ঔন্স।

লাগাইবার জন্য।

পারগেটিভস বা বিরেচক ঔষধ—কোন কোন স্থলে বিরেচক ঔষধ এবং টার্পেণ্টাইন এনিমা প্রয়োগ দ্বারা ফল পাওয়া গিয়া থাকে।

সোডিয়াই সেলিসিলাস—কেহ কেহ প্রাদাহিক স্থানে ইহার দ্রব প্রয়োগ করিতে বলেন।

সাল্‌ফিউরাস এসিড - জ্বালার উপসম এবং প্রদাহের বিস্তৃতির বোধ জন্য ইহা গ্লিসারিন সহ সমভাগে প্রযোজ্য।

টেরিবিন্থিনি অয়েল—একজন রুসিয়ান চিকিৎসক ডাঃ ভন্ কাজোরোস্কি ১/১০ ভাগ কার্ব্বলিক এসিড সহ ইহা আক্রান্ত স্থানে প্রয়োগ করিতে বলেন।

স্থানিক প্রয়োগের ব্যবস্থা পত্র।

১। ফেরি সাল্‌ফ ... . ১ ড্রাম।
একোয়া ... ... ১ পাইণ্ট।
লাগাইবার জন্য। (প্রঃ ভেলপো)।

২। ফেরি সাল্‌ফ ... ... ২ ড্রাম।
এডিপিস .. ... ১ ঔন্স।
লাগাইবার জন্য। (প্রঃ ঐ)

৩। লাইকর ফেরি পারক্লোরাইড ফোর্ট . ১ ভাগ।
রেক্টিফায়াড স্পিরিট ... ... ১ ভাগ।
লাগাইবার জন্য। (ডাঃ ডব্লিউ, এল, হোয়াইট)

৪। টিং ফেরি পারক্লোরাইড .. ২ ড্রাম।
একোয়া ... ... ৪ ঔন্স।
লাগাইবার জন্য। (মিঃ টি, হোমস্)

৫। একষ্ট্রাক্ট আর্গট লিকুইড ... ১ ড্রাম।
গ্লিসারিন ... ১ ড্রাম।
লাগাইবার জন্য। (ইয়ার বুক অফ ট্রিটমেণ্ট)

৬। কলোডিয়ান ... . ১ ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ঔন্স।
লাগাইবার জন্য। (ডাঃ মারকস্ বেক)

৭। এসিড কার্ব্বলিক ... ১৪ মিনিম।
কলোডিয়ান ... ... ৬ ড্রাম।
গ্লিসারিন ... ... ৬ ড্রাম।
লাগাইবার জন্য। (পেট্রেস্কা)।

৮। ইক্‌থিয়ল ... ১—২ ড্রাম।
ইথার ... ... ১ ড্রাম।
কলোডিয়ান ... ... ১ ঔন্স।
লাগাইবার জন্য। (ডাঃ এলেন)।

৯। ক্রিওলিন ... ... ১ ভাগ।
আইডফরম ... ৪ ভাগ।
ল্যানলিন .. ১০ ভাগ।
লাগাইবার জন্য। (প্রঃ কচ্)

১০। প্লম্বাই এসিটাস ... ... ১ ড্রাম।
গ্লিসারিন .. ... ১ ঔন্স।
একোয়া ... ... ১ ঔন্স।
আক্রান্ত স্থান ভিজাইয়া রাখিবার জন্য।
(ডাঃ এ, এইচ, হিয়াট্)।

১১। এসিড কার্ব্বলিক ... ... ১০ মিনিম।
মিউসিলেজ ... ৩ ড্রাম ২০ মিনিম।
লাগাইবার জন্য। (ডাঃ নলটি)।

১২। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
ল্যানলিন ... ... ১ ঔন্স।
লাগাইবার জন্য। (ডাঃ ডিউইস্)।

১৩। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ২ ড্রাম।
গ্লিসারিন ... ২ ড্রাম।
লাগাইবার জন্য। (ডাঃ মারকস্ বেক)

১৪। টিং বেঞ্জোইন কোঃ ... ২ ঔন্স।
কলোডিয়ান ... ... ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ১ ড্রাম।
প্রয়োগের জন্য। (ডাঃ চার্লস এলেন, আমেরিকা)

১৫। আর্জেণ্টাই নাইট্রাস ... ২—৪ স্ক্রুপল।
একোয়া ... ½ ঔন্স।
সীমা নির্দ্দেশক বেথা আঁকিবার জন্য।

১৬। টিং ফেরি পারক্লোরাইড .. ২ ড্রাম।
— সিঙ্কোনা কোঃ ... ... ২ ড্রাম।
কুইনি সাল্ফ ... .. ৩০ গ্রেণ।
একোয়া ... ... ১½ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

আভ্যন্তবিক প্রযোগ।

১৭। কুইনি সাল্ফ ... ½ ড্রাম।
টিং ষ্টিল ... ... ২ ড্রাম।
পরিশ্রুত জল ... সমষ্টি ২ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ এলেন, আমেরিকা)

১৮। টিং ষ্টিল .. ... ১ ঔন্স।
স্পিরিট ক্লোরফরম ... ... ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ১ ঔন্স
একোয়া ... ... ৩ ঔন্স।
জলসহ ½ ঔন্স মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ রসেল রেনল্ডস্)

১৯। কুইনি সাল্‌ফ ... ... ১ ড্রাম।
এসিড সাল্‌ফ ডিল ... ... ২ ড্রাম।
একোয়া ... ... ৩ ঔন্স।
২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।
(ডাঃ ডবলিউ জুয়েলজ্ঞাব)

বিটুসেফস্ মিক্‌শ্চাব।

২০। টিং ফেবি সেস্কুই ক্লোবাইড .. ১ ভাগ।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ৪ ভাগ।

একটি বোতলে বাখিযা বৌদ্রে বাখিযা দিবে যে পর্য্যন্ত না ইহার বর্ণ পবিবর্ত্তন হয, পবে ইহা ব্যবহাব কবিবে। মাত্রা ১--২ ড্রাম ৩ ঘণ্টান্তব।

২১। কুইনি সাল্‌ফ ... ... ½ ড্রাম।
এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... . ৩ গ্রেণ।
১০ বটীকা, প্রত্যেক বটীকা ৪।৬ ঘণ্টান্তব সেব্য।
(প্রঃ ববার্টস বার্থলো)

২২। পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।
সিবাপ সিম্পল . ... ১ ঔন্স।
একোযা . ১ ঔন্স।
জল সহ ২ ড্রাম মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তব সেব্য।
(ডাঃ এ, এইচ্ হিয়াট)

২৩। টিং ষ্টিল .. ½ ড্রাম।
গ্লিসাবিন . ... ½ ড্রাম।
একোযা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৪ ঘণ্টান্তব সেব্য।
(ডাঃ জে, এম, ফদারগিল্)

Eye diseases of, আই ডিজিজেজ্ অব্।

চক্ষু রোগ সমূহ।

এমরসিস্ (Amaurosis)।

যে দৃষ্টিহীনতাতে চক্ষুর আভ্যন্তরিক এবং বাহ্যিক কোন পরিবর্ত্তন দেখা যায় না তাহাকে এমরসিস কহে। ইহা দুই প্রকার যথা—সম্পূর্ণ দৃষ্টিহীনতা বা এমরসিস এবং অসম্পূর্ণ দৃষ্টিহীনতা বা এম্ব্লিওপিয়া। এম্ব্লিওপিয়াতে দৃষ্টির বৈলক্ষণ্য জন্মে; চক্ষুর দৃষ্টি একেবারে নষ্ট হয় না।

কারণ—এমরসিস, অধিকাংশ স্থলে অপটিক স্নায়ুর শুষ্কতা বশতঃ উৎপন্ন হইয়া থাকে; কখন কখন স্কার্লেট ফিভার, এলবুমিনরিয়া, বহুমূত্র, উপদংশ, এম্বোলিজম, মস্তিষ্ক মধ্যে রক্তস্রাব, গর্ভাবস্থা এবং গর্ভবতী স্ত্রীলোকদিগের অতিরিক্ত দুগ্ধদান হেতু ইহা জন্মিয়া থাকে। সময়ে সময়ে জ্বরাদি পীড়ার রক্তদোষ হেতু এইরূপ দৃষ্টি হীনতা দেখা যায় বটে কিন্তু উহা স্থায়ী হয় না, বলকারক এবং পরিবর্ত্তক ঔষধ সেবনেই আরোগ্য হইয়া যায়। ইহা ব্যতীত ঋতুবন্ধ, অতিরিক্ত মানসিক উত্তেজনা, এবং হৃদপিণ্ডের পীড়া বশতঃ মস্তিষ্কের রক্তাধিক্যে এইরূপ দৃষ্টি হীনতা কচিৎ দেখা যায়।

এমব্লিওপিয়া (Amblyopia)—চক্ষের বিশেষ কোন পরিবর্ত্তন ব্যতীত অসম্পূর্ণ দৃষ্টিহীনতা সচরাচর হিষ্টিরিয়া রোগে, অতিরিক্ত তামাক সেবন এবং ইউরিমিয়াহেতু উৎপন্ন হয় কিন্তু কখন কখন জন্মাবধি এরূপ অসম্পূর্ণ দৃষ্টিহীনতা থাকিতে দেখা যায়। এল্কোহল, কুইনাইন এবং কার্ব্বন বাইসাল্ফাইড জনিত রক্ত বিষাক্ততায় এই রোগ কচিৎ দৃষ্ট হয়। এমরসিসে

এমনি দেখিতে চক্ষের কোন পরিবর্ত্তন দেখা যায় না এবং অফথ্যাল্‌ম্‌স্কোপ দ্বারা দেখিলেও আভ্যন্তরিক কোন পরিবর্ত্তন বা বিকৃতি দৃষ্ট হয় না। ইহার আর একটি বিশেষ লক্ষণ এই যে, রোগী, চলিবার সময় রোগী সম্মুখদিকে দৃষ্টি নিক্ষেপ না করিয়া উর্দ্ধদিকে চাহিয়া থাকে এবং হস্তবিস্তার করিয়া পদ দ্বারা পথ চিনিয়া চলিতেছে বলিয়া বোধ হয়। কেহ কেহ আলোক এবং অন্ধকারের বিভিন্নতা বুঝিতে পারে। এম্‌ব্লিওপিয়াগ্রস্থ রোগী একেবারে অন্ধ হয় না, অল্প অল্প দেখিতে পায় এবং তাহার দৃষ্টিহীনতা স্থায়ী হয় না।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহার কারণ অনুযায়ী চিকিৎসা করিতে হইবে। মস্তিষ্কের অন্তর্ব্বর্ত্তী কোন পীড়া বশতঃ এই রোগ জন্মিলে সেই রোগের চিকিৎসা বিষয়ে যত্নবান হওয়া কর্ত্তব্য। উপদংশ জনিত রোগ হইলে পটাশ আইওডাইড এবং অল্প মাত্রায় মার্কারী বিশেষ প্রয়োজনীয়। এই রোগে ধূমপান একেবারে নিষিদ্ধ। দৈহিক অবস্থার উন্নতির জন্য বলকারক ঔষধ আবশ্যক।

Blepharitis or Tinea Tarsi.

(ব্লিফ্যারাইটিস্ অর্ টিনিয়া টার্সাই)।

চক্ষুপল্লবের ঘা।

ইহা প্রথমতঃ চক্ষ পল্লবের কেশ নলির আভ্যন্তরিক ঝিল্লির প্রদাহ হইতে উৎপন্ন হয়। ইহাতে প্রথম চক্ষুপল্লব অত্যন্ত চুলকায় এবং প্রাতে শয্যা হইতে উঠিবার সময় জুড়িয়া থাকে। চক্ষু পল্লবের গোড়ায় ছোট ছোট পূয়ঃযুক্ত ফুস্‌কুড়ি হইয়া গলিয়া

গিয়া তাহার উপর ক্রমাগত স্ক্যাব্ পড়িতে থাকে এবং সেই স্থানের ত্বক ঈষৎ রক্তবর্ণ এবং প্রদাহ যুক্ত দেখা যায়। উক্ত স্ক্যাব্ এত দৃঢ়রূপে আবদ্ধ থাকে যে সহজে অন্তর্হিত করা যায় না। এই সঙ্গে সঙ্গে চক্ষের কঞ্জাংটাইভাও ঈষৎ রক্তবর্ণ হয়; নিদ্রাবস্থায় চক্ষের পাতা প্রায় জুড়িয়া যায়। স্ক্যাবের নিম্নে ত্বক ক্ষত এবং স্ফীত হয়। রোগী পড়িতে পারে না, পড়িতে গেলে চক্ষু আরও রক্তবর্ণ এবং যন্ত্রণা দায়ক হয়। পাতার ধারগুলি অত্যন্ত স্ফীত হয় এবং চক্ষু দিয়া অনবরত জল পড়িতে থাকে।

দ্বিতীয় অবস্থায় চক্ষের পাতার কেশগুলি স্খলিত হয় এবং পাতা পূর্ব্বাপেক্ষা মোটা হয়। স্ক্যাবের নিম্নে যে ক্ষত হয় উহার ধারগুলি অত্যন্ত স্ফীত হয়। চক্ষের পংক্তী বাহিরে আসিয়া পড়ে সুতরাং চক্ষু হইতে অনবরত অশ্রুপাত হইতে থাকে।

এইরোগ প্রায়ই শিশুদিগের মধ্যে হইয়া থাকে। বৃহন্নগরের ঘন বসতির মধ্যে যে সকল দরিদ্র লোক বাস করে তাহাদের মধ্যে এই রোগের অধিক প্রাদুর্ভাব।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে স্থানিক চিকিৎসার সঙ্গে সঙ্গে দৈহিক অবস্থার উন্নতির জন্য লৌহঘটিত ঔষধ, আর্সেনিক এবং কড্‌লিভার অয়েল ব্যবস্থা করা কর্ত্তব্য। স্থানিক ঔষধ প্রয়োগের পূর্ব্বে, চক্ষুর পাতার কেশের গোড়ার স্ক্যাব গুলি ক্ষার সংযুক্ত ঈষদুষ্ণ জল দ্বারা ধৌত করিয়া, আস্তে আস্তে উঠাইয়া ফেলা উচিত, নতুবা স্থানিক ঔষধ প্রয়োগের কোন ফল দেখা যায় না। স্থানিক ঔষধ প্রয়োগের জন্য ১ অথবা ২ নম্বর ব্যবস্থা পত্র অতীব ফলদায়ক। চক্ষের পাতার ধারে ক্ষত হইলে, কেশগুলি উৎপাটন

করিয়া অথবা খুব ছোট করিয়া কাটিয়া স্ক্যাবগুলি উঠান আবশ্যক, পরে আর্জেণ্টাই নাইট্রাস লোশন প্রযোগে উপকার না দর্শিলে ডাইলিউটেড্ অক্সাইড অব্ মাকারী মলম প্রয়োগ করা কর্ত্তব্য।

ব্যবস্থা পত্র।

স্ক্যাব ধৌত করিবার লোশন।

১। সোডা বাইকার্ব ... ... ৫ গ্রেণ।
গরম জল ... ১ ঔন্স।
ধৌত করিয়া স্ক্যাব্ উঠাইতে হইবে।
(ডাঃ ব্রুডেনেল্ কার্টার)।

২। হাইড্রার্জিবাই অক্সাইড ফ্লেবা ... ½ ড্রাম।
ভেসিলিন ... ১ ঔন্স।
মলম, চক্ষের পাতায লাগাইবার জন্য। (ডাঃ ম্যাক্নামারা)

৩। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই নাইট্রিকো
অক্সাইড ডিল্ .
অথবা উইক সিট্রিন অয়েণ্টমেণ্ট ... ১ ড্রাম।
ভেসিলিন ... ... ৩ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৪। বোরেসিক এসিড . ৪—৮ গ্রেণ।
একোয়া রোজি অথবা ডিষ্টিলেটা ... ১ ঔন্স।
চক্ষের পাতা ধৌত করিবার জন্য।

(পেগেনষ্টিকারস্ অয়েণ্টমেণ্ট।)

৫। হাইড্রার্জিবাই অক্সাইড ফ্লেবা ... ৩০ গ্রেণ।
অলিভ অয়েল ... . ১ ড্রাম।
এডিপিস .. ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।
(ডাঃ পেগেনষ্টিকার ওযাইসাবডেন, জার্ম্মানি)

৬। জিন্সাই অক্সাইড ... .. ২ ড্রাম।
প্রিপেয়ার্ড লার্ড ... .. ৬ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য।

(ডাঃ ক্রডেনেল কার্টার)

৭। হাইড্রার্জিরাই নাইট্রেটস ... ३ ড্রাম।
সিম্পল অয়েণ্টমেণ্ট ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

৮। রেড্ প্রিসিপিটেড্ ... .. ১২ গ্রেণ।
টিং বেঞ্জোইন ... ... ৮ মিনিম।
ভেসিলিন ... .. ২ ড্রাম।
পুরাতন ব্লিফারাইটিসে চক্ষের পাতার ধারে লাগাইবার জন্য।

কঞ্জাংটিভাইটিস। (Conjunctivitis).

বা

চক্ষু গোলকের উপরের এবং চক্ষের পাতার ভিতরের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ।

ইহা ছয় প্রকার যথা—(১) হাইপারিমিয়া অব্ দি কঞ্জাংটি-ভাইটা বা কঞ্জাংটাইভার রক্তাধিক্য। (২) মিউকো পিরিউলেণ্ট বা কেটারাল বা শ্লৈষ্মিক পূয়ঃ নিঃসারক কঞ্জাংটিভাইটিস্। (৩) পিরিউলেণ্ট বা পূয়ঃ নিঃসারক কঞ্জাংটিভাইটিস। (৪) ডিপ্-থিরিয়াল বা ডিপ্থিরিয়া সংক্রান্ত কঞ্জাংটিভাইটিস। (৫) গ্রানু্লি-উলার বা দানা সংযুক্ত কঞ্জাংটিভাইটিস্। (৬) পশ্চিউলার বা ক্ষুদ্র পূয়ঃ বিশিষ্ট ব্রন সংযুক্ত কঞ্জাংটিভাইটিস।

কঞ্জাংটাইভার রক্তাধিক্য।

কারণ—প্রখর রৌদ্রের তেজ ; ধূলা সংযুক্ত বায়ু ; কাষ্ঠের অগ্নির ধূম ; এমনিয়া বাষ্প , দূষিত পদার্থ হইতে নিঃসৃত দুর্গন্ধ, পুরাতন পচা ডোবা ; পুষ্করিণী এবং কূপ ইত্যাদি হইতে উত্থিত বাষ্প ; হঠাৎ বায়ু পরিবর্ত্তন ; চক্ষের পাতার কেশ (চক্ষুর) অভ্যন্তরে প্রবেশ করিয়া কঞ্জাংটাইভার সহিত ঘর্ষণ বাত রোগ।

লক্ষণ—ইহাতে চক্ষু প্রথমতঃ কর্‌কর করে, চক্ষু মধ্যে ধূলা ইত্যাদি পড়িয়াছে বলিয়া বোধ হয়, এবং রোগী সদাসর্ব্বদা চক্ষু রগ্‌ড়াইতে থাকে। চক্ষু রক্ত বর্ণ হয় কিন্তু অনেক স্থলে কঞ্জাংটাইভা পরিষ্কার থাকে অথবা স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীর রক্তবর্ণ রেখা দেখা যায়। বৃদ্ধ বয়স্ক রোগীদিগকে চক্ষু অধিক চুলকাইতে বা রগ্‌ড়াইতে দেখা যায় না। সকল রোগীই রৌদ্রের দিকে বা প্রদীপের দিকে চাহিতে কষ্ট বোধ করে। পাতার শ্লৈষ্মিক ঝিল্লির রক্তাধিক্য বশতঃ অশ্রুনালী অবরুদ্ধ হয় সুতরাং চক্ষু হইতে অনবরত জল পড়িতে থাকে। এই প্রকারের কঞ্জাংটিভাইটিস্ সংক্রামক নহে।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহার কারণ অনুযায়ী চিকিৎসা করা কর্ত্তব্য। রৌদ্র বা ধূলা হইতে চক্ষু রক্ষার জন্য সবুজ রংয়ের চসমা অথবা হলুদ ছোপান এক টুকুরা কাপড় দ্বারা চক্ষু আবৃত রাখা উচিত। স্থানিক প্রয়োগের জন্য সঙ্কোচক লোশন (যথা ২ গ্রেণ সাল্‌ফেট্ অব এলাম ১ ঔন্স পরিশ্রুত জল অথবা ১ গ্রেণ এলাম ও ১ গ্রেণ সাল্‌ফেট অব জিঙ্ক ১ ঔন্স জলে দ্রব) বিশেষ উপকারী। পুরাতন রোগে রাত্রিতে চক্ষুর পাতা জুড়িয়া থাকে ; সুতরাং তন্নিবারণার্থ হাইড্রার্জ্জিরাই অক্সাইড

কুব্রাইয়ের ডাইলিউটেড্ মলম ১ ড্রাম, ভেসিলিন ২ ড্রাম চক্ষের পাতার গোড়ায় কজ্জলির মত করিয়া প্রযোগ করা উচিত। সঙ্কোচক লোশনে সময়ে সময়ে চক্ষের উত্তেজনা ও যন্ত্রণা হয়। এই অবস্থায় ১ ঔন্স জলে ৪ গ্রেণ বোরাসিক এসিড দ্রব সহ ৬'৪ গ্রেণ এট্রপিয়া প্রযোগ অতীব ফলদায়ক। রোগীকে প্রত্যহ প্রাতে ও সন্ধ্যার সময চক্ষু মুদ্রিত করিয়া শীতল জল প্রয়োগ করিতে আদেশ করা ভাল। বাত বা অন্য কোন আভ্যন্তরিক পীড়া বশতঃ ইহা উৎপন্ন হইলে পরিবর্ত্তক ঔষধ, মৃদু বিরেচক ও ব্লু পিল বিশেষ প্রয়োজনীয়। কিন্তু এই সঙ্গে সঙ্গে রোগীকে ধূম পান ও মদ্য পান করিতে নিষেধ করা কর্ত্তব্য। এক শ্রেণীর রোগে যেমন পরিবর্ত্তক ঔষধ উপকারী আর এক শ্রেণীর রোগে তেমনি বলকারক ঔষধ ফলদায়ক। বাহ্যিক কোন পদার্থ বা চক্ষের পাতার কেশ চক্ষুমধ্যে প্রবেশ জন্য এই রোগ উৎপন্ন হইলে ঐ পদার্থ বাহির বা কেশ উৎপাটন করা আবশ্যক।

ব্যবস্থা পত্র।

১। এলাম সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

ফোটা ফোটা করিয়া চক্ষে দিতে হইবে।

(ডাঃ ম্যাক্‌নামারা)

২। এলাম ... ১—২ গ্রেণ।
জিঙ্কাই সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

ফোটা ফোটা করিয়া চক্ষে দিতে হইবে।

৩। এট্রপাইন ... ... ৬ৡ গ্রেণ।
বোরেসিক এসিড .. ... ৪ গ্রেণ।
একোয়া .. ... ১ ঔন্স।
২।১ ফোটা মাত্রায় প্রত্যহ দুই বার চক্ষে দিতে হইবে।
(ডাঃ ম্যাক্‌নামারা)

৪। স্পিরিট ইথার নাইট্রিক .. ১ ড্রাম।
এসিড এসিটিক . ৬ মিনিম।
একোয়া . ... ৬ ঔন্স।
চক্ষু মুদ্রিত করিয়া তদুপরি উপরোক্ত লোশন দ্বারা ২।১ বার চক্ষুর পাতা মুছাইয়া লইবে। (প্রোঃ জে, সিল্‌বারওয়েলস)

৫। ইথারিস . ... ২ ড্রাম।
স্পিরিট রেসেমারিণি .. .. ৪ ঔন্স।
চক্ষু মুদ্রিত করিয়া চক্ষের পল্লব উপরোক্ত লোসন দ্বারা মুছিয়া লইবে। (ঐ)

৬। প্লম্বাই এসিটাস ... ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল . ... ৪ ড্রাম।
এক টুকুরা লিণ্ট ভিজাইয়া চক্ষু মুদ্রিত করিয়া চক্ষু পল্লবের উপর প্রয়োগ করিবে। (ঐ)

কঞ্জাংটাইভার পুরাতন রক্তাধিক্যে।

৭। কুপ্রাই সাল্‌ফ ... ১—২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
চক্ষে দুই এক ফোঁটা প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৮। আর্জেণ্টাই নাইট্রাস .. ১—২ গ্রেণ।

দুই এক ফোঁটা চক্ষে প্রয়োগ করিতে হইবে।

শ্লৈষ্মিক বা কেটাব্যাল কঞ্জাংটিভাইটিস—ইহা পূর্ব্ব বর্ণিত রোগের বর্দ্ধিতাবস্থা কিন্তু তন্মধ্যে প্রভেদ এই যে, এই রোগে চক্ষু হইতে জলের ন্যায় স্রাব না হইয়া শ্লেষ্মা মিশ্রিত পূযঃ নির্গত হইতে দেখা যায়।

কারণ—সচরাচর ইহা শৈত্য, ভূমির আর্দ্রতা, সহসা বায়ুর উত্তাপের পরিবর্ত্তন, অনেক লোকের একত্রে বাস জনিত বায়ুর বিষাক্ততা, ড্রেন বা পচা খানা ডোবার দুর্গন্ধ বাষ্প ইত্যাদি কারণে উৎপন্ন হইয়া থাকে। কখন কখন ধূলা, ক্ষুদ্র কীট পতঙ্গাদি চক্ষে পড়িয়া এইরূপ কঞ্জাংটিভাইটিস হইতে পারে। ইহা অত্যন্ত সংক্রামক। বিদ্যালয়ের মধ্যে একটি ছাত্রের অথবা সেনা সমূহের মধ্যে একজন সৈনিকের এই রোগ হইলে সমস্ত ছাত্র বা সৈন্য আক্রান্ত হইবার সম্ভাবনা।

লক্ষণ—প্রথমাবস্থায় চক্ষের উভয় পাতার ভিতরের কঞ্জাংটাইভা অত্যন্ত রক্তবর্ণ এবং ঈষৎ স্ফীত হয় ও দুই চক্ষু একেবারেই আক্রান্ত হইয়া থাকে। চক্ষের উপরের কঞ্জাংটাইভাও রক্তবর্ণ এবং স্ফীত হয় বটে কিন্তু চক্ষুর পাতার অভ্যন্তরের সদৃশ হয় না। কখন কখন কঞ্জাংটাইভার নিম্নস্থ সংযোগ বিধানে সিরাম বা রক্তের জলীয় ভাগ সঞ্চিত হইয়া স্থানে স্থানে শোথের ন্যায় দৃষ্ট হয়, ইহাকে কিমোসিস্ কহে। আবার কোন কোন স্থলে চক্ষুর উপরের এবং পাতার অভ্যন্তরীন কঞ্জাংটাইভার

সমস্ত স্থানের রক্তাধিক্য না হইয়া স্থানে স্থানে রক্তবর্ণ হইতে দেখা যায়। ল্যাক্রিম্যাল এবং কঞ্জাংটাইভ্যাল গ্রন্থি হইতে প্রথমাবস্থায় অধিক পরিমাণে স্রাব হয়। আক্রান্ত চক্ষু হইতে শ্লেষ্মা ও পূয়ঃ মিশ্রিত শ্বেতবর্ণের জল পড়ে এবং পরীক্ষা করিয়া দেখিলে, উহাতে এলবিউমেন, এপিথিলিয়াল কোষ এবং লিম্ফ কোষ দৃষ্ট হয়। চক্ষু মধ্যে সদাসর্ব্বদা যেন বালু কণা বা অন্য কোন বস্তু বাধিয়া রহিয়াছে বলিয়া বোধ হয়। রোগীকে বিশেষ করিয়া বুঝাইলেও বিশ্বাস করেনা যে তাহার চক্ষু মধ্যে অন্য কোন বাহ্য পদার্থ নাই। প্রাতে নিদ্রা হইতে উঠিলে চক্ষুর পাতা প্রায়ই জোড়া লাগিয়া গিয়াছে দেখিতে পাওয়া যায়। বিশেষরূপে পরিষ্কার করিয়া বহুকষ্টে খুলিতে পারা যায়। উপরের পাতা অত্যন্ত ভারী বলিয়া বোধ হয়। এবং রোগী রৌদ্র বা আলোকের দিকে চাহিতে কষ্ট বোধ করে। নিম্নের পাতা উল্টাইবামাত্রই জল ও তৎসহ শ্লেষ্মা মিশ্রিত শাদা পূযের ন্যায় নির্গত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমে ইহার কারণ নির্দ্দেশ করিয়া চিকিৎসা করা কর্ত্তব্য। বাহ্যিক কোন বস্তু চক্ষে পড়িয়া ইহা জন্মিলে তৎক্ষণাৎ তাহা বিদূরিত করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য। কিন্তু যদি ধূলা, অপরিষ্কৃত বায়ু, প্রখর রৌদ্র কিরণ বা অন্যান্য উত্তেজনা বশতঃ জন্মে তাহা হইলে এ সকল কারণ যাহাতে দূরীভূত হয় তদ্বিষয়ে যত্নবান হওয়া কর্ত্তব্য এবং রোগীর চক্ষু মুছিবার বস্ত্র ইত্যাদি স্বতন্ত্র রাখা বিশেষ আবশ্যক। বিদ্যালয়ের কোন ছাত্র আক্রান্ত হইলে তাহাকে তদ্দণ্ডেই স্থানান্তরিত করা

নিতান্ত প্রয়োজন। রোগীর দৈহিক সাধারণ অবস্থার দিকেও লক্ষ্য রাখা কর্ত্তব্য এবং তজ্জন্য লঘু পথ্য ব্লু পিল ব্ল্যাক ড্রাফ্‌ট্‌, কল্‌চিকাম ইত্যাদি ঔষধ উৎকৃষ্ট। বিশেষ রোগাক্রান্ত রোগীর পক্ষে চক্ষের উত্তেজনা বা চক্ষের পাতার বেদনা বর্ত্তমান থাকিলে, চক্ষুতে এট্রপিযার ক্ষীণ দ্রব প্রযোগ অথবা চক্ষের উপর বরফ প্রযোগ অতীব ফলপ্রদ। কোন কোন স্থলে পোস্তের ঢেড়ির স্বেদে উত্তম ফল পাওয়া যায়। সদাসর্ব্বদা বোরেসিক এসিড লোশন বা ৪০০০ ভাগ জলে এক ভাগ পার-ক্লোরাইড অব্‌ মার্কারী দ্রব দ্বারা চক্ষু ধৌত করা উচিত। চক্ষুর মধ্যে বাহিরের কোন বস্তু না থাকিলে নাইট্রেট অব সিলভার অথবা সাল্‌ফেট অব্‌ জিঙ্ক লোশন (১ গ্রেণে ১ ঔন্স জল) প্রযোগে বিশেষ উপকার দর্শে। সাধারণ বা অতি মৃদু শ্লৈষ্মিক অফ্‌থাল্‌মিয়াতে সামান্য সঙ্কোচক লোশন (১ ঔন্স জলে ২ গ্রেণ এলাম) অতীব ফলদায়ক। কিন্তু এই সঙ্গে সঙ্গে ৬নং ব্যবস্থা পত্রানুযায়ী স্থানিক প্রযোগে বেদনা ও প্রদাহ শীঘ্র উপশমিত হয়। উত্তেজনা বা প্রদাহের প্রবলতা উপশমিত হইলে এলাম লোশন দেওয়া যাইতে পারে। কিন্তু স্রাব বেশী হইলে, নাইট্রেট অব্‌ সিল্‌ভার লোশন (২ গ্রেনে ১ ঔন্স জল) অত্যন্ত উপকারী। চক্ষু মুদ্রিত করিয়া তদুপরি বরফ জলে সিক্ত বস্ত্র প্রযোগে সময়ে সময়ে উত্তম ফল পাওয়া যায়। চক্ষু জুড়িয়া না যাইতে পারে তজ্জন্য চক্ষুর পাতার গোড়ায় ভেসিলিন প্রযোগ করা কর্ত্তব্য। রোগীকে রৌদ্র বা আলোকের দিকে চাহিয়া থাকিতে দেওয়া উচিত নহে। সবুজ বর্ণের চসমা বা হরিদ্রা ভিজান বস্ত্র দ্বারা চক্ষু আবৃত রাখা আবশ্যক।

চক্ষু ধৌত করিবার ঔষধ।

১। বোবেসিক এসিড ... ... ৪ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, চক্ষু ধৌত করিবার জন্য। (ডাঃ ম্যাক্‌নামারা)।

২। হাইড্রার্জিবাই পাবক্লোবাইড ... ১ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১০ ঔন্স।
লোশন, চক্ষু ধৌত কবিবাব জন্য। (ঐ)

৩। এলাম ... ... ২ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, চক্ষে ২।৩ ফোটা প্রযোগ কবিতে হইবে। (ঐ)

৪। এলাম ... ... ৩ গ্রেণ।
জিঙ্কাই সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
পবিশ্রুত জল ... .. ১ ঔন্স।
লোশন, ২।৩ ফোটা চক্ষে প্রযোগ কবিতে হইবে।
(ডাঃ জর্জ্জ লসন্)।

৫। আর্জেন্টাই নাইট্রাস ... ... ২ গ্রেণ।
পবিশ্রুত জল ... ১ ঔন্স।
লোশন, ১।২ ফোঁটা চক্ষে প্রযোগ কবিতে হইবে।
(ডাঃ ব্রুডেনেল কার্টাব)।

৬। কোকেন মিউবাস ... ... ২ গ্রেণ।
বোবেসিক এসিড .. ... ৪ গ্রেণ।
পরিশ্রুত জল .. ... ১ ঔন্স।
লোশন, চক্ষে ফোঁটা ফোঁটা করিয়া প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৭। জিঙ্কাই সাল্‌ফ ... ১—২ গ্রেণ।
পরিস্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, ১।২ ফোটা মাত্রায় চক্ষে প্রযোগ করিতে হইবে।
(মিঃ জর্জ্জলমন)

৮। ভেসিলিন ... যথা প্রয়োজন।
রাত্রিতে চক্ষের পাতার ধারে প্রযোগ করিতে হইবে।
(ডাঃ ম্যাকনামারা)।

৯। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই অক্সাইডম
রুব্রাই ... ... ১ ড্রাম।
ভেসিলিন .. .. ২ ড্রাম।
চক্ষুর পাতার ধারে প্রযোগ করিতে হইবে। (ঐ)

Purulent Conjunctivitis.

(পিউরিউলেণ্ট কঞ্জাংটিভাইটিস)।

পূয়ঃনিঃসারক কঞ্জাংটিভাইটিস।

এই চক্ষুধ্বংশকারী ভয়ানক রোগ, স্থান এবং ধাতু বিশেষে বিভিন্ন প্রকারের দেখিতে পাওয়া যায়। দীন দুঃখী ও দুর্ব্বল রোগীকে ইহা সিংহ বিক্রমে আক্রমণ করে এবং অবশেষে আংশিক অথবা সম্পূর্ণরূপে অন্ধ করিয়া ফেলে। শ্লৈষ্মিক বা পূয়ঃ শ্লৈষ্মিক কঞ্জাংটিভাইটিস অনেক সময়ে এইরূপ কঞ্জাংটি-ভাইটিসে পরিণত হইতে দেখা যায়। সুতরাং প্রবল শ্লৈষ্মিক কঞ্জাংটিভাইটিসের পরিণাম কি হইবে, তাহা প্রথমাবস্থায় স্থির

করিয়া উঠা কঠিন। অবশ্য পূয়ঃ নিসঃরণ আরম্ভ হইলে রোগ নির্ণয়ের সন্দেহ থাকে না। প্রমেহাক্রান্ত মূত্রনালী বা জননেন্দ্রিয় হইতে পূযঃ চক্ষুতে লাগিয়া এই রোগ জন্মিতে দেখা যায়।

কারণ—ইহা এক প্রকার বীজানু (Gynococci) জন্য উৎপন্ন হয়। পূযঃ নিঃসারক কঞ্জাংটিভাইটিস দ্বারা আক্রান্ত রোগীর চক্ষু হইতে নিঃসৃত পূযঃ অনুবীক্ষণ দ্বারায় পরীক্ষায় এই বীজানু দেখিতে পাওয়া যায়। যে পূযে এই বীজানু (Gynococi) না থাকে, সেই পূযঃ দ্বারা কঞ্জাংটাইভা সংস্পৃষ্ট হইলে এই প্রকার পূযঃ নিঃসারক কঞ্জাংটিভাইটিস উৎপন্ন হইতে পারে না। কিন্তু যদি এরূপ বীজানু সংযুক্ত পূযঃ কঞ্জাংটাইভায় স্থাপন করা যায়, তাহা হইলে ৩৬ হইতে ৪৮ ঘণ্টার মধ্যে এই রোগ জন্মিতে দেখা যায়।

এই বীজানু কঞ্জাংটাইভাতে স্থাপিত হইবামাত্র, অল্প সময়ের মধ্যে কঞ্জাংটাইভার এপিথিলিয়াল স্তর সমূহ উত্তেজিত করে ও সঙ্গে সঙ্গে ক্ষুদ্র ধমনীগুলিতে রক্তাধিক্য ও অবশেষে পূযঃ নিঃসরণ আরম্ভ হয়। এই পূযঃ অথবা পূযঃ সংযুক্ত চক্ষু মুছা বস্ত্র খণ্ড যদি কোন সুস্থ রোগীর চক্ষুতে লাগে, তাহা হইলে তৎক্ষণাৎ এই রোগ হইবার সম্ভাবনা।

লক্ষণ—রোগী তাহার চক্ষে ধূলা অথবা বালু কণা বাধিয়া রহিয়াছে অনুভবে সদা সর্ব্বদা চক্ষু চুলকাইতে থাকে, কিন্তু এই লক্ষণ ৩৬ ঘণ্টার বেশী থাকে না। অতি অল্প সময়ের মধ্যে চক্ষে অসহ্য বেদনা অনুভব করে এবং রাত্রিতে ঐ বেদনা অত্যন্ত বৃদ্ধি পায়। এই সঙ্গে সঙ্গে চক্ষের পাতা দুইটি অত্যন্ত স্ফীত এবং শোথযুক্ত হয়। রোগী আলোকের দিকে চাহিতে পারে না। চক্ষু এত স্ফীত হয় যে চক্ষু মুদ্রিত হইয়া যায়; সে

আদৌ তাকাইতে পারেনা এবং অন্ধকার গৃহে থাকিতে ভাল বাসে। রোগীকে আলোকে আনিয়া চক্ষুর পাতা তুলিলে পূয়ঃ পড়িতে থাকে এবং তৎক্ষণাৎ রোগীর যন্ত্রণা দ্বিগুণ পরিমাণে বর্দ্ধিত হইয়া পড়ে। মুখশ্রী দেখিলে, অসহ্য যন্ত্রণা ভোগের লক্ষণ প্রকাশ পায়। রোগী হাত দিয়া অথবা রুমাল দিয়া চক্ষু ঢাকিয়া থাকে। প্রায় দুই চক্ষুই এক সঙ্গে আক্রান্ত হইয়া থাকে কিন্তু এক চক্ষু ভাল থাকিলে সেটিও প্রায়ই মুদ্রিতাবস্থায় দেখা যায় কারণ আলোক লাগিলে বেদনা হয়।

দুরূহ রোগে কর্ণিয়ার রক্ত সঞ্চালনের অবরোধ হেতু কর্ণিয়াতে ক্ষত হয়। প্রথমাবস্থায় কর্ণিয়া ঈষৎ ঘোলাটিয়া দেখা যায় পরে চক্ষুর পাতার অভ্যন্তরস্থিত কঞ্জাংটাইভা যে স্থানে বেশী স্ফীত ও শোথযুক্ত হয়, তাহারই নিম্নে কর্ণিয়ার ক্ষত উৎপন্ন হয়। কখন কর্ণিয়ার চতুস্পার্শ্বে ক্ষত হইয়া কর্ণিয়া একেবারে ধ্বংশ প্রাপ্ত হয়। কখন কখন এই সকল লক্ষণ অতি অল্প সময়ের মধ্যে প্রকাশ পায়; হয়ত প্রাতে দেখা গেল কর্ণিয়া ভাল আছে, সন্ধ্যার সময় দেখিবে কর্ণিয়ার স্থানে স্থানে শাদা হইয়াছে এবং তাহার পর দিবসেই দেখিবে উহা সম্পূর্ণ ধ্বংশ প্রাপ্ত হইয়া গিয়াছে। কর্ণিয়া ধ্বংশ হইলে পর প্রবল লক্ষণগুলি আর দেখিতে পাওয়া যায়না এবং পূয়ঃ নিঃসরণও কম হইয়া যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

একটি চক্ষু আক্রান্ত হইলে, ভাল চক্ষুটি তখনি হাইড্রার্জ্জিরাই পারক্লোরাইড লোশন (৫০০০ ভাগ জলে ১ ভাগ) দ্বারা ধৌত করা কর্ত্তব্য। কেবল চক্ষুর পাতা না ধুইয়া পাতার উপরিস্থিত ত্বক ও ভ্রূ পর্য্যন্ত ধৌত করিয়া এবসর্বেণ্ট কটন, এণ্টিসেপ্টিক

গজ ও ব্যাণ্ডেজ দ্বারা বান্ধিয়া রাখা উচিত। তৎপরে পীড়িত চক্ষুর কর্ণিয়া যাহাতে নষ্ট না হয়, তদ্বিষয়ে যত্নবান হওয়া কর্ত্তব্য। যদি পীড়িত চক্ষের কর্ণিয়া আক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে তৎক্ষণাৎ ১ ঔন্সে ২ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব দুই এক ফোটা চক্ষুতে প্রয়োগ করা উচিত। এক সপ্তাহ কি দশ দিন পর্য্যন্ত এই লোশন প্রযোগ করা যাইতে পারে। ইহা ব্যতীত ৫০০০ ভাগে ১ ভাগ পারক্লোরাইড অব্ মার্কারী দ্রব দ্বারাও পীড়িত চক্ষু সদা সর্ব্বদা ধৌত করা কর্ত্তব্য। ধৌত করিবার সময় যাহাতে চক্ষের পাতার ভিতরের কঞ্জাংটাইভা উহা দ্বারা সংস্পৃষ্ট হয় তাহা করা উচিত। শয়ন কালে ২ ঔন্স ভেসিলিন ও ৪ গ্রেণ আইডফরম মিশ্রিত করিয়া চক্ষের পাতার কিনারায় প্রয়োগ করিবে। এই সময়ে চক্ষুর পাতার উপরে পোস্তের ঢেঁড়ির স্বেদ ও দুই দিকের টেম্পল বা চিপে এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা প্রয়োগ বিশেষ উপকারী। অত্যন্ত অধিক বেদনা হইলে চক্ষুর বাহ্য কোণের এক ইঞ্চি পার্শ্বে জলৌকা বসান ও চক্ষের উপর বরফ প্রয়োগে কোন কোন্ স্থলে বিশেষ উপকার দর্শে। কোষ্ঠ পরিষ্কার ও শারীরিক অবস্থার দিকে দৃষ্টি রাখা উচিত। কুই-নাইন এবং অল্প পরিমাণে উত্তেজক ঔষধ বিশেষ প্রযোজনীয়। উপরোক্ত উপায় দ্বারা কঞ্জাংটাইভার রক্তাধিক্য এবং চক্ষুর পাতার স্ফীততার হ্রাস হইলে আর্জেণ্টাই নাইট্রাস দ্রব চক্ষে দেওয়া বন্ধ করিয়া পরে ক্লোরাইড মার্কারী দ্রব বা তৎপরিবর্ত্তে ১ ঔন্স জলে ৪ গ্রেণ বোরেসিক এসিড দ্রব প্রয়োগ করা উচিত। সম্পূর্ণ আরোগ্য না হওয়া পর্য্যন্ত পারক্লোরাইড বা বোরেসিক এসিড লোশন প্রয়োগ করা সর্ব্বতোভাবে বিধেয়।

যে সকল রোগীর কর্ণিয়া আক্রান্ত হইয়াছে তাহাদিগের পক্ষেও

এক ঔন্সে ২ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব বিশেষ উপকারী। কিন্তু উহা প্রযোগের সময চক্ষু গোলকে যাহাতে চাপ না পড়ে তদ্বিষয়ে সতর্ক হওয়া উচিত। যদ্যপি ড্রপাব না থাকে তবে পক্ষীব পালক অথবা উষ্ট্র লোম নির্ম্মিত ব্রশ দ্বারা প্রযোগ কবা কর্ত্তব্য। পূযঃ নিঃসাবণ হ্রাস না হওয়া পর্য্যন্ত আর্জেণ্টাই নাইট্রাস দ্রব দিবা বাত্রি ২।৩ ঘণ্টান্তব প্রয়োগ কবা আবশ্যক। এই সঙ্গে সঙ্গে পাবক্লোবাইড অব্ মার্কারী দ্রব এবং আইডফবম প্রয়োগ অতীব প্রয়োজনীয়। কেহ কেহ ১ ঔন্সে ২ গ্রেণ ইসিরিন সাল্‌ফ দ্রব প্রযোগ ব্যবস্থা করিযা থাকেন। চক্ষেব উপব ববফ প্রযোগেও বিশেষ ফল দর্শে। চক্ষেব ভিতবের কঞ্জাংটাইভা অত্যন্ত স্ফীত হইলে শ্লৈষ্মিক ঝিল্লিব স্থানে স্থানে ইন্‌সিশন দিয়া কর্ত্তন করা উচিত; কিন্তু চক্ষু গোলকেব উপব সামান্য মাত্র চাপ না পড়ে সে বিষযে সাবধান হইতে হইবে।

বেদনা নিবাবণার্থে একষ্ট্রাক্ট বেলাডনা বাহ্যিক প্রয়োগ এবং শযন কালীন ব্রোমাইড় অব পটাশিযাম ও ক্লোবাল সেবন অতীব ফলদাযক। বোগীব বক্তাল্পতা বর্ত্তমান থাকিলে জলোকা প্রযোগ নিষিদ্ধ। এই বোগে কুইনাইন এবং মর্ফিয়া সহ উত্তে-জক ঔষধ বিশেষ প্রযোজনীয়। অনেক স্থলে এমন কার্ব্ব ও বার্ক অর্থাৎ সিঙ্কোনা, সেবনেও, প্রভূত উপকাব দর্শে। পূয়ঃ নিঃসাবক কঞ্জাংটিভাইটিস দ্বারা আক্রান্ত রোগীকে স্বতন্ত্র স্থানে বাখা এবং উহাব চক্ষু ও বস্ত্রাদি পরিষ্কাব বাখা বিশেষ আবশ্যক। রোগীব চক্ষু মুছা বস্ত্র খণ্ড দগ্ধ করিয়া ফেলা উচিত।

ব্যবস্থা পত্র।

১। হাইড্রার্জিবাই পাবক্লোরাইড ... ই গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ৫ ঔন্স।

(ডাঃ ম্যাক্‌নামাবা)।

২। বোরিক এসিড .. ... ৪ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, চক্ষু ধৌত করিবার জন্য। (ঐ)

৩। বারফস্ বোরোগ্লিসিরাইড ই—১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, চক্ষু ধৌত করিবাব জন্য। (ডাঃ ব্রুডেনেল কার্টার)

৪। কণ্ডিজ ফ্লুইড ... ... ১ ড্রাম।
একোয়া .. ... ১ পাইণ্ট।
লোশন, চক্ষু ধৌত কবিবাব জন্য। (ঐ)

৫। হাইড্রার্জিবাই পাবক্লোবাইড .. ১ গ্রেণ।
এমন মিউবাস ... ... ৪ গ্রেণ।
পবিশ্রুত জল ... .. ৬ ঔন্স।
লোসন চক্ষু ধৌত কবিবাব জন্য।

৬। প্লম্বাই এসিটাস ... ... ২ গ্রেণ।
এসিড এসিটিক ডিল ... ... ২ মিনিম।
পবিশ্রুত জল ... ই ঔন্স।

৭। আর্জেণ্টাই নাইট্রাস ... .. ২ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, চক্ষে ফোটা ফোটা করিযা দিবার জন্য।
(ডাঃ ম্যাক্‌নামারা)।

চক্ষের পাতা আবদ্ধ হইলে।

৮। আইডফরম	...	...	৪ গ্রেণ।
ভেসিলিন	...	...	ই ঔন্স।

মলম, চক্ষুর পাতার ধারে প্রয়োগ করিবার জন্য। (ঐ)

৯। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই নাইট্রেটিস		২০ গ্রেণ।
— সিটেসিযাম্, অথবা		
— সিম্পল, অথবা		
ভেসিলিন	... ...	ই ঔন্স।

মলম, চক্ষুব পাতার ধারে প্রয়োগ করিবার জন্য।

১০। ইসিরিন	...	...	২ গ্রেণ।
একোয়া	...	.	১ ঔন্স।

লোশন, কর্ণিয়া আক্রান্ত হইলে দুই এক ফোঁটা চক্ষে দিতে হইবে।

১১। এট্রপাইন সাল্ফ	...	...	৪ গ্রেণ।
পরিশ্রুত জল	...	..	১ ঔন্স।

লোশন, কর্ণিয়ার ক্ষত হইলে ২।১ ফোঁটা চক্ষে দিতে হইবে।

Granular Conjunctivitis.

(গ্র্যানিউলার কঞ্জাংটিভাইটিস)।

দানাময় কঞ্জাংটিভাইটিস।

কারণ—ইহা এক প্রকার বীজাণু (Trachoma cocci) কর্ত্তৃক উৎপন্ন হয়। পরীক্ষা দ্বারা বিশেষরূপে প্রমাণিত হইযাছে যে, এই বীজাণু যদি কোন জীবিত জন্তুর চক্ষুব শ্লৈষ্মিক ঝিল্লি মধ্যে প্রবিষ্ট হয়; তাহা হইলে অতি অল্প সময়ের মধ্যেই এইরূপ

দানাময় কঞ্জাংটিভাইটিস উৎপন্ন হয়। যক্ষ্মাকাশের বীজাণুর ন্যায় ইহা যে গৃহে বাস করে, সেই গৃহেরই ধ্বংশ সাধনের চেষ্টা পায়। প্রঃ ষ্ট্যাডারোনি বলেন যে, ইহা কঞ্জাংটাইভার এপিথিলিয়াল স্তরে কোনরূপে প্রবিষ্ট হইলে, সাত দিনের মধ্যে কঞ্জাংটাইভার পরিবর্ত্তন আরম্ভ হয়।

লক্ষণ—এই রোগাক্রান্ত রোগীর চক্ষের পাতা উল্টাইলেই ভিতরের কঞ্জাংটাইভাতে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র অল্প ধূসর বা ঈষৎ হরিদ্রা বর্ণের মুক্তার ন্যায় দানা দেখিতে পাওয়া যায়। এইগুলি সময়ে সময়ে এত ছোট হয় যে, লেন্স ভিন্ন উহা দৃষ্ট হয় না। সঙ্গে সঙ্গে কঞ্জাংটাইভা রক্তবর্ণ হয়। প্যাপিলিগুলি স্ফীত হয়। ইহা প্রথমাবস্থায় অত্যন্ত অলক্ষিত ভাবে থাকে। চক্ষের উপরের কঞ্জাংটাইভা আক্রান্ত না হইলে সহসা এ রোগ নির্ণীত হয় না। অনেক স্থলে উহা হইতে রীতিমত কঞ্জাংটিভাইটিস হইলে রোগী চিকিৎসাধীনে আইসে। তখন কেবল কঞ্জাংটিভাইটিসের লক্ষণ বাহিরে দৃষ্ট হয়। রোগী আলোকের দিকে চাহিতে অত্যন্ত কষ্ট বোধ করে। চক্ষু দিয়া সর্ব্বদা জল পড়ে; চক্ষুর ভিতরে ধূলা কি বালুকণা আছে বলিয়া বোধ হয় এবং শ্লেষ্মা মিশ্রিত পূয়ও নির্গত হইতে দেখা যায়। আলোকে চক্ষু খুলিলে বা রৌদ্রের দিকে চাহিলে উপরোক্ত লক্ষণ গুলি আরও বৃদ্ধি পায় এবং রোগী অত্যন্ত যন্ত্রণা বোধ করে। এই সময়ে চক্ষের পাতা উল্টাইলে কঞ্জাংটাইভাতে পূর্ব্ববর্ণিত ক্ষুদ্র ক্ষুদ্র দানা গুলি দেখিতে পাওয়া যায়। উপরের পাতার ভিতরের দানাগুলি কিছু অধিক দেখা যায়। প্যাপিলিগুলি রক্তবর্ণ ও স্ফীত এবং সঙ্গে সঙ্গে কঞ্জাংটাইভারও রক্তাধিক্য দেখিতে পাওয়া যায়। কিছুদিন এই ভাবে থাকিয়া পাতার ঘর্ষণে চক্ষুর

উপরের কঞ্জাংটাইভাতেও ঐ দানা দেখিতে পাওয়া যায়। কর্ণিয়া প্রথমে সামান্য অস্বচ্ছ হইয়া পরে উহাতে রীতিমত ওপ্যাসিটি বা শাদা ছানি দৃষ্ট হয়। ঐ শাদা ছানিতে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ ধমনী দেখা যায়। এই সময়ে যন্ত্রণা আরও বৃদ্ধি হয়। আলোক আদৌ সহ্য হয় না এবং চক্ষু দিয়া অনবরত জল পড়িতে থাকে। রোগ যতই পুরাতন হয়, চক্ষের পাতাগুলি ততই শক্ত হয় এবং প্যাপিলার বিবৃদ্ধি জন্য ভিতর খুব পুরু হয়। এই অবস্থায় চক্ষু ভাল করিয়া মুদ্রিত করা যায় না। চক্ষের পাতা আপনাপনি ঈষৎ উল্টাইয়া যায়। কোন কোন রোগীর চক্ষের পাতার কঞ্জাংটাইভায় সংযোগিক বিধানের উৎপত্তি ও বৃদ্ধি জন্য উপরের পাতা উল্টান যায় না। কখন কখন বা চক্ষুর পাতা ভিতরদিকে ঈষৎ উল্টাইয়া গিয়া পাতার চুল চক্ষের উপর বিদ্ধিতে থাকে। কচিৎ চক্ষুর পাতার অভ্যন্তর ভাগ, চক্ষু গোলকের সঙ্গে সৌত্রিক বন্ধন দ্বারা সংযুক্ত হইয়া যায় এবং চক্ষের আভ্যন্তরিক চাপ বশতঃ ষ্ট্যাফিলোমা উৎপন্ন হয়। অতি প্রবল দানাময় কঞ্জাংটিভাইটিসে অতি অল্প সময়ের মধ্যে অর্থাৎ ১—১২ মাস মধ্যে কর্ণিয়ার ছানি উৎপন্ন হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগ অত্যন্ত সংক্রামক। দানাময় কঞ্জাংটিভাইটিস দ্বারা রোগাক্রান্ত রোগীর চক্ষে পূয় বা জল সুস্থ ব্যক্তির চক্ষে লাগিলে এই রোগ জন্মিবার বিশেষ সম্ভাবনা। সুতরাং এই প্রকারের রোগীকে স্বতন্ত্র স্থানে রাখা উচিত এবং তাহার ব্যবহৃত পাত্রাদি অন্য কেহ ব্যবহার করিতে না পারে, তদ্বিষয়ে দৃষ্টি রাখিবে। চক্ষু

মুছা বস্ত্রখানি স্বতন্ত্র রাখিয়া পোড়াইয়া দেওয়া আবশ্যক। ব্যবহৃত ধাতব পাত্র, দুর্গন্ধহারক দ্রব্য দ্বারা ধৌত করা বিশেষ প্রয়োজন।

চক্ষুর পাতা উল্টাইয়া দানা দৃষ্ট হইবামাত্র ১ ঔন্সে ২ গ্রেণ ক্লোরাইড অব্ জিঙ্ক দ্রব প্রয়োগে বিশেষ উপকার দর্শে। উক্ত লোশন প্রত্যহ একবার প্রয়োগ করাই ভাল এবং ঔষধ প্রয়োগেব পূর্ব্বে চক্ষের পাতা উল্টাইয়া এক খণ্ড বস্ত্র দ্বারা বেশ করিয়া মুছিয়া লইবে। ইহা ব্যতীত ৫০০০ ভাগে এক ভাগ পাবক্লোরাইড অব মার্কাবী দ্রব, প্রত্যহ তিনবার দিবে এবং চক্ষের পাতাব কেশমূলে ৪নং মলম ব্যবস্থা কবিবে। দানাগুলি সম্পূর্ণরূপে অন্তর্হিত না হওয়া পর্য্যন্ত এইরূপ চিকিৎসা কবিতে হইবে। অতি প্রথমাবস্থায় ২ বা ৩নং লোশন দিবসে তিনবার প্রয়োগ অতীব ফলপ্রদ এবং বেদনা নিবাবণার্থ চক্ষের উপব ববফ এবং কপালে ও চিপে অঙ্গুয়েণ্টাম বেলাডনা প্রয়োগ বিশেষ ফলপ্রদ। রোগেব সকল অবস্থায় চক্ষু বিশেষরূপে আবৃত রাখা কর্ত্তব্য। প্রবল লক্ষণাদির কিঞ্চিৎ উপসম হইলে পব, পাতা উল্টাইযা প্রথমে কোকেন সোলিউশন প্রয়োগ করিয়া পরে ট্যানিক এসিড এবং আইডফরম সমভাগে দানার উপর ছড়াইয়া দিলে উত্তম ফল পাওযা যায। কোন কোন স্থলে কুপ্রাই সাল্ফ প্ররোগও বিশেষ উপকাবী। কিন্তু উহা কিছু যন্ত্রণাদায়ক। অতি পুবাতন অবস্থায দানাগুলি কিছুতেই অন্তর্হিত না হইলে ছুরিকা দ্বারা উহা চাঁছিযা ফেলাই যুক্তিসঙ্গত।

অতি কঠিন কর্ণিয়ার অস্বচ্ছতাবস্থায় কেহ কেহ ইনফিউশন জ্যাকুইরিটি বা ইনফিউশন এব্রস দ্বাবা সেই চক্ষের কঞ্জাংটিভাইটার প্রবল প্রদাহ উৎপন্ন করিতে আদেশ করেন। কিন্তু অধিকাংশ চক্ষুচিকিৎসকের মতে এইরূপ চিকিৎসা বড়ই

দূষনীয়। কারণ, উহা দ্বারা এক রোগ আরাম করিতে গিয়া অন্য এক রোগ উৎপন্ন করা হয়। কাহার কাহার মতে এই রোগে এট্রপিয়া অত্যন্ত অপকারী। কারণ, ইহা গ্র্যানিউলার কঞ্জাংটিভাইটিস উৎপাদক বীজানু ধ্বংশ না করিয়া বরং উহার শক্তি বৃদ্ধি করে। কিন্তু অনেকে আবার কর্ণিয়ার অস্বচ্ছতা-বস্থায় ইহা ব্যবহার করেন। দৈহিক অবস্থার উন্নতির জন্য আয়রন্ এবং কুইনাইন অতীব ফলদায়ক।

ব্যবস্থা পত্র।

১। জিঙ্কাই ক্লোরাইড	...	২ গ্রেণ।
পরিশ্রুত জল		১ ঔন্স।

লোশন, দানাময় স্থানে প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ ম্যাক্নামারা)।

২। হাইড্রার্জিরাই পারক্লোরাইড	...	½ গ্রেণ।
এমন ক্লোরাইড	..	১ গ্রেণ।
পরিশ্রুত জল		৫ ঔন্স।

২।১ ফোঁটা চক্ষে দিতে হইবে। (ঐ)

৩। হাইড্রার্জিরাই পারক্লোরাইড	.	½ গ্রেণ।
এমন মিউরাস	..	১ গ্রেণ।
কোকেন মিউরাস	..	৩০ গ্রেণ।
পরিশ্রুত জল	...	৩ ঔন্স।

লোশন, চক্ষে দুই এক ফোঁটা দিতে হইবে। (ঐ)

৪। হাইড্রার্জিরাই অক্সাইড ফ্লেবা	.	৮ গ্রেণ।
আইডফরম	..	৩ গ্রেণ।
ভেসিলিন	...	½ ঔন্স।

রাত্রিতে শয়নকালে চক্ষের পাতার ধারে লাগাইতে হইবে।

৫। কোকেন মিউরাস ... ... ১৫ গ্রেণ।
পরিশ্রুত জল ... .. ১ ঔন্স।

লোশন, ২।১ ফোঁটা চক্ষে দিবার ৪।৫ মিনিটান্তর—
ট্যানিক এসিড ... ... ১ গ্রেণ।
আইডফরম .. ... ১ গ্রেণ।

দানাময় স্থানে ছড়াইয়া দিতে হইবে। (ঐ)

৬। অথবা, উক্ত লোশন চক্ষে দিবার পর দানাময় স্থানে কুপ্রাই সাল্‌ফ স্পর্শ করিতে হইবে।

৭। হাইড্রার্জিরাই অক্সাইড রুব্রাই ... ১ গ্রেণ।
এডিপিস অথবা ভেসিলিন ... ১ ঔন্স।

চক্ষের উল্টান পাতার ধারে লাগাইতে হইবে।

(ডাঃ এ, এম বোজবার্গ)

৮। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিরাই অক্সাইডম
রুব্রাই .. .. ১ ড্রাম।
অ্যাপেল মর্ত্তই ... ... ১ ঔন্স।

রাত্রিতে চক্ষের পাতার ধারে লাগাইতে হইবে।

(প্রঃ ডি, ডব্লিউ)।

৯। ট্যানিন .. ... ১ গ্রেণ।
ভেসিলিন . ... ১ ড্রাম।

প্রত্যহ একবার দানাময় স্থানে প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ এইচ, আর্)।

১০। কুপ্রাই সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
ভেসিলিন ... ... ১ ড্রাম।

দানাময় স্থানে প্রয়োগ করিতে হইবে। (ঐ)

১১। এলাম	...	...	১০ গ্রেণ।
পরিশ্রুত জল	...	...	১ ঔন্স।

২।১ ফোঁটা চক্ষে দিতে হইবে।

১২। এট্রপাইন	...	...	৪ গ্রেণ।
পবিশ্রুত জল	...	...	১ ঔন্স।

কর্ণিযাতে ছানি হইলে চক্ষে কোঁট দিতে হইবে।

Cornea Diseases of. (কর্ণিয়া ডিজিজেজ্ অব্)।

(1) Ulceration of Cornea.

(অল্সারেশন অব্ কর্ণিযা)।

(2) Opacity Cornea. (ওপ্যাসিটি কর্ণিযা)।

Ulceration of Cornea (বা কর্ণিযাব ক্ষত)।

কর্ণিযাব উপবিস্থিত গঠন সমূহ ধ্বংশ প্রাপ্ত হইযা যে ক্ষত উৎপন্ন হয, তাহাকে কর্ণিযাব ক্ষত কহে। কর্ণিযাব ক্ষত অবস্থা, স্থান ও আকাব অনুসাবে বিভিন্ন প্রকাবেব হইযা থাকে যথা—তরুণ এবং পুবাতন, উপবিস্থিত এবং গভীব, স্বচ্ছ এবং অস্বচ্ছ, গোলাকাব এবং অসমান। সাধাবণতঃ ইহা দুই শ্রেণীতে বিভক্ত হইযা থাকে যথা—প্রাথমিক এবং দৌবাবিক।

কাবণ—প্রাথমিক কর্ণিয়াব ক্ষত আঘাত, কর্ণিযাব প্রদাহ, কর্ণিয়াব স্ফোটক, অথবা টাইফয়েড ফিভাব, বোমটিণ্ট ফিভার, কলেবা ইত্যাদি বোগে অত্যন্ত দুর্ব্বলতা হেতু কর্ণিয়ার পবিপুষ্টির অভাব বশতঃ উৎপন্ন হইয়া থাকে। দৌবারিক ক্ষত কঞ্জাংটি-ভাইটিস, ডিপ্থিরিয়ার কঞ্জাংটিভাইটিস, অথবা গ্র্যানিউলার

কঞ্জাংটিভাইটিস বশতঃ উৎপন্ন হয়। সচবাচর ইহা অল্প বয়সাপেক্ষা অধিক বযস্কদিগেব হইয়া থাকে। অন্নাভাব বশতঃ জীর্ণ-শীর্ণ-দেহ-বিশিষ্ট অতি দীন ও দবিদ্র লোকদিগেব মধ্যে, সামান্য কাবণেই ইহা উৎপন্ন হইযা থাকে।

লক্ষণ—প্রথমাবস্থায চক্ষে এবং চক্ষেব চতুষ্পার্শ্বে বেদনা, পাতাব অভ্যন্তবস্থিত ও উপবেব কঞ্জাংটাইভার রক্তাধিক্য, অনববত চক্ষু দিযা জল পডা, চক্ষেব পাতাব ঘন ঘন স্পন্দন, আলোকাসহ্যতা, সামান্য ক্ষত ও দৃষ্টি হীনতা ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয। প্রাপ্তবযস্কদিগেব কর্ণিযাব ক্ষতে বেদনা ও কঞ্জাংটাইভাব বক্তাধিক্য অধিক পবিমাণে লক্ষিত হয, কিন্তু শিশুদিগেব কর্ণিয়াব ক্ষতে অন্যান্য লক্ষণাপেক্ষা জলপডা ও আলোকাসহ্যতাই প্রধান দেখিতে পাওযা যায। শিশুদিগেব কর্ণিযার ক্ষত পবিষ্কাব জন্য চক্ষু খুলিতে গেলে চক্ষু হইতে অত্যন্ত জল পডে এবং সেই সঙ্গে সঙ্গে পাতাব স্পন্দন ও কখন কখন হাঁচি উপস্থিত হয। কোন কোন কর্ণিযাব ক্ষতে চক্ষুব সম্মুখেব বা উপবেব প্রকোষ্ঠে পূযোৎপত্তি বা হাইপপিয়ন একটি সাধাবণ লক্ষণ। সম্মুখেব প্রকোষ্ঠেব ঐ পূয এক স্থানে থাকিতে দেখা যায না। বোগী যে ভাবে বা যে পার্শ্বে শযন করে ঐ পূয সেই দিকেই চলিয়া যায়। কখন কখন পূয অতি অল্প হয, আবাব কখন বা এত বেশী হয যে, সমস্ত আইরিস আবৃত হইযা পডে। কর্ণিয়াব ক্ষতেব এক প্রকাব আশঙ্কা এই যে, ইহা প্রায়ই হয ওপ্যাসিটি বা উপবেব ছানি না হয শ্বেত চিহ্নে পবিণত হয, কিন্তু ইহা হইতে আবও দুইটি গুরুতব উপসর্গ সমযে সময়ে দেখিতে পাওয়া যায়, যথা—কর্ণিযাব ছিদ্রাবস্থা এবং ষ্ট্যাকিলোমা।

চিকিৎসা বিষয়ক টীকা।

দৈহিক পরিপুষ্টি ও পরিপাক শক্তির উন্নতির জন্য বলকারক ঔষধ যথা—লৌহ ঘটিত ঔষধ ও কুইনাইন, উত্তম পুষ্টিকর পথ্য এবং বিশুদ্ধ বায়ু সেবন অতীব প্রয়োজনীয়। স্থানিক প্রয়োগের জন্য এট্রপাইন সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। চক্ষে আলোক অসহ্য হইলে, এট্রপাইন এবং কোকেন সমভাগে প্রয়োগে উপকার দর্শে। কোন কোন স্থলে বিশেষতঃ কর্ণিয়ার ক্ষত ক্রমশঃ বর্দ্ধিত হইতে থাকিলে এবং অধিক সটানতা দেখা গেলে এট্রপাইন অপেক্ষা ইসিরিন অধিক উপকারী। কর্ণিয়ার ক্ষতে উভয় চক্ষু বিশেষ করিয়া আবৃত রাখা উচিত। অত্যন্ত বেদনা হইলে এট্রপাইন এবং কোকেনের স্থানিক প্রয়োগ এবং বেলাডনার পত্র সহ জলগরম করিয়া স্বেদ ও চিপের ত্বকনিম্নে মর্ফিয়ার পিচকারী বিশেষ প্রয়োজনীয়।

পুরাতন কর্ণিয়ার ক্ষতে ইয়েলো অক্সাইড অব্ মার্কারী বা কষ্টিক পেন্সিল প্রয়োগ করা যাইতে পারে। কর্ণিয়ার ছিদ্র হইবার উপক্রম বা সূচনা হইলে ক্ষুদ্র সূচ দ্বারা সম্মুখ বা উপরের প্রকোষ্ঠের জলীয় পদার্থ বাহির করিয়া দেওয়া উচিত।

ব্যবস্থা পত্র।

১।	এট্রপাইন সাল্ফ	... ...	২ গ্রেণ।
	পরিশ্রুত জল	... ...	১ ঔন্স।

২।১ ফোঁটা করিয়া প্রত্যহ তিনবার চক্ষে দিতে হইবে।

(ডাঃ ম্যাক্নামারা)।

২।	এট্রপাইন সাল্ফ	... ...	২ গ্রেণ।
	কোকেন মিউরাস	... ..	২ গ্রেণ।

পরিস্রুত জল ... ... ১ ঔন্স।

অত্যন্ত আলোকাসহ্য হইলে চক্ষে ফোট দিতে হইবে। (ঐ)

৩। ইসিরিন সাল্‌ফ ... ... ২ গ্রেণ।

পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

লোশন, কর্ণিয়ার ক্ষত বৃদ্ধি হইতে থাকিলে ও অত্যন্ত সটানতা বর্ত্তমান থাকিলে, চক্ষে ফোট দিতে হইবে। (ঐ)

৪। কেলমেল ১—২ গ্রেণ।

ক্ষতের উপর ছড়াইয়া দিতে হইবে। আরোগ্যাবস্থায় ব্যবহার্য্য। (ডাঃ জনগ্রিণ)।

৫। হাইড্রার্জ্জিরাই অক্‌সাইড ফ্লেবা ... ১২ গ্রেণ।

অলিভ অয়েল ... ... ২ ড্রাম।

প্রিপেয়ার্ড লার্ড ... ... ৬ ড্রাম।

মলম, কর্ণিয়ার পুরাতন ক্ষতে প্রয়োগ করিতে হইবে।

Opacity Cornea. (ওপ্যাসিটি কর্ণিয়া)।

কর্ণিয়ার ছানি।

কর্ণিয়ার ছানির পরিমাণ, গাঢ়তা, স্থায়িত্ব, ও কারণভেদে বিভিন্ন প্রকারের হইয়া থাকে। কখন কর্ণিয়াতে সামান্য শ্বেত বর্ণ দাগ বা অস্বচ্ছতা দৃষ্ট হইয়া থাকে, আবার কখন সমস্ত কর্ণিয়ার ছানি দৃষ্ট হয়; কখন উপরিস্তরের ছানি দেখা যায়, আবার কখন কখন বা কর্ণিয়ার সমস্ত স্তর ধ্বংশ প্রাপ্ত হইয়া গাঢ় পুরু ছানি পড়ে। কর্ণিয়ার শ্বেত বর্ণ দাগ বা ঈষৎ অস্বচ্ছতাকে (Nebulœ) নিবুলি বলে এবং খুব পুরু গাঢ় ছানিকে লিউ-

কোমা বলে। অতি অল্প বয়সে সামান্য কর্ণিয়ার ছানি হইলে কালে তাহা দূরীভূত বা অন্তর্হিত হইতে পারে, কিন্তু কর্ণিয়ার অধিকাংশ ধ্বংশ বশতঃ সৌত্রিক বিধান গঠিত হইয়া যে ছানি পড়ে তাহা প্রায় স্থায়ী হইয়া যায়। ঠিক মনির উপরে ছানি হইলে, দৃষ্টির ব্যাঘাত জন্মে ; কিন্তু এক পার্শ্বে হইলে দৃষ্টির কোন ব্যাঘাত না ঘটিতে পারে।

কারণ—কর্ণিয়ার প্রদাহ, কর্ণিয়ার ক্ষত, দানাময় কঞ্জাংটি-ভাইটিস, আইরাইটিস এবং গ্লকোমা প্রভৃতি কারণ বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে। এতদ্ব্যতীত এসিটেট্ অব লেড এবং নাই-ট্রেট অব্ সিল্‌ভার প্রয়োগ বশতঃ কথন কথন ইহা উৎপন্ন হইতে পারে। কথন কথন বা আঘাত বশতঃ কর্ণিযার ক্ষত হইয়া অব-শেষে ছানিতে পরিণত হইয়া থাকে।

চিকিৎসা বিষযক টীকা।

লিউকোমা অর্থাৎ গাঢ, পুরু ও বিস্তৃত ছানিতে ঔষধে বিশেষ উপকার হয় না কিন্তু পূর্ব্বাপেক্ষা আকারে ছোট হইতে পারে। সামান্য ছানিতে আইওডিনের ক্ষীণ দ্রব প্রয়োগ উপকারী। কিন্তু ইহাতে কোনরূপ উত্তেজনা প্রকাশ পাইলে উহা তৎক্ষণাৎ বন্ধ করা উচিত। উপরের ছানিতে কেলমেল প্রয়োগে সময়ে সময়ে উপ-কার দৃষ্ট হয়। ডাইলিউট অক্‌সাইড্ অব্ মার্কারি মলম, ক্ষীণ সঙ্কোচক লোশন ইত্যাদি স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য। নাইট্রেট অব্ সিল্‌ভার প্রয়োগ জনিত ছানিতে, কেহ কেহ সায়ে-নাইড অব্ পটাশিয়ামের ক্ষীণ দ্রব দিতে বলেন। প্রথমে কোকেন সলিউশন চক্ষে দিয়া পরে কার্ব্বনেট অব্ লেড্ জনিত ছানি ছুরিকা দ্বারা অনায়াসে উঠাইয়া ফেলিতে পারা যায়। কেহ কেহ উল্‌কি পরার ন্যায় কর্ণিয়ার ছানিগুলি কাল করিয়া দিতে বলেন।

ব্যবস্থা পত্র।

১।	এট্রপাইন সাল্‌ফ	...	২—৪ গ্রেণ।
	পরিশ্রুত জল	... ...	১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবার জন্য।

২।	আইওডিন	... ...	১ গ্রেণ।
	পটাশ আইওডাইড	... ...	২ গ্রেণ।
	পবিশ্রুত জল	.. ...	১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবার জন্য।

(মিঃ সি, ম্যাক্‌নামাবা)

৩।	জিঙ্কাই অক্সাইড	... ...	২ ড্রাম।
	অলিভ অয়েল	... ...	৪ ড্রাম।
	হাইড্রার্জিরাই এমনিযেসাই	...	১ ড্রাম।
	লার্ড	.. ...	৬ ড্রাম।

(নিবিউলা ও কর্ণিযার ছানিতে)।

৪।	হাইড্রার্জিবাই অক্সাইড ফ্লেভা	...	১২ গ্রেণ।
	অলিভ অয়েল	... ...	২ ড্রাম।
	প্রিপেযার্ড লার্ড	... ...	৬ ড্রাম।

মলম, বসন্ত বোগেব ওপ্যাসিটিতে প্রযোগেব জন্য।

৫।	ক্যালমেল	... ..	১ গ্রেণ।

অণভীব ওপ্যাসিটিতে ছডাইযা দিতে হইবে।

Iris Inflamation of আইরিস ইনফ্লেমেসন অব্।

আইরাইটিস, আইরিস প্রদাহ।

আইরাইটিস দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে যথা— প্ল্যাষ্টিক আইরাইটিস এবং সাপিউরেটিভ বা পূযোৎপাদক আইরাইটিস। ১০০ শত রোগীর মধ্যে ৮৫ জনের প্ল্যাষ্টিক আইরাইটিস হইতে দেখা যায়।

কারণ। প্ল্যাষ্টিক আইরাইটিস, শৈত্য বাত, গনরিয়া, প্রাথমিক এবং দ্বৌবারিক উপদংশ, এবং আঘাতজনিত প্রদাহ ইত্যাদি কারণে উৎপন্ন হয়। পূযোৎপাদক আইরাইটিস, কর্ণিয়া এবং আইরিসে অস্ত্রাঘাত জনিত ক্ষত, উপদংশ জনিত গমেটা টিউবার্কল্, লেপ্রসি ইত্যাদি কারণ বশতঃ উৎপন্ন হইয়া থাকে। উপরোক্ত দুই প্রকার ব্যতীত আরও এক প্রকার আইরাইটিস দেখিতে পাওয়া যায়; উহাতে আইরিসে বি[illegible]ম সঞ্চিত হইয়া থাকে।

লক্ষণ—প্রবল রোগে চক্ষে বেদনা, বিশেষতঃ ভ্রূতে, টেপে, নাসিকায় ও কপোল দেশে বেদনা হয়। আলোক লাগিলে বেদনার আধিক্য হইয়া থাকে এবং শয়নকালে অসহ্য হইয়া উঠে। কখন কখন বেদনা এত অধিক হয়, যে চক্ষে হাত দেওবা যায় না। কর্ণিয়ার চতুঃস্পার্শ্বে ক্ষুদ্র ধমনীর রেখা দৃষ্ট হয়, ইহাকে পেরি কর্ণিয়াল জোন কহে। প্রবল প্রদাহে উহা স্পষ্ট দৃষ্ট হয়, কিন্তু কোন কোন স্থলে কর্ণিয়া এবং কঞ্জাংটাইভার রক্তাধিক্য দ্বারা আবৃত থাকে। আইরিসের প্রদাহের হ্রাসের সঙ্গে সঙ্গে কর্ণিয়ার বৃত্তাকার ধমনী রেখাও অন্তর্হিত হইতে থাকে। আইরিসের বর্ণেরও পরিবর্ত্তন ঘটে। নীল বা কটা আইরিস সবুজ বর্ণ হয়,

সবুজ আইরিস হরিদ্রা বর্ণ হয়, এবং কৃষ্ণ বর্ণ মিশ্রিত ধূষর বর্ণের আইরিস ঈষৎ রক্তাভা হয়। আইরিস সৌত্রিক গঠনাবলীও ঈষৎ কর্দ্দমের বর্ণ বা ঘোলাটিয়া দেখা যায়। এতৎসহ আইরিসের প্রসারণ শক্তি নষ্ট হয়, সুতরাং কনীনিকা আকুঞ্চিতাবস্থায় থাকে। আলোকে কনীনিকা আর অধিক আকুঞ্চিত হয় না। আইরিসে সিরাম সঞ্চিত হয় এবং কখন কখন আইরিস ও লেন্স একত্র সংযুক্ত হইয়া যায়, ইহাকে সাইনিকিয়া কহে। এই সময় চক্ষে এট্রপিয়া প্রযোগ করিলে কনীনিকা সমান ভাবে প্রসারিত হয় না। প্রদাহের সূচনাবধিই আইরিস সেরূপ প্রসারিত বা আকুঞ্চিত হয় না। আলোকাসহ্যতা এবং অশ্রুপাত আর দুইটি সাধারণ লক্ষণ। এই দুই লক্ষণ সকল প্রকার আইরাইটিসে বর্ত্তমান থাকে কিন্তু পুরাতনাবস্থায় লক্ষিত হয় না। প্রায় সকলাবস্থাতেই কঞ্জাংটাইভার রক্তাধিক্য দৃষ্ট হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

আইরিস প্রদাহের প্রকৃত কারণ নির্দ্দেশ করিয়া চিকিৎসা করা উচিত। রিউম্যাটিজম, গাউট এবং উপদংশ বশতঃ ইহা হইলে, ঐ সকল কারণ গুলির চিকিৎসা করাই কর্ত্তব্য। কিন্তু প্রায় সকল অবস্থার আইরিস প্রদাহে, এট্রপাইন একটি প্রধান ঔষধ। কারণ, যদি আমরা এট্রপাইন দ্বারা কনীনিকা প্রসারিত করিয়া রাখি তাহা হইলে কখনই আইরিস, লেন্স ইত্যাদি সহ সংযুক্ত হইতে পারেনা। ইহা দ্বারা আরও একটি উপকার সাধিত হয় এই যে, আইরিস সঙ্কুচিত অবস্থায় থাকিলে উহার রক্তাধিক্য জন্মিতে পারে না। এট্রপাইনের সঙ্গে কোকেন যোগ করিলে কনীনিকা প্রসারণের অধিক সহায়তা হইয়া

থাকে। আইরিসের প্রবল প্রদাহাবস্থায় এট্রপাইন দ্বারা সহজে কনীনিকা প্রসারিত হয় না, সুতরাং উহা অধিকবার অর্থাৎ ছয় ঘণ্টান্তর প্রয়োগ করা উচিত। কখন কখন আইরিসের স্ফীততা ও রক্তাধিক্য বশতঃ এট্রপাইনে কোন উপকার দর্শে না। এমতাবস্থায়, প্রদাহের হ্রাস জন্য পটাশ আইওডাইড বা মার্কারী সেবন বা চিপে জলৌকা দ্বাবা রক্ত মোক্ষণে ফল দর্শিয়া থাকে। প্রবল প্রাদাহিক লক্ষণ উপসমিত হইলে পরও, কিছুদিন কনীনিকা প্রসারিতাবস্থায় রাখা কর্ত্তব্য। অন্ততঃ যে পর্য্যন্ত কর্ণিয়া বেষ্টিত ধমনী রেখা অন্তর্হিত না হইয়া যায়।

অনেক আইবাইটিস বোগে, আইরিস এবং লেন্স মধ্যে সৌত্রিক বিধান গঠিত হইয়া, স্থানে স্থানে আইবিস লেন্স সহ সংযুক্ত হইযা যায়। এই সকল অবস্থায় কনীনিকা প্রসাবণ জন্য কিছু দিন পর্য্যন্ত এট্রপাইন প্রযোগ আবশ্যক। কিন্তু অধিক দিন এট্রপাইন প্রযোগ হেতু প্রবল দানাময কঞ্জাংটিভাইটিস জন্মিতে পাবে। সুতবাং সামান্য লক্ষণ দৃষ্ট হইবামাত্র চক্ষের মধ্যে এট্রপাইন প্রয়োগ বন্ধ করিয়া, চক্ষেব পাতায় এবং চিপে এট্রপাইন সহ একষ্ট্রাক্ট বেলাডনার প্রলেপ দেওযা যাইতে পারে। বেদনা নিবারণ জন্য, একষ্ট্রাক্ট বেলাডনা, ইণ্ডিয়ান হেম্প এবং গ্লিসাবিন সমভাগে মিশ্রিত করিয়া চক্ষুর চতুর্দ্দিকে প্রলেপ দেওয়া অতীব ফলদায়ক।

উপদংশ জনিত আইরাইটিসে, মার্কারী একটি উত্তম ঔষধ। ব্লু পিল বা ওপিয়াম সহ ক্যালমেল সেবন অথবা ½—১ ড্রাম মার্কারী মলম বাহু বা উরুতে মর্দ্দন করা অতীব ফলপ্রদ। আইরাইটিস কিঞ্চিত উপসমিত হইলে, মার্কারীর অন্যান্য প্রয়োগরূপ বন্ধ করিয়া দিয়া ১½ গ্রেণ মাত্রায় হাইড্রার্জিরাই কম্‌ক্রেটা

প্রত্যহ শয়নকালে দেওয়া যাইতে পারে। উপদংশজনিত আইরাইটিসে, পটাশ আইওডাইড অতীব উপকারী ঔষধ। ইহা ১০ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিন বাব দেওয়া যাইতে পারে কিন্তু ক্রমশঃ মাত্রা বৃদ্ধি কবা উচিত। বাতজনিত আইরাইটিসে, সেলিসিলেট অব্ সোডা বিশেষ উপকাবী। ইহা প্রথমতঃ ১০ গ্রেণ মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার করা যাইতে পাবে।

বেদনা নিবাবণেব জন্য ওপিয়াম ১ গ্রেণ মাত্রায প্রত্যহ দুইবাব সেবন ব্যবস্থা কবা যাইতে পাবে। কখন কখন টেম্পল্ বা চিপে জলৌকা দ্বারা মোক্ষনে উপকাব দৃষ্ট হয়।

স্থানিক প্রয়োগেব মধ্যে পোস্তেব ঢেড়িব স্বেদ বিশেষ ফলদাযক। ইহাদ্বাবা বেদনা শীঘ্র উপসমিত হইবাব সম্ভাবনা এবং ইহা চক্ষু স্নিগ্ধকারক। সময়ে সময়ে তূলা দ্বাবা রুক্ষ স্বেদ দিলে বিশেষ উপকাব পাওযা যায়। সকল প্রকাব আই-রিস প্রদাহে, চক্ষু আবৃত রাখা কর্ত্তব্য।

স্থূলাকাব ব্যক্তির আইবাইটিসে, বিবেচক ঔষধ ও লঘু পথ্য বিশেষ প্রয়োজনীয়। কিন্তু অধিকাংশ স্থলে উত্তেজক ঔষধ, উত্তম পুষ্টিকব পথ্য এবং বিশুদ্ধ বায়ু সেবন অতি প্রয়োজনীয়। কোন কোন বোগীব জন্য বার্ক, এমনিযা ও ব্রাণ্ডি ইত্যাদি আবশ্যক।

সাইনেকি বা লেন্স সংযুক্ত আইবিস বর্ত্তমান থাকিলে, আই-রিস চ্ছেদ এবং কাল্পনিক কনীনিকা প্রস্তুত করা ভিন্ন অন্য কোন চিকিৎসায় উপকার দর্শে না।

ব্যবস্থা পত্র।

১।	এট্রপিয়া সাল্‌ফ	...	২—৪ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	.. ১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবার জন্য।

(ডাঃ ম্যাক্‌নামাবা)।

২।	এট্রপাইন	...	... ৪ গ্রেণ।
	কোকেন মিউবাস	...	.. ৪ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	.. ১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবাব জন্য। (ঐ)

৩।	একষ্ট্রাক্ট বেলাডনা	...	... ১ ড্রাম।
	গ্লিসাবিন	..	... ১ ড্রাম।

চক্ষেব পাতাব উপবে এবং চক্ষেব চতুর্দ্দিকে প্রলেপ দিতে হইবে। (ঐ)

৪।	ডুবষসিন্	...	... ৪ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	... ১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবার জন্য।

(ডাঃ ব্রুড্‌নেল কাটার)।

৫।	ডুবযসিন	...	... ৪ গ্রেণ।
	কোকেন মিউরাস	...	... ৪ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	... ১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিবার জন্য। (ঐ)

৬। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিরাই ঽ—১ ড্রাম।

উপদংশ জনিত আইরাইটিসে, বাহুর অভ্যন্তরে এবং উরুতে মালীষ করিতে হইবে। (ডাঃ ম্যাক্‌নামারা)

আভ্যন্তরিক প্রযোগ।

উপদংশ জনিত আইরাইটিসে।

৭। ক্যালমেল ... ১—২ গ্রেণ।
পাল্‌ভ ওপিয়াই .. ঀ—ঽ গ্রেণ।
কনফেক্‌শিও রোজ ... যথা প্রয়োজন।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য।

(জর্জ্জ লসন এফ, আর, সি, এস)

৮। পটাশ আইওডাইড .. ... ৩৬ গ্রেণ।
— বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
ইনফিউশন কোয়াশিয়া ... ৬ ঔন্স।

ঽ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ঐ)

এবং

একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ১ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিরাই ... ৭ ঔন্স।

কপালে এবং চিপে মালীষ করিতে হইবে। (ঐ)

৯। পটাশ আইওডাইড ... ... ৩৬ গ্রেণ।
— বাইকার্ব্ব ... .. ১ ড্রাম।
ফেরি এট্‌ এমনি সাইট্রেটিস ... ১ ড্রাম।
পরিস্রুত জল ... ... ৬ ঔন্স।

ঽ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য (যখন নিঃসৃত লিম্ফ আচুষিত হইয়া আইরিস প্রদাহ উপসমিত হইবে)। (ঐ)

আইরাইটিসে পুনরাক্রমণ করিলে।

১০। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।
টিং কলম্বা ... ... ২ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৬ ঔন্স।
জলসহ ১ ঔন্স মাত্রায় প্রত্যহ দুইবার সেব্য। (ঐ)

রোগী দুর্ব্বল হইলে।

১১। কুইনি সাল্‌ফ ... ... ১২ গ্রেণ।
এসিড সাল্‌ফ ডিল ... ... ২ ড্রাম।
টিং অবেন্সিযাই ... ... ৬ ড্রাম।
পবিশ্রুত জল ... সমষ্টি ৬ ঔন্স।
জলসহ ½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য। (ঐ)

রক্তহীন বোগীব জন্য।

১২। কুইনি সাল্‌ফ ... ... ১২ গ্রেণ।
টিং ফেবি পাবক্লোবাইড ... ১ ড্রাম।
এসিড নাইট্রোমিউরিয়াটিক ডিল্ .. ১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ৬ ঔন্স।
½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য। (ঐ)

বাতজনিত আইবাইটিসে।

১৩। সোডি সেলিসিলাস ... ... ১০ গ্রেণ।
স্পিরিট ক্লোবফরম ... ১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ ম্যাকনামারা)।

এট্রপাইন লোশনে কোন উপকার না হইলে, নিম্নলিখিত বেলাডনা লোশন চক্ষে প্রয়োগ করা যাইতে পারে।

১৪। একষ্ট্রাক্ট বেলাডনা ... ৪০ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ৮ ঔন্স।
প্রমেহ জনিত আইরাইটিসে চক্ষুতে প্রযোগেব জন্য।

১৫। বাল্‌সাম কোপেবা ... ½—১ ড্রাম।
মিউসিলেজ ... ... ২ ড্রাম।
একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (মি এ, আব, হল)।

Hordeolum. (হর্ডিওলাম)।

আঞ্জনি।

১। হাইড্রার্জ্জিবাই ওলিএট ... ... ৫ গ্রেণ।
এসিড ওলিইক ... ...১০০ গ্রেণ।
তুলি দ্বারা লাগাইতে হইবে। (মি জন, মার্সাল)।

২। ফেবি এট্ কুইনি সাইট্রাস .. ৫ গ্রেণ।
টিং আর্ণিকা ... .. ২০. মিনিম।
একোয়া . ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ লবেন্স টবনবুল)

৩। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জ্জিবাই নাইট্রেটিস ১ ড্রাম।
এডিপিস্ ... ... ১ ঔন্স।
প্রয়োগ করিবাব জন্য। (ঐ)

চক্ষুরোগ সমূহের ঔষধ বিষয়ক টীকা।

এলাম—সঙ্কোচক স্থানিক প্রয়োগেব মধ্যে ইহা একটি প্রধান

ঔষধ। রয়েল লণ্ডন অফ্থ্যাল্মিক্ হাঁসপাতালে নিম্নলিখিত লোশন স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হইয়া থাকে।

এলাম	...	..	৬ গ্রেণ।
পরিশ্রুত জল	...	...	১ ঔন্স।

লোশন, স্থানিক প্রযোগেব জন্য।

অথবা—

এলাম	..	..	৪০ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা	...	...	½ ড্রাম।
পরিশ্রুত জল	...	...	৮ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য।

এমিল নাইট্রাস—ডাঃ সোয়াঞ্জি অসম্পূর্ণ দৃষ্টিহীনতাতে ইহাব ৫—১০ মিনিম রুমালে ঢালিয়া ইহাব বাষ্প শ্বাস দ্বাবা গ্রহণ করিতে বালন।

আর্জেণ্টাই নাইট্রাস—প্রবল কঞ্জাংটিভাইটিসে, ইহাব ক্ষীণ দ্রব (১ ঔন্সে ১—৩ গ্রেণ) স্থানিক প্রযোগেব নিমিত্ত ব্যবহাব হইয়া থাকে। দানাময় কঞ্জাংটিভাইটিসে (১ ঔন্সে ২০ গ্রেণ) ইহাব দ্রব চক্ষুব পাতাব ভিতরের দানাব উপব প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

আর্ণিকা—আঞ্জনিতে ডাঃ টারনবুল ইহাব সেবন ব্যবস্থা করেন।

আর্সেনিক—ডাঃ রবার্ট গণ্ডমালা জনিত অফথ্যাল্মিয়ায ইহা একটি মূল্যবান ঔষধ বলিয়া মনে করেন। ইন্‌ফিউশন অথবা ডিককৃশন সিঙ্কোনা সহ লাইকর আর্সেনিক ১—৩ মিনিম মাত্রায়, প্রত্যহ তিন বার ব্যবহারে উত্তম ফল পাইয়াছেন।

এট্রপিয়া—ইহা একটি মূল্যবান ঔষধ। সচরাচর ১ ঔন্সে ২ গ্রেণ দ্রব ব্যবহার হইয়া থাকে। কনীনিকা প্রসারণ, আলোকাসহ্যতা ও চক্ষুর স্পন্দন নিবারণ, প্রদাহ উপশম ও চক্ষুর আভ্যন্তরিক ভার কমাইবার জন্য প্রয়োজ্য।

বেলাডনা—কখন কখন এট্রপাইনে কোনরূপ উত্তেজনা দৃষ্ট হইলে, ইহা চক্ষুরাভ্যন্তরের ভার কমাইবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। এতদ্ব্যতীত চক্ষের পাতার উপর ও চতুষ্পার্শ্বে প্রলেপ জন্য ব্যবহার্য্য।

বোরেসিক এসিড—উভয় তরুণ এবং পুরাতন কঞ্জাংটিভাইটিসে কর্ণিয়ার প্রদাহে ও কর্ণিয়ার উপরিস্থিত ছানিতে, ইহা স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার করা হইয়া থাকে।

বিশমথ—পুরাতন এবং দানাময় কঞ্জাংটিভাইটিসে, ইহা কচিৎ ব্যবহৃত হয়।

কার্ব্বলিক এসিড—চক্ষুর পাতার উপরের আঁচিল ইত্যাদি উঠাইবার জন্য ব্যবহৃত হয়।

ক্লোরাল হাইড্রাস—স্নায়বীয় অবসাদক ও নিদ্রাকারক রূপে ব্যবহৃত হইয়া থাকে।

ক্লোরফরম—সার জেম্স্ সিম্সন্ বলেন যে, আলোকাসহ্যতা নিবারণের জন্য হাতের পাতায় অল্প কয়েক ফোঁটা ঢালিয়া শুকাইয়া গেলে, তৎপরে চক্ষের নিকট ধরিলে আলোক সহ্য করিতে পারা যায়।

কোকেন—স্পর্শহারক রূপে ব্যবহৃত হইয়া থাকে। চক্ষে অস্ত্রোপচারের আবশ্যক হইলে, ২—৪ গ্রেণ কোকেন ১০০ মিনিম জলে দ্রব করিয়া চক্ষে প্রয়োগ করিলে ৩—৫ মিনিট পরে চক্ষের স্পর্শানুভব শক্তির হ্রাস হইয়া থাকে এবং তখন অনায়াসে চক্ষুতে অস্ত্রাদি প্রয়োগ করিতে পারা যায়।

কোপেবা—মিঃ এ, আর, হল কঞ্জাংটিভাইটা ও আইরিসের রোগ সমূহে ইহার প্রশংসা করেন।

ক্রোটন ক্লোরাল—চক্ষুর স্নায়ুশূলে ও চক্ষু গোলকের উত্তেজনা-বস্থায়, ইহা ব্যবহৃত হইয়া থাকে। গুরুতর আলোকাসহ্যতায়, কেহ কেহ ইহা ১০—১৫ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিনবার সেবন ব্যবস্থা করেন। কিন্তু বিস্বাদহেতু অনেকের সহ্য হয় না।

কুপ্রাই সাল্‌ফ—কঞ্জাংটাইভার পুরাতন প্রদাহে, ইহা স্থানিক উত্তেজক রূপে ব্যবহৃত হইয়া থাকে। ইহা প্রয়োগের পূর্ব্বে ক্যালমেল ছড়াইয়া দিলে ইহা প্রয়োগ জন্য বেদনা দূরীভূত করিতে পারা যায়।

ডাটুরিন্—জোবার্ট এট্রপাইনের পরিবর্ত্তে কনীনিকা প্রসারণ হেতু ইহা ব্যবহার করিতে বলেন। ইহার দ্রব (৬০০ শত ভাগ জলে ১ ভাগ) প্রয়োগে এট্রপিয়াপেক্ষা অল্প সময় মধ্যেই কনীনিকা প্রসারিত হইয়া থাকে।

ডুবয়সিন্—কখন কখন এট্রপাইন প্রয়োগে কোন উপকার না হইলে, ইহা প্রয়োগ করা যায়। আইরাইটিসের ৪নং ব্যবস্থা পত্র দেখুন।

আর্গটিন—কঞ্জাংটাইভার প্রদাহে, ডাক্তার প্লানাট ২০ ভাগ জলে অর্দ্ধভাগ আর্গটিন দ্রব প্রস্তুত করিয়া তাহার ৮—১০ মিনিম চক্ষে প্রয়োগ করিতে বলেন। চক্ষের পাতার প্রবল প্রদাহেও ইহার স্থানিক প্রয়োগ হইয়া থাকে। ডাঃ ক্যাম্বেল ৭ ঔন্স জলে ১ ড্রাম একষ্ট্রাক্ট আর্গট লিকুইট দ্রব চক্ষে প্রয়োগ ব্যবস্থা করেন।

ইসিরিন—ইহাও একটি মূল্যবান ঔষধ। চক্ষুর আভ্যন্তরিক

চাপ কমাইবার জন্য ও কনীনিকা সঙ্কুচিত করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। কর্ণিয়ার কেন্দ্রস্থ ও উর্দ্ধস্থিত ছানি, কর্ণিযার গভীর ক্ষত, গ্লকোমা, এস্থিনোপিয়া ইত্যাদি রোগে ইহার স্থানিক প্রযোগ বিশেষ উপকারী। সচরাচর ১০০ ভাগে এক ভাগ দ্রব ব্যবহার হইয়া থাকে। গ্লকোমাব বেদনা ও যন্ত্রণা, চক্ষের আভ্যন্তরিক চাপ কমাইবার জন্য ইহা অতীব ফলদায়ক॥

গ্রিণ্ডিলিয়া রোবাষ্টা—কেহ কেহ আইবাইটিস বোগে, ইহাব লিকুইড একষ্ট্রাক্ট ১ ড্রাম মাত্রায প্রত্যহ ৩৪ বাব সেবন ব্যবস্থা করেন।

হাইড্রার্জিবাই—ইহাব নানা প্রযোগরূপ বাবহৃত হইযা থাকে। পূযোৎপাদক কঞ্জাংটাইভাব প্রদাহে, হাইড্রার্জিবাই পাব-ক্লোরাইড লোশন স্থানিক প্রযোগেব জন্য ব্যবহৃত হইযা থাকে। কর্ণিয়াব ক্ষতোপবি ক্যালমেল ছডাইযা দেওযা হয। উপদংশজনিত এবং সাধারণ আইবাইটিসে, ক্যালমেল সেবন জন্য ব্যবহৃত হয। হাইড্রার্জিবাই অক্সাইড রুব্রাম বিবিধ প্রকাব অপথ্যাল্‌মিয়ায় প্রযোগ কবা যায। হাইড্রার্জিবাই ওলিযেট ব্লিফাবাইটিস এবং টিনিষাটার্সাই ইত্যাদি বোগে ব্যবহৃত হয়।

হায়োসায়েমাই—লুসাবেনের ডাক্তাব ফ্লুযেজাব কনীনিকা প্রসাবণ জন্য ব্যবহার কবিয়া থাকেন।

আইওডিন—ওপ্যাসিটি কর্ণিযাতে আইওডিন ও আইওডাইড পটাশেব ক্ষীণ দ্রব ব্যবহৃত হইযা থাকে।

আইডফরম—নিম্নলিখিত রোগে, ইহা স্থানিক প্রয়োগ জন্য ব্যব-হৃত হয় যথা—গ্র্যানুলার ও পষ্টুলার-অপথ্যাল্‌মিয়া, কর্ণিযাব

ক্ষত, কর্ণিয়ার প্রদাহ, বা কিরাটাইটিস এবং ব্লিফারাইটিস। ইহার অতি সূক্ষ্ম চূর্ণ প্রস্তুত করিয়া, অথবা এক ভাগে তিন-ভাগ ভেসিলিন মিশ্রিত করিয়া, পীড়িত স্থানে প্রয়োগ করা উচিত।

মর্ফাইন—চক্ষুরোগের বেদনা নিবারণ জন্য মর্ফিয়া অপেক্ষা আর উৎকৃষ্ট ঔষধ নাই।

ক্লিয়াম বিসিনি—চক্ষে বালুকণা বা ধূলা প্রবেশ হেতু বেদনা এবং আলোকাসহ্যতা হইলে, ইহা চক্ষে প্রয়োগ করা অতীব ফলপ্রদ।

ওপিয়াম—বেদনা নিবারণার্থ ইহার আভ্যন্তরিক সেবন ব্যবস্থা করা হইয়া থাকে।

পাইলকার্পিন—কোন কোন চক্ষুরোগচিকিৎসক কনীনিকা আকুঞ্চন জন্য ইসিরিনের পরিবর্ত্তে ইহা ব্যবহার করিতে বলেন।

প্লম্বাম—কখন কখন ১ ঔন্স সিম্পল অয়েণ্টমেণ্ট সহ ২ ড্রাম কার্ব্বনেট অব্ লেড মিশ্রিত করিয়া, ব্লিফারাইটিসে প্রয়োগ করা হইয়া থাকে। এসিটেট অব লেড ২ গ্রেণ মাত্রায়, ১ ঔন্স পরিশ্রুত জলসহ স্থানিক প্রযোগ জন্য ব্যবহৃত হইযা থাকে।

কুইনাইন—ডাঃ ব্রুডেনেল কার্টার বলেন, যে তিনি চক্ষুরোগে নিম্নলিখিত ব্যবস্থা পত্রের আভ্যন্তরিক প্রয়োগে সন্তোষজনক ফল পাইয়াছেন।

কুইনাইন সাল্ফ	...	.. ১ গ্রেণ।
ফেরি এট্ পটাশ টার্ট	...	... ২ গ্রেণ।
মর্ফিয়া সাল্ফ	...	... ১/২ গ্রেণ।

এক বটিকা।

সেলিসিলিক এসিড—ডাঃ লিওনার্ড হুইলার, আইরাইস রোগে ইহার খুব প্রশংসা করেন এবং নিম্নলিখিত ব্যবস্থা পত্রের আভ্যন্তরিক ব্যবহার করেন।

এসিড সেলিসিলিক	... ...	৫ ড্রাম।
সোডিয়াই বাইবোরেট	... ...	৪ ড্রাম।
একোয়া	... ...	৬ ঔন্স।

১—২ ড্রাম মাত্রায় আক্রমণাবস্থায় ঘন ঘন সেবন ব্যবস্থা করা উচিত।

সোডিয়াই বেঞ্জোয়াস—ডাঃ জয, ১০০ ভাগ জলে ইহার ২০ ভাগ দ্রব, প্রমেহ জনিত অপ্থ্যাল্মিয়ায় এবং শিশুদিগের অপ্থ্যাল্মিয়ায় প্রযোগ করিতে বলেন।

সোডিযাই বাইবোরেস—দানাময় লিড্সে, মিম্নলিখিত স্থানিক *সঙ্কোচক প্রয়োগ কখন কখন ব্যবহৃত হইয়া থাকে।*

সোডিযাই বাইবোবেস	... ...	৫ গ্রেণ।
— কার্ব্বি	... ...	৫ গ্রেণ।
একোযা ক্যাম্ফর	... ...	১ ঔন্স।

সোডিয়াই ক্লোরাইড—চক্ষুর উত্তেজনা থাকিলে, এবং চক্ষু ক্ষীণ হইলে কেহ কেহ ২ পাইণ্ট জলে ½—১ ঔন্স লবণ দ্রব করিয়া তাহার ২।৪ ফোঁটা দ্বারা চক্ষু ধৌত করিতে বলেন।

ষ্ট্রিক্নিয়া—এমবসিস, এম্ব্লিওপিয়া, টোসিস, এবং ব্লিফারস্প্যাজমে ইহা বিশেষ উপকারী।

ট্যানিক এসিড—ইহা একটি মূল্যবান সঙ্কোচক ঔষধ।

জিঙ্কাই—নিম্নলিখিত ব্যবস্থা পত্র স্থানিক প্রয়োগের জন্য অতীব ফলদায়ক।

জিঙ্কাই সাল্‌ফ	...	...	৪ গ্রেণ।
মর্ফিয়া সাল্‌ফ	...	...	২ গ্রেণ।
এট্রপিয়া সাল্‌ফ	...	...	১ গ্রেণ।
একোয়া বোজ	...	...	১ ঔন্স।

লোশন, ফোঁটা ফোঁটা করিয়া চক্ষে দিতে হইবে।

Gonorrhœa, (গনোরিয়া)।

প্রমেহ।

মূত্রনালীর শ্লৈষ্মিক ঝিল্লির বিশেষ গুণাত্মক ও সংক্রামক এবং পূয়োৎপাদক প্রদাহকে, গনরিয়া বা প্রমেহ কহে। প্রমেহাক্রান্ত স্ত্রী বা পুরুষের সহ সঙ্গমে, এই পীড়া উৎপন্ন হয়। কিন্তু ইহা ব্যতিরেকে কখন কখন স্ত্রীযোনীর, জরায়ুর, মূত্রাশয়ের এবং কঞ্জাংটাইভার এরূপ প্রদাহ, প্রমেহের বিশেষ গুণাত্মক পূয ব্যতীরেকে স্বতই উদ্ভূত হইতে দেখা গিয়াছে। সুতরাং ইহা যে কেবল শৃঙ্গার জনিত পীড়া, তাহা নহে। অন্যান্য প্রবল প্রাদাহিক পূয় সংযোগেও প্রমেহ উৎপন্ন হইতে পারে।

ইন্‌কুবেশন্ ষ্টেজ বা গুপ্তাবস্থা প্রমেহের পূয় সংযোগ হইবার পরও ৪।৫ দিন পর্য্যন্ত কোন প্রদাহের চিহ্ন লক্ষিত হয় না। কখন কখন এই অবস্থা ৮।১০ দিন থাকে, কখন ২ দিনের বেশী হয় না। সচরাচর গুপ্তাবস্থা যত অল্প সময় হইবে, রোগ ততই কঠিন হইবে। প্রমেহ জনিত অফ্‌থ্যাল্‌মিয়ার গুপ্তাবস্থা ইউরিথ্রাইটিস্ হইতেও কম। পুরুষ ও স্ত্রীলোকের প্রমেহ সম্পূর্ণরূপে বিভিন্ন। এক্ষণে পুরুষের প্রমেহের বিষয় বিবৃত হইল। স্ত্রীলোকের প্রমেহ তৃতীয় ভাগে বর্ণিত হইবে।

ফসান্থাভিকুলারিস প্রমেহের প্রথম উৎপত্তি স্থান। প্রমেহ বিষ বা বীজ, ফসান্থাভিকুলারিসের ক্ষুদ্র ক্ষুদ্র ডাক্ট মধ্যে প্রবেশ করিয়া তলস্থ গঠন সমূহের লিম্ফ্যাটিক জালে বিস্তৃত হইয়া পড়ে। রোগের যতই বৃদ্ধি হইতে থাকে, প্রদাহ ততই বিস্তৃত হইতে থাকে এবং অবশেষে শ্লৈষ্মিক ঝিলির নিম্নস্থ গঠন সমূহ, প্রষ্টেট গ্রন্থি, মূত্রাশয়ের গ্রীবাদেশ, এপিডিডিমিস মূত্রাশয় এবং মূত্রযন্ত্র পর্য্যন্ত আক্রমণ করে। অতি প্রবলাবস্থায় শ্লৈষ্মিক ঝিল্লি ঘোর রক্তবর্ণ ও স্ফীত হইযা উঠে এবং তাহা হইতে এক প্রকার ঘন দুগ্ধের মত পূয় নিঃসৃত হয। দুরুহ বা কঠিনাবস্থার রোগে শ্লৈষ্মিক ঝিল্লির এপিথিলিয়াম ধ্বংশ হয় এবং উহাতে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত দৃষ্ট হয। ক্ষতগুলি স্বতই শুষ্ক হইয়া যাইতে পারে কিন্তু অধিক পুরাতন হইলে এই সকল স্থানে শৌত্রিক বিধান গঠিত হইয়া মূত্রনালীর সংবৃত্তি অর্থাৎ ষ্ট্রিক্‌চার উৎপত্তি হয়।

প্রথম অবস্থার লক্ষণ—এই অবস্থায় মূত্রনালীর মুখে ও লিঙ্গের ভিতর শুড় শুড় করে ও চুলকায এবং প্রস্রাব করিতে ধরে। অণ্ডকোষ ও লিঙ্গের নিম্নে (পেরিনিয়ামে) ভার, সটানতা ও উত্তাপ অনুভব হয়। রাত্রিতে লিঙ্গোচ্ছাস ও শুক্রপাত হইতে থাকে। স্ত্রীসঙ্গমেচ্ছা অতি প্রবল হয় ও মূত্রত্যাগ পূর্ব্বাপেক্ষা ঘন ঘন হয়। এই সকল লক্ষণ সময়ে সময়ে এত সামান্য হয় যে, রোগীর মনযোগ সেদিকে বিশেষরূপে আকৃষ্ট হয় না। দ্বিতীয় বা প্রবল প্রাদাহিক অবস্থার লক্ষণগুলি ক্রমে প্রকাশ পাইতে থাকে। এই অবস্থায় মূত্রনালীর মুখ স্ফীত ও রক্তবর্ণ হয় এবং হস্ত দ্বারা সামান্যরূপ সংস্পর্শেই বেদনানুভব হয়। কার্পাস স্পঞ্জিওসাম স্ফীত এবং উহাতে রক্তাধিক্য জন্মে। শীঘ্র

অল্প অল্প স্রাব দৃষ্ট হয়। প্রথমে উহা অল্প ও জলমিশ্রিত পূয়ের ন্যায় পাতলা থাকে কিন্তু অতি অল্প সময়ের মধ্যেই অত্যধিক পরিমাণে সবুজ মিশ্রিত হরিদ্রা বর্ণের গাঢ় পূয় নিঃসৃত হইতে থাকে। ঘন ঘন মূত্রত্যাগ ইচ্ছা ও মূত্রত্যাগে অত্যন্ত যন্ত্রণা বোধ হয়। মূত্রনালীর প্রাচীরের স্ফীততা বশতঃ প্রস্রাব খুব সরু ধারে হয় এবং কখন কখন ফোঁটা ফোঁটা করিয়া হইতে থাকে। মূত্রত্যাগ সময়ে জ্বালা ও যন্ত্রণা অসহ্য হইয়া উঠে। বিশেষতঃ যদি পুরুষাঙ্গের মুখের নিকট শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত বর্ত্তমান থাকে, অথবা মূত্র অত্যধিক ক্ষার ধর্ম্মা-বলম্বন করে তাহা হইলে যন্ত্রণার আর পরিসীমা থাকে না। লিঙ্গ নিম্নস্থ লিম্ফ্যাটিক গুলি, স্ফীত এবং সংস্পর্শে বেদনাযুক্ত হয়। উভয় কুচকির গ্রন্থিগুলি বৃদ্ধি প্রাপ্ত হয় এবং কখন কখন উহাতে পূযোৎপত্তি হয়। দুরুহ বা কঠিন রোগে সমস্ত লিঙ্গ স্ফীত ও স্পর্শে বেদনা অনুভূত হয়। প্রদাহ ক্রমে নিম্নস্থ ইরেকটাইল টিস্যুতে বিস্তৃত হইয়া পড়ে এবং সমুদায় পীড়িত অংশে অত্যন্ত রক্তাধিক্য হয়। এই সময়ে রাত্রিতে অত্যন্ত বেদনাদায়ক লিঙ্গোচ্ছাস হয়। কখন কখন এই লিঙ্গোচ্ছাস হইতে অত্যন্ত রক্তস্রাব হয়। প্রাদাহিক শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষত হইলে অল্প রক্তমিশ্রিত পূয় নিঃসৃত হয়। মূত্রনালীর পার্শ্বস্থ সমুদায় স্থান স্ফীত হয় এবং সময়ে সময়ে পেরি-ইউরিথ্রাল স্ফোটক হইয়া থাকে।

যখন এই প্রদাহ মেম্ব্রেনো প্রষ্ট্রেটিক এবং মূত্রাশয়ের গ্রীবাদেশ পর্য্যন্ত বিস্তৃত হয়, তখন ঘন ঘন মূত্রত্যাগেচ্ছা ও মূত্রত্যাগ সময়ে অসহ্য যন্ত্রণা ও আক্ষেপ হয়। প্রস্রাবের শেষে ফোঁটা ফোঁটা রক্ত পূঁজ পড়ে। প্রস্রাব কম হয়, কিন্তু প্রস্রাবে

শ্লেষ্মা যুক্ত পূয় থাকাতে উহা ঘোলাটিয়া হইয়া যায়। মূত্রনালীর প্রবল প্রদাহ জন্য, কথন কথন অতি কষ্টে প্রস্রাব হইতে থাকে এবং ধারে না হইয়া লিঙ্গনালীর মুখ হইতে ধীরে ধীরে চোঁয়াইয়া বা গড়াইয়া পড়ে। কথন কথন মূত্রনালীর সতত উত্তেজনা বশতঃ কম্প্রেসরি ইউরিথ্রি পেশীর আক্ষেপ ও আকুঞ্চন হয় এবং তজ্জনিত মূত্ররোধ ঘটিয়া থাকে। প্রদাহ অধিক বিস্তৃত হইলে, পেরিনিয়ামে উত্তাপ ও বেদনা বোধ হয় এবং এই সময়ে শুক্রপাত হইলে, তাহা অত্যন্ত যন্ত্রণাদায়ক হইয়া থাকে। সময়ে সময়ে ইহার সঙ্গে বা পরে ফোঁটা ফোঁটা রক্তও পড়িয়া থাকে। প্রমেহে জ্বর কথন থাকে, কথন থাকেনা। সচরাচর জ্বর খুব বেশী হয় না। অন্যান্য যন্ত্রণাই বেশী হয়। উপসর্গাদি বেশী থাকিলে জ্বরও বেশী হইয়া থাকে। তদ্ভিন্ন সামান্য জ্বর থাকে। প্রদাহের চিকিৎসা ও রোগীর সেবা ও শুশ্রূষা অনুসারে এই দ্বিতীয় বা প্রবল প্রাদাহিক অবস্থা অল্প বা অধিক দিন স্থায়ী হয়। সাধারণতঃ ইহা ৩ সপ্তাহ হইতে ৬ সপ্তাহ পর্যন্ত থাকিতে পারে। প্রথম আক্রমণে, রোগীর অধিক যন্ত্রণা হইয়া থাকে। ইহার পরেই প্রমেহ পুরাতন অবস্থায় বা গ্লিটে পরিণত হয়। এই অবস্থায় যন্ত্রণা ও স্রাব ক্রমশঃ কমিয়া যায়। কথন কথন স্রাব জলবৎ বা পূয মিশ্রিত জলের ন্যায় হয়। পুরাতন অবস্থায়, প্রায় একটু পাতলা শ্বেতবর্ণ দুগ্ধবৎ চট্ চটে স্রাব থাকিয়াই যায়। কথন বা মূত্রে শাদা শাদা সুতার ন্যায় পড়ে। যদি কোটীদেশে, গুহ্যদ্বারে এবং উরুদেশে বেদনা অনুভূত হয়, তাহা হইলে মূত্রনালীর প্রষ্টেটিক দেশ নিশ্চয়ই আক্রান্ত হইয়াছে বুঝিতে হইবে। প্রস্রাব যদি তিন ভাগে পড়ে এবং প্রথম ভাগে সুতা সুতার ন্যায় পড়িয়া পরে দ্বিতীয় ও তৃতীয় ভাগে

প্রস্রাব পরিষ্কার হইয়া যায়, তাহা হইলে বুঝিতে হইবে যে স্রাব প্রষ্টেট গ্রন্থির সম্মুখ হইতে হইতেছে। আবার দ্বিতীয় ভাগে পরিষ্কার মূত্র হইয়া যদি তৃতীয় ভাগে সুতার ন্যায় পড়ে তাহা হইলে প্রষ্টেট গ্রন্থি আক্রান্ত হইয়াছে বোধ হইবে। আর যদি তৃতীয় ভাগের প্রথমে সুতার ন্যায় পড়িয়া পরে প্রস্রাব ঘোলাটে হয় তাহা হইলে মূত্রাশয়ের প্রাচীরে প্রদাহ হইয়াছে স্থির করিতে হইবে। এই পুরাতন অবস্থা অধিক দিন স্থায়ী হইলে মূত্রনালীর দৈহিক সংবৃত্তি বা ষ্ট্রিক্‌চার সংঘটিত হইয়া থাকে।

প্রমেহের নিম্নলিখিত উপসর্গগুলি কখন কখন ঘটিয়া থাকে। যথা— (১) ব্যালানাইটিস্ এবং ব্যালানো পসথাইটিস অর্থাৎ লিঙ্গত্বক প্রদাহ, (২) ফাইমোসিস এবং প্যারাফাইমোসিস অর্থাৎ মুদা এবং উল্টা মুদা, (৩) রিটেন্সন অব ইউরিন বা মূত্ররোধ, (৪) লিম্ফ্যাঞ্জাইটিস বা লিম্ফাটিকের প্রদাহ এবং বাঘি, (৫) হেমরেজ ফ্রম দি ইউরিথ্রা বা মূত্রনালী হইতে রক্তস্রাব, (৬) পেরি ইউরিথ্রাল এবসেস্ বা মূত্রনালীর চতুঃস্পার্শ্বস্থ স্ফোটক, (৭) ইনফ্লেমেশন্ অব্ দি নেক অব্ দি ব্লাডার বা মূত্রাশয়ের গ্রীবার প্রদাহ, (৮) প্রষ্টেটাইটিস এবং প্রষ্ট্রেটিক এব্‌সেস অর্থাৎ প্রষ্ট্রেট গ্রন্থির প্রদাহ এবং স্ফোটক, (৯) এপিডিডিমাইটিস এবং অর্কাইটিস্ অর্থাৎ এপিডিডিমাস এবং পোতার প্রদাহ, (১০) ইন্‌ফ্লেমেশন অব্ দি রেক্‌টাল মিউকাস মেম্ব্রেন বা সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ, (১১) গনোরিয়াল কঞ্জাংটিভাইটিস বা প্রমেহ জনিত কঞ্জাংটাইভার প্রদাহ, (১২) স্লিরটাইটিস এবং আইরাইটিস বা চক্ষুর স্লিরটিক কোট এবং আইরিসের প্রদাহ, (১৩) রিউম্যাটিজম বা বাত।

(১৪) ষ্ট্রিকচার বা মূত্রনালীর দৈহিক সংবৃত্তি, (১৫) গ্ল্যান্স-পিনিস বা ইউরিথ্রার উপর ওয়ার্ট।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমাবস্থায় রোগীকে সম্পূর্ণরূপে বিশ্রামে রাখা এবং লাবনিক বিরেচক ঔষধ দ্বারা কোষ্ঠ পরিষ্কার রাখা কর্ত্তব্য। পথ্য খুব লঘু হওয়া আবশ্যক। মদ্যপান, শারীরিক পরিশ্রম এবং স্ত্রী সহবাস একেবারে নিষিদ্ধ। উষ্ণ জল স্বেদ, উষ্ণ জলে স্নান, পীড়িত স্থান সদাসর্ব্বদা পরিষ্কার রাখা, এবং লিঙ্গ ও অণ্ডকোষ ঝুলিতে না দেওয়া, এবং বস্ত্রদ্বারা উর্দ্ধদিকে বাঁধিয়া রাখা, সর্ব্বতোভাবে বিধেয়। মূত্রের অম্লত্ব দূর করিবার জন্য পটাশিয়ামের লাবনিক প্রয়োগরূপ যথা—পটাশ বাইকার্ব্ব, লাইকর পটাশি এবং মূত্রনালীর জ্বালা এবং যন্ত্রণা উপশমের জন্য হাযোসায়েমাস ব্যবস্থা করা উচিত। কেহ কেহ অধিক মাত্রায় কোপেবা অথবা কিউবেব এবং উত্তেজক ও ধারক ঔষধের পিচকারী দিতে বলেন কিন্তু প্রদাহাবস্থায় পিচকারি দিলে উত্তেজনা বশতঃ আরও প্রদাহের বৃদ্ধি হইবার সম্ভাবনা এবং অধিক মাত্রায় কোপেবা বা কিউবেব ব্যবহারে পাকস্থলীর উত্তেজনা এবং শারীরিক নানা প্রকার বৈলক্ষণ্য ঘটিতে পারে। মূত্রত্যাগ কালীন জ্বালা ও যন্ত্রণা নিবারণ জন্য বরফজলে লিঙ্গ ডুবাইয়া রাখিলে উত্তম ফল পাওয়া যায়। অসহ্য যন্ত্রণায়, মূত্র ত্যাগের পূর্ব্বে মূত্রনালী মধ্যে কোকেন দ্রবের পিচকারী প্রয়োগ, অতীব ফলপ্রদ। যতক্ষণ পর্য্যন্ত জ্বালা, বেদনা ও প্রবল প্রদাহ বর্ত্তমান থাকিবে, ততক্ষণ তীব্র ধারক ঔষধের পিচকারী কখনই ব্যবহার করিবেনা; বরং মূত্র ত্যাগের পূর্ব্বে ঈষদুষ্ণ জল দ্বারা মূত্রনালী মধ্যে পিচকারী করিবে। প্রথমাবস্থায়, কখন কখন ১ ঔন্স পরিশ্রুত জলে ½ গ্রেণ পারম্যাঙ্গানেট

অব্ জিঙ্ক দ্রব মূত্রনালী মধ্যে পিচকারী দ্বারা প্রয়োগে প্রভূত উপকার দৃষ্ট হয়। কিন্তু প্রবল প্রদাহাবস্থায় কোন পিচকারীর ঔষধ প্রয়োগ না করাই ভাল। প্রবল প্রদাহের হ্রাস হইলে, কোপেবা, কিউবেব, ও স্যাণ্ডেল অয়েল সেবন অতীব ফলদায়ক। পিচকারীর ঔষধের মধ্যে সাল্‌ফেট্ অব্ জিঙ্ক ২।৩ গ্রেণ মাত্রায় ১ ঔন্স জলসহ প্রয়োগে বিশেষ উপকার দর্শে। পিচকারীর ঔষধ প্রয়োগ করিতে হইলে, রোগীকে অগ্রে মূত্র ত্যাগ করিতে বলিবে, পরে ঈষদুষ্ণ জলদ্বারা রোগীর মূত্রনালী ধৌত করিয়া পিচকারীর ঔষধ প্রয়োগ করিয়া দুই মিনিট পর্য্যন্ত রাখিবে। সাল্‌ফেট্ অব্ জিঙ্ক ব্যতিরেকে নিম্নলিখিত ঔষধের পিচকারী বিশেষ উপকারী যথা—এসিটেট অব্ লেড ২ গ্রেণ, জল ১ ঔন্স; পারম্যান্‌গ্যানেট অব্ জিঙ্ক ½ গ্রেণ, জল ১ ঔন্স; ইহা ব্যতীত এলাম, হাইড্রাষ্টিস এবং একষ্ট্রাক্ট বেলাডনাও ব্যবহার করা হইয়া থাকে। পারম্যান্‌গ্যানেট সহ একষ্ট্রাক্ট বেলাডনা কখন ব্যবস্থা করিবে না, কারণ এই দুই বস্তু একত্র করিলে বন্দুকের আওয়াজের ন্যায় শব্দ হইয়া থাকে।

কেহ কেহ হাইড্রার্জিরাই পারক্লোরাইড ৩০০০ ভাগ জলে ১ ভাগ দ্রব প্রযোগ করিতে বলেন, কিন্তু উহা দ্বারা উত্তেজনার উপশমিত না হইয়া বরং বৃদ্ধি হয়। যে কোন পিচকারী দেওয়া হউক না কেন, উহা বিশেষ বিবেচনার সহিত প্রযোজ্য। সচরাচর পিচকারী ২।৩ বার প্রযোগ করা গিয়া থাকে। কিন্তু যদ্যপি মূত্রনালীর মেম্ব্রেনো প্রষ্টেটিক ভাগ আক্রান্ত হইয়া থাকে, তাহা হইলে রোগীকে নিজে পিচকারী প্রয়োগ করিতে না দিয়া চিকিৎসকের পিচকারী প্রয়োগ করা কর্ত্তব্য। কোন কোন চিকিৎসক আইডফরম ও ইউক্যালিপ্‌টাস বুজি প্রয়োগের বিশেষ পক্ষপাতী।

কিন্তু উহা (দিবসে না দিয়া) রাত্রিতে দেওয়াই কর্ত্তব্য। উপ-রোক্ত পিচকারী প্রয়োগে যদি স্রাব ও জ্বালা বেশী হয় তাহা হইলে উহা পরিত্যাগ করাই কর্ত্তব্য। আভ্যন্তরিক ঔষধের মধ্যে কোপেবা, স্যাণ্ডেল অয়েল, কিউবেব, ইন্‌ফিউশন্ ইউভা অর্সাই, ক্যানেডা বাল্‌সাম, টলু, টার্পেণ্টাইন, এবং বেঞ্জোইক এসিড সর্ব্ব শ্রেষ্ঠ। ইহাদের দ্বারা উপকার দর্শে বটে, কিন্তু সময়ে সময়ে অজীর্ণতা জন্মিবা থাকে, এবং প্রমেহের শেষাবস্থায় ক্যানেডা বাল্‌সাম্, স্যাণ্ডেল উড, এবং কোপেবা কর্তৃক মূত্র যন্ত্রের রক্তা-ধিক্যও উৎপন্ন হইতে পারে। শেষাবস্থায়, কুইনাইন সহ লৌহের প্রয়োগরূপ, বিশেষতঃ টিং ষ্টিল অতীব ফলদায়ক। বেদনাজনক লিঙ্গোচ্ছাস প্রমেহের একটি বিশেষ কষ্টদায়ক লক্ষণ। ইহার জন্য রোগী অনিদ্রায় কষ্ট পায় ও ঐ অনিদ্রা বশতঃ স্বাস্থ্য ভঙ্গ হয়। রোগীর লিঙ্গোচ্ছাসে, ১ গ্রেণ মাত্রায় ওপিয়াম সহ ৩ গ্রেণ ক্যাম্ফরের সাপোজিটরী প্রয়োগে বিশেষ উপকার দর্শে। ইহা ব্যতীত পটাশ বা সোডা ব্রোমাইড, ক্লোরাল হাইড্রাস, ক্যানাবিস ইণ্ডিকা এবং লুপুলাই অতীব ফলপ্রদ। শীতল জল প্রয়োগেও কখন কখন লিঙ্গোচ্ছাস তৎক্ষণাৎ নিবারিত হয়। অনেক সময়ে শয়নের পূর্ব্বে উষ্ণ জলে কটিদেশ পর্য্যন্ত ডুবাইয়া, অথবা উষ্ণ জলে স্নান করিয়া উপরোক্ত সাপোজিটরী প্রয়োগ করিলে আশ্চর্য্য ফল পাওয়া যায়। প্রমেহ জনিত মূত্র রোধে উষ্ণ জলের টবে বসা বা লাবনিক বিরেচক এবং মর্ফিয়ার সাপোজিটারী প্রয়োগ করা। বিশেষ উপকারী। ইহা দ্বারা মূত্র রোধ প্রায় দূরীভূত হইয়া থাকে। কিন্তু ইহাতে কোন ফল না দর্শিলে, গম ইলাষ্টিক ক্যাথি-টার প্রয়োগ দ্বারা মূত্ররোধ দূর করা কর্ত্তব্য। মূত্রনালী হইতে রক্তস্রাব নিবারণ জন্য বরফ এবং হেমেমিলিসের পিচকারী

প্রয়োগে বিশেষ ফল দর্শে। কোন কোন স্থলে লিঙ্গ ব্যাণ্ডেজ দ্বারা বন্ধনে বা মূত্রনালী মধ্যে ক্যাথিটার প্রয়োগে, রক্তস্রাব বন্ধ হয়।

পেরি ইউরিথ্রাল স্ফোটক গ্ল্যান্স পিনিসের সন্নিকটে, পেরিনিয়াল ফ্যাসিয়ার মধ্যস্থলে ও কাউপারের গ্রন্থিতে উৎপন্ন হইয়া থাকে। ইহার মুখ, মূত্রনালী মধ্যে এবং বাহিরের ত্বকে হইতে পারে। বাহিরে মুখ হইলে, উহা নালী ঘা রূপে পরিণত হয়, কিন্তু মূত্রনালী মধ্যে মুখ হইলে, ঐ দ্বার দ্বারা পূয় নিঃসৃত হইয়া শীঘ্র স্ফোটক শুষ্ক হইয়া যায়। পেরি ইউরিথ্রাল স্ফোটক নির্ণীত হইবা মাত্রই, উহা অস্ত্র দ্বারা কর্ত্তন করা উচিত।

মূত্রাশয়ের গলদেশের প্রদাহ। এই উপসর্গ প্রায় ২।৩ সপ্তাহ অতীত না হইলে উপস্থিত হয় না। এই উপসর্গহেতু, বেদনা, আক্ষেপ, সার্ব্বাঙ্গিক অবসাদন, ঘন ঘন মূত্র ত্যাগ, প্রস্রাব করিতে জ্বালা ও বেদনা এবং পেশী সমূহের আক্ষেপ ইত্যাদি লক্ষণ অনুভূত হয়। কখন কখন শ্লেষ্মা মিশ্রিত পূয সহ দুই এক ফোঁটা রক্তও নিঃসৃত হইয়া থাকে। এই সময়ে প্রমেহের স্রাব প্রায়ই দৃষ্ট হয় না। লঘু পথ্য, উষ্ণ জল স্বেদ এবং বেদনা নিবারক ঔষধ ব্যবহারে ইহা উপসমিত হয়।

প্রষ্টেটাইটিস এবং প্রষ্টেটিক ফোটক—প্রষ্টেট গ্রন্থির প্রদাহ প্রমহের একটি গুরুতর লক্ষণ। প্রমেহের প্রদাহ, মূত্রাশয়ের ইউভিলাতে এবং প্রষ্টেটিক ডক্ট দিয়া প্রষ্টেট গ্রন্থিতে বিস্তৃত হইলে এই উপসর্গ উপস্থিত হয়। কখন কখন শৈত্যপ্রয়োগ, শৃঙ্গার বা স্ত্রীসঙ্গম বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে। প্রষ্টেট গ্রন্থির প্রদাহ হইতে পূয়োৎপাদনও হইতে পারে, এবং কখন বা ইহা পুরাতনাবস্থা প্রাপ্ত হয়। প্রবল প্রাদাহিক অবস্থায় গ্রন্থি স্ফীত

এবং সংস্পর্শে বেদনাযুক্ত হয়। অত্যন্ত যন্ত্রণাদায়ক ও অতঃপর ঘন ঘন মূত্র ত্যাগ এবং কোন কোন স্থলে মূত্ররোধও হইয়া থাকে। সময়ে সময়ে পেরিনিয়াম এবং পিউবিসের উপর ভারবোধ এবং উত্তাপ অনুভূত হয়। কথন কথন মলত্যাগের সময় যন্ত্রণা ও সরলান্ত্রে উত্তেজনা উপস্থিত হইয়া থাকে। পূয়োৎপত্তি হইলে, স্থানিক ও সার্ব্বাঙ্গিক লক্ষণগুলি স্পষ্টরূপে প্রকাশ পায়। অবশেষে প্রষ্টেট গ্রন্থির স্ফোটক হইলে, উহা স্বতই বিদীর্ণ হইয়া সচরাচর মূত্র-নালীতে পূয নির্গত হয়। এবং ক্বচিৎ সরলান্ত্রে, মূত্রাশয়ে ও পেরি-নিয়ম দিয়া বহির্গত হয়। মূত্রাশয়ের গ্রীবার প্রদাহের ন্যায় ইহার চিকিৎসা করা উচিত। মূত্ররোধ হইলে ক্যাথিটার প্রয়োগ দ্বারা মূত্র বাহির করিয়া দিবে। স্ফোটক নির্ণীত হইবা-মাত্র অস্ত্রদ্বারায় পূয নির্গমের সহায়তা করিবে। মূত্রনালী মধ্যে স্ফোটক বিদীর্ণ হইলে, অস্ত্রচিকিৎসার কোন প্রয়োজন নাই। এতদ্ভিন্ন পেরিনিয়ামে অস্ত্র করিয়া পূয বাহির করিয়া দিবে।

আর আর উপসর্গের চিকিৎসা অন্যান্য স্থানে লিখিত হইল। প্রমেহের পুরাতনাবস্থায়, কোপেবা, ক্যান্থারাইডিস, আর্গট, লৌহের প্রয়োগরূপ, বিশেষতঃ টিং ষ্টিল অতীব ফলদায়ক। কিন্তু স্থানিক প্রয়োগেই পুরাতন প্রমেহে অধিক ফল দর্শে। মূত্র ক্ষার ধর্ম্মাক্রান্ত করিয়া রাখিবে। স্থানিক প্রয়োগের জন্য আর্জেণ্টাই নাইট্রাস (১—২০ গ্রেণ জল ১ ঔন্স) লোশন, কুপ্রাই সাল্‌ফ (১ গ্রেণ জল ১ ঔন্স), লাইকর ফেরি পার-সাল্‌ফেটিস্ (ই ড্রাম জল ৬ ঔন্স) ইত্যাদি পিচকারী দ্বারা ব্যবহার্য্য। প্রথমে তেজস্কর সোলিউশনের পিচকারী না দিয়া বরং ক্রমশঃ উহাদের তেজ বৃদ্ধি করাই উচিত।

ঔষধ বিষয়ক টীকা।

একেশিয়া—মিউসিলেজ প্রস্তুত করিয়া অন্যান্য ঔষধ সহ মূত্র-নালী মধ্যে প্রয়োগে উপকার দর্শে যথা—

মিউসিলেজ একেশিয়া	...	৩ ঔন্স।
কার্ব্বলিক এসিড ...	...	২ ড্রাম।
একোয়া ...	...	১২ ঔন্স।

½ ঔন্স মাত্রায় পিচকারী প্রযোগ করিতে হইবে।

এসিটাম—পুরাতন প্রমেহে ইহা জল সহ মিশ্রিত করিয়া প্রয়োগে কেহ কেহ ফল পাইয়াছেন।

এসিড বোরাসিক—সামান্য প্রমেহে ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

এলুমেন—বেল্‌জিয়াম প্রদেশের ডাক্তার এ, ডি, ভস্, ১ ঔন্স জলে যত পরিমাণে দগ্ধ এলাম দ্রব হয়, তাহা দ্রব করিয়া পিচকারী প্রয়োগ করিতে বলেন। আরও বলেন যে, প্রবল প্রদাহ দূরীভূত হইলে অন্যান্য স্থানিক প্রয়োগ অপেক্ষা ইহা শ্রেষ্ঠ।

এণ্টিপাইরিন—এরোগে ইহা স্থানিক প্রয়োগরূপে ব্যবহৃত হইয়া থাকে।

আর্জেণ্টাই নাইট্রাস—ইহা প্রযোগ করা সম্বন্ধে নানা মতভেদ আছে। কোন কোন চিকিৎসক এই রোগের সূচনাতেই ½—১ ড্রাম ১ ঔন্স পরিশ্রুত জলে দ্রব করিয়া পিচকারী করিতে বলেন। কিন্তু এরূপ তেজস্কর লোশন প্রয়োগ অনেকের মতে অত্যন্ত অপকারী। ভেজাইনার প্রদাহে স্পেকুলামের সাহায্যে বরং ইহা প্রয়োগ করিলেও করা

যায় কিন্তু প্রমেহের প্রথম, দ্বিতীয় কি তৃতীয় অবস্থায় ইহার প্রয়োগ অত্যন্ত যন্ত্রণাদায়ক।

প্রমেহের পুরাতনাবস্থায় ইহার স্থানিক প্রয়োগ অবশ্য ফল-দায়ক কিন্তু ১ ঔন্স জলে ১—১০।২০ গ্রেণের বেশী তেজস্কর লোশন প্রয়োগ করা উচিত নহে। কিন্তু ইহাও অতি সাবধানে ব্যবহার্য্য।

প্রমেহ জনিত লিঙ্গত্বক প্রদাহে রুসিযার ডাক্তার ডাবভস্কি ৩০ গ্রেণ ১ ঔন্স জলে দ্রব করিয়া লিঙ্গত্বক উল্টাইয়া ভিতরে স্থানিক প্রয়োগ করিয়া সন্তোষজনক ফল পাইযাছেন।

বেলাডনা—বেদনা জনক লিঙ্গোচ্ছাসে ইহা উত্তম ঔষধ। ৩৭নং ব্যবস্থা পত্র দেখুন।

বিশমথ সাব নাইট্রাস—মূত্রনালীতে ইহার পিচকারী বেশ উত্তম ঔষধ। তরল মিউসিলেজ সহ ব্যবহার করা উচিত এবং ইহার সোলিউশন প্রত্যহ প্রস্তুত করিযা লওয়া কর্ত্তব্য। পুরাতন হইলে স্থানিক প্রয়োগে বিশেষ অপকার হইবার সম্ভাবনা।

ক্লোরাল হাইড্রাস—১ ঔন্স জলে ৫—১০ গ্রেণ দ্রব করিয়া পিচকারী দ্বারা প্রযোজ্য।

ক্যাড্‌মিয়াই সাল্‌ফাস—প্রবল প্রমেহে কেহ কেহ ১ গ্রেণ ১ ঔন্স জলে দ্রব করিয়া পিচকারী ব্যবস্থা করেন।

ক্যাম্ফর—প্রমেহের বেদনাজনক লিঙ্গোচ্ছাসে প্রঃ রিকর্ড ইহা ভাল বলেন। ডাঃ ডব্‌কি শয়নের পূর্ব্বে ১ ড্রাম স্পিরিট ক্যাম্ফর শর্করা মিশ্রিত দুগ্ধসহ দিতে বলেন এবং একমাত্রা সেবনে লিঙ্গোচ্ছাস নিবারিত না হইলে আর একমাত্রা দিতে বলেন।

কার্ব্বলিক এসিড—মিঃ জর্জ্জ, এস্মিড তরুণাবস্থায় পিচকারী দিবার জন্য ব্যবস্থা করেন। তিনি নিম্নলিখিত ব্যবস্থাপত্রা-নুযায়ী স্থানিক প্রয়োগে উপকার পাইয়াছেন।

এসিড কার্ব্বলিক	...	১০—৪০ গ্রেণ।
— ট্যানিক	...	... ২০ গ্রেণ।
গ্লিসারিন	...	... ১ ঔন্স।
একোয়া	...	... ৭ ঔন্স।

জলসহ ½ ঔন্স মাত্রায় পিচকাবী দিতে হইবে।

কল্‌চিকাম—সার বেঞ্জামিন ব্রোডি গাউট বোগগ্রস্থ রোগীর প্রমেহে ইহার প্রশংসা কবেন।

কোপেবা—আভ্যন্তবিক ঔষধেব মধ্যে ইহা শ্রেষ্ঠ। প্রবল লক্ষণ গুলি দূবীভূত না হইলে এবং স্রাব অতিশয গাঢ় ও শ্বেতবর্ণ থাকিলে ইহা ব্যবহাব কবা উচিত নহে। বার্কলী হিল নিম্নলিখিত ব্যবস্থা পত্রেব বিশেষ প্রশংসা কবেন।

কোপেবা	...	... ২০ গ্রেণ।
মিউসিলেজ	...	.. ২ ড্রাম।
একোয়া সিনেমম	...	... ৮ ঔন্স।

½ ঔন্স মাত্রায প্রত্যহ তিনবাব সেব্য।

পিচকারীর জন্যও ইহা ব্যবহৃত হয়। অনতি প্রবল এবং পুবাতন প্রদাহে ডাঃ ডিক্ নিম্নলিখিত স্থানিক প্রয়োগের কৃত-কার্য্যতা দৃষ্ট করিয়াছেন।

অয়েল কোপেবা	...	.. ১ ড্রাম।
পাল্‌ভ একেশিয়া	...	... ২ ড্রাম।
একোয়া	..	... ৬ ড্রাম।

প্রঃ ভেলপো টিং ওপিয়াই ও মিউসিলেজ সহ ইহার পিচকারী

দিতে বলেন। তিনি নিম্নলিখিত পিচকারীর ঔষধ প্রয়োগে অত্যাশ্চর্য্য ফল পাইয়াছেন।

কোপেবা	...	...	২ ড্রাম।
টিং ওপিয়াই	...	...	½ ড্রাম।
মিউসিলেজ	...	...	১½ ঔন্স।

ক্রিওলিন—ইহার স্থানিক প্রয়োগের প্রশংসা করেন।

ক্রিয়েজোট—মিউসিলেজ অথবা হেমেমিলিস ও হাইড্রাষ্টিসের লিকুইড একষ্ট্রাক্ট সহ ইহা এক মিনিম মাত্রায় ব্যবহৃত হয়।

কিউবেব—ইহাও প্রমেহ রোগে একটি মূল্যবান ঔষধ। ইহা সকল অবস্থাতেই দেওয়া যাইতে পারে। কেহ কেহ শর্করা সহ ১০ মিনিম মাত্রায় দিতে বলেন। কোন কোন চিকিৎসক নিম্নলিখিত ব্যবস্থানুযায়ী বটীকাকারে ব্যবহার করিতে বলেন।

কোপেবা অয়েল	...	...	১ ড্রাম।
কিউবেব অয়েল	...	...	১ ড্রাম।
স্যাণ্ডেল অয়েল	...	...	১ ড্রাম।
ম্যাগনেশিয়া	...	..	২ ড্রাম।

৬০ বটীকা, প্রত্যহ ৬—৮ বটীকা সেব্য।

কুপ্রাই সাল্ফাস—প্রবল প্রদাহ দূরীভূত হইলে পর ১ ঔন্স জলে ৮ গ্রেণ দ্রব করিয়া পিচকারী অথবা নিম্নলিখিত স্থানিক প্রয়োগ বিশেষ উপকারী।

কুপ্রাই সাল্ফ	...	...	৪ গ্রেণ।
মর্ফিয়া সাল্ফ	...	...	৪ গ্রেণ।
লাইকর প্লম্বাই সাব এসিটেটিস		...	১ ড্রাম।
রোজ ওয়াটার	...	...	৪ ঔন্স।

½ ঔন্স মাত্রায় পিচকারী করিতে হইবে।

ক্যানেডেন্‌সিস্—ডাঃ জি, এ, ষ্টার্ক বলেন যে তিনি ইহার অয়েল ৫—১০ মিনিম মাত্রায় ২।৩ ঘণ্টান্তর ব্যবহারে ২—৬ দিবসের মধ্যে প্রমেহ আরোগ্য করিয়াছেন। তিনি নিম্নলিখিত ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেন।

অয়েল ক্যানেডেন্‌সিস্	...	৩ ড্রাম।
— স্যাণ্ডেল	...	... ১½ ঔন্স।
রেক্‌টিফায়াড স্পিরিট ...	...	১ ড্রাম।
সিরাপ	...	সমষ্টি

১ ড্রাম মাত্রায় প্রত্যেক ২।৩।৪ ঘণ্টান্তর সেব্য। সেবনের পূর্ব্বে শিশি ঝাঁকাইতে হইবে।

ফেরি পারক্লোরাইড টিংচার—রক্তাল্পতা সহ পুরাতন প্রমেহে ইহা উত্তম উপকারী ঔষধ।

ফেরি পার সাল্‌ফেটিস্ লাইকর—অতি কঠিন পুরাতন প্রমেহে ৫—১০ মিনিম ১ ঔন্স জল সহ পিচকারী দ্বারা প্রয়োগে ফলপ্রদ।

গর্জ্জন বাল্‌সাম—সংপ্রতি প্যারিস নগরে ইহার ব্যবহার আরম্ভ হইয়াছে। কোন কোন চিকিৎসক বলেন কোপেবাপেক্ষা ইহা অতি শীঘ্র কার্য্যকারী। প্যারিসের ডাঃ ভাইডাল্ নিম্নলিখিত ব্যবস্থানুযায়ী ব্যবহার করিতে বলেন।

গর্জ্জন বাল্‌সাম্	...	... ১ ড্রাম।
গাম্ একেশিয়া	..	... ১ ড্রাম।
একোয়া এনিসাই	...	... ১০ ড্রাম।

৬ ড্রাম মাত্রায় আহারের পর পর সেব্য।

হাইড্রার্জ্জিরাই বাই ক্লোরাইড—কেহ কেহ ইহার সোলিউশন (১ ভাগে ২০০০।৩০০০ ভাগ) পচন নিবারক স্থানিক প্রয়োগরূপে ব্যবহার করিতে বলেন।

হাইড্রার্জিরাই মলম—প্রমেহ জনিত বাত রোগে গ্রন্থিগুলিতে স্থানিক প্রয়োগ করা যায়।

হাইড্রাষ্টিস—আমেরিকার চিকিৎসকেরা ইহার ভূয়সী প্রশংসা করেন। ৩৫ ও ৫৮নং ব্যবস্থা পত্র দেখুন।

আইডফরম—প্রমেহ জনিত অণ্ডকোষ প্রদাহে বেদনা নিবারণ জন্য ইহার মলম ব্যবহার হইয়া থাকে।

কাভা কাভা—প্রশান্ত মহাসাগরের দ্বীপ বাসীরা ইহার ইন্‌ফিউশন ব্যবহার করিয়া থাকেন। এখন আমেরিকা ও ফ্রান্সেও ইহা প্রচলিত হইয়াছে। ১ পাইণ্ট জলে ইহার মূল ২½ ড্রাম ৫ মিনিট পর্য্যন্ত ভিজাইয়া রাখিতে হইবে। পরে ফিল্টার করিয়া সমস্তটা দুইবার অর্থাৎ আহারের পূর্ব্বে ও পরে সেবন ব্যবস্থা করিবে। এইরূপে ১০।১২ দিনে প্রমেহ আরোগ্য হইয়া যায়।

এসিড নাইট্রিক—পুরাতন প্রমেহে ১ ঔন্স জলে ২ মিনিম মিশ্রিত করিয়া পিচকারীরূপে ব্যবহার্য্য।

ওপিয়াম—ওপিয়াম এবং ইহার বীর্য্য প্রমেহের প্রবল প্রাদাহিক অবস্থাতে স্থানিক প্রয়োগরূপে বিশেষ উপকারী। ৫৭নং ব্যবস্থা পত্র দেখুন।

প্লম্বাই এসিটাস—ইহার স্থানিক প্রয়োগ অতীব স্নিগ্ধকারক এবং ধারক।

পটাশ ব্রোমাইড—ডাঃ ন্যাফি বলেন যে প্রমেহের প্রবলাবস্থায় নিম্নলিখিত পিচকারী বিশেষ উপকারী।

পটাশ ব্রোমাইড	... ...	১½ ড্রাম।
গ্লিসারিন	... ...	২½ ড্রাম।
ঈষদুষ্ণ জল	... ...	৪ ঔন্স।

প্রত্যহ দুইবার পিচকারী করা উচিত। আভ্যন্তরিক

সেবনেও ইহা অতীব ফলদায়ক। ১ ড্রাম মাত্রায় ক্যাম্ফর ওয়াটার সহ রাত্রিতে শয়নকালে সেবন করিলে বেদনা জনিত লিঙ্গোচ্ছাস উপসমিত হয়।

পটাশ আইওডাইড - প্রমেহ জনিত বাতরোগে ইহা অতি মূল্যবান ঔষধ।

পটাশ পারম্যানগেনাস্—পচন নিবারক স্থানিক প্রয়োগরূপে ব্যবহার্য্য। ডাঃ উইলিয়াম হ্যামণ্ড মনে করেন ইহার পিচকারী প্রয়োগে প্রমেহাক্রান্ত শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবের সংক্রমত্ব নষ্ট হয়।

পল্‌সেটিলা—ডাঃ পিকার্ড প্রমেহ জনিত এপিডিডিমিসের প্রদাহে ১ মিনিম মাত্রায় প্রতি ঘণ্টান্তর ব্যবহার করিতে বলেন।

পাইরিডিন—কেহ কেহ নিম্নলিখিত ব্যবস্থামত পিচকারী দিতে বলেন।

পাইরিডিন	... ..	৬ মিনিম।
পরিশ্রুত জল	... ...	২½ ঔন্স।

কুইনি সাল্‌ফ—তরুণ বা প্রবলাবস্থায় যখন প্রস্রাবে যন্ত্রণা ও স্রাব অধিক পরিমাণে থাকে তখন ইহার স্থানিক প্রয়োগে উপকার দর্শে।

কুইনি সাল্‌ফ	... ..	১৬ গ্রেণ।
এসিড সাল্‌ফ ডিল	... ...	১ ড্রাম।
রোজ ওযাটার	... ...	৮ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ ২ বার পিচকারী দিতে হইবে। বার্লিনের ডাঃ হ্যাবারকরণ নিম্নলিখিত পিচকারীর প্রশংসা করেন।

কুইনি সাল্‌ফ	... ...	৬ গ্রেণ।
গ্লিসারিন	... ...	২ ড্রাম।

একোয়া	...	৬ ড্রাম।
এসিড সাল্‌ফ ডিল	...	... ৫ মিনিম।

১ ড্রাম মাত্রায় মূত্রনালী মধ্যে পিচকারী দিতে হইবে।

রিসর্সিন—প্রঃ জুলি নিম্নলিখিত পিচকারীর ব্যবস্থা করিয়া থাকেন।

লিকুইড ভেসিলিন	...	.. ১৪০ ভাগ।
বিশমথ সাব্‌ নাইট্রাস	...	... ১০ ভাগ।
রিসর্সিন	...	... ৩ ভাগ।
আইয়ডল	...	... ১ ভাগ।

স্যালল—প্রঃ জে, এম্‌ হোযাইট বলেন প্রমেহের যে কোন অবস্থাতেই ১০—২০ গ্রেণ মাত্রায ব্যবহার করা যাইতে পারে।

স্যাণ্ডেল অয়েল - ইহা প্রমেহের একটি মূল্যবান ঔষধ। এই ঔষধ শর্করাসহ বা মিউসিলেজ সহ বা লাইকর পটাশি সহ অথবা ক্যাপসুল আকারে সেবন ব্যবস্থা করা উচিত। অধিক ব্যবহার করিলে কখন কখন রোগীর শিরঃঘূর্ণন হইয়া থাকে, সুতরাং সে বিষযে রোগীকে পূর্ব্বে বলিয়া রাখা উচিত।

ট্যানিক এসিড—অনতিপ্রবল প্রমেহে প্রঃ রিকর্ড নিম্নলিখিত পিচকারী ব্যবস্থা করেন। কেহ কেহ আবার প্রবলাবস্থায় প্রতিরোধক রূপে নিম্নলিখিত পিচকারীর ঔষধ প্রয়োগ করিতে বলেন।

এসিড ট্যানিক	..	... ২ গ্রেণ।
জিঙ্কাই সাল্‌ফ	...	... ২ গ্রেণ।
একোয়া	...	... ২ ঔন্স।

টেরিবিস্থিনি অয়েল—কখন কখন ইহা অতি অল্পমাত্রায় ব্যবহৃত হইয়া থাকে।

জিঙ্কাই বাইবোরাস—২ গ্রেণ মাত্রায় ১ ঔন্স জলসহ পিচকারী প্রয়োগে কোন কোন স্থলে সন্তোষ জনক ফল পাওয়া গিয়াছে।

জিঙ্কাই ক্লোরাইড—পুরাতন প্রমেহে ১ গ্রেণ ১ ঔন্স জলে দ্রব করিয়া পিচকারীরূপে ব্যবহার করা হইয়া থাকে।

জিঙ্কাই সাল্‌ফো-কার্ব্বলাস—ইহাও একটি উত্তম পচন নিবারক পিচকারীর ঔষধ।

ব্যবস্থা পত্র।

১।	এণ্টিম টার্ট	... ...	$\frac{1}{২}$ গ্রেণ।
	ম্যাগ্‌নেশিয়া সাল্‌ফ	... ...	১ ড্রাম।
	পটাশ নাইট্রাস	... ...	৫ গ্রেণ।
	একোয়া	... ...	১ ঔন্স।

একমাত্রা, প্রবল অবস্থায় প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তর সেব্য।

(মিঃ এরিকসেন)।

২।	কোপেবা	... ...	১ ঔন্স।
	স্পিরিট ইথার নাইট্রিক	... ...	১ ঔন্স।

১৫ মিনিম মাত্রায় প্রত্যহ ৪ বার সেব্য। ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিতে হইবে। (সার এসলি কুপার)

৩।	কোপেবা	... ...	৩ ড্রাম।
	লাইকর পটাশি	... ...	৩ ড্রাম।
	মিউসিলেজ একেশিয়া	... ..	১ ঔন্স।
	একোয়া মেন্থপিপ	... ...	৬ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (মিঃ মিণ্টন)

৪। কোপেবা ... ... ½ ঔন্স।
কিউবেব ... ... ½ ঔন্স।
লাইকর পটাশি ... ... ১½ ড্রাম।
মিউসিলেজ একেশিযা ... ... ½ ঔন্স।
পবিশ্রুত জল ... ... ৭½ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ ২ বাব সেব্য। (মিঃ ব্র্যান্সবি কুপার)

৫। কোপেবা ... ... ৩ ঔন্স।
টিং কিউবেব ... ... ১ ঔন্স।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ১½ ঔন্স।
লাইকর পটাশি ... ... ১½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৬ ঔন্স।

১ ড্রাম মাত্রাষ প্রত্যহ ৩,৪ বাব জল অথবা মসিনা ভিজান জলসহ সেব্য। (বিস্‌লি)।

৬। কিউবেব ... ... ১ ঔন্স।
কোপেবা ... ... ১ ড্রাম।
পাল্‌ভ একেশিযা ... ... ১ ড্রাম।
সিবাপ হেমিডিস্‌মিস্ ... যথা প্রয়োজন।

ইলেকচুযাবী প্রস্তুত কবিয়া ১—২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য। (ঐ)

৭। কিউবেব ... ... ১ ঔন্স।
পাল্‌ভ একেশিয়া ... ... ½ ঔন্স।
সিবাপ পেপেববিস ... ... ১ ঔন্স।
একোয়া সিনেমম্ ... ... ৮ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেব্য। (ডাঃ হুপার)।

৮। লাইকর পটাশি ... ½—১ ড্রাম।
একোয়া ফ্লোরা অর‍্যান্সাই ... ১ ঔন্স।
সিপার হেমিডিস্‌মিস্‌ ... ... ৫ ঔন্স।

১ ঔন্স মাত্রায় বার্লী ওয়াটার সহ প্রত্যহ তিনবার সেব্য।

(মিঃ এইচ, বিলিনে)।

৯। একষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ১ গ্রেণ।
জিন্সাই সাল্‌ফ ... ... ৪ গ্রেণ।
সিরাপ ... ... যথা প্রযোজন।
পাল্‌ভ একেশিয়া ... ... ঐ

৪ বটীকা, মূত্রনালী অথবা স্ত্রীজননেন্দ্রিয় হইতে বেদনাদায়ক শ্লৈষ্মিক স্রাব হইলে প্রত্যহ দুই বটীকা সেব্য।

(ফয়)

১০। লাইকর পটাশি ... ... ৩ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... ... ২ ঔন্স।
কিউবেব ... ... ১ ঔন্স।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ৭½ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

(ডাঃ টমাস্‌)

১১। পটাশি এসিটাস ... ... ৪ ড্রাম।
লাইকর পটাশি ... ... ২ ড্রাম।
স্পিরিট জুনিপার ... ... ২ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... ... ৬ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

(মিঃ মিণ্টন)

১২। পটাশ ব্রোমাইড	...	... ২০ গ্রেণ।
টিং ডিজিটেলিস	...	১০—২০ মিনিম।
একোয়া	...	... ১ ঔন্স।

একমাত্রা, প্রবলাবস্থায় প্রত্যহ তিনবার সেব্য।

(মিঃ ড্যামবিটি)

১৩। কোপেবা	...	... ২০ গ্রেণ।
মিউসিলেজ একেশিয়া	...	.. ২ ড্রাম।
একোয়া সিনেমম	...	... ৮ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

(মিঃ বার্কলি হিল)

১৪। কোপেবা	...	... ১ ঔন্স।
লাইকর পটাশি	...	... ২ ড্রাম।
একষ্ট্রাক্ট গ্লাইসিরেজা		... ½ ঔন্স।
স্পিরিট ইথার নাইট্রিক		... ১ ঔন্স।
সিরাপ	...	... ৩ ঔন্স।
মিউসিলেজ একেশিয়া	...	... ৩ ঔন্স।

প্রথম চারিটি ঔষধ মিশ্রিত করিয়া পর অন্যান্য ঔষধ মিশ্রিত করিতে হইবে। মাত্রা ½—১ ঔন্স। (ডাঃ বুম্‌ষ্টিড্)

১৫। ওলিও রেজিন অব্ কিউবেব ১০—৩০ মিনিম।

একমাত্রা, শর্করা সহ প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ স্থাফি)

১৬। অয়েল কিউবেব	...	.. ১ ড্রাম।
— কোপেবা	...	... ১ ড্রাম।
— স্যাণ্ডেল	...	... ১ ড্রাম।
ম্যাগনেসিয়া	...	... ২ ড্রাম।

৬০ বটীকা, ২ বটীকা মাত্রায় প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

১৭। অয়েল স্যাণ্ডেল ... .. ½ ঔন্স।
লাইকর পটাশি ... ... ১ ড্রাম।
একোয়া মেন্থপিপ ... ... ৪ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।
(ডাঃ বার্কলি হিল্)

১৮। অয়েল স্যাণ্ডেল ... ... ২০ মিনিম।
এল্‌কোহল ... . ১ ড্রাম।
অয়েল সিনেমম ... ... ২ মিনিম।
একোয়া ... ... ৩ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।
(ডাঃ টমাস বি হেণ্ডার্সন)

১৯। কিউবেব রেজিন অয়েল ... ৫ মিনিম।
বাল্‌সাম্ কোপেবা .. ... ৫ মিনিম।
স্যালল ... .. ১ গ্রেণ।
পেপ্‌সিন ... .. ১ গ্রেণ।
একমাত্রা, ক্যাপ্‌সুলাকারে প্রত্যহ ৪ বার সেব্য।
(প্রঃ জে, ডব্লিউ, হোয়াইট)।

ল্যাফেটি মিক্সচার।

২০। বাল্‌সাম্ কোপেবা ... ... ১৫ মিনিম।
স্পিরিট ইথার নাইট্রিক .. ২০ মিনিম।
টিং ল্যাভেণ্ডিউলা কোং ... ১৫ মিনিম।
লাইকর পটাশি ... ... ১০ মিনিম।
মিউসিলেজ একেশিয়া ... ১ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... সমষ্টি ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

২১। পটাশ বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ।
স্পিরিট ইথার নাইট্রিক ... ২০ মিনিম।
টিং হায়োসায়েমাস ... ... ½ ড্রাম।
সিরাপ ... .. ১ ড্রাম।
একোয়া ... সমষ্টি ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেবা। (ডাঃ ভ্যান্ বিউরেন)।

২২। লাইকর পটাশি ... ... ১০ মিনিম।
অয়েল স্যাণ্ডেল ... ... ১০ মিনিম।
মিউসিলেজ একেশিয়া ... ... ১ ড্রাম।
স্পিবিট ইথাব নাইট্রিক ... ২০ মিনিম।
টিং হায়োসায়েমাস .. ... ½ ড্রাম।
একোয়া ... সমষ্টি ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

২৩। পটাশ সাইট্রাস ... ½—১ ঔন্স।
অয়েল লিমনিস্ ... . ১২ মিনিম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।
সিবাপ লিমনিস .. .. ২ ঔন্স।
একোযা ... ... ১ ঔন্স।
২ ড্রাম মাত্রায জল সহ প্রত্যহ ৩।৪ বার সেব্য।
(ডাঃ ভ্যান ব্রিউবেন এবং ডাঃ কিন্স)।

২৪। একষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ২ গ্রেণ।
ক্যাম্ফর ... ... ৪ গ্রেণ।
২ বটীকা, লিঙ্গোচ্ছাসে রাত্রিতে শয়নকালে এক অথবা দুই বটীকা সেব্য। (ঐ)

২৫। লুপুলিন ... ... ৫ গ্রেণ।
কন্‌ফেক্‌শিও রোজ ... ... যথা প্রয়োজন।
এক বটীকা, রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

২৬। বাল্‌সাম্ কোপেবা ... .. ২ ঔন্স।
স্পিরিট ইথার নাইট্রিক ... ১ ঔন্স।
টিং ওপিয়াই .. ... ১ ড্রাম।
ম্যাগ্‌নেশিয়া ... ... ২ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... ... ৫ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।
(ডাঃ উইলিয়াম হ্যামণ্ড এমেরিকা)।

২৭। বাল্‌সাম কোপেবা ... ... ১ ঔন্স।
স্পিবিট ইথার নাইট্রিক ... ... ১ ঔন্স।
টিং কাইনো ... ... ১ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ এফ এফ মরে)।

২৮। কোপেবা ... ... ৩ ঔন্স।
স্পিরিট ইথার নাইট্রিক ... ½ ঔন্স।
টিং কাইনো ... ... ½ ঔন্স।
মর্ফিয়া সাল্‌ফ ... ... ৪ গ্রেণ।
একোয়া ক্যাম্ফব ... ... ২ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ সাইলাস্ ডর্কি)

২৯। টিং কিউবেব ... ... ২½ ঔন্স।
টিং ক্যান্থারাইডিস্ .. ... ½ ঔন্স।
মর্ফিয়া সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
একোয়া ক্যাম্ফর ... ... ৩ ঔন্স।
জলসহ ২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ঐ)

৩০। টিং কিউবেব ... ... ৪ ঔন্স।
মর্ফিয়া সাল্ফ ... ... ২ গ্রেণ।
মিউসিলেজ ... ... ২ ঔন্স।
একোয়া ক্যাম্ফর ... ... ২ ঔন্স।
২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবাব সেব্য। (ঐ)

৩১। কোপেবা ... ... ½ ঔন্স।
অয়েল কিউবেব ... ... ½ ড্রাম।
লাইকর পটাশি ... ... ৩ ড্রাম।
স্পিরিট মাইবিষ্টিসি .. ... ½ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।
২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।
(ডাঃ ড্রুইট ও ডাঃ পার্কার)।

৩২। পটাশ এসিটাস ... ... ১০ গ্রেণ।
— ব্রোমাইড ... ... ৫ গ্রেণ।
টিং বেলাডনা ... ... ৫ মিনিম।
পটাশ সাইট্রাস ... ... ১০ গ্রেণ।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (ডাঃ নিল্সন্)।

৩৩। পাল্ভ কিউবেব ... ... ১ ড্রাম।
সিনেমম ... ... ২ গ্রেণ।
এক পুরিয়া, প্রত্যহ তিন পুবিয়া সেব্য। (ডাঃ সাইলাস ডর্কি)

৩৪। হাইড্রাষ্টিন ... ... ১ ড্রাম।
লাইকর মর্ফিয়া ... ৫ ড্রাম ১০ মিনিম।
মিউসিলেজ একেশিয়া সমষ্টি ৪ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ জে এন, ব্রেডিন্)।

৩৫। পটাশ বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
— ব্রোমাইড ... ... ২ ড্রাম।
টিং হায়োসায়েমাস ... ... ½ ঔন্স।
একোয়া ক্যাম্ফর ... ... ৫½ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ জে ডবলিউ ব্রিম)

লিঙ্গোচ্ছাস নিবারণ জন্য।

৩৬। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ২ গ্রেণ।
ক্যাম্ফর ... ... ১২ গ্রেণ।
লুপুলাইন ... ... ১২ গ্রেণ।
৮ বটীকা, রাত্রিতে ২—৪ বটীকা সেব্য। (ডাঃ ভ্যান ডেন কর্পুট)

৩৭। ক্যাম্ফর ... ... ২ গ্রেণ।
ল্যাক্টুকেরিয়াই ... .. ২ গ্রেণ।
একবটীকা, রাত্রি ৯ টা হইতে নিদ্রা না হওয়া পর্য্যন্ত প্রত্যেক ঘণ্টায় এক এক বটিকা।

পুরাতন প্রমেহ।

৩৮। কুইনি সাল্ফ ... ... ½ গ্রেণ।
ফেরি সাল্ফ অথবা ফেরি সাইট্রাস ... ২ গ্রেণ।
এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য।
(ডাঃ ডব্লিউ, এ, হ্যামণ্ড)।

৩৯। টিং ফেরি পারক্লোরাইড ১½—২ ড্রাম।
সিরাপ জিঞ্জার ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ৭ ঔন্স।
১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ডাঃ হুইট্)।

৪০। টিং ক্যান্থারাইডিস ... ... ½ ঔন্স।
ষ্টিক্‌নিয়া ... ... ১ গ্রেণ।
সিরাপ লিমনিস ... ... ৩ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে সেব্য।
(ডাঃ ডব্লিউ, এ, হ্যামণ্ড)।

৪১। লাইকর পটাশি ... ... ১০ মিনিম।
বাল্‌সাম্ কোপেবা ... ... ২০ মিনিম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।

৪২। টিং ক্যান্থারাইডিস ... ... ½ ঔন্স।
অয়েল টেরিবিন্থিনি ... ... ½ ঔন্স।
মিউসিলেজ একেশিয়া ... ... ২ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (সাইলাস ডর্কি)।

৪৩। কোপেবা ... ... ২ মিনিম।
সিনামম অয়েল ... ... ১ মিনিম।
মিউসিলেজ একেশিয়া ... ... ২০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
(মিঃ বর্কলি হিল্)।

৪৪। এসিড নাইট্রিক ডিল ... ... ১০ মিনিম।
টিং নক্সভমিকা ... ... ১০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
ফস্ফেটিক ডিপজিট সহ প্রমেহ জনিত প্রষ্টেট গ্রন্থির প্রদাহে।

প্রমেহ জনিত বাত রোগে।

৪৫।	পটাশ আইওডাইড	...	৫—১০ গ্রেণ।
	— বাইকার্ব্ব	...	... ১০ গ্রেণ।
	স্পিরিট ইথার নাইট্রিক	...	... ২০ মিনিম।
	টিং হায়োসায়েমাস	...	... ২০ মিনিম।
	একোয়া	..	.. ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

৪৬।	ফিনাসিটিন	...	৫—১০ গ্রেণ।

এক পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য।

৪৭।	সোডি সেলিসিলাস	...	.. ১০ গ্রেণ।
	স্পিরিট ক্লোরফরম	...	... ১০ মিনিম।
	একোয়া	...	... ১ ঔন্স।

এক মাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য।

৪৮।	পাল্‌ভ ডোভারিস	...	... ১০ গ্রেণ।

এক পুরিয়া, রাত্রিতে শয়নকালে সেব্য।

স্থানিক প্রয়োগ (পিচকারীর ঔষধ)।

প্রাদাহিক অবস্থার হ্রাস হইলে।

৪৯।	পরিশ্রুত জল	..	... ১ ঔন্স।

প্রদাহের প্রথমাবস্থায় পিচকারী করিবার জন্য।

(ডাঃ বার্কলি হিল)।

৫০।	জিঙ্ক সাল্‌ফ	...	... ২ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	... ১ ঔন্স।

লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৫১। জিঙ্কাই সাল্ফ ... ... ১ গ্রেণ।
প্লম্বাই এসিটাস ... ... ২ গ্রেণ।
জল ... ... ১ ঔন্স।
লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৫২। জিঙ্কাই ক্লোরাইড ... ... ১/৪ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৫৩। জিঙ্কাই সাল্ফো কার্ব্বলাস ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৫৪। প্লম্বাই এসিটাস ... ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৫৫। লাইকর প্লম্বাই সাব এসিটেটিস ডিল .. ৪ ঔন্স।
জিঙ্কাই সাল্ফ ... ... ৮ গ্রেণ।

লোশন ১ ঔন্স মাত্রায় পিচকারী করিতে হইবে। এই মিশ্রণে একটু অধঃক্ষেপণ পড়ে, তাহাতে কোন অপকার হইবে না। (ডাঃ ন্যাফি)

৫৬। একষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ৭ গ্রেণ।
লাইকর প্লম্বাই সাব এসিটেটিস ... ১ ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ৪ ঔন্স।
১ ঔন্স মাত্রায় পিচকারী দিবার জন্য। (ঐ)

৫৭। হাইড্রাষ্টিন ... ... ১ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... ... ৪ ঔন্স।
½ ঔন্স মাত্রায় পিচকারী করিতে হইবে। (প্রোঃ বার্থলো)।

নিম্নলিখিত পিচকারি প্রাদাহিক অবস্থা দূরিভূত
হইলে পর প্রয়োগ করিতে হইবে।

৫৮। একষ্ট্রাক্ট হাইড্রাষ্টিস লিকুইড ... ২ ড্রাম।
বিশমথ সাব্ নাইট্রাস ... ২ ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ড্রাম।
একোয়া ... .. ৪ ঔন্স।
½ ঔন্স মাত্রায় পিচকারী কবিতে হইবে।
(ইউনিভার্সিটি হাঁসপাতাল)।

৫৯। জিঙ্কাই সাল্ফ কার্ব্বলাস ... ৮ গ্রেণ।
একষ্ট্রাক্ট হাইড্রাষ্টিস লিকুইড ... ২ ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ড্রাম।
একোয়া ... ... ৪ ঔন্স।
১ ঔন্স মাত্রায় পিচকাবী কবিতে হইবে। (ডাঃ ন্যাফি)

৬০। জিঙ্কাই সাল্ফ ... ... ৬ গ্রেণ।
এলম পাউডার ... ... ৬ গ্রেণ।
কার্ব্বলিক এসিড ... ... ৪ মিনিম।
একোয়া ... ... ৬ ঔন্স।
লোশন, ½ ঔন্স মাত্রায় পিচকাবী দিবার জন্য।
(ডাঃ অলজমান)।

৬১। জিঙ্কাই সাল্ফ ... .. ১৫ গ্রেণ।
প্লম্বাই এসিটাস ... .. ২০ গ্রেণ।

টিং ওপিয়াই ... ... ২ ড্রাম।
ওয়াটার ... সমষ্টি ৬ ঔন্স।

½ ঔন্স মাত্রায় পিচকারী দিবার জন্য।

৬২। জিঙ্কাই সাল্‌ফ ... ... ১৫ গ্রেণ।
প্লম্বাই সাব্ এসিটেটিন্ ... ... ১৫ গ্রেণ।
একোয়া ... .. ৪ ঔন্স।

লোশন, ১ ঔন্স মাত্রায় পিচকারী দিবার জন্য।

৬৩। এলুমিনিস ... ... ১½ ড্রাম।
একোয়া ... ... ৪ ঔন্স।

১ ঔন্স মাত্রায় পিচকারী দিবার জন্য।

৬৪। এসিড ট্যানিক ... ... ২ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

পিচকারী দিবার জন্য দিবসে দুইবাব। প্রত্যেকবার পিচ-কারীর পর রোগীকে মূত্রত্যাগ কবিতে কহিবে।

৬৫। ক্রিয়োলিন ... ... ১০ মিনিম।
একষ্ট্রাক্ট হাইড্রাষ্টিস ... ... ½ ড্রাম।
ওয়াটার ... ... ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় পিচকাবী করিবার জন্য। (ডাঃ লুটাণ্ড)।

৬৬। প্লম্বাই এসিটাস ... ১—২ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।

লোশন, পিচকারী দিবার জন্য। (ডাঃ টমাস্ এক্ বিটন্)।

৬৭। মসিনা ভিজান গরম জল ... ৬ ঔন্স।
লাইকর ওপিয়াই সিডেটাইভাস ... ১৮ মিনিম।

১ ঔন্স মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর পিচকারী করিতে হইবে।

৬৮।	এণ্টিপাইরিন	... ...	১ ড্রাম।
	জিঙ্কাই সাল্‌ফ	... ...	৭ গ্রেণ।
	চেরিলরেল ওয়াটার	... ...	২২ ঔন্স।
	রোজ ওয়াটার	.. ...	২২ ঔন্স।

(ডাঃ ব্রিণ্ডে)

৬৯।	গ্লিসাবিন এসিড ট্যানিক	...	৩ ঔন্স।
	অলিভ অয়েল	... ...	১ ঔন্স।
	মিশ্চুরা একেশিয়া	... ...	১ ঔন্স।

২ ড্রাম মাত্রায় মূত্রনালী মধ্যে পিচকারী করিয়া অঙ্গুলি দ্বারা মূত্রনালীর মুখ ৪।৫ মিনিট পর্য্যন্ত বন্ধ করিয়া রাখিতে হইবে।

(মিঃ জে, ডি, হিল্, লণ্ডন)।

৭০।	ওপিয়াম	.. ...	৭ গ্রেণ।
	একেশিয়া	... ...	৭ গ্রেণ।
	উত্তপ্ত জল	... ...	৫ ঔন্স।

ইন্‌ফিউশন প্রস্তুত করিয়া নিম্নলিখিত ঔষধ মিশ্রিত করিতে হইবে।

প্লম্বাই এসিটাস	... ...	২০ গ্রেণ।
জিঙ্কাই সাল্‌ফ	.. ...	২০ গ্রেণ।

প্রমেহের শেষাবস্থায় ১ ঔন্স মাত্রায় পিচকারী দিবার জন্য।

পুরাতন অবস্থায়।

৭১।	পটাশ পারমেন্‌গেনাস্	...	১—৩ গ্রেণ।
	একোয়া	... ...	১ ঔন্স।

লোশন, পিচকারী দিবার জন্য।

(ডাঃ ভ্যান বিউরেন এবং কিইস্)।

৭২। কুপ্রাই সাল্‌ফ ... ... ১ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, পিচকারী দিবার জন্য। (ঐ)

৭৩। লাইকর ফেরিপার সাল্‌ফেটিস ... ½ ড্রাম।
একোয়া ... ... ৬ ঔন্স।
লোশন, পিচকাবী দিবাব জন্য। (ঐ)

৭৪। ভাইনম রুব্রাম ... ... ২ ঔন্স।
একোয়া বোজ ... ... ৪ ঔন্স।
লোশন, পিচকাবী দিবার জন্য। (ঐ)

আবশ্যক হইলে ৭৩।৭৪।৭৫ নং ব্যবস্থা পত্রে গ্লিসাবিন অথবা মর্ফিয়া মিশ্রিত কবা যাইতে পাবে।

৭৫। নাইট্রেট অব্ সিল্‌ভাব ১—২০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
গুইযনস্ বুলেট ক্যাথিটাব এবং সিবিঞ্জ দ্বাবা পিচকাবী দিবাব জন্য।

৭৬। জিন্সাই সাল্‌ফ ... ... ১০ গ্রেণ।
ফেবি সাল্‌ফ ... ... ১০ গ্রেণ।
কুপ্রাই সাল্‌ফ ... .. ১০ গ্রেণ।
এলুমিনিস ... ... ১০ গ্রেণ।
একোয়া ... ... ৮ ঔন্স।
এক ঔন্স লোসন তিন ঔন্স পবিশ্রুত জল সহ মিশ্রিত করিয়া পিচকাবী দিতে হইবে। (মিঃ বার্কলি হিল্)।

৭৭। টিং ম্যাটিকো ... ... ১ ড্রাম।
— ক্যাটিকিউ ... ... ১ ড্রাম।

এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই	...	... ১৬ গ্রেণ।
প্লম্বাই এসিটাস	...	... ১০ গ্রেণ।
গ্লিসাবিন	..	... ৪ ড্রাম।
একোয়া রোজ	...	... ৫½ ঔন্স।

১ ঔন্স মাত্রায় পিচকারী দিতে হইবে। (ডাঃ জে, ডি, হিল্।)

৭৮। ক্রিযেজোট	...	... ১০ মিনিম।
এক্‌ষ্ট্রাক্ট হেমেমেলিস লিকুইড অথবা		
টিং হেমেমেলিস		.. ১৫ মিনিম।
লিকুইড একষ্ট্রাক্ট অথবা টিং হাইড্রাষ্টিন		১৫ মিনিম।
রোজ ওয়াটার	...	... ৪ ঔন্স।

১ ঔন্স মাত্রায়, ঈষদুষ্ণ জলসহ দ্রব করিয়া পিচকাবী দিতে হইবে।

সাপোজিটরী।

৭৯। মর্ফিযা সাল্‌ফ	...	⅛—¼ গ্রেণ।
কেকেও বটার অথবা কোমল সাবান..		১০ গ্রেণ।

লিঙ্গোচ্ছাসে রাত্রিতে শয়নকালে গুহ্যদ্বারে প্রবেশ করাইতে হইবে।

৮০। একষ্ট্রাক্ট বেলাডনা	...	... ⅙ গ্রেণ।
মর্ফিয়া মিউরাস	..	... ⅛ গ্রেণ।
ক্যাম্ফর	...	... ১ গ্রেণ।
কোমল সাবান	...	... যথা প্রয়োজন।

দুরারোগ্য প্রষ্টেটিক গ্লিটে রাত্রিকালীন বেদনা ও উত্তেজনা নিবারণ জন্য সাপোজিটরিরূপে প্রয়োগ্য।

৮১। টিং ওপিয়াই ... ৩০—৪০ মিনিম।

বার্লী ওয়াটার অথবা মিউসিলেজ ... ১২ ঔন্স।

লিঙ্গোচ্ছাস হেতু অত্যন্ত বেদনা হইলে গুহ্যদ্বারে পিচকারী দিতে হইবে।

প্রমেহজনিত অণ্ডকোষ প্রদাহে।

৮২। অঙ্গুয়েণ্টাম আইওডিন ... ... ২ ড্রাম।

এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... ২০ গ্রেণ।

এডিপিস ... ... ২ ড্রাম।

প্রত্যহ দুই বার লাগাইতে হইবে।

৮৩। টিং পল্‌সেটিলা ... ... ২০ মিনিম।

সিরাপ ... ... ৪ ঔন্স।

২ ড্রাম মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তর সেব্য।

(প্রঃ বোজি, প্যারিস)

প্রিপিউসের প্রদাহ হইলে।

৮৪। প্লম্বাই এসিটাস ... ... ৮০ গ্রেণ।

একোয়া ... ... ১ পাইণ্ট।

স্থানিক প্রয়োগের জন্য।

৮৫। এলুমিনিস ... ... ৬২ ড্রাম।

একোয়া ... .. ১ পাইণ্ট।

উপরোক্ত লোসনে বস্ত্র ভিজাইয়া শীত লিঙ্গোপরি প্রয়োগ করিতে হইবে।

প্রমেহহেতু অপথ্যাল্মিয়া হইলে।

৮৬।	এসিড কার্ব্বলিক	...	...	১ গ্রেণ।
	এট্রপিয়া সাল্ফ	...	...	২ গ্রেণ।
	জিঙ্কাই সাল্ফ	...	...	২ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	...	১ ঔন্স।

এক এক ফোঁটা চক্ষে প্রয়োগ করিতে হইবে।

প্রমেহজনিত বাত রোগে।

৮৭।	পটাশ আইওডাইড	...	...	১ ড্রাম।
	একোয়া	...	...	৫ ঔন্স।

২ ঔন্স মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

৮৮।	ভাইনম ওপিয়াই	...	...	৫ ড্রাম।
	স্পিরিট ক্যাম্ফর	...	...	৫ ড্রাম।
	টিং সিলি	...	...	৫ ড্রাম।

প্রমেহ হেতু সন্ধি প্রদাহে মালীষ করিবার জন্য।

Gangrene (গ্যাংগ্রিন)।

পচন।

দেহের কোমলাংশের জীবনী শক্তির লোপ হেতু বিনাশ বা ধ্বংশকে গ্যাংগ্রিন বা পচন কহে। গ্যাংগ্রিন ৮ প্রকার যথা—(১) ড্রাই বা শুষ্ক অথবা বৃদ্ধাবস্থার পুরাতন গ্যাংগ্রিন, (২) ময়েষ্ট বা আর্দ্র অথবা বৃদ্ধাবস্থার প্রবল গ্যাংগ্রিন, (৩) ধাম-নিক বা শৈরিক অবরোধহেতু গ্যাংগ্রিন, (৪) প্রদাহ জনিত

গ্যাংগ্রিন, (৫) সাধারণ রক্তদোষ জনিত পীড়া সমূহের গ্যাংগ্রিন, (৬) হস্পিট্যাল গ্যাংগ্রিন, (৭) আঘাত জনিত পরিবর্দ্ধনশীল গ্যাংগ্রিন, (৮) আভ্যন্তরিক যন্ত্রের পীড়া বশতঃ গ্যাংগ্রিন।

কারণ—উভয় সার্ব্বাঙ্গিক বা দৈহিক ও স্থানিক কারণ বশতঃ গ্যাংগ্রিন বা পচন উৎপন্ন হয়। স্থানিক কারণের মধ্যে নিম্নলিখিত কয়েকটি প্রধান, (১) কোন যন্ত্রের বা বিধানের প্রবল প্রদাহ, নিউমোনিয়া, ষ্টম্যাটাইটিস, সেলিউলাইটিস বা ফ্লেগমোনাস ইরিসিপেলাস, (২) আঘাত, কষ্টিক বা উত্তেজক ঔষধ প্রয়োগ অথবা অতিরিক্ত উত্তাপ বা শৈত্য যথা—দগ্ধ বা হিমপাত বশতঃ পচন, (৩) অধিকক্ষণ শৈত্য প্রয়োগ, (৪) রক্ত সঞ্চালনের ব্যাঘাত।

রক্ত সঞ্চালনের ব্যাঘাত, নিম্নলিখিত কারণ বশতঃ ঘটিয়া থাকে, যথা—(ক) আঘাত বা লিগেচার বন্ধন বশতঃ কোন ধমনীর অবরোধ, (খ) ষ্ট্র্যাঙ্গুলেটেড্ হার্ণিয়া, (গ) ইন্টস্সাসেপ্সন, (ঘ) বন্ধনযুক্ত অর্শ, (ঙ) ফ্রাকচারহেতু কোন অঙ্গের অংশ শক্ত করিয়া বন্ধন, (চ) অতি কঠিন উন্টামুদা, (ছ) কৌশিক বিধানোপাদান মধ্যে মূত্র বা মল সঞ্চয়, (জ) দুর্ব্বলাবস্থার রোগীর দেহভারের এক স্থানে অধিকক্ষণ সঞ্চাপন।

সার্ব্বাঙ্গিক কারণ—ধমনীর পুরাতন রোগ অথবা বৃদ্ধাবস্থায় ধমনীর গঠন সমূহের পরিবর্ত্তন বশতঃ রক্ত সঞ্চালনের হ্রাস জন্য সচরাচর গ্যাংগ্রিন হইতে দেখা যায়। সশর্কর মূত্র, টাইফস্, টাইফয়েড্, হাম, স্কার্লেটিনা ইত্যাদি রোগেও কখন কখন গ্যাংগ্রিন উপসর্গ হইতে দেখা যায়। অনেক দিন পর্য্যন্ত আর্গট্ ব্যবহারহেতু ধমনী প্রাচীরের পরিবর্ত্তন বশতঃ ইহা উৎপন্ন হয়। সময়ে সময়ে স্নায়ু শক্তির হ্রাস বশতঃ এই রোগ

দৃষ্ট হয়। রক্তাল্পতা ও অতি মৃদু রক্তসঞ্চালন, ইহার একটি কারণ বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে। আঘাত প্রাপ্ত অনেক সৈন্য যুদ্ধক্ষেত্রের পার্শ্বে একত্রে সমবেশ হইলে রক্তের বিষাক্ততা দোষ বশতঃ যে গ্যাংগ্রিন উৎপন্ন হয়, তাহাকে হস্পিট্যাল গ্যাংগ্রিন কহে। এক্ষণে পচন নিবারক ঔষধ প্রয়োগ প্রথা আবিষ্কৃত হইবার পর ইহা একেবারে দূরীভূত হইয়াছে বলিলেও বলা যায়।

লক্ষণ—গ্যাংগ্রিন বা পচনের লক্ষণ সমূহ ঐ রোগের প্রকার, বিস্তৃতি এবং অবস্থানুসারে ভিন্ন ভিন্ন রূপ দৃষ্ট হয়। প্রথমাবস্থায় রক্ত সঞ্চালন, উত্তাপ এবং স্পর্শানুভব শক্তি ইত্যাদির হ্রাস লক্ষিত হয়, এবং সেই সঙ্গে সঙ্গে ত্বকের বিবর্ণতা দৃষ্ট হয়। প্রারম্ভ হইতেই বেদনার সূচনা দেখা যায়। শুষ্ক গ্যাংগ্রিনে বেদনার কিছু আতিশয্য দেখিতে পাওয়া যায় বটে, কিন্তু আর্দ্র গ্যাংগ্রিনে তৎপরিবর্ত্তে রক্ত বিষাক্ততা ও অবসাদনের আতিশয্য দৃষ্ট হয়।

সচরাচর রোগীর বিষম বেদনা, অস্থিরতা ও অনিদ্রা উপস্থিত হয়, ক্ষুধা আদৌ থাকে না, জিহ্বা লেপযুক্ত থাকে এবং নাড়ী অতি ক্ষীণ হয়। রোগের নিবৃত্তি হইলে মৃতাংশ পৃথক হইয়া আসিয়া পড়ে। অন্যদিকে রোগ ক্রমশঃ বৃদ্ধি হইলে, দূরিত পদার্থের আচুষণ জন্য রক্ত বিষাক্ততা আসিয়া উপস্থিত হয়।

শুষ্ক গ্যাংগ্রিন—ইহাতে রক্ত সঞ্চালনের হ্রাস বশতঃ আক্রান্ত অংশ ক্রমশঃ বিনাশ প্রাপ্ত হয়। কখন কখন এম্বোলিজম বা রক্তচাপ দ্বারা ধমনী সহসা অবরুদ্ধ হইয়া এই রোগ উৎপন্ন হয়। পীড়িতাঙ্গ অত্যন্ত শুষ্ক হইয়া যায় এবং সেই স্থান কৃষ্ণাভা-যুক্ত ধূসর বর্ণের ন্যায় হইয়া উঠে। বৃদ্ধাবস্থায় এই রোগ জন্মিলে,

প্রায়ই পদের অঙ্গুলিতে কচিৎ হস্তাঙ্গুলিতে একটি ধূসর মিশ্রিত রক্তবর্ণ দাগ দৃষ্ট হয়। এই দাগ ক্রমশঃ কৃষ্ণবর্ণ প্রাপ্ত হইয়া অতি ধীরে ধীরে বিস্তৃত হইতে থাকে, এবং অবশেষে সমস্ত পদ আক্রান্ত হইয়া পড়ে। প্রথম হইতে অসহ্য বেদনা হয়। কখন কখন একটি সীমা নির্দ্দেশক রেখা দেখিতে পাওয়া যায়, উহা বড়ই আশাপ্রদ এবং উহা দৃষ্ট হইলে প্রায়ই বিপদের ভয় থাকে না। উক্ত রেখার অভ্যন্তরস্থিত মৃতাংশ ক্রমশঃ পৃথক হইয়া পড়িয়া যায় এবং রোগী আরোগ্য লাভ করে।

আর্দ্র গ্যাংগ্রিন—বৃদ্ধাবস্থায় এই রোগ জন্মিলে, ইহার আক্রমণ অতিশয় প্রবল ও ভাবী ফল বড়ই অশুভজনক হয়। অধিকাংশ স্থলে ইহা সামান্য স্থানিক উত্তেজনা বা আঘাত হেতু উৎপন্ন হইতে দেখা যায়, যেমন করন্ বা নখের প্রদাহ। পীড়িতাঙ্গুলি গাঢ় রক্তবর্ণ, স্ফীত এবং অসহ্য বেদনা জনক হইয়া উঠে। ক্রমে ঐ অংশ গভীর কৃষ্ণবর্ণ প্রাপ্ত হয় এবং যে পর্য্যন্ত সমস্ত চরণ ও পদ আক্রান্ত না হয়, সে পর্য্যন্ত উহা ক্রমশ বৃদ্ধি হইতে থাকে। পচনা শেষ সীমার বাহিরের ত্বকও কৃষ্ণবর্ণ দাগযুক্ত হইয়া উঠে এবং রক্তরোধের লক্ষণ সকল দৃষ্ট হয়। এই প্রকার গ্যাংগ্রিনে ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীর মধ্যস্থিত রক্ত সংযমিত হইয়া যায়। হৃদ্‌পিণ্ডের মেদাপকৃষ্টতা এবং ধমনীর এথিরোমা হেতু অথবা সশর্কর মূত্র পীড়িত রোগীর এই প্রকারের গ্যাংগ্রিন সময়ে সময়ে দৃষ্ট হয়।

ধামনীক বা শৈরিক অবরোধ হেতু গ্যাংগ্রিন—ইহা একটি আর্দ্র গ্যাংগ্রিন—এনিউরিজম্ জন্য প্রধান ধমনীর বন্ধন হেতু অথবা ধমনীর কোন পীড়া যথা—এথেরোমা বশতঃ শৌত্রিক রক্তচাপ দ্বারা ধমনী অবরোধ হেতু ইহা উৎপন্ন হইতে পারে। ইহা দ্বারা সমগ্র নিম্নাঙ্গের পচন হইতে পারে। শৈরিক অবরোধে শিরার

সম্পূর্ণ অবরোধ হওয়া আবশ্যক কিন্তু অসম্পূর্ণ হইলে গ্যাংগ্রিন বা পচন উৎপন্ন হয় না।

এম্বোলিজম হেতু এই রোগ জন্মিলে, পীড়িত অঙ্গের উত্তাপের হ্রাস হইতে দেখা যায়। অঙ্গ হিম ও বিবর্ণ হয় এবং স্পর্শানুভব শক্তির লোপ হয়। শিরায় রক্ত সঞ্চালন অতি মৃদু হয়। তদনন্তর সেই স্থানে ফোস্কা উৎপন্ন হইয়া, অঙ্গটি ঘোর কৃষ্ণবর্ণ হয় এবং সঙ্গে সঙ্গে পচন আরম্ভ হইয়া অঙ্গের গঠনসমূহ ধ্বংশ প্রাপ্ত হয়।

প্রদাহজনিত গ্যাংগ্রিন—ভয়ানক প্রবল প্রদাহ জন্য আর্দ্র গ্যাংগ্রিন উৎপন্ন হইয়া থাকে। ইহা আরম্ভ হইলে প্রাদাহিক স্থানের সটানতা, বেদনা এবং স্ফীততার হ্রাস হয়। পীড়িতাংস কোমল হয় এবং ঘোর রক্ত, ধূসর অথবা কৃষ্ণবর্ণ হইয়া উঠে। প্রদাহের প্রবলতা অনুসারে শীঘ্র বা ক্রমশঃ পচন আরম্ভ হয়।

রক্ত দোষ বা রক্তের বিষাক্ততা জনিত পীড়া সমূহের গ্যাংগ্রিন—ইহা টাইফয়েড জ্বরের শেষাবস্থায় বা আরোগ্যের পূর্ব্বাবস্থায় কথন কথন উপসর্গরূপে উপস্থিত হয়। এ অবস্থায় ইহা প্রায় নিম্নাঙ্গে, মুখে বা ফুস্‌ফুসে হইতে দেখা যায়। এরূপ উপসর্গ অত্যন্ত আশঙ্কাজনক. ইহা শুষ্ক ও আর্দ্র উভয় প্রকারের হইতে পারে। হামের জন্য কচিৎ মুখে, তাল্‌তায় অথবা ফুস্‌ফুসে হইতে দেখা যায়। স্কার্লেটিনা, ইরিসিপেলাস এবং কোন কোন কলেরা এপিডেমিকেও ইহা দৃষ্ট হয়। আর্গট বা রোগগ্রস্থ রাই-সরিষার রুটী প্রস্তত করিয়া সেবন করিলে কথন কথন নিম্নাঙ্গে এই রোগ উৎপন্ন হয়। সশর্করা মূত্র রোগেও ইহা কচিৎ লক্ষিত হয়।

হস্পিট্যাল গ্যাংগ্রিন—ক্ষত বা আঘাত না থাকিলে এপ্রকার গ্যাংগ্রিন জন্মিতে পারে না। যুদ্ধ ক্ষেত্রের সন্নিকটে বহুসংখ্যক

আঘাত প্রাপ্ত সৈন্য একত্রে থাকিলে অথবা বহুরোগী বিশিষ্ট হাঁসপাতালে, এইরূপ গ্যাংগ্রিন হইতে দেখা যায়। ইহার আক্রমণেই ক্ষত হইতে পূয় নির্গমন বন্ধ হইযা ক্ষতের চতুস্পার্শে প্রদাহ আবন্ত হয় এবং ক্ষতমধ্যে একটি ধূসর বর্ণের স্লাফ বা বিগলিতাংশ দৃষ্ট হয়। রোগী ক্রমশঃ টাইফয়েড অবস্থা প্রাপ্ত হয় এবং শেষে মৃত্যু সংঘটিত হইয়া থাকে।

প্রবল আঘাতিক বা পবিবর্দ্ধনশীল গ্যাংগ্রিন—ইহা আঘাত জন্য উৎপন্ন হইয়া থাকে। সচবাচব হস্তে ও পদে আরম্ভ হইয়া বক্ষে ও উর্দ্ধে বিস্তৃত হইতে থাকে। ইহার ভাবীফল অতীব অশুভ। অঙ্গচ্ছেদন ব্যতীত অন্য কোন উপায়ে আরোগ্য লাভের আশা নাই।

ভিসিরাল গ্যাংগ্রিন—আভ্যন্তবিক যন্ত্রের পীড়াবশতঃ এই রোগ উৎপন্ন হইয়া থাকে।

সার্ব্বাঙ্গিক বা দৈহিক কাবণ বশতঃ যে সকল গ্যাংগ্রিন উৎপন্ন হয় উহাদিগেব ভাবীফল অত্যন্ত অশুভ। গ্যাংগ্রিনাস বা পচনোৎপাদক প্রদাহ যতই বৃদ্ধি পাইতে থাকে, ততই নূতন নূতন বিধান সমূহ ধ্বংশ প্রাপ্ত হইতে থাকে। সঙ্গে সঙ্গে জ্বরের বৃদ্ধি হয, মুখ বিবর্ণ হয, চক্ষু অক্ষি কোটরে প্রবেশ করে, নাড়ী অতি ক্ষীণ ও সূক্ষ্ম হয, দন্তে সর্ডিস বা কৃষ্ণবর্ণ লেপ পড়ে এবং রোগী বিড বিড কবিয়া বকিতে থাকে। উদবাধ্মান, হিক্কা, হস্তপদের কম্পন ইত্যাদি লক্ষণ এই সঙ্গে উপস্থিত হয়, এবং ক্রমশঃ দুর্ব্বলতা বৃদ্ধি পাইয়া রোগী মৃত্যুমুখে নীত হয়।

স্থানিক কারণ বশতঃ গ্যাংগ্রিন সমূহে, মৃতাংশ ও সুস্থাংশের মধ্যে স্বাস্থ্যকারক প্রদাহের একটি রেখা (যাহাকে সীমা নির্দ্দেশক রেখা বলে) দৃষ্ট হয় এবং উহার অভ্যন্তরস্থিত মৃতাংশ স্খলিত

হইয়া যায়। কিন্তু রোগের সমস্ত অবস্থাতেই রক্তের বিষাক্ততা অর্থাৎ সেপ্টিসিমিয়ার আশঙ্কা থাকে।

চিকিৎসা বিষক টীকা।

যখন গ্যাংগ্রিন বা পচনের আশঙ্কা অতি নিকট, তখন যাহাতে পীড়িত অঙ্গের রক্ত সঞ্চালনের ব্যাঘাত দূর হয় তদ্বিষয়ে যত্নবান হওয়া বিশেষ আবশ্যক এবং সেই স্থানের দৈহিক উত্তাপের হ্রাস হইতে না পাবে, এরূপ উপায় অবলম্বন করা উচিত। পচন আরম্ভ হইলে উহা আর বৃদ্ধি না পাইতে পাবে সেই দিকে দৃষ্টি রাখা কর্ত্তব্য। উপসর্গাদির চিকিৎসা সর্ব্বাগ্রে করা আবশ্যক। পুষ্টিকর পথ্য, বিশুদ্ধ বায়ু সেবন এবং উত্তেজক ঔষধ দ্বারা রোগীর বলরক্ষা করাও সর্ব্বতোভাবে বিধেয়। প্রায় সকল প্রকার গ্যাংগ্রিনে অসহ্য বেদনা হয়, এবং সেই বেদনা যাহাতে শীঘ্র উপশম হয় এরূপ ঔষধ ব্যবস্থা করা নিতান্ত প্রয়োজন। বেদনা নিবারণের জন্য, ওপিয়াম বা মর্ফিয়া অতীব ফলদায়ক। ওপিয়াম সহ্য না হইলে ক্লোরাল হাইড্রাস ২০—৩০ গ্রেণ মাত্রায় অথবা একষ্ট্রাক্ট ক্যানাবিশ ইণ্ডিকা ১—২ গ্রেণ মাত্রায় বিশেষ উপকারী। দৈহিক চিকিৎসার জন্য, কুইনাইন, আয়রণ এবং ষ্ট্রিকৃনিয়া বিশেষ উপকারী। সীমাবদ্ধ আঘাত জন্য গ্যাংগ্রিনের চিকিৎসা, বিগলিত আঘাত বা ক্ষতের চিকিৎসার ন্যায় করিবে। যদি কোন অঙ্গের প্রায় সমস্ত অংশ বা সম্পূর্ণ অঙ্গ আক্রান্ত হইয়া থাকে, তাহা হইলে সীমা নির্দ্দেশক রেখা দৃষ্ট হইলেই সেই অঙ্গ এম্‌পুটেশন্ করা উচিত।

ধামনীক অবরোধ জন্য গ্যাংগ্রিনে, হস্ত বা পদদ্বয় উত্তোলন করিয়া যাহাতে শৈরিক রক্ত দেহে সঞ্চালিত হয় তাহার সাহায্য করিবে। প্রধান ধমনী বন্ধন বা বিদারন জন্য অথবা এনিউ-

রিজমের সঙ্কাপন জন্য গ্যাংগ্রিনে, পীড়িত স্থানের উপরেই এম্‌পুটেশন্ করা উচিত। কিন্তু অঙ্গচ্ছেদের পূর্ব্বে সীমা নির্দ্দেশক রেখার জন্য সময় দেওয়া কর্ত্তব্য। পরিবর্দ্ধনশীল আঘাত জনিত গ্যাংগ্রিনে, যত শীঘ্র অঙ্গচ্ছেদ করা যায় ততই ভাল। কিন্তু যদি রক্তের বিষাক্ততা জন্মিয়া থাকে তাহা হইলে অঙ্গচ্ছেদ নিষ্ফল। বৃদ্ধাবস্থার গ্যাংগ্রিনেও দূরিত স্থানের অধিক উপরে অঙ্গচ্ছেদ করাই যুক্তিসিদ্ধ।

জ্বরাদি প্রকাশ পাইলে ও রোগী দুর্ব্বল হইলে, বার্ক, এমনিয়া, ইথার ইত্যাদি ব্যবহার্য্য। হস্পিট্যাল গ্যাংগ্রিনে, পচন নিবারক প্রনালীতে ড্রেস করিবে।

প্রধান ধমনীর থ্রম্বোসিস জন্য গ্যাংগ্রিনে, নাইট্রগ্লিসারিন, ষ্ট্রিকনিয়া, আয়রণ এবং ষ্ট্রোফ্যান্থাস বিশেষ ফলদায়ক। এম্বোলিজম জনিত গ্যাংগ্রিনে, এমন কার্ব্ব অতি উত্তম ঔষধ। অতিরিক্ত আর্গট সেবন জন্য গ্যাংগ্রিনে বমন কারক ঔষধ, কুইনাইন এবং এমন কার্ব্ব উপকারী।

ঔষধ বিষয়ক টীকা।

এমন কার্ব্ব—এম্বোলিজম হেতু গ্যাংগ্রিনে, ইহা একটি মূল্যবান ঔষধ।

এমন মিউরাস- ডাঃ চার্লস, বৃদ্ধাবস্থার গ্যাংগ্রিনে একপাত্র গরম জলে ইহার এক পোয়া দ্রব করিয়া পীড়িতাঙ্গ ডুবাইয়া রাখিতে বলেন।

একোয়া পাইসিস—কোন কোন চিকিৎসক, হস্পিট্যাল গ্যাংগ্রিনে ইহা দ্বারা সন্তোষজনক ফল পাইয়াছেন।

ব্যাপটিসিয়া—এক পাইন্ট জলে এক ঔন্স সিদ্ধ করিয়া, গ্যাংগ্রি-

রোগ সূচনা হইবার পূর্ব্বে অথবা সূচনা হইবামাত্র, পীড়িত স্থানে প্রয়োগ করিলে বিশেষ উপকার দৃষ্ট হয়।

ব্রোমিনাম—হস্পিট্যাল গ্যাংগ্রিনে, ইহা একটি উত্তম ঔষধ।

চারকোল—কয়লার গুঁড়ার পোল্‌টিস সচরাচর ব্যবহার করা হয় বটে, কিন্তু অনেক সময় উহা বিশেষ ফলদায়ক হয় না।

কার্ব্বলিক এসিড—দুরিতস্থানে প্রয়োগে বিশেষ ফল পাওয়া যায়।

ক্লোরিন ওয়াটার—ইহা একটি মূল্যবান দুর্গন্ধহারক ঔষধ।

ক্রোমিক এসিড—১ ঔন্স জলে ১০০ গ্রেণ দ্রব করিয়া, কেহ কেহ হস্পিট্যাল গ্যাংগ্রিনে প্রয়োগ করিতে বলেন।

ফেরিপার সাল্‌ফ—স্থানিক প্রয়োগের উত্তম ঔষধ।

হাইড্রার্জ্জিরাই নাইট্রেটিস লাইকর—আমেরিকার প্রঃ এস্, ডি, গ্রস, ইহা জল সহ মিশ্রিত করিয়া হস্পিট্যাল গ্যাংগ্রিনে প্রয়োগে উত্তম ফল পাইয়াছেন।

আইওডিন—পুরাতন গ্যাংগ্রিনে, টিং আইওডিন অহসহ দ্রব করিয়া প্রয়োগ করিলে বিশেষ ফল পাওয়া যায়। পীড়িত স্থানে দুইবার ব্রস দ্বারা প্রয়োগ করিয়া ব্যাণ্ডেজ দিয়া বান্ধিবে ও উক্ত ব্যাণ্ডেজ ওপিয়াম ও এসিটেট্ অব্ লেড্ লোশন অথবা নিসাদল লোশন দ্বারা ভিজাইয়া রাখিবে।

ল্যাক্‌টিক এসিড—প্রঃ স্যামুয়েল্ জ্যাক্‌সন্, ইহার বিশেষ প্রশংসা করেন।

ওপিয়াম—সকল প্রকার গ্যাংগ্রিনে, ইহা বেদনা নিবারণার্থ ব্যবহৃত হয়।

পটাশি পারম্যান্‌গেনাস্—হস্পিট্যাল গ্যাংগ্রিনে, ইহার বাহ্যিক

ও আভ্যন্তরিক প্রয়োগ বিশেষ উপকারী। ইহা ১ ঔন্স জলে ২ অথবা ৩ গ্রেণ দ্রব করিয়া দেওয়া উচিত।

স্যাকারিন—শর্করা চূর্ণ, দুষিতাংশের উপর ছড়াইয়া দিলে অনেক সময় বিশেষ উপকার দৃষ্ট হয়।

টেরিবিন্থিনি ওলিয়াম—হস্পিট্যাল গ্যাংগ্রিনে, ইহা অতীব ফলদায়ক ঔষধ। ইহা ১০ মিনিম মাত্রায় ব্যবস্থা করা উচিত।

জিঙ্কাই সাল্‌ফাস—ইহা দুষিত অংশের বা বিধান সমূহের একটি উৎকৃষ্ট দুর্গন্ধ হারক ঔষধ।

ব্যবস্থা পত্র।

১।	টিং ফেরি পারক্লোরাইড ...	১ ঔন্স।
	পটাশ ক্লোরাস	৪ ঔন্স।
	কুইনি সাল্‌ফ	২ ড্রাম।
	এসিড হাইড্রক্লোরিক ডিল ...	১ ঔন্স।
	পরিশ্রুত জল	২ ঔন্স।

জলে পটাশ ক্লোরাস দ্রব করণান্তর, হাইড্রক্লোরিক এসিড মিশ্রিত করিতে হইবে, পরে কুইনাইন দ্রব করিয়া অবশেষে আয়রণ যোগ করিতে হইবে। জলসহ ২ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য। (প্রঃ জেসফ্‌ জোনস্‌ এম, ডি,)

২।	ফেরি এট্‌ পটাশি টার্ট ...	১ ঔন্স।
	এসিড টার্টারিক	২ ড্রাম।
	কুইনি সাল্‌ফ	২ ড্রাম।
	পরিশ্রুত জল	১২ ঔন্স।

জলে এসিড মিশ্রিত করিয়া কুইনাইন দ্রব করণান্তর, আয়রণ মিশ্রিত করিতে হইবে। জলসহ ২ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। গ্যাংগ্রিনের ক্ষতে বিশেষ উপকারী। (ঐ)

লৌহঘটিত ঔষধ ব্যবহারে সঙ্কোচন ক্রিয়া প্রকাশ পাইলে নিম্নলিখিত ঔষধ বিশেষ উপকারী।

৩। ষ্ট্রিক্‌নিয়া সাল্‌ফ ... ... ২ গ্রেণ।
কুইনাইন সাল্‌ফ ... ... ১ ঔন্স।
ফেরি বিডাষ্টাই ... ... ২ ড্রাম।
একষ্ট্রাক্ট জেন্‌সিয়ান্‌ ... ... যথা প্রয়োজন।
১০০ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য।

উপদংশ অথবা স্ক্রফিউলার লক্ষণ প্রকাশ পাইলে নিম্নলিখিত পরিবর্ত্তক এবং বলকারক ঔষধ বিশেষ ফলপ্রদ।

৪। সিরাপ ফেরি আইওডাইড ... ১ ঔন্স।
টিং আইওডিন ... ... ২ ড্রাম।
পটাশ আইওডাইড ... ... ২ ড্রাম।
সিরাপ জিঞ্জার ... ... ৬ ঔন্স।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।

জলে পটাশ আইওডাইড দ্রব করণান্তর টিং আইওডিন মিশ্রিত করিতে হইবে। এবং পরে সিরাপ ফেবি আইওডাইড ও জিঞ্জার মিশ্রিত করিয়া লইবে। ১ ঔন্স জলসহ ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

৫। এমন কার্ব্ব ... ... ৫ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
ডিকক্‌শন্‌ সিঙ্কোনা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

৬। টিং ফেরি পারক্লোরাইড ১৫—৩০ মিনিম।
মিউসিলেজ ... ... ১ ড্রাম।

সিরাপ অরাান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩ ঘণ্টান্তর সেব্য। (প্রঃ এস্. ডি, গ্রস)

৭। ওপিয়াম পাল্‌ভ ... ১—২ গ্রেণ।

একমাত্রা, বেদনা নিবারণের জন্য প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৮। ক্লোবাল হাইড্রাস ... ২০—৩০ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
সিরাপ টলু ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৬।৮ ঘণ্টান্তব সেব্য।

স্থানিক প্রয়োগ।

৯। জিন্সাই সাল্ফ ... ... ১ ঔন্স।
এসিড সাল্‌ফিউরিক ডিল ... ½ ঔন্স।
ওয়াটার ... ... ১ পাইণ্ট।

স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ ব্যাড্‌ফোর্ড ব্রাউন)

১০। ব্রোমিনাই ... ... ১ ঔন্স।
পটাশ ব্রোমাইড ... ... ২ ড্রাম।
পবিশ্রুত জল ... ... ৪ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য। (সার্জ্জন মিড্‌লটন্ গোল্‌ডস্মিথ)।

১১। এলুমিনিস ... ... ৫ ড্রাম।
প্লম্বাই এসিটাস ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ১৩ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ থিওডোর বেড্‌রথ্)

৭২। অঙ্গুয়েণ্টাম এলেমাই ... ... ১ পাউণ্ড।
— সম্বুসাই ... ... ৩ ঔন্স।
বাল্‌সাম্ কোপেবা ... ... ৩ ঔন্স।

দুইটি মলম একত্র করিয়া শীতল হইবার পূর্ব্বে কোপেবা মিশ্রিত করিতে হইবে। (মিঃ টি, হোম্‌স)

Hæmorrhoids or Piles.

অর্শ, বলি বা বুটি।

সরলান্ত্রের নিম্নাংশের শিরা ও হেমরয়েড্ ধমনীগুলি প্রসারিত হইলে তাহাকে অর্শ বা বলি কহে। ইহা দুই প্রকার যথা বাহিরের বা বাহ্যিক এবং আভ্যন্তরিক বা অন্তর্বলি। স্ফিংটার মাংসপেশীর ভিতরের দিকের শ্লৈষ্মিক ঝিল্লির নিম্নস্থ শিরা বর্দ্ধিত, প্রসারিত ও জড়িত হইলে তাহাকে অন্তর্বলি কহে। এবং স্ফিংটার মাংস পেশীর বাহিরের ত্বকনিম্নস্থ শিরা বর্দ্ধিত হইলে বাহিরের বা বাহ্যিক বলি কহে। কখন কখন উভয় বলিই একত্রে দেখিতে পাওয়া যায়। বাহিরের বলি দুই শ্রেণীতে বিভক্ত যথা—ভিনাস বা শৈরিক এবং কিউটেনিয়াস বা ত্বক সম্বন্ধীয়। শৈরিক বলি কোমল, গোলাকার এবং ফ্যাকাসে অথবা ঈষৎ নীলাভাযুক্ত। ত্বক সম্বন্ধীয় বলি গুলিতে অর্শের উপরিস্থ ত্বকের বিবৃদ্ধি দেখিতে পাওয়া যায়। কখন কখন গুহ্যদ্বারের পার্শ্বে একটি বলি মাত্র দৃষ্ট হয়, আবার কখন বা অনেকগুলি গুহ্যদ্বারের চতুর্দ্দিকে বেষ্টন করিয়া থাকে। ভিতরের বা আভ্যন্তরিক বলি তিন শ্রেণীতে বিভক্ত যথা (১) ভিনাস্, (২) কলম্‌নার, এবং (৩) নিভাস। প্রথমগুলি

প্রায় বাহ্যিক বলির ন্যায়, কিন্তু স্ফিংটার মাংস পেশীর অভ্যন্তরই শ্লৈষ্মিক ঝিল্লি দ্বারা আবৃত। দ্বিতীয় গুলিতে গুহ্যদ্বারের ভিতরের শ্লৈষ্মিক ঝিল্লির পরদা গুলির বিবৃদ্ধি দেখিতে পাওয়া যায়। বলি গুলি লম্বা এবং সিন্দুর বর্ণ ও অভ্যন্তরের হেমরয়েড্ ধমনীর একটি না একটি শাখা থাকে। এই বলিতে সামান্য কারণেই রক্তস্রাব হয়। তৃতীয় শ্রেণীর আভ্যন্তরিক বলিগুলি উজ্জ্বল-রক্তবর্ণ, কোমল এবং স্পঞ্জের ন্যায়, ইহা হইতে সদাসর্ব্বদা রক্তস্রাব হয়।

মলত্যাগের সময় ভিতরের বলি গুহ্যদ্বারে বহির্গত না হইলে প্রায় অনুভব করিতে পারা যায় না। সংখ্যায় কখন কখন ২।১টী কখন বা ৫।৬টী দেখিতে পাওয়া যায়। সময়ে সময়ে সমস্তগুলি একত্র হইয়া একটি গোটামত হইয়া বহির্গত হয়। স্ফিংটার মাংস পেশীর শিথিলাবস্থায় ঐ গুলি কোমলার্ব্বুদের ন্যায় গুহ্যদ্বারে দৃষ্ট হয়, কিন্তু যখন বহির্গত হয় তখন উজ্জ্বল-রক্তবর্ণ এবং চক্‌চকে দেখায় ও সহজেই উহা হইতে রক্তস্রাব হয়।

মধ্য বয়সে এবং বৃদ্ধাবস্থায় এই রোগ দেখেতে পাওয়া যায়। যৌবনের প্রারম্ভে বা পূর্ব্বে দৃষ্ট হয় না। স্ত্রীলোকাপেক্ষা পুরুষ-দিগের মধ্যে এই রোগ অধিক দেখা যায়। কিন্তু যে সকল স্ত্রীলোকেরা অধিক সন্তান প্রসব করে, তাহাদিগের মধ্যে এই রোগ অধিক হয়। সচরাচর স্বাভাবিক কোষ্ঠবদ্ধতা, মলত্যাগের সময় অত্যন্ত বেগ দেওয়া, আলস্যভাবে অধিক সময় বসিয়া থাকা ইত্যাদি কারণ বশতঃ অর্শ উৎপন্ন হইয়া থাকে। কখন কখন হৃদপিণ্ড, যকৃৎ ও জরায়ু সম্বন্ধীয় রোগাদিতে ইহা একটি লক্ষণরূপে প্রকাশ হইয়া থাকে। পিতা মাতার এই রোগ থাকিলে সন্তা-নেরও হইতে পারে।

লক্ষণ—বাহ্যিক বলিতে প্রথমাবস্থায় গুহ্যদ্বারে জ্বালা ও

চুলকানি হইয়া থাকে। কঠিন মলত্যাগের সময় অত্যন্ত জ্বালা হয়, বলিগুলি স্ফীত ও স্পর্শ মাত্রেই যন্ত্রণাদায়ক হইয়া উঠে। বেদনা জন্য রোগী বসিতে অক্ষম হয। অর্শের এরূপ রক্তাধিক্যা-বস্থা সহজেই উপসমিত হইতে পারে বটে, কিন্তু অনেক স্থলে ইহা হইতে প্রদাহও উৎপন্ন হইয়া থাকে। প্রদাহাবস্থায় বলি বর্দ্ধিত, রক্তবর্ণ ও স্পর্শ মাত্রে বেদনাযুক্ত দেখা যায। কখন কখন স্বতই প্রদাহের হ্রাস হয় এবং কখন বা উহা হইতে পূয়োৎপাদন হয়। বাহিরের বলি হইতে প্রায রক্তস্রাব হইতে দেখা যায় না।

সামান্য আভ্যন্তরিক বলি অনেক দিন পর্য্যন্ত থাকিতে পারে অথচ বাহিরে উহার কোন লক্ষণই দৃষ্ট হয় না। অনেক সময়ে রোগী নিজেই অনুভব করিতে পারে না যে, তাহার বলি হই-য়াছে। কেবল মাত্র কঠিন মল ত্যাগের সময় কখন কখন সামান্য রক্তস্রাব দৃষ্ট হয। ইহা ব্যতীত গুহ্যদ্বারে সময়ে সময়ে ভার বোধ, জ্বালা ও কণ্ডুয়নেচ্ছা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। মলত্যাগের সময় আভ্যন্তরিক ক্ষুদ্র বলি শ্লৈষ্মিক ঝিল্লির সঙ্গে অল্প বাহির হইযা আবার ভিতরে প্রবিষ্ট হইয়া যায়। অর্শ বৃহৎ হইলে মলত্যাগের সময় প্রায়ই বাহির হয় এবং অঙ্গুলি দ্বারা ভিতরে প্রবেশ করাইতে হয়। স্ফিংটার পেশীর শিথিলাবস্থায় রোগী দণ্ডায়মান হইলে বা চলিয়া বেড়াইলে, বলি আপনাপনি নীচে নামিয়া আইসে এবং বহির্গত বলির উত্তেজনা এবং সংঘর্ষণ বশতঃ কখন কখনী রক্ত মিশ্রিত শ্লেষ্মা নিঃসৃত হইতে থাকে। বলিগুলি সময়ে সময়ে এতই বেদনা জনক হয়, যে রোগী আদৌ বসিতে সক্ষম হয় না। কেহ কেহ অন্য সময়ে কোন যন্ত্রণাই অনুভব করে না। কিন্তু যখন মল কঠিন হয় অথবা মদ্যপান জন্য মত্ততা, মানসিক উত্তেজনা উপস্থিত হয়, তখন সরলান্ত্র

মধ্যে জ্বালা, ভারবোধ, মলত্যাগে যন্ত্রণা এবং কখন কখন মূত্রাশয়ের উত্তেজনা অনুভূত হয়। এই সময়ে আভ্যন্তরিক বলিগুলি স্ফীত ও বর্দ্ধিত হয় এবং উহা হইতে রক্তস্রাব হইয়া থাকে।

কখন কখন আভ্যন্তরিক বড় বড় বলিগুলি গুহ্য দ্বার মধ্যে দিয়া বাহির হইয়া পড়িলে আর অঙ্গুলীদ্বারা উহা উপরে প্রবিষ্ট করান যায় না। এই অবস্থায় স্ফিংটার পেশী আকুঞ্চিত হইলে বলির রক্ত ঊর্দ্ধে যাইতে পারে না, অবশেষে রক্ত চলাচল বন্ধ হইয়া পচনাবস্থা উপস্থিত হয়। অনেক সময় এইরূপে বলিগুলি খসিয়া পড়িয়া যায়। আভ্যন্তরিক বলির অন্যান্য লক্ষণ মধ্যে রক্তস্রাবই প্রধান। মলত্যাগের সময় এই রক্তস্রাব উপস্থিত হয়। কখন কখন সামান্য ২।৪ ফোটা রক্ত পড়িয়া বন্ধ হইয়া যায়, আবার কখন কখন ভয়ানক রক্তস্রাব হইয়া থাকে। সচরাচর এইরূপ রক্তস্রাব কঠিন মলত্যাগের পরই হয়, কিন্তু অনেক স্থলে ইহা প্রায় প্রত্যহই হইতে দেখা যায়। সাধারণতঃ এই রক্তস্রাব শিরা হইতে হয়। স্থূলকায় ব্যক্তির এইরূপ রক্ত স্রাবে, যকৃতের ও মূত্রযন্ত্রের রক্তাধিক্য উপসমিত হইয়া, উপকার ভিন্ন অপকার সাধিত হয় না। কোন কোন অর্শে ধমনী হইতে রক্ত স্রাব হয়, কিন্তু উক্ত রক্ত ফিন্‌কি দিয়া পড়িতে দেখা যায়। কখন কখন এই রক্তস্রাব জন্য ভয়ানক রক্তাল্পতা জন্মে এবং রোগী ক্রমশঃ অত্যন্ত বিবর্ণ ও দুর্ব্বল হইতে থাকে। ঐরূপ রক্তস্রাব অবিলম্বে বন্ধ করা উচিত।

চিকিৎসা বিষয়ক টীকা।

অর্শ রোগাক্রান্ত রোগী যতই বসিয়া থাকিবে, ততই রোগ বৃদ্ধি হইবার সম্ভাবনা। সুতরাং উহাদের পক্ষে শারীরিক

পরিশ্রম বিশেষ প্রয়োজনীয়, কাষ্ঠাসন অপেক্ষা বেত্রাসনে বসাই ভাল। মদ্যপান একেবারেই নিষিদ্ধ। মল কঠিন এবং কোষ্ঠ-বদ্ধ যাহাতে না হয় তদ্বিষয়ে মনোযোগ দেওয়া উচিত। বিবেচন আবশ্যক হইলে মৃদুবিবেচক ঔষধ ব্যবস্থা করা উচিত। যথা—কন্‌ফেক্‌শন্ সেনা, কাস্কারা, লিকবিস্ পাউডাব ইত্যাদি। অর্শের পক্ষে ধাতব জল অতি উত্তম এবং তন্মধ্যে হুনিয়ডি জেনস পলনা এবং ফ্রেডাবিক্‌শলই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। আমাদের দেশে ওলেব ও পেঁপেব তবকারী অর্শের পক্ষে অত্যন্ত উপকাবী, এবং ফলেব মধ্যেও পেঁপে অতীব ফলদায়ক। লঙ্কা মবিচেব ঝাল বা গরম মসলা অত্যন্ত অপকাবী। অন্যান্য ঔষধের মধ্যে সাল্‌ফার অতীব মূল্যবান ঔষধ। অর্শের সাধাবণ বক্তস্রাবে ঠাণ্ডা জলের পিচকাবী সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। সঙ্কোচক ঔষধেব আবশ্যক হইলে ১ ঔন্স জলে ১০ গ্রেণ সাল্‌ফেট অব্ আয়বণ দ্রব অথবা ট্যানিক এসিড বা ব্যাটানি বিশেষ প্রযোজনীয। মলমের মধ্যে গ্যালিকম্ ওপিও মলম বা মর্ফিয়া ট্যানিক এসিড ও ভেসিলিন অতীব ফলপ্রদ। বাহ্যিক বলি যদি অধিক বড ও বেদনা দায়ক হয়, এবং আভ্যন্তবিক বলি নিম্নে নামিলে যদি উপরে উঠান না যায়, অথবা বলী প্রদাহ যুক্ত বা বলীতে ক্ষত বা উহা হইতে অধিক পবিমাণে বক্তস্রাব হইতে থাকে, তাহা হইলে অস্ত্রোপচাব দ্বারা কর্ত্তন করাই শ্রেষ্ঠ উপায়।

ঔষধ বিষয়ক টীকা।

এলোজ—যদিও ইহা উত্তেজক বিরেচক বলিয়া পূর্ব্বে অর্শে ব্যবহার হইতনা কিন্তু এক্ষণে প্রোঃ বার্কার এবং ওপীনাজার ইহায় বিশেষ সুখ্যাতি করেন।

এলাম—যে সকল বলি হইতে রক্তস্রাব হয়, ঐ সকল বলীতে ইহা সাপোজিটারী রূপে ব্যবহৃত হয়।

একোয়া—অন্ধ বলির উত্তাপ ও কণ্ডুয়ন নিবারণ জন্য শীতল জলেব পিচকারী ব্যবহৃত হইয়া থাকে।

আর্জেণ্টাই নাইট্রাস—যখন বলিগুলি অত্যন্ত প্রদাহ যুক্ত হয়, ও বাহির হইয়া পড়ে এবং স্পর্শমাত্রে অত্যন্ত বেদনানুভূত হয়, তখন ইহাব পেন্‌শিল আস্তে আস্তে প্রযোগে উপকার দর্শে।

বেলাডনা—বেলাডনাব মলম অতীব সিগ্ধকাবক স্থানিক প্রয়োগ।

বিশমথ—কখন কখন ইহাব চূর্ণ বা লাইকব প্রয়োগে উত্তম ফল পাওয়া যায়।

কার্ব্বলিক এসিড—কেহ কেহ বলেন, নিম্নলিখিত পিচকারী ত্বকনিম্নে প্রযোগে অর্শ একেবারে আবোগ্য হইয়া যায়।

এসিড কার্ব্বলিক ক্রিষ্টাল অলিভ অয়েল—উভয় সমান ভাগে ত্বক নিম্নে পিচকাবী দিতে হইবে, কিন্তু ইহা বড যন্ত্রণাদাযক। ডাঃ এ, জে, বো নিম্নলিখিত ঔষধেব ২—৬ মিনিম মাত্রায় বলি মধ্যে পিচকাবীব দ্বাবায় প্রয়োগ করিতে বলেন।

এসিড কার্ব্বলিক (ক্যাল্‌ভার্ট্‌স্ ১নং)		½ ঔন্স।
আইডফবম	...	... ৩০ গ্রেণ।
বাল্‌সাম পেক	..	... ১ ড্রাম।
ক্যাম্ফবেটেড্ ফিনল্	...	... ৩ ড্রাম।

বলির আকার অনুসারে ২—৬ মিনিম মাত্রায় ত্বকনিম্নে পিচকারী করিতে হইবে।

কোপেবা—প্রঃ গ্রস্ এই ঔষধের বিশেষ সুখ্যাতি করেন এবং

বলেন যে, ১০—১৫ মিনিম মাত্রায় প্রত্যহ তিনবার সেবনে বিশেষ উপকার দর্শে।

ক্রিয়েজোট—কথন কথন মলমসহ স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

কিউবেব—পুরাতন অর্শে কথন কথন ব্যবহৃত হইয়া থাকে।

আর্গট—ডাঃ জি, ডব্লিউ, সেম্পল বলেন যে, তিনি অনেক কঠিন অর্শ রোগাক্রান্ত রোগীকে সরলান্ত্রে একষ্ট্রাক্ট আর্গট লিকুইডের পিচকারী দ্বারা আরোগ্য করিয়াছেন। কেহ কেহ ইহা ত্বকনিম্নে পিচকারী ব্যবহার করিতে এবং কেহবা ৫ গ্রেণ আর্গটিনের সাপোজিটারী প্রয়োগ করিতে বলেন।

ফেরি পারক্লোরাইড টিং—বলি হইতে রক্তস্রাবে, ইহা অতি উত্তম আভ্যন্তরিক ঔষধ।

ফেরিপার সাল্‌ফাস্—রক্তরোধক স্থানিক প্রয়োগরূপে ব্যবহৃত হইয়া থাকে।

গ্যালা—ইহার মলম অর্শের একটী উত্তম স্থানিক প্রয়োগ।

গ্লিসারিন ফ্লরেন্স নগরের ডাঃ ডেভিড্ ইয়ং বলেন যে, তিনি ইহা ২ ড্রাম মাত্রায় দিবসে দুইবার সেবন ব্যবস্থা করিয়া স্থায়ী ফল পাইয়াছেন।

হেমেমেলিস—রক্তস্রাবী অর্শে ইহার সেবন ও বাহ্যিক প্রয়োগ উভয়ই ব্যবহৃত হইয়া থাকে। ডাঃ এডোয়ার্ড মিয়ার ইহা ২—৪ মিনিম মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেবন করিতে বলেন।

হাইড্রার্জিরাম—তরুণাবস্থায় ক্যালমেল প্রয়োগ বিশেষ স্নিগ্ধকারক।

আইডফরম—স্থানিক যন্ত্রণার উপসম জন্য ব্যবহৃত হয়।

ক্রেমারিয়া—প্রঃ এগনিউ যন্ত্রণাদায়ক অর্শে ইহা সাপোজিটারীরূপে প্রয়োগ করিতে বলেন।

ম্যানা—ডাঃ এ, ই, হল নিম্নলিখিত সাপোজিটারী প্রয়োগে বিশেষ উপকার পাইয়াছেন।

ম্যানা	...	... ৩ ঔন্স।
উত্তপ্ত জল	...	যথা প্রয়োজন।

ঘন দুগ্ধ বা সবের মত গলাইয়া উহাতে নিম্নলিখিত ঔষধ মিশ্রিত করিতে হইবে।

হাইড্রার্জ সাল্‌ফ নাইগার		... ২ ড্রাম।
পাল্‌ভ বিয়াই	...	যথা প্রয়োজন।

একত্র মিশ্রিত করিয়া ছোট ছোট সাপোজিটারী প্রস্তুত করিয়া লইবে এবং পরে একটী অলিভ অয়েলে ডুবাইয়া রাত্রিতে গুহ্যদ্বারে প্রবেশ করিতে হইবে।

ওপিয়াম—প্রায় সমস্ত অর্শের মলমেই ইহা মিশ্রিত হইয়া থাকে।

পিপার নাইগ্রাম—বিলাতে ইহার মোদক অর্শে ব্যবহৃত হইয়া থাকে।

প্লম্বাই এসিটাস—ইহা একটী মূল্যবান সঙ্কোচক ঔষধ। অনেক সময় গোলার্ডস্ লোশন প্রয়োগে অর্শের চুলকানি ও উত্তেজনা দূর হয়।

পডফাইলাম—ডাঃ এ হেজলউড, ইহা অতি অল্পমাত্রায় ($\frac{1}{8}$ গ্রেণ) দিবসে দুইবার ব্যবহার করিতে বলেন।

পটাশ ব্রোমাইড—অর্শের বেদনা ও আক্ষেপ নিবারণের জন্য এক ভাগ পটাশ ব্রোমাইড ও পাঁচ ভাগ গ্লিসারিন একত্রে প্রয়োগ করিতে হয়।

র‍্যামনস্ ফ্রাঙ্গুলা—অর্শে মলকাঠিন্য দূর করিবার জন্য কেহ

কেহ একষ্ট্রাক্ট র‍্যামনস ফ্রাঙ্গুলা লিকুইড় ১—২ ড্রাম মাত্রায় ব্যবহার করিতে বলেন।

রিয়াই—অর্শে মৃদু বিবেচক আবশ্যক হইলে, অনেকে ইহা ব্যবহার করেন।

রিসিনাই—সরলান্ত্রের ধমনীর উত্তেজনোৎপাদক বলিয়া অনেকে অর্শরোগে ইহা ব্যবহার করিতে নিষেধ করেন।

সেনা—ইহা একটী বিশেষ মৃদুবিবেচক ঔষধ।

ষ্ট্র্যামনিয়াম—প্রদাহযুক্ত অর্শে ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

সাল্‌ফার—ইহা অর্শের একটী মূল্যবান ঔষধ। ইহা অতি মৃদু-বিবেচক।

ট্যাবাকাম—কখন কখন যন্ত্রণা দায়ক অর্শের মলমসহ ইহা মিশ্রিত করা হয়।

ট্যানিক এসিড—ইহা গ্যালিক এসিড অপেক্ষা বীর্য্যবান সঙ্কোচক ঔষধ।

টিউক্রিয়ম স্করডিয়ম—পারিস নগরের ডাঃ লেবেল, অর্শের বেদনা, উত্তেজন ও কণ্ডুয়ন নিবারণ জন্য ইহার পত্রের চুর্ণ ব্যবহার করিয়া সন্তোষজনক ফল পাইয়াছেন।

জিঙ্গাই ভেলেরিয়ানাস—ডাঃ সি, ডিযাড্রিক ইহা ১—১½ গ্রেণ মাত্রায় সেবন ব্যবস্থা করেন।

ব্যবস্থা পত্র।

১। পাল্‌ভ গ্লাইসিরেজা কোঃ ... ১ ড্রাম।

একমাত্রা, জল অথবা দুগ্ধ সহ রাত্রিতে অথবা প্রাতঃকালে সেব্য।

২। কন্‌ফেক্‌শিও সাল্‌ফার ১—২ ড্রাম।

একমাত্রা, রাত্রিতে শয়নকালে সেব্য।

৩। কন্‌ফেক্‌শিও সেনা ... ১—২ ড্রাম।

একমাত্রা, রাত্রিতে শয়নকালে সেব্য।

৪। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ½ ঔন্স।

— কার্ব্ব ... ... ½ ঔন্স।

দুগ্ধ শর্করা ... ½ ঔন্স।

পাল্‌ভ এনিসাই ... ... ২ ড্রাম।

১—২ ড্রাম মাত্রায় রাত্রিতে শয়নকালে সেব্য।

(প্রঃ জি, টি, ইলিয়ট এম, ডি,)

৫। প্রিসিপিটেড্‌ সাল্‌ফার ... ১০ গ্রেণ।

পটাশ বাইটার্ট ... ... ১০ গ্রেণ।

একমাত্রা, প্রত্যহ ২।৩ মাত্রা সেব্য।

৬। লাইকর মেগ্‌নেসিয়া কার্ব্ব ... ½ ঔন্স।

পটাশ বাইকার্ব্ব ... ১০—২০ গ্রেণ।

টিং সেনি ... ১—২ ড্রাম।

স্পিরিট ইথার নাইট্রিক ... ২০—৩০ মিনিম।

একোয়া এনিথাই ... ... ২ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ প্রাতঃকালে সেব্য।

(উইলিয়াম এলিংহাম এফ্, আর্, সি,)

৭। ফেরি সাল্‌ফ ... ... ২০ গ্রেণ।

একষ্ট্রাক্ট এলোজ ... ... ১ ড্রাম।

— ট্যারাক্সিসাই ... ... যথা প্রয়োজন।

৬০ বটীকা, প্রাতে এবং সন্ধ্যাকালে ২ বটীকা সেব্য।

(প্রঃ পোলজার)

৮। পাল্‌ভ এলোজ সকট্রিনা ... ... ২০ গ্রেণ।
সেপ্‌নিস ... ... ২০ গ্রেণ।
একষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ... ২ ড্রাম।
পাল্‌ভ ইপিকাক ... ... ৫ গ্রেণ।
২০ বটীকা, প্রাতে এবং সন্ধ্যাকালে ২ বটীকা সেব্য।

৯। সাল্‌ফার প্রিসিপিটেড্‌ ... ৫—১০ গ্রেণ।
কন্‌ফেক্‌শিও সেনি ... ... ১ ড্রাম।
একমাত্রা, প্রাতঃকালে সেব্য। (ডাঃ ন্যাফি)

১০। একষ্ট্রাক্ট হেমেমেলিস লিকুইড ... ১২ ঔন্স।
সিরাপ অব্যান্সাই ... .. ১২ ঔন্স।
রক্তস্রাব হইলে ১ ড্রাম মাত্রায় প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

১১। টিং ফেরি পারক্লোরাইড ... ১০ মিনিম।
একষ্ট্রাক্ট আর্গট লিকুইড ১০—২০ মিনিম।
হেজিলিন্‌ ... ২—১ ড্রাম।
সিরাপ অব্যান্সাই ... .. ১ ড্রাম।
একোয়া ... সমষ্টি ১ ঔন্স।
একমাত্রা রক্তস্রাব হইলে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

স্থানিক প্রয়োগ।

মলম।

১২। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ২ ঔন্স।
— ওপিয়াই ... ... ২ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ ডব্লিউ এলিংহাম, এফ, আর, সি,)

১৩।	একষ্ট্রাক্ট বেলাডনা ...	...	১ ড্রাম।
	অঙ্গুয়েণ্টাম সিম্পল ...	..	১ ঔন্স।

স্থানিক প্রযোগের জন্য। (ডাঃ ন্যাফি)।

১৪।	অঙ্গুয়েণ্টাম গ্যালিকম ওপিও	...	১ ড্রাম।
	একষ্ট্রাক্ট বেলেডোনা ...	...	১ ড্রাম।

স্থানিক প্রয়োবে জন্য। (ডাঃ ইয়ুং)

১৫।	আইডফবম ...	...	৫ গ্রেণ।
	একষ্ট্রাক্ট বেলাডনা ...	...	৮ গ্রেণ।
	ভেসিলিন ..	...	১ ঔন্স।

বাহ্যিক বলিতে স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ ক্যাসোবুস্কি)

১৬।	একষ্ট্রাক্ট বেলাডনা ...	...	১৫ গ্রেণ।
	এণ্টিপাইরিন ...	...	৪৫ গ্রেণ।
	অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই	..	২½ ড্রাম।
	— সিম্পল ...	...	১ ঔন্স।

প্রাদাহিক বলিতে স্থানিক প্রযোগের জন্য। (প্রঃ আঢাই)

১৭।	প্লম্বাই এসিটাস ..	...	১ ড্রাম।
	মর্ফিয়া সাল্‌ফ ...	..	২ গ্রেণ।
	আর্জেণ্টাই নাইট্রাস ..	...	১০ গ্রেণ।
	অঙ্গুয়েণ্টাম সিম্পল ..	..	১ ঔন্স।

অল্প একটু লইযা বলিতে লাগাইতে হইবে।

১৮।	পাল্‌ভ গল ...	...	১০০ গ্রেণ।
	অঙ্গুয়েণ্টাম বেঞ্জোইন ...	...	১ ঔন্স।
	পাল্‌ভ ওপিয়াম ...	...	½ ড্রাম।

যে সকল বেদনাদায়ক বলি হইতে সদাসর্ব্বদা রক্তস্রাব হয় ঐ সকলে প্রয়োগ করিতে হইবে।

১৯। পাল্‌ভ গল ... ... ২ ড্রাম।
— ওপিয়াই ... ... ১০ গ্রেণ।
লার্ড ... ... ১ ড্রাম।
মলম, স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ ন্যাফি)

২০। পাল্‌ভ এলুমিনিস ... ... ২ ড্রাম।
— ক্যাম্ফর ... ... ১ ড্রাম।
— ওপিয়াই ... ... ১ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম সিম্পল ... ... ১ ঔন্স।

যে সকল বলি ভিতর হইতে বাহিরে আসিয়া পড়ে এবং যাহারা অত্যন্ত বেদনাদায়ক উহাতে প্রয়োগ জন্য। (প্রঃ বার্থলো)

২১। পাল্‌ভ গল ... ... ½ ড্রাম।
— ওপিয়াই ... ... ½ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম সিটেসাই ... ... ½ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ এন্, আর্ স্মিথ, এম, ডি,)

২২। অঙ্গুয়েণ্টাম গ্যালিকম ওপিও ... ১ ঔন্স।
একষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ২০ গ্রেণ।
লাইকর ফেরিপার সাল্‌ফেটিস ... ১ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য।

সাপোজিটারী।

২৩। ট্যানিক এসিড ... ... ½ ড্রাম।
পাল্‌ভ ওপিয়াই ... ... ১০ গ্রেণ।
অয়েল থিওব্রোমা ... যথা প্রয়োজন।

২৪। এসিড ট্যানিক ... ... ½ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম বেঞ্জোইন ... ... ৪০ গ্রেণ।

শ্বেত মোম	...	... ৭ গ্রেণ।
গ্লিসারিণ অব্ ষ্টার্চ	...	... ৮০ গ্রেণ।

১০টী সাপোজিটারী, রক্তস্রাবী বলিতে ব্যবহার্য্য।

(প্রঃ আর বার্থলো)।

২৫। একষ্ট্রাক্ট ক্রামারি	...	.. ৭ গ্রেণ।
মর্ফিয়া মিউরাস	...	... ৪ গ্রেণ।
অয়েল থিওব্রোমা	..	... যথা প্রয়োজন।

একটী সাপোজিটারী, বেদনাজনক বলিতে ব্যবহার্য্য। (ঐ)

২৬। একষ্ট্রাক্ট ষ্ট্র্যামোনিয়াই	...	১½—৩ গ্রেণ।
— ওপিয়াই	...	১½—৩ গ্রেণ।
কেকেযো বটাব	...	১০—২০ গ্রেণ।

দুইটী সাপোজিটাবী, রাত্রিতে শয়নকালে এক একটী গুহ্য-দ্বারে প্রবেশ করাইতে হইবে। (ঐ)

২৭। পাল্‌ভ আইডফরম	...	... ২০ গ্রেণ।
ওলিয়াই থিওব্রোমা	..	... ৩০ গ্রেণ।
কেকিও বটার	...	... ১ ঔন্স।

বেদনাদায়ক বলিব কুন্থনে উপযুক্ত স্থানিক প্রয়োগ।

২৮। গোয়া পাউডার	...	... ১৫ গ্রেণ।
আইডফরম	...	.. ৫ গ্রেণ।
একষ্ট্রাক্ট বেলাডনা	...	... ৮ গ্রেণ।
কোমল স্নাবান	...	... ১ ড্রাম।
ষ্টার্চ চূর্ণ	...	... যথা প্রয়োজন।

সাপোজিটারী প্রস্তুত করিয়া বেদনাজনক বলিতে ব্যবহার্য্য।

ধৌত করিবার জন্য লোশন।

২৯।	জিঙ্কাই সাল্‌ফ	... ...	৪ গ্রেণ।
	কার্ব্বলিক লোশন	... ..	২ ঔন্স।

বাহ্যিক বলিতে, ধৌত করিবার জন্য।

পিচকারী করিবার জন্য।

৩০।	টিং ক্রামাবিয়া	... ...	১ ড্রাম।
	মিউসিলেজ	... ...	২ ঔন্স।

ক্ষতযুক্ত বলিতে গুহ্যদ্বারে পিচকারী করিবার জন্য।

৩১।	একষ্ট্রাক্ট আর্গট লিকুইড	...	½ ড্রাম।
	একোয়া	... ...	½ ঔন্স।

পিচকারী করিবার জন্য।

(ডাঃ জে, ডবলিউ, সেম্পল)

৩২।	টিং হেমেমেলিস	...	২০—৩০ মিনিম।
	একোয়া	.. ..	১ ঔন্স।

রক্তস্রাবী আভ্যন্তরিক বলিতে পিচকারী করিবার জন্য।

৩৩।	এসিড ট্যানিক	..	২০—৩০ গ্রেণ।
	শীতল জল	... ...	৬ ঔন্স।

রক্তস্রাবী বলিতে গুহ্যদ্বারে পিচকারী করিবার জন্য।

Hydrocele, (হাইড্রসিল)।

একশিরা।

অণ্ডমধ্যে অথবা স্পার্ম্মাটিক কর্ড মধ্যে জল সঞ্চয়কে হাইড্রসিল কহে। ইহা ৬ প্রকার যথা—(১) ভেজাইন্যাল বা সাধারণ,

(২) কন্‌জেনিট্যাল বা আজন্মভব, (৩) এন্‌সিষ্টেড্, (৪) কাইলাস, (৫) বাইলোবিউলার, (৬) ডাইভার্টিকিউলার।

১। ভেজাইন্যাল বা সাধারণ হাইড্রসিল—টিউনিকা ভেজিনেলিসের থোলের মধ্যে জল সঞ্চয়কে ভেজাইন্যাল হাইড্রসিল কহে। জলের বর্ণ ঈষৎ হরিদ্রাভ কিন্তু পরিমাণে প্রায় ২০ ঔন্সের বেশী দেখা যায় না। ডাঃ কার্লি একটী রোগীর হাইড্রসিল হইতে ৫০ ঔন্স পর্য্যন্ত জল বাহির করিয়াছিলেন। এই প্রকারের হাইড্রসিলে অণ্ড প্রায় পশ্চাৎ ভাগে থাকে। অনেক সময় দেখা যায়, হাইড্রসিল দিবসে বড় হয় এবং রাত্রিতে ছোট হয়। অমাবস্যা ও পূর্ণিমাতে ইহার সচরাচর বৃদ্ধি দেখা যায়। এ রোগ সকল বয়সেই হইয়া থাকে, তবে মধ্য বয়সেই ইহা অধিক দেখা যায়। ইহা গ্রীষ্ম প্রধান দেশের একটী সাধারণ রোগ।

রোগ নির্ণয়—কখন কখন অন্ত্র বৃদ্ধিকে হাইড্রসিল বলিয়া ভ্রম হইতে পারে, কিন্তু অন্ত্রবৃদ্ধিতে রোগী কাশিলে ঐ স্থানে অর্থাৎ স্ক্রোটামে হাত দিলে তাহা অনুভব করিতে পারা যায়, কিন্তু হাইড্রসিলে ঐরূপ অনুভব করিতে পারা যায় না। হাইড্রসিলে ফ্ল্যাকচুয়েশন (ভিতরে তরল পদার্থের ধাক্কা) অনুভব হয়, কিন্তু হার্ণিয়া বা অন্ত্রবৃদ্ধিতে তাহা পাওয়া যায় না। অন্ত্রবৃদ্ধিতে অণ্ডকোষ অনুভব করিতে পাওয়া যায়, কিন্তু হাইড্রসিলে তাহা পাওয়া যায় না। হাইড্রসিলের স্ফীতি নিম্নভাগ হইতে বৃদ্ধি হইতে থাকে, কিন্তু হার্ণিয়াতে উপরদিক হইতে বৃদ্ধি হইতে থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

শিশুদিগের হাইড্রসিলে কখন কখন বাহিরে টিং আইওডিন প্রয়োগে ফল হইতে পারে। কিন্তু প্রাপ্ত বয়স্কদিগের বাহ্যিক ঔষধে কোনই ফল হয় না। ট্রোকার ক্যানিউলা দ্বারা জল

বাহির করিলে তখনই উপসম হয় বটে, কিন্তু কিছুদিন পরেই আবার জল সঞ্চিত হয়। একেবারে আরোগ্য করিতে হইলে, জল বাহির করিয়া টিং আইওডিনের পিচকারী দেওয়া আবশ্যক। ফার্ম্মাকোপিয়া অনুযায়ী টিং আইওডিন প্রস্তুত করিলে তত তেজস্কর হয় না, সুতরাং ১নং ব্যবস্থা পত্রানুযায়ী প্রস্তুত করিয়া উহার এক ড্রাম পিচকারী করা কর্ত্তব্য। টিং আইওডিন প্রয়োগ মাত্রই অত্যন্ত যন্ত্রণা হয়, কিন্তু ক্লোরফরম আঘ্রানে কোনও যন্ত্রণা অনুভব করিতে পারা যায় না। টিং আইওডিন প্রয়োগের পর ঐ স্থান প্রদাহযুক্ত হয়, কিন্তু উহা অল্প সময়েই উপসমিত হয় এবং হাইড্রসিলের থলি একেবারে রুদ্ধ হইয়া যায়। কেহ কেহ বিশুদ্ধ কার্ব্বলিক এসিড ৩০—৬০ মিনিম মাত্রায় পিচকারী দিতে বলেন, কিন্তু ইহা অত্যন্ত যন্ত্রণাদায়ক ও ইহাতে অন্যান্য আশঙ্কাও আছে। দুই দিকে হাইড্রসিল হইলে দুই দিকেই পিচকারী করা কর্ত্তব্য, ইহাতে প্রায়ই কৃতকার্য্যতা লাভ করিতে পারা যায়, ক্বচিৎ নিষ্ফল হইতে দেখা যায়। একবার পিচকারী প্রয়োগে রোগ আরোগ্য না হইলে, দ্বিতীয়বার পিচকারী করা কর্ত্তব্য। ষ্টিকিং প্ল্যাষ্টার দ্বারা ষ্ট্যাপিং করিলে কখন কখন হাইড্রসিল স্থিত সিরামের আচুষণ ক্রিয়ার সহায়তা করিতে পারা যায়।

কন্‌জেনিট্যাল বা আজন্মভব হাইড্রসিল—যে সকল শিশুদিগের জন্মাবধি উভয় অন্ত্রাবরণ ও টিউনিকা ভেজিনেলিসের মধ্যস্থিত গহ্বর অবরুদ্ধ হয় না, তাহাদিগেরই আজন্মভব হাইড্রসিল লক্ষিত হয়। ট্রস ব্যবহার করিলে এই প্রকারের হাইড্রসিল আরোগ্য হইতে পারে।

এন্‌সিষ্টেড্ হাইড্রসিল—এই প্রকারের হাইড্রসিলে টিউনিকা

ভেজিনেলিস বা টিউনিকা ভেজিনেলিসের থলের নিম্নস্থ এরিওলার বিধানে সতন্ত্র সিষ্ট উৎপন্ন হইয়া উহাতে জল সঞ্চিত হয়। সিষ্ট যতই বৰ্দ্ধিত হইতে থাকে, এপিডিডিমিস ততই চ্যাপ্টা ও এক পার্শ্বে সরিয়া যায় এবং অণ্ড উহার সম্মুখে বা নিম্নে দেখা যায়। ইহার মধ্যস্থিত জল বিবর্ণ ও পরিমাণে অতি অল্প থাকে। কখন কখন ইহার মধ্যে শুক্র বীজও দেখিতে পাওয়া যায়। ইহার চিকিৎসা ঠিক ভ্যাজাইন্যাল বা সাধারণ হাইড্রসিলের ন্যায়।

কাইলাস হাইড্রসিল—ফাইলেরিয়া স্যাঙ্গুইনিস হমিনিস নামক এক প্রকার কীট কর্তৃক অণ্ডের লিম্ফ্যাটিকগ্রন্থি ও ধমনীচয় অবরুদ্ধ হইয়া ইহা উৎপন্ন হয়। এই প্রকার হাইড্রসিলের মধ্যস্থিত সঞ্চিত তরল পদার্থ ঠিক দুগ্ধের ন্যায়, অনুবীক্ষণ যন্ত্রদ্বারা দেখিলে ইহার মধ্যে উভয় শ্বেত ও লোহিত রক্তকণা দেখিতে পাওয়া যায়। ইহার চিকিৎসাও সাধারণ হাইড্রসিলের ন্যায়। উহার মধ্যস্থিত তরল পদার্থ বাহির করিয়া পরে আইওডিনের পিচকারী করিলে আরোগ্য হইতে পারে।

ডাইভার্টিকিউলার হাইড্রসিল—কখন কখন টিউনিকা ভেজিনেলিস মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র বিভাগ থাকে, এই ক্ষুদ্র বিভাগ মধ্যে জল সঞ্চিত হইয়া ক্রমশঃ বৃদ্ধি হইলে তাহাকে ডাইভার্টিকিউলার হাইড্রসিল কহে। ইহার চিকিৎসা সাধারণ হাইড্রসিলের ন্যায়।

ব্যবস্থা পত্র।

১।	পটাশ আইওডাইড	...	... ১ ড্রাম;
	আইওডিন	...	... ৪০ গ্রেণ।
	রেক্টিফায়াড স্পিরিট	...	... ১ ঔন্স।

ট্যাপ করার পর ১ ড্রাম মাত্রায় পিচকারী দিতে হইবে।

(টি, বি, কার্লিং)

২। আইওডিন ... ... ২½ ড্রাম।
এল্‌কোহল ... ... ২ পাইণ্ট।
২ ড্রাম মাত্রায় পিচকারী দিতে হইবে।
(প্রঃ জেম্‌স্‌, সাইম, এফ্‌, আর্‌, এস্‌, ই,)

৩। টিং আইওডিন কোং ... ... ৩ ঔন্স।
ক্লোরফরম ... ... ২½ ঔন্স।
১—২ ড্রাম মাত্রায় পিচকারী দিতে হইবে।
(ডাঃ লুবিন)

৪। কোকেন মিউবাস ... ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

আইওডিন পিচকারী দিবার পূর্ব্বে ২০—৩০ মিনিম মাত্রায় থলিয়া মধ্যে পিচকারী দিতে হইবে। (প্রঃ পেরিয়ার)

৫। কার্ব্বলিক এসিড লোশন ... ১ পাবসেণ্ট।
১—২ ড্রাম মাত্রায় পিচকারী দিতে হইবে। (প্রঃ হুটার)
শিশুদিগেব হাইড্রসিল হইলে।

৬। এমন মিউবাস ... ২০—৩০ গ্রেণ।
লার্ড ... ... ১ ঔন্স।

তিন সপ্তাহ পর্য্যন্ত প্রত্যহ তিনবাব হাইড্রসিলের উপর মালীষ করিতে হইবে। (প্রঃ ডি, হেস্‌ এগনিউ)

Hydrophobia হাইড্রোফোবিয়া।

জলাতঙ্ক।

ক্ষিপ্ত কুকুর, শৃগাল, বিড়াল ও ব্যাঘ্রের দংশন জন্য রক্ত বিষাক্ততা হেতু যে রোগ উৎপন্ন হয় তাহাকে হাইড্রোফোবিয়া বা

জলাতঙ্ক রোগ কহে। এই রোগের শেষাবস্থায় জল দেখিলে আতঙ্ক উপস্থিত হয় বলিয়া, ইহাকে দেশীয় ভাষায় জলাতঙ্ক রোগ কহে। উপরোক্ত মত্ত বা ক্ষিপ্ত জন্তু বিশেষের দংশন ব্যতীত উহাদিগের মুখ নিঃসৃত লালা বা উহাদের রক্ত মনুষ্য শরীরে কোনরূপে প্রবিষ্ট হইলেও এই বোগ জন্মিতে পাবে। এমনও দেখা গিবাছে যে ক্ষিপ্ত কুকুবে গা চাটিযাছে মাত্র কিন্তু দংশন করে নাই তত্রাচ ঐ ব্যক্তিব জলাতঙ্ক বোগ জন্মিয়াছে। ইহাতেই স্পষ্ট প্রতীয়মান হইবে যে, উহাদেব মুখ নিঃসৃত লালাতেই ঐ বিষ নির্গত হইযা থাকে। অনেক সময সুস্থ কুকুবেব দংশনেও এই বোগ জন্মিতে দেখা গিযাছে, কিন্তু বাস্তবিক দেখিতে গেলে উহারা সুস্থ নহে। যদিও মত্ততাব কোন লক্ষণ প্রকাশ পায় নাই বটে, তত্রাচ উহাদেব শবীবে এই বোগেব বিষ উৎপন্ন হইয়াছে।

স্ত্রীলোক অপেক্ষা পুরুষ ও শিশু এই বোগে অধিক আক্রান্ত হইতে দেখা গিযাছে।

গুপ্তাবস্থা—কিছু দিন পর্য্যন্ত এই হাইড্রোফোবিযা বিষ গুপ্তাবস্থায় থাকে। সচবাচব দংশনের ৬ অথবা ৭ সপ্তাহ পরে এই বোগের লক্ষণ প্রকাশিত হইতে দেখা যায়। কখন কখন ৬ মাস, ৯ মাস এবং এক বৎসব পবে উহাব লক্ষণ লক্ষিত হইয়াছে। কোন কোন স্থলে এই গুপ্তাবস্থা অতি দীর্ঘকাল অর্থাৎ দশ বৎসর পর্য্যন্ত থাকিতে দেখা গিয়াছে। আবার কখন কখন ১২ দিবসের অধিক স্থায়ী হইতে দেখা যায় নাই।

লক্ষণ—গুপ্তাবস্থায় প্রায় কোন লক্ষণই দৃষ্ট হয় না। কখন কখন দষ্ট স্থানে বেদনা অনুভব হয় বটে, কিন্তু অধিকাংশ রোগী কোন অসুস্থতাই অনুভব করে না। আক্রমণের প্রথম বা সূচনাবস্থায় প্রায়ই কোন স্থানিক লক্ষণ দৃষ্ট হয় না, কিন্তু কখন কখন

ক্ষত স্থানে বেদনা অনুভব হয় এবং কচিৎ ঐ স্থানের প্রবল প্রদাহ দৃষ্ট হইয়া থাকে। আক্রমণ অবস্থায় প্রথমে রোগী অসুস্থতা, মানসিক অবসাদন, অনিদ্রা এবং তরল বস্তু গলাধঃকরণে কষ্ট অনুভব করে। গলাধঃকরণ মাত্রেই এমন আক্ষেপ উপস্থিত হয়, যে রোগী শ্বাস লইতে বা ফেলিতে কষ্ট অনুভব করে। মুখের লালা মুখেই থাকিয়া যায। রোগী গলাধঃকরণ করিতে কিছুতেই সমর্থ হয় না এবং অবশেষে মুখ হইতে অনবরত লালা নির্গত হইতে থাকে। যতই আক্ষেপের প্রাবল্য দৃষ্ট হয, ততই রোগীর মনে অত্যন্ত আতঙ্ক উপস্থিত হয। এমন কি জল স্পর্শ অথবা জলের নাম করিবামাত্র রোগীর ভয়ানক আতঙ্ক উপস্থিত হইয়া থাকে। কখন কখন জল দেখিবামাত্র অথবা বৃষ্টি জল পড়ার শব্দ শুনিবামাত্র রোগী চমকিয়া উঠে। ইহা ব্যতীত গাত্রে বাতাস লাগিলে অথবা বিদ্যুতের আভা লাগিলেও আতঙ্ক উপস্থিত হইয়া থাকে। আক্ষেপ ক্রমশঃ শ্বাসপ্রশ্বাস কার্য্যনির্ব্বাহক পেশীনিচয়ে আবদ্ধ না থাকিয়া সমস্ত শরীরের পেশী আক্রমণ করিতে পারে এবং তজ্জন্য মোহ এবং কম্পনও দৃষ্ট হইয়া থাকে। অবশেষে আতঙ্কে রোগী তাহার নিকটবর্ত্তী ব্যক্তিকে দংশন করিতে উদ্যত হয়, এবং মুখ হইতে অনবরত লালা পড়িতে থাকে। রোগীকে এই অবস্থায় কুকুরের ন্যায় শব্দ করিতে দেখা যায়, এবং কুকুর দেখিলে যন্ত্রণার আরও বৃদ্ধি হয়। রোগী অনবরত প্রলাপ বকিতে থাকে এবং তৎসঙ্গে সঙ্গে শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় পেশীর আক্ষেপ ও কখন কখন সমস্ত শরীরের আক্ষেপ ও কম্পন উপস্থিত হয়। সচরাচর দৈহিক উত্তাপ ১০০, ১০১ ডিগ্রি পর্য্যন্ত হয় এবং কখন কখন উপরোক্ত লক্ষণসহ বমনও দৃষ্ট হয়।

মূত্রে এল্‌বিউমেন এবং কোন কোন স্থলে শর্করা দেখিতে পাওয়া যায়।

জলাতঙ্কের স্থিতি—এই রোগ এক দিবস হইতে ৪ দিবস পর্য্যন্ত থাকে, কিন্তু কখন কখন ৬।৮।১০ দিবস পর্য্যন্ত স্থায়ী হয়।

ভাবীফল—ইহার ভাবীফল প্রায়ই অশুভ।

চিকিৎসা বিষয়ক টীকা।

ক্ষিপ্ত কুকুরে দংশন করিয়াছে বলিয়া সন্দেহ হইলে, ক্ষত স্থানের উপর তৎক্ষণাৎ একটী বন্ধন দিয়া ক্ষত ধৌত করতঃ, উহার চতুস্পার্শ ছুরিকা দ্বারা কর্ত্তন করিয়া খানিকটা রক্ত নির্গত করিয়া দিবে। অতঃপর কষ্টিক পেন্‌সিল দিয়া পোড়াইয়া দেওয়া কর্ত্তব্য। রোগী ২।১ দিন পর চিকিৎসাধীনে আসিলে, নাইট্রিক এসিড কি হাইড্রক্লোরিক এসিড কি কার্ব্বলিক এসিড দ্বারা ক্ষতস্থান পোড়াইয়া দেওয়াই ভাল। ইহার পরে, ইউরোপের সুপ্রসিদ্ধ রসায়নবিদ পণ্ডিত মৃত মহাত্মা প্যাষ্টিওয়ের প্রতিবোধক প্রনালী অনুসারে চিকিৎসা করাই উচিত। কিন্তু দুঃখের বিষয় এই যে, ভারতবর্ষে এপর্য্যন্ত সে প্রথা প্রচলিত হয় নাই। মৃত মহাত্মা প্যাষ্টিওয়ের এই নূতন চিকিৎসা প্রথা দ্বারা অনেক লোক অকালে কালগ্রাসে পতন হইতে রক্ষা পাইয়াছেন। মৃত মহাত্মা প্যাষ্টিওর প্রথমে একটি মৃত ক্ষিপ্ত কুকুরের কশেরুকা মজ্জার কিয়দংশ শুষ্ক করিয়া চূর্ণ করেন পরে জলসহ মিশ্রিত করিয়া একটি ইন্দুরের শরীরে উহা প্রবেশ করান; ঐরূপ করিলে পর ২।১ দিন মধ্যে ঐ ইন্দুর হাইড্রফোবিয়া রোগাক্রান্ত হয়। পরদিন ঐরূপ ভাবে আর একটি ইন্দুরের শরীরে উক্ত কশেরুকার কিয়দংশ প্রবেশ করান। এইরূপে ক্রমান্বয়ে ৯ দিন ৯টী ইন্দুরের শরীরে ঐ কশেরুকা মজ্জা প্রবেশ করাইয়া দেখনে যে, ৮ দিবস পর

হাইড্রফোবিয়া বিষ ঐরূপে অন্ত ইন্দুবের শরীরে প্রবেশ করাইলে আর ঐ রোগ উৎপন্ন হয় না। প্রথম দিবসের পরেই হাইড্র-ফোবিয়া বিষ ক্রমশঃ ক্ষীণ হইতে থাকে এবং তাহার হাইড্র-ফোবিয়া প্রবলরূপে আব উৎপন্ন হইতে পাবে না। ৮ দিবস পর্য্যন্ত হাইড্রফোবিয়াব সামান্য লক্ষণ দৃষ্ট হয বটে, কিন্তু ৯ দিবসে আর কিছুই দৃষ্ট হয় না। ইহা হইতে তিনি এই সিদ্ধান্ত কবেন, যে যদি ক্ষীণ বিষ ক্ষিপ্তকুকুবদষ্ট মনুষ্য শবীরে উপর্য্যুপবি প্রবেশ কবান যায়, তাহা হইলে হাইড্রফোবিয়া হইতে রক্ষা কবা যাইতে পাবে। এই স্থিব কবিযা তিনি ক্ষিপ্তকুকুরে দংশন কবিয়াছে এমৎ মনুষ্যেব শবীবে ঐ মৃত কুকুবেব বা ইন্দুবের কশেরুকা মজ্জার ক্ষীণ বিষ প্রবেশ কবাইতে লাগিলেন, এবং শেষে দেখিলেন উহাদেব মধ্যে অনেকেই আব হাইড্রফোবিয়া রোগাক্রান্ত হইল না। প্যাষ্টিওযেব এই প্রথা এক্ষণে সমস্ত ইউবোপে প্রচলিত হইযাছে।

ঔষধের মধ্যে অবসাদক ঔষধ যথা—ক্লোবাল এবং মর্ফাইন সদাসর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। ডাঃ নিকোলাস্ বলেন, একটি বোগী মর্ফাইন এবং ক্যালেবাববিন একত্রে ব্যবহাবে আশ্চর্য্য রূপে আবোগ্য হইযাছে। ডাঃ স্যান্‌সম্ বলেন, কেবল ক্লোরাল ব্যবহারে একটি বোগীকে ১০ দিবস পর্য্যন্ত বাঁচাইয়া রাখিয়া-ছিলেন। মর্ফাইন সেবন কবিতে না দিয়া, ত্বকনিম্নে পিচকাবী ব্যবহার কবাই কর্ত্তব্য। আক্ষেপ নিবাবণেব জন্য, ক্লোরফরম বাষ্প আঘ্রাণ ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যতীত ক্যানাবিশ ইণ্ডিকা অনেকে ব্যবহার কবেন বটে, কিন্তু উহা উপরোক্ত ঔষধদ্বয় অপেক্ষা উৎকৃষ্ট নহে। মেরুদণ্ডের উপর শৈত্য প্রয়োগ সময়ে সময়ে বিশেষ উপকারী।

এই রোগে রোগীকে সম্পূর্ণ বিশ্রামে রাখা উচিত এবং অন্য কোন লোককে তথায় যাইতে দেওয়া উচিত নহে। সামান্য গোলমালে রোগীর আক্ষেপ বৃদ্ধি হইবার সম্ভাবনা, তজ্জন্য রোগীকে একটী অন্ধকার গৃহে রাখিয়া এক জন মাত্র শুশ্রূষা-কারীকে তাহার নিকট রাখা কর্ত্তব্য। সরলান্ত্রে পিচকারী দ্বারা পথ্য দেওয়া উচিত। নিকটবর্ত্তী লোকের বিশেষ সতর্কতার সহিত থাকা উচিত। যাহাদের হস্তে কোনরূপ ক্ষত থাকে তাহা-দিগকে শুশ্রূষার জন্য নিকটে রাখা কোন মতেই বিধেয় নহে। রোগীর মুখ নিঃসৃত লালা হস্ত ইত্যাদিতে না লাগে তদ্বিষয়ে বিশেষ সাবধান হওয়া উচিত। দুরুহ অবস্থায় রোগী আত্মীয় স্বজনকে দংশন করিতে উদ্যত হইয়া থাকে, সুতরাং রোগীকে বিশেষ সতর্কের সহিত একস্থানে আট্‌কাইয়া রাখা কর্ত্তব্য।

ঔষধ বিষয়ক টীকা।

এমিল নাইট্রেট—ডাঃ ক্লিম্যান ইহার বাষ্পাঘ্রাণ ব্যবহার করিয়া একটি রোগীতে বিশেষ ফল পাইযাছেন।

বেলাডনা—ডাঃ কিচেন্‌স্কি বলেন যে, তিনি ২ দিবসে ১৬০ গ্রেণ বেলাডনা পত্র চূর্ণ ব্যবহার করিয়া একটী রোগীকে আরোগ্য করিয়াছেন।

ক্যাম্ফর—কেহ কেহ মনব্রমেট অব্‌ ক্যাম্ফরের বিশেষ প্রশংসা করেন।

ক্যানাবিশ ইণ্ডিকা—প্রঃ পোলী বলেন যদিও ইহা দ্বারা রোগ আরোগ্য না হউক, কিন্তু উহা উপশম হইয়া থাকে।

ক্লোরাল হাইড্রাস—ইহা পূর্ণ মাত্রায় ব্যবহার করা কর্ত্তব্য। সেবন করিতে না পারিলে, সরলান্ত্রে পিচকারী দ্বারা প্রয়োগ করা উচিত।

ক্লোরফরম—ডাঃ হেনরি হার্টসোরণ ইহার বাষ্পাঘ্রানের বিশেষ প্রশংসা করেন।

হাইড্রার্জিরাই সাব্‌ক্লোরাইড—মিঃ ম্যাকিরিডি ইহার ধূম গ্রহণ দ্বারা একটী রোগী আরোগ্য করিয়াছেন।

অক্সিজেন—ডাঃ ল্যাস্কেভিচ্ বলেন যে, তিনি ইহার বাষ্প দ্বারা অনেক হাইড্রফোবিয়া রোগীর আক্ষেপ ও শ্বাসকৃচ্ছ্রতা উপ-শম করিয়াছেন।

পেপ্‌সিন—ডাঃ এ, ভি, ফর্গে বলেন যে, দংশন মাত্র ইহা ক্ষত স্থানে প্রয়োগে বিষ নষ্ট কবিতে পারে।

পটাশ ব্রোমাইড—ইহা ক্লোরাল হাইড্রাস সহ অবাধে ব্যবহার করা যাইতে পারে।

উরেরা বা ক্রুরেরা—ইহা একটী ভয়ানক তীক্ষ্ণ বিষ। মিঃ মস্ নিম্নলিখিত ব্যবস্থামত পিচকারী প্রয়োগে ফল পাইয়াছেন।

কিউরেরা	...	১ গ্রেণ।
জল	...	১২ মিনিম।

দ্রব কবিয়া ৪৮ ঘণ্টান্তর ফিল্‌টাব করত: ২ ৩ মিনিম মাত্রায় ত্বকনিম্নে পিচকারি দ্বারা প্রয়োগ কবিতে হইবে। কিউ-রেরা কখন হস্তদ্বারা স্পর্শ করা উচিত নহে, কারণ ইহা অতি তীক্ষ্ণ বিষ সুতরাং অত্যন্ত সতর্কতার সহিত ব্যবহার্য্য।

Insects bites of stings of.

ইন্‌সেক্টস্ বাইটস্ এবং ষ্টিংস্ অব্।

মৌমাছি, বোল্‌তা, ভীমরুল ইত্যাদি কীট পতঙ্গ দংশনে নানা প্রকার ঔষধ ব্যবহৃত হইয়া থাকে। ইংরাজি ঔষধ অপেক্ষা আমাদের দেশীয় ঔষধেই অনেক সময় উপকার সাধিত হইতে দেখা গিয়াছে। মৌমাছি দংশনে কালকাসন্দার পাতার রস অথবা গুড়ক তামাক সদ্য সদ্য যন্ত্রণা নিবারক। বিছার কামড়ে পেঁজের রস অতি উৎকৃষ্ট ঔষধ। ভীমরুলের কামড়ে কালকাসন্দা বা চাকুন্দে পাতার রস অতীব ফলপ্রদ। ডাক্তারী ঔষধের মধ্যে স্পিরিট্ অব্ এমনিয়া, লডেনাম, ভিনিগার, টিং ক্যাম্ফর, ইউডিকোলন, লাইম ওয়াটার এবং ইথার অতীব ফলপ্রদ। গুড়ুক তামাকের পরিবর্ত্তে টিং লোবিলিয়া প্রয়োগে তৎক্ষণাৎ যন্ত্রণার উপশম হয়। এতদ্ব্যতীত এসিটেট অব্ লেড্ লোশন অথবা ১ ঔন্স অলিভ অয়েলে ১ ড্রাম কার্ব্বলিক এসিড মিশ্রিত করিয়া প্রয়োগে অনেক সময় উপকার দৃষ্ট হয়।

ডাঃ উইলিয়াম টেবি বলেন যে, মনুষ্যমূত্র বিষাক্ত কীট পতঙ্গাদির দংশনের একটী উত্তম ঔষধ। ডাঃ আব্‌থাং জেলেসি বলেন, বিছা বা অন্যান্য বিষাক্ত কীট দংশনে পটাশ পারম্যান-গেনাস ১ ভাগ, ১০০ ভাগ জলে দ্রব করিয়া প্রয়োগ অতীব ফলপ্রদ। আবার কেহ কেহ বিছার কামড়ে সোডা বা এমনিয়া দ্রব ব্যবহার করিতে বলেন।

Inflamation, (ইন্‌ফ্লেমেশন)।

প্রদাহ।

প্রদাহ ৮ প্রকার যথা—(১) কেটারাল বা শ্লৈষ্মিক (২) ক্রুপাস অথবা ফাইব্রিনাস অর্থাৎ যে সকল প্রদাহে শ্লৈষ্মিক ঝিল্লির উপর প্রদাহহেতু রস নিঃসৃত হইয়া পরে সংযমিত হয় তাহাকে ক্রুপাস প্রদাহ কহে। সেইরূপ সিরাস বা সিরাম নিঃসরণকারী ঝিল্লির এবং সূত্রনির্ম্মিত সংযোগিক বিধানের প্রদাহকে ফাইব্রিনাস প্রদাহ কহে। (৩) প্যারেঙ্কাইমেটাস্ অথবা যে কোন যন্ত্রের বা গঠনের বিশেষ প্রদাহ। (৪) ফ্লেগ্‌মোনাস অর্থাৎ যে মধ্যবর্ত্তী প্রবল প্রদাহে পূয়োৎপত্তি হয় তাহাকে ফ্লেগ্‌-মোনাস প্রদাহ কহে। (৫) ইন্‌ডিউবেটিভ অর্থাৎ যে প্রদাহে যন্ত্রমধ্যে নূতন সংযোগিক বিধান গঠিত হয়। (৬) স্ক্রফিউলাস অর্থাৎ যে প্রদাহ জীর্ণ ও শীর্ণ ব্যক্তিতে দেখা যায় ও যাহা সামান্য অঘাত বশতঃ উৎপন্ন হইয়া থাকে এবং একবার হইলে সহজে আরোগ্য হয় না সেই প্রকারের প্রদাহকে স্ক্রফিউলাস প্রদাহ কহে। (৭) ইনফেক্‌টিভ-রক্তে অন্য কোন রোগের বীজ বা বিষ প্রবেশ করিয়া যে প্রদাহ উৎপন্ন করে, তাহাকে ইনফেক্‌টিউবা স্পর্শাক্রমক প্রদাহ কহে। (৮) ক্রনিক বা পুরাতন।

কারণ—অধিকাংশ স্থলে আঘাত বা উত্তাপের হ্রাস বা বৃদ্ধি অথবা অম্ল, ক্ষার বা অন্যান্য তীক্ষ্ণ বা তীব্র পদার্থের সংস্পর্শ বশতঃ প্রদাহ উৎপন্ন হইয়া থাকে। এতদ্ব্যতীত শারীরিক কোন অংশে পুরিপুষ্টির ব্যতিক্রম বশতঃ বা স্নায়ুশিরার বিকৃতা-বস্থা বা ক্রিয়া বৈলক্ষণ্যহেতু অথবা রক্ত বিষাক্ততা জন্যও অনেক স্থলে প্রদাহ উৎপন্ন হইতে দেখা যায়। কিন্তু কখন কখন বিশেষ কোন কারণ না থাকিলেও প্রদাহ উৎপন্ন হইয়া থাকে।

লক্ষণ—প্রদাহ মাত্রেই রক্তাধিক্য, স্ফীততা, সটানতা, উত্তাপ, বেদনা, শ্লেষ্মা, সিরাম ও লিম্ফ নিঃসরণ ও পূয়োৎপত্তি ইত্যাদি চাক্ষুষ লক্ষণ লক্ষিত হয়। প্রদাহের লক্ষণগুলিকে দুইভাগে বিভক্ত করা যাইতে পারে যথা—(১) স্থানিক (২) দৈহিক ও সার্ব্বাঙ্গিক।

স্থানিক লক্ষণগুলিকে আবার পাঁচ শ্রেণীতে বিভক্ত করা যাইতে পাবে যথা—(১) বর্ণেব পবিবর্ত্তন। (২) আকারের পবিবর্ত্তন। (৩) বেদনানুভব। (৪) উত্তাপেব বৃদ্ধি। (৫) ক্রিয়া বৈষম্য।

বর্ণের পবিবর্ত্তন—প্রায় সমস্ত প্রদাহে প্রাদাহিক স্থান বক্তবর্ণ হয়। চক্ষের কঞ্জাংটাইভা বা শৈষ্মিক ঝিল্লি যাহা স্বভাবতঃ বিবর্ণ বা বর্ণহীন থাকে, তাহা প্রদাহাবস্থায় ঘোব বক্তবর্ণ হইয়া উঠে। এই বক্তবর্ণেব কাবণ অনুসন্ধান কবিতে গেলে দেখা যায় যে, উহা ঐ স্থানেব বক্তবহা ধমনীব প্রসাবণ এবং ধমনী মধ্যে রক্তকনাব বৃদ্ধি বশতঃ উৎপন্ন হইযা থাকে। কিন্তু কোন কোন স্থানেব প্রদাহে প্রাদাহিক স্থান বক্তবর্ণ হয় না। যথা—আইবিস প্রদাহ, মূত্রাশয প্রদাহ এবং অন্ত্রেব কোন কোন অংশের প্রদাহে।

আকাবেব পবিবর্ত্তন—প্রায সকল প্রকাবেব প্রদাহে প্রাদাহিক স্থানেব আকাবের পবিবর্ত্তন অর্থাৎ স্ফীততা দৃষ্ট হইয়া থাকে। উপবোক্ত পবিবর্ত্তন ঐ স্থানের বক্তাধিক্য ও লাইকর স্যাঙ্গুইনিস এবং শ্বেত কনাব নিঃসবণ বশতঃ হইয়া থাকে।

বেদনানুভব—প্রাদাহিক স্থানের প্রসারিত ধমনী কর্ত্তৃক স্নায়ুশীরার সঙ্কাপন বশতঃ প্রদাহে বেদনানুভব হইয়া থাকে। স্থান ও অবস্থা বিশেষে বেদনার হ্রাস ও বৃদ্ধি দেখা যায়। যে

সকল স্থান বা বিধান অধিক স্ফীত বা প্রসারিত হইতে পারে না সেই সকল স্থানেই বেদনা অধিক হয়। অস্থির প্রদাহে অসহ্য বেদনা হইয়া থাকে, কিন্তু অন্ত্রাবরণের কোন কোন প্রাদাহিক অবস্থায় আদৌ বেদনা অনুভব হয় না। চক্ষুর ও কর্ণের প্রদাহ বিশেষে আলোক দৃষ্ট ও শব্দ শ্রুত হয়। মূত্রাশয়ের প্রদাহে বেদনার পরিবর্ত্তে মূত্রত্যাগেচ্ছা এবং সরলান্ত্রের প্রদাহে মল-ত্যাগেচ্ছা বলবতী হয়। প্রদাহ বিশেষে বেদনাও বিভিন্ন প্রকারের হইয়া থাকে। যথা—শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে অধিক জ্বালা হইয়া থাকে। বক্ষের ও উদরের সিরাম নিঃসারক ঝিল্লির প্রদাহে যথা—প্লুরিসি বা পার্শ্ব বেদনায় ছুরিকা বা সূচবিদ্ধনবৎ বেদনা হইয়া থাকে। অস্থির প্রদাহে অত্যন্ত ফাট্‌ফোট বা অস্থিবিদারক বেদনা হইয়া থাকে। স্ফোটক বা পূয়োৎপাদনে দপদপে বেদনা এবং অণ্ড ও মূত্র যন্ত্রের প্রদাহে বেদনাসহ বমনোদ্রেক হইতে দেখা যায়।

উত্তাপের বৃদ্ধি—প্রায় সকল প্রকার প্রদাহেই উত্তাপের বৃদ্ধি হইতে দেখা যায়।

ক্রিয়া বৈষম্য—স্থান বিশেষের প্রদাহে ক্রিয়ার বৈলক্ষণ্য ঘটিয়া থাকে যথা—চক্ষুর প্রদাহে আলোকাসহ্যতা, মূত্রাশয়ের প্রদাহে মূত্র ধারণে অসমর্থতা, মূত্রনালীর প্রদাহে মূত্রনালী হইতে স্রাব ইত্যাদি দৃষ্ট হয়।

দৈহিক বা সার্ব্বাঙ্গিক লক্ষণ—দৈহিক লক্ষণের মধ্যে জ্বরই সর্ব্ব প্রধান। প্রত্যেক প্রদাহেই একটু না একটু জ্বর দৃষ্ট হইয়া থাকে। জ্বরের পূর্ব্বে প্রায়ই কম্প হয় এবং উত্তাপ ১০০ বা ১০৩ ডিগ্রি হয়। নাড়ী প্রায় মোটা থাকে, জিহ্বা লেপযুক্ত হয়,

কোষ্ঠ প্রায়ই আবদ্ধ থাকে ও প্রস্রাব রক্তবর্ণ দেখা যায়। জ্বর কালে পিপসা অত্যন্ত বর্ত্তমান থাকে এবং জ্বর ত্যাগে ঘর্ম্ম হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রদাহের চিকিৎসাকে দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। যথা—দৈহিক বা সার্ব্বাঙ্গিক এবং স্থানিক।

স্থান ও অবস্থাভেদে দৈহিক চিকিৎসাব বিশেষ বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। মস্তিষ্কের ও মস্তিষ্কের আববণ ঝিল্লির, চক্ষুর, কর্ণেব, গলদেশের, শ্বাসযন্ত্রাদিব, যকৃতেব, ত্বক ও সন্ধির প্রদাহে বিরেচক ঔষধ অতীব প্রয়োজনীয়। কিন্তু পাকাশয়ের, অন্ত্রের, অন্ত্রাববণেব, মূত্রাশযেব, ষ্ট্র্যাঙ্গুলেটেড হার্ণিয়ার ও অন্ত্রের আঘাত জনিত প্রদাহে বিবেচক ঔষধ অপকাবী। বাহ্যিক প্রদাহে অন্যান্য বিবেচক ঔষধ অপেক্ষা ম্যাগ্নেশিয়া সাল্‌ফ ও ইন্‌ফিউশন সেনা বিশেষ উপকাবী। কিন্তু ইহা অপেক্ষাও সরলান্ত্রে এনিমা বা পিচকাবী আশু ফলপ্রদ। সৌত্রিক বিধানের প্রদাহে, সাইনোভাইটিসে, হৃদপিণ্ড প্রদাহে, ধমনী প্রদাহে, যকৃৎ প্রদাহে, প্লীহা প্রদাহে, অস্থি প্রদাহে, লেরিংস প্রদাহে, অণ্ড প্রদাহে, আইবাইটিসে এবং সিফিলিস জনিত প্রদাহে মার্কারী সংক্রান্ত ঔষধ বিশেষ উপকাবী। যদি ত্বক আর্দ্র ও নাড়ী কোমল থাকে, তাহা হইলে মার্কারী ব্যবস্থা করা উচিত নহে। মার্কাবীব অন্যান্য প্রয়োগ রূপের মধ্যে ক্যালমেল ৩—৫ গ্রেণ মাত্রায় উৎকৃষ্ট ঔষধ। যদি ত্বক শুষ্ক থাকে তাহা হইলে উহার সহিত টার্টার এমেটিক ইপিকাক অথবা ডোভার্স পাউডার দেওয়া কর্ত্তব্য। রক্তাল্পতা বা স্ক্রফিউলা বর্ত্তমান থাকিলে মার্কারী সংযুক্ত ঔষধ দেওয়া কর্ত্তব্য নহে।

কখন কখন শিরঃপীড়া, অসুস্থতা, বেদনা, বিবমিষা বা পাক-

স্থানীয় উত্তেজনা বর্ত্তমান থাকিলে, বমনকারক ঔষধ দেওয়া যাইতে পারে। কিন্তু মস্তিষ্কের ও হৃদপিণ্ডের পীড়া, হার্ণিয়া, অস্থিভঙ্গ এবং সন্ধি বিতান ইত্যাদির প্রদাহে, বমনকারক ঔষধ দেওয়া নিষিদ্ধ।

বলিষ্ঠ লোকের শ্বাস যন্ত্রাদির, সন্ধির ও সৌত্রিক গঠন সমূহের প্রদাহে অবসাদক ঔষধ দেওয়া যাইতে পারে। প্রদাহে ঘর্ম্ম-কারক ঔষধ বিশেষ প্রয়োজনীয় এবং উহাদের মধ্যে একোনাইট, লাইকর এমনি এসিটেটিস, ডোভার্স পাউডার, এবং টার্টার এমি-টিক সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। বিবমিষা, শুষ্কত্বক, অত্যন্ত পিপাসা এবং অস্থিরতা বর্ত্তমান থাকিলে, উচ্ছলনকারী ঘর্ম্মকারক ঔষধ অতি উত্তম। মূত্রকারক ঔষধের মধ্যে পটাশ নাইট্রাস এবং কল্‌চিকম যথেষ্ট উপকারী। বেদনা নিবারণের জন্য ওপিয়াম এবং উহার প্রয়োগরূপ, পটাশ ব্রোমাইড, ও ক্লোরাল হাইড্রাস সর্ব্বপ্রধান। বলকারক ঔষধের মধ্যে ব্রাণ্ডি বা হুইস্কি, কুইনাইন, টিং ষ্টিল ইত্যাদি অতীব ফলপ্রদ।

পুরাতন প্রদাহে আর্সেনিক, আয়রণ এবং কড্‌লিভার অয়েল অতি উত্তম। সৌত্রিক বিধানের পুরাতন প্রদাহে পটাশ আইও-ডাইড অতীব মুল্যবান। গাউট ও রিউম্যাটিজম্ জনিত প্রদাহে মার্কারী, কল্‌চিকাম ও সেলিসিলেট অব্ সোডা বিশেষ উপকারী।

প্রদাহের প্রথমাবস্থায় স্থানিক রক্ত মোক্ষণে অনেক সময় উপকার দর্শে। কিন্তু অন্যান্য প্রয়োগের মধ্যে শৈত্য প্রয়োগই অতি উত্তম উপায়। শীতল জল ও বরফ প্রয়োগে অনেক সময় স্থানিক রক্তাধিক্য দূরীভূত হয়। ইহা ব্যতীত লেড্, জিঙ্ক, সিল্‌ভার ও বিশমথ্ ইত্যাদি ধাতুর এবং লাবনিক প্রয়োগরূপের দ্রবও অতি প্রয়োজনীয় স্থানিক প্রয়োগ। প্রবল প্রদাহে বিশেষতঃ

আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহে উষ্ণ জল স্বেদ এবং পুলটিস প্রয়োগও অত্যন্ত উপকারী। উপরিস্থ গঠন সমূহের প্রদাহে কলোডিয়ান প্রয়োগে প্রভূত উপকার দর্শে।

পুরাতন প্রদাহে উত্তেজক ঔষধ যথা—আইওডিন, ক্যান্থারিস, নাইট্রেট অব্ সিল্‌ভার, সাল্‌ফেট অব্ কপার ইত্যাদি প্রয়োগ ব্যবহার্য্য।

ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট—ইহা একটী মূল্যবান প্রদাহ নিবারক ও অবসাদক ঔষধ। গাউট বা বাতজনিত প্রদাহে, আঘাতজনিত প্রাদাহিক জ্বরে, ইরিসিপেলাসে, গণবিয়ায়, আর্কাইটিসে, এবং মুত্রনালীতে, প্রদাহ হেতু জ্বরে, অতীব ফলদায়ক। কিন্তু অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে ইহা কদাচ ব্যবহার করা উচিত নহে।

বেলাডনা—ইহা একটী প্রদাহ প্রতিরোধক ঔষধ। প্রদাহ স্থানে স্থানিক প্রয়োগে বেদনার উপশম হয়।

কোকেন—স্ফোটক, পৃষ্ঠব্রণ ও ত্বকের প্রদাহে ইহা প্রয়োগে উপকার দর্শে।

ক্লোরাল হাইড্রাস—যে সকল প্রদাহে অত্যধিক দৈহিক উত্তাপ সহ প্রলাপ ও অস্থিরতা বর্ত্তমান থাকে, সেই সকল প্রদাহে ইহা ফলপ্রদ।

ডিজিটেলিস—প্রবল বা তরুণ প্রদাহের প্রথমাবস্থায়, অধিক মাত্রায় ব্যবহার্য্য। ইরিসিপেলাস এবং সন্ধি ও স্তনের তরুণ প্রদাহে, ইহা স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

জেলসিমাম—বলিষ্ঠ লোকের প্রদাহে, হৃদ্‌পিণ্ডের অবসাদকরূপে কেহ কেহ ব্যবহার করেন।

হাইড্রার্জিরাই—ইহার নানা প্রয়োগরূপ বিশেষতঃ ক্যালমেল, প্রদাহ নিবারকরূপে ব্যবহৃত হইয়া থাকে।

ইপিকাক্—ইহা অল্প মাত্রায় অবসাদকরূপে ব্যবহৃত হইয়া থাকে।

লাইকুর এমনি এসিটেটিস্—প্রবল বা তরুণ প্রদাহে ইহা বিশেষ উপকারী।

পটাশ এসিটাস—তরুণ প্রদাহে ইহা একটী মূল্যবান লাবণিক মূত্রকারকও ঘর্ম্মকারক ঔষধ।

পটাশ ব্রোমাইড—যদি প্রদাহ সহ অনিদ্রা ও স্নায়বিক এবং পাকস্থলীর উত্তেজনা বর্ত্তমান থাকে, তাহা হইলে ইহা বিশেষ উপকারী।

পটাশ নাইট্রাস—তরুণ প্রদাহে ইহা একটী বিশেষ উপকারী ঘর্ম্ম কারক ও মূত্রকারক ঔষধ।

ভিরাট্রাম ভিরিডি—গুরুতর আঘাত জনিত প্রদাহে, কেহ কেহ অবসাদকরূপে ইহা ব্যবহার করিতে বলেন।

অন্যান্য স্থানিক প্রয়োগ।

শীতল জল বা বরফ প্রয়োগ, উষ্ণ জল স্বেদ, উষ্ণ জল সহ তার্পিন বা তার্পিন ও ওপিয়াম স্বেদ, তিসির পুল্‌টিস্, গমের ভুষির পুল্‌টিস্, ময়দার পুল্‌টিস্, সুজির পুল্‌টিস, কয়লার গুড়ার পুলটিস ইত্যাদি।

স্থানিক প্রয়োগ।

শীতল ইভেপোরেটিং এবং সঙ্কোচক লোশন।

১।	পটাশ নাইট্রাস	... ...	½ ঔন্স।
	এমন মিউরাস	... ...	২ ড্রাম।
	ভিনিগার	... ...	১½ ঔন্স।

প্রাদাহিক স্থানে প্রয়োগ করিবার জন্য। (ডাঃ ন্যাকি)

২। এমন মিউরাস ... ... ২ ড্রাম।
ভিনিগার ... ... ২ ড্রাম।
জল ... ... ১ পাইণ্ট।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩। এমন ক্লোরাইড ... ... ৫ ড্রাম।
এসিড সাইট্রিক ... ... ১০ ড্রাম।
এল্‌কোহল ... .. ১০ ড্রাম।
একোয়া ... ... ১০ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (লণ্ডন হাঁসপাতাল)

৪। লাইকর প্লম্বাই সাব্‌ এসিটেটিস ... ২ ড্রাম।
একোয়া ... ... ১ পাইণ্ট।
স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ এস্‌, ডি, গ্রস্‌)

৫। লাইকর প্লম্বাই সাব এসিটেটিস ... ১ ড্রাম।
এল্‌কোহল .. .. ৬ ড্রাম।
এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ১০ গ্রেণ।
একোয়া ... ... ১০ ঔন্স।
সঙ্কোচক এবং অবসাদক স্থানিক প্রয়োগ। (ডাঃ ন্যাফি)

৬। লাইকর প্লম্বাই সাব্‌ এসিটেটিস ডিল্‌ ১২ ঔন্স।
এক্‌ষ্ট্রাক্ট কোনিয়াই ... ... ২ ড্রাম।
শীতল এবং বেদনা নিবারক লোশন। (ঐ)

৭। এসিড ট্যানিক ... ... ১ ড্রাম।
টিং ওপিয়াই ... ... ২ ড্রাম।
একোয়া ... ... ৬ ঔন্স।
সঙ্কোচক এবং অবসাদক লোশন

৮। লাইকর এমনি এসিটেটিস ... ১/২ ঔন্স।
একোয়া ... ... ৭১/২ ঔন্স।
স্নিগ্ধকারী লোশনরূপে প্রয়োজ্য।

৯। সোলিউশন আর্জেন্টাই নাইট্রাস (২০—৪০ গ্রেণ—১ঔন্স) জল

প্রাদাহিক স্থানে প্রযোগ করিবার জন্য।

১০। একষ্ট্রাক্ট বেলাডনা ... ... ২ ড্রাম।
গ্লিসাবিন ... ... ২ ড্রাম।
স্থানিক প্রয়োগ কবিবাব জন্য।

১১। এমন ক্লোবাইড ... ... ২১/২ ড্রাম।
ক্যাম্ফব ... ... ৪০ গ্রেণ।
সেপ্‌নিস্ ... .. ১১/২ ড্রাম।
এল্‌কোহল ডাইলিউট্ ... ... ৫ ঔন্স।
বেদনাজনক প্রাদাহিক সন্ধিতে প্রয়োগ কবিবার জন্য।

১২। এমন ক্লোবাইড্ .. . ২ ড্রাম।
রেক্‌টিফায়াড স্পিরিট ... ... ২ ঔন্স।
একোয়া ... ... ২ ঔন্স।
স্প্রেন, ব্রুজেস্, অর্কাইটিস্ এবং বাহ্যিক স্থানিক প্রদাহে উত্তম স্নিগ্ধকারক প্রয়োগ।

১৩। আর্ণিকা ফ্লোবিস ... ... ১ ঔন্স।
উত্তপ্ত জল ... ... ১ পাইণ্ট।
স্প্রেনে স্থানিক প্রয়োগের জন্য।

১৪। টিং আর্ণিকা ... ... ২ ঔন্স।
একোয়া ... ... ১০ ঔন্স।
স্প্রেনেব প্রদাহে স্থানিক প্রয়োজ্য।

১৫। টিং আইওডিন ... ... ৪ ড্রাম।

পুরাতন প্রদাহে প্রযোজ্য।

১৬। এসিটাম ক্যান্থারাইডিস

অথবা লাইকর লিটি ... ... ১ ড্রাম।

পুরাতন প্রদাহে স্থানিক উত্তেজকরূপে প্রযোজ্য।

আভ্যন্তরিক ঔষধ।

১৭। লাইকর এমনি এসিটেটিস ... ১ ড্রাম।

স্পিরিট ইথার নাইট্রিক ২০—৩০ মিনিম।

টিং একোনাইট ... ... ১ মিনিম।

একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রবল প্রাদাহিক জ্বরে, অর্কাইটিস, গনরিয়া এবং ইউরিথ্রার প্রদাহজনিত জ্বরে প্রত্যেক মাত্রা দুই ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ এইচ, সি, উড্)

১৮। লাইকর এমনি এসিটেটিস্ ১—২ ড্রাম।

স্পিরিট ইথার নাইট্রিক ২০—৩০ মিনিম।

একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রবল প্রদাহে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

১৯। ভাইনম এণ্টিমনি ... ... ১০ মিনিম।

টিং হায়োসায়েমাস ... ... ½ ড্রাম।

লাইকর এমনি এসিটেটিস ১—২ ড্রাম।

একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, বলিষ্ঠ রোগীদিগের তরুণ প্রদাহে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ জে, এম্, ফদারগিল্)

২০। ক্লোর‍্যাল হাইড্রাস ... ১০—১৫ গ্রেণ।
টিং ওপিয়াই ... ... ১০ মিনিম।
একোয়া ক্যাম্ফর ... ... ১ ঔন্স।

একমাত্রা, বেদনা নিবারণের জন্য প্রত্যেক মাত্রা ছয় ঘণ্টান্তর সেব্য। (ঐ)

২১। পাল্ভ ওপিয়াই ... ১/২—১ গ্রেণ।
হাইড্রার্জিরাই সাব্ ক্লোরাইড ... ৩ গ্রেণ।
পাল্ভ এণ্টিমনি ... ৩—৫ গ্রেণ।

এক পুরিয়া, রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

২২। এণ্টিমনি এট্ পটাশি টার্ট ... ১/১৬ গ্রেণ।
মর্ফিয়া সাল্ফ ... ১/৮—১/৪ গ্রেণ।
একোয়া ... ... ১/২ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তব সেব।

(প্রঃ এস্, ডি, গ্রস্)

২৩। টিং ক্যাম্ফর কোঃ ... ২০—৩০ মিনিম।
এমন কার্ব্ব ... ৫—১০ গ্রেণ।
ডিককৃসন্ সেনেগা ... ... ১১/২ ঔন্স।

একমাত্রা, হঠাৎ কঞ্জেষ্টিভ নিউমোনিয়া বা ব্রঙ্কাইটিস হইলে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (জে, ই, এরিক্সন্)

২৪। ইনফিউশন সেনা ... ... ২ ঔন্স।
মেগ্নেসিয়া সাল্ফ ... ... ২ ড্রাম।

একমাত্রা, বাহ্যিক প্রদাহে মৃদু বিরেচকরূপে সেব্য।

২৫। টিং কল্চিসাই ... ১/২—১ ড্রাম।
মর্ফিয়া সাল্ফ ... ... ১/২ গ্রেণ।

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, বাতজনিত প্রদাহে রাত্রিতে শয়নকালে সেব্য।

(প্রঃ এস ডি, গ্রস্)

২৬। এণ্টিমনি এট্ পটাশি টার্ট ... ২½ গ্রেণ।
মেগ্নেশিয়া সাল্ফ ... ... ২ ঔন্স।
মর্ফিয়া সাল্ফ ... .. ১⅙ গ্রেণ।
সিরাপ জিঞ্জার ... ... ২ ঔন্স।
এসিড সাল্ফ এরো ... ... ½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ১০ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যেক ২।৩।৪।৬ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ গ্রস্)

প্রবল অবস্থা দূরীভূত হইলে পর।

২৭। এসিড হাইড্রক্লোরিক ডিল্ ... ১০ মিনিম।
ইন্ফিউশন সিঙ্কোনা ... ... ১ ঔন্স।

(ডাঃ জে, এম্, ফদারগিল্)

২৮। এসিড হাইড্রক্লোরিক ডিল্ ... ১০ মিনিম।
কুইনি সাল্ফ ... ... ১ গ্রেণ।
ইন্ফিউশন ক্যাস্কেবিলা ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ ৩।৪ মাত্রা সেব্য। (ঐ)

২৯। টিং ফেরি পারক্লোরাইড ... ৫ মিনিম।
এসিড হাইড্রক্লোরিক ডিল্ ... ১০ মিনিম।
ইন্ফিউশন কলম্বা ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

৩০। মেগ্নেশিয়া সাল্ফ ... ... ১০ গ্রেণ।
কুইনি সাল্ফ .. ... ½ গ্রেণ।

লাইকর ফেরিপার সাল্ফ ... ৫ মিনিম।
ইন্‌ফিউশন কোয়াশিয়া ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

৩১। এমন কার্ব্ব ... ... ৫ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
ইনফিউশন সিঙ্কোনা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

Intestinal Obstruction and Intussusception.

ইন্টাষ্টাইনাল অবষ্ট্রাক্‌সন এণ্ড ইন্টাস্‌সাসেপ্‌সন্।

অন্ত্রাবরোধ।

নানা কারণ বশতঃ উদর বা তলপেটের অভ্যন্তরস্থ অন্ত্রস্থিত মলের অধোগতি বন্ধ হইয়া অন্ত্রের যে অবরোধ জন্মে, তাহাকে অন্ত্রাবরোধ কহে। নিম্নলিখিত ১০ প্রকার কারণ বশতঃ ইহা সচরাচর উৎপন্ন হইয়া থাকে। যথা—(১) স্বাভাবিক কোন ছিদ্র অথবা অন্ত্রাবরণ বা মেসেণ্টরীর বন্ধনী কর্ত্তৃক সঙ্কোপনহেতু অন্ত্রের কোন অংশের অবরোধ, (২) উভয় অন্ত্র ও অন্ত্র সংলগ্ন মেসেণ্টরী মোচড়াইয়া যাওয়া হেতু অবরোধ; (৩) অন্ত্রের কোন অংশ উহার পরের অংশের মধ্যে প্রবিষ্ট হওয়াহেতু অবরোধ; (৪) পিত্তশীলাহেতু অবরোধ, (৫) অন্ত্রাবরণ বা মেসেণ্টরীক গ্রন্থির প্রদাহ বশতঃ অন্ত্রের ভিন্ন ভিন্ন অংশ একত্রে সংশ্লিষ্ট হওয়া জন্য অবরোধ; (৬) আঘাত বা ক্ষত বা নূতন একটী অর্ব্বুদের সঙ্কোপন জন্য অবরোধ; (৮) বাহ্যিক কোন বস্তু যথা অজীর্ণ ভক্ষ্য দ্রব্য, ফলের বিচি ইত্যাদি বা অন্ত্রমধ্যে কঙ্কররূপে সঞ্চিত হইয়া থাকা হেতু অবরোধ; (৯) অন্ত্র মধ্যে কঠিন মল

সঙ্কয়হেতু অবরোধ; (১০) জন্মাবধি অন্ত্রের কোন বিকৃতাবস্থা হেতু অবরোধ।

প্রথম প্রকারের অববোধ ক্ষুদ্র অন্ত্রে, দ্বিতীয় প্রকারের অবরোধ সিগময়েড ফ্লেকসারে, তৃতীয় প্রকারের অবরোধ সিকাম, কোলন এবং ইলিয়ামে, ষষ্ঠ এবং সপ্তম প্রকারের অবরোধ বৃহদন্ত্রে, পঞ্চম প্রকারের অববোধ জুজুনাম এবং ইলিয়ামে, নবম প্রকারের অবরোধ বৃহদন্ত্রে এবং দশম প্রকাবের অবরোধ উভয় অন্ত্রে, সচবাচব লক্ষিত হইয়া থাকে।

লক্ষণ – সকল প্রকাবের অববোধে বেদনা, বমন, কোষ্ঠবদ্ধতা, উদরস্ফীতি, উদবাধ্মান, ঘন ঘন অন্ত্রেব আকুঞ্চন এবং মূত্রাল্পতা ইত্যাদি লক্ষিত হয়। ইহা ব্যতীত প্রবল বা তরুণ অন্ত্রাববোধের প্রথমাবস্থায় এবং উভয় তরুণ ও পুবাতন অন্ত্রাববোধের শেষাবস্থায়, অবসাদন বা হিমাঙ্গ অবস্থা, মুখাবযব অত্যন্ত বেদনা ব্যঞ্জক, চক্ষু কোঠবাগত, নাসিকা কুঞ্চিত, অধব ও দেহবিবর্ণ, ত্বক শীতল এবং ঘর্ম্মাক্ত দেখা যায়। বোগী মধ্যে মধ্যে তন্দ্রাভিভূত হইযা পড়ে, আবার বেদনা ও বমন জন্য অসহ্য যাতনা অনুভব করে। নাড়ী অতি দ্রুত এবং ক্ষীণ হয় এবং দৈহিক উত্তাপের অত্যন্ত হ্রাস হয়। কথন কথন উদবাধ্মান জন্য শ্বাস কৃচ্ছ্রতা ও হিক্কা উপস্থিত হয়। স্বর কথন স্পষ্ট ও কথন অস্পষ্ট হয়। জিহ্বা শুষ্ক ও রক্তবর্ণ হয। বোগী অত্যন্ত পিপাসাতুব হইয়া পড়ে, কিন্তু বমনের ভয়ে জলপান করে না। রোগী ক্রমশঃ দুর্ব্বল ও অবসন্ন হয় এবং কোন স্থলে মৃত্যুর পূর্ব্বে ভয়ানক প্রলাপ ও আক্ষেপ উপস্থিত হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

অন্ত্রের অবরোধে বিরেচক ঔষধ ব্যবহার করা উচিত নহে।

ইহা অত্যন্ত অপকারী, কিন্তু প্রবল লক্ষণগুলি দূরীভূত হইলে অথবা অন্ত্রের আকুঞ্চন বর্ত্তমান না থাকিলে, মৃদু লাবনিক বিরেচক দেওয়া যাইতে পারে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে ওপিয়াম এবং বেলাডনা একত্রে ব্যবহারে প্রভূত উপকার দর্শে। কিন্তু যদি অন্ত্রে ক্ষত থাকে বা হইবার আশঙ্কা থাকে তাহা হইলে ওপিয়মই সর্ব্বোৎকৃষ্ট ঔষধ। উভয় ওপিয়াম এবং বেলাডনা অতি অল্প-মাত্রায় ব্যবহার করা উচিত। অধিক মাত্রায় ব্যবহার করিলে রোগী একেবারে নিদ্রাভিভূত হইয়া থাকে এবং বেদনা বা আভ্যন্তরিক অন্যান্য অবস্থার বিষয় কিছুই অবগত হইতে পারা যায় না এবং শেষে এমন কি অস্ত্রোপচারের সময় বহির্ভূত হইয়া গেলে রোগীর চেতনা হয়। তবে অন্ত্রাবরণ প্রদাহ (Peritonitis) উপসর্গ বর্ত্তমান থাকিলে অধিক মাত্রায় ওপিয়াম দেওয়া যাইতে পারে। পুরাতন অন্ত্রাবরোধেও বেলাডনা ১গ্রেণ মাত্রায় ব্যবহার করা যাইতে পারে।

বমন বর্ত্তমান থাকিলে সেবনের জন্য কোন ঔষধ ব্যবস্থা না করিয়া বরং ত্বকনিম্নে মর্ফাইন ও এট্রোপাইনের পিচকারী ব্যবস্থা করা কর্ত্তব্য। প্রবল এবং যন্ত্রণাদায়ক অবস্থায় কেহ স্পর্শহারক ঔষধের বাষ্পাঘ্রাণ করাইতে বলেন বটে, কিন্তু ইহাতে বিপদ হইবার বিশেষ সম্ভাবনা।

ইন্টাস্‌সাসেপ্‌সন্ বা কঠিন মল সঞ্চয় ও অন্ত্রের দৈহিক সংবৃত্তি সহ কঠিন মল সঞ্চয় জনিত অন্ত্রাবরোধে, এনিমা বা সরলান্ত্রে পিচকারী প্রয়োগ অতীব ফলদায়ক। এতদ্ব্যতীত অন্যান্য কারণ বশতঃ অন্ত্রাবরোধে পিচকারী তত প্রয়োজনীয় নহে, কিন্তু যদি আবশ্যক হয় তাহা হইলে বিশেষ সতর্কতার সহিত ব্যবহার করা উচিত।

স্থানিক প্রয়োগ—উষ্ণজল স্বেদ, ফ্ল্যানেল দ্বারা উষ্ণজল স্বেদ, অথবা ওপিয়াম, হায়োসায়েমাস, বেলাডনা বা কোনিয়ামসহ উষ্ণজল স্বেদ ও টার্পেণ্টাইন ষ্টুপ বিশেষ উপকারী। পুলটিস দেওয়া যাইতে পারে বটে, কিন্তু অনেক সময় উদরস্ফীতি ও উদরাধ্মান এত অধিক হয় যে রোগী ইহার সামান্য ভারও সহ্য করিতে অক্ষম হয়। আরও ইহা শীঘ্র ঠাণ্ডা হইয়া যাইতে পারে বলিয়া বিশেষ সতর্কতার সহিত ব্যবহার্য্য।

পথ্য খাইতে না দিয়া সরলান্ত্রে পিচকারী দ্বারা দেওয়া ভাল। বরফ ভিন্ন অন্য কোন বস্তু খাইতে দেওয়া উচিত নহে। পুষ্টিকর পথ্যের পিচকারীর জন্য ৬নং ব্যবস্থা পত্র অতীব ফলদায়ক এবং উহা ঈষদুষ্ণ করিয়া পিচকারী দেওয়া যুক্তি সঙ্গত।

পুষ্টিকর পথ্যের এনিমা দিবার পূর্ব্বে কেবল গরম জল ও সাবানের পিচকারী দিয়া সরলান্ত্র পরিষ্কার করিয়া লওয়া কর্ত্তব্য। পিপাসা নিবারণের জন্য বরফই সর্ব্বোৎকৃষ্ট। যদি নাড়ী ক্ষীণ, দৈহিক উত্তাপের হ্রাস, নিম্নাঙ্গ ও হস্ত হিম এবং শুষ্ক জিহ্বা ইত্যাদি লক্ষণ দেখিতে পাওয়া যায়, তাহা হইলে অল্প মাত্রায় স্যাম্পেন বা ব্রাণ্ডি এবং সোডা ওয়াটার দেওয়া আবশ্যক।

উপরোক্ত চিকিৎসায় কোন ফল না হইলে এব্‌ডোমিনাল সেক্সন, পাংচার এবং কলোটমী ইত্যাদি অস্ত্রোপচার করা যাইতে পারে।

(Intussusception) ইণ্টাস্‌সাসেপ্‌সন্—অন্ত্রের কোন অংশ ইহার পরের অংশের মধ্যে প্রবিষ্ট হইয়া যে অন্ত্রাবরোধ জন্মে, তাহাকে ইণ্টাস্‌সাসেপ্‌সন্ কহে। শিশুদিগের মধ্যে এই রোগ অধিক দেখিতে পাওয়া যায়। অন্ত্রের কোন অংশের নিষ্ক্রিয়াভাবসহ অপরাংশের অসমান আকুঞ্চন জন্য ইহা উৎপন্ন হইয়া

থাকে। কখন কখন গুরুতর উদরাময় বা ভয়ানক কুন্থনের পর ইহা উপস্থিত হয়। কোন কোন স্থলে ইহা কৃমি বা পলি-পাস বশতঃ উৎপন্ন হইয়া থাকে।

লক্ষণ—প্রথমেই পেটের অসহ্য শূলবৎ বেদনা ও কামড়ানি লক্ষিত হয়। সকল সময় বমন দৃষ্ট হয় না। কখন কখন কোষ্ঠ-বদ্ধতা দৃষ্ট হয়, অনেক সময় আমাশয় ও উদরাময় আসিয়া উপ-স্থিত হয়। অসহ্য কুন্থন এবং মধ্যে মধ্যে পেটের শূলানি হইতে থাকে ও উদর শক্ত হইয়া উঠে। ইহার সঙ্গে সঙ্গে অন্ত্রাবরণ প্রদাহ ও দৈহিক অবসাদন বর্ত্তমান থাকে। কচিৎ ইহা ক্রনিক বা পুরাতন অবস্থায় পরিনত হয়। এই পুরাতন অবস্থায় অল্প বেদনা, মধ্যে মধ্যে বমন, উদরাময়, গুহ্যদ্বার হইতে রক্তস্রাব, উদর স্ফীতি এবং সঙ্গে সঙ্গে দৈহিক পরিপুষ্টির অভাব, শীর্ণতা ও রক্তাল্পতা ইত্যাদি লক্ষণ লক্ষিত হয়।

তরুণ ইণ্টাস্‌সাসেপ্‌সনের ভাবীফল প্রায়ই অশুভ। তিন হইতে পাঁচ দিনের মধ্যেই শিশুদিগের এই রোগে মৃত্যু হইয়া থাকে। অতি শিশু রোগী ইহা অপেক্ষা অল্প সময়ের মধ্যে মরিয়া যায়। প্রাপ্ত বয়স্ক রোগী কখন কখন ১৩।১৪ দিন পর্য্যন্ত জীবিত থাকে। পুরাতন ইণ্টাস্‌সাসেপ্‌সনে অনেক দিন পরে মৃত্যু হইয়া থাকে, কচিৎ আরোগ্য লাভ করিতে দেখা যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

বেদনা এবং ঘন ঘন অন্ত্রের আকুঞ্চন জন্য ওপিয়ম ও বেলে-ডনা অতীব ফলপ্রদ। কিন্তু শিশুদিগের জন্য ওপিয়ম অতি সাবধানে ব্যবহার্য্য। অতি শিশুদিগের জন্য ওপিয়াম একেবারে নিষিদ্ধ। প্রাপ্ত বয়স্কদিগের ওপিয়মে কোন উপকার না হইলে লঙস্ ইন্‌ফ্লেটর, এনিমাটিউব বা একটী ক্যাথিটার, একটী ফুটে

বেলোজ বা হাপর সহ সংযুক্ত করিয়া সরলান্ত্রে প্রবেশ করাইবে; পরে ঐ হাপর দিয়া কোলন মধ্যে বায়ু প্রবেশ করাইবে, কিন্তু যাহাতে কোলন অধিক স্ফীত হইতে না পারে তদপক্ষে বিশেষ যত্নবান হইবে। ইহা দ্বারা কৃতকার্য্য না হইলে, শয্যার কাছে উঁচু করিয়া একটী জলপাত্র (Water cistern) রাখিয়া, রবার টিউব বা ক্যাথিটার সহ সংযোগ করিয়া দিবে এবং জলদ্বারা কোলন স্ফীত করিতে চেষ্টা করিবে। যদি ইহাতেও কৃতকার্য্য হইতে না পারা যায় তাহা হইলে এব্‌ডোমিনাল সেক্সন করাই উচিত।

ব্যবস্থা পত্র।

১। ওপিয়াম ... ১/২—১ গ্রেণ।
এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ১/৬—১/৪ গ্রেণ।
এক বটীকা, প্রত্যেক বটীকা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ ডব্‌হাম্ এবং জ্যাকব্‌সন্)।

২। ওপিয়াম ... ১/২ - ১ গ্রেণ।
এক বটীকা, অন্ত্রের ক্ষতসহ অবরোধে প্রত্যেক বটীকা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৩। মর্ফিয়া মিউরাস ... .. ১/৬ গ্রেণ।
এট্রোপিয়া সাল্‌ফ ... ... ১/১২০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ১০—২০ মিনিম।
বমন থাকিলে, ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে হইবে। (ডাঃ বার্ণি ইও)।

৪। লাইকর ওপিয়াই সিডেটাইভাস ৫—১০ মিনিম।
অয়েল রিসিনি ... ১/২—১ ঔন্স।
একমাত্রা, ষ্ট্রিক্‌চারহেতু অন্ত্রাবরোধে সেব্য। (ঐ)

৫। এক্‌ষ্ট্রাক্ট বেলাডনা ... ... ১ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

পুষ্টিকারক এনিমা।

৬। মিল্ক (দুগ্ধ) ... ... ২ ঔন্স।

ব্রাণ্ডি অথবা পোর্টওয়াইন ... ½ ড্রাম।

একটী ডিম্বের কুসুম

লাইকর প্যাঙ্কিবিয়াটিকস্ ... ১ ড্রাম।

ঈষদুষ্ণ করিয়া পিচকারী দিতে হইবে।

(ডাঃ ডাবহাম্ এবং জ্যাকবসন্)

Lymphangitis or Inflamation of the Lymphatic vessels. লিম্ফ্যাঞ্জাইটিস্ অথবা লিম্ফ্যাটিক ভেসেলের প্রদাহ।

লিম্ফ্যাটিক মণ্ডলের প্রদাহকে লিম্ফ্যাঞ্জাইটিস্ কহে। সচরাচর ইহা চতুর্ব্বিধ কারণে উৎপন্ন হইয়া থাকে, যথা (১ আঘাত, (২) সঞ্চাপন বা ঘর্ষণ জনিত বাহ্যিক উত্তেজনা, (৩) সন্নিকটস্থ স্থানের প্রদাহ, পূয়োৎপাদন, ক্ষত এবং সন্ধির ও অস্থির পীড়া জনিত আভ্যন্তরিক উত্তেজনা, (৪) সিফিলিস্, গনরিয়া বা অন্যান্য রক্ত বিষাক্ততা জনিত বিশেষ উত্তেজনা।

লক্ষণ—ইহার লক্ষণগুলি দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে যথা—স্থানিক ও দৈহিক। স্থানিক লক্ষণের মধ্যে বেদনা, প্রাদাহিক স্থানের উত্তাপ, জ্বালা, কাঠিন্য ও সটানতা এবং সঞ্চাপনে বেদনার আধিক্য ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয়। উপরিস্থিত লিম্ফ্যাটিক ভেসেলের প্রদাহে, এক, দুই বা ততোহধিক লাল লাল রেখা সকল দৃষ্ট হইয়া থাকে। বড় বড় লিম্ফ্যাটিক প্রদাহে,

লিম্ফ্যাটিকস গুলি শক্ত শক্ত দড়ির ন্যায় দেখা যায়, এবং নিকট-বর্ত্তী স্থান সকল স্ফীত ও কথন কথন শোথযুক্ত হয়। ইহার সঙ্গে সঙ্গে লিম্ফ্যাটিক গ্রন্থিগুলি প্রদাহযুক্ত হইয়া শক্ত থাকে, কিন্তু পূয়োৎপত্তি হইলে ক্রমশঃ কোমল হয়। গ্রন্থির উপরের ত্বক রক্তবর্ণ এবং ত্বক নিম্নস্থ বিধানের শোথ দৃষ্ট হয়। গ্রন্থির পূয়োৎপত্তি অবস্থায়, উহা বিউবো বা বাঘি নামে অভিহিত হইয়া থাকে।

লক্ষণ—লিম্ফ্যাটিকের সামান্য প্রদাহে, দৈহিক বিশেষ কোন লক্ষণ দৃষ্ট হয় না। কিন্তু প্রদাহের আতিশয্য বর্ত্তমান থাকিলে কম্পসহ জ্বর হইতে দেখা যায়। পূয়োৎপাদন হইলে প্রবল জ্বর ও কম্প হইয়া থাকে। রক্ত বিষাক্ততা হেতু এই রোগ হইলে, কথন কথন ভয়ানক জ্বর, কম্প, অত্যন্ত দুর্ব্বলতা, অব-সাদন এবং অন্যান্য বিকারের লক্ষণ লক্ষিত হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

তরুণ প্রদাহের প্রথমাবস্থায়, উষ্ণজল স্বেদ ও একষ্ট্রাক্ট বেলাডনা বা গ্লিসারিন ও একষ্ট্রাক্ট বেলাডনা প্রযোগ অতীব ফলপ্রদ। প্রদাহ উপসমিত না হইয়া পূয়োৎপাদন হইলে, অস্ত্রো-পচার দ্বারা পূয়ঃ বাহির করিয়া দেওয়া উচিত। জ্বরে ও অন্যান্য চিকিৎসার জন্য লাবনিক ঘর্ম্মকারক ও বিরেচক ঔষধ ব্যবহার্য্য। পূয়োৎপত্তি হইলে, এলকোহল সংযুক্ত উত্তেজক ঔষধ, কুইনাইন ও বলকারক ঔষধ ফলদায়ক।

পুরাতন প্রদাহে, গ্রন্থির উপর আইওডাইড অব্ পটাশিয়াম বা আইওডিনের মলম প্রয়োগ অত্যন্ত উপকারী। কথন কথন গ্রন্থির বিবৃদ্ধির জন্য ব্লিষ্টার প্রয়োগ করা আবশ্যক হইয়া থাকে। পুরাতন প্রদাহে, আভ্যন্তরিক ঔষধের মধ্যে কড্‌লিভার অয়েল,

কুইনাইন এবং লৌহ ঘটিত ঔষধ অতীব প্রয়োজনীয়। লৌহের অন্যান্য প্রয়োগরূপের মধ্যে সিরাপ ফেরি আইওডাইড এবং সিরাপ ফেরি ফস্ফেটিস সর্ব্বোৎকৃষ্ট।

Odontalgia and Carics of the teeth.

ওডণ্ট্যাল্জিয়া এণ্ড কেরিজ অব্ দি টিথ।

দন্তশূল এবং দন্তের কেরিজ।

সচরাচর দন্তের কেরিজ জন্য দন্তশূল উৎপন্ন হইয়া থাকে। কিন্তু ইহা ব্যতীত উইজ্ডম টিথ বা আক্কেল দাঁতের সঞ্চাপনে, দন্তের পাল্প ও পেরিয়ষ্টিয়ামের প্রদাহে, বাতরোগে, আভ্যন্তরিক দন্ত গহ্বরে ডেন্টিন সঞ্চয়ে ও একজষ্টসিস্ জন্য এইরোগ উৎপন্ন হইতে দেখা যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

উইজ্ডম্ টিথ বা আক্কেল দাঁত সঞ্চাপিত বা নমিত হওয়া জন্য দন্তশূলে, উক্ত দন্ত উৎপাটন করাই উচিত। যদ্যপি এ দাঁত উঠান কষ্ট হয় তাহা হইলে দ্বিতীয় মোলার দন্ত উঠান কর্ত্তব্য। কেরিজ জন্য দন্তশূলে, ক্রিয়েজোট বা কার্ব্বলিক এসিড প্রয়োগ অতীব ফলদায়ক। দন্তের আভ্যন্তরিক গহ্বরে পূয়ঃসঞ্চয় বা পূযোৎপাদন জনিত দন্তশূলে, পূয়ঃ বহির্গত করিয়া দেওয়াই সর্ব্বতোভাবে বিধেয়। স্নায়ুশূলবৎ বেদনাতে বলকারক ঔষধ, পুষ্টিকারক পথ্য এবং উত্তেজক ঔষধ বিশেষ প্রয়োজনীয়।

মিউকাস বা শ্লৈষ্মিক ডিপাজিট হেতু দন্তশূলে, অম্লধর্ম্মাক্রান্ত ঔষধের স্থানিক প্রয়োগে এবং সেবনে উপকার দর্শে। মুখের দুর্গন্ধ থাকিলে, পটাশি পারম্যাঙ্গেনাস অথবা ক্লোরিন ওয়া-

টারের কবল বিশেষ উপকারী। মুখের রস অত্যন্ত অম্লধর্মাক্রান্ত হইলে, পটাশি ক্লোরাস, ক্রেটা প্রিপারেটা, টিং ক্যাপ্সিসাই এবং সিঙ্কোনা ইত্যাদির স্থানিক প্রয়োগ অতীব ফলদায়ক। পরদেহ পুষ্টিক কীটাণু বা উদ্ভিজ্জ কর্ত্তৃক দন্তক্ষয় জনিত দন্তশূলে, সাল্‌ফাইট অব্ সোডা (২ ড্রাম ১ ঔন্স জলে দ্রব করিয়া) কবল, ক্ষার ও অম্ল সংযুক্ত কবল এবং ক্ষীণ কার্ব্বলিক এসিড্‌ দ্রবের কবল প্রয়োজনীয়।

দন্তের কেরিজ বশতঃ মুখে এবং হন্বাস্থির স্নায়ুশূল বেদনায়, লিকুইড একষ্ট্রাক্ট অব্ জেলসিমাম্ ১০—২০ মিনিম মাত্রায় প্রত্যহ ৩।৪ বার সেবনে অনেক সময় উপকার দর্শে।

স্থানিক প্রয়োগ।

১।	ক্রিয়েজোট	৬ মিনিম।
	টিং আইওডিন	১ ড্রাম।
	লাইকর প্লম্বাই সাব এসিটেটিস ...	১ ড্রাম।
	ক্লোরফরম	ই ড্রাম।
	টিং ওপিয়াই	ই ড্রাম।

একখণ্ড তুলা ভিজাইয়া লাগাইতে হইবে।

(প্রঃ জেম্স্ গ্যারেট্সন্)।

২।	এট্রোপিয়া সাল্‌ফ	৬ গ্রেণ।
	পরিস্রুত জল	১ ঔন্স।

দন্তের পলপের উত্তেজনা বশতঃ বেদনা নিবারণার্থ ইহা অমূল্য ঔষধ। (ঐ)

৩।	টিং আইওডিন	২ ড্রাম।
	লাইকর প্লম্বাই সাব এসিটেটিস ডিল ...	২ ড্রাম।

টিং ওপিয়াই ... ... ২ ড্রাম।
ক্লোরফরম ... ... ২ ড্রাম।

উত্তম দন্তশূল নিবারক ঔষধ। (জে ফষ্টার ফ্ল্যাগ এমেরিকা)

৪। এলুমিনিস ... ... ২ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক ... ... ৭ ড্রাম।

দন্তশূলে অত্যন্ত উপকারী স্থানিক প্রয়োগ। (ঐ)

৫। টিং একোনাইট ... ... ২ ড্রাম।
— বেঞ্জোইন কোং ... ... ২ ড্রাম।

এক টুকরা তুলা এই ঔষধে ভিজাইয়া লইয়া যন্ত্রণাদায়ক দন্ত গহ্বর মধ্যে প্রবেশ করাইতে হইবে।

৬। ক্লোরফরম ... ... ২ ড্রাম।
ক্রিয়েজোট ... ... ২ ড্রাম।
ভাইনম ওপিয়াই ... ... ২ ড্রাম।
টিং বেঞ্জোইন ... ... ২২ ড্রাম।

এক টুকুরা তুলা ভিজাইয়া আক্রান্ত দন্তে লাগাইতে হইবে।

৭। ক্লোরফরম ... ... ১২ ড্রাম।
ভাইনম ওপিয়াই ... ... ১ ড্রাম।
টিং বেঞ্জোইন ... ... ২১ ড্রাম।

এক টুকুরা তুলা ভিজাইয়া আক্রান্ত দন্ত গহ্বরে প্রয়োগ করিতে হইবে।

৮। কোকেন মিউরাস ... ... ৪ গ্রেণ।
পরিশ্রুত জল ... ২ ড্রাম ৪০ মিনিম।

এক টুকুরা তুলা ভিজাইয়া কেরিজ দন্তের গহ্বরে প্রয়োগ করিতে হইবে। ...

৯। ক্লোরফরম ... ... ½ ড্রাম।
ক্যাম্ফর ... ... ½ ড্রাম।
তুলা ভিজাইয়া লাগাইতে হইবে।

১০। ক্যাম্ফর ... ... ১০ গ্রেণ।
মেন্থল ... ... ১০ গ্রেণ।
তুলা ভিজাইয়া প্রযোগ করিবার জন্য।

১১। আইডফরম ... ... ½ ড্রাম।
অয়েল পিপারমেণ্ট ... ... ৫ মিনিম।
— বিটার অবেঞ্জ ... ... ১ মিনিম।
— লিমন ... ... ২ মিনিম।
টিং বেঞ্জোইন .. ... ১ মিনিম।
যন্ত্রণাদাযক দন্ত গহ্বরে লাগাইতে হইবে। (ডাঃ বার্লেট)

১২। ক্লোরফরম ... ... ২ ড্রাম।
নেপ্থালিন ... ... ১০ গ্রেণ।
তুলা ভিজাইয়া দন্ত গহ্বরে প্রয়োগ কবিতে হইবে।
(ডাঃ ন্যাফি)।

কবল।

১৩। টিং আর্নিকা ... ... ৫ ড্রাম।
ভাইনম ওপিয়াই .. .. ১৫ মিনিম।
পরিশ্রুত জল ... ১০ ঔন্স।
দন্তশূল জনিত বেদনা নিবারণার্থ উপরোক্ত কবল মুখে কিছু ক্ষণ রাখিতে হইবে।

১৪। এল্যুমিনিস ... ... ১ ড্রাম।
ভাইনাই ... ... ১ পাইণ্ট।

টিং সিঙ্কোনা কোঃ	... ...	½ ঔন্স।
— মর্	... ...	২ ড্রাম।
মেলিস রোজি	... ...	২ ঔন্স।

দন্তের মূল ও মাড়ি স্ফীত হইলে অথবা মাড়ী হইতে রক্ত স্রাবে উপযোক্ত কবল ব্যবহার্য্য।

১৫। পটাশ পারম্যান্গেনাস	... ...	১৫ গ্রেণ।
একোয়া	... ...	৮ ঔন্স।

কবল করিবার জন্য।

নিম্নলিখিত ঔষধ ব্যবহারন্তে দন্তোৎপাটন করিলে বেদনা অনুভব হয় না।

১৬। ক্লোরফরম (পিওর)	... ...	৩ ড্রাম।
টিং একোনাইট (ফ্লেমিংস)	..	৩ ড্রাম।
— ক্যাপ্সিকাম	... ...	১ ড্রাম।
— পাইরিথ্রা	... ...	½ ড্রাম।
অয়েল ক্যারিওফাইলাই	...	½ ঔন্স।
গাম ক্যাম্ফর	... ...	½ ঔন্স।

দন্ত ও মাড়ি প্রথমে শুষ্ক করিয়া পরে ইহার ৪।৫ ফোঁটা তুলাদ্বারা দন্তগহ্বরে প্রয়োগ করতঃ দাঁত তোলা যন্ত্রটী ঈষৎ গরম করিয়া তৎক্ষণাৎ দাত তুলিলে রোগী যন্ত্রণা অনুভব করিতে পারে না।

আভ্যন্তরিক ঔষধ।

১৭। এসিড হাইড্রক্লোরিক ডিল	...	১০ মিনিম।
সিরাপ	... ...	½ ড্রাম।
একোয়া	... ...	½ ঔন্স।

একমাত্রা; মিউকাশ ডিপজিট হেতু দন্তশূলে প্রত্যহ তিন মাত্রা সেব্য। (প্রঃ গ্যারেটসন্)।

১৮।	পটাশ ব্রোমাইড	...	১০–২০ গ্রেণ।
	টিং একোনাইট	..	... ২ মিনিম।
	একোয়া	...	... ১ ঔন্স।

একমাত্রা, পেরিওডণ্টাইটিসে প্রত্যেক মাত্রা ৩৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১৯।	পটাশ আইওডাইড	...	৫–১০ গ্রেণ।
	ভাইনম কল্‌চিসাই	...	... ১০ মিনিম।
	টিং বেলাডনা	...	... ৫ মিনিম।
	— গোয়েসাই এমনিয়েটা		... ১৫ মিনিম।
	মিউসিলেজ	...	... ½ ড্রাম।
	একোয়া সিনেমম	...	... ১ ঔন্স।

একমাত্রা, বাতরোগগ্রস্থ রোগীর দন্তশূলে প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

Orchitis. অর্কাইটিস।

অণ্ডকোষ প্রদাহ।

যখন কোন তরুণ বা প্রবল প্রদাহ অণ্ডের দেহকে আক্রমণ করে তখন তাহাকে অর্কাইটিস কহে। এবং যখন কেবল অণ্ডের এপিডিডিমিস অংশ আক্রান্ত হয় তখন তাহাকে এপিডিডিমাইটিস কহে।

কারণ। অণ্ডকোষের তরুণ প্রদাহ, আঘাত ও মূত্রনালীর প্রদাহের বিস্তৃতি বশতঃ জন্মিয়া থাকে। এতদ্ব্যতীত বসন্ত,

পাইমিয়া, প্যারটাইটিস বা কর্ণমূল প্রদাহ এবং গাউট এবং বাত রোগে ইহা উপসর্গরূপে উৎপন্ন হইতে দেখা গিয়াছে।

লক্ষণ—অণ্ডকোষ প্রদাহে অণ্ডে বেদনা, স্ফীতি ও তৎসঙ্গে সঙ্গে পোতার রক্তবর্ণতা, সটানতা, স্ফীততা এবং কটী দেশে অসহ্য বেদনা ইত্যাদি লক্ষণ লক্ষিত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

অণ্ডকোষের তরুণ প্রদাহে রোগীকে সম্পূর্ণরূপে বিশ্রামে ও উত্তানভাবে শায়িত করিয়া পোতার নিচে একটী ক্ষুদ্র গদি রাখিয়া দেওয়া কর্ত্তব্য। অথবা উহা ষ্ট্র্যাপ করিয়া কোমরের সঙ্গে উত্তম রূপে বান্ধিয়া রাখা কর্ত্তব্য। স্থানিক প্রয়োগের মধ্যে একষ্ট্রাক্ট বেলাডনা বিশেষ উপকারী। স্ক্রোটাম বা পোতা অত্যন্ত উত্তপ্ত ও রক্তবর্ণ হইলে লেড্ লোশন অথবা লেড্ ও ওপিয়াম লোশন প্রয়োগ অতীব ফলপ্রদ। কদম্ব বৃক্ষের পত্র দ্বারা বাঁধিয়া রাখিয়া এদেশে অনেক সময় আশ্চর্য্য ফল দৃষ্ট হইয়াছে। অনেকদিন স্থায়ী অণ্ডকোষ প্রদাহে, মার্কারীর স্থানিক ও আভ্যন্তরিক প্রয়োগে কখন কখন উপকার পাওয়া যায়। প্রমেহ জনিত অণ্ডকোষ প্রদাহে, আইওডিন এবং বেলাডনার মলম একত্র মিশ্রিত করিয়া প্রয়োগে সন্তোষজনক ফল পাওয়া যায়। প্রঃ রোজি এইরূপ প্রদাহে টিং পল্‌সেটিলা ৩।৪ মিনিম মাত্রায় ২।৩ ঘণ্টান্তর সেবন ব্যবস্থা করেন।

অণ্ডকোষের পুরাতন প্রদাহ—কখন কখন তরুণ প্রদাহ পুরাতনে পরিণত হয় বটে, কিন্তু অধিকাংশ স্থলে উপদংশ, টিউবার্কল্ এবং গাউট রোগ ইহার অন্যতম কারণ। উপদংশজনিত পুরাতন অণ্ড প্রদাহে সচরাচর কোন বেদনা থাকেনা, কিন্তু অণ্ড কঠিন, বর্দ্ধিত ও ডুমাডুমা হয় এবং সঙ্কাপনে বেদনা অনুভূত হয় না।

ক্কচিৎ কথন অণ্ড অত্যন্ত বর্দ্ধিত ও স্পর্শমাত্র বেদনাদায়ক হইয়া থাকে। সাধারণতঃ পুরাতন প্রদাহে টিউনিকা ভেজাইনেলিস মধ্যে জল বা সিরাম সঞ্চয় হইতে দেখা যায়। প্রথমতঃ এক অণ্ড আক্রান্ত হইয়া পরে উভয় অণ্ডই আক্রান্ত হইয়া থাকে। টিউ-বার্কেল জনিত অণ্ডের পুরাতন প্রদাহে অণ্ড বা এপিডিডিমিস সামান্য মত বর্দ্ধিত হইয়া কিছু দিন পরে পূযোৎপত্তি হেতু কোমল হয়, এবং অবশেষে উপবিস্থ গঠন সমূহে ছিদ্র হইয়া ফিস্‌চুলা বা নালী ঘা উৎপন্ন হইয়া থাকে। গাউট জনিত অণ্ডের পুরাতন প্রদাহে অণ্ডের বিবৃদ্ধি ভিন্ন আর কিছু লক্ষিত হয় না।

চিকিৎসা বিষয়ক টীকা।

উপদংশ হেতু অণ্ডকোষের পুরাতন প্রদাহে, আভ্যন্তরিক ঔষধের মধ্যে পটাশ আইওডাইড ও মার্কারী সর্ব্বশ্রেষ্ঠ। স্থানিক প্রয়োগের মধ্যে ষ্ট্র্যাপিং করা সর্ব্বাপেক্ষা উত্তম। পূয়োৎপত্তি হইলে অস্ত্রোপচার দ্বারা পূযঃ বহির্গত করাই সর্ব্বাংশে কর্ত্তব্য।

টিউবার্কেল জনিত অণ্ডের পুরাতন প্রদাহে, কডলিভার অয়েল ও লৌহঘটিত ঔষধ অতীব ফলদায়ক। স্ফোটক উৎপন্ন হইলে, ল্যান্‌সেট্‌ দ্বারা ও ফিশ্‌চুলা হইলে, ডাইরেক্টর এবং বিষ্টোরী দ্বারা কর্ত্তন করা উচিত। গাউট জনিত অণ্ডকোষ প্রদাহে, গাউটের চিকিৎসা করিলে এই রোগ আরোগ্য হইবার সম্ভাবনা।

Ozœna. ওজিনা।

যে পুরাতন নাসিকা রোগে নাসিকা মধ্যে দুর্গন্ধযুক্ত স্রাবসহ ক্ষত ও নাসিকাস্থির ক্ষয় ইত্যাদি লক্ষণ লক্ষিত হয় তাহাকে ওজিনা কহে।

উপদংশ এবং স্ক্রফিউলা ইহার প্রধান কারণ। এতদ্ব্যতীত

নাসিকার ক্যান্সার বা কর্কট রোগে ইহা দেখিতে পাওয়া যায়। নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহের সঙ্গেও ইহা প্রায় দৃষ্ট হইয়া থাকে।

লক্ষণ—প্রথমাবস্থায় প্রদাহ, শ্লৈষ্মিক ঝিল্লির রক্তবর্ণতা ও স্ফীতি এবং দুর্গন্ধযুক্ত পূয়ঃ নিঃসরণ ইত্যাদি লক্ষণ লক্ষিত হয়। দুর্গন্ধযুক্ত পূয়ঃ স্রাব ইহার একটি বিশেষ লক্ষণ। সময়ে সময়ে অল্প রক্ত মিশ্রিত পূয়ঃ নির্গমনও দেখিতে পাওয়া যায়, সঙ্গে সঙ্গে নাসিকা মধ্যে অল্প অল্প কনকনে বেদনা, নাসিকা ও গলাভ্যন্তর মধ্যে শুষ্কতা এবং শিরঃপীড়া ইত্যাদি অনুভূত হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে নাসারন্ধ্রে ক্ষারসংযুক্ত সঙ্কোচক এবং পচন নিবারক লোশন যথা—সোডা বাইকার্ব্ব, বোরাক্স অথবা গ্লিসারিন এবং জল এবং কার্ব্বলিক এসিড লোশন প্রযোগ করা বা উহাদ্বারা ধৌত করা কর্ত্তব্য। ছয় ভাগ জলে এক ভাগ থাইমল, ইউকেলিপ্টাস এবং বেঞ্জোইক এসিড দ্রবও দুর্গন্ধ নিবারণের জন্য ব্যবহৃত হইয়া থাকে। কেহ কেহ সঙ্কোচক ও দুর্গন্ধহারক ঔষধের মধ্যে ক্লোরাইড অব্ এলুমিনিয়মকে ভাল বলেন। সময়ে সময়ে প্যারোলিন, ইউক্যালিপ্টাস ও মেন্থল সহ প্রয়োগে অতি শীঘ্রই দুর্গন্ধ নিবারণ করে। মলমের মধ্যে এক আউন্স ল্যানোলিনে ২০ গ্রেণ এরিষ্টল অথবা ভেসিলিন সহ আইওডিন এবং আইওডল প্রয়োগ সর্ব্বাপেক্ষা ফলদায়ক। কোন কোন চিকিৎসক মিথিল ভায়লেট দ্রব বা মলম প্রয়োগে সন্তোষজনক ফল পাইয়াছেন। ক্রিয়েজোট বাষ্প গ্রহণেও দুর্গন্ধ, ক্রাষ্টস্ বা মামড়ি ও স্থানিক শুষ্কতা দূরীভূত হয়। আভ্যন্তরিক ঔষধের মধ্যে আর্সেনিক, কড্লিভার অয়েল এবং লৌহঘটিত ঔষধ অতীব ফলপ্রদ।

ঔষধ বিষয়ক টীকা।

এলাম—এক পাইন্ট জলে ১ ড্রাম এলাম দ্রব করিয়া তদ্দারা নাসারন্ধ্র ধৌত করিলে উপকার দর্শে।

এলমিনাম ক্লোরাইড—ডাঃ জেম্‌স্ ওজিনার দুর্গন্ধহরণ জন্য ইহা ব্যবহার করিতে বলেন।

এমনিয়াই ক্লোরাইড—ডাঃ ফ্র্যাঙ্কেল ইহা ধৌতরূপে ব্যবহার করিতে বলেন।

একোয়া পাইসিস—মনসিয়ার স্যাভিনাক নিম্নলিখিত পিচকারীর প্রশংসা করিয়া থাকেন।

একোয়া পাইসিস	...	২ ঔন্স।
এসিড কার্ব্বলিক	...	১ গ্রেণ।

লোশন।

আর্জেণ্টাই নাইট্রাস—নাসারন্ধ্রের পশ্চাৎ ভাগের ক্ষত জনিত ওজিনাতে ই—১ ড্রাম আর্জেণ্টাই নাইট্রাস এক ঔন্স জলে দ্রব করিয়া প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে।

বিশমথ—প্রঃ ট্রুসো সমান ভাগ বিশমথ ও অভ্রচূর্ণ পুরাতন ওজিনাতে নস্যরূপে ব্যবহার করিতে বলেন।

ব্রোমিনাম—অত্যন্ত দুর্গন্ধ থাকিলে নিম্নলিখিত ঔষধের বাষ্প গ্রহণে দুর্গন্ধ দূর হয়।

ব্রোমিনাই	...	...	ই ড্রাম।
এল্‌কোহল	...	..	৯ ঔন্স।

ক্যাম্ফর—নস্যরূপে ব্যবহার্য্য।

কার্ব্বলিক এসিড—ডাঃ স্যামুয়েল আব্ পার্সি নিম্নলিখিত পিচকারী দুর্গন্ধহারকরূপে ব্যবহার করিতে বলেন।

টিং আইওড়িন	...	... ৪৫ মিনিম।
এসিড্ কার্ব্বলিক	...	... ৬ মিনিম।
গ্লিসারিন	...	... ১ ঔন্স।
পরিশ্রুত জল	...	... ৫ ঔন্স।

ক্লোরাল—৫—১০ গ্রেণ ক্লোরাল এক ঔন্স জলে দ্রব করিয়া পিচকারী প্রয়োগে সন্তোষজনক ফল পাওয়া যায়।

কুপ্রাই সাল্‌ফাস—গ্রঃ গ্রস্ ইহার অত্যন্ত ক্ষীণ দ্রব পিচকারী দিতে বলেন।

হাইড্রার্জ্জিবাই—প্রঃ ট্রুসো হাইড্রার্জ্জিবাই সাব্ ক্লোরাইড্ ১ গ্রেণ শর্করা সহ মিশ্রিত করিয়া নস্যরূপে ব্যবহার করিতে বলেন।

হাইড্রাষ্টিস—ইহার লিকুইড একষ্ট্রাক্ট ৫—১০ মিনিম মাত্রায় সেবনে এবং বাহ্যিক প্রয়োগে উপকার দর্শে।

আইওডিন—জলে দ্রব করিয়া পিচকারী প্রয়োগে অথবা বাষ্প গ্রহণে ফল পাওয়া যায়।

পটাশ পারম্যানগেনাস—ইহার দ্রব (১ ঔন্স জলে ১—২০ গ্রেণ) ধৌতরূপে ব্যবহৃত হয়।

সেলিসিলিক এসিড—মলমসহ ইহা প্রয়োগে ফলদায়ক।

সোডিয়াই ক্লোরাইড—এক ড্রাম লবণ এক পাইণ্ট জল বা দুগ্ধ সহ পিচকারীর জন্য ব্যবহৃত হয়।

ট্যানিক এসিড—ঔপদংশিক এবং অনৌপদংশিক ওজিনাতে ইহার প্রয়োগ অতীব ফলপ্রদ। ডাঃ ডে, নিম্নলিখিত পিচকারীর ঔষধের প্রশংসা করেন।

ট্যানিক এসিড	...	... ১½ গ্রেণ।
গ্লিসারিন	...	... ৩০ মিনিম।

পরিশ্রুত জল	... ...	½ ঔন্স।
গোলাপ জল	... ...	½ ঔন্স।

লোশন।

ইনজেক্সন।

১। পটাশ পারম্যান্‌গেনাস	... ...	১ ড্রাম।
পরিশ্রুত জল	.. ...	১ পাইন্ট।

পিচকারী করিবার জন্য। দুর্গন্ধ নিবারণের জন্য ব্যবহৃত হয়। (ডাঃ ডুবর)।

২। সোডিয়াই ক্লোরাইড	... ...	১ ড্রাম।
একোয়া	.. ...	১ পাইন্ট।

নাসিকা গহ্বর ইহা দ্বারা ধৌত করিতে হইবে।

(ডাঃ বার্ণার্ড ফ্রাঙ্কল)

৩। এমন ক্লোরাইড	...	২—১০ গ্রেণ।
একোয়া	... ...	১ ঔন্স।

পিচকারী করিবার জন্য। (ঐ)

৪। সোডিয়াই বাইকার্ব্ব	...	৪০—৬০ গ্রেণ।
একোয়া	... ...	১ পাইন্ট।

পিচকারী করিবার জন্য। (ঐ)

৫। টিং আইওডিন	... ...	১ ঔন্স।
গ্লিসারিন	... ...	১ ঔন্স।
এসিড ট্যানিক	... ...	½ ড্রাম।
পরিশ্রুত জল	... ...	৪ ঔন্স।

ওজিনা সহ দুর্গন্ধ পূয়ঃ নিসরণে। (ডাঃ জেমস্ গ্যারেটসন).

৬।	টিং ক্যাপ্‌সিসাই	...	... ½ ঔন্স।
	রোজ ওয়াটার	...	... ৮ ঔন্স।

পিচকারী করিবার জন্য। (ঐ)

৭।	আর্জে·টাই নাইট্রাস	...	... ৩০ গ্রেণ।
	একোয়া	...	.. ৬ ঔন্স।

পিচকাবী কবিবার জন্য। (ঐ)

৮।	ভাইনম ওপিয়াই	...	... ১ ড্রাম।
	একোয়া	...	... ৬ ঔন্স।

পিচকাবী কবিবাব জন্য। (ঐ)

৯।	এসিড কার্ব্বলিক	...	... ১০ মিনিম।
	— ট্যানিক	...	... ৫ গ্রেণ।
	গ্লিসাবিন	...	... ½ ঔন্স।
	একোয়া	...	... ৬ ঔন্স।

এণ্ট্রমেব শ্লৈষ্মিক ঝিল্লিব ক্ষতে।

১০।	এল্‌কোহল	...	... ১ ঔন্স।
	ক্রিযেজোট	..	.. ১০ মিনিম।
	একোযা	...	... ৬ ঔন্স।

পিচকাবী করিবার জন্য। (ঐ)

১১।	টিং ষ্টিল	...	... ১ ড্রাম।
	কুইনি সাল্‌ফ	...	... ২৫ গ্রেণ।
	টিং আইওডিন	...	.. ১ ঔন্স।
	গ্লিসারিন	...	. ১ ঔন্স।
	একোয়া	...	... ৬ ঔন্স।

পিচকারী করিবার জন্য। (ঐ)

১২। কুপ্রাই সালফ	...	.. ¼ গ্রেণ।
এসিড ট্যানিক	...	... ৩ গ্রেণ।
একোয়া	...	... ১ ঔন্স।

পিচকারী করিবার জন্য। (প্রঃ এস্, ডি, গ্রস, এম, ডি,)

১৩। লাইকর জিন্সাই ক্লোরাইড		১০—১৫ মিনিম।
একোয়া	...	... ৮ ঔন্স।

পুরাতন এবং দুরারোগ্য রোগে পিচকারী করিবার জন্য।

(ঐ)

অন্যান্য স্থানিক প্রয়োগ।

১৪। জিন্সাই ক্লোরাইড	...	... ১৬ গ্রেণ।
গ্লিসারিন	...	... ½ ঔন্স।
ওয়াটার	...	... ½ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (স্নিট্জ্লার)

১৫। আইওডিন	...	... ৫ গ্রেণ।
পটাশ আইওডাইড	..	... ৪৫ গ্রেণ।
গ্লিসারিন	...	... ১০ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (ব্যাম্বার্জার)।

১৬। আইডফরম	..	৫—৮ গ্রেণ।
সাল্‌ফিউরিক ইথার	...	৪৫—৭০ মিনিম।
এসেন্স অব্ রোজ	...	৫—৮ মিনিম।
ভেস্লিন	...	... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (লেনো ব্রাউন)।

১৭। এরিষ্টল	...	... ১ ভাগ।
কলোডিয়ান ফ্লেক্সাইল		... ১০ ভাগ।

স্থানিক প্রয়োগের জন্য। (লোয়েনষ্টিন)।

১৮। বাল্‌সাম পেরু ... ... ১ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য। (রোজেন্‌ব্যাক্)।

১৯। এরিষ্টল ... .. ২০ গ্রেণ।
ল্যানলিন ... ... ১ ঔন্স।
অয়েল এমিগডেলি ... যথা প্রয়োজন।
স্থানিক প্রয়োগেব জন্য। (ডাঃ ডব্লিউ, এম্, হুইস্লার)

২০। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
পরিশ্রুত জল ... ২ ঔন্স ৪০ মিনিম।

লোশন, স্থানিক প্রয়োগ অথবা স্প্রে দ্বারা ব্যবহার করিবার জন্য। (প্রঃ স্নিট্‌জ্লাব)।

২১। বোরেসিক এসিড ... ... ১½ ড্রাম।
চেরিলরেল ওয়াটার ... .. ১½ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।
পিচকারী করিবার অথবা নাসিকা দ্বারা টানিবার জন্য।

(ঐ)

২২। ক্রিয়েজোট ... ... ২০ মিনিম।
সিম্পল্ অয়েণ্টমেণ্ট ... ... ১ ঔন্স।
দুর্গন্ধ নিবারণ জন্য ব্যবহার্য্য।

নস্যরূপে গ্রহণ করিবার জন্য।

২৩। আইডফরম ... ... ১ ভাগ।
রোষ্টেড কফি চূর্ণ ... .. ১ ভাগ।
নস্যরূপে গ্রহণ করিতে হইবে।

২৪। আইডফরম ... ... ১ ভাগ।
সোডি বেঞ্জোয়াস ... ... ১ ভাগ।
নস্যরূপে গ্রহণ করিতে হইবে। (ঐ)

২৫। প্যাল্ভ ক্যাম্ফর ... ... ১ ভাগ।
স্যাকারাই এল্বাই ... ... ১ ভাগ।
নস্যরূপে গ্রহণ করিবার জন্য। (প্রঃ এস, ডি, গ্রস্)

২৬। কার্ব্ব এনিমেলিস ... ... ১ ড্রাম।
পাল্ভ সিঙ্কোনি ... ... ২০ গ্রেণ।
— মব্ ... ... ২০ গ্রেণ।
— ক্যারিওফাইলাই ... ১০ গ্রেণ।
নস্যরূপে ব্যবহার করিবার জন্য। (ডাঃ হিতনাস)।

২৭। কার্ব্বনিস লিগনাই ... ... ½ ঔন্স।
পাল্ভ মর ... ... ½ ঔন্স।
নস্যরূপে ব্যবহার্য্য। (ঐ)

২৮। বিশমথ সাব্ নাইট্রাস ... ১ ড্রাম।
পটাশিয়াই সাল্ফিউরেটাই ... ৫ গ্রেণ।
পাল্ভ গ্লাইসিরেজা ... ... ১½ ড্রাম।
দুর্গন্ধ হরণের জন্য নস্যরূপে গ্রহণ করিতে হইবে।
(ডাঃ বার্ণার্ড ক্যার্নস্)।

২৯। হাইড্রার্জ্জিরাই সাব্ ক্লোরাইড ... ৪০ গ্রেণ।
— অক্সাইড রুব্রাই ... ৪০ গ্রেণ।
স্যাকারাই এল্বাই ... ... ½ ঔন্স।
(প্রঃ ট্রুসো)।

৩০। বিশমথ্ সাব্ নাইট্রাস ... ½ ঔন্স।
সাল্ফিউরিস্ আইওডাইড ... ৭ ঔন্স।
পাল্ভ গ্লাইসিরেজা ... ... ১ ঔন্স।
ওজিনা এবং পুরাতন নেজাল কেটারে নস্যরূপে গ্রহণ করিবার জন্য। (ডাঃ সোব্রিয়ার ফ্রান্স)।

৩১। সোডিয়াই ফস্ফেটিস্ ... .. ½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৮ ঔন্স।
ঘন চট্‌চটে স্রাব দূরীকরণ জন্য ব্যবহার্য্য।

Pharyngitis or Sorethroat-

ফেরিঞ্জাইটিস্ অর্ সোরথ্রোট।

গলাভ্যন্তর প্রদাহ ও ক্ষত।

ফেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহকে ফেরিঞ্জাইটিস কহে। ইহা তিন প্রকার যথা—(১) একিউট বা তরুণ, (২) ক্রনিক বা পুরাতন, এবং (৩) ফলিকিউলার।

কারণ—ইহা প্রায় শিশুদিগের মধ্যেই অধিক হইয়া থাকে। প্রাপ্তবয়স্কদিগের মধ্যে ইহা অতিরিক্ত পরিশ্রম, ঠাণ্ডা লাগা, আর্দ্র ও সেঁত সেঁতে ঘরে বাস ও কথন কখন অন্যান্য যন্ত্রের প্রদাহের বিস্তৃতি বা রক্ত বিষাক্ততাবশতঃ জন্মিয়া থাকে।

লক্ষণ—তরুণ ফেরিঞ্জাইটিসে ফেরিংস, কোমল তালু ও অলিজিহ্বার সমস্ত শ্লৈষ্মিক ঝিল্লি আক্রান্ত হয়। অপেক্ষাকৃত দুরূহ বা কঠিনাবস্থায় ঐ স্থানের শ্লৈষ্মিক ঝিল্লি প্রথমে শিথিল ও স্ফীত, পরে রক্তাধিক্য ও শোথযুক্ত দেখায় এবং ক্রমে অত্যন্ত স্ফীত ও শুষ্ক অথচ গাঢ় শ্লেষ্মা দ্বারা আবৃত হয়। দুর্ব্বল রোগীর অথবা আঘাত জনিত ফেরিঞ্জাইটিস্ রোগে প্রায়ই পূয়োৎপত্তি হইয়া থাকে। আক্রমণের প্রথমাবস্থায় অধিকাংশ স্থলে জ্বর দেখা যায়। জ্বরের প্রারম্ভে শীতানুভব, জ্বরাবস্থায় চর্ম্মশুষ্ক ও উত্তপ্ত এবং অস্থিরতা লক্ষিত হইয়া থাকে। জ্বরের সঙ্গে সঙ্গে অথবা

কিছুক্ষণ পরে রোগী গলাভ্যন্তরে শুষ্কতা ও বেদনা বোধ করে। প্রথমতঃ বেদনা গলাধঃকরণ সময়েই অনুভূত হয়, কিন্তু অন্য সময়ে থাকে না। অলি জিহ্বা আক্রান্ত হইলে উহা অত্যন্ত স্ফীত এবং গলার মধ্যে যেন কিছু বাধিয়া বা আট্‌কাইয়া আছে বলিয়া বোধ হইতে থাকে এবং ঐ কাল্পনিক অবরোধ দূরীকরণ জন্য রোগী সর্ব্বক্ষণ গলাধঃকরণের চেষ্টা করে। ফেরিঙ্গাইটিসের সঙ্গে প্রায়ই কাশ বর্ত্তমান থাকে এবং ঐ প্রদাহ লেরিংস পর্য্যন্ত বিস্তৃত হইলে স্বরভঙ্গ হয়। গলাভ্যন্তর পরীক্ষা করিয়া দেখিলে শ্লৈষ্মিক ঝিল্লি অত্যন্ত রক্তবর্ণ ও স্ফীত দৃষ্ট হয়। প্রথমে উহা শুষ্ক, চক্‌চকে ও সটান থাকে, পরে প্রদাহ বর্দ্ধিত হইলে শ্লৈষ্মিক ঝিল্লি হইতে পূয়ঃ শ্লৈষ্মিক স্রাব হইয়া ফেরিংসের পশ্চাদ্ভাগ ও টন্‌সিল আবৃত করিয়া ফেলে। রোগীও শ্লেষ্মা মিশ্রিত পূয়ঃ গলাভ্যন্তর হইতে তুলিয়া ফেলিবার চেষ্টা করে। ইযেষ্টেকিয়ান টিউব মধ্যে ঐ শ্লৈষ্মিক প্রদাহ বিস্তৃত হইলে কর্ণে বেদনা অনুভব করে এবং কান তালা লাগিয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

ডাঃ রিঙ্গার একিউট ফেরিঙ্গাইটিসে টিং একোনাইট ১ মিনিম মাত্রায় প্রথমে প্রতি ১৫ মিনিট অন্তর পরে প্রত্যেক ঘণ্টান্তর দিতে বলেন। তাঁহার মতে এইরূপ চিকিৎসায় প্রদাহ ২৪ বা ৪৮ ঘণ্টার মধ্যেই উপসমিত হইতে পারে। এই রোগে রোগীকে শয্যায় শায়িত রাখা বিশেষরূপে কর্ত্তব্য। প্রথমাবস্থায় অনেক সময় তীব্র বিরেচক ঔষধ ও তৎসঙ্গে লঘু অনুত্তেজক পথ্য ও বরফ বিশেষ প্রয়োজনীয়। উষ্ণজল স্বেদ ও পুল্‌টিসের বাহ্যিক প্রয়োগও বিশেষ উপকারী। গরম জলের বাষ্প বা মর্ফিয়া কিম্বা ফিনাজোন সংযুক্ত স্প্রে সময়ে সময়ে অতীব ফলদায়ক।

স্থানিক প্রয়োগের জন্য ১ ঔন্স জলে ৪০ গ্রেণ নাইট্রেট অব্ সিল্‌ভার দ্রব ফলপ্রদ। বেদনা নিবারণের জন্য কোকেন প্রয়োগ করা যাইতে পারে। রক্তবর্ণ ও স্ফীততার হ্রাস হইলে সঙ্কোচক ঔষধ যথা—গ্লিসারিন অব্ ট্যানিক এসিড ইত্যাদি প্রয়োগ ও গোয়েকাম বা ক্রামাবিয়া লোজেঞ্জেস বিশেষ উপকারী। এই সময়ে সেবনের জন্য বলকারক ঔষধ যথা- কুইনাইন ও টিং ষ্টিল ব্যবস্থা করা উচিত।

ফেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লির পুরাতন প্রদাহেও তরুণ প্রদাহের ন্যায় রোগী গলাধঃকরণে কষ্ট অনুভব করে। কখন কখন স্বর ভঙ্গ হয়। গলাভ্যন্তর পরীক্ষা করিলে শ্লৈষ্মিক ঝিল্লি রক্তবর্ণ, খস্‌খসে ও কখন কখন ইহা অত্যন্ত স্ফীত এবং ফেরিংসের পশ্চাদ্ভাগ শ্লেষ্মাবৃত দেখা যায়। কাশিলে সময়ে সময়ে ঈষৎ রক্তাভ শ্লেষ্মা নির্গত হয়।

গাউট অথবা রিউম্যাটিজম জন্য পুরাতন প্রদাহ জন্মিলে, উক্ত দুই রোগের চিকিৎসা করা কর্ত্তব্য। পুরাতন ফেরিঞ্জাইটিসে বলকারক ঔষধ বিশেষ প্রয়োজনীয়। ধূমপান একেবারে নিষিদ্ধ। কবল জন্য এলাম, ট্যানিন, পটাশ ক্লোরাস এবং এমন ব্রোমাইড ব্যবহৃত হইয়া থাকে। অলি জিহ্বার বিবৃদ্ধি ও উৎকাশি সহ শ্লৈষ্মিক ঝিল্লির শিথিলাবস্থায় ব্রোমাইড অব্ এমনিয়া অতীব ফলদায়ক। অন্যান্য স্থানিক প্রয়োগের মধ্যে নিম্নলিখিত লোশন বিশেষ উপকারী।

ট্যানিক এসিড ৫—১৫ গ্রেণ, পরিশ্রুত জল ১ ঔন্স।

এলাম ১০—৩০ গ্রেণ, পরিশ্রুত জল ১ ঔন্স।

জিঙ্কাই সাল্‌ফ ৫—১০ গ্রেণ, পরিশ্রুত জল ১ ঔন্স।

কমন সল্ট ১০—৩০ গ্রেণ, পরিশ্রুত জল ১ ঔন্স।

অতি পুরাতন অবস্থায় টিং আইওডিন প্রযোগে বিশেষ উপকার দর্শে। কখন কখন ক্লোরাইড অব্ এমনিয়া বাষ্প গ্রহণে যথেষ্ট উপকার পাওয়া যায়।

ঔষধ বিষয়ক টীকা।

এসিড কার্ব্বলিক—ইহা সকল প্রকার গলাভ্যন্তরস্থিত শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে এবং ক্ষতে অত্যুৎকৃষ্ট স্থানিক ও অবসাদক প্রয়োগ।

এলুমেন—সাধারণতঃ ইহা কবলরূপে ব্যবহৃত হয়।

একোনাইট—ফেরিংসের তরুণ প্রদাহসহ দৈহিক উত্তাপের আধিক্য থাকিলে, বিশেষতঃ শিশুদিগের ফেরিঞ্জাইটিস রোগে, ইহার টিংচার অল্প মাত্রায় ফলদায়ক।

আর্সেনিক—পচন বা বিগলিতাবস্থা সহ গলাভ্যন্তর ক্ষতে, ইহা অতি উত্তম ঔষধ।

বেলাডনা—ফেরিংসের তরুণ প্রদাহে, ইহার উভয় আভ্যন্তরিক ও স্থানিক প্রয়োগ ফলপ্রদ।

ক্যাপসিকাম—প্রদাহিক সোর থ্রোটের প্রথমাবস্থায় ও তৎসহ শ্লৈষ্মিক ঝিল্লির শিথিলতা থাকিলে, নিম্নলিখিত কবল বিশেষ উপকারী।

টিং ক্যাপ্সিকাম	...	...	১ ড্রাম।
একোয়া	...	...	½ পাইণ্ট।

কবল করিবার জন্য।

কল্‌চিসাই—ইভিউলা বা অলি জিহ্বার শিথিলাবস্থায় ও কোমল তালুর উত্তেজনাবস্থায় ইহা সঙ্কোচকরূপে ব্যবহৃত হয়।

সিমিসিফিউগা—কেহ কেহ সোর থ্রোটের প্রথমাবস্থায় এবং

শ্লৈষ্মিক ঝিল্লি শুষ্ক ও শ্লেষ্মাযুক্ত হইলে ৫—১০ মিনিম মাত্রায় সেবন ব্যবস্থা করিয়া থাকেন।

সিঙ্কোনা—ফেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে, অন্যান্য ঔষধসহ কবলরূপে ব্যবহার্য্য।

ক্রিয়েজোট—ম্যালিগ্‌ন্যাণ্ট বা বিষম সোর থ্রোটে ইহা উত্তম পচন নিবারক ঔষধ।

কিউবেব—সাধারণ শ্লৈষ্মিক ও ডিপ্‌থিরিয়া সংযুক্ত সোর থ্রোটে ডাঃ ট্রাইজে, বার্জিবোঁ ও ট্রুসো ইহার বিশেষ প্রশংসা করেন। ডাঃ রিভারলি রবিন্‌সন্‌ নিম্নলিখিত ব্যবস্থাপত্রের সুখ্যাতি করিয়া থাকেন।

পাল্‌ভ কিউবেব	...	... ১ ঔন্স।
সিরাপ অর্য়ান্সাই	...	... ১½ ঔন্স।
একোয়া	...	... ১½ ঔন্স।

২ ড্রাম মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তর সেব্য।

গ্লিসারিন—সোর থ্রোটের শেষাবস্থায় ইহা ট্যানিক এসিড সহ স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

গোয়েকাম—প্রাদাহিক সোর থ্রোটে ইহা অতি উত্তম ঔষধ। নিম্নলিখিত কবল ব্যবহারে অনেক সময় সন্তোষজনক ফল পাওয়া যায়।

টিং গোয়েসাই এমনিয়েটা	...	৪ ড্রাম।
লাইকর পটাশি	...	৪ ড্রাম।
টিং ওপিয়াই	...	২ ড্রাম।
একোয়া সিনেমম		সমষ্টি ৮ ঔন্স।

কবল করিবার জন্য।

হাইড্রাষ্টিস্ ক্যানাডেন্‌সিস্—কেহ কেহ ফেরিংসের শ্লৈষ্মিক্ ঝিল্লির প্রদাহে ইহার লিকুইড একষ্ট্রাক্ট স্থানিক প্রয়োগরূপে ব্যবস্থাব কবেন।

ইক্‌থিয়ল—ডাঃ এস্, কোহেন্, সোর থ্রোটে ষ্টার্ণো ম্যাষ্টয়েড্ পেশীর উপর এবং নিম্ন হন্বাস্থির কোণে ইহা মালীষ করিতে বলেন।

আইওডিযাম্—ফেরিংসেব শ্লৈষ্মিক ঝিল্লিব প্রদাহজনিত পুরাতন ক্ষতে ইহাব স্থানিক প্রযোগ ব্যবহৃত হয়।

পটাশ ক্লোরাস—গলাভ্যন্তবের সকল প্রকার প্রদাহে ইহার কবল ব্যবহৃত হইযা থাকে। ইহাব সঙ্গে কার্ব্বলিক এসিডও সংযোগ করা যাইতে পারে। নিম্নলিখিত ঔষধ, স্থানিক প্রয়োগ বা কবলরূপে ব্যবহাব করিলে সন্তোষজনক ফল পাওয়া যায়।

পটাশ ক্লোরাস	..	...	২ ড্রাম।
এসিড কার্ব্বলিক	...	...	½ ড্রাম।
একোয়া সিনেমম	...	...	১ ঔন্স।

লোশন।

সেলিসিলিক এসিড—কথন কথন ইহা তরুণ ফেরিংসের প্রদাহে ব্যবহৃত হয়।

সোডিয়াই বোবেট—ফেবিংসের শ্লৈষ্মিক ঝিল্লিব উভয় তরুণ এবং পুরাতন প্রদাহে কবলরূপে ব্যবহৃত হয়।

ব্যবস্থাপত্র।

প্রবল ফেবিঞ্জাইটিস রোগে।

১। কেলমেল	...	...	১ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট হায়োসায়েমাস ... ২ গ্রেণ।

এক বটীকা, রাত্রিতে শয়নকালে সেব্য।

পরদিন প্রাতঃকালে।

সিড্‌লিজ্‌ পাউডার ... ... ২½ ড্রাম।

একমাত্রায় সেব্য। (ডাঃ বর্ণিইয়ো)।

অথবা—

ডিনেফোর্ডস্‌ ফ্লুইড ম্যাগ্‌নেসিয়া ১—৪ ঔন্স মাত্রায় প্রাতে। (ঐ)

২। মিশ্‌চুরা সেনা কোঃ .. ... ১½ ঔন্স।

প্রথম হইতে অত্যন্ত কোষ্টবদ্ধ থাকিলে একমাত্রায় সেব্য।

৩। লাইকর এমনি এসিটেটিস ... ২ ড্রাম।

স্পিরিট ইথার নাইট্রিক ½—১ ড্রাম।

সেলিসিন ... ... ১৫ গ্রেণ।

একোয়া ... .. ১½ ঔন্স।

একমাত্রা, আক্রমণসহ বেদনা ও গা হাতের কামড়ানি বর্ত্তমান থাকিলে রাত্রিতে শয়নকালে সেব্য। (ঐ)

৪। গলায় অত্যন্ত বেদনা হইলে উক্ত মিক্‌শ্চারসহ মর্ফিয়া এসিটাস ⅛—⅙ গ্রেণ যোগ করিতে হইবে। (ঐ)

৫। লাইকর এমনি এসিটেটিস ... ২ ঔন্স।

স্পিরিট ইথার নাইট্রিক ... ৪ ড্রাম।

টিং ভিরাট্রাই ভিরিডি .. ১৬ মিনিম।

অথবা, টিং একোনাইট ... ৩২ মিনিম।

একোয়া ক্যাম্ফর ... ... ৮ ঔন্স।

ঔন্স মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তর সেব্য। (হুইটলিয়া)

(ক্ষত বা আঘাত জনিত ফেরিঙ্গাইটিস সহ জ্বর, দুর্ব্বলতা ও অবসাদন বর্ত্তমান থাকিলে)।

৬। পটাশ ক্লোরাস ... ... ১০ গ্রেণ।
— বাইকার্ব্ব ... ১০—২০ গ্রেণ।
এমন কার্ব্ব ... ... ৫ গ্রেণ।
সিরাপ অর‍্যান্সাই ... ... ৮ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, নিম্নলিখিত বটীকা সহ প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

কুইনাইন ... ১½—৩ গ্রেণ।
এসিড সাইট্রিক ... যথা প্রযোজন।
এক বটীকা। (ঐ)

৭। কুইনাইন মিউরাস ... ... ২ গ্রেণ।
এসিড নাইট্রমিউরিয়াটিক ডিল ... ৫ মিনিম।
টিং ফেরি পারক্লোরাইড ... ২০ মিনিম।
একোয়া ... ... ১ ঔন্স।
(ডাঃ বার্থিইয়ো)

৮। স্যালল ... ... ১ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া .. ... ১ ঔন্স।
একোয়া ক্যাম্ফর ... ... ৪ ঔন্স।

একমাত্রা, প্রবল ফেরিঙ্গাইটিস এবং টন্সিলাইটিসে প্রত্যেক মাত্রা ৬ ঘণ্টান্তর সেব্য।

৯। পাল্‌ভ ইপিকাক ... ... ½ গ্রেণ।
একষ্ট্রাক্ট এলোজ ... .. ১ গ্রেণ।

সোপ্ ... ... ½ গ্রেণ।

এক বটীকা, পুরাতন ফেরিঞ্জাইটিসের কোষ্ঠবদ্ধতায় প্রত্যহ মধ্যাহ্ন আহারের পূর্ব্বে এক বটীকা সেব্য। (ডাঃ বার্ণীইও)

১০। কড্‌লিভার অয়েল ... ½—১ ড্রাম।
সিরাপ ফেরি আইওডাইড . ১৫ মিনিম ৩০ মিনিম।

একমাত্রা, পুরাতন অথবা স্ক্রফিউলা জনিত ফেরিঞ্জাইটিসে প্রত্যহ দুইমাত্রা আহারন্তে সেব্য। (ঐ)

১১। কুইনি মিউরাস ... ... ২ গ্রেণ।
টিং ফেরি পারক্লোরাইড .. ১০—১৫ মিনিম।
লাইকর ষ্ট্রিকনিয়া ... .. ৩ মিনিম।
সিরাপ অর‍্যান্সাই .. ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, রক্তাল্পতা এবং দুর্ব্বলতা সহ পুরাতন ফেরিঞ্জাইটিসে প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

১২। পটাশ আইওডাইড ... ... ৩ গ্রেণ।
ইন্‌ফিউশন কলম্বা
অথবা জেন্‌সিয়ান কোং ... ১ ঔন্স।

একমাত্রা, বাতজনিত ফেরিঞ্জাইটিসে প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

(কবল ও অন্যান্য স্থানিক প্রয়োগের ব্যবস্থাপত্র)।

১৩। সোডি বাইকার্ব্ব ... ... ১ ড্রাম।
গ্লিসারিন বোরাসিক ... .. ১ ঔন্স।
পটাশ ক্লোরাস ... ... ২ ড্রাম।
টিং কেটিকিউ ... ... ২ ড্রাম।

একোয়া রোজ ... ... ১২ ঔন্স।

শ্লৈষ্মিক ঝিল্লির অতি শিথিলাবস্থায় এবং গলাভ্যন্তরে চট্‌চটে শ্লেষ্মা গাগিয়া থাকিলে ইহা কবলরূপে ব্যবহার্য্য। (ঐ)

১৪। টিং বেলাডনা ... ... ½ ড্রাম।
গ্লিসারিন ... ... ২½ ড্রাম।
ডিককৃশন্ এল্‌থি অথবা বাবলা সমষ্টি ৬ ঔন্স।
একিউট ফেরিঞ্জাইটিসে কবল করিবার জন্য।

১৫। এসিড বোরিক ... ... ৭৫ গ্রেণ।
গ্লিসারিন ... ... ৪ ড্রাম।
একোয়া ... সমষ্টি ১০ ঔন্স।
শ্লৈষ্মিক ফেরিঞ্জাইটিসে কবল করিবার জন্য।

১৬। এলিউমিনিস্ ... ... ১½ ড্রাম।
টিং ওপিয়াই ... ... ½ ড্রাম।
মেলিস ... ... ২ ড্রাম।
সিরাপ রোজ ... ... ৩ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।
কবল করিবার জন্য। (ব্যাম্বার্জার)

১৭। এসিড কার্ব্বলিক ... ... ১ ড্রাম।
কোকেন মিউরাস ... ... ৮ গ্রেণ।
গ্লিসারিন ... ... ৪ ড্রাম।
একোয়া রোজ ... ... ১২ ঔন্স।
একিউট ফেরিঞ্জাইটিসে কবল করিবার জন্য। (ঐ)

১৮। সোডি বাইকার্ব্ব ... ... ৫ গ্রেণ।
— ক্লোরাস ... ... ২ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই	... ...	½ গ্রেণ।
ওয়াটার	.. ...	১ ঔন্স।

ফেরিংসের মিউকাস মেম্ব্রেনের অত্যন্ত স্ফীততা সহ বিস্তৃত-প্রদাহ এবং বেদনা বর্ত্তমান থাকিলে ষ্টিম্ স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে।

১৯। গ্লিসারিন এসিড কার্ব্বলিক	...	৩ ড্রাম।
এসিড ট্যানিক	... ...	২ ড্রাম।
টিং ক্যাপ্‌সিসাই	... ...	১ ড্রাম।
ইনফিউশন রোজি এসিডাই	...	১২ ঔন্স।

পুরাতন ফেরিঞ্জাইটিসে কবল করিতে হইবে। (হুইট্‌লিয়া)

২০। এমন ব্রোমাইড	... ..	২ ড্রাম।
কোকেন মিউরাস	... ...	১০ গ্রেণ।
গ্লিসারিন এসিড কার্ব্বলিক	...	৪ ড্রাম।
রোজ ওয়াটার	...	সমষ্টি ১০ ঔন্স।

উত্তেজক গ্রানিউলার ফেরিংসে কবলরূপে ব্যবহার্য্য।

২১। এমন মিউরাস	... ...	১½ ড্রাম।
মেলিস্	... ...	১ ঔন্স।
সিরাপ রোজ	... ...	১ ঔন্স।
একোয়া	...	সমষ্টি ১৪ ঔন্স।

পুরাতন ফেরিঞ্জাইটিসে কবল করিবার জন্য।

(ব্যাম্‌বার্জার)

২২। গ্লিসারিন অব্ বোরাক্স ...	...	১ ঔন্স।
টিং মর্	... ...	½ ঔন্স।
একোয়া রোজ	... ...	১২ ঔন্স।

কবল করিবার জন্য। (ঐ)

২৩। গ্লিসারিন অব্ এলাম ... ... ৫ ড্রাম।
টিং ক্যাপ্সিকাম ... ... ২০ মিনিম।
ইন্‌ফিউশন রোজি কোঃ ... ৮ ঔন্স।
মিউকাস মেম্ব্রেন এবং অলি জিহ্বার শিথিলাবস্থায় কবল করিবার জন্য।

২৪। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ২০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ৪ ড্রাম।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

২৫। কোকেন মিউরাস ... ... ১০ গ্রেণ।
পরিশ্রুত জল . ... ২ ড্রাম।
তুলি দ্বারা থ্রোটে লাগাইতে হইবে।

২৬। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ১০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
পুরাতন ফেরিঞ্জাইটিসে স্থানিক প্রয়োগ করিবার জন্য।
(ঐ)

২৭। জিন্সাই ক্লোরাইড ... ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
পুরাতন ফেরিঞ্জাইটিসে প্রয়োগ করিবার জন্য। (ঐ)

২৮। বিশমথ সাব্ নাইট্রাস .. .. ১০ গ্রেণ।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

২৯। আর্জেণ্টাই নাইট্রাস ... ... ১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
ফলিকিউলার ফেরিঞ্জাইটিসে স্থানিক প্রয়োগের জন্য।

৩০।	কোকেন মিউরাস	...	...	৩ গ্রেণ।
	গ্লিসারিন	...	...	½ ড্রাম।
	পরিশ্রুত জল	...	...	২ ড্রাম।

গলাভ্যন্তরে প্রযোগ করিবার জন্য।

৩১।	এলাম	...	...	৫ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	...	১ ঔন্স।

ষ্টিম স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

৩২।	ট্যানিক এসিড	...	...	৫ গ্রেণ।
	এমন ক্লোরাইড	...	...	৫ গ্রেণ।
	একোয়া	...	...	১ ঔন্স।

ষ্টিম স্প্রে দ্বারা ব্যবহার করিতে হইবে। (ঐ)

৩৩।	এসিড ট্যানিক	...	...	১২ গ্রেণ।
	টিং আইওডিন	...	...	৫ মিনিম।
	এসিড কার্ব্বলিক	...	...	৩০ মিনিম।
	গ্লিসারিন	...	...	½ ঔন্স।
	একোয়া	...	...	৩ ঔন্স।

লোশন, প্রত্যহ তিনবার গলাভ্যন্তরে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

Polypus Nasal, (পলিপাস নেজাল)।

চিকিৎসা বিষয়ক টীকা।

সঙ্কোচক ঔষধ প্রয়োগ দ্বারা পলিপাস বিদূরীত করা যাইতে পারে। পলিপাস মধ্যে জিঙ্কাই ক্লোরাইড দ্রব পিচকারী দ্বারা প্রয়োগ করিলে উহা স্লাফে পরিণত হইয়া পড়িয়া যায়। মিঃ

রেজিল্যাণ্ড হ্যারিসন্ পলিপাসে গ্লিসারিন অব্ কার্ব্বলিক এসিড প্রয়োগে সন্তোষজনক ফল পাইয়াছেন। ডাঃ রুডার বলেন টিং ষ্টিলের স্থানিক প্রয়োগ অতীব ফলপ্রদ। টিং ষ্টিল এবং জল সমভাগে মিশ্রিত করিয়া উহার ২ ড্রাম পরিমাণে নাসারন্ধ্র মধ্যে পিচকারী করিলে, তিন চারি দিন মধ্যে পলিপাস আরোগ্য হইতে পারে। লণ্ডন নগরের মিঃ টমাস্ ব্রাইয়াণ্ট, ট্যানিক এসিড ১০ গ্রেণ মাত্রায় নস্যরূপে প্রয়োগে উপকার পাইয়াছেন।

ডাঃ মোরাল ম্যাকেঞ্জি, ১ ড্রাম ফেরি পারক্লোরাইড জলসহ গাঢ় প্রলেপ প্রয়োগে অতি উত্তম ফললাভ করিয়াছেন। ক্ষুদ্র পলিপাস উপরোক্ত ঔষধ প্রয়োগে শীঘ্র বিদূরীত হয়।

জার্ম্মানির ডাঃ প্রাইমস্ জাফ্রান সংযুক্ত নিম্নলিখিত অহি-ফেনের অরিষ্ট প্রয়োগে উত্তম ফল পাইয়াছেন।

ওপিয়াম	...	.. ১৬ ভাগ।
জাফ্রান	...	... ৬ ভাগ।
লবঙ্গ	...	... ১ ভাগ।
ক্যাসিয়া বার্ক	...	... ১ ভাগ।
সেরি ওয়াইন	...	... ১৫২ ভাগ।

উপরোক্ত প্রণালীমত অরিষ্ট প্রস্তুত করিয়া পলিপাসে প্রয়োগ করিতে হইবে।

Pyæmia, (পাইমিয়া)।

যে রক্ত বিষাক্ততা জন্য, জ্বর ও তৎসহ আভ্যন্তরিক যন্ত্রের রক্তাধিক্য ও প্রদাহ অথবা রক্তচাপ জনিত শৈরিক বা ধামনিক অবরোধ, সিরাম নিঃসারক ঝিল্লির প্রদাহ ও পূয়োৎপাদন এবং

সংযোগিক বিধানে স্ফোটক উৎপন্ন হয়, তাহাকে পাইমিয়া কহে। সচরাচর ইহা আঘাত বা ক্ষত বশতঃ জন্মিয়া থাকে।

লক্ষণ—সাধারণতঃ আক্রমণের পূর্ব্বে রোগী কিছুই জানিতে পারেনা। কিন্তু কখন কখন ক্ষুধামান্দ্য, অস্থিরতা, অবসাদন ও সামন্য দৈহিক উত্তাপের বৃদ্ধি এবং ক্ষত বর্ত্তমান থাকিলে উহার অসুস্থাবস্থা বা উহা হইতে দুর্গন্ধযুক্ত স্রাব নির্গমন ইত্যাদি লক্ষণ লক্ষিত হইয়া থাকে। প্রায়ই আক্রমণের প্রথমাবস্থায় হঠাৎ অত্যন্ত কম্প দিয়া জ্বর এবং জ্বর ত্যাগে ভয়ানক ঘর্ম্ম হইয়া থাকে। ঐ কম্প অনেক ক্ষণ স্থায়ী হয় এবং ঠিক মেলেরিয়া বা প্লীহা জ্বরের ন্যায় প্রত্যহ এক সময়েই উপস্থিত হইয়া থাকে। জ্বরের সঙ্গে সঙ্গে অঙ্গ প্রত্যঙ্গে বেদনা, নাড়ী অত্যন্ত ক্ষীণ, দ্রুত ও অসমগতি, সার্ব্বাঙ্গিক অসুস্থ, পিপাসা ও অস্থিরতা, জিহ্বা শুষ্ক ও ধূসর বর্ণ, কোষ্ঠবদ্ধ বা উদরাময়, ত্বক ও চক্ষুর শ্লৈষ্মিক ঝিল্লি হরিদ্রা বর্ণ ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয়। দুরুহ রোগে ভয়ানক অবসাদন, কাশ, শ্বাসকষ্ট, বিড়বিড়ে প্রলাপ এবং শেষাবস্থায় ঘোর অচৈতন্যাবস্থা দৃষ্ট হইয়া থাকে।

অনতি প্রবলাবস্থায় অন্যান্য স্থানিক লক্ষণও প্রকাশ পাইয়া থাকে। প্রথম দুই এক দিন পরেই, এক বা ততোধিক গ্রন্থির স্ফীতি ও বেদনা, ত্বক নিম্নস্থ বিধানে স্ফোটক এবং ত্বকের স্থানে স্থানে বিবর্ণতা ও ফুসকুড়ি (পশ্চিউল) দৃষ্ট হয়। অনেক সময় রোগীর গাত্রে, বহুমূত্র রোগগ্রস্থ রোগীর ন্যায় এক প্রকার গন্ধ পাওয়া যায়। এতদ্ভিন্ন সামান্য কারণে শয্যাক্ষত বা গ্যাংগ্রিন উপস্থিত হইয়া থাকে। অন্যান্য উপসর্গের মধ্যে ব্রঙ্কাইটিস, নিউমোনিয়া, প্লুরিসি, পেরিকার্ডাইটিস, জনডিস, বমন এবং

সেরিব্রাল-পাইমিক স্ফোটক সচরাচর দৃষ্ট হয়। কিন্তু জ্বরের বিরাম দেখা যায় না।

এই রোগ ৭ হইতে ১০ দিন পর্য্যন্ত এবং কখন কখন অনেক দিন পর্য্যন্ত থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

সচবাচব আঘাত বা ক্ষত বশতঃ এই বোগ উৎপন্ন হইয়া থাকে। সুতবাং ক্ষত বা আঘাত প্রাপ্ত স্থান যাহাতে সুস্থাবস্থায় থাকে তদ্বিষযে যত্নবান হওযা উচিত। বোগীকে বিশুদ্ধ বায়ু সঞ্চালিত ও পবিস্কাব গৃহে বাখা আবশ্যক। ক্ষত ইত্যাদি পচন নিবারক ঔষধ দ্বাবা ধৌত কবিযা, পচন নিবাবক ড্রেসিং প্রযোগ করা সর্ব্বতোভাবে বিধেয। ক্ষতে পূযঃ সঞ্চাব না হইতে পাবে এবং উহা হইতে কোন দূবিত পদার্থ বক্ত সঞ্চালনী যন্ত্রে প্রবেশ কবিতে না পাবে, তদ্বিষযে মনোযোগী ও সতর্ক হওয়া আবশ্যক। পাইমিয়াতে সচবাচব অবসাদন হইযা থাকে, তজ্জন্য উত্তেজক ঔষধ বিশেষ প্রয়োজনীয। অন্যান্য ঔষধেব মধ্যে কুইনাইন সর্ব্বোৎকৃষ্ট ইহা অতি অল্প মাত্রায এবং অল্প সময অন্তব সেবন করান উচিত।

ব্যবস্থাপত্র।

১।	এমন কার্ব্ব	... ...	৫ গ্রেণ।
	স্পিঃ ক্লোবফবম	...	১০—২০ মিনিম।
	টিং ডিজিটেলিস	... ...	৫ মিনিম।
	ডিককৃসন সিঙ্কোনা	... ...	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা তিনঘণ্টান্তর সেব্য।

প্রত্যহ ২ ঔন্স পবিমাণে ব্রাণ্ডি সেবন করান উচিত।

(মিঃ জন্, এরিক্সন্)

২। কুইনাইন সাল্‌ফ .. ... ৫ গ্রেণ।

একমাত্রা, প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য।

৩। কুইনাইন সাল্‌ফ .. ২—৪ গ্রেণ।

এসিড নাইট্রমিউরিয়াটিক ডিল ... ৫ মিনিম।

পটাশ ক্লোবাস ... ... ১০ গ্রেণ।

স্পিঃ ক্লোবফরম ... ... ১০ মিনিম।

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৪। কুইনি সাল্‌ফ .. ১২—২৪ গ্রেণ।

এসিড সাল্‌ফ এবোমেটিক ... ১½ ড্রাম।

টিং লুপুলাই ... ... ৬ ড্রাম।

একোযা .. ... ৮ ঔন্স।

⅛ অংশ মাত্রায় প্রত্যহ ৩।৪ বাব সেব্য।

(ডাঃ টমাস, ট্যানাব)।

৫। এসিড ফস্ফবিক ডিল ... ... ১½ ড্রাম।

টিং সিঙ্কোনা কোঃ ... ... ১ ঔন্স।

সিবাপ অরেন্সাই ... ... ৬ ড্রাম।

ইনফিউশন অবেন্সাই ... ... ৮ ঔন্স।

এক অথবা দুই পাইন্ট লেমনেড সহ ⅛ অংশ প্রত্যহ তিন বার সেব্য। (ঐ)

৬। টিং ষ্টিল ... ... ½ ঔন্স।

গ্লিসাবিন ... ... ½ ঔন্স।

টিং কার্ডেমম কোং ... ... ১ ঔন্স।

একোয়া ... সমষ্টি ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

Quinsy or Tonsillitis.

কুইন্সি অর্ টন্‌সিলাইটিস্।

টন্‌সিলের প্রদাহকে টন্‌সিলাইটিস কহে। ইহা দুই প্রকার যথা—(১) প্রবল পূযোৎপাদক টন্‌সিলাইটিস ও (২) ফলিকিউলার টন্‌সিলাইটিস।

কারণ—বসন্ত বা শরৎকালের প্রথমে বা ঋতু পরিবর্ত্তনে, ইহা দেখা গিয়া থাকে। শৈত্য এবং আর্দ্রতা ইহার উদ্দীপক কারণ। স্ক্রফিউলা, গাউট, রিউম্যাটিজম্ বা মিজল্‌স্ রোগ বশতঃও ইহা উৎপন্ন হইয়া থাকে।

লক্ষণ—এই রোগে প্রায়ই জ্বর বর্ত্তমান থাকে। কখন কখন দৈহিক উত্তাপ ১০৪ বা ১০৫ ডিগ্রি পর্য্যন্ত হয়। প্রবলাবস্থায় গলাধকরণে অত্যন্ত কষ্ট বোধ হয়, এবং গলাভ্যন্তরে শুষ্কতা, জ্বালা, উত্তাপ ও বেদনা অনুভব হইয়া থাকে। এই সময়ে গলাভ্যন্তর পরীক্ষা করিয়া দেখিলে, এক দিকের বা উভয়দিকের টন্‌সিল স্ফীত ও রক্তবর্ণ দেখায়। কখন কখন দুই দিকের টন্‌সিল এতই স্ফীত হয় যে, উহারা মধ্যস্থানে উভয়কে উভয়ে স্পর্শ করে। গলার ভিতরের ছিদ্র একেবারে অবরুদ্ধ হয়। এই সঙ্গে সঙ্গে কোমল তালু ও অলিজিহ্বার শ্লৈষ্মিক ঝিল্লি ঘোর রক্তবর্ণ, প্রদাহ যুক্ত, স্ফীত ও বর্দ্ধিত দেখায়। প্রাদাহিক স্থান সকল প্রথমে শুষ্ক থাকে, কিন্তু অল্পক্ষণ পরেই আবার চট্‌চটে ও উজ্জ্বল শ্লেষ্মাদ্বারা আবৃত হইয়া পড়ে। গলাধঃকরণে ক্লেশ অনুভব জন্য লালা মুখ দিয়া পড়িয়া যায়। এই সময়ে হন্বাস্থির কোণে অত্যন্ত বেদনা অনুভূত হয় এবং নিকটবর্ত্তী লালা নিঃসারক গ্রন্থিগুলি স্ফীত হয়। এই সকল কারণবশতঃ রোগী ভাল করিয়া মুখ ব্যাদন করিতে

পারেনা, সুতরাং গলাভ্যন্তর অতি কষ্টে পরীক্ষা করিতে পারা যায়। এতদ্ব্যতীত শিরঃপীড়া, অস্থিরতা, লেপযুক্ত জিহ্বা, মুখে দুর্গন্ধ, বিবমিষা, অক্ষুধা ও কোষ্টবদ্ধ ইত্যাদি লক্ষণ প্রকাশিত হইয়া থাকে। এই প্রদাহ হয় ক্রমশঃ উপসমিত হয় নতুবা পূয়োৎপত্তি হইয়া থাকে। পূয়োৎপত্তি হইলে, গলাভ্যন্তরে দপ্‌-দপে বেদনা ও সটানতা এবং কম্প দিয়া জ্বর লক্ষিত হয়। সাধারণতঃ স্ফোটক নিদ্রাবস্থায় স্বতই বিদীর্ণ হইয়া যায় এবং রোগী পূয়ঃ গলাধঃকরণ করিয়া ফেলে, অথবা অস্ত্রদ্বারা পূয়ঃ নির্গত করিতে হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমাবস্থায় যাহাতে পূয়োৎপাদন প্রতিরোধ করা যাইতে পারে, সেই বিষয়ে মনোযোগী হওয়া উচিত। শিশুদিগের টন্‌সিলাইটিসে একোনাইট অতীব ফলপ্রদ, কিন্তু ইহা লাইকর এমনি এসিটেটিস এবং সিরাপ সহ ব্যবস্থা করা উচিত। অনেক সময় এই ঔষধ সেবনে অত্যাশ্চর্য্য ফল পাওয়া যায়, কিন্তু প্রাপ্ত বয়স্ক-দিগের একোনাইটে বিশেষ ফল দর্শে না। শিশুদিগের বিরেচন জন্য ১ গ্রেণ শর্করা সহ ১ গ্রেণ ক্যালমেল রাত্রিতে সেবন ব্যবস্থা করা উচিত। অথবা ইহার পরিবর্ত্তে লাবনিক বিরেচক দিলেও চলিতে পারে।

প্রাপ্তবয়স্কদিগের প্রবল বা তরুণ টন্‌সিলাইটিসে গোয়েকম অতীব ফলদায়ক। এক ঔন্স গোয়েকম্ মিক্‌শ্চার অথবা ½—১ ড্রাম টিং গোয়েসাই এমনিয়েটা, দুগ্ধ সহ মুখে রাখিয়া কবল করণান্তর সেবন করিতে দিবে। কিন্তু বিরেচন হইলে এই ঔষধ সেবন বন্ধ করিবে। কেহ কেহ অধিক মাত্রায় স্যালল দিতে বলেন। বাতজনিত টন্‌সিলাইটিসে সেলিসিলেট অব্ সোডা ১০—১৫ গ্রেণ

মাত্রায় দেওয়া যাইতে পারে। বিরেচন জন্য সময় সময় তীব্র বিরেচক ঔষধ দেওয়া আবশ্যক। কোন কোন স্থলে প্রদা-হের উপসমার্থে টন্‌সিলের উপর ইন্‌সিশন দিয়া পরে শতকরা ১০ ভাগ কোকেন সোলিউশন্ প্রযোগে বেশ উপকার দর্শে। বেদনা নিরারণার্থ কোকেন প্রযোগ অতীব ফলদাযক। কঠিন রোগে পূযোৎপাদন জন্য, এক ঔন্স জলে ২ গ্রেণ বোরাক্স বা সোডি বাইকার্ব্ব দ্রব করিয়া তদ্বারা কবল করিলে ফল পাওয়া যায়। এতদ্ব্যতীত উষ্ণ জলের বাষ্প বা বেঞ্জোইন, ক্যামোমিলা, হপস্, ক্যাম্ফর বা ওপিযামসংযুক্ত উষ্ণ জলের বাষ্প গ্রহণও ফলপ্রদ। বাহিরেও উষ্ণ জল স্বেদ প্রয়োগ করা কর্ত্তব্য। টন্‌সিলে পূয়োৎপাদন হইলে, ইন্‌সিশন দ্বারা পূযঃ বহির্গত করাই সর্ব্বতো-ভাবে বিধেয়।

পূযঃ নির্গমনের পর, বাতজনিত টন্‌সিলাইটিস রোগে বার্ক ও এমনিয়া এবং অন্য কারণ বা রোগ জনিত টন্‌সিলাইটিসে লৌহঘটিত ঔষধ ও কুইনাইন ব্যবহার্য্য। শিশুদিগের পুরাতন টন্‌সিলাইটিসে, আইওডিনের ক্ষীণ দ্রব কবল করা অতীব প্রযো-জনীয়। স্ক্রুফিউলা বা গণ্ডমালাজনিত টন্‌সিলাইটিসে, কডলিভার অয়েল ও সিরাপ ফেরি আইওডাইড অতি উত্তম ঔষধ। পথ্যের মধ্যে দুগ্ধই উৎকৃষ্ট পথ্য। কিন্তু ইহা উষ্ণ ভিন্ন ঠাণ্ডা ব্যবহার উচিত নহে।

ঔষধ বিষয়ক টীকা।

একোনাইট—টন্‌সিলের প্রদাহের প্রথম অবস্থায় ইহা অত্যন্ত উপকারী।

এণ্টিম' এট্ পটাশি টার্ট—$\frac{1}{6}$—$\frac{1}{2}$ গ্রেণ মাত্রায়, তরুণ টন্‌সিলাই-টিসের প্রদাহ উপসমার্থ ব্যবহৃত হয়।

ক্যাটিকিউ—টন্সিলের বিবৃদ্ধিতে কবলরূপে ব্যবহৃত হয়।

গ্লিসাবিন—ট্যানিনসহ কবলরূপে ব্যবহৃত হয়।

গোয়েকাম—মিঃ জোসেফ্ বেল্, তরুণ টন্সিলাইটিসে ইহার বিশেষ প্রশংসা করেন। ডাঃ আর্, জে, ক্রিজিঙ্গার, এই রোগে নিম্নলিখিত ব্যবস্থা পত্র ব্যবহারে সন্তোষজনক ফল পাইয়াছেন।

পটাশ ক্লোরাস	...	১ ড্রাম।
স্পিরিট ইথার নাইট্রিক	...	½ ঔন্স।
টীং গোয়েসাই	...	... ১½ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য।

হাইড্রার্জিরাম—ডাঃ রিঙ্গার, তরুণ টন্সিলাইটিসে ⅙ গ্রেণ মাত্রায় প্রত্যেক ঘণ্টান্তর ব্যবহার করিতে বলেন।

আইস্ (বরফ)—অনেক সময় টন্সিলাইটিসের প্রবল প্রদাহে বেদনা উপসমার্থ ব্যবহৃত হয়।

আইওডিন—ইহার টিংচার স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হইয়া থাকে।

পটাশ ক্লোরাস—কবল করিবার জন্য উত্তম ঔষধ।

কুইনাইন—ডাঃ জর্জ্জ জনসন্, টন্সিলাইটিসে নিম্নলিখিত কবলের বিশেষ প্রশংসা করেন।

কুইনি সাল্ফ	...	... ১৮ গ্রেণ।
এসিড সাল্ফ ডিল	...	... ১৮ মিনিম।
একোয়া	...	... ৬ ঔন্স।

কবল করিবার জন্য।

স্যালিসিলিক এসিড—তরুণ টন্সিলাইটিসে বিশেষতঃ বাত রোগ

জনিত টন্‌সিলাইটিসে, ইহা বিশেষ ফলদায়ক। ইহার উভয় স্থানিক ও আভ্যন্তরিক প্রয়োগ ব্যবহৃত হইয়া থাকে।

স্যালল—ডাঃ রাইট, তরুণ টন্‌সিলাইটিসে ইহা ১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিতে বলেন।

সোডিয়াম বেঞ্জোয়েটা—ডাঃ বুসিন, ইহা ৮ গ্রেণ মাত্রায় গ্লিসারিন সহ ব্যবহারে ফল পাইয়াছেন।

সোডিয়াম ক্লোরেট—কখন কখন ইহা পটাশ ক্লোরাসের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

টেরিবিস্থিনি অয়েল—ডাঃ রবার্টস, টন্‌সিলাইটিসে ইহার বাহ্যিক ব্যবহারের বিশেষ প্রশংসা করেন।

ব্যবস্থাপত্র।

১।	লাইকর এমনি এসিটেটিস	১—৩ ড্রাম।
	টিং একোনাইট	৩ মিনিম।
	সিরাপ অরেন্সাই	১ ড্রাম।
	একোয়া	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা তিন ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ বার্ণী ইও)

২।	টিং গোয়েসাই এমনিয়েটা ..	১ ড্রাম।

অর্দ্ধ গ্লাস দুগ্ধে মিশ্রিত করিয়া প্রত্যেক ৪ ঘণ্টান্তর সেব্য।

(ঐ)

৩।	সোডি সেলিসিলাস ...	১০—১৫ গ্রেণ।

বাতরোগগ্রস্থ রোগীর জন্য প্রত্যেক তিন ঘণ্টান্তর সেব্য।

(ঐ)

অথবা

৪।	এসিড সেলিসিলিক	... ...	২ ড্রাম।
	সোডি বাইকার্ব্ব	... ...	১২ ড্রাম।
	গ্লিসারিন	... ...	১ ঔন্স।
	একোয়া মেন্থপিপ	.. ...	৪ ঔন্স।

২ ঔন্স মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

৫।	এমন কার্ব্ব	... ...	৫ গ্রেণ।
	পটাশ ক্লোরাস	... ...	১০ গ্রেণ।
	স্পিরিট ক্লোরফরম	... ...	১০ মিনিম।
	ডিককৃশন্ সিঙ্কোনা	.. ...	১ ঔন্স।

একমাত্রা, পূয়োৎপাদন হইলে প্রত্যেক মাত্রা ৪।৬ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

স্থানিক প্রয়োগ।

৬। কোকেন সোলিউশন ... ... ১০ পার্সেণ্ট।

বেদনা নিবারণার্থে টন্সিলে প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৭।	বোরাক্স অথবা সোডি বাইকার্ব্ব	...	২ গ্রেণ।
	ঈষদুষ্ণ জল	... ...	১ ঔন্স।

প্রবল টন্সিলাইটিসে শীঘ্র শীঘ্র পূয়োৎপাদন জন্য কবল করিতে হইবে। (ঐ)

৮।	পটাশ ক্লোরাস	... ..	১ ড্রাম।
	সোডি বাইকার্ব্ব	.. ...	৩ ড্রাম।
	টিং ক্যাপ্সিকাম	... ...	২ ড্রাম।
	— মর্	... ...	১ ঔন্স।
	একোয়া	....	৮ ঔন্স।

কবল করিবার জন্য। (ডাঃ জে, ই, গ্যারেট্সন্)

৯। টিং ওপিয়াই ... ... ২ ড্রাম।
— বেলাডনা ... ... ৩ ড্রাম।
একোয়া ... ... ৮ ঔন্স।
কবল কবিবাব জন্য। (ডাঃ টি, এইচ, ট্যানাব)

১০। প্লম্বাই এসিটাস ... ... ১ ড্রাম।
টিং ওপিযাই ... ... ১ ঔন্স।
একোযা ... ... ১২ ঔন্স।
কবল কবিবাব জন্য। (ডাঃ জে, ই, গ্যাবেট্‌সন্)

১১। অর্জেণ্টাই নাইট্রাস ... ... ৪ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।
আক্রান্ত স্থানে লাগাইযা পরে নিম্নলিখিত কবল ব্যবহার কবিতে দিবে।
টিং আইওডিন ... ... ৪৫ মিনিম।
এসিড কার্ব্বলিক ... ... ৬ মিনিম।
গ্লিসাবিন ... ... ১ ঔন্স।
একোযা ... ... ৭ ঔন্স।
কবল কবিবাব জন্য। (ঐ)

১২। টিং আইওডিন ... ... ২ ড্রাম।
— ষ্টিল ... ... ২ ড্রাম।
গ্লিসাবিন ... ... ½ ড্রাম।
তুলি দ্বাবা লাগাইতে হইবে। (ডাঃ সি, সি, সুইলার)

১৩। আইওডিন ... ... ১½ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ... ১৫ গ্রেণ।
ট্যানিন ... ... ১৫ গ্রেণ।

একোয়া	...	... ২ ঔন্স।

কবল করিবার জন্য। (সার্জ্জন হেহির)

১৪।	পেপ্সিন	...	... ৩০ গ্রেণ।
	এসিড মিউরিয়াটিক ডিল্	..	১ ড্রাম।
	গ্লিসারিন	...	... ৪ ড্রাম।
	একোয়া	...	... ৫ ড্রাম।

যখন টন্সিল ঘন শ্লেষ্মা অথবা ডিপ্থিরিটিক ঝিল্লি দ্বারা আবৃত থাকে। (ডাঃ হাবারকরন্)

১৫।	সোডি সেলিসিলাস	...	... ৪০ গ্রেণ।
	বোরাক্স	...	... ৪০ গ্রেণ।
	একোয়া লরোসিরেসাই		... ১ ড্রাম।
	পরিশ্রুত জল	...	সমষ্টি ৮ ঔন্স।

কবল করিবার জন্য। (ডাঃ বর্ণিইয়ো)

১৬।	টিং আইওডিন	...	... ১ ড্রাম।
	গ্লিসারিন	...	... ৪ ড্রাম।
	একোয়া	...	... ৮ ঔন্স।

কবল করিবার জন্য। (ঐ)

পুরাতন টন্সিলাইটিসে।

১৭।	ট্যানিন্	...	... ১৫ গ্রেণ।
	টিং আইওডিন	..	... ২ মিনিম।
	গ্লিসারিন	...	.. ৪ ড্রাম।
	একোয়া	...	... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

Scrofula, (স্ক্রফিউলা)।

গণ্ডমালা।

টিউবার্কেল উৎপন্নহেতু লিম্ফ্যাটিক গ্রন্থির বিবৃদ্ধি এবং তৎসহ অস্থি ও সন্ধি স্থানের দুর্ব্বল প্রাদাহিক অবস্থা ইত্যাদিকে স্ক্রফিউলা বা গণ্ডমালা কহে। সচরাচর গণ্ডস্থলের গ্রন্থিশ্রেণী স্ফীত, বর্দ্ধিত ও কঠিন হয় বলিয়া, ইহা গণ্ডমালা নামে অভিহিত হইয়া থাকে। সাধারণতঃ গলদেশের ও উহার উভয় পার্শ্বের সমস্ত গ্রন্থিগুলি বর্দ্ধিত ও কঠিন হইয়া উঠে। ক্রমে ঐ কঠিন গ্রন্থিগুলির মধ্যে ২।১টী একটুকু নরম হয় এবং উহা হইতে অবশেষে গাঢ় পূযঃ নিঃসৃত হইতে থাকে। লিম্ফ্যাটিক গ্রন্থি ব্যতীত এই রোগে চর্ম্ম, শ্লৈষ্মিক ঝিল্লি, অস্থি ও সন্ধি ইত্যাদিতে, প্রদাহ ও পূযোৎপত্তি হইয়া ক্ষত ও নালী ঘা উৎপন্ন হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে আভ্যন্তরিক ঔষধের মধ্যে পরিবর্ত্তক ঔষধই অতীব প্রয়োজনীয়। স্ক্রফিউলা সহ বাত, উপদংশ ইত্যাদি বর্ত্তমান থাকিলে, আইওডাইড অব্ পটাশিয়াম সর্ব্বাগ্রে ব্যবস্থা করা কর্ত্তব্য। আইওডাইড অব্ আসরণও একটি মূল্যবান ঔষধ। গলদেশের গ্রন্থি বিবৃদ্ধি ও স্ক্রফিউলা জনিত চক্ষু ও সন্ধি সংক্রান্ত রোগে, উহা কুইনাইন ও ওপিয়াম সহ ব্যবহার্য্য। পরিবর্ত্তক ঔষধের মধ্যে আইওডিন, বেরিয়ম এবং কড্‌লিভার অয়েল সর্ব্বোৎকৃষ্ট। রক্তাল্পতা বর্ত্তমান থাকিলে, লৌহঘটিত ঔষধ অতীব ফলদায়ক এবং লৌহের অন্যান্য প্রয়োগরূপের মধ্যে ফেরি পটাশি টার্টারেট, ভাইনম ফেরি, ফেরি সাল্‌ফ এবং টিং ষ্টিল বিশেষ উপকারী। দুর্ব্বলতা বর্ত্তমান থাকিলে, কুইনাইন বা তৎসহ ধাতব অম্ল অতীব প্রয়োজনীয়।

স্ক্রফিউলা সহ অজীর্ণ রোগে ক্ষার ঔষধই ব্যবস্থা করা কর্ত্তব্য। উদবাময় হইলে বিশমথ ব্যবহার্য্য। মৃদু বিবেচক আবশ্যক হইলে, বিযাহ ও সেনা প্রভৃতি দেওয়া যাইতে পারে। স্থানিক প্রয়োগের মধ্যে আইওডিন সর্ব্বাপেক্ষা উত্তম।

স্ক্রফিউলা জনিত ক্ষতে, ডাইলিউটেড সিট্রিন মলম, নাইট্রেট অব্ সিলভার, সাল্ফেট অব্ কপার ইত্যাদি ঔষধ প্রয়োজ্য। কখন কখন ক্ষতের চতুস্পার্শ্বে আইওডিন প্রয়োগে বিশেষ উপকার দর্শে।

ঔষধ বিষয়ক টীকা।

এল্কোহল—প্রঃ গ্রস্ বলেন এই রোগে এল্কোহল অতীব ফলদায়ক। তিনি এই রোগাক্রান্ত অনেক শীর্ণ ও ক্ষীণ রোগী, অতি অল্প মাত্রায় হুইস্কি সেবনে স্থূলকায় হইতে দেখিয়াছেন। ডাঃ এলেক্জাণ্ডার ষ্টীল ইহার বিশেষ প্রশংসা করেন।

এল্কেলিজ—এই রোগসহ অম্লেনিউরিয়া বর্ত্তমান থাকিলে, সোডিয়াম এবং পটাশিয়াম সংযুক্ত ক্ষার ঔষধ ব্যবহার্য্য।

এমনিয়াই আইওডাইড—স্ক্রফিউলাসহ গ্রন্থি বিবৃদ্ধিতে ইহা দুই গ্রেণ মাত্রায় উপকারী।

আর্সেনিকেলিস—আভ্যন্তরিক ঔষধের মধ্যে ইহা একটি মূল্যবান ঔষধ। ইহার প্রয়োগরূপের মধ্যে ডনোভ্যানস্ সোলিউশন বিশেষ উপকারী।

অরাই পাল্বিস—অনেকে পরিবর্ত্তক রূপে ইহার চূর্ণ $\frac{1}{10}$—$\frac{1}{5}$ গ্রেণ মাত্রায় ব্যবহার করিতে বলেন।

বেরিয়াই ক্লোরাইড—স্ক্রফিউলা সহ রক্ত সঞ্চালনি ক্রিয়ার নিস্তেজতা ও শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা থাকিলে ইহা অতীব ফলদায়ক।

ব্রোমিন—ইহার নিম্নলিখিত ব্যবস্থা পত্র অত্যন্ত ফলদায়ক।

ব্রোমিন	...	... ১০ মিনিম।
একোয়া	...	... ৭ ড্রাম।

৬ মিনিম মাত্রায় প্রত্যহ তিন চারি বার সেব্য।

ক্যাল্সিয়াই ক্লোরাইডম—স্ক্রফিউলাতে গলদেশের গ্রন্থি বিবৃদ্ধি হইলে, ডাঃ ওয়ার্বার্টন বেগবি, ইহা ১০—২০ গ্রেণ মাত্রায় দুগ্ধসহ পথ্যের পর সেবন ব্যবস্থা করেন। ডাঃ কোপ্ল্যাণ্ড ইহার ভূয়সী প্রশংসা করেন।

ক্যালসিয়াই আইওডাইড—কখন কখন ৮ গ্রেণ মাত্রায় উপরোক্ত ঔষধের পরিবর্ত্তে প্রত্যহ তিনবার ব্যবহৃত হয়।

ক্যাল্সিয়াই সাল্ফাইড্—ডাঃ রিঙ্গার, স্ক্রফিউলার গ্রন্থি বিবৃদ্ধিতে, ক্ষতে ও স্ফোটকে ইহা অত্যন্ত উপকারী মনে করেন। এবং শিশুদিগের এই রোগে নিম্নলিখিত ব্যবস্থা পত্রের বিশেষ প্রশংসা করেন।

ক্যালসিয়াই সাল্ফাইড		... ১ গ্রেণ।
একোয়া	...	.. ½ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক ঘণ্টান্তর সেব্য। ইহা প্রত্যহ নূতন প্রস্তুত করা উচিত, কারণ এইরূপ মিশ্রন অধিক দিন থাকে না। দুগ্ধ শর্করাসহ নিম্নলিখিত ব্যবস্থানুযায়ী ঔষধও দেওয়া যাইতে পারে।

ক্যাল্সিয়াই সাল্ফাইড		⅙—½ গ্রেণ।
দুগ্ধ শর্করা	...	... ১০ গ্রেণ।

একমাত্রা, প্রত্যহ এইরূপ ৪।৬ মাত্রা সেব্য।

একোয়া ক্যাল্সিস—সময়ে সময়ে দুগ্ধ সহ ৪ ড্রাম মাত্রায় ব্যবহারে গণ্ডমালায় উপকার দর্শে।

হাঁ্যাল্সিস ফস্ফাস প্রিসিপিটেট্রস্—ইহা একটি উত্তম উপসমকারী ঔষধ। স্ক্রফিউলা জনিত ক্ষতে ৮—২০ গ্রেণ মাত্রায় পথ্য সহ ব্যবহারে, উপকার দৃষ্ট হইয়া থাকে। স্ক্রফিউলার উদবাময়েও ইহা বিশেষ ফলদায়ক।

কোনিয়াম—বর্দ্ধিত গ্রন্থির আচুষণ বা দূরীকরণ জন্য এবং স্ক্রফিউলা জনিত ক্ষত আরোগ্যের সহায়তা জন্য, ইহা ব্যবহৃত হইয়া থাকে। ডাঃ বোডিলোক ও এলেকজাণ্ডার ফ্লেমিং ইহা ব্যবহারে উত্তম ফল পাইয়াছেন।

ফেরি কার্ব্ব—ডাঃ বাইফোর্ডের মতে স্ক্রফিউলা রোগে, লৌহের অন্যান্য প্রয়োগরূপের মধ্যে ইহাই উৎকৃষ্ট। তিনি ১০ গ্রেণ মাত্রায় মিউসিলেজ সহ ব্যবহার করিতে বলেন।

ফেরি এট্ এমনি সাইট্রাস—ইহা শিশুদিগের পক্ষে বিশেষ উপযোগী।

ফেরি ব্রোমাইড—কেহ কেহ লার্ড ও গ্লিসারিনসহ ইহার স্থানিক প্রয়োগের প্রশংসা করেন। ১৮নং ব্যবস্থা পত্র দেখ।

ফেরি আইওডাইড—প্রায় সকল প্রকার স্ক্রফিউলাতে ইহার সিরাপ বিশেষ উপকারী।

হাইড্রার্জিরাই—অতি শৈশবাবস্থার স্ক্রফিউলা রোগে, উইলিয়াম বাইফোর্ড, ট্যারাক্সিকম্ সহ অতি অল্পমাত্রায় ক্যালমেল ব্যবহার করিতে বলেন।

আইওডাম্-আইওডিন এবং ইহার প্রযোগরূপ অতি উত্তম ঔষধ। ইহা উভয় আভ্যন্তরিক সেবন ও বাহ্যিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

মর্ফিয়া ওলিয়াম—স্ক্রফিউলা বা টিউবার্কেল বিশিষ্ট ধাতুতে ইহা অত্যন্ত উপকারী। গ্রন্থিগুলির পূয়োৎপত্তির পরে, ইহার

ক্রিয়া উত্তমরূপে দৃষ্ট হয়। স্ক্রফিউলা জনিত চর্ম্ম, সন্ধি ও অস্থি রোগে এবং ঐ রোগ সম্বন্ধীয় ওজিনা, অটোরিয়া এবং অপ্‌থ্যাল্‌মিয়াতে, ইহা অতীব ফলপ্রদ।

ফস্ফরিকএসিড ডিল্ ৫—২০ মিনিম মাত্রায় ইন্‌ফিউশন কলম্বা সহ সেবনে, উপকার দৃষ্ট হয়।

চিমাফিলা—প্রঃ জর্জ্জ উড ইহার ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন যে, উপকারীতা সম্বন্ধে কড্‌লিভার অয়েল, আয়রণ ও আইওডিনের নিম্নেই, ইহাকে স্থান দেওয়া যাইতে পারে।

ফাইটলেক্কা ডেকেন্দ্রা—আমেরিকার চিকিৎসকেরা স্ক্রফিউলা জনিত শীর্ণাবস্থায়, ইহাকে মূল্যবান ঔষধ বলিয়া মনে করেন। ডাঃ সি এইচ্, ফোর্ট, অনেক স্ক্রফিউলা আক্রান্ত রোগীকে নিম্নলিখিত ব্যবস্থা পত্র ব্যবহারে আরোগ্য করিয়াছেন।

টিং ফাইটলেকা ডিল	...	৩ ঔন্স।
— আইওডিন	.. ...	১ ঔন্স।
এসিড নাইট্রমিউরিয়াটিক	..	১ ঔন্স।
একোয়া	... ...	২ ঔন্স।

মিশ্রিত করনান্তর ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

অথবা—

একষ্ট্রাক্ট ফাইটলেক্কা	...	২ ঔন্স।
সিরাপ সার্সাপেরিলা	...	৫ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

পটাশি ক্লোরাস—স্ক্রফিউলা জনিত গ্রন্থি বিবৃদ্ধিতে ও ক্ষতে, ইহা ৫—১০ গ্রেণ মাত্রায় জল সহ ব্যবহার করা যাইতে পারে। কেহ কেহ নিম্নলিখিত ব্যবস্থাপত্রানুযায়ী ইহা গ্রন্থির স্ফীতির উপরে বাহ্যিক প্রয়োগের জন্য ব্যবহার করিয়া থাকেন।

পটাশ ক্লোরাস	...	...	২ ড্রাম।
এডেপ্‌স্	...	..	১ ঔন্স।

পটাশি আইওডাইড—লিম্ফ্যাটিক গ্রন্থিব বিবৃদ্ধি দূরীকবণ জন্য মিঃ এবিক্‌সন্, ৭নং ব্যবস্থা পত্রেব ঔষধ বিশেষ উপকারী মনে কবেন। ডাঃ মিগস্ এবং পেপাব, শিশুদিগেব স্ক্রফিউলাতে, ৮নং ব্যবস্থাপত্রেব ভূয়সী প্রশংসা কবিয়া থাকেন।

পটাশি লাইকর—স্ক্রফিউলা সম্বন্ধীয় গ্রন্থিব বিবৃদ্ধি বা অর্ব্বুদের হ্রাস জন্য ৩০—৬০ ফোটা মাত্রায় ব্যবহৃত হয়।

সাজ্জা পেরিলা—স্ক্রফিউলা সংক্রান্ত রোগে, ইহা অতীব ফলপ্রদ।

ষ্টিলিঞ্জিয়া—শিশুদিগেব স্ক্রফিউলাব, বিশেষতঃ গণ্ডের বিবৃদ্ধিসহ নাসিকা হইতে পূয়ঃ শ্লৈষ্মিক শ্রাব, উদর স্ফীতি, ও শ্বেত বর্ণেব মল ইত্যাদি বর্ত্তমান থাকিলে, ১০—২০ মিনিম মাত্রায় ইহার একষ্ট্রাক্ট লিকুইড প্রত্যহ তিনবাব সেবনে ফল দর্শে।

সাল্‌ফাব—নিম্নলিখিত ব্যবস্থাপত্র সময়ে সময়ে বিশেষ উপকাবী।

সাল্‌ফাব	...		২—৪ স্ক্রুপল্।
সিবাপ	..	...	১ ঔন্স।
একোয়া	..	...	৭ ঔন্স।

একগ্লাস দুগ্ধসহ এক ঔন্স মাত্রায় প্রত্যহ দুইবাব সেব্য।

ট্যাবাক্সিকম—অন্যান্য পরিবর্ত্তক ঔষধের মধ্যে ইহা বিশেষ ফলপ্রদ।

জিন্সাই আইওডাইড—গ্রন্থি বিবৃদ্ধির উপব, ইহা স্থানিক প্রয়োগ রূপে ব্যবহৃত হয়।

ব্যবস্থাপত্র।

১। পটাশ আইওডাইড	...	৫—১০ গ্রেণ।	
সিরাপ হিমেডিস্‌মিস্ অথবা অর‍্যান্সাই		১ ড্রাম।	

একোয়া ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেবা। (ডাঃ বিস্‌লি)

(লিউগলস্ সলিউসন্)।

২। আইওডিন .. .. ২০ গ্রেণ।

পটাশ আইওডাইড ... ... ৪০ গ্রেণ।

পবিশ্রুত জল . .. ৭ ড্রাম।

এক গ্ল্যাস সববৎ সহ ৫—১০ মিনিম মাত্রায় প্রত্যহ তিন বাব সেবা।

৩। ফেবি আইওডাইড ... . ১ গ্রেণ।

কুইনি সাল্‌ফ .. . ২ গ্রেণ।

পাল্‌ভ ওপিয়াই ... .. ½ গ্রেণ।

একষ্ট্রাক্ট গ্লাইসিবেজা ... . যথা প্রযোজন।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেবা। (ডাঃ বিস্‌লি)

৪। সিবাপ ফেবি আইওডাইড ... ২ ড্রাম।

— জিঞ্জাব ... ... ১ ঔন্স।

পরিশ্রুত জল ... .. ৫ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবাব সেবা।

(ডাঃ ...াব্, ম্যাক্‌গ্রিগব)।

৫। লাইকব বেবিযাই ক্লোবাইড ... ১ ঔন্স।

এসিড হাইড্রক্লোবিক ... ... ৪ মিনিম।

৩-৪ ফোঁটা মাত্রায় প্রত্যহ দুইবাব সেবা। ক্রমশঃ ৮।১০ ফোঁটা পর্য্যন্ত মাত্রা বৃদ্ধি কবা যাইতে পাবে। (প্রঃ গ্রস্)

৬। কড্‌লিভাব অযেল ... ½—২ ড্রাম।

সিবাপ ফেরি আইওডাইড ১৫—৩০ মিনিম।

প্রত্যহ দুই বার আহারন্তে সেবা।

৭।	পটাশ আইওডাইড	... ...	৫ গ্রেণ।
	— ক্লোরাস	... ...	৫ গ্রেণ।
	— বাইকার্ব্ব	... ...	১৫ গ্রেণ।

এক পুরিয়া, প্রত্যহ প্রাতে ও রাত্রিতে দুই পুরিয়া, এক পোয়া পরিমাণ গরম দুগ্ধ সহ সেব্য। (এরিক্‌সন্‌)

৮।	পটাশ আইওডাইড	... ...	৪৮ গ্রেণ।
	সিরাপ ফেরি আইওডাইড	...	২ ড্রাম।
	— জিঞ্জার	... ...	১০ ঔন্স।
	একোয়া	... ...	১২ ঔন্স।

জল সহ ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য।

৯।	মেরিবাই ক্লোরাইড	...	১০ গ্রেণ।
	টিং ষ্টিল	...	২—৫ ড্রাম।
	সিরাপ অর্যান্সাই	.. ...	১০ ঔন্স।

½ ঔন্স মাত্রায় প্রত্যহ ২।৩ বার সেব্য। (ডাঃ ন্যাফি)

১০। ফেরি আইওডাইড অথবা

সিরাপ ফেরি আইওডাইড	...	৩ ড্রাম।
টিং কলম্বা	... ...	১ ঔন্স।
পরিশ্রুত জল	.. ...	৭ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ দুই বার সেব্য। (ডাঃ এসওয়েল)

স্থানিক প্রযোগ।

১১।	আইওডিন	... ...	২০ গ্রেণ।
	পটাশ আইওডাইড	.. ...	১ ড্রাম।
	সিরেটাই	... ...	২ ঔন্স।

মলম, স্ক্রফিউলা জনিত ক্ষতে ব্যবহার্য্য। (মিঃ সি, হগ্‌)

১২। আইওডিন ... ... ১৫ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।
টিং ওপিয়াই ... ... ২ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ২ ঔন্স।
লোশন, গ্রন্থিতে প্রযোগ কবিতে হইবে। (ডাঃ লিউগল)

১৩। টিং আইওডিন ... ... ½ ঔন্স।
গ্লিসাবিন ... ... ½ ঔন্স।
প্রত্যহ তিনবাব লাগাইতে হইবে।
(প্রঃ জে, লুইস, স্মিথ্)।

১৪। পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।
এল্‌কোহল ... ... ১ ঔন্স।
একোয়া ... ... ১১ ঔন্স।
স্থানিক প্রয়োগেব জন্য। (প্রঃ, এইচ, এইচ, টোম্‌সন্)

১৫। টিং আর্নিকা ... ... ½ ঔন্স।
— আইওডিন ... ... ½ ঔন্স।
গ্রন্থিব বিবৃদ্ধিতে প্রত্যহ দুইবাব প্রাতে ও সন্ধ্যাকালে লাগাইতে হইবে। (ঐ)

১৬। কড্‌লিভাব অযেল ... ... ½ ঔন্স।
লাইকর পটাশি ... ... ½ ড্রাম।
প্রিপেয়ার্ড লার্ড ... ... যথা প্রয়োজন।
স্ক্রফিউলা জনিত ক্ষত্রে প্রয়োগ কবিতে হইবে।
(ডাঃ নেলিগন)

১৭। ফেবি ব্রোমাইড ... ... ১ ভাগ।
গ্লিসারিন ... ... ১ ভাগ।

এডেপ্স ... ... ১৪ ভাগ।

স্থানিক প্রয়োগেব জন্য। (ডাঃ বিস্লি)

১৮। পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।

একষ্ট্রাক্ট ষ্ট্র্যামনিয়াই ... ... ১ ঔন্স।

প্রত্যহ ২।৪ বার গ্রন্থির উপবে মালীষ কবিতে হইবে। (ঐ)

Skin Diseaess of, (স্কিন ডিজিজেজ্ অব)।

চর্ম্মরোগ সমূহ।

Acne, (একনি)।

সিবেসস্ গ্রন্থির এবং কেশ ফলিকল্ বা গহ্বরের প্রদাহ হেতু যে ক্ষুদ্র ব্রণ হয়, তাহাকে এক্নি কহে। ইহা প্রায মুখে, পৃষ্ঠে, স্কন্ধে এবং বক্ষের ত্বকে উৎপন্ন হইয়া থাকে। যৌবনাবস্থার প্রারম্ভেই সচরাচর ইহা দৃষ্ট হইয়া থাকে। ৩০ বৎসরেব পর ইহা খুব কম দেখা যায়। উভয স্ত্রী ও পুরুষ জাতির মধ্যে ইহা সমভাবে হইয়া থাকে। এই ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের মধ্যস্থলে একটি কাল দাগ থাকে এবং ঐ কাল দাগই ফলিকলেব মুখ। কখন কখন এই ব্রণ রক্তবর্ণ এবং প্রদাহযুক্ত ও পূয়ঃ সংযুক্ত দেখা যায়; টিপ দিলে পূয়ঃ বাহির হইয়া যায় এবং ঐ স্থানে শেষে একটি চিহ্ন থাকে। আব এক প্রকার একনি আছে তাহাকে একনি রোজেসিয়া (Acne rosacia) কহে। ইহাতে মুখের রক্তাধিক্য, জ্বালা, পতঙ্গদংশনবৎ বেদনা, শিরাব প্রসারিতাবস্থা ও ব্রনোৎপত্তি ইত্যাদি লক্ষণ প্রকাশিত হইয়া থাকে। মধ্য বয়সে, বিশেষতঃ স্ত্রীলোকের মধ্যে ঋতুর বৈলক্ষণ্য বা ঋতু এক,

কালীন বন্ধ হইলে এই পীড়া অধিক হয়, কিন্তু প্রায়ই অজীর্ণতার সঙ্গে সঙ্গে ইহা দৃষ্ট হইয়া থাকে। পুরুষদিগের মধ্যে অতিরিক্ত মদ্যপান এই রোগের একটি প্রধান কারণ।

চিকিৎসা বিষয়ক টীকা।

যাহাতে সিবেসস্ গ্রন্থিগুলি ও ত্বকের ক্রিয়া উত্তেজিত হয়, তদ্বিষয়ে মনোযোগী হওয়া কর্ত্তব্য। স্থানিক প্রয়োগের মধ্যে সাল্ফার মলম বা লোশন অতীব ফলপ্রদ। কিন্তু সাল্ফার পাছে চক্ষে প্রবেশ করিয়া প্রদাহ উৎপাদন করে, সেই ভয়ে উহা দিবসে প্রয়োগ করা কর্ত্তব্য। সাধারণ সাল্ফার মলম অপেক্ষা হাইপ-ক্লোরাইট অব্ সাল্ফার মলম মন্দ নহে। সাল্ফার প্রয়োগে কোন উপকার না হইলে, সাবান প্রতি রাত্রিতে প্রয়োগ করা কর্ত্তব্য। আভ্যন্তরিক ঔষধের মধ্যে আর্সেনিক, কড্লিভার অয়েল এবং অন্যান্য বলকারক ঔষধ বিশেষ উপকারী।

একনি রোজেসিয়া হইলে অজীর্ণতা, কোষ্ঠবদ্ধতা, স্ত্রীধর্ম্মের বৈলক্ষণ্য ইত্যাদির চিকিৎসা করা প্রয়োজন, কেননা ঐ সকল কারণ বশতঃই প্রায় উহা উৎপন্ন হইয়া থাকে। স্থানিক প্রয়োগের জন্য দিবসে ক্যালমিনা ও অক্সাইড্ অব্ জিঙ্কের লোশন ব্যবহার এবং রাত্রিতে সাল্ফার মলম প্রয়োগ অতীব ফলপ্রদ।

ব্যবস্থা পত্র।

১।	সাব্লাইম্ড্ সাল্ফার	...	১ ঔন্স।
	এল্কোহল	... ...	১ ঔন্স।
	টিং লেভেণ্ডিউলি কোং	... ...	১ ঔন্স।
	গ্লিসারিন	... ...	১ ঔন্স।
	একোয়া ক্যাম্ফর	... ...	১ ঔন্স।

লোশন্, স্থানিক প্রয়োগ করিবার জন্য। (হেন্‌রি, জি, পিফোর্ড)।

২। এসিড কার্ব্বলিক ... ... ই ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ড্রাম।
সিবেটাই এডিপাস বা লার্ড বা সিম্পল
অয়েণ্টমেণ্ট ... ৬—১০ ড্রাম।
স্থানিক প্রযোগেব জন্য। (জে, এন্, ডেকষ্টা আমেরিকা)।

৩। লাইকব প্লম্বাই সব্ এসিটেটিস ... ২০ মিনিম।
গ্লিসারিন ... ... ১ ড্রাম।
সিরেটাই সিম্পিসিস্ ... ... ৭ ড্রাম।
মলম, প্রাতে এবং সন্ধ্যাকালে মালীষ কবিতে হইবে। (ঐ)

৪। প্রিসিপিটেড্ সাল্ফার ... ... ১৫ গ্রেণ।
গ্লিসাবিন ... ... ই ড্রাম।
স্পিরিট ক্যাম্ফব ... ... ৫ মিনিম।
একোযা বোজ ... ... ১ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য।

৫। প্রিসিপিটেড্ সাল্ফার ... ... ১৫ গ্রেণ।
কার্ব্বলিক এসিড ... . ১০ মিনিম।
বেঞ্জোয়েটেড্ লার্ড ... ... ১ ঔন্স।
পটাশ বাইকার্ব্ব ... ... ১৫ গ্রেণ।
মলম, স্থানিক প্রযোগেব জন্য। (ঐ)

৬। হাইড্রার্জিরাই পাবক্লোরাইড ... ই গ্রেণ।
আমণ্ড অয়েল ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৭। বিশমথ সাব্নাইট্রাস ... .. ২০ গ্রেণ।
গ্লিসারিন ... ... ১ ড্রাম।

	একোয়া বোজ	...	... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য। (ঐ)

৮।	সেলিসিলিক এসিড	..	... ৩ গ্রেণ।
	বোরিক এসিড	...	... ৪০ গ্রেণ।
	এল্‌কোহল	...	... ১½ ঔন্স।
	গ্লিসাবিন	...	. ১½ ঔন্স।
	বার্গেমট্ অযেল	..	... ৫ মিনিম।

প্রত্যহ তিনবাব ধৌতরূপে ব্যবহাব কবিতে হইবে।

(ডাঃ সাবাপোষ্ট)

৯।	হাইড্রার্জিবাই পাবক্লোবাইড		... ২ গ্রেণ।
	ইমাল্‌সন এমিগডালি অমবা		... ৮ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ টিলমবি ফক্স)

১০।	হাইড্রার্জিবাই পাবক্লোবাইড		.. ২ গ্রেণ।
	সোডিযাই বাইবোবেটিস্		... ½ ড্রাম।
	গ্লিসাবিন	...	... ১ ঔন্স।
	একোয়া	...	... ৭ ঔন্স।

ধৌতরূপে ব্যবহাব কবিতে হইবে। (ঐ)

১১।	বিসর্মিন	...	. ২৪ গ্রেণ।
	ভেসিলিন	..	... ১ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ হ্যাৰ্ডি)

১২।	হাইড্রার্জিবাই পাবক্লোবাইড		... ১ ড্রাম।
	টিং বেঞ্জোইন	...	... ১ ড্রাম।
	একোয়া	...	... ৬ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য।

১৩। সাল্‌ফিউরিস্ ... ... ১ ড্রাম।
এল্‌কোহল ... ... ১ ঔন্স।
ক্যামেল হেয়ার পেন্‌সিল্ দ্বারা লাগাইতে হইবে।
(প্রঃ হিব্রা)

১৪। সাল্‌ফিউরিস ... .. ১ ড্রাম।
ইথার সাল্‌ফ ... .. ৪ ড্রাম।
এল্‌কোহল ... .. ৩½ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য।

১৫। সাল্‌ফার সাব্‌লিমেট ... ১ ড্রাম।
গ্লিসারিন ... ... ১ ড্রাম।
সিরেটাই সিম্পিসিস ... ... ১ ঔন্স।
অয়েল রোজ .. ... ৩ মিনিম।
মলম, রাত্রিতে প্রয়োগ করিতে হইবে।

১৬। সাল্‌ফিউরিস লোশন ... ... ১ ড্রাম।
লার্ড .. ... ১ ঔন্স।
রোজেসিয়া একত্রিতে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

১৭। হাইড্রার্জিরাই আইওডো
ক্লোরাইড ... ৫—১৫ গ্রেণ।
এডেপ্‌স্ ... .. ১ ঔন্স।
মলম, রোজেসিয়া এবং ইন্‌ডিউরেটেড্ একত্রিতে প্রয়োগ করিতে হইবে।

আভ্যন্তরিক প্রয়োগ।

১৮। লাইকর আর্সেনিকেলিস ... ৩ মিনিম।
টিং রিয়াই ... ... ½ ড্রাম।
সিরাপ অর্যান্সাই .. ... ১ ড্রাম।

ইন্‌ফিউশন ক্যাস্কেবিলা
অথবা কলম্বা ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য।
(ডাঃ জে, এম্, ডেকষ্টা)

১৯। মেগ্‌নেশিয়া সাল্‌ফ ... ... ১½ ঔন্স।
ফেরি সাল্‌ফ ... ... ১৬ গ্রেণ।
এসিড সাল্‌ফিউরিক ডিল ... ২ ড্রাম।
একোয়া ... সমষ্টি ৮ ঔন্স।
এক গ্ল্যাস জলসহ ½ ঔন্স মাত্রায় প্রাতঃকালীনি আহারের এক ঘণ্টা পূর্ব্বে সেব্য।

২০। লাইকর আর্সেনিকেলিস ১—৩ মিনিম।
একোয়া .. ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ দুই মাত্রা আহারন্তে সেব্য। (ঐ)

২১। গ্লিসারিন ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ ২।৩ মাত্রা সেব্য।

২২। কড্‌লিভার অয়েল ... ½—২ ড্রাম।
সিরাপ ফেরি আইওডাইড ১৫—৩০ মিনিম।
একমাত্রা, প্রত্যহ দুইমাত্রা আহারন্তে সেব্য।

Alopecia, (এলোপেসিয়া)।

টাক পড়া।

কেশের স্বল্পতা বা পতনকে এলোপেসিয়া বা টাক কহে। ইহা যে কেবল মস্তকেই হয় তাহা নহে, কখন কখন সমস্ত ভ্রু, চক্ষুর

পাতা, দাড়ি, গোঁপ ইত্যাদির কেশ পতন হইয়া থাকে। কখন বা মস্তকের কিয়দংশ স্থানের কেশাভাব হয়। আর এক প্রকার এলোপেশিয়া আছে, ইহাতে কেশের এট্রোফি, পীড়া বা শুষ্কতা বশতঃ চক্রাকার ভাবে কেশের পতন হয়, উহাকে এলোপেসিয়া এবিএটা কহে। প্রায় মস্তকের একটি অথবা নানাস্থানের কেশ গোলাকার ভাবে পতন হয। কেশ শূন্য স্থানটি মসৃণ ও চক্‌চকে দেখায ; কখন কখন ঐ চক্রাকাব স্থানের প্রান্তে কেশের অধোভাগ থাকে, সমস্তাংশেব পতন হয় না।

কারণ—জ্বর, সুতিকাবস্থা ইত্যাদি বশতঃ ত্বকের পরিপোশনেব অভাব, উপদংশ এবং স্থানিক আঘাত জন্য সচরাচর টাক উৎপন্ন হইবা থাকে। এলোপেসিয়া এবিএটা স্নায়ুশিরার ক্রিযাবৈলক্ষণ্য বশতঃ বা কেশমূলেব শুষ্কতা হেতু হইয়া থাকে।

চিকিৎসা বিষযক টীকা।

স্নায়ুশক্তি এবং ত্বকেব পবিপোষণ ও স্থানিক উত্তেজনা সম্বন্ধে বিশেষ মনোযোগী হইতে হইবে। স্থানিক প্রয়োগের মধ্যে লিমিমেণ্ট এমনিয়া. লিনিমেণ্ট ক্যাম্ফব কোং, লিনিমেণ্ট ক্লোবফবম এবং মাষ্টার্ড অথবা এসিটাম্ ক্যান্থারাইডিস অতীব ফলপ্রদ। এলোপেসিয়া এরিএটাতে, এসিটাম্ ক্যান্থারাইডিস এক কিম্বা দুইভাগ, স্পিরিটসহ মিশ্রিত করিয়া ব্যবহারে বিশেষ ফলদর্শে। ইহা ব্যতীত এমনিয়া, টার্পিণ্টাইন, এবং টিং আইওডিন প্রয়োগও ফলদায়ক। উপদংশ জনিত এলোপেসিয়াতে পটাশ আইওডাইড সেবনে ও ক্যাম্ফর সহ হোযাইট প্রিসিপিটেড মলম প্রয়োগে বিশেষ উপকার দর্শে।

ব্যবস্থাপত্র।

১। টিং ক্যান্থারাইডিস্	...	... ১½ ড্রাম।
স্পিরিট রোজমেরিনি	...	... ১০ মিনিম।
— লেভেণ্ডিউলি	...	... ১০ মিনিম।
ইউডিকোলন	...	... ১½ ঔন্স।

কেশোদ্গমের উত্তেজনা হেতু আক্রান্ত স্থানে মালীষ করিতে হইবে। (মিঃ ইর্যাসমস্ উইল্সন্)

২। টিং ক্যান্থারাইডিস্	...	১—২ ড্রাম।
কুপ্রাই এসিটেটিস	..	... ২ গ্রেণ।
অয়েল এমিগ্ডেলি ডাল্সিস্		... ৬ ড্রাম।
— রিসিনি	...	... ৫ ড্রাম।
স্পিরিট লেভেণ্ডিউলি	..	সুগন্ধের জন্য যথা প্রয়োজন।

(ঐ)

৩। একোয়া এমনিয়া ফোর্ট		... ½ ঔন্স।
ওলিয়াম এমিগ্ডেলি	...	... ½ ঔন্স।
ক্লোরফরম্	...	... ½ ঔন্স।
এল্কোহল	...	... ২½ ঔন্স।
অয়েল লিমনিস	...	... ½ ড্রাম।

(ঐ)

৪। টিং ক্যাপ্সিসাই	...	... ½ ঔন্স।
— ক্যান্থারাইডিস্	...	... ½ ঔন্স।
— নক্সভমিকা	...	... ২ ড্রাম।
গ্লিসারিন	...	... ½ ঔন্স।
একোয়া	...	সমষ্টি ৪ ঔন্স।

এলোপেসিয়া এরিএটাতে রাত্রিতে এবং প্রাতঃকালে উত্তম রূপে ঘর্ষণ করিয়া প্রয়োগ করিতে হইবে। (ডাঃ বল্কলি)

৫। টিং ক্যান্থারাইডিস ... ... ১ ড্রাম।
অঙ্গুয়েন্টাম হাইড্রার্জিবাই নাইট্রেটিস ২ ড্রাম।
অয়েল এমিগডেলি আমেরা ... ২ মিনিম।

(ঐ)

৬। টিং ক্যান্থারাইডিস ... ... ২ ড্রাম।
— ক্যাপ্‌সিসাই ... ... ½ ঔন্স।
অয়েল রিসিনি ... .. ½ ঔন্স।
একোয়া রোজ ... সমষ্টি ৪ ঔন্স।

সিফিলিস, দুর্ব্বলতা এবং জ্বরান্তে কেশ পতনে, স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(ঐ)

৭। টিং ক্যান্থারাইসিড ... ... ১ ড্রাম।
অয়েল রিসিনি ... ... ½ ঔন্স।
প্রিপেয়ার্ড লার্ড ... ... ১ ঔন্স।
স্পিরিট এমিগ্‌ডেলি আমেরা .. ১২ মিনিম।
— লিমনিস ... ... ১২ মিনিম।

প্রাতে এবং সন্ধ্যাকালে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ বুকু প্যারিস)

৮। টিং আইওডিন ... ... ১½ ড্রাম।
একষ্ট্রাক্ট হ্যয়োসায়েমাস ... ৮০ গ্রেণ।
লার্ড অথবা সিম্পল মলম .. ১ ঔন্স।
স্পিরিট রোজমেরি ... যথা প্রয়োজন।

(ঐ)

৯। লিনিমেণ্ট ক্যাম্ফর ... ... ১ ভাগ।
— এমোনিয়া .. ... ১ ভাগ।

—	ক্লোরফরম	... ...	১ ভাগ।
—	একোনাইট	... ...	১ ভাগ।

স্থানিক প্রযোগ কবিতে হইবে। (মিঃ ইব্যাস্‌মাস উইলসন্)

Eczema, এক্‌জিমা।

বিখজ।

ইহা এক প্রকাব ত্বক প্রদাহ, ইহাতে প্যাপিউল ও ভেসি-কিল্ উৎপত্তি হইযা থাকে, ঐ প্যাপিউল ও ভেসিকিল্ স্বতই বিদীর্ণ হইয়া উহা হইতে এক প্রকার আঠা আঠা জলবৎ বস নিস্থত হয, এবং ঐ বস শুষ্ক ও ঘনীভূত হইয়া স্ক্যাব বা মামড়ীরূপে পবিণত হয। আক্রমণাবস্থায় অত্যন্ত কণ্ডুয়ন বা চুলকানি হইযা থাকে। ইহা সকল বযসেই দেখা যায় বটে, কিন্তু শৈশবাবস্থায অবিক পবিমাণে হইযা থাকে। ইহা তিন প্রকাব কাবণ বশতঃ উৎপন্ন হয যথা—(১) স্থানিক উত্তেজনা ও বক্রশিবা বা ভ্যাবিকোজ ভেন। (২) সাধাবণ কারণ যথা—দন্তোদ্গম, কুপথ্য, অতিবিক্ত পবিশ্রম ও মানসিক চিন্তা। (৩) দৈহিক পীডা প্রবণতা।

(১) স্থানিক কাবণের মধ্যে, উত্তেজক পলস্ত্রা ইত্যাদি প্রয়োগ জনিত স্থানিক উত্তেজনা বশতঃ অনেক সময় ইহা উৎপন্ন হইয়া থাকে। অতি গ্রীষ্ম ও অত্যন্ত শীতে ইহা দৃষ্ট হয়। কখন কখন ক্ষার জলে সদাসর্ব্বদা হস্ত প্রক্ষালন অথবা উত্তেজক ঔষধাদি স্পর্শ জন্য ইহা জন্মিয়া থাকে।

(২) শিশুদিগের মধ্যে দন্তোদ্গম ও কৃমি প্রভৃতি সাধারণ

কারণ বশতঃ ইহা প্রায়ই উৎপন্ন হইয়া থাকে। কোষ্টবদ্ধও ইহার একটি উদ্দীপক কারণ।

(৩) যাহাদিগের পিতা মাতা বা যাহারা নিজে গাউট রোগাক্রান্ত, তাহাদেরই মধ্যে এই পীড়া অধিক দেখিতে পাওয়া যায়।

লক্ষণ—প্রথমাবস্থায় কেবল ত্বকের কোন স্থান রক্তবর্ণ ও স্ফীত হয় মাত্র, পরে ঐ স্থানে প্যাপিউলি ও ভেসিকিল্ উত্থিত হয় ও ঐ সকল ভেসিকিল হইতে আঠার মত অথচ পাতলা জলবৎ রস নির্গত হইতে থাকে, এবং ঐ রস শুষ্ক বা ঘনীভূত হইয়া স্ক্যাব্ বা মামড়ী পড়িয়া যায়। কখন কখন প্যাপিউলি বা ভেসিকিল্ উৎপন্ন না হইয়া কেবল মাত্র ত্বক ঈষৎ স্ফীত, লালবর্ণ ও সশল্ক দেখা যায়। আবার কখন কখন সমস্ত শরীরেই রক্তবর্ণ প্যাপিউলি দৃষ্ট হইয়া থাকে। প্রবল একজিমা প্রায়ই দৃষ্ট হয়না, তবে কচিৎ মুখ মণ্ডলে দেখা যায়। প্রবল একজিমায় আক্রান্ত স্থানের ত্বকের বিধান সমূহ স্ফীত হয় এবং উহাতে ভেসিকিল উৎপন্ন হয়। ইহা ব্যতীত পীড়িত স্থানে সাতিশয় দাহানুভব হয় এবং কখন কখন দাহ অনুভব জন্যই ইরিসিপেলাস বলিয়া ভ্রম হইতে পারে। অনতিপ্রবল একজিমার প্রদাহ অতি তীব্র হয় না, কিন্তু ভেসিকিলের সহিত প্যাপিউলি বাহির হয়।

যদিও ইহা শরীরের সকলাংশেই হইতে পারে বটে, কিন্তু কোন কোন অংশে ইহার বিশেষ প্রাদুর্ভাব দেখা যায়, যথা—শাখার আকুঞ্চিত পেশীর দিকে, হস্ত তালুতে, মস্তকে, ওষ্ঠে ও গুহ্যদ্বারে। শিশুদিগের মস্তকের ত্বকে ও মুখমণ্ডলে ইহা অধিক বাহির হয়। স্ত্রীলোকদিগের মস্তকের পশ্চাদ্ভাগে, করতলে এবং পদতলে শল্কাকার একজিমা (বা স্কোয়েমাস) বাহির

হইয়া থাকে। অনেক স্থলে একজিমা এবং পাঁচড়া একত্রে দৃষ্ট হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রবল একজিমার চিকিৎসা অতি সহজ। দুরূহাবস্থায়, সকল রোগীকে শয্যায় রাখা কর্ত্তব্য। দুর্ব্বল ও প্রৌঢ়াবস্থার রোগীর জন্য মেগ্নেসিয়া সাল্ফ ও সোডা সাল্ফ ইত্যাদি মৃদু বিরেচক ঔষধ ব্যবস্থা করা উচিত। গাউট বশতঃ এই রোগ জন্মিলে, মৃদু বিরেচক ঔষধের সঙ্গে সঙ্গে পটাশ আইওডাইড বা কল্‌চিকাম দেওয়া উচিত। প্রবল একজিমার স্থানিক প্রয়োগের জন্য কোন উত্তেজক মলম ইত্যাদি ব্যবহার করা উচিত নহে। শাখার প্রবল একজিমায়, মৃদু লেড্ লোশনই স্থানিক প্রয়োগের মধ্যে শ্রেষ্ঠ, কিন্তু মুখে বা মস্তকে এই রোগ হইলে ফুলার্স আর্থ বা ময়দা এবং অক্সাইড অব্ জিঙ্ক একত্রে মিশ্রিত করিয়া প্রয়োগে উপকার দর্শে। উপরোক্ত ঔষধে উপকার না হইলে, বাদামের তৈল দিয়া লিনিমেণ্ট ক্যাল্‌সিস্ প্রস্তুত করিয়া প্রয়োগে ফল পাওয়া যায়। অনতি প্রবল ও পুরাতন একজিমায়, পীড়ার প্রকার, অবস্থা ও পীড়িত ব্যক্তির বয়সানুসারে চিকিৎসার তারতম্য হইয়া থাকে। গাউট, অজীর্ণ ও কোষ্টবদ্ধ জন্য এই রোগ জন্মিলে, সর্ব্বাগ্রে ঐ সকল কারণের চিকিৎসা করা কর্ত্তব্য। শিশুদিগের এই সকল রোগে আর্সেনিক অতি উৎকৃষ্ট ঔষধ। ইহার সঙ্গে ক্ষার ঔষধ বা মৃদু বিরেচক বা বলকারক ঔষধ দেওয়া যাইতে পারে। প্রচলিত নিয়মানুযায়ী লৌহ ও কড্‌লিভার অয়েল সেবনে অনেক সময় কোন ফল দর্শে না। কিন্তু পশ্চিউলার একজিমায় লৌহঘটিত ঔষধ সর্ব্বাপেক্ষা ফলদায়ক ও উহা আর্সেনিক সহ দেওয়া যাইতে পারে। মধ্য বয়স্ক রোগীদিগের, আর্সেনিকে তত

ফল পাওয়া যায় না। অনতি প্রবল উত্তেজক একজিমায়, মূত্র-কারক ঔষধ সহ অল্প মাত্রায় ভাইনম এণ্টিমনি ব্যবহারে সময়ে সময়ে বিশেষ উপকার দৃষ্ট হয়। সকল প্রকার একজিমায় কোষ্ঠ-বদ্ধতা দূর করা উচিত। বিরেচন আবশ্যক হইলে, প্রাপ্তবয়স্কের জন্য সাল্‌ফেট অব্‌ মেগ্‌নেসিয়া বা সোডা এবং শিশুদিগের জন্য লিকুইড মেগ্‌নেসিয়া, সাল্‌ফার বা অন্যান্য মৃদু লাবনিক বিরেচক ঔষধ ব্যবস্থা করা উচিত। প্রৌঢ়াবস্থায় এলোজ বা মুসর্ব্বরসংযুক্ত বটীকা দেওয়া যাইতে পারে।

পুরাতন একজিমায়, টার বা আল্‌কাতরা অপেক্ষা উত্তম ঔষধ আর নাই। সাধারণ আল্‌কাতরার মলম, অন্যান্য ঔষধ যথা—জিঙ্ক মলমসহ প্রয়োগে বিশেষ ফল দর্শে। অথবা ইহার পরিবর্ত্তে লাইকর কার্ব্বনিস ব্যবহার করা যাইতে পারে।

স্থান বিশেষের একজিমা—মস্তকের ত্বকে একজিমা হইলে, মস্তকের কেশ মুণ্ডন অথবা ছোট ছোট করিয়া কাটিয়া পোল্‌টিস অথবা উষ্ণজল দ্বারা স্কাব্‌গুলি উঠাইয়া ৮নং ব্যবস্থা পত্রের মলম প্রয়োগ করিবে। প্রদাহের উপসম হইলে, ১১নং ব্যবস্থা পত্র ব্যবহার করিবে। মস্তকের ত্বকের সশল্ক একজিমায়, ১২নং ব্যবস্থাপত্র অতীব ফলপ্রদ। প্রবল প্রদাহ হইলে, মলমের পরিবর্ত্তে লোশনই ভাল, কিন্তু অন্যান্য লোশন অপেক্ষা মৃদু সাল্‌ফেট অব্‌ জিঙ্ক লোশন অথবা বোরেসিক এসিড লোশন (১০০ ভাগে ১ ভাগ) বা কার্ব্বলিক এসিড্‌ দ্রব অতীব ফলপ্রদ।

মুখ মণ্ডলের কেশযুক্ত অংশ যথা—গুম্ফ, শ্মশ্রু ইত্যাদির একজিমায়, ক্যালমাইন এবং অক্সাইড অব্‌ জিঙ্ক লোশন উপকারী।

গুহ্যদ্বারের একজিমায়, ক্যালমেল, ডাইলিউটেড্‌ অক্সাইড

অব্ মার্কারী এবং ক্যালমাইন মলম সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। কিন্তু মধ্যে মধ্যে এক আউন্সে ১০ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব প্রয়োগে বিশেষ ফল দর্শে।

কর্ণ রন্ধ্রের একজিমায়, প্রথমে উষ্ণজল দ্বারা একজিমা ধৌত করিয়া পরে এক ঔন্সে ৩—৬ গ্রেণ জিঙ্কাই সাল্ফ দ্রব প্রয়োগ ফলপ্রদ। কর্ণ রন্ধ্রের শুষ্ক একজিমায়, ৬ ভাগ ভেসিলিন সহ একভাগ সিট্রিন মলম প্রযোজ্য।

স্তনের বোটার একজিমার চিকিৎসা অত্যন্ত কষ্টসাধ্য। ইহা সদাসর্ব্বদা একটি আবরণ দ্বারা আবৃত করিয়া রাখা কর্ত্তব্য, এবং ইহাতে প্রত্যহ একবার এক ঔন্সে ১৫ গ্রেণ নাইট্রেট অব্ সিল্‌ভার দ্রব প্রয়োগ করা উচিত।

হস্তের তালুর ত্বক পুরু, সেই জন্য তথাকার একজিমা সহজে এবং অল্প সময়ের মধ্যে আরোগ্য হয় না। প্রথমে ইহাতে দুই ড্রাম লাইকর পটাশি ৮ ঔন্স পরিশ্রুত জলে মিশ্রিত করিয়া তদ্দ্বারা অথবা কলোডিযান ফ্লেক্সাইলে যে পরিমাণে সেলিসিলিক এসিড দ্রব হয়, সেই পরিমাণে দ্রব করিয়া আক্রান্ত স্থান তদ্দ্বারা ভিজাইয়া রাখিবে। এইরূপে উপরিস্থ ত্বক উঠিয়া যাইবে, পরে ওলিএট্ অব্ জিঙ্ক মলম প্রয়োগ করিবে।

যে সকল একজিমাতে অত্যন্ত কণ্ডুয়ন বর্ত্তমান থাকে, তাহাতে অক্সাইড অব্ জিঙ্ক এক ভাগ, জিলেটিন এক ভাগ, গ্লিসারিন চারি ভাগ ও জল চারিভাগ একত্রে মিশ্রিত করণান্তর একটি পাত্রে করিয়া উত্তপ্ত জলের উপর দশ মিনিট রাখিবে, ঐ সময় মধ্যে জিলেটিন গলিয়া যাইবে, এবং ঈষদুষ্ণ থাকিতে থাকিতে একজিমার উপর প্রয়োগ করিবে।

পথ্য—এই রোগে লোনা মৎস্য, মিষ্ট দ্রব্য এবং শুষ্ক ফল

খাইতে দেওয়া অনুচিত। সাবান জল দ্বারা একজিমা ধৌত করিতে নিষেধ করিবে। ফুলার্স আরথ ছড়াইয়া দিলে অনেক সময় একজিমা শীঘ্র আরোগ্য হয় এবং ইহা দ্বারা ত্বক পরিষ্কার থাকে।

ব্যবস্থাপত্র।

১।	জিঙ্কাই অক্সাইড	...	... ১ ড্রাম।
	ক্যালমিনা প্রিপারেটা	...	... ১ ড্রাম।
	গ্লিসারিন	...	... ১½ ঔন্স।
	একোয়া রোজ	...	সমষ্টি ৬ ঔন্স।

(ডাঃ টিলবরিফকস্)।

২।	পাল্ভ ক্যালমিনা প্রিপারেটা		... ২ ড্রাম।
	— জিঙ্কাই অক্সাইড		... ৪ ড্রাম।
	এসিড কার্ব্বলিক	...	... ১ ড্রাম।
	গ্লিসারিন	...	½—১ ঔন্স।
	একোয়া ক্যাল্সিস্	...	... ১ ঔন্স।
	— রোজ	..	সমষ্টি ৮ ঔন্স।

লোশন, বিস্তৃত একজিমায় স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(ডাঃ বল্কলি)।

৩।	জিঙ্কাই অক্সাইড	...	... ½ ঔন্স।
	ক্যালমিনা প্রিপারেটা	...	... ½ ঔন্স।
	এমিলাই	...	... ½ ঔন্স।

(ডাঃ টিলবরিফকস্)।

৪।	বিশমথ সাব নাইট্রাস	...	... ½ ড্রাম।
	অঙ্গুয়েণ্টাম জিঙ্কাই অক্সাইড		... ১ ঔন্স।

(ডাঃ ডুরিং)।

৫। হাইড্রার্জিরাই সব্ ক্লোরাইড ... ½ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম জিন্সাই অক্সাইড ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৬। এসিড কার্ব্বলিক ... .. ১০ মিনিম।
অঙ্গুয়েণ্টাম জিন্সাই অক্সাইড ... ১ ঔন্স।
অত্যন্ত কণ্ডুয়ন বর্ত্তমান থাকিলে, স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৭। প্লম্বাই এসিটাস ... ... ১৫ গ্রেণ।
অঙ্গুয়েণ্টাম জিন্সাই ... ... ২ ড্রাম।
ক্যালমেল ... ... ২০ গ্রেণ।
অঙ্গুয়েণ্টাম সিট্রিন ... .. ১০ গ্রেণ।
ভেসিলিন ... .. ২ ড্রাম।
বেঞ্জোয়েটেড্ লার্ড ... ... ½ ঔন্স।
(ঐ)

৮। ক্যাম্ফর ... ... ১০ গ্রেণ।
ক্যালমেল ... ... ১ ড্রাম।
গোলার্ডস্ একষ্ট্রাক্ট ... ... ১ ড্রাম।
ভেসিলিন ... ... ১ ঔন্স।
(ডাঃ টেলর)।

৯। এসিড বোরিক ... ... ৪৫ গ্রেণ।
জিন্সাই অক্সাইড ... ... ৭৫ গ্রেণ।
ভেসিলিন ... ..৪৫০ গ্রেণ।
এমিলাই ... ...৪৫০ গ্রেণ।
(ডাঃ সালফিল্ড)।

১০। হোয়াইট প্রিসিপিটেড্ মলম .. ৪ ড্রাম।
ভেসিলিন ... ... ৪ ড্রাম।
প্রদাহ দূরীভূত হইলে স্থানিক প্রযোগ করিতে হইবে। (ঐ)

১১। ওলিযেট অব্ কোকেন ... ১৫ – ৩০ গ্রেণ।
লেনলিন ... ... ৬ ড্রাম।
অলিভ অযেল .. ... ২½ ড্রাম।
গুহ্যদ্বারের চতুর্দ্দিকের এবং জননেন্দ্রিয়ের একজিমায় স্থানিক প্রযোগ করিতে হইবে। (ডাঃ রবার্ট টেলর)।

১২। জিন্সাই সাল্‌ফ ... ৩—৬ গ্রেণ।
গরম জল ... .. ১ ঔন্স।
লোশন, কর্ণ রন্ধ্রের একজিমা ধৌত করিযা পরে—
আর্জেণ্টাই নাইট্রাস ... ... ৮ গ্রেণ।
পরিস্রুত জল ... ... ১ ঔন্স।
স্থানিক প্রযোগ করিতে হইবে। (ডাঃ রবার্ট লিভিং)।

১৩। অঙ্গুযেণ্টাম সিট্রিন ... ... ১ ড্রাম।
ভেসিলিন ... ... ৬ ড্রাম।
শুষ্ক একজিমায় ক্যামেল হেয়ার ব্রাশ দ্বারা লাগাইতে হইবে।
(ঐ)

১৪। অঙ্গুয়েণ্টাম ওলিযেট্ অব্ জিঙ্ক ... ৪ ড্রাম।
হস্ত তালুর একজিমায় উপত্বক উঠিয়া গেলে পর স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

১৫। ক্যাম্ফর ... .. ½ ড্রাম।
এল্‌কোহল ... যথা প্রয়োজন।

দ্রব করিয়া—

জিন্সাই অক্‌সাইড ... ... ½ ড্রাম।

এমিলাই ... ... ½ ড্রাম।

একৃজিমার জ্বালা নিবারণের জন্য স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ডাঃ টিলবরিফক্‌স)।

১৬। জিন্সাই অক্‌সাইড ... ... ১ ড্রাম।

অঙ্গুয়েণ্টাম পাইসিস ... ... ৪ ড্রাম।

একোয়া রোজ ... ... ১½ ঔন্স।

(ডাঃ বল্কলি)।

১৭। এসিড সেলিসিলিক ... ... ১ ড্রাম।

জিন্সাই অক্‌সাইড ... ... ৩ ড্রাম।

পালভ এমিলাই ... ... ৪ ড্রাম।

এডেপস্ ... ... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ডাঃ লিভিং)।

১৮। অঙ্গুয়েণ্টাম জিন্সাই ... ২ ড্রাম।

— হাইড্রার্জিরাই ... ২ ড্রাম।

প্লম্বাই এসিটেটিস ... ... ২ ড্রাম।

পায়ের পুরাতন এক্‌জিমায় প্রয়োগ করিতে হইবে। (ঐ)

১৯। এসিড সেলিসিলিক ... ... ১½ ড্রাম।

গ্লিসরিন ... ... ১½ ড্রাম।

প্রিসিপিটেড্ সাল্‌ফার ... ... ১½ ড্রাম।

বেঞ্জোয়েটেড্ লার্ড ... ... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগ করিতে হইবে।

২০। অঙ্গুয়েণ্টাম পাইসিস ... ৪ ড্রাম।

স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

২১। অয়েল চাল্‌মুগরা ... ... ১ ঔন্স।

পুরাতন একজিমায় স্থানিক প্রয়োগ করিতে হইবে।

২২। লাইকর কার্ব্বনিস ডিটারজেন্স ... ১ ড্রাম।

ভেসিলিন ... ... ২ ঔন্স।

পুরাতন একজিমায় স্থানিক প্রযোগ করিতে হইবে।

Favus, ফেভাস্।

মনুষ্যগাত্রে একোরিয়ন সোন্‌লিনাই নামক এক প্রকার ফাঙ্গাস বর্দ্ধিত হইয়া যে চর্ম্ম রোগ উৎপন্ন হয়, তাহাকে ফেভাস কহে। ইহা অপরিষ্কার ও অপরিষ্কৃত শিশুদিগের মধ্যেই অধিক দেখিতে পাওয়া যায়। সচরাচর মস্তকের ত্বকেই এই রোগ দেখিতে পাওয়া যায়, কিন্তু কখন কখন গাত্রের ত্বক ও নখ ইহা দ্বারা আক্রান্ত হয়। যে সকল স্পোর এবং মস্কম দ্বারা ইহা নির্ম্মিত হয়, উহারা উপত্বকের পর্দ্দার মধ্যে বিস্তৃত হয়। ফাঙ্গসের পিণ্ড, ধ্বস্ত এপিথিলিয়াম এবং মেদ সমবেত হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র গন্ধকবৎ পীতবর্ণ কচ্ছু নির্ম্মিত হয় এবং উহা হইতে ইন্দুরের গায়ের ন্যায় এক প্রকার গন্ধ বাহির হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

মস্তকের কেশ ছোট ছোট করিয়া কাটিয়া ফেভাসের মামড়ী, ভেসিলিন, অলিভ অয়েল, গ্লিসারিন, সাবান জল বা পোল্‌টিস দ্বারা উঠাইয়া ফেলিয়া, পরে পরাঙ্গপুষ্ট নাশক ঔষধ যথা—করোসিভ সাবলিমেট, সাল্‌ফার, কার্ব্বলিক এসিড ইত্যাদি ঔষধ প্রয়োজ্য।

ব্যবস্থাপত্র।

মস্তিষ্কের ত্বক (৩০০০ ভাগে এক ভাগ) হাইড্রার্জিরাই পার-ক্লোরাইড লোশন দ্বারা ধৌত করিয়া নিম্নলিখিত মলম প্রয়োগ করিবে।

১। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ২ গ্রেণ।
ভেসিলিন ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

২। এসিড কার্ব্বলিক ... .. ৭৫ গ্রেণ।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
এল্‌কোহল ... .. ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

ডাঃ এল্, এ, ডুরিং সাহেবের মতে প্রথমে মস্তকের কেশ ছোট ছোট করিয়া কাটিয়া, পোল্‌টিস, অলিভ অয়েল বা সাবান ও উষ্ণজল দ্বারা মামড়ী উঠাইয়া ফেলিবে, অতঃপর নিম্নলিখিত পরাঙ্গপুষ্টনাশক ঔষধ প্রয়োগ করিবে।

৩। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

৪। সোডিয়াই সাল্‌ফাইট ... ... ১ ড্রাম।
একোয়া ... .. ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

৫। এসিডাই সাল্‌ফিউরোসাই ... ½ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

৬।	হাইড্রার্জিরাই সাল্‌ফেটিস্ ফ্লেবি	...	½ ড্রাম।
	সিরেটাই	... ...	½ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

৭।	বিসর্সিন	... ...	½ ড্রাম।
	সেলিসিলিক এসিড	... ...	½ ড্রাম।
	সাল্‌ফার	... ..	½ ড্রাম।
	ভেসিলিন	... ...	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (গুলাজি)

Herpes, হার্পিজ।

ইহাতে রক্তাধিক্য বিশিষ্ট এক বা ততোধিক ইঞ্চি পরিমিত ত্বকের উপর দলবদ্ধ হইয়া ভেসিকিল বাহির হয়। ইহা তিন প্রকার যথা—(১) হার্পিজ লেসিয়ালিস বা মুখের হার্পিজ। (২) হার্পিজ জেনিট্যালিস বা জননেন্দ্রিয়ের হার্পিজ। (৩) হার্পিজ জোষ্টার বা স্নায়ু শাখার ধারে ধারে দলাকারে যে হার্পিজ বাহির হয়।

(১) মুখের হার্পিজ সচরাচর ওষ্ঠে, নাসিকায়, নাসিকা রন্ধ্রের পার্শ্বে, কর্ণে ও গালে বাহির হয়। কখন কখন কোমল তালু এবং অলি জিহ্বার শ্লৈষ্মিক ঝিল্লির উপরও হইতে দেখা যায়। প্রায়ই বায়ুপ্রবেশক পথ প্রণালীর শ্লৈষ্মিক ঝিল্লিতে দেখা গিয়া থাকে। এতদ্ব্যতীত জ্বরের সহিত অথবা শৈত্য ও অজীর্ণতা বশতঃ ইহা উৎপন্ন হইতে দেখা যায়।

(২) হার্পিজ জেনিট্যালিস—ইহা গাউট রোগাক্রান্ত ও স্নায়ু প্রধান ধাতু বিশিষ্ট ব্যক্তির লিঙ্গত্বকে বা গ্ল্যান্স্ পিনিসে এবং

স্ত্রীলোকদিগের লেবিয়াতে অথবা নিকটস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উপরে বাহির হয়। উত্তেজনা বা কণ্ডুয়ন বশতঃ ইহা ক্ষতে পরিণত হইতে পারে। এবং ইহার সঙ্গে সঙ্গে উহার সন্নিধানস্থ লিম্ফ্যাটিক গ্রন্থিগুলির বিবৃদ্ধি দেখা গিয়া থাকে।

(৩) হার্পিজ জোষ্টার বা জোনা—ইহা দেহের কোন পার্শ্বে, ইণ্টারকষ্ট্যাল স্নায়ুর ধারে ধারে, চক্ষের উপরে এবং হস্ত ও পদের ত্বকের স্নায়ুর ধারে ধারে উৎপন্ন হইয়া থাকে। প্রায়ই ইহার সঙ্গে সঙ্গে স্নায়বিক বেদনা বা স্নায়ুশূল ও অসুস্থতা লক্ষিত হয়। ইহার প্রথমাবস্থায়, ত্বকের কোন কোন স্থান উজ্জ্বল রক্তবর্ণ হয় এবং পরে উহার উপর শ্রেণীবদ্ধ হইয়া ভেসিকিল্ বাহির হয়। ভেসিকিলগুলি কখন কখন বড় বড় ফোস্কার ন্যায় হইয়া থাকে। ভেসিকেলের ভিতরের পদার্থ পূয়েঃ পরিণত হয় এবং উহা শুষ্ক হইয়া স্ক্যাব বা কচ্ছু নির্ম্মিত হয়. ক্বচিৎ কোন স্থলে উহা হইতে ক্ষত উৎপন্ন হয়। এই পীড়া স্নায়ুর উত্তেজনা বশতঃই হইয়া থাকে, কিন্তু ইহা ভিন্ন রাত্রে অকস্মাৎ শৈত্য লাগা বশতঃ অথবা ঘর্ম্মাবরোধ, এনিউরিজমেল্ টিউমার, মস্তিষ্কের পীড়া, মায়েলাইটিস এবং লোকোমোটর এটাক্সি জন্য এই রোগ উৎপন্ন হইতে দেখা গিয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

মুখমণ্ডলের হার্পিজে বিশেষ কোন চিকিৎসার আবশ্যক হয় না। সামান্য কার্ব্বলিক এসিড লোশন এবং বোরেসিক এসিড লোশনে ইরাপশন্ অন্তর্হিত হইয়া যাইতে পারে।

জননেন্দ্রিয়ের হার্পিজে মৃদু বোরেসিক এসিড লোশন বা লেড্ লোশন প্রয়োগ, ওলিয়েট অব্ জিঙ্ক, ক্যালমেল, অক্সাইড অব্ জিঙ্ক, বিশমথ সাব্ নাইট্রাস, বিশমথ সাব্ কার্ব্ব ইত্যাদি

চূর্ণ প্রয়োগ এবং মৃদুবিরেচক ঔষধ সেবন অতীব ফলদায়ক। কখন নাইট্রেট অব সিল্‌ভার স্পর্শ করাবও প্রয়োজন হইয়া থাকে। জননেন্দ্রিয়ের হার্পিজ বেদনাজনক হইলে, উপরোক্ত চূর্ণ ঔষধের সঙ্গে সঙ্গে কোকেন বা মর্ফিয়া সংযোগ করা যাইতে পারে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে কুইনাইন, আয়রণ ও ষ্ট্রিক্‌নিয়া এবং স্নায়বিক উত্তেজনা থাকিলে, পটাশ ব্রোমাইড ব্যবহার্য্য। স্ত্রীলোক দিগের ঋতু বৈলক্ষণ্য জনিত হার্পিজে, ব্রোমাইড সহ অল্প মাত্রায় আর্গট সেবন ব্যবস্থা করা কর্ত্তব্য। এতদ্ব্যতীত কেহ কেহ এই রোগে, জলমিশ্রিত ভিনিগার স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার করিতে বলেন।

হার্পিজ জোষ্টারে, জিঙ্কাই অক্‌সাইড বা ষ্টার্চচূর্ণ ছড়াইয়া দেওয়ায় অথবা কার্ব্বলিক এসিড লোশন প্রয়োগ অথবা কলোডিয়ান এবং মর্ফিয়া দ্বারা আক্রান্ত স্থান আবৃত করায়, উপকার দর্শে। কেহ কেহ হার্পিজের স্নায়ুশূল নিবারণ জন্য ফস্ফাইড্ অব্ জিঙ্ক সেবন ব্যবস্থা করেন।

ব্যবস্থাপত্র।

১।	বিসর্সিন	...	... ৩০ গ্রেণ।
	কোকেন মিউরাস	...	৭½ – ২৫ গ্রেণ।
	ট্যানিক এসিড	.	.. ১½ ড্রাম।
	এল্‌কোহল্ (৯০ পার্সেণ্ট)		... ৩ ঔন্স।
	স্থানিক প্রয়োগের জন্য।		(ডাঃ ষ্টাফি)।
২।	কোকেন মিউরাস	...	.. ১২ গ্রেণ।
	একষ্ট্রাক্ট ক্যানাবিশ ইণ্ডিকা		... ২ ড্রাম।
	স্পিরিট পিপারমেণ্ট	...	.. ২½ ড্রাম।

এল্‌কোহল্ (৯০ পার্সেণ্ট) ... ৩ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩। মেন্থল ... ... ২৫ গ্রেণ।

এল্‌কোহল ... ... ৪ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৪। ওলিয়েট অব্ জিঙ্ক ... যথা প্রয়োজন।

জননেন্দ্রিয়ের হার্পিজে ছড়াইয়া দিতে হইবে।

(ডাঃ ফ্র্যাঙ্ক লিড্‌ষ্টোন্)

৫। ভিনিগার ... ... ১ ড্রাম।

একোয়া ... সমষ্টি ১ ঔন্স।

ইহা দ্বারা ধৌত করনান্তর।

জিঙ্কাই অক্‌সাইড্ ... ... ১ ড্রাম।

বিশমথ সাব নাইট্রাস .. ... ১ ড্রাম।

জননেন্দ্রিয়ের হার্পিজে ছড়াইয়া দিতে হইবে। (ঐ)

৬। জিঙ্কাই অক্‌সাইড ... ... ১ ড্রাম।

কোকেন মিউবাস ... ... ২ গ্রেণ।

বিশমথ সাবনাইট্রাস

অথবা সাব্‌কার্ব্বনাস ... ... ১ ড্রাম।

ছড়াইয়া দিতে হইবে।

৭। এসিড কার্ব্বলিক ... ... ১০ গ্রেণ।

একোয়া ... ... ১ ঔন্স।

হার্পিজ জোষ্টারে লাগাইতে হইবে।

৮। কলোডিয়ান ফ্লেক্‌সাইল ... ... ২ ড্রাম।

মর্ফিয়া মিউরাস ... ... ২½ গ্রেণ।

হার্পিজ জোষ্টারে লাগাইতে হইবে। (ঐ)

কার্ব্বলিক এসিড সোলুশন (১ পার্সেণ্ট) ইহা দ্বারা ক্ষত ধৌত করিয়া পর—

৯। এমিলাম্ অথবা ষ্টার্চ বা ময়দা ...১০০ ভাগ।
ট্যানিক এসিড ... ... ৫ ভাগ।
বিশমথ সেলিসিলাস ... ... ১ ভাগ।

জননেন্দ্রিয়েব হার্পিজে ছড়াইয়া দিতে হইবে।

১০। বোবেসিক এসিড ... ... ৪ গ্রেণ।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।

ইহা দ্বাবা চক্ষের হার্পিজ ধৌত কবিয়া পর—

ষ্টার্চ ... ... ১ ড্রাম।
বিশমথ সাব্ নাইট্রাস ... ... ১ ড্রাম।
এবিষ্টল অথবা আইওডল্ ... ৭২ গ্রেণ।

ছড়াইয়া দিতে হইবে। (বুবসোই)।

আভ্যন্তবিক ঔষধ।

১১। ফেবি এট্ কুইনি সাইট্রাস ৫—১০ গ্রেণ।
লাইকর ষ্ট্রিক্নিয়া ... ... ৩ মিনিম।
ইনফিউশন কলম্বা ... ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ডাঃ ফ্র্যাঙ্ক লিডষ্টন)।

১২। পটাশ ব্রোমাইড ... .. ১০ গ্রেণ।
স্পিরিট ক্লোবফরম ... ... ১০ মিনিম।
একোয়া ... .. ১ ঔন্স।

একমাত্রা, উত্তেজনা বর্ত্তমান থাকিলে প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ঐ)

১৩। লাইকর আর্সেনিকেলিস ... ৩ মিনিম।
সিরাপ অর‍্যান্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... .. ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ দুই মাত্রা, আহারান্তে সেব্য। (ঐ)

১৪। জিন্সাই ফস্ফাইড ... ... ⅙ গ্রেণ।
একষ্ট্রাক্ট নক্সভমিকা ... .. ⅙ গ্রেণ।
এক বটীকা, প্রত্যেক বটীকা তিন ঘণ্টান্তর সেব্য।

Impetigo. (ইম্পিটাইগো)।

ত্বকের প্রদাহ সহ ভেসিকিউলো-পশ্চিউলার বা পশ্চিউলার ইরাপ্শন অর্থাৎ পূয়ঃ বটী উৎপন্ন হইলে তাহাকে ইম্পিটাইগো কহে। সচরাচর শৈশবস্থাতেই এই পীড়া দেখিতে পাওয়া যায়, কিন্তু পীড়া গ্রস্থ শিশুর সংস্পর্শ বশতঃ প্রৌঢ়াবস্থাতেও ইহা হইতে পারে। সাধারণতঃ ইহা দরিদ্র এবং অপরিস্কৃত শিশু সন্তানদিগের মধ্যে অধিক পরিমাণে দেখা যায়। কিন্তু কখন কখন বিদ্যালয়ে অথবা কোন কোন বাটীতে ইহা বহু-ব্যাপকরূপে প্রকাশ পায়। অধিকাংশ স্থলে প্রথমে কতক ভেসিকল ও কতক পশ্চিউল ভাবাপন্ন ইরাপ্শন্ বাহির হয়। ঐ ইরাপ্শন্গুলি অর্দ্ধমটর হইতে দুআনীর ন্যায় আয়তন বিশিষ্ট হইয়া শীঘ্র শীঘ্র পূয়ঃ সংযুক্ত হয়; না চুলকাইলে উহারা সাত অথবা দশ দিনের মধ্যে শুষ্ক হইয়া যায় এবং উহাদের উপরে চ্যাপ্টা ঈষৎ হরিদ্রা বর্ণের স্ক্যাব্ বা মামড়ী পড়ে। ইহার সঙ্গে সঙ্গে কখন কখন জ্বরভাব ও অসুস্থতা অনুভব হয়। কোন কোন স্থলে এই ইরাপ্শন্ মুখ মণ্ডল প্রথমে বাহির হইয়া তথা

হইতে কর্ণ, মস্তকের ত্বক, চক্ষু, চক্ষু ও মুখের শৈম্মিক ঝিল্লি, হস্ত এবং কচিৎ সমস্ত দেহে বিস্তৃত হইয়া যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

মস্তকের ত্বকের ইম্পিটাইগোতে এমনিয়েটেড্ মার্কারী মলম অতি উত্তম ঔষধ। দেহে ইম্পিটাইগো হইলে অক্‌সাইড অব্ জিঙ্ক, ক্যালমাইন এবং লাইম ওয়াটার দ্বারা খুব ঘন লোশন প্রস্তুত করিয়া প্রয়োগ করা উচিত। যদি মামড়ীর নিচে পূয়ঃ সঞ্চয় হইয়া থাকে, তাহা হইলে উহা দূরীভূত করিয়া উপরোক্ত লোশন প্রয়োগ করা কর্ত্তব্য। সেবনের জন্য বলকারক ঔষধ যথা—লৌহ ঘটিত ঔষধ ইত্যাদি ব্যবহার্য্য।

ব্যবস্থাপত্র।

১। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিরাই এমনিয়েটা ২ ড্রাম।
ভেসিলিন ... ... ২ ড্রাম।
মস্তকের ইম্পিটাইগোতে স্থানিক প্রয়োগ করিতে হইবে।
(রবার্ট লিভিং)।

২। জিন্সাই অক্‌সাইড ... ... ২ ড্রাম।
ক্যালমিনা প্রিপারেটা ... ... ৪ ড্রাম।
একোয়া ক্যাল্‌সিস ... ... ১ ঔন্স।
দেহের ইম্পিটাইগোতে স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৩। প্লম্বাই এসিটাস ... ... ১৫ গ্রেণ।
এসিড হাইড্রসায়েনিক ডিল .. ২০ মিনিম।
এল্‌কোহল ... ... ½ ঔন্স।
একোয়া ... সমষ্টি ৬ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য।

৪।	অঙ্গুয়েণ্টাম পাইসিস	... ...	২ ঔন্স।
	— হাইড্রার্জ্জিরাই	...	২ ঔন্স।
	অক্সাইডম্ রুব্রাই	... ..	২ ঔন্স।

প্রাতে এবং রাত্রিতে লাগাইতে হইবে।

(ডাঃ জে, এম্, ডেকষ্টা)।

৫।	হাইড্রার্জ্জিরাই এমনিয়েটা	...	২০ গ্রেণ।
	অলিভ অয়েল	... ...	১ ঔন্স।
	এডেপস্	... ...	১ ঔন্স।
	ওলিয়াই রোজি	... ...	৬ মিনিম।
	টিং টলু	... ...	২০ মিনিম।

মলম, স্থানিক প্রয়োগের জন্য।

Leprosy. (লেপ্রসি)।

কুষ্ঠ রোগ।

যে সাধারণ রোগে ত্বকের, শ্লৈষ্মিক ঝিল্লির ও স্নায়ুর বিধান-গত পরিবর্ত্তন ঘটিয়া দেহের বিকৃতাবস্থা প্রাপ্ত হয় এবং যাহাতে সমস্ত অঙ্গের অবয়ব শ্রীহীন ও বিকৃত ভাবাপন্ন ও হস্ত এবং পদদ্বয়ের অঙ্গুলি আকুঞ্চিত ও বিনষ্ট হইয়া রোগী বিকলাঙ্গ হয়, তাহাকে লেপ্রসি বা কুষ্ঠ রোগ কহে।

ইহা তিন প্রকার যথা—(১) টিউবার্কিউলেটেড্। (২) এনিস্থেটিক বা স্পর্শাপহারক। (৩) হস্ত পদ দ্বয়ের অঙ্গুলি বিনষ্টকারী।

কারণ—ইহা এক প্রকার বীজাণু (লেপ্রসি বেসিলাস) কর্ত্তৃক উৎপন্ন হয়। ডাঃ হ্যান্সেন্ ইহার প্রথম আবিষ্কারক।

এই বীজাণুর সহিত যক্ষ্মা রোগের বীজাণুর সহিত অনেক সাদৃশ্য আছে।

লক্ষণ—সকল প্রকার কুষ্ঠ রোগেরই কতকগুলি সাধারণ লক্ষণ দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ কুষ্ঠ রোগের আক্রমণ ও প্রকাশ অতি ধীরে ধীরে হইয়া থাকে। কচিৎ কখন ইহার প্রবলতা দেখিতে পাওয়া যায়। এই রোগ ২।৩ বৎসর বয়স্ক শিশুদিগের মধ্যে অতি বিরল, কিন্তু স্ত্রী ও পুরুষের মধ্যে ইহা সমভাবে দেখিতে পাওয়া যায়। অনেক বৎসর পর্য্যন্ত ইহা গুপ্তাবস্থায় থাকে, অতি প্রথমাবস্থায় সাধারণ দৈহিক বৈলক্ষণ্য, দুর্ব্বলতা, মানসিক অবসাদন, ক্ষুধামান্দ্য, শীতানুভব এবং অল্প অল্প ঘুস্‌ঘুসে জ্বর ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয়। এই লক্ষণগুলি হয়ত কিছুদিনের জন্য একেবারে অন্তর্হিত হয়। কিন্তু অল্প সময় পরে আবার প্রকাশিত হয়। উপরোক্ত লক্ষণের সঙ্গে সঙ্গে কখন কখন ত্বকের পিগ্‌মেণ্টের হ্রাস হয়, অথবা শরীরের কোন নির্দ্দিষ্ট স্থানের স্পর্শানুভব শক্তির হ্রাস হয়। কখন কখন রোগের প্রথম হইতেই স্থানে স্থানে ফোস্কা উঠিতে আরম্ভ হয়।

তিন প্রকার কুষ্ঠ রোগের মধ্যে টিউবার্কিউলেটেড্ কুষ্ঠ অত্যন্ত দুঃসাধ্য। এই রোগে জ্বরের সঙ্গে সঙ্গে শরীরের স্থানে স্থানে রক্তবর্ণের অথবা পাংশু বর্ণের দাগ দৃষ্ট হয়। এইগুলি প্রায় নিম্নাংঙ্গের পেছনে এবং কখন কখন মুখে ও দেহের অন্যান্য স্থানে লক্ষিত হয়। সন্তাপনে মিলাইয়া যায় এবং কতকগুলি একেবারেই অন্তর্হিত হয়, কিন্তু কতকগুলি চিরস্থায়ীরূপে থাকিয়া যায় ও উহাদের স্পর্শানুভব শক্তির লোপ হয়। কিয়দ্দিবস পরেই চক্ষুর নিম্নের ত্বক স্ফীত ও কুচ্‌কিয়া যায়, নাসিকা কিছু পুরু দেখায় এবং স্বরও অনুনাসিক বা খোনা খোনা হয়।

অতঃপর ত্বকে, বিশেষতঃ হস্তের ও মুখের ত্বকে টিউবার্কেল বা গোটা গোটা দৃষ্ট হয়, উহা সঞ্চাপনে অত্যন্ত বেদনা জনক হয় এবং ক্রমে নিকটস্থ বিধান সমূহ পুরু হইয়া যায়। এই অবস্থায় মুখাবয়ব অতি কদাকার দেখায়, কপাল ডুমা ডুমা ও কোচ্‌কান, ভ্রূযুগল অবনত, ভ্রূকেশ পতিত, নাসিকা মোটা ও ডুমাডুমা, গাল মোটা ও কোঁচকান, ওষ্ঠ কঠিন, পুরু ও উল্‌টান, চিবুক শক্ত ও উঁচু উঁচু এবং কর্ণ বর্দ্ধিত দেখা যায়। এই অবস্থায় রোগীর আকার অতিশয় কুৎসিত দেখায়। এতদ্ব্যতীত হস্ত ও পদদ্বয় আকুঞ্চিত হয় ও কোন কোন টিউবার্কেল ক্ষতে পরিণত হয়। অবশেষে মুখের জিহ্বার ও গলাভ্যন্তরের শ্লৈষ্মিক ঝিল্লির পরিবর্ত্তন ঘটে ও রোগীর স্বরভঙ্গ হইয়া যায়। চক্ষুরও ব্যতিক্রম ঘটিতে দেখা যায়। কর্ণিয়াতে প্রায়ই ক্ষত হয়। এই সকল লক্ষণের সঙ্গে সঙ্গে নিম্ন ও ঊর্দ্ধাঙ্গের স্থানে স্থানে চাকা চাকা দাগ দৃষ্ট হয়। ঐ দাগগুলির মধ্যে সূচ বিদ্ধ করিলেও রোগী কিছুই অনুভব করিতে পারেনা।

এনিস্থেটিক অর্থাৎ স্পর্শাপহারক কুষ্ঠ। এই রোগে উপরোক্ত প্রকারের অন্যান্য লক্ষণ ব্যতীত হস্ত ও পদ দ্বয়ের অঙ্গুলির অস্থি ধ্বংশ প্রাপ্ত হইয়া অঙ্গুলিগুলি বিনষ্ট হয়। অনেক সময় দেখা গিয়াছে অঙ্গুলি চ্ছেদকালীন রোগী কোনই যন্ত্রণা অনুভব করেনা। তাহার ঐ সকল স্থানের স্পর্শানুভব শক্তি একেবারে হ্রাস হইয়া যায়।

তৃতীয় প্রকার—ইহা প্রথম দুই প্রকারের প্রথমাবস্থা ভিন্ন আর কিছুই নয়।

এদেশে ধবল রোগকে কুষ্ঠের মধ্যে গণ্য করে, কিন্তু প্রকৃত পক্ষে ইহা স্বতন্ত্র রোগ। যদিও কুষ্ঠের সঙ্গে ধবল দৃষ্ট হয় বটে,

তত্রাচ শুদ্ধ ধবল থাকিলে উহাকে কুষ্ঠ বলিয়া পরিগণিত করা উচিত নহে।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগের প্রকৃত কোন ঔষধ নাই। তবে অনেক সময় দেখা গিয়াছে যে শুদ্ধাচারে থাকিলে এই রোগ বৃদ্ধি হইতে পারে না। মৎস্য, মাংস, উত্তেজক দ্রব্য আহার ও স্ত্রী সহবাস একেবারে নিষেধ করা উচিত। স্থানিক প্রয়োগের মধ্যে চাল্‌মুগরা অয়েল, গর্জ্জন অয়েল, অয়েল এনাকার্ডিয়াম, রিসর্সিন, ইক্‌থিয়ল, সেলিসিলিক এসিড, পাইরগ্যালিক এসিড ইত্যাদি ব্যবহার্য্য। অনেকে চালমুগরা অয়েল ৮—১০ ফোঁটা মাত্রায় সেবনে উপকার পাইয়াছেন। গর্জ্জন অয়েলও অনেকে সেবন করিতে দেন, কিন্তু ইহা অপেক্ষা চাল্‌মুগরা অয়েলই অধিক ফলপ্রদ। আভ্যন্তরিক অন্যান্য ঔষধের মধ্যে কুইনাইন এবং আর্সেনিক ব্যবহার করা যাইতে পারে।

কুষ্ঠের ক্ষত বা বিগলিত অবস্থায় রোগীকে স্বতন্ত্র স্থানে রাখা কর্ত্তব্য, কারণ এই সময়ে ইহার পূযঃ সংস্পর্শে অন্যের এই রোগ জন্মিবার সম্ভাবনা। রোগীর উচ্ছিষ্ট তাহার সন্তানদিগকে আহার করিতে নিষেধ করা সর্ব্বতোভাবে বিধেয়।

ব্যবস্থাপত্র।

১। গর্জ্জন অয়েল ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ইণ্ডিয়া)

২। ওলিয়াম গাইনোকার্ডাই ... ২ ঔন্স।
স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৩। ক্রাইসারোবিন ... ... ৫ ভাগ।
ইক্‌থিয়ল ... ... ৫ ভাগ।
সেলিসিলিক এসিড ... ... ২ ভাগ।
ল্যানলিন ... ...১০০ ভাগ।
স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ উনা)।

৪। পাইরগ্যালিক এসিড ... ... ৫ ভাগ।
ইক্‌থিয়ল ... . ৫ ভাগ।
সেলিসিলিক এসিড ... ... ২ ভাগ।
ল্যানলিন ... ..১০০ ভাগ।
স্থানিক প্রয়োগের জন্য।

৫। বিসর্সিন .. ... ৫ ভাগ।
ইক্‌থিয়ল .. .. ৫ ভাগ।
সেলিসিলিক এসিড ... ... ২ ভাগ।
সামান্য মলম ... ...১০০ ভাগ।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৬। ইক্‌থিয়ল ... ... ১০ ভাগ।
সেলিসিলিক এসিড ... ... ২ ভাগ।
সামান্য মলম ... ...১০০ ভাগ।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৭। ক্রাইসরোবিন ... .. ৫ ভাগ।
ইক্‌থিয়ল ... .. ৫ ভাগ।
সেলিসিলিক এসিড ... ... ২ ভাগ।
জিঙ্ক মলম ... ...১০০ ভাগ।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৮। ওলিয়াম গাইনকার্ডাই ... ৪ ড্রাম।
ল্যান্‌লিন ... ... ৪ ড্রাম।
স্থানিক প্রয়োগের জন্য। (এ, মিত্র)।

৯। ওলিযাম এনাকার্ডিয়াম অক্সিডেণ্টেল বা ক্যাসুনট্ অয়েল এক ঔন্স স্থানিক প্রযোগের জন্য।

Lichen, (লাইকেন)।

ত্বকেব পুরাতন ভাবাপন্ন প্যাপিউলাব প্রদাহকে লাইকেন কহে। ইরাপশনগুলি প্রথম হইতে শেষ পর্যন্ত প্যাপিউলের ন্যায় থাকে। প্যাপিউলগুলি ত্বকেব ক্ষুদ্র ক্ষুদ্র সূচাগ্রবিশিষ্ট ব্রণ বা ফুস্‌কুড়িব ন্যায, কিন্তু উহাব অভ্যন্তবে কোন তরল পদার্থ থাকে না। পরিণামে পূযোৎপত্তি না হইযা সেই স্থানের ত্বকেব উপবেব স্তব উৎক্ষিপ্ত হয।

লাইকেন আট প্রকাব যথা—(১) লাইকেন সিমপ্লেক্স, (২) লাইকেন পিলাবিস (৩) লাইকেন সাবকামস্ক্রিপ্‌টস্, (৪) লাইকেন এগ্রিয়স, (৫) লাইকেন লিভিডাস্, (৬) লাইকেন ট্রপিকাস্, (৭) লাইকেন আর্টিকেবিযাস, (৮) লাইকেন রুবাব। লাইকেন রুবাব ইহাতে যে পৃথক পৃথক প্যাপিউল বাহিব হয়, তাহা অতি অল্প উন্নত, মসৃন অথবা অভ্রবৎ শল্ক দ্বারা আবৃত এবং নির্দ্দিষ্ট সীমা বা কোণবিশিষ্ট। ইহাবা সংক্রামক ও ইহাতে কণ্ডুয়ন বর্ত্তমান থাকে। ইরাপ্‌সন গুলি প্রায় পট্টাকাবে বাহির হইয়া থাকে। সচবাচর মনিবন্ধেব ঠিক উপরিভাগে, প্রকোষ্টের সম্মুখ প্রদেশে, কটিদেশে ও কটি পার্শ্বে, নিতম্ব ও অভ্যন্তর ভাষ্টাস পেশীর নিকট ইহা অধিক বাহির হয়।

লাইকেন সাবকামস্কিপটস্—ইহাতে প্যাপিউলগুলি গোলা-কারে বা বলয়াকারে বাহির হয়। ইহাদের ধারগুলি লোহিত বর্ণ অথচ মধ্যস্থল পরিষ্কৃত। ইহারা কেন্দ্র হইতে পার্শ্বে বিস্তৃত হয়। সচরাচর স্কন্ধ দেশ হইতে নিম্নদিকে, পৃষ্ঠে ও বক্ষঃস্থলে অধিক বাহির হয়।

লাইকেন সিম্প্লেক্স ও লাইকেন এগ্রিয়াসকে একজিমা বা বিখজের প্রথমাবস্থা বলা যাইতে পারে।

লাইকেন পিলারিস্কে কিরাটোসিস বা পিটিরায়েসিসের মধ্যে পরিগণিত করা যাইতে পারে।

লাইকেন লিভিডাস—পারপিউরা রোগের কেশ ফলিকেলের চতুষ্পার্শ্বস্থ প্যাপিউলবৎ ইরাপ্শনকে লাইকেন লিভিডাস কহে।

লাইকেন ট্রপিকাস—ঘামাচি বা ঘর্ম্ম গ্রন্থির প্রদাহ জনিত ইরাপ্সন্‌কে লাইকেন ট্রপিকাস কহে।

লাইকেন আর্টিকেরিয়স ইহা আমবাতের এক বিভাগ মাত্র।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে দৈহিক অবস্থার দিকে বিশেষ দৃষ্ট রাখিতে হইবে। কোনরূপ স্নায়বীক অবসাদন বর্ত্তমান থাকিলে, লৌহ ঘটিত ঔষধ, কুইনাইন বা কড্‌লিভার অয়েল ব্যবস্থা করা উচিত। কণ্ডুয়ন নিবৃত্তির জন্য তারঘটিত ঔষধ, কার্ব্বলিক এসিড বা ক্রিয়েজোট ইত্যাদি প্রয়োজ্য। সকল প্রকার লাইকেন রোগে আর্সেনিক একটি মহৌষধ বলিতে হইবে। স্থানিক প্রযোগের জন্য লেড্ এবং ক্যালমাইন লোশন অথবা লাইকার কার্ব্বনিস ও ওলিয়াম ক্যাড্‌মিয়াম্ অতীব ফলপ্রদ।

ব্যবস্থাপত্র।

১। ক্রিয়েজোট	...	...	১০ মিনিম।
লার্ড	...	...	১ ঔন্স।

তৃতীয় প্রকার লাইকেনে লাগাইতে হইবে।

(এল্‌ফ্রেড্ স্যাঙ্গষ্টার)

সকল প্রকার লাইকেনে ব্যবহার্য্য।

২। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই নাইট্রেটিস			২ ড্রাম।
লার্ড	...	...	৬ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ টিল্‌বারি ফক্স)।

৩। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই এমনিয়েটেড			১ ড্রাম।
এডেপ্‌স	..	...	৭ ড্রাম।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৪। সোডি বাইবোরেট	...		১—২ ড্রাম।
গ্লিসারিন	...	...	১ ড্রাম।
এডেপ্‌স্	...	..	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৫। হাইড্রার্জিবাই সাবক্লোরাইড		...	১৫ গ্রেণ।
এসিড ট্যানিক	...		৩০—৫০ গ্রেণ।
এডেপস্	..	.	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

Pemphigus, (পেম্ফিগাস্)।

নারেঙ্গা, পোড়া নারেঙ্গা।

ইহা এক প্রকার অসংক্রামক ত্বক পীড়া। যাহাতে দেহের নানা স্থানে সিরাম বা পূয় মিশ্রিত সিরাম যুক্ত ফোস্কা উৎপন্ন

হয় এবং ঐ ফোস্কাগুলি স্বতই বিদীর্ণ হইয়া স্ক্যাব্ বা মামড়ি নির্ম্মিত হয়, তাহাকে নাবেঙ্গা কহে।

শৈশবাবস্থায় বিশেষতঃ বালিকার মধ্যে ইহার আধিক্য দেখিতে পাওয়া যায়। কখন কখন গর্ভাবস্থার সহিত ইহা প্রকাশ পায়। স্নায়ু মণ্ডলের কোনরূপ পীড়া বা বৈলক্ষণ্য জন্য বিশেষতঃ সাধারণ পক্ষাঘাত, লোকোমটার এটাক্সি ও স্নায়ুর আঘাত জনিত পীড়ায়ও ইহা দৃষ্ট হইয়া থাকে।

লক্ষণ – প্রথমে ত্বকের উপরে অথবা কোন নির্দ্দিষ্ট রক্তাধিক্য বিশিষ্ট ত্বকের উপরে বলী বা ফোস্কা উৎপন্ন হয়। ঐ বলী বা ফোস্কা প্রায়ই চন্দ্রাকারে বাহির হইয়া থাকে। উহাদের আয়তন এমন কি কমলা লেবুর ন্যায় বৃহৎ হইতে পারে, কিন্তু সচরাচর মটরের ন্যায় এবং ছোট গুপারীর ন্যায় বড় হইয়া থাকে। বলীর মধ্যস্থিত পদার্থ প্রথমে স্বচ্ছ থাকে, পরে উহা অস্বচ্ছ ও দুগ্ধবৎ এবং অবশেষে পূযঃবৎ হয়। উহারা স্বতই বিদীর্ণ হইয়া অভ্যন্তরস্থ পদার্থ নির্গত হইয়া যায় এবং পরে হরিদ্রামিশ্রিত ধূসর বর্ণের বা কৃষ্ণ বর্ণের স্ক্যাব্ বা মামড়ী নির্ম্মিত হয়। কখন কখন বলীর বা ফোস্কার চতুষ্পার্শ্বস্থ ত্বক রক্তবর্ণ হইয়া উঠে। কচিৎ ইহা মুখে, নাসিকায় এবং ফেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লীতে উৎপন্ন হইতে দেখা যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে আর্সেনিক একটী উৎকৃষ্ট ঔষধ। ইহা ব্যতীত বলকারক ঔষধ যথা—কুইনাইন, বার্ক, লৌহ ঘটিত ঔষধ ও কড্‌লিভার অয়েল বিশেষ প্রয়োজনীয়। স্থানিক প্রয়োগের জন্য জিঙ্ক অথবা বোরেসিক এসিড মলম ব্যবহার করা যাইতে পারে, কিন্তু লেড্ বা ক্যালমাইন লোশন অথবা জিঙ্ক বা ষ্টার্চের

চূর্ণ প্রয়োগে অধিক ফল হইয়া থাকে। অত্যন্ত কণ্ডুয়ন বর্ত্তমান থাকিলে তাব ঘটিত ঔষধ এবং উষ্ণ জলে স্নান ফলদায়ক।

ব্যবস্থাপত্র।

১।	জিন্সাই অক্সাইড	·· ...	১ ড্রাম।
	এমিলাই অর্থাৎ ষ্টার্চ বা ময়দা	...	১ ড্রাম।

ছড়াইয়া দিতে হইবে।

২।	ক্যালমিনা প্রিপাবেটা	·	১ ড্রাম।
	গ্লিসাবিন	... ...	১ ঔন্স।
	একোয়া বোজ	... সমষ্টি	৬ ঔন্স।

লোশন, লাগাইতে হইবে। (ঐ)

৩।	লাইকব প্লম্বাই সাব এসিটেটিস	...	২ ড্রাম।
	গ্লিসাবিন	... ...	৬ ড্রাম।
	একোয়া	... সমষ্টি	৬ ঔন্স।

লোশন, স্থানিক প্রযোগেব জন্য। (প্রঃ জে, এম, ডেকষ্টা)

৪।	জিন্সাই অক্সাইড	... ...	৭৫ গ্রেণ।
	ভেসিলিন	... ...	১ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য।

অথবা —

বোবেসিক এসিড মলম ·· ... ১ ঔন্স।

স্থানিক প্রযোগের জন্য।

৫।	লাইকর কার্ব্বনিস ডিটার্জেন্স	...	১ ড্রাম।
	একোয়া	... ...	৩ ঔন্স।

অত্যন্ত কণ্ডুয়ন বর্ত্তমান থাকিলে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

Phthiriasis or, (থিরায়েসিস বা উৎকুণ) ।

মনুষ্যের গাত্রে ত্রিবিধ উৎকুণ দেখিতে পাওয়া যায়। যথা—দেহোৎকুণ, মস্তকোৎকুণ এবং উপস্থোৎকুণ। ইহাদের পদ এবং শুণ্ড আছে। ঐ শুণ্ড দ্বারা ত্বক হইতে রক্ত চুষিয়া লওয়াতে ত্বকের উত্তেজনা বশতঃ অনেক প্রকার ইরাপ্সন্ বাহির হয়। মস্তকোৎকুণ মস্তকের ত্বকে, বিশেষতঃ শিশু ও যুবতী স্ত্রীলোক দিগের মস্তকে বাস করে। উপস্থোৎকুণও ঐ স্থানের কেশে বাস করে, কচিৎ ভ্রূতেও দৃষ্ট হয়। দেহোৎকুণ দেহে, বস্ত্রাদিতে বিশেষতঃ সেলাই ও ভাঁজের স্থানে বাস করে। উৎকুণ দ্বারা ত্বকের উত্তেজনা হেতু আক্রান্ত স্থানের অতিশয় কণ্ডুয়ন হয় এবং কণ্ডুয়নের সময় প্যাপিউলের উপত্বক উঠিয়া যায় এবং তজ্জন্য প্রশস্ত রেখাকারে চর্ম্মক্ষয়যুক্ত স্থান বাহির হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

উৎকুণ বিনাশ জন্য পারদ ঘটিত ঔষধের প্রয়োগরূপ, ষ্ট্যাফিসাগ্রিয়া, পাইরিথ্রাম, গন্ধক, স্যাবাডিলা, ককিউলাস ইণ্ডিকাস, টোবাকো, কার্ব্বলিক এসিড এবং কেরোসিন তৈল বিশেষ উপকারী।

কেরোসিন তৈল দ্বারা মস্তকের কেশ ভিজাইয়া পরে সাবান ও গরম জল দ্বারা ধৌত করিলে মস্তকোৎকুণ মরিয়া যায়। যদি মস্তকে ক্ষত থাকে, তাহা হইলে মৃদু হোয়াইট প্রিসিপিটেড্ অর্থাৎ এমনিয়েটেড মার্কারী অথবা জিঙ্ক মলম বা কড্‌লিভার অয়েল প্রয়োগে উপকার দর্শে।

নিকি বা উৎকুণ ডিম্ব বিনাশ জন্য এসিটিক এসিড ও ইউডিকোলন সমভাগে মিশ্রিত করিয়া প্রয়োগ করা উচিত। দেহোৎকুণে বস্ত্রাদি সিদ্ধ করিয়া লওয়া কর্ত্তব্য।

ব্যবস্থাপত্র।

১। ষ্ট্যাফিস্যাগ্রিয়া বা স্যাবেডিলা চূর্ণ যথা প্রয়োজন।

মস্তকোৎকুণে মস্তকের কেশে ছড়াইয়া দিতে হইবে।

২। হাইড্রার্জ্জিবাই এমনিয়েটা ১০—১৫ গ্রেণ।

গন্ধকের মলম ... ... ১ ঔন্স।

বিখজ এবং অন্য কোন ক্ষত উৎপন্ন হইলে, স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৩। কার্ব্বলিক এসিড ... ... ১ ড্রাম।

গ্লিসারিন ... .. ১ ঔন্স।

একোয়া ... . ১ পাইন্ট।

চর্ম্মের উত্তেজনা নিবারণ জন্য প্রযোজ্য। (ঐ)

৪। ষ্ট্যাফিস্যাগ্রিয়া চূর্ণ . ... ২ ড্রাম।

ভেসিলিন ... ... ১ ঔন্স।

দেহোৎকুণে স্থানিক প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৫। হাইড্রার্জ্জিবাই পারক্লোরাইড .. ২ গ্রেণ।

এল্‌কোহল ... ১ ঔন্স।

একোয়া ... .. ১ ঔন্স।

উপস্থোৎকুণে প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৬। সেলিসিলিক এসিড ... ... ৪৫ গ্রেণ।

বোরাক্স ... ... ১৫ গ্রেণ।

বাল্‌সাম্ পেরু ... ... ৩০ গ্রেণ।

ভেসিলিন .. ... ৫ ড্রাম।

ইথিরিয়াল এসেন্স অব্ এনিসাই ... ৫ মিনিম।

এসেন্স অব্ বার্গমট্ ... ... ২০ মিনিম।

স্থানিক প্রয়োগের জন্য। ইহা একটি মূল্যবান পরাঙ্গপুষ্ট কীট নাশক ঔষধ। (চিকিৎসা সম্বন্ধীয় সংবাদ পত্র)।

৭। এসিড কার্ব্বলিক ... ... ১ ঔন্স।
অলিভ অয়েল ... .. ১ ড্রাম।

প্রত্যহ একবার করিয়া লাগাইতে হইবে।

(ফিলাডেল্‌ফিয়া হাঁসপাতাল)।

Pityriasis, পিটিরিয়াসিস্।

ছুলি।

যে ত্বকের সশল্ক প্রদাহে উপত্বকের অধিকাংশ খসিয়া পড়ে এবং ত্বকের পুরাতন ভাবাপন্ন প্রাদাহিক রক্তাধিক্য বর্ত্তমান থাকে, তাহাকে পিটিরিয়াসিস্ কহে। ইহা তিন প্রকার যথা— (১) পিটিরিয়াসিস ক্যাপিটাস ও পিটিরিয়াসিস ভার্সিকোলর। (২) পিটিরিয়াসিস রোজি বা গোলাপী বর্ণের পিটিরিয়াসিস। (৩) পিটিরিয়াসিস রুব্রা বা রক্তবর্ণের পিটিরিয়াসিস। প্রথমটি প্রায় মস্তকেই হইতে দেখা যায়, কিন্তু কখন কখন শিশুদিগের মুখে হইয়া থাকে। এই জাতীয় আর এক প্রকার রোগ দেখা যায় তাহাতে উপত্বক খসিয়া পড়িয়া হরিদ্রাবর্ণের দাগ হয়, ইহাকে পিটিরিয়াসিস ভার্সিকলর কহে। পিটিরিয়াসিস রোজি চক্রাকারে বাহির হয় এবং ইহার সঙ্গে একটুকু কণ্ডুয়নেচ্ছাও বর্ত্তমান থাকিতে পারে। ইহা প্রায় শিশুদিগের মধ্যেই দেখিতে পাওয়া যায়। পিটিরিয়াসিস রুব্রা, অতি বিরল। ইহাতে অতি শীঘ্র সমস্ত শরীরে রক্তবর্ণ শল্কময় তালি বাহির হয় ও ত্বক রক্তাধিক্য-বিশিষ্ট বৃহৎ শল্কময় ঝিল্লি দ্বারা আবৃত হয় এবং অবশেষে উহা

অধিক পরিমাণে খসিয়া পড়ে। এই পীড়ার সঙ্গে সঙ্গে স্বল্পবিরাম জ্বর, ফুসফুসের ইডিমা বা শোথ ও অতিশয় দুর্ব্বলতা, এল্বুমিনরিয়া ইত্যাদি লক্ষণ ও উপসর্গ প্রকাশ পায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

সাধারণ পিটিরিয়াসিস রোগে ত্বকের পরিপুষ্টির উন্নতি সম্বন্ধে লক্ষ্য রাখিতে হইবে। এই উদ্দেশ্যে বলকারক ঔষধ অথবা অল্প মাত্রায় আর্সেনিক ব্যবস্থা করা উচিত। এই রোগ মস্তকের ত্বকে হইলে, হাইড্রার্জিরাই অক্সাইড রুব্রাই ১ ভাগ, ৩ ভাগ ভেসিলিন বা লার্ড সহ প্রয়োগে উপকার দর্শে। মুখের পিটিরিয়াসিসে অক্সাইড অব্ জিঙ্ক মলম প্রয়োগ ফলপ্রদ।

পিটিরিয়াসিস রোজিয়াতে—আভ্যন্তরিক ঔষধের বিশেষ প্রয়োজন নাই। তবে কণ্ডুয়ন নিবারণার্থ ৯নং ব্যবস্থা পত্রের ঔষধ বিশেষ ফলদায়ক। প্রথমাবস্থায় কখন কখন টিং আইওডিন প্রয়োগে ফল দর্শে।

পিটিরিয়াসিস রুব্রাতে রোগীকে সম্পূর্ণ বিশ্রামে রাখা কর্ত্তব্য এবং লঘু অথচ পুষ্টিকর পথ্য দেওয়া উচিত। বিশেষ অবসাদন লক্ষিত হইলে উত্তেজক ঔষধ না দেওয়াই যুক্তিসঙ্গত। উচ্ছলনকারী সাইট্রেট অব্ পটাশ মিক্শ্চার সহ কুইনাইন দিলে ভাল হয়। অতিশয় শীর্ণতা থাকিলে কড্লিভার অয়েল অতিশয় ফলদায়ক। মূত্রকারক ঔষধ যথা—পটাশি এসিটাস ও ডিজিটেলিস ব্যবহারে অনেক সময় ফল দর্শে। এই রোগে কোষ্ঠ পরিষ্কার রাখা বিশেষ আবশ্যক, তজ্জন্য ধাতব জল বা লাবনিক বিরেচক ও তৎসহ ক্যাস্কারা স্যাগ্‌রেডা অতিশয় উপকারী। এরোগে আর্সেনিকে কোন উপকার হয় না। বাহ্যিক প্রয়োগের জন্য ৯নং ব্যবস্থাপত্রের ঔষধ অতীব ফলদায়ক।

ব্যবস্থাপত্র।

১।	টিং ফেবি পাবক্লোবাইড	...	১ ঔন্স।
	এসিড ফস্ফবিক ডিল	... ...	১ ঔন্স।
	সিবাপ লিমনিস	.. .	২ ঔন্স।

অর্দ্ধ গ্ল্যাস জল সহ অর্দ্ধ ড্রাম মাত্রায প্রত্যহ তিনবাব সেব্য।

২।	লাইকব পটাশি আর্সেনিযেটিস	...	১ ড্রাম।
	ভাইনম ফেবি	সমষ্টি	৪ ঔন্স।

এক ড্রাম মাত্রায প্রত্যহ তিন বাব আহাবন্তে সেব্য।

স্থানিক প্রযোগ।

৩।	অযেল বিসিনি	... ..	৪ ড্রাম।
	এসিড কার্ব্বলিক	... ...	২০ মিনিম।
	এলকোহল	..	১½ ঔন্স।
	অযেল এমিগ্‌ডেলি আমেবা	.	৪ মিনিম।

পিটিবিযাসিস ক্যাপিটাসে প্রযোগ কবিতে হইবে।

৪।	হাইড্রার্জ্জিবাই এমনিযেটাই	...	২০ গ্রেণ।
	অলিভ অযেল	... ...	১ ঔন্স।
	এডেপ্‌স্	... ...	১ ঔন্স।
	ওলিযাই বোজি	.. ..	৬ মিনিম।
	টিং টলু	.. ..	২০ মিনিম।

স্থানিক প্রযোগেব জন্য।

৫	হাইড্রার্জ্জিবাই এমনিয়েটাই	...	২½ ড্রাম।
	সেপ্‌নিস ভিবিডিস্	... ...	২ ড্রাম।
	লেনলিন	... ...	১½ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (টিরু)

৬।	হাইড্রার্জিরাই অক্সাইড রুব্রাই	...	৫ গ্রেণ।
	কসমোলিন	... ...	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

৭।	অয়েল অব্ কেড্	... ...	১ ড্রাম।
	অঙ্গুয়েণ্টাম সিট্রিন	... ...	২ ড্রাম।
	ভেসিলিন	... ..	২ ঔন্স।

মলম,

৮।	ক্রিয়েজোট	... .	৪০ মিনিম।
	গ্লিসাবিন	... ...	২ ড্রাম।
	একোযা	.	৬—৮ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগেব জন্য।

৯।	লাইকব কার্ব্বনিস ডিটার্জেন্স	...	২ ড্রাম।
	একোয়া	... ...	৮ ঔন্স।

লোশন, পিটিরিয়াসিস বোজিগাতে কণ্ডুয়ন নিবাবণ জন্য প্রযোজ্য।

Prurigo, (প্রুবাইগো)।

যে পুবাতন ত্বক বোগে বিবর্ণ, বৃহৎ ও বিস্তৃত প্যাপিউল্‌স্ বা ক্ষুদ্র ব্রণ বাহিব হয় এবং তৎসহ অত্যন্ত কণ্ডুয়ন বর্ত্তমান থাকে, তাহাকে প্রুবাইগো কহে।

ইহাতে পৃথক পৃথক বর্ত্তুলাকার গাঁজার বীজেব ন্যায় ঈষৎ লালবর্ণ প্যাপিউল বাহিব হয়। সচবাচব দেহে, শাখায়, নিতম্বে ও শাখাব প্রশাবক পেশীর দিকে অধিক পবিমাণে বাহিব হইয়া থাকে। অতিশয় কণ্ডুয়ন হেতু প্যাপিউলেব উপবিভাগের চর্ম্ম ক্ষয় হয় এবং কখন কখন দুই এক ফোটা রক্তও বাহিব হয়। অধিক দিন স্থায়ী হইলে আক্রান্ত স্থানেব ত্বক দৃঢ়, কর্কশ ও কৃষ্ণবর্ণ হইয়া উঠে।

চিকিৎসা বিষয়ক টীকা।

কণ্ডুয়ন উপসমের জন্য বোরাক্স এবং সোডা সংযুক্ত লোসন, উষ্ণজলে স্নান ও কার্ব্বলিক অয়েল মর্দ্দন ফলদায়ক। কখন কখন মৃদু গন্ধকের বা ইক্‌থিয়লের মলম প্রয়োগে বিশেষ উপকার দর্শে। আভ্যন্তরিক ঔষধের মধ্যে কুইনাইন এবং আর্সেনিক ফলপ্রদ।

ব্যবস্থাপত্র।

১। ক্লোরাল হাইড্রাস ... ... ৪৫ গ্রেণ।
এল্‌কোহল ... ... ১ ঔন্স।
ওয়াটার ... ... ৬ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ ন্যাফি)।

২। কার্ব্বলিক এসিড ক্রিষ্টাল ... ৩০ গ্রেণ।
এল্‌কোহল ... ... ½ ঔন্স।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
ওয়াটার ... ... ১০ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩। হাইড্রার্জ্জিরাই পারক্লোরাইড ½—৩ গ্রেণ।
চেরিলরেল ওয়াটার ... ... ½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ১২ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৪। অঙ্গুয়েন্টাম সাল্‌ফিউরিস ... ৪ ড্রাম।
ভেসিলিন ... ... ৪ ড্রাম।
মলম, লাগাইতে হইবে। (ঐ)

Pruritus, প্রুরাইটাস্।

ত্বকের স্পর্শানুভব শক্তির বিকৃতাবস্থা বশতঃ কণ্ডুয়ন অনুভব বা কণ্ডুয়নেচ্ছাকে প্রুরাইটাস কহে।

কারণ—বৃদ্ধাবস্থায় ত্বকের বৈধানিক পরিবর্ত্তন বা বিকৃতি বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে। কিন্তু ইহা ব্যতীত খোস ও একজিমা বা বিখজ, অজীর্ণ, ব্রাইট্স্ ব্যাধি, সশর্কর মূত্র, গর্ভাবস্থা, ডিম্বাশয় বা জরায়ুর উত্তেজনা ও মানসিক অবসাদন ইত্যাদি কারণ বশতঃ ইহা দৃষ্ট হইয়া থাকে।

প্রুরাইটাস প্রায় দুই প্রকার দেখা যায় যথা— ১) জননেন্দ্রিয়ের প্রুরাইটাস, (২) গুহ্যদ্বারের প্রুরাইটাস। প্রথমটি প্রায় গর্ভাবস্থার ও জরায়ুর পীড়া বর্ত্তমান থাকিলে দেখা যায়, শিশুদিগের মধ্যে ক্রমি বা সরলান্ত্রের উত্তেজনা থাকিলে জননেন্দ্রিয়ে ইহা দৃষ্ট হয়। একজিমা বা অপরিষ্কার থাকা হেতু পুরুষদিগের লিঙ্গে এবং স্ক্রোটমেও এই রোগ দৃষ্ট হইয়া থাকে। গুহ্যদ্বারের প্রুরাইটাস অর্শ, বিখজ, অতিরিক্ত ঘর্ম্মোদ্গম ও শিশুদিগের মধ্যে সূত্রক্রমি জন্য উৎপন্ন হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

সাধারণ প্রুরাইটাসে যাহাতে কোষ্ঠবদ্ধ না জন্মে, তদ্বিষয়ে মনোযোগী হওয়া কর্ত্তব্য। অজীর্ণ বা যকৃতের বৈলক্ষণ্য বশতঃ ইহা উৎপন্ন হইলে ঐ সকল রোগের চিকিৎসা করা আবশ্যক। অনেক সময় ক্যানাবিশ্ ইণ্ডিকা ১০ মিনিম মাত্রায় মিউসিলেজ সহ সেবনে বিশেষ উপকার দর্শে। স্থানিক প্রয়োগের মধ্যে ১, ২, ৩ নং ব্যবস্থাপত্র অত্যন্ত উপকারী। ভালভার প্রুরাইটাসে ৫, ৬, ৭ নং ব্যবস্থাপত্র ফলদায়ক। গুহ্যদ্বারের প্রুরাইটাসে ৮ ও ৯ নং ব্যবস্থাপত্র অতীব ফলপ্রদ। উপরোক্ত ঔষধ ব্যতীত ভিনি-

গাব, লিমন জুস, টিং ওপিযাই, ক্রিয়েজোট, টার মলম, ডাইলিউ-টেড্ নাইট্রেট অব্ মার্কাবী মলম, হাইড্রসায়েনিক এসিড লোশন, একোনাইট, এসিটেট্ অব্ এমনিয়া, সাল্‌ফেট্ অব্ পটাশ এবং ক্লোরেট অব্ সোডা ব্যবহার্য্য।

ব্যবস্থা পত্র।

১। লাইকব কার্ব্বনিস ডিটার্জেন্স ... ২ ড্রাম।
একোযা . ... ৮ ঔন্স।
লোশন, স্থানিক প্রযোগেব জন্য।
(স্পোর্কস্ এবং স্যাঙ্গাষ্টাব)

২। কার্ব্বলিক এসিড লোশন ... (১ ভাগে ৬০ ভাগ)
স্থানিক প্রযোগেব জন্য। (ঐ)

৩। হাইড্রার্জিবাই পাবক্লোবাইড্ ১—২ গ্রেণ।
পবিশ্রুত জল .. ১ ঔন্স।
লোশন, স্থানিক প্রযোগেব জন্য। (ঐ)

৪। ক্যাম্ফব ... ... ১ ড্রাম।
ক্লোবাল ... ১ ড্রাম।
তবল না হওযা পর্য্যন্ত ঘর্ষন কবিযা পব স্থানিক প্রযোগ কবিতে হইবে। (ঐ)

৫। লাইকর প্লম্বাই সব্ এসিটেটিস ... ½ ড্রাম।
একোযা .. ... ১ ঔন্স।
ভাল্‌ভাব প্রুবাইটাসে স্থানিক প্রয়োগেব জন্য। (ঐ)

৬। আর্জেণ্টাই নাইট্রাস ... ৫—১০ গ্রেণ।
পরিশ্রুত জল ... .. ১ ঔন্স।
লোশন, ভাল্‌ভার প্রুরাইটাসে লাগাইতে হইবে। (ঐ)

৭। টিং বেঞ্জোইন কোঃ ... ... ১ ঔন্স।
প্রত্যহ রাত্রিতে লাগাইতে হইবে। (ঐ)

এনাশের প্রুবাইটাসে।

৮। হাইড্রার্জিবাই এমনিয়েটাই ১০—২০ গ্রেণ।
এডেপ্স্ অথবা লার্ড ... ... ১ ঔন্স।
* স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৯। হাইড্রার্জিবাই সাব্ ক্লোবাইড .. ১০ গ্রেণ।
লার্ড ... ... ১ ঔন্স।
মলম, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

১০। টিং ওপিযাই ... ... ½ ঔন্স।
সাব্লাইম্ড সাল্ফাব .. ... ½ ড্রাম।
জিঙ্কাই অক্সাইড .. .. ১ ড্রাম।
অয়েল এমিগডেলি ডালসিস্ .. ১ ড্রাম।
এডেপ্স .. . ৩ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ ন্যাফি)।

১১। রিসর্সিন .. .. ১ ড্রাম।
গ্লিসাবিন ... ... ২ ড্রাম।
ওযাটাব ... ... ৪ ঔন্স।
লোশন, স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

১২। মেন্থল .. ... ৩ ড্রাম।
গ্লিসাবিন ... ... ২ ড্রাম।
ওযাটাব ... ... ২ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য।

১৩। ইক্‌থিয়ল ... ... ১ ড্রাম।
গ্লিসারিন ... ... ২ ড্রাম।

এল্‌কোহল	...	... ২ ঔন্স।
ওয়াটার	..	... ২ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

১৪। হাইড্রার্জিরাই পারক্লোরাইড	..	৭ গ্রেণ।
এমন মিউরাস	..	যথা প্রয়োজন।
পরিশ্রুত জল	...	৮ ঔন্স।

ভাল্‌ভার প্রুরাইটাসে এক গ্লাস গরম জলসহ ইহার ১ ড্রাম মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(কার্পেণ্টিয়ার)।

Erythema, (ইরিথিমা)।

ইহা এক প্রকার সংক্রামক উপরিস্থ ত্বক প্রদাহ। ইহাতে ত্বকের উপরিভাগ রক্তবর্ণ হয় বটে, কিন্তু অঙ্গুলি দ্বারা সঞ্চাপনে ঐ রক্তবর্ণ অন্তর্হিত হইয়া যায় ও অঙ্গুলি উঠাইলে পুনরায় পূর্ব্ববৎ রক্তবর্ণ দৃষ্ট হয়। প্রথমে উজ্জ্বল রক্তবর্ণ হইয়া পরে গাঢ় রক্তবর্ণ হইয়া উঠে। উহার সঙ্গে সঙ্গে আক্রান্ত স্থানের স্ফীতি এবং উত্তাপ থাকে এবং কখন কখন কণ্ডুয়ন বা চুলকাণি বর্ত্তমান থাকে। ইহা দুই প্রকার যথা—(১) লাক্ষণিক (Symptomatic) (২) স্বতোদ্ভাবি (Idiopathic)। প্রথমটি অতিরিক্ত, উত্তাপ বা শৈত্য বশতঃ বা উরু এবং পোতার ঘর্ষণে, বা উহাদের মধ্যে অতিরিক্ত ঘর্ম্মোদ্গমে অথবা বসন্ত, ওলাউঠা, টাইফয়েড্‌ জ্বর, টাইফাস জ্বর, সেপ্টিসিমিয়া, এবং বাতজ্বর জন্য উৎপন্ন হইয়া থাকে। এতদ্ভিন্ন কখন কখন আর্সেনিক্, বেলে-ডনা, ক্লোরাল হাইড্রাস, কোপেবা, কিউবেব, ডিজিটেলিস্,

আইওডাইড্, ওপিয়াম্, কুইনাইন, সেলিসিলিক্ এসিড, ষ্ট্র্যামোনিয়াম্, ষ্ট্রীক্নিয়া, ফিনাজোন্ এবং টার্পিন্টাইন্ প্রভৃতি ঔষধ সেবনের পর ইরিথিমা দৃষ্ট হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমতঃ ইরিথিমার আনুসঙ্গিক লক্ষণাদি উপশমের চিকিৎসা করা কর্ত্তব্য। স্পিরিট লোশান প্রয়োগ বা ময়দার গুঁড়া ইহার উপর ছড়াইয়া দেওয়াতে রোগীর অনেকটা কষ্টের লাঘব হয়। ইরিথিমা নোডোসিযমে পোস্তের ঢেঁড়ির বা ক্যামোমাইল্ ইনফিউশানের স্বেদ অতীব স্নিগ্ধকারক ঔষধ। এতদ্ব্যতীত মৃদু বিরেচক এবং জ্বর হইলে ঘর্ম্মকারক ঔষধ ব্যবহার্য্য। অনেক স্থলে বলকারক ঔষধ, বিশেষতঃ কুইনাইন বিশেষ ফলদায়ক।

ব্যবস্থা পত্র।

১।	লাইকর প্লম্বাই সব্ এসিটেটিস্	...	১ ড্রাম।
	গ্লিসারিন	.. ..	১ ড্রাম।
	সিরেটাই সিম্প্লিসিস্	... ..	৬ ড্রাম।

মলম, প্রবল ইরিথিমাতে স্থানিক প্রয়োগ।

(ডাঃ ডেকষ্টা)।

২।	সিরেটাই প্লম্বাই সব্ এসিটেটিস	...	৬ ড্রাম।
	গ্লিসারিন	... ...	২ ড্রাম।

প্রবল ইরিথিমায় স্থানিক প্রয়োগ। (ঐ)

৩।	অঙ্গুয়েণ্টাম্ পাইসিস্	... ...	২ ঔন্স।
	অঙ্গুয়েণ্টাম্ রিন আইওডাইড	...	২ ঔন্স।

পুরাতন ইরিথিমায় প্রাতে এবং সন্ধ্যাকালে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

এবং

লাইকার ডনোভন্স	...	...	৫ মিনিম।
একোয়া	...	...	১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য। (ঐ)

৪। জিন্সাই অক্সাইড্ অথবা ষ্টার্চ ... ৬ ড্রাম।

ছড়াইয়া দিতে হইবে।

৫। কুপ্রাই সাল্ফ	...		২—৪ গ্রেণ।
একোয়া রোজ	...	...	২ ঔন্স।
৬। ম্যাগ্নেসিয়া সাল্ফ	...	...	১ ঔন্স।
ফেরি সাল্ফ	...	...	১ ড্রাম।
এসিড্ সাল্ফ এরোমেটিক্		...	½ ঔন্স।
টিং জেন্সিয়ানা কোং	...	...	১ ঔন্স।
একোয়া	...	সমষ্টি	৩ ঔন্স।

এক ড্রাম মাত্রায় আহারান্তে সেব্য।

Psoriasis, সোরিয়েসিস।

যে পুরাতন ভাবাপন্ন ত্বকের সশল্ক প্রাদাহিক পীড়ায় শাখার প্রসারক পেশীর দিকে রক্তাধিক্য বিশিষ্ট ত্বকের উপর বর্ত্তুলাকার প্যাপিউল বাহির হয় এবং অধিক পরিমাণে উপত্বক খসিয়া পড়ে, তাহাকে সোরিয়েসিস কহে।

এই রোগ ৩—৫০ বৎসর বয়স্কের মধ্যে দেখিতে পাওয়া যায়। বসন্ত এবং শীত ঋতুতে ইহার প্রাদুর্ভাব অধিক হয়। সাধারণতঃ পিতা মাতার এই রোগ থাকিলে সন্তানের দেহেও ইহা জন্মিতে পারে। পীড়া প্রবণতা থাকিলে এবং মানসিক ও শারীরিক অবসাদন জন্য ইহা উৎপন্ন হইয়া থাকে।

সচরাচর ইহা শাখার প্রসারক পেশীর দিকে, মস্তকের ত্বকে, দেহের উভয় পার্শ্বে, এবং পৃষ্ঠদেশে দৃষ্ট হইয়া থাকে। প্রথমতঃ অনতিবিস্তৃত, ঈষৎ লালবর্ণ, চ্যাপ্‌টা, আল্‌পিনের মস্তকের ন্যায় অল্পোন্নত, কিঞ্চিৎ কণ্ডুয়ন বিশিষ্ট প্যাপিউল সকল বর্ত্তুলাকারে বাহির হয়। প্যাপিউল গুলি মসৃন নহে। উহাদের মস্তক শ্বেতবর্ণ শল্কে মণ্ডিত থাকে এবং নখদ্বারা উহা পৃথক করিলে নিম্নে রক্তস্রাবী ক্ষুদ্র ক্ষুদ্র দাগ দেখিতে পাওয়া যায়। ক্রমে প্যাপিউল একত্রিত হইয়া বিস্তৃত হইয়া পড়ে। এবং ঐ সঙ্গে সঙ্গে শল্কও বহির্গত হইতে থাকে। সোরায়েসিসের তালি যতই প্রশস্ত ও বিস্তৃত হইতে থাকে, ততই উহার মধ্যস্থল পরিষ্কৃত হয়। ইরাপ্‌সন গুলি মধ্যস্থলে পরিষ্কৃত না হইলে, বৃহৎ ও স্থূল শল্কের তালি নির্ম্মিত হয়। হাতের ও পায়ের তালুর সোরায়েসিসে ঐ স্থানের উপত্বক শুষ্ক, পুরু এবং ফাটা ফাটা দেখায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

গাউট বা রিউম্যাটিজম্ জনিত এই রোগ জন্মিলে সর্ব্বাগ্রে ঐ সকল রোগের চিকিৎসা করা কর্ত্তব্য। আভ্যন্তরিক ঔষধের মধ্যে আর্সেনিক সর্ব্বোৎকৃষ্ট। আর্সেনিক বটীকাকারে অথবা লাইকর আর্সেনিকেলিস ব্যবহার্য্য। ইরাপ্‌সনের রক্তাধিক্য ও প্রবলতা থাকিলে অথবা পরিপাক যন্ত্রের উত্তেজনা থাকিলে, আর্সেনিক দেওয়া নিষিদ্ধ। স্থানিক প্রয়োগের জন্য ক্ষারযুক্ত জলে স্নান, ও উত্তেজক এবং পচন নিবারক লিনিমেণ্ট বা মলম প্রয়োগ অতীব ফলদায়ক। মৃদু উত্তেজক প্রয়োগের মধ্যে এমনিও-মার্কারী-ক্লোরাইড্‌স্, সিট্রিন এবং ইওলো মলম সর্ব্ব শ্রেষ্ঠ; কিন্তু এইগুলি বিস্তৃত স্থানের উপর মর্দ্দন করা যুক্তিসঙ্গত নহে। ইহা অপেক্ষা তীক্ষ্ণ উত্তেজক আবশ্যক হইলে, তারঘটিত ঔষধের

প্রযোগরূপ সমূহ এবং ন্যাপ্‌থল, ব্যবহার করা কর্ত্তব্য। তারঘটিত ঔষধের মধ্যে অয়েল অব্‌ কেড্‌, ও বার্চ্চটার অয়েল এবং লোশন প্রয়োজন হইলে লাইকর কার্ব্বনিক ডিটার্জেন্স, এই কয়েকটী বিশেষ উপকারী। বিটা ন্যাপ্‌থল এবং থাইমল, প্রিপেয়ার্ড চক্‌ সংযোগেও ব্যবহৃত হইযা থাকে। অতি তীক্ষ্ণ উত্তেজক প্রয়োগের আবশ্যক হইলে, টার্পেণ্টাইন, পাইরগ্যালিক এসিড এবং ক্রাইস-রোবিন ব্যবস্থা করা উচিত। অতি প্রবলাবস্থায উত্তেজক ঔষধ প্রয়োগ করা অবিধেয, স্থতরাং উহাদের পরিবর্ত্তে অলিভ অয়েল বা তৎসহ ক্যালমাইন, জিন্সাই অক্সাইড এবং লাইম ওয়াটার মিশ্রিত করিয়া প্রযোগে প্রভূত উপকার দর্শে।

ব্যবস্থাপত্র।

১। আর্সেনিয়াস্‌ এসিড ... ... ১ গ্রেণ।
একষ্ট্রাক্ট হপ্‌ ... ১ ড্রাম।
৩০ বটীকা, প্রত্যহ দুই বটীকা আহারন্তে সেব্য।
(এইচ্‌, আর, ক্রকার)।

২। লাইকর আর্সেনিকেলিস ৩—৫ মিনিম।
সিরাপ অরেন্সাই .. ... ১ ড্রাম।
একোযা .. .. ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ দুইমাত্রা আহারন্তে সেব্য। (ঐ)

৩। লাইকর ডনোভন্স ... ... ২ ড্রাম।
একষ্ট্রাক্ট সার্জ্জা লিকুইড ... ২২ ঔন্স।
প্রত্যহ তিন বার, এক ঔন্স মাত্রায় আহারন্তে সেব্য।
(জে, এ, ডেকষ্টা, এম্‌ ডি,)।

৪। লাইকর ডনোভন্স ... ... ২ ড্রাম।
টিং সিঙ্কোনা কোঃ ... .. ৩ ঔন্স।
১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার সেব্য। (ঐ)

স্থানিক প্রযোগ।

৫। অঙ্গুয়েন্টাম প্লম্বাই সাব্ এসিটেটিস ... ২ ড্রাম।
গ্লিসাবিন .. ... ১ ড্রাম।
সিম্পল্ মলম ... ... ৪ ড্রাম।
সোবাযেসিসের প্রবলাবস্থায় প্রযোগ কবিতে হইবে। (ঐ)

প্রবল প্রাদাহিক অবস্থা উপসমিত হইলে পর নিম্নলিখিত মলমগুলি বিশেষ ফলদাযক।

৬। বিন আইওডাইড মলম ... ২ ড্রাম।
হাইড্রার্জ্জিবাই মলম ... ... ২ ড্রাম।
গ্লিসাবিন .. .. ½ ঔন্স।
মলম, আক্রান্ত স্থান সাবান জল দ্বাবা ধৌত কবিযা ইহা প্রযোজ্য। (ঐ)

৭। অঙ্গুয়েন্টাম হাইড্রার্জ্জিবাই নাইট্রেটিস ½ ঔন্স।
— পাইসিস ... ... ½ ঔন্স।
লার্ড ... ... ½ ঔন্স।
মলম, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৮। ওলিয়াই জুনিপাবিস পাইবোলিগনাই ১০—১২০ মিনিম।
অলিভ অযেল ... ... ১ ড্রাম।
এডেপ্স্ ... .. ১ ঔন্স।
মলম, যদি পীডিত স্থান অল্প এবং নির্দ্দিষ্ট সীমা বিশিষ্ট হয়, তাহা হইলে উপরোক্ত মলম প্রযোয্য।

৯।	ক্রিয়েজোট	...	... ৬ মিনিম।
	অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিরাই		... ১৫ গ্রেণ।
	লার্ড	...	... ২ ঔন্স।

মলম, স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

১০।	লাইকর কার্ব্বনিস ডিটার্জেন্স		.. ½ ঔন্স।
	একোয়া	...	. ৮ ঔন্স।

লোশন, স্থানিক প্রযোগের জন্য।

১১	ক্রাইসরোবিন	..	. ২০ গ্রেণ।
	লেনলিন	...	... ১ ঔন্স।

মলম, স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

১২।	পাইসিস লিকুইড	...	... ২ ঔন্স।
	এলকোহল	...	. ২ ঔন্স।

পুরাতন অবস্থায় আক্রান্ত স্থান পুরু হইলে, উপরোক্ত মলম লাগাইতে হইবে।

স্রাব প্রবণতা থাকিলে নিম্নলিখিত স্থানিক ঔষধ প্রয়োয্য।

১৩।	অঙ্গুয়েণ্টাম সিট্রিন	...	... ২ ড্রাম।
	গ্লিসারিন	...	... ২ ড্রাম।
	লিনিমেণ্ট ক্যাম্ফর	..	... ১ ড্রাম।

স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

Scabies, (স্কেবিস্)।

খোস, পাঁচড়া।

ত্বকের উপরে ও মধ্যে একেরস স্কেবিয়াই নামক পরাঙ্গপুষ্ট কীট প্রবেশ করিয়া বাস করিলে এই পীড়া জন্মে। চক্ষে দেখিতে

উহা সাদা সাদা সুতার ন্যায় দেখায়, কিন্তু অনুবীক্ষণ যন্ত্রদ্বারা দেখিলে ইহাদের আকার স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায়। পুং কীট, স্ত্রী কীটাপেক্ষা ক্ষুদ্রতর এবং ত্বকের উপরে চলিয়া বেড়ায়। স্ত্রীকীট অপেক্ষাকৃত বৃহৎ এবং ইহা উপত্বকের পর্দ্দার মধ্যে গর্ত্ত করিয়া তন্মধ্যে বাস করে। ইহারা এক সময়ে প্রায় কুড়ি বা তদপেক্ষা অধিক ডিম পাড়ে। স্ত্রীকীট উপত্বকের মধ্যে যে গর্ত্তে বাস করে, তাহা বেথাকার কিন্তু কিঞ্চিৎ বক্র এবং দেখিতে ছুঁচার গর্ত্তের ন্যায়। ৫—১০ দিন মধ্যে ডিম হইতে কীট বাহির হয়। কণ্ডুয়ন ইহার প্রধান লক্ষণ।

হস্ত ও পদের অঙ্গুলীর মধ্যে, শিশুদিগের পা ও পাছায় প্রৌঢ়াবস্থায় উরু, উদর ও হস্তে এবং স্ত্রীলোকদিগের বাহুমূলে ও স্তনে অধিক দেখিতে পাওয়া যায়। ইহা অতি সংক্রামক পীড়া।

চিকিৎসা বিষয়ক টীকা।

রোগীকে অনেকক্ষণ পর্য্যন্ত উষ্ণজলে স্নান করাইয়া এবং উত্তমরূপে সাবান জল দ্বারা ধৌত করাইয়া গন্ধকের মলম প্রয়োগ করিবে। ডাঃ লেলিন ক্রিয়োলিন ব্যবহার করিয়া থাকেন। কেহ কেহ বলেন ন্যাপ্‌থল ও ক্রাইসরোবিন এই উভয় দ্বারা কচ্ছু কীট শীঘ্র নষ্ট হয়। ডাঃ ডুবিং শিশুদিগের পাঁচড়ায় বালসাম পেরুব অত্যন্ত প্রশংসা করেন। ষ্টাইর্যাক্সও একটি অনুত্তেজক উত্তম ঔষধ, কিন্তু গন্ধকই অনেকের মতে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট।

ব্যবস্থাপত্র।

১।	সাব্‌লাইমড্ সাল্‌ফার	... ...	১ ড্রাম।
	বেঞ্জোয়েটেড্ লার্ড	... ...	১ ঔন্স।

মলম, স্থানিক প্রয়োগের জন্য। (আব্ লিভিং)।

২। অঙ্গুয়েণ্টাম সাল্‌ফার ... .. ১ ঔন্স।
পটাশ আইওডাইড ... ... ১ ড্রাম।
মলম, স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ এইচ, জি, পিকার্ড)।

৩। বাল্‌সাম পেরু ... ... ১ ড্রাম।
মিল্ক অব্ সাল্‌ফার ... . ১ ড্রাম।
ভেসিলিন .. ... ১ ঔন্স।
মলম, স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ রবার্ট টেলাব)।

৪। ওলিয়াম কেড্ ... ... ৩ ড্রাম।
প্রিসিপিটেড সাল্‌ফাব ... ... ৩ ড্রাম।
গ্লিসাবিন এমিলাই ... .. ৬ ড্রাম।
বেঞ্জোয়েটেড্ লার্ড . ... ৩ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ মেকল এণ্ডাবসন)।

৫। সাব্‌লাইমড্ সাল্‌ফাব ... ২ ড্রাম।
বাল্‌সাম্ পেরুভিয়াম ... ... ২ ড্রাম।
লার্ড ... ... ১ ঔন্স।
মলম, স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ ডুবিং)।

৬। অঙ্গুয়েণ্টাম সাল্‌ফাব .. .. ২ ঔন্স।
— পিট্রলিন ... ... ২ ঔন্স।
স্থানিক প্রয়োগেব জন্য। (ঐ)

৭। সাল্‌ফার সাবলাইমড্ ... ... ৩ ড্রাম।
ওলিয়াই কেডিনি ... ... ৩ ড্রাম।
ক্রিটা প্রিপাবেটা ... .. ১ ড্রাম।
সেপ্‌নিস ভিরিডিস্ ... ...

গ্রিন সোপ	...	...	১ ড্রাম।
লার্ড	...	...	১ ড্রাম।

মলম, স্থানিক প্রয়োগের জন্য। (প্রঃ হিব্রা)।

৮। ষ্টাইর‍্যাক্স লিকুইড	...	...	১ ঔন্স।
এডেপস্	...	...	২ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ ডুবিং)।

Tinia Trichophytina (Ring worm),

টিনিয়া টাইকোফাইটিনা, (রিং ওয়ার্ম)।

দদ্রু।

ত্বকেব মধ্যে ট্রাইকোফাইটন নামক এক প্রকাব ফাঙ্গাসেব বর্দ্ধন হেতু এই পীড়া জন্মে। মনুষ্য গো, কুক্কুব, বিড়াল, ঘোটক, গিনিপিগ্, এবং খবগোশেব উপত্বকে এই ফাঙ্গাস জন্মায। কথন কথন উপবোক্ত জন্তু হইতে ইহা মনুষ্য দেহে প্রবিষ্ট হয। দদ্রু বোগগ্রস্থ মনুষ্যেব বস্ত্রাদি বা গামছা ইত্যাদি ব্যবহাব কবিলে এই পীড়া হইবাব সম্ভাবনা।

ইহা চাবি প্রকাব যথা—(১) টিনিয়া টনসুবান্স বা কেশ দদ্রু, ইহা মস্তকেব ত্বকে হইযা থাকে, (২) টিনিযা সার্সিনেটা ইহা দেহেব সমস্ত স্থানেই বিশেষতঃ মুখমণ্ডল, গ্রীবা, হস্ত ও মনি বন্ধেব পশ্চাতে অধিক পবিমাণে দৃষ্ট হয়। (৩) টিনিয়া সাইকোসিস্, ইহা মুখমণ্ডল ও গ্রীবাব কেশযুক্ত স্থানেই দেখা যায়। (৪) টিনিয়া অঙ্গুবিযম, ইহা নখ আক্রমণ কবিয়া থাকে। এই পীড়া এত সাধাবণ যে ইহাব লক্ষণগুলি সকলেব নিকটেই অবিদিত নহে, সুতবাং উহার বর্ণনা অনাবশ্যক।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগের পরাঙ্গপুষ্টকীটনাশক স্থানিক প্রয়োগের মধ্যে নিম্নলিখিত ঔষধগুলি বিশেষ উপকারী যথা—বাই ক্লোরাইড, বিন আইওডাইড এবং ওলিয়েট অব্ মার্কারী মলম, সিট্রিন অয়েণ্টমেণ্ট, দি এসিটেট্, সাল্‌ফেট এবং ওলিয়েট অব্ কপার, আর্জেণ্টাই নাইট্রাস, সাল্‌ফার, আইওডাইড অব্ সাল্‌ফার, সাল্‌ফিউরাস এসিড এবং হাইপসালফেট অব্ সোডা, আইও-ডিনের প্রযোগরূপ, কার্ব্বলিক, সেলিসিলিক, ক্রাইসফেনিক এবং এসিটিক এসিড, বিসার্সন, ন্যাপ্‌থল, ক্রিয়েজোট, থাইমল, টার্পেণ্টাইন এবং অয়েল অব কেড্।

উপরোক্ত ঔষধ সমূহ লেন্‌লিন বা গ্লিসারিন সহ মিশ্রিত করিয়া অথবা অবস্থানুসারে ইথার কিম্বা ক্লোরফরমে দ্রব করিয়া প্রয়োগ করা উচিত। কেহ কেহ বায়ু নিরুদ্ধ করিবার জন্য কলোডিয়ান সহ প্রযোগ করিতে বলেন।

টিনিয়া সার্সিনেটা বা দেহের দদ্রুতে নূতন বিশুদ্ধ সালফিউরাস এসিড অতি উত্তম ঔষধ। কেহ কেহ গোয়াপাউডার, এসিটিক এসিড্ বা লেবুর রস সহ মিশ্রিত করিয়া প্রযোগের বড় সুখ্যাতি করেন।

ব্যবস্থাপত্র।

১। এসিটিক এসিড ... ... ১ ঔন্স।

স্থানিক প্রযোগের জন্য।

২। হাইড্রার্জিরাই বিন আইওডাইড ১৬—৩২ গ্রেণ।

সিম্পল্ মলম ... .. ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

৩। এসিড ক্রাইসফ্যানিক ... ... ১ ড্রাম।
ক্লোরফরম পিওর ... যথা প্রয়োজন।
স্থানিক প্রয়োগের জন্য।

৪। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জিবাই নাইট্রেটিস ১ ড্রাম।
সিরেটাই সিম্পেসিস ... . ৬ ড্রাম।
টিনিয়া সার্সিনেটাতে প্রযোগ কবিতে হইবে।

৫। হাইড্রাজিরাই এমনিয়েটা ১০—২০ গ্রেণ।
এডেপস্ অথবা ভেসিলিন ... ১ ঔন্স।
টিনিয়া সার্সিনেটাতে প্রয়োগ কবিতে হইবে।

৬। লাইকর কার্ব্বনিস ডিটার্জেন্স ... ১ ড্রাম।
এডেপ্স অথবা বেঞ্জোযেটেড্ লার্ড ... ১ ঔন্স।
টিনিয়া টনসুরান্সে স্থানিক প্রযোগ কবিতে হইবে।

৭। এসিড কার্ব্বলিক ... ... ২ ড্রাম।
গ্লিসারিন .. . ১ ঔন্স।
একোযা বোজ ... সমষ্টি ৮ ঔন্স।
স্থানিক প্রয়োগ। (ডাঃ টিলবরিফক্স)।

৮। সোডিযাই হাইপসাল্ফাইট্স্ .. ৪ ড্রাম।
গ্লিসাবিন ... ... ২ ড্রাম।
একোয়া ... সমষ্টি ৬ ঔন্স।
টিনিয়া টনসুবান্সে মস্তক মুণ্ডন করিয়া স্থানিক প্রবোগ করিতে হইবে। (ঐ)

৯ সোডিয়াই হাইপসাল্ফাইট্স্ .. ৩ ঔন্স।
এসিড সাল্ফিউরোসাই ডিল্ ... ½ ঔন্স।
একোয়া ... সমষ্টি ১ পাইন্ট।

মস্তক মুণ্ডন করিয়া মস্তকের দদ্রুতে লাগাইতে হইবে।

(ডাঃ এল্‌ডারস্মিথ)

১০। এসিড কার্ব্বলিক ... ... এক ভাগ।

অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জ্জিরাই নাইট্রেটিস এক ভাগ।

— সাল্‌ফিউবিস ... এক ভাগ।

টিনিয়া সার্সিনেটাতে লাগাইতে হইবে। (ডাঃ লুনা)

১২। ক্রাইসফ্যানিক এসিড .. ১০ গ্রেণ।

বেঞ্জোল ... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য। (ডা. ডুরিং)

১৩। আইওডিন ... ... ২ ড্রাম।

ওলিযাই পাইসিস ডিক্‌লাবেটা ... ১ ঔন্স।

টিনিয়া টনস্থরান্সে স্থানিক প্রয়োগের জন্য।

১৪। ওলিয়েট অব মার্কাবী .. ... ২ ড্রাম।

পুবাতন দদ্রু বোগে লাগাইতে হইবে।

(এল্‌ডাবস্মিথ্‌ এম, বি,)

Urticaria, আর্টিকেবিয়া।

আমবাত বা আঁসর।

ত্বকের রক্তাধিক্য, ত্বকমধ্যে একজুডেশন, জ্বালা ও কণ্ডুয়ন সহ যে ইরাপশন বাহিব হয়, তাহাকে আর্টিকেবিয়া বা আমবাত কহে।

নিম্নলিখিত পঞ্চবিধ কারণ বশতঃ ইহা উৎপন্ন হয়। (১) ত্বকের অন্যান্য উত্তেজক পীড়া যথা—স্কেবিস, প্রুরাইগো, একজিমা ইত্যাদির উপসর্গরূপে ইহা উপস্থিত হইতে পাবে। (২) বিষাক্ত কীট পতঙ্গের দংশন বা লতা পাতার ক্ষুদ্র ক্ষুদ্র সূচের ন্যায় কেশ

গাত্রে বিদ্ধ হইলে ইহা জন্মিতে পারে। (৩) ঝিনুক, গলদা চিংড়ি ও টিনের মধ্যে রক্ষিত মৎস্য বা মাংস ইত্যাদি আহার করিলে ইহা উৎপন্ন হইতে দেখা যায়। (৪) পাকাশয় বা অন্ত্রের ক্রিয়ার ব্যতিক্রম হইলে সচরাচর এই রোগ হইয়া থাকে। (৫) কখন কখন অতিরিক্ত কোপেবা, টার্পেণ্টাইন, কিউবেব, ক্যাপ্সিকাম এবং কুইনাইন সেবন জন্য ইহা উৎপন্ন হইয়া থাকে।

ইহা ৪ প্রকার—(১) সাধারণ আর্টিকেরিয়া। (২) প্রবল জ্বর সহ আর্টিকেরিয়া। (৩) আর্টিকেরিয়া প্যাপিউলাস্। (৪) আর্টিকেরিয়া পিগ্মেণ্টোসা।

সাধারণ আর্টিকেরিয়ার লক্ষণ—গাত্রে বিছুটী লাগাইলে যেরূপ ইরাপ্শন বাহির হইতে দেখা যায়, সেইরূপ আর্টিকেরিয়াতে ঈষদুষ্ণ, বিস্তৃত, চাকা চাকা ইরাপশন বাহির হইতে থাকে। যেখানে ইরাপশন বাহির হয়, তথায় জ্বালা ও চুলকানি হয় এবং ক্রমশঃ সেই সমস্ত স্থানে স্ফীত ও রক্তাধিক্য বিশিষ্ট চাকা চাকা ইরাপ্শন বাহির হয়। বোধ হয় যেন কৈশিক নাড়ীগুচ্ছ প্রসারণ জন্য উপত্বকের প্রবল ইডিমা বশতঃ ইহা উদ্ভূত হয়। এক্সুডেশন অতি অল্প হইলে, কেবল রক্তবর্ণ উচ্চতা মাত্র লক্ষিত হয়। আমবাত প্রায় সমস্ত শরীরেই বাহির হইতে দেখা যায়। মুখমণ্ডলে হইলে, মুখ ও চক্ষু অত্যন্ত স্ফীত হয় এবং রোগী যতই চুলকাইতে থাকে ততই ফুলিয়া যায়; অনেক স্থলে চুলকানি এত বেশী হয়, যে ইহার জন্যে রোগী অসহ্য যন্ত্রণানুভব করে। প্রায়ই পাকাশয়ের ও অন্ত্রের উত্তেজনা বা ক্রিয়া বৈলক্ষণ্য বর্ত্তমান থাকে। আমবাতের প্রথমাবস্থায় এবং কখন কখন সকল অবস্থায়, হস্ত ও পদের তালুর জ্বালা থাকে। সময়ে সময়ে ইহার সঙ্গে সঙ্গে সামান্য জ্বর ও দুর্ব্বলতা বর্ত্তমান থাকে। (২) প্রবল জ্বর সহ আর্টি-

কেরিয়াতে জ্বর অত্যন্ত বেশী হয় এবং তৎসহ শিরঃপীড়া ও বিবমিষা থাকে। নাড়ী অত্যন্ত দ্রুত এবং জিহ্বা লেপযুক্ত থাকে। সমস্ত শরীরেই লালবর্ণ ইরাপ্‌শন্ বাহির হয়। শ্লৈষ্মিক ঝিল্লিও আক্রান্ত হইতে পারে এবং তাহা হইলে অলিজিহ্বা ও গলাভ্যন্তর স্ফীত ও রক্তবর্ণ হয়।

(৩) আর্টিকেরিয়া প্যাপিউলোসা—ইহা শিশুদিগের মধ্যেই হইয়া থাকে। ইরাপ্‌শন্ ম্লান হইবার পরেও আল্‌পিনের অগ্রভাগের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র প্যাপিউল থাকে বলিয়া, উহাকে আর্টিকেরিয়া প্যাপিউলোসা কহে।

(৪) আর্টিকেরিয়া পিগ্‌মেণ্টোসাও অতি শৈশবে দৃষ্ট হইয়া থাকে, কিন্তু ইহা অতি বিরল। ইহার ইরাপ্‌শন্ দীর্ঘকাল স্থায়ী হয় এবং ইহাতে বর্ণকের সঞ্চয় হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

এই রোগে পাকাশয়ের এবং অন্ত্রের ক্রিয়া বৈলক্ষণ্য প্রায়ই বর্ত্তমান থাকে, সুতরাং যাহাতে পরিপাক ক্রিয়া ভাল হয় ও কোষ্টবদ্ধতা দূর হয় তদ্বিষয়ে মনোযোগী হওয়া কর্ত্তব্য। যদি পাকাশয়ে অজীর্ণ পদার্থ থাকে, তাহা হইলে প্রথমেই বমনকারক ঔষধ দেওয়া আবশ্যক এবং পরে ক্ষার ও আগ্নেয় ঔষধ ব্যবহার্য্য। কোষ্টবদ্ধতা দূর করিবার জন্য লাবনিক বিরেচক ঔষধই ব্যবস্থা করা উচিত। পুরাতন আর্টিকেরিয়া অধিকাংশ স্থলে স্নায়বিক ক্রিয়াবৈষম্য বশতঃ উৎপন্ন হয়, সুতরাং ইহাতে সম্পূর্ণ মানসিক ও শারীরিক বিশ্রাম ও বলকারক ঔষধ যথা—কুইনাইন ও আর্সেনিক এবং ধাতব অম্ল অত্যন্ত উপকারী। ইরাপ্‌শনের উপর ময়দার গুঁড়া ছড়াইয়া দেওয়া গিয়া থাকে, এবং অত্যন্ত চুলকানি থাকিলে এমন কার্ব্ব ও লেড্ লোশন, একোনাইট

লোশন, কার্ব্বলিক এসিড লোশন, পারক্লোরাইড্ লোশন বোরে-সিক ও ক্লোরাল লোশন অতীব ফলপ্রদ। জ্বালা নিবারণার্থ ভিনিগার দ্বারা গাত্র মুছান বিশেষ ফলদায়ক।

ব্যবস্থাপত্র।

১। সোডি বাইকার্ব্ব ... ১০—২০ গ্রেণ।
মেগ্‌নেশিয়া কার্ব্ব ... ১০—২০ গ্রেণ।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
একোয়া মেন্থপিপ, অথবা,
ইনফিউশন কলম্বা ... ... ১ ঔন্স।
একমাত্রা,

২। মেগ্‌নেশিয়া কার্ব্ব ... ১০—২০ গ্রেণ।
— সালফ ... ১ ড্রাম।
স্পিরিট ক্লোরফরম ... . ১০ মিনিম।
একোয়া মেন্থপিপ ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা সেব্য। (ঐ)

৩। লাইকর আর্সেনিকেলিস হাইড্রক্লোরাস ৫ মিনিম।
এসিড মিউরিয়াটিক ডিল ... ১০ মিনিম।
সিরাপ অরেন্সাই ... ... ১ ড্রাম।
একোয়া .. ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যহ তিন মাত্রা আহারের সময় সেব্য।

স্থানিক প্রয়োগ।

৪। ষ্টার্চ পাউডার ... ... ১½ ঔন্স।
জিঙ্কাই অক্সাইড ... ... ৩ ড্রাম।
সেলিসিলিক এসিড ... ... ১ ড্রাম।
গাত্রে লাগাইতে হইবে। (ডাঃ ক্লার্ক)

৫। এমন কার্ব্ব ... ... ১ ড্রাম।
প্লম্বাই এসিটাস ... ... ২ ড্রাম।
একোয়া রোজ ... ... ৮ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য।

(উইলিয়াম এট্‌কিন এম, ডি;)

৬। এসিড কার্ব্বলিক ... ½—১ ড্রাম।
গ্লিসারিন ... ... ১ ঔন্স।
পবিশ্রুত জল ... ... ৭½ ঔন্স।
লোশন, স্থানিক প্রযোগের জন্য।

৭। বোবিক এসিড .. ... ১½ ঔন্স।
ক্লোবাল .. ... ১ ড্রাম।
ওযাটাব .. ... ৬ ঔন্স।
অত্যন্ত চুলকানি থাকিলে, স্থানিক প্রয়োগ করিতে হইবে।

(কুইনকোয়াড, প্যারিস)।

৮। হাইড্রার্জিবাই পাবক্লোবাইড ... ৩ গ্রেণ।
এমন মিউবাস ... ... ৪ গ্রেণ।
মিল্ক অব্ এমণ্ড ... .. ১২ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ হার্ডী)।

৯। ক্লোবাল .. ... ১৫ গ্রেণ।
সাল্‌ফাব ... .. ১ ড্রাম।
গ্লিসাবিন ... ... ১ ঔন্স।
পবিশ্রুত জল ... ... ১ ঔন্স।
মিল্ক অব্ এমণ্ড ... ... ১০ ঔন্স।
স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

Stomatitis, (ষ্টমেটাইটিস)।

মুখাভ্যন্তর প্রদাহ।

ইহাকে ৬ ভাগে বিভক্ত করা যাইতে পারে যথা—(১) সিম্পল্ কেটারেল ষ্টমেটাইটিস বা সাধারণ শ্লৈষ্মিক মুখাভ্যন্তর প্রদাহ। (২)* ভেসিকিউলার ষ্টমেটাইটিস বা ভেসিকিল সংযুক্ত মুখাভ্যন্তর প্রদাহ বা এপ্‌থি। (৩) প্যারাসাইটিক ষ্টমেটাইটিস বা পরাঙ্গপুষ্টীয় মুখাভ্যন্তর প্রদাহ। (৪) অলসাবেটিভ ষ্টমেটাইটিস বা ক্ষতোৎপাদক মুখাভ্যন্তর প্রদাহ। (৫) গ্যাংগ্রিনাস ষ্টমেটাইটিস বা পচনোৎপাদক মুখাভ্যন্তর প্রদাহ। (৬) মার্কিউবিয়াল ষ্টমেটাইটিস বা পারদ সেবন জনিত মুখাভ্যন্তর প্রদাহ।

(১) সাধারণ মুখাভ্যন্তর প্রদাহ—ইহা শৈশবে প্রায় দন্তোদগমের সময় হইয়া থাকে। প্রাপ্ত বয়স্কদিগের আক্কেল দাঁত উঠিবার সময় অথবা দন্তের কেরিজ, অতিরিক্ত ধূমপান, গরম মসলা সংযুক্ত খাদ্য আহার, অত্যুষ্ণ পানীয় পান, দন্ত এবং মুখ অপরিষ্কার থাকা বশতঃ ইহা উৎপন্ন হইয়া থাকে। কখন কখন পাকাশয় প্রদাহ ও স্বাভাবিক কোষ্টবদ্ধতা সহ ইহা দেখা গিয়া থাকে। কচিৎ মুখের ইরিসিপেলাসের বিস্তার হেতু এই প্রদাহ জন্মিতে পারে।

লক্ষণ—প্রথমাবস্থায় মাড়ির ও জিহ্বার শ্লৈষ্মিক ঝিল্লি রক্তবর্ণ ও স্ফীত হয়, জিহ্বা শ্বেতবর্ণ লেপ দ্বারা আবৃত দেখা যায় এবং উহাতে দন্তের দাগ পড়ে। মুখ নিঃসৃত রস যথা—লালা ইত্যাদি পরিবর্দ্ধিত হয় ও মুখে এক প্রকার দুর্গন্ধ হইয়া থাকে। মুখের স্বাদ নষ্ট হয়। শৈশবাবস্থায় দন্তোদগম কালীন মুখাভ্যন্তর-প্রদাহে কখন কখন কনভাল্‌সন বা বিকম্পন দৃষ্ট হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

উপরোক্ত কারণ সমূহ বর্ত্তমান থাকিলে, তাহা বিদূরিত করিবে। দন্তের কেরিজ থাকিলে, তাহা উৎপাটন করাই বিধেয়। ধূমপান এবং আহার ও পানীয় সম্বন্ধে অনিয়ম বা অত্যাচার নিষেধ করিবে। কোষ্ঠবদ্ধতা নিবারণ জন্য লাবনিক বিরেচক ব্যবস্থা করিবে। মুখ সদাসর্ব্বদা পরিষ্কার রাখা কর্ত্তব্য। প্রথমাবস্থায় ঈষদুষ্ণ এক ঔন্স বার্লী ওযাটারে ৫।৬ গ্রেণ সোডি-বাইকার্ব্ব মিশ্রিত করিয়া কবল করিলে বিশেষ উপকার দর্শে। চুনের জল বোরাক্স, এবং পটাশ ক্লোরাস কবল অতীব ফল-দায়ক। একভাগ সেলিসিলিক ও ৫ ভাগ এল্‌কোহল এবং ২০০ শত ভাগ জল একত্র মিশ্রিত করিলে উত্তম পচন নিবারক কবল প্রস্তুত হয। কঠিন রোগে ৫০০০ ভাগে এক ভাগ পার-ক্লোরাইড অব্ মার্কারী দ্রব বা এক ঔন্স পরিশ্রুত জলে দুই গ্রেণ নাইট্রেট অব্ সিলভার দ্রব অতীব ফলপ্রদ। উদরাময বর্ত্তমান থাকিলে, ধারক ঔষধ এবং ওপিযাম ব্যবহার্য্য।

(২) ভেসিকিউলার অব্ এপ্‌থাস ষ্টমেটাইটিস বা এপ্‌থি— ইহাতে প্রথমে ছাতা পড়ার মত সাদা সাদা দাগ জিহ্বার সম্মুখের অর্দ্ধভাগে, অধরাভ্যন্তরে, গালের ভিতরে এবং কঠিন তালুর উপরে হইতে দেখা যায় এবং ঐ দাগগুলি রক্তবর্ণ রেখা দ্বারা পরিবৃত থাকে। এই সময়ে মুখ হইতে শ্লেষ্মা ও লালা অধিক পরিমাণে নির্গত হইতে থাকে। কখন কখন নিশ্বাস দুর্গন্ধময় এবং মুখাভ্যন্তর উত্তপ্ত ও বেদনাজনক হয়। ইহার সঙ্গে সঙ্গে অত্যল্প জ্বর ও ক্ষুধামান্দ্য বর্ত্তমান থাকে।

—দন্তোদগম কালীন, এই রোগ দুর্ব্বল অপরিপুষ্ট শিশুদের মধ্যেই হইয়া থাকে। কখন কখন হামের সঙ্গেও দৃষ্ট হয়।

গর্ভিণী স্ত্রীলোকদিগের মধ্যে, বালক ও বালিকাদিগের বিদ্যালয়ে এবং নানা প্রকার ক্ষয়কর রোগেও ইহা দেখা গিয়া থাকে।

ঐচিকিৎসা বিষয়ক টীকা।

শিশুদিগের মধ্যে এই রোগ দৃষ্ট হইলে, প্রথমে ক্ষার সংযুক্ত মৃদুবিরেচক ঔষধ ব্যবস্থা করা কর্ত্তব্য। কিন্তু যদি উদরাময় থাকে; তাহা হইলে ১৬নং ব্যবস্থাপত্র বিশেষ উপকারী। পটাশ ক্লোরাসও অতি উত্তম ঔষধ। শিশুদিগকে বয়সানুসারে ২ গ্রেণ বা ততোধিক মাত্রায় দেওয়া কর্ত্তব্য। প্রাপ্ত বয়স্কদিগকে ১০—২০ গ্রেণ মাত্রায় দেওয়া যাইতে পারে।

স্থানিক পচন নিবারক ঔষধ যথা—সাল্‌ফাইট অথবা হাইপ-সাল্‌ফাইট অব্ সোডিয়াম দ্রব, ক্রিযেজোট ওয়াটার, বোরিক এসিড দ্রব, পূর্ণমাত্রায় বোরাক্স দ্রব, ক্লোরিন ওয়াটার, ক্লোরিনেটেড্ সোডা দ্রব এবং কার্ব্বলিক এসিড লোশন বিশেষ উপকারী। যদ্যপি সাদা সাদা দাগগুলি সহজে না মিলায়, তাহা হইলে এক ঔন্স জলে ৪০—৬০ গ্রেণ আর্জ্জেণ্টাই নাইট্রাস দ্রব বা এক ঔন্সে ৭ গ্রেণ কপার সাল্‌ফেট দ্রব বা এক ঔন্সে ২০ গ্রেণ জিঙ্কাই সাল্‌ফেট দ্রব তুলি দ্বারা প্রয়োগে উপকার দর্শে। শীর্ণ রোগীকে ১—২ গ্রেণ মাত্রায় কুইনাইন, ২—৫ মিনিম ডাইলিউটেড নাইট্রিক এসিড দ্রব সহ দিবসে ৩।৪ বার সেবন ব্যবস্থা করা উচিত। শিশুদিগের পক্ষে দুগ্ধ ও বার্লী উত্তম পথ্য।

প্যারাসাইটিক ষ্টমেটাইটিস বা পরাঙ্গপুষ্টিয় মুখাভ্যন্তর প্রদাহ—ইহা মুখাভ্যন্তরস্থিত শ্লৈষ্মিক ঝিল্লিতে ওইডিয়ম্ এলবিক্যান্স নামক এক প্রকার পরাঙ্গপুষ্ট ফাঙ্গাসের বর্দ্ধন জন্য এই প্রদাহ জন্মে। ইহাতে মুখাভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লির শুষ্কতা, স্পর্শ মাত্র বেদনা, ঘোর রক্তবর্ণতা ও উত্তাপ প্রথম দৃষ্ট ও অনুভূত হয়, পরে চক্রাকার

দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ ঈষদুষ্ট দাগ দৃষ্ট হয় এবং অবশেষে ঐ দাগ একত্রে সম্মিলিত হইয়া উহার উপরে ছানার ন্যায় এক খানি আবরণ বা ছাতা পড়িয়া যায়। এই গুলি জিহ্বার নিম্নে, ওষ্ঠাভ্যন্তরে, গালের ভিতরে এবং মাড়ির বাহির দিকেই দেখিতে পাওয়া যায়, তবে কখন কখন ফেরিংস ও ইসাফেগাস পর্য্যন্ত বিস্তৃত হইয়া থাকে। ক্বচিৎ ইহা পাকস্থলী, সিকাম এবং অতি শীর্ণ দেহে কোন কোন স্থলে গুহ্যদ্বারে ও জননেন্দ্রিয়ে দৃষ্ট হইয়া থাকে। কখন কখন ইহার সঙ্গে বমন ও উদরাময়, উপসর্গ রূপে উপস্থিত হয়। এই রোগ প্রায় অতি শৈশবাবস্থায় দুগ্ধ পানের অনিয়ম ও ব্যতিক্রম বশতঃ জন্মিয়া থাকে। কখন কখন এক শিশু হইতে অন্য শিশুতে নীত হয়। প্রাপ্ত বয়স্কের মধ্যে প্রৌঢ়াবস্থায় ইহা দুর্ব্বলতা ও ক্ষয়কর ব্যাধি সহ দৃষ্ট হইয়া থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

অতি শিশুদিগের মধ্যে এই রোগে, দুগ্ধ পানের পর একটুকুরা লিণ্ট ভিজাইয়া মুখ মুছাইয়া দিবে। স্থানিক প্রয়োগের জন্য ১৯।২০ নং ব্যবস্থা পত্র অতীব ফলদায়ক। কঠিন রোগে সাদা সাদা দাগ গুলিতে এক ঔন্সে ৪—৮ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব স্পর্শ করা উচিত অথবা উহার পরিবর্ত্তে এক ঔন্সে দুই গ্রেণ কপার সাল্‌ফেট দ্রব বা এক ঔন্সে দুই গ্রেণ কার্ব্বলিক এসিড দ্রব প্রয়োগ করা উচিত। সাল্‌ফিউরাস এসিড অথবা সেলিসিলিক এসিড সোলিউশন অথবা কেবল গ্লিসারিন প্রয়োগে অনেক সময় বিশেষ উপকার দর্শে। উদরাময় বর্ত্তমান থাকিলে, বিস্মথ্‌ সাব্‌ নাইট্রাসের সঙ্গে চক্‌ মিক্‌শ্চার ব্যবস্থা করা উচিত। ক্বর্কিম্নার বলেন, এই প্রকার রোগে কেলমেল অত্যাশ্চর্য্য,

ফলপ্রদ। দেহের সার্ব্বাঙ্গিক শীর্ণতা সহ এই রোগ উৎপন্ন হইলে, বলকারক ও উত্তেজক ঔষধ ব্যবহার্য্য।

অলসারেটিভ ষ্টমেটাইটিস বা ক্ষতোৎপাদক মুখাভ্যন্তর প্রদাহ—এই প্রকার রোগ প্রায়ই এক দিকেই হইয়া থাকে এবং সাধারণতঃ বাম দিকেই দেখিতে পাওয়া যায়। বাহিরের দিকের দন্তমূলে, বিশেষতঃ নিম্ন দন্ত পাটি মূলে এবং তন্নিকটবর্ত্তী ওষ্ঠে ও গালের ভিতরে প্রথম ক্ষত আরম্ভ হয়। এই ক্ষত জিহ্বা ও তালু পর্য্যন্ত বিস্তৃত হইতে পারে। সচরাচর ক্ষত বৃদ্ধি হইয়া দন্তমূল বাহির হইয়া পড়ে এবং ক্ষতগুলি ছাতা পড়ার মত শ্বেতবর্ণ বা ধূসর বর্ণের বিগলিত শ্লৈষ্মিক ঝিল্লির দ্বারা আবৃত দেখা যায়। উহার চতুস্পার্শে রক্তবর্ণ স্ফীত রেখাও দৃষ্ট হয়। জিহ্বা স্ফীত ও পুরু লেপযুক্ত হয় এবং ধারগুলিতে ক্ষত থাকে। ইহার সঙ্গে সঙ্গে অত্যল্প জ্বর, আহার ও পান করিতে কষ্টানুভব, লালপড়া ও মুখে দুর্গন্ধ বর্ত্তমান থাকে।

কারণ—অস্বাস্থ্যকর আবাসস্থান, অল্প ও অনুপযোগী আহার এবং অন্যান্য অবসাদক অবস্থাই এই রোগের প্রধান কারণ। প্রায়ই হাঁসপাতালে, বিদ্যালয়ে, কারাগারে এবং যুদ্ধক্ষেত্রের শিবিরে ইহা বেশী দৃষ্ট হইয়া থাকে। ৪।৫ বৎসরের শিশুদিগের মধ্যে ইহার আক্রমণ বেশী। দন্তের কেরিজ ইহার একটি উদ্দীপক কারণ।

চিকিৎসা বিষয়ক টীকা।

অস্বাস্থ্যকর কারণ সমূহের দূরীকরণ, সাধারণ স্বাস্থ্যের উন্নতি এবং স্নিগ্ধকারক ও পচন নিবারক স্থানিক প্রয়োগই এই রোগের প্রধান চিকিৎসা। পটাশ ক্লোরাস ইহার একটি উত্তম ঔষধ, ইহা শিশুদিগকে ২।৩ গ্রেণ মাত্রায় এবং প্রাপ্তবয়স্কদিগকে ১০—২০ গ্রেণ মাত্রায় দিবসে ৩।৪ বার দেওয়া যাইতে পারে। বোরিক

এসিড, সেলিসিলিক এসিড অথবা কার্ব্বলিক এসিড লোশনের কবল অতীব ফলদায়ক। ক্ষত এবং মুখের বেদনা থাকিলে, হাইড্রোক্লোরেট অব্ কোকেনের ক্ষীণ দ্রব প্রয়োগে উপকার দর্শে। প্রত্যেকবার আহারের পর গরম জল দ্বারা মুখ ধৌত করা এবং মাড়ি ও দন্ত এক টুক্‌রা এব্‌সর্বেণ্ট কটন দ্বারা পরিষ্কার করিয়া দুই ভাগ গ্লিসারিন অব্ বোরাক্স এবং এক ভাগ টিং মর্ একত্রে মিশ্রিত করিয়া মুখ ধৌত করা ভাল। সহজে ক্ষত আরোগ্য না হইলে, এক ঔন্সে ১০ গ্রেণ আর্জেণ্টাই নাইট্রাস দ্রব বা এলাম বা টিং আইওডিন বা আইডফরম প্রয়োগ করিবে। উপরোক্ত ঔষধ গুলি বড়ই যন্ত্রণাদায়ক, সুতরাং হাইড্রোক্লোরেট কোকেন দ্রব তুলি দ্বারা লাগাইয়া পরে ঐ ঔষধগুলি প্রয়োগ করা কর্ত্তব্য। কবলের জন্য ২৬।২৭ নং ব্যবস্থাপত্র বিশেষ উপকারী।

গ্যাংগ্রিনাস ষ্টমেটাইটিস অথবা ক্যাংক্রম অরিস বা পচন বা বিগলিতাবস্থা উৎপাদক মুখাভ্যন্তর প্রদাহ—এই দেশে সচরাচর প্লীহার বিবৃদ্ধির সঙ্গে উপসর্গরূপে ইহা দৃষ্ট হইয়া থাকে। শিশুদিগের প্লীহারোগে ইহা অধিক পরিমাণে দৃষ্ট হয়। ইউরোপে হাম, হুপিংকফ ও টাইফাস জ্বরের সঙ্গে সঙ্গে ইহা দেখা গিয়া থাকে। কখন কখন পারদ সেবন জন্যও ইহা উৎপন্ন হয়।

লক্ষণ—প্রথমে দাঁতের গোড়ায় একটি ক্ষত বা কাল দাগ দৃষ্ট হয় এবং ঐ স্থানে সামান্য শূলানী বা যন্ত্রণা থাকে। কিন্তু অতি অল্প সময়ের মধ্যে উহা বিস্তৃত হইয়া সেই দিকের গাল আক্রমণ করে এবং দুই এক দিনের মধ্যে ওষ্ঠ ও গাল স্ফীত হইয়া পচন আরম্ভ হয় ও মুখ হইতে অত্যন্ত দুর্গন্ধ নির্গত হইতে থাকে। অতি সত্বরে বিগলিত অংশ ধ্বংশ প্রাপ্ত হইয়া বা খসিয়া

পড়িয়া গালে ছিদ্র হইয়া যায়। অধিকাংশ স্থলে নিউমোনিয়া বা ডায়েরিয়া হইয়া রোগী কালগ্রাসে পতিত হয়। কচিৎ রোগী আরোগ্য লাভ করে। গ্রন্থকারের চিকিৎসায় ৩।৪টি রোগী গালে বৃহৎ ছিদ্র হইয়াও আরোগ্য লাভ করিয়াছে।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমে ক্ষত লিণ্ট দ্বারা মুছিয়া লইয়া ষ্ট্রং নাইট্রিক এসিডে তুলি ভিজাইয়া ক্ষতের বিগলিতাংশের ধারগুলি স্পর্শ করিবে। সুস্থাংশে না লাগে, তদ্বিষয়ে বিশেষ সতর্ক হইতে হইবে। বাহ্যিক ক্ষতে অল্প পরিমাণে আইডফরম চূর্ণ ক্ষতের উপর ছড়াইয়া দিয়া কার্ব্বলিক অয়েল প্রয়োগ করিবে। কেহ কেহ নাইট্রিক এসিড অপেক্ষা হাইড্রক্লোরিক এসিড অধিকতর উপকারী মনে করেন। অনেক স্থলে ষ্ট্রং কার্ব্বলিক এসিড প্রয়োগেও উত্তম ফল পাওয়া গিয়াছে। এতদ্ভিন্ন টিং ফেরি পারক্লোরাইড, এক ঔন্সে ২০ গ্রেণ সাল্‌ফেট অব্ কপার দ্রব এবং সাব্ নাইট্রেট অব্ বিশমথ প্রয়োগও সময়ে সময়ে ফলদায়ক। মিঃ বগুল বলেন, যে তিনি ক্ষত স্থানে ১০০০ ভাগে এক ভাগ পারক্লোরাইড অব্ মার্কারী প্রয়োগ করিয়া অত্যাশ্চর্য্য ফল পাইয়াছেন। মুখ ধৌত করিবার জন্য ৩৬নং ব্যবস্থা পত্রের ঔষধ অতীব ফলপ্রদ। আভ্যন্তরিক ঔষধের মধ্যে বলকারক ঔষধ যথা—কুইনাইন ও টিং ফেরি পার-ক্লোরাইড এবং উত্তেজক ঔষধ বিশেষ প্রয়োজনীয়। ২৪ ঘণ্টার মধ্যে ৩।৪ ঔন্স ব্রাণ্ডি দেওয়া উচিত। পথ্য পুষ্টিকর অথচ লঘু হওয়া উচিত যথা—দুগ্ধ, সুপ, দুগ্ধের সহিত ডিম্বের কুসুম একত্র করিয়া, ওয়াইন, হোয়ে ইত্যাদি।

মার্কিউরিয়াল ষ্টমেটাইটিস বা পারদ সেবন জন্য মুখাভ্যন্তর প্রদাহ—ইহাতে মুখের দুর্গন্ধ, ধাতব আস্বাদ, মাড়ি ও মুখের

ক্ষত ও অতিরিক্ত লালা নিসঃরণ ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। কখন কখন ওষ্ঠ, জিহ্বা ও মুখের অভ্যন্তবের শ্লৈষ্মিক ঝিল্লি আক্রান্ত হইয়া থাকে। প্রায়ই নিম্ন হন্বাস্থির যাবতীয় লিম্ফ্যাটিক্ গ্রন্থি স্ফীত হয় এবং গলাধঃকবণ ও চর্ব্বন অত্যন্ত কষ্টকর হইয়া উঠে। এই অবস্থায় ইহাব চিকিৎসা না করিলে বা চিকিৎসা সম্বন্ধে তাচ্ছল্য কবিলে অবশেষে ইহা ক্ষতোৎপাদক মুখাভ্যন্তর প্রদাহে পবিণত হইতে পাবে।

চিকিৎসা বিষযক টীকা।

পটাশ ক্লোবাস এই বোগেব উত্তম ঔষধ। ইহা সমস্ত দিবসে ৩০—৬০ গ্রেণ দেওযা যাইতে পাবে। ধৌত বা কবলেব মধ্যে পটাশ ক্লোবাস কবল, ক্রিযেজোট ওযাটাব, টিং সিঙ্কোনা ও মধু সহ বোবাক্স এবং ব্রাণ্ডি ও জল সর্ব্বোৎকৃষ্ট। কখন কখন এক ঔন্সে দশ গ্রেণ এসিটেট অব্ লেড্ দ্রবেব অতীব স্নিগ্ধকারক গুন দেখিতে পাওযা যায। কেহ কেহ এক ঔন্স জলে অর্দ্ধ ড্রাম টিং আইওডিন দ্রব প্রযোগেব বিশেষ প্রশংসা কবেন। কোন কোন স্থলে নাইট্রেট অব সিল্ভাব বা হাইড্রক্লোবিক এসিড প্রযোগ আবশ্যক হয। অতিবিক্ত লালা নিঃসবণ নিবাবণ জন্য ৩৮নং ব্যবস্থা পত্র অতীব ফলপ্রদ। ৫—১০ মিনিম টিংচাব অব্ বেলাডনা প্রত্যেক ৪।৫ ঘণ্টান্তব ব্যবহাবে, ইহা দূব কবিতে পারা যায়। কেহ কেহ এইজন্য ১/১০০ গ্রেণ এট্রপাইন ত্বকনিম্নে পিচকাবী দ্বাবা প্রয়োগ করিযা থাকেন। আভ্যন্তবিক ঔষধের মধ্যে পটাশ ক্লোবাস এবং বলকারক ঔষধ ব্যবহার্য্য। ১—২ গ্রেণ কুইনাইন সহ ১০ মিনিম নাইট্রিক এসিড ডিল দিবসে ৩।৪ বার ব্যবহারে বিশেষ ফলদর্শে। পথ্য তরল হওয়াই উচিত। দুগ্ধ, সুজি বার্লী বা দুগ্ধ বার্লী অতি উত্তম পথ্য।

ব্যবস্থা পত্র।

শ্লৈষ্মিক মুখাভ্যন্তর প্রদাহে মুখ ধৌত করিবার ঔষধ।

১। টেপিড বার্লী ওয়াটার ... ৪ ঔন্স।
সোডা বাইকার্ব্ব ২০—২৪ গ্রেণ।
লোশন, কবল করিবার জন্য। (ডাঃ বার্নীইও)

২। বোরাসিস্ ... . ২ ড্রাম।
সোডি বাইকার্ব্ব ... . ৪০ গ্রেণ।
টিং ইউক্যালিপ্টাই ... ... ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ½ ঔন্স।
একোয়া ... ... ৮ ঔন্স।
লোশন, কবল করিবার জন্য। (ঐ)

৩। পটাশ ক্লোরাস . ... ৪০ গ্রেণ।
বোরাসিস .. ... ৮০ গ্রেণ।
একোয়া রোজ ... ... ৮ ঔন্স।
লোশন, কবল করিবার জন্য। (ঐ)

৪। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১০ ঔন্স।
লোশন, কষ্টদায়ক রোগীর কবল করিবার জন্য। (ঐ)

৫। আর্জেন্টাই নাইট্রাস ... ... ২ গ্রেণ।
একোয়া রোজ অথবা পরিশ্রুত জল ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

ভেসিকিউলার অথবা এপ্থাস মুখাভ্যন্তর প্রদাহে।

৬। পটাশ ক্লোরাস ... ... ১ ড্রাম।
এসিড কার্ব্বলিক ... ... ½ ড্রাম।

পরিশ্রুত জল ... ... ৪ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগেব জন্য। (ডাঃ রবার্টস্ বার্থলো)

৭। গ্লিসাবিন এসিড কার্ব্বলিক ... ২ ঔন্স।

পটাশ ক্লোবাস ... ... ২ ড্রাম।

ডিকক্‌শন্ এল্‌থি .. .. ৮ ঔন্স।

লোশন, কবল কবিবাব জন্য। (ডাঃ বার্ণীইও)।

৮। এসিড বোবিক ... ... ২ ড্রাম।

গ্লিসাবিন ... ... ২ ড্রাম।

ডিকক্‌শন হর্ড়িযাই বা বার্লি ওযাটাব... ৮ ঔন্স।

লোশন, কবল কবিবাব জন্য। (ঐ)

৯। থাইমল ... ... ৭ গ্রেণ।

বোরাক্স ... ... ১৫ গ্রেণ।

একোযা ... ... ১½ ঔন্স।

লোশন, (ডাঃ ডেভিড্)।

১০। সোডি সেলিসিলাস ... . ১ গ্রেণ।

কোকেন মিউবাস ... ... ২ গ্রেণ।

পবিশ্রুত জল ... ... ২ ড্রাম।

লোশন, ক্ষতেব বেদনা লাঘব কবিবাব জন্য স্থানিক প্রযোগ।

১১। আর্জেণ্টাই নাইট্রাস ... ৪০—৬০ গ্রেণ।

পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ডাঃ বার্ণীইও)।

১২। কুপ্রাই সাল্‌ফাস ... ... ২০ গ্রেণ।

পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

১৩।	জিঙ্কাই সাল্ফ	...	... ২০ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	... ১ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

১৪।	টিং ফেবি পাবক্লোরাইড		... ১ ড্রাম।
	কুইনি সাল্ফ	..	... ২৫ গ্রেণ।

স্থানিক প্রয়োগেব জন্য। (জেমস্ গ্যাবেট্‌সন্)।

১৫।	পাল্ভ সিঙ্কোনা কব্রা	...	... ১ ভাগ।
	ক্রিটা প্রিপাবেটা	...	.. ১ ভাগ।
	এসিড ট্যানিক	...	... ১ ভাগ।

(এপ্থি বোগাক্রান্ত শিশুদিগেব উদবাময়ে।)

১৬।	বিসমথ সাব্ নাইট্রাস	...	২—৪ গ্রেণ।
	সোডি বাইকার্ব্ব	..	২—৪ গ্রেণ।
	পাল্ভ কাইনো কোঃ	...	... ১ গ্রেণ।

এক পুবিযা, বযসানুসাবে প্রত্যহ তিন পুবিযা সেব্য।

(ডাঃ বার্ণীইও)

১৭।	হাইড্রার্জিবাই কমক্রিটা	...	... ২ গ্রেণ।
	পাল্ভ ইপিকাক	...	... ১ গ্রেণ।
	মেগ্নেশিযা কার্ব্ব	...	... ১২ গ্রেণ।
	পাল্ভ ইপিকাক কোঃ	...	১ গ্রেণ।

১২ পুবিযা, শিশুদিগেব জন্য প্রত্যেক পুবিযা দুই ঘণ্টান্তর সেব্য। (জেম্স্ ই, গ্যাবেট্‌সন্)

১৮।	বিশমথ সাব্ নাইট্রাস	...	... ২ ড্রাম।
	ক্রিটা প্রিপারেটা	...	.. ৪০ গ্রেণ।
	সিরাপ জিঞ্জার	...	... ২½ ঔন্স।

বয়সানুসারে ২৫—৬০ মিনিম মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর সেব্য।

পর্বাঙ্গপুষ্টীয় মুখাভ্যন্তর প্রদাহে।

১৯। বোরাসিস ... ... ৪ ড্রাম।
গ্লিসাবিন ... ... ৪ ড্রাম।
টিং মর্ ... ... ২ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... .. ৮ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ বার্ণীইও)

২০। সোডিয়াই বেঞ্জোয়াস অথবা সাল্‌ফাস ৩ ড্রাম।
— বাইকার্ব্ব ... ...১০০ গ্রেণ।
একোয়া রোজ ... ... ১০ ঔন্স।
লোশন, স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

২১। টিং মর্ ... ... ৫ ড্রাম।
— ক্যাম্ফর কোঃ ... ... ১½ ড্রাম।
মেলিস্ রোজ ... ... ১ ঔন্স।
ডিকক্‌শন্ হর্ডিয়াই ... ... ৫ ঔন্স।
কবল করিবার জন্য।

২২। টিং মর্ ... ... ২ ঔন্স।
এসিড মিউরিয়াটিক ডিল ... ১০ মিনিম।
ইন্‌ফিউশন রোজ ... ... ৩ ঔন্স।
ডিকক্‌শন্ সিঙ্কোনা ... ... ৩ ঔন্স।
কবল করিবার জন্য। (ঐ)

দুরারোগ্য রোগে স্থানিক প্রয়োগের জন্য।

২৩। আর্জেণ্টাই নাইট্রাস ... ৪—৮ গ্রেণ।

পরিশ্রুত জল	... ...	১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য। (ডাঃ বার্ণীইও)

২৪। কুপ্রাই সাল্‌ফাস্	... ...	২ গ্রেণ।
পবিশ্রুত জল	... ...	১ ঔন্স।

স্থানিক প্রযোগের জন্য। (ঐ)

২৫। কার্ব্বলিক এসিড	... ...	২ গ্রেণ।
পবিশ্রুত জল	... ..	১ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য। (ঐ)

ক্ষতকর মুখাভ্যন্তর প্রদাহে।

২৬। পটাশ ক্লোবাস	.. ...	৮০ গ্রেণ।
এবষ্ট্রাক্ট ওপিবাই লিকুইড	...	২ ড্রাম।
একোয়া লবোসিবেসাই	...	১ ঔন্স।
ডিকক্‌শন হর্ডিয়াই বা বার্লী ওয়াটাব		৮ ঔন্স।

লোশন, (ঐ)

২৭। এসিড সেলিসিলিক	... ..	২ ড্রাম।
স্পিবিট ভাইনাই বেক্‌টিফায়াড	..	৩ ড্রাম।
একোযা ক্যাম্ফব	... ...	৮ ঔন্স।

লোশন, কবল কবিবাব জন্য। স্পিবিট এসিড দ্রব কবিয়া পব জল মিশ্রিত করিতে হইবে। (ঐ)

২৮। পটাশ ক্লোবাস	... ...	$2\frac{1}{2}$ ড্রাম।
এসিড মিউবিয়াটিক ডিল	...	$\frac{1}{2}$ ড্রাম।
মেলিস রোজ	.. ...	৮ ঔন্স।
একোয়া	... ...	$1\frac{1}{2}$ ঔন্স।

কবল কবিবার জন্য।

২৯। এসিড মিউরিয়াটিক ডিল্ ... ½ ড্রাম।
টিং ক্যাপ্সিসাই .. ... ১½ ড্রাম।
মেলিস ... ... ৫ ড্রাম।
ইন্ফিউশন্ রোজি .. ... ৫ ঔন্স।
(বিগলিত মুখাভ্যন্তর প্রদাহে অথবা ক্যাংক্রম অরিসে।)

৩০। এসিড নাইট্রিক ... ... ১ ড্রাম।
তুলি দ্বারা ক্ষত স্থানে লাগাইতে হইবে।
সুস্থ স্থানে না লাগে তদ্বিষয় সতর্ক হইতে হইবে।
(ডাঃ বার্ণাইও)

৩১। আইডফরম ... ½ ড্রাম।
বাহ্যিক ক্ষতোপরি ছড়াইয়া দিয়া তদুপরি কার্ব্বলিক অয়েল প্রয়োগ করিতে হইবে। (ঐ)

৩২। কার্ব্বলিক এসিড ... ... ৮ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
লোশন, ধৌত করিবার জন্য। (ঐ)

৩৩। টিং ফেরি পারক্লোরাইড .. . ২ ড্রাম।
তুলি দ্বারা লাগাইতে হইবে। (ঐ)

৩৪। কুপ্রাই সাল্ফাস ... . ৩০ গ্রেণ।
পরিশ্রুত জল .. .. ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩৫। হাইড্রার্জিরাই পারক্লোরাইড ... ২ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।
স্থানিক প্রয়োগের জন্য। (ঐ)

৩৬। লাইকর সোডি ক্লোরিনেটি ... ১ ঔন্স।
একোয়া ... সমষ্টি ১৬ ঔন্স।
কবল করিবার জন্য। (ঐ)

পারদসেবনজনিত মুখাভ্যন্তর প্রদাহে লালা নিঃসরণ হ্রাস করিবার জন্য।

৩৭। গ্লিসারিন এসিড্ ট্যানিক ... ৬ ড্রাম।
একোয়া রোজ ... ... ৬ ঔন্স।
কবল করিবার জন্য। (ঐ)

Syphilis, সিফিলিস।

উপদংশ।

যে বিশেষ গুণাত্মক সংক্রামক পীড়া, চর্ম্মহীন স্থানের সহিত ঐ রোগ বিষের বা বীজের সংস্পর্শবশতঃ অথবা ঐ পীড়াক্রান্ত ব্যক্তির সন্তানাদিতে কৌলিক সঞ্চার বশতঃ উৎপন্ন হয়, এবং যাহাতে ঐ রোগ বিষ কিছুদিন গুপ্তাবস্থায় থাকিয়া, পরে ত্বকে, শ্লৈষ্মিক ঝিল্লিতে, অস্থিতে এবং অবশেষে দেহাভ্যন্তরস্থিত যন্ত্রাদিতে উহার ক্রিয়া উৎপাদন করে, তাহাকে সিফিলিস্ বা উপদংশ কহে। উপদংশ বলিতে দৈহিক উপদংশ বুঝিতে হইবে। পূর্ব্বে কোমল শ্যাঙ্কারও উপদংশ নামে অভিহিত হইত, কিন্তু এক্ষণে উহা স্বতন্ত্র স্থানীয় পীড়া বলিয়া স্থিরিকৃত হইয়াছে, কেননা কোমল শ্যাঙ্কারে স্থানিক লক্ষণ ব্যতীত কোন দৈহিক লক্ষণ প্রকাশিত হয় না।

নানা প্রকার সংস্পর্শে এই উপদংশ পীড়া উৎপন্ন হইতে পারে। সাধারণতঃ উহাকে তিন ভাগে বিভক্ত করা হয় যথা—(১) স্পষ্ট সংস্পর্শ, (২) মধ্যবর্ত্তী সংস্পর্শ, (৩) কৌলিক সংস্পর্শ বা সন্তানাদিতে রোগ বিষ বা বীজের সঞ্চার।

(১) স্পষ্ট সংস্পর্শ—অধিকাংশ স্থলে, শৃঙ্গার এই সংস্পর্শের প্রধান কারণ। উপদংশ রোগাক্রান্ত স্ত্রী বা পুরুষের সহিত অন্য পুরুষ বা স্ত্রী সহবাস করিলে যদি উহাদের জননেন্দ্রিয়ে কোন ক্ষত থাকে বা দৃষ্ট হয়, তাহা হইলে উপদংশ বিষের সংস্পর্শ বশতঃ এই পীড়া জন্মে। ত্বকহীন স্থানের সহিত এই বিষ একবার সংস্পৃষ্ট হইবা মাত্র, দৈহিক উপদংশ রোগ জন্মে। কিন্তু শৃঙ্গার ব্যতিরেকেও অন্য প্রকারে স্পষ্ট সংস্পর্শ হইতে পারে যথা—এই রোগাক্রান্ত শিশুকে স্তন পান করাইলে বা এই রোগাক্রান্ত ধাত্রীর স্তন অন্য শিশু পান করিলে, উভয়ের এই রোগ দৃষ্ট হইয়া থাকে। যে সকল স্ত্রীলোকের অধরে ও মুখে উপদংশজনিত ক্ষত থাকে, তাহাদের মুখ চুম্বনেও এই পীড়া জন্মিতে পারে। চিকিৎসক ও ধাত্রী উপদংশ রোগগ্রস্থ স্ত্রীলোকের সন্তান প্রসব করাইবার সময় উহা দ্বারা আক্রান্ত হইবার বিশেষ সম্ভাবনা। অস্ত্র চিকিৎসক উপদংশজনিত পীড়ার অস্ত্রোপচারকালীন এই উপদংশ রোগ দ্বারা আক্রান্ত হইয়াছে, ইহার দৃষ্টান্ত অনেক দেখা গিয়াছে।

(২) মধ্যবর্ত্তী সংস্পর্শ—অনেক স্থলে উপদংশ রোগাক্রান্ত রোগীর ব্যবহৃত চামচা, জলপাত্র, হুকা ও তামাক খাইবার নল ইত্যাদি সংস্পর্শে বা ব্যবহারে এই রোগ জন্মিয়াছে। উপদংশ পীড়াগ্রস্থ শিশুর দেহ হইতে লিম্ফ লইয়া অন্য শিশুকে টীকা দেওয়ার জন্য এই রোগ যে উৎপন্ন হইয়াছে, তাহার ভূরি ভূরি উদাহরণ পাওয়া যায়।

(৩) কৌলিক রোগ সঞ্চার—পিতা হইতে পুত্রে কিরূপে উপদংশ উৎপন্ন হয়, এবিষয়ে এখনও চিকিৎসকেরা সম্পূর্ণ অনভিজ্ঞ। পিতা অথবা মাতার উপদংশ থাকিলেই যে সন্তানের এই রোগ হইবে, তাহা নহে। যে সকল পিতা ও মাতা উভয়েই উপদংশ

রোগগ্রস্থ তাহাদিগের সন্তানেরা প্রায়ই এই রোগাক্রান্ত হয়, কিন্তু কেবল পিতার উপদংশ থাকিলে অনেক সময় উভয় মাতা ও সন্তান নিষ্কৃতি পাইতে পারে। অনেক সময় আবার দেখা যায় যে, গর্ভজাত সন্তান দ্বারা মাতাই আক্রান্ত হয়। সময়ে সময়ে ইহাও দেখা গিয়াছে, যে মাতা নিষ্কৃতি পাইয়াছে অথচ পিতা কর্তৃক সন্তান উপদংশ রোগাক্রান্ত হইয়াছে।

লক্ষণ—উপদংশের লক্ষণ সমূহ তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়া থাকে যথা—(১) প্রাইমেরি বা প্রাথমিক, (২) সেকেণ্ডারী বা দোবারিক, (৩) টার্শিয়ারী বা ত্রৈবারিক। প্রথম দুই শ্রেণীর লক্ষণ অবশম্ভাবী, কিন্তু অনেক সময় ত্রৈবারিক লক্ষণ আদৌ প্রকাশিত হয় না।

প্রাথমিক উপদংশের লক্ষণ—প্রথমে উপদংশ রোগগ্রস্থা স্ত্রীসঙ্গম জন্য উপদংশ বিষ লিঙ্গের ত্বকহীন স্থান বা ত্বকের ক্ষত সহ সংস্পর্শ বশতঃ আচুষিত হইয়া দেহে প্রবেশ করে। লিঙ্গত্বকের ক্ষত শিঘ্রই শুষ্ক বা আরোগ্য হইয়া যায়, কিন্তু বিষ শরীরে গুপ্তাবস্থায় দশ দিন হইতে দেড় মাস পর্য্যন্ত থাকে। এই কাল পরে প্রথম সংস্পৃষ্ট স্থানে, একটি ক্ষুদ্র রক্তবর্ণ দাগ দৃষ্ট হয় ও ক্রমে উহা ক্ষতে পরিণত হয়। ঐ ক্ষতের তল-দেশ কঠিন ও ধারগুলি স্থূল এবং উহা হইতে অল্প পূযঃ নির্গত হইতে থাকে। কখন কখন প্রথমাবস্থায় ক্ষতের পরিবর্ত্তে একটি সশল্ক প্যাপিউল দেখা গিয়া থাকে, কিন্তু ইহা বিরল। সাধারণতঃ কঠিন তলদেশ বিশিষ্ট একটি ক্ষতই দৃষ্ট হইয়া থাকে। ঐ কাঠিন্যতা দৃষ্টেই কোমল শ্যাঙ্কার হইতে প্রাথমিক উপদংশ বিভিন্ন করা যাইতে পারে। কোমল শ্যাঙ্কারে অনেকগুলি ক্ষত

হইতে পারে, কিন্তু প্রাথমিক উপদংশে প্রায় একটি ক্ষতই হইয়া থাকে এবং উহাতে কোনরূপ বেদনা থাকে না।

দেহের যে কোন অংশে প্রাথমিক ক্ষত হউক না কেন, উহার নিকটবর্ত্তী লিম্ফ্যাটিক গ্রন্থির বিবৃদ্ধি হইতেই হইবে। ক্ষতের সন্নিকটে অনেকগুলি গ্রন্থি থাকিলে, সমস্তই আক্রান্ত হয়। এক একটি গ্রন্থি এমন কি এক একটি মার্ব্বেলের ন্যায় বড় হইতে পারে, কিন্তু উহার সন্নিধানস্থ কৌষিক বিধান ও ত্বকের কোন বৈলক্ষণ্য ঘটে না। বিশেষ কোন উত্তেজনা না থাকিলে গ্রন্থিতে প্রায়ই পূযোৎপত্তি হয় না। লিম্ফ্যাটিক গ্রন্থি ব্যতীত লিম্ফ্যাটিক শিরাগুলিও দৃঢ় ও কঠিন রজ্জুর ন্যায় অনুভূত হয়। প্রাথমিক ক্ষত অল্প দিনের মধ্যেই অন্তর্হিত হইতে পারে, কিন্তু কখন কখন দুই তিন সপ্তাহ হইতে অনেক মাস পর্য্যন্ত স্থায়ী হইয়া থাকে।

দ্বৈবারিক বা আনুসঙ্গিক লক্ষণ—প্রাথমিক লক্ষণের পর এক মাস হইতে তিন মাস স্থায়ী দ্বিতীয় প্রচ্ছন্নাবস্থা অতিবাহিত হইলে, দ্বৈবারিক বা আনুসঙ্গিক লক্ষণ প্রকাশিত হয়।

দ্বিতীয় প্রচ্ছন্নাবস্থায় রোগী কোনরূপ অসুখ বোধ করে না, কিন্তু শেষ ভাগে অবসাদন, রাত্রিতে অস্থি ও সন্ধিতে বেদনা, দুর্ব্বলতা ও শীর্ণতা, অল্প অল্প জ্বর, ক্ষুধামান্দ্য ও রক্তাল্পতা ইত্যাদি অসুখ জন্মে। ইহাদের সঙ্গে সঙ্গে বা কিছু পরে, ত্বকে ইরাপশন্ বাহির হয়। ইরাপশন্গুলি প্যাপিউল, শল্ক, ভেসিকিল, পশ্চিউল, বলী বা টিউবার্কেলবৎ হইয়া থাকে। সচরাচর ইহারা তাম্রবর্ণ এবং দেহের সম্মুখে ও উভয় পার্শ্বে, অঙ্গ প্রত্যঙ্গের আকুঞ্চিত পেশীর দিকে, মস্তকের কেশ বিশিষ্ট স্থানের ধারে ধারে বাহির হইয়া থাকে। এক সময়ে অনেক প্রকারের

ইরাপ্‌শন্‌ বাহির হইতে পারে। সাধারণতঃ ম্যাকিউলি এবং প্যাপিউল এক সঙ্গে দৃষ্ট হয়। কিন্তু কখন কখন প্যাপিউলের সঙ্গে ভেসিকিল ও পশ্চিউল দেখা গিয়া থাকে। ত্বকের ইরাপ-শন্‌ ভিন্ন নিম্নলিখিত অন্যান্য লক্ষণও প্রকাশিত হয়, যথা—(১) উভয় টনসিলের ক্ষত, (২) মুখ, জিহ্বা, তালু, ফেরিংস বা ল্যেরিংসের প্রদাহ ও সামান্য ক্ষত, (৩) গ্রীবার পশ্চাদ্দেশের গ্রন্থির বিবৃদ্ধি, (৪) জিহ্বা স্ফুকনী, ফেরিংস, লিঙ্গ, লেবিয়া ও অন্যান্য স্থানে কণ্ডিলোমেটা, (৫) এলোপেসিয়া বা টাক পড়া, (৬) অনিকিয়া, (৭) আইরিসের বা রেটিনার প্রদাহ, (৮) সামান্য ও অল্পকাল স্থায়ী করোটীর পেরিয়ষ্টাইটিস, (৯) এপিডিডিমাই-টিসের বিবৃদ্ধি, (১০) ক্ষণস্থায়ী এল্‌বিউমিনিউরিয়া এবং জণ্ডিস বা পাণ্ডু। এই দ্বিতীয় অবস্থা সচরাচর ৬ মাস হইতে ১৮ মাস স্থায়ী হইয়া থাকে। এই অবস্থার পরে কিছু কাল পর্য্যন্ত অন্য কোন লক্ষণ লক্ষিত হয় না এবং অনেক স্থলে ত্রৈবারিক লক্ষণ একেবারেই প্রকাশিত হয় না।

টার্সিয়ারী উপদংশে নিম্নলিখিত লক্ষণ সকল দৃষ্ট হইয়া থাকে। যথা—(১) হস্ত ও পদের ইরিথিমা ও সোরিয়াসিস এবং টিউ-বার্কেল, গমেটা বা লিউপাস হইতে উৎপন্ন ক্ষত, (২) তালু ও ফেরিংসের ক্ষত, (৩) জিহ্বার কাঠিন্য এবং দৃঢ়, সীমাবদ্ধ, অসুস্থ বেদনাজনক ক্ষত, (৪) সরলান্ত্রে ক্ষত, (৫) লেরিংসে ক্ষত বা বর্দ্ধন, (৬) ট্রেকিয়া ও বৃহৎ বৃহৎ ব্রঙ্কাইয়ের ফাইব্রয়েড স্থূলতা, (৭) ত্বকের অধঃস্থ টিশুতে গমেটা, (৮) বর্সার প্রদাহ, (৯) ঐচ্ছিক পেশীতে গমেটা, (১০) পেরিয়ষ্টাইটিস ও অস্থি পীড়া, (১১) টেষ্টিকেলের গমেটা জনিত বিবৃদ্ধি, (১২) আভ্যন্তরিক যন্ত্রে বিশে-ষতঃ যকৃৎ ও স্নায়ুকেন্দ্রে গমেটা, (১৩) লিম্ফ্যাটিক গ্রন্থির পুরাতন

বিবৃদ্ধি, (১৪) ধমনীর অসুস্থ পরিবর্ত্তন হেতু এনিউরিজম্, (১৫) প্ল্যাসেণ্টার মধ্যে বর্দ্ধনহেতু গর্ভস্রাব।

আজন্মভব বা কৌলিক উপদংশ—জনক• জননীর উপদংশ জন্য সন্তানাদিতে যে উপদংশ হয়, তাহাকে কৌলিক বা আজন্মভব উপদংশ কহে। কখন কখন এই পীড়াগ্রস্থ হইয়াই সন্তান জন্ম গ্রহণ করে, কিন্তু অনেক স্থলে জন্মের দুই সপ্তাহ হইতে ছয় সপ্তাহ পরে প্রকাশিত হয়। প্রথমাবস্থায় শিশুর সমস্ত দেহের ত্বক শুষ্ক, রুক্ষ, আকুঞ্চিত, বিবর্ণ ও স্থিতিস্থাপকতা বিহীন হয়। দেহ শীর্ণ ও রক্তহীন এবং মেদ আচুষিত ও পেশী সকল কোমল হয়। মুখ মণ্ডলের আকৃতি বৃদ্ধের ন্যায় দেখায় এবং অনেক স্থলে মুখ ও ওষ্ঠ স্ফীত এবং বিদারযুক্ত হয়। হস্ত, পদতল, গুহ্যপার্শ্ব এবং উরু ও জননেন্দ্রিয়ের ত্বক ঈষৎ রক্ত বা তাম্রবর্ণ, উজ্জ্বল ও ইরিথিমার ন্যায় হয়। দেহে রোজিওলা, লাইকেন, সোরিয়েসিস, একজিমা, ইম্পিটাইগো, একথিমা ও পিম্ফিগস্ ইত্যাদি ইরাপ্শন বাহির হয়। শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রদাহ, ক্ষত, টিউবার্কেল বা কণ্ডিলোমেটা উৎপন্ন হয়। নাসিকা, সৃক্কণী, গুহ্য ও লেবিয়ার নিকটে ক্ষত লক্ষিত হয়। মুখ, গুহ্য, লেবিয়া, স্ক্রোটম, নাভী ও কণ্ঠনালীর নিকটে মিউকাস টিউবার্কেলোদ্গম হয়। কখন কখন স্বরভঙ্গ বশতঃ শিশুর ক্রন্দন কাকধ্বনিবৎ অথবা খোনা খোনা হয়। অক্ষিপুট বা কর্ণ হইতে ক্লেদ নিঃসরণ এবং কখন কখন আইরাইটিস ও চক্ষুর অন্যান্য প্রাদাহিক পীড়া যথা—কর্ণিয়ার বিস্তৃত প্রদাহও দৃষ্ট হইয়া থাকে। কৌলিক উপদংশ পীড়িত শিশুর সিরাস মেম্ব্রেনের প্রদাহ অধিক পরিমাণে দেখা যায়। উপরের শারির মধ্যস্থ দুইটি স্থায়ী ছেদক দন্ত বিবর্ণ ও ক্ষয়প্রাপ্ত এবং ধারের নিকট অপ্রশস্থ এবং কাটা কাটা দেখায়। কখন

কখন বধিরতাও উপস্থিত হইয়া থাকে। তালু বা নাসিকার অস্থিও পীড়িত হইতে পারে। অনেক স্থলে নোড ও বাহির হইতে দেখা যায়। হস্ত ও পদের অঙ্গুলি এবং কচিৎ মেটাকার্পাল ও মেটাটার্সাল অস্থিগুলি বর্দ্ধিত হইতে দেখা যায়।

চিকিৎসা বিষয়ক টীকা।

সাধারণ চিকিৎসা।

উপদংশ একটি বিশেষ দৌর্ব্বল্য উৎপাদক পীড়া। সুতরাং রোগীর দৈহিক অবস্থাব দিকে মনোযোগ দেওয়া আবশ্যক। উত্তম পুষ্টিকর পথ্য, বিশুদ্ধ বায়ু, উষ্ণবস্ত্র, মনের স্ফুর্ত্তি ও সম্ভবপর শারীরিক পরিশ্রম ইত্যাদি বোগীর পক্ষে বিশেষ প্রয়োজনীয়। মদ্যপান একেবারে নিষিদ্ধ। যাহাতে ত্বকের ক্রিয়া ভালমত হয়, তদ্বিষয়ে যত্নবান হওয়া উচিত। সেই জন্য প্রত্যহ সাবান ও উষ্ণজল ব্যবহার এবং মধ্যে মধ্যে টার্কিশ বাথ ইত্যাদিতে স্নান বিশেষ উপযোগী। চর্ম্মেব উপব পশমের কাপড ব্যবহার করিলে ভাল হয় এবং যাহাতে সামান্য মাত্র ঠাণ্ডা না লাগে, সে বিষয়ে সতর্ক হওয়া আবশ্যক। অতিরিক্ত ধূমপান নিষিদ্ধ, বিশেষতঃ গলাভ্যন্তরে ক্ষত হইলে উহা একেবারেই পরিত্যজ্য। কোষ্ঠবদ্ধতা দূব কবাও বিশেষ প্রয়োজন।

বিশেষ চিকিৎসা—পারদঘটিত ঔষধ ও আইওডিনের লাবনিক প্রয়োগরূপই সদাসর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। পারদঘটিত ঔষধে অধিক স্থায়ী উপকার হইতে দেখা যায়, কিন্তু উপদংশ পীড়ার শেষ ভাগে আইওডাইডই বিশেষ উপকারী।

প্রাচীন চিকিৎসার ন্যায় পারদঘটিত ঔষধ অধিক মাত্রায় ব্যবহার করা উচিত নহে। কারণ উহাতে উপকার অপেক্ষা অপকার হওয়ারই বেশী সম্ভাবনা। পারদঘটিত ঔষধ অল্প মাত্রায়

ব্যবহারে উপদংশপীড়িত রোগী শীঘ্রই বল ও উন্নতি লাভ করে। প্রাথমিক অবস্থায় কঠিনমূলদেশবিশিষ্ট ক্ষত ও লিম্ফ্যাটিক গ্রন্থির বিবৃদ্ধি দৃষ্ট হইবা মাত্র পারদঘটিত ঔষধ ব্যবহার করা উচিত। দ্বিতীয় অবস্থাতেও মার্কারী বিশেষ উপযোগী, কিন্তু এই অবস্থার শেষ ভাগে উহা আইওডাইড সহ ব্যবহার করা কর্ত্তব্য। প্রায় সকল রোগীকেই পারদঘটিত ঔষধ দেওয়া যাইতে পারে, কিন্তু অতিশয় দুর্ব্বল ও মূত্রযন্ত্রের পীড়াগ্রস্থ রোগীদের সম্বন্ধে অতি সাবধানে ব্যবহার্য্য। পারদঘটিত ঔষধ ব্যবহারকালীন মুখে ক্ষত না থাকে, তাহা দেখা উচিত। অসুস্থ দন্ত থাকিলে, তাহা উৎপাটন করা উচিত। মাড়ির অবস্থা খারাপ বা স্পঞ্জের ন্যায় হইলে, এলাম সংযুক্ত কবল ব্যবহার্য্য। পারদঘটিত ঔষধ ব্যবহারকালীন রোগীকে ফল এবং শাক সবজি খাইতে না দেওয়া কর্ত্তব্য। এই ঔষধের সঙ্গে প্রচুর পরিমাণে দুগ্ধ পান করিতে পারা যায়।

উপদংশ রোগে পারদঘটিত ঔষধ ব্যবহারে, ত্বকের ইরাপ্শন্ শীঘ্রই অন্তর্হিত হয় এবং ক্ষতও শীঘ্র আরোগ্য হয়। পারদঘটিত ঔষধ এক বৎসর পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে, কিন্তু ক্রমাগত ব্যবহার না করিয়া মধ্যে মধ্যে বন্ধ করাই ভাল। পাকস্থলী, সরলান্ত্র, ভ্যাজাইনা, ত্বক বা ত্বকনিম্নস্থ বিধান সমূহের মধ্য দিয়া মার্কারী দেহে প্রবেশ করান যাইতে পারে। অধিকাংশ স্থলে মুখের দ্বারা প্রবেশ করানই যুক্তিসিদ্ধ। উপদংশের অতি প্রথমাবস্থায় ব্লু পিল বিশেষ উপকারী, ইহা এক গ্রেণ মাত্রায় একষ্ট্রাক্ট জেন্সিয়ান সহ আহারের পর পর প্রত্যহ ৩।৪ বার দেওয়া যাইতে পারে। আবশ্যক হইলে কুইনাইন অথবা ফেরি রিডাক্টাই ইহার সহিত যোগ করিতে পারা যায়। এত অল্প মাত্রায় ব্লু পিল ব্যবহারে মুখাভ্যন্তর প্রদাহ বা উদরাময় হইতে

দেখা যায় না। যদি শীঘ্র উপকারের প্রত্যাশা থাকে, তাহা হইলে $\frac{1}{2}$ গ্রেণ মাত্রায় ওপিয়াম সহ ২।৩ গ্রেণ মাত্রায় ব্লু পিল দেওয়া যাইতে পারে। একটু মুখ আসিলেই, তখনই উহা বন্ধ করা উচিত এবং সঙ্গে সঙ্গে একটি বিবেচক ঔষধ ও এলাম এবং পটাশ ক্লোরাস কবল ব্যবস্থা করা উচিত।

ইউরোপের অনেক স্থলে বিশেষতঃ ফ্রান্সে গ্রীণ আইওডাইড অব মার্কাবী ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু ইহা অন্যান্য প্রযোগরূপ অপেক্ষা উত্তেজনা উৎপাদন করিযা থাকে। উপদংশের পুরাতন অবস্থায়, পারক্লোরাইড অব্ মার্কারী অধিক ফলদায়ক। ইহা $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় পটাশ আইওডাইড সহ মিক্শ্চাবে অথবা পার্ক্লোরাইড অব্ আয়রণ সহ বটীকাকাবে ব্যবস্থা করা যাইতে পারে। সশল্ক উপদংশের ইরাপ্শনে রেড্ আইওডাইড অব্ মার্কাবী উপকাবী।

যদি অন্যান্য পাবদ ঘটিত ঔষধ ব্যবহাবে উদরাময় উপস্থিত হয়, তাহা হইলে ট্যানেট্ অব্ মার্কাবী ১½ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

টার্শিয়াবী উপদংশে মার্কাবী সহ সার্জ্জা পেবিলা বা অন্যান্য সুগন্ধ ঔষধ ব্যবহাবে বিশেষ উপকাব দর্শে। কখন কখন ২০—৬০ গ্রেণ মার্কাবী মলম ত্বকোপবি মর্দ্দনে অথবা পারদের ভাপবা গ্রহণে বা পাবদেব গুল টানায, উপকার দৃষ্ট হয়। অন্যান্য উপায় ব্যর্থ হইলে, ত্বক নিম্নে পিচকাবী দ্বারায় মার্কারী প্রয়োগে অনেক সময় ফল দেখা গিয়াছে। এক ভাগ রেড্ আইওডাইড অব্ মার্কাবী, আইওডাইড অব্ সোডিয়াম যথা প্রয়োজন, ৬৪ ভাগ পবিশ্রুত জলে দ্রব কবিয়া, ইহার ৬—৮ মিনিম ত্বকনিম্নে পিচকাবী দ্বারা প্রয়োগে ফল দৃষ্ট হয়।

আইওডিনের লাবনিক প্রয়োগ, উপদংশ রোগের তৃতীয়াবস্থায়

অধিক ফলপ্রদ। কিন্তু যদি দ্বিতীয়াবস্থাতে উভয় দ্বিতীয় এবং তৃতীয়াবস্থার লক্ষণ একত্রে দৃষ্ট হয়, তাহা হইলে আইওডাইড অব্ পটাশ মার্কারী সহ ব্যবহার্য্য। আরও কোন নূতন বর্দ্ধনের সূচনা লক্ষিত হইলে, আইওডাইড বিশেষ উপযোগী। আইওডাইড অব্ পটাশিয়াম অধিকাংশ স্থলে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা ব্যতীত আইওডাইড অব্ সোডিয়াম অথবা এমনিয়াও ব্যবহার করা যাইতে পারে। প্রথমে আইওডাইড অব্ পটাশিয়াম, ৩—৪ গ্রেণ মাত্রায় অল্প এমন কার্ব্বসহ দিবসে ৩৷৪ বার ব্যবহার্য্য। কিন্তু বিশেষ আবশ্যক হইলে, যথা—নেজো ফেরিঞ্জিয়াল পীড়া অথবা কোন আভ্যন্তরিক যন্ত্রে বা স্নায়ু মণ্ডলের উপদংশের লক্ষণ প্রকাশিত হইলে পটাশ আইওডাইড ১০—২০ গ্রেণ মাত্রায় ব্যবস্থা করা যাইতে পারে। ইহা কোন কোন তিক্ত বলকারক ইন্‌ফিউশন্ বা টার্টারেটেড্ আয়রণ সহ ব্যবস্থা করা মন্দ নহে। শিশুদিগকে পটাশ আইওডাইড দিতে হইলে, দুগ্ধ সহ দেওয়াই উচিত।

উপদংশ জনিত ত্বক ও শ্লৈষ্মিক ঝিল্লির পীড়ায়, ডনবন্ সোলিউশন ৫—১০ মিনিম মাত্রায় অতীব ফলদায়ক। কেহ কেহ উপদংশ রোগে আইডফরম সেবনের ব্যবস্থা করেন, কিন্তু ইহাতে পাকাশয়ের ও অন্ত্রের উত্তেজনা হইবার বিশেষ সম্ভাবনা, সুতরাং ইহা ব্যবহার না করাই উচিত।

স্নায়ু মণ্ডলের উপদংশিক পীড়ায়, পটাশ ব্রোমাইড, সোডা ব্রোমাইড এবং এমন ব্রোমাইড অনেক স্থলে উপকারী।

উপরোক্ত ঔষধ ব্যতীত লৌহ, নক্সভমিকা বা ষ্ট্রিক্‌নিয়া, কুইনাইন, কডলিভার অয়েল ও সার্জ্জাপেরিলা অতীব ফলপ্রদ। মধ্যে মধ্যে ধাতব অম্ল এবং উদ্ভিজ্জ বলকারক ঔষধও ব্যবহার

করা যাইতে পারে। পারদ ঘটিত ঔষধের বিরেচন ক্রিয়া নিবারণ জন্য, ওপিয়ম ইহার সঙ্গে ব্যবহৃত হইয়া থাকে।

স্থানিক চিকিৎসা।

উপদংশের প্রথমাবস্থাব ক্ষতে, ক্যালমেল বা ব্ল্যাক ওয়াশ প্রয়োগেই উপকার দর্শে। কিন্তু যদি পূয়োৎপত্তি হয়, তাহা হইলে আইডফবম চূর্ণ প্রয়োগ কবাই উচিত। ফ্যাজিডেনিক ইত্যাদি উপসর্গেব চিকিৎসা অন্য স্থানে বর্ণিত হইয়াছে (শ্যাঙ্কাব দেখ)।

ত্বকের প্রথম ইবাপশনে বিশেষ চিকিৎসাব আবশ্যক হয় না। তবে বিশেষ কোন দাগ দূবীভূত কবিবাব জন্য, ওলিয়েট অব্ মার্কাবী ব্যবহৃত হইযা থাকে। ত্বক বা শ্লৈষ্মিক ঝিল্লিব সামান্য বিদার বা ক্ষতে অঙ্গুয়েণ্টাম ক্যালমেল ও ভেসিলিন অথবা ঐ সকল ঔষধ সহ আইডফবম প্রযোজ্য। হস্ত ও পদেব তালুব সশল্ক ইবাপশনে, অঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জিবাই এমনিযেটাই এবং অক্সাইড অব্ জিঙ্ক শয়ন কালে প্রয়োগ কবা যাইতে পাবে। মার্কিউবিযাল প্ল্যাষ্টাব প্রয়োগেও কখন কখন উপকার দর্শে। শ্লৈষ্মিক ক্ষতে, অক্সাইড অব্ জিঙ্ক এবং ক্যালমেল চূর্ণ প্রয়োগ উপকাবী। যদি ক্ষত বিস্তৃত হয়, তাহা হইলে কার্ব্বলিক এসিড বা এসিড নাইট্রেট অব্ মার্কাবী প্রয়োজ্য। নখেব ক্ষতে বা বিদাবে, বেড্ অক্সাইড অব্ মার্কাবী মলম ব্যবহার্য্য। ওষ্ঠ, জিহ্বা, মুখ ও গলক্ষতে, কার্ব্বলিক এসিড স্পর্শ করিয়া এলাম বা বোবাক্সের কবল ব্যবস্থা করা উচিত। এক ঔন্স জলে ½ গ্রেণ পারক্লোরাইড অব্ মার্কারী দ্রবও বিশেষ উপকারী।

নাসিকারন্ধ্রের নিকট ক্ষতে বা বিদারণে, রেড্ অক্সাইড অব মার্কারী ও ভেসিলিন অতি উত্তম প্রয়োগ। নাসিকা বা তাল্কু

অস্থির নিক্রোসিসে, পটাশ পারম্যান্গেনাস্ বা ক্লোরিনেটেড্ সোডা লোশনে ধৌত করা ও নিক্রোসড্ অস্থি দূরীভূত করা কর্ত্তব্য।

গুহ্যদ্বারের ক্ষতে, ক্যালমেল বা আইডফরম মলম ব্যবহার্য্য। সরলান্ত্রের মধ্যের ক্ষতে আইডফরম সাপোজিটারী অথবা ধারক ঔষধের পিচকারী প্রযোগ করা কর্ত্তব্য।

উপদংশিক নোডে, প্রথমতঃ আইওডিন প্রয়োগ করা উচিত। পরে নিক্রোসিস হইলে, মৃত অস্থি দূরীভূত করা আবশ্যক।

উপদংশিক আইরাইটিসে এক ঔন্সে ৪ গ্রেণ এট্রপিয়া সাল্ফাস্ দ্রবের ২।১ ফোঁটা চক্ষে প্রযোগ করা কর্ত্তব্য, কর্ণিয়ার মধ্যবর্ত্তী প্রদাহেও এট্রপাইন ব্যবহার্য্য।

আজন্মভব বা কৌলিক উপদংশের চিকিৎসা—উপদংশ রোগাক্রান্ত শিশুকে প্রথম হইতেই ১ গ্রেণ মাত্রায় গ্রেপাউডার, দিবসে দুইবার দেওয়া কর্ত্তব্য। অথবা এক টুকুরা সরু ফ্ল্যানেল মার্কিউরিয়াল মলমে মাথাইয়া শিশুর কোমরে জড়াইয়া রাখা যাইতে পারে। লৌহঘটিত কোন প্রয়োগরূপ এবং কড্লিভার অয়েলও ব্যবহার্য্য। প্রায় সমস্ত লক্ষণ অন্তর্হিত হইয়া গেলেও কিছুদিনের জন্য চিকিৎসা বন্ধ রাখা উচিত নহে। কৌলিক উপদংশের শেষ ভাগে পটাশ আইওডাইড দেওয়া যাইতে পারে। নাসিকা শ্লেষ্মা দ্বারা আবদ্ধ হইলে, উহা পরিষ্কার করিয়া বোরাক্স এবং গ্লিসারিন প্রয়োজ্য। অন্যান্য ক্ষতের স্থানিক প্রয়োগের জন্য, ডাইলিউটেড্ রেড্ অক্সাইড অব্ মার্কারী মলমই অতি উত্তম।

উপদংশ রোগাক্রান্ত শিশুদিগকে মাতৃদুগ্ধ পান করিতে না

দিয়া ধাত্রীর স্তন পান বা গাধা, ভেড়া বা গোত্বগ্ধ ব্যবস্থা করা উচিত।

ব্যবস্থা পত্র।

১।	পিল হাইড্রার্জাইবাই	... ..	১ গ্রেণ।
	এক্‌ষ্ট্রাক্ট জেন্‌সিয়ান	.	যথা প্রযোজন।

এক বটীকা, প্রত্যহ ৩।৪ বটীকা সেব্য। (আর্থার কুপার)।

২।	পিল্ হাইড্রার্জাইবাই	... ..	২ গ্রেণ।
	ওপিয়াম	.	¼ গ্রেণ।

এক বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ঐ)

আইবাইটিসে।

৩।	হাইড্রার্জাইবাই বাইক্লোরাইড	...	১ গ্রেণ।
	ফেরি বিডাক্টাই	... ...	১ গ্রেণ।
	গাম ট্র্যাগাকান্থ	..	যথা প্রযোজন।
	গ্লিসাবিন		ঐ

৫০ বটীকা, প্রত্যহ ২।৩ বটীকা সেব্য।

বক্তাল্পতা অবস্থায়।

৪।	হাইড্রার্জাইবাই বাইক্লোরাইড	..	১ গ্রেণ।
	টিং ফেরি পারক্লোরাইড	...	৩ ড্রাম।
	একোয়া	... ...	৬ ঔন্স।

এক ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (ঐ)

৫।	হাইড্রার্জাইবাই পারক্লোরাইড	...	২ গ্রেণ।
	পটাশ আইওডাইড	... ...	১ ড্রাম।
	— ক্লোরাস	... ...	½ ঔন্স।

ইন্‌ফিউশন্ কোয়াশিয়া ... .. ৮ ঔন্স।

ধাতুগত উপদংশে, ১—২ ড্রাম মাত্রায় প্রত্যহ আহারের পর সেব্য। (ডাঃ এম্, কল্ এণ্ডারসন)

৬। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড . ১ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ... ৩০ গ্রেণ।
লাইকর পটাশি আর্সেনিয়াটিস ... ৩৬ মিনিম।
এল্‌কোহল ... ... ১ ডাম।
একষ্ট্রাক্ট সার্জ্জা লিকুইড ... ৩ ঔন্স।
একোয়া সিনেমম ... .. ১২ ঔন্স।

দ্বৌবারিক উপদংশে, ১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য। (উইলিয়াম এট্‌কিন্‌সন্)।

৭। হাইড্রার্জাইরাই বিন আইওডাইড ... ½ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ... ২ ড্রাম।
সিরাপ অরেন্সাই ... ... ১ ঔন্স।
টিং অরেন্সাই ... ... ১ ড্রাম।
একোয়া ... ... ৬ ঔন্স।

ত্রৈবারিক উপদংশে, জল সহ একড্রাম মাত্রায় প্রত্যহ আহারন্তে সেব্য। (ই, এল্, কেই)।

৮। পিল হাইড্রার্জ্জাইরাই ... ... ১ ড্রাম।
একষ্ট্রাক্ট ওপিয়াই ... .. ৫ গ্রেণ।

২০ বটীকা, দ্বৌবারিক উপদংশে প্রত্যহ এক বটীকা সেব্য। (জে, কে, বার্টন)।

৯। পিল হাইড্রার্জাইরাই ... ... ২০ গ্রেণ।
ফেরি সাল্‌ফ একৃসিকেটা ... ৫০ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ৫ গ্রেণ।

২০ বটীকা।

১০। হাইড্রার্জাইরাই কমক্রেটা .. ২০ গ্রেণ।

কুইনি সাল্‌ফ .. . ২০ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট ওপিয়াই ... ... ৩ গ্রেণ।

৩০ বটীকা।

১১। পটাশ আইওডাইড .. .. ৪ ড্রাম।

এমন মিউবাস .. .. ২ ড্রাম।

টিং সিঙ্কোনা কোঃ .. ... ৪ ঔন্স।

তৈব্রবারিক উপদংশে, জলসহ ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

১২। হাইড্রার্জাইবাই আইওডাইড রুব্রাই ... ৩২ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্ট গ্লাইসাবাইজা . .. ৩২ গ্রেণ।

১৬ বটীকা, প্রত্যহ তিন বটীকা সেব্য। (ডাঃ জয়)

১৩। আইওডাই ... ... ২ গ্রেণ।

পটাশ আইওডাইড ... ... ২ ড্রাম।

সিবাপ পেপেববিস ... ... ২ ঔন্স।

পবিশ্রুত জল ... ... ১০ ঔন্স।

১ ঔন্স মাত্রায়, প্রত্যহ তিন বাব সেব্য।

১৪। আইওডাই .. ... ২ গ্রেণ।

পটাশ আইওডাইড ... ... ২ ড্রাম।

সিবাপ পেপেবেরিস ... ... ২ ঔন্স।

ইন্‌ফিউশন জেন্‌সিয়ান্‌ কোঃ ... ১০ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

১৫। ডিককৃশন্ সার্জা কোঃ ... ... ৪ ঔন্স।
এসিড নাইট্রিক ডিল ... ২০—৬০ মিনিম।
টিং হায়োসায়েমাস ... ... ১২ ড্রাম।
১ ঔন্স মাত্রায় সেব্য। (ডাঃ ডুইট্)

১৬। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ১—২ ড্রাম।
ডিককৃশন সার্জা কোঃ ... ... ১২ ঔন্স।
অথবা, সিরাপ সার্জা কোঃ .. ৩ ঔন্স।

ত্রৈবার্ষিক উপদংশে, এক ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার আহারন্তে সেব্য। (প্রঃ এস্, ডি, গ্রস্)

গিল্বার্টস্ সিরাপ।

১৭। হাইড্রার্জাইরাই আইওডাইড রুব্রাই . ২ গ্রেণ।
পটাস আইওডাইড ... ১—২ ড্রাম।
একোয়া ... ... ১ ঔন্স।
দ্রব করিয়া ফিল্টার করণান্তর,
সিরাপ সিম্প্লেক্স .. ... ৭ ঔন্স।
মিশ্রিত করিতে হইবে।
½ ঔন্স মাত্রায়, প্রত্যহ তিনবার সেব্য।

১৮। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ৩ গ্রেণ।
পটাশ আইওডাইড ... ...১০০ গ্রেণ।
এমন কার্ব্ব ... ... ১ ড্রাম।
টিং সিঙ্কোনা কোঃ ... . ৪ ঔন্স।
একোয়া ... ... ৪ ঔন্স।

ধাতুগত উপদংশে, এক ড্রাম মাত্রায় প্রত্যহ তিন বার আহারের এক ঘণ্টা পূর্ব্বে সেব্য।

১৯। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ৬ গ্রেণ।
এমন মিউরাস .. ... ৬ গ্রেণ।
টিং সিঙ্কোনা কোঃ ... ... ২ ঔন্স।
একোয়া ... .. ৪ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যহ সন্ধ্যাকালে এবং প্রাতঃকালে সেব্য।

২০। লাইকর ডন্‌বন্‌ ... ১০—৩০ মিনিম।
একোয়া . .. ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যহ তিনমাত্রা সেব্য।

স্থানিক চিকিৎসা।

২১। লোশিও হাইড্রার্জাইরাই নাইগ্রা ... ১ ঔন্স।

হণ্টেরিয়ান ক্ষতে স্থানিক প্রয়োগ করিতে হইবে।

২২। হাইড্রার্জাইরাই সাবক্লোরাইড ৫—১০ গ্রেণ।

ক্ষতে ছড়াইয়া দিতে হইবে।

২৩। আইডফরম .. ... যথা প্রয়োজন।

ক্ষতে ছড়াইয়া দিতে হইবে।

২৪। অঙ্গুয়েণ্টাম হাইড্রার্জাইরাই নাইট্রেটিস ১ ড্রাম।
— সিম্পিসিস ... ৬ ড্রাম—১ ঔন্স।

স্থানিক প্রয়োগ করিতে হইবে।

২৫। আইডফরম ... ... ২ ড্রাম।
ভেসিলিন .. .. ৪ ড্রাম।

মলম, ক্ষতে প্রয়োজ্য।

২৬। হাইড্রার্জাইরাই ওলিয়েট্‌স্‌ ... ৫ পার্সেণ্ট।

২৭।	হাইড্রার্জাইরাই এমনিয়েটাই	১—২ ড্রাম।
	ভেসিলিন ...	... ১ ঔন্স।
২৮।	হাইড্রার্জাইরাই অক্সাইড রুব্রাই	... ½ ড্রাম।
	ভেসিলিন ..	... ১ ঔন্স।

স্থানিক প্রয়োগের জন্য।

২৯।	হাইড্রার্জাইরাই অক্সাইড নাইট্রেটিস ...	½ ড্রাম।
	ভেসিলিন ...	... ১ ঔন্স।

স্থানিক প্রযোগেব জন্য।

৩০।	হাইড্রার্জাইরাই আইওডাইড	... ২০ গ্রেণ।
	ভেসিলিন ...	.. ১ ঔন্স।

স্থানিক প্রয়োগেব জন্য।

৩১।	আইডফরম ...	... ১ ড্রাম।
	জিঙ্কাই অক্সাইড ...	. ৮০ গ্রেণ।
	ভেসিলিন ...	... ১ ঔন্স।

মলম, স্থানিক প্রয়োজ্য।

৩২।	অঙ্গুয়েন্টাম হাইড্রার্জাইবাই নাইট্রেটিস	১ ড্রাম।
	পাল্‌ভ রিয়াই ...	... ½ ড্রাম।
	— ওপিয়াই ...	... ½ ড্রাম।
	অঙ্গুযেন্টাম সিম্পিসিস ..	সমষ্টি ১ ঔন্স।

মলম, স্থানিক প্রয়োগের জন্য।

৩৩।	আর্জেন্টাই নাইট্রাস ...	৩০—৪০ গ্রেণ।
	পরিশ্রুত জল ...	.. ১ ঔন্স।

উপদংশ জনিত গলক্ষতে স্থানিক প্রয়োজ্য। (জে. কে, বার্টন)

৩৪। টিং আইওডিন ... ... ১ ড্রাম।
— ওপিয়াই ... ... ১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ৫ ঔন্স।

উপদংশ জনিত গলক্ষতে কবল করিবার জন্য।

(ডাঃ রস, ফ্রান্স)

৩৫। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ২½ গ্রেণ।
এমন ক্লোরাইড ... ... ২০ গ্রেণ।
ভাইনম ওপিয়াই ... ... ১ ড্রাম।
মিউসিলেজ একেশিয়া ... ... ½ ঔন্স।
মেলিস ... ... ½ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৫ ঔন্স।

ঔপদংশিক গলক্ষতে কবল করিবার জন্য।

৩৬। এসিড কার্ব্বলিক ... ... ২ মিনিম।
পটাশ ক্লোরাস ... ... ২ ড্রাম।
লাইকর ক্যাল্‌সিস ... সমষ্টি ৪ ঔন্স।

উপদংশ জনিত গলক্ষতে এবং মুখের শ্লৈষ্মিক তালিতে স্থানিক প্রযোজ্য। (আমেরিকা)

৩৭। হাইড্রার্জাইরাই বাইক্লোরাইড ... ৬ গ্রেণ।
এসিড হাইড্রক্লোরিক ... ... ১২ মিনিম।
সিরাপ ... ... ১ ঔন্স।
পরিশ্রুত জল ... ... ৮ ঔন্স।

কবল করিবার জন্য। (ঐ)

৩৮। পটাশ আইওডাইড ... ... ১৫ গ্রেণ।
মেলিস ... ... ১ ঔন্স।

ডিককৃশন হর্ডিয়াই .... ৪ ঔন্স।

উপদংশ জনিত গলার এবং মুখের ক্ষতে কবল করিবার জন্য।

৩৯। পটাশ আইওডাইড ... ... ৪ গ্রেণ।

টিং আইওডিন ... ... ½ ঔন্স।

পরিশ্রুত জল ... ... ৫ ঔন্স।

উপদংশ জনিত গলার এবং মুখের ক্ষতে কবল করিবার জন্য।

(ঐ)

৪০। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ৩ গ্রেণ।

ভাইনম ওপিয়াই ... ... ৫ মিনিম।

মেলিস রোজি ... .. ১ ঔন্স।

একোয়া রোজ ... ... ৬ ঔন্স।

উপদংশ জনিত গলার এবং মুখের ক্ষতে কবল করিবার জন্য।

আজন্মভব বা কৌলিক উপদংশে।

৪১। হাইড্রার্জাইরাই কম্‌ক্রিটা ৩—৬ গ্রেণ।
শর্করা ... ২০ গ্রেণ।

১২ পুরিয়া, প্রত্যহ তিন পুরিয়া সেব্য।

(প্রঃ আই, লুইস, স্মিথ্‌)

৪২। হাইড্রার্জাইরাই ক্লোরাইড করোসিভ ১—২ গ্রেণ।

সিরাপ ... ... ২ ঔন্স।

একোয়া ... ... ৮ ঔন্স।

১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

উপদংশ জনিত পুরাতন চর্ম্মরোগের

আভ্যন্তরিক ঔষধ।

৪৩। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ৪ গ্রেণ।

টিং জেন্‌সিয়ান কোঃ ... ৪ ঔন্স।

	সিরাপ অর্‌য়াঙ্গাই	...	... ১২ ঔন্স।

পুরাতন চর্ম্মরোগে ১ ড্রাম মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

(এইচ গ্রিণ)

৪৪।	পটাশ আইওডাইড	...	.. ৪০ গ্রেণ।
	— ক্লোরাস	...	... ৮০ গ্রেণ।
	একোয়া	...	. ৮ ঔন্স।

১ ঔন্স মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য।

(জে, কে, বার্টন)

৪৫	হাইড্রার্জাইবাই পারক্লোরাইড		... ৩ গ্রেণ।
	মর্ফিয়া মিউরাস	...	... ১২ গ্রেণ।
	পরিশ্রুত জল	...	...১৩২ ড্রাম।

১৫ মিনিম মাত্রায় ত্বকনিম্নে পিচকারী করিতে হইবে।

৪৬।	হাইড্রার্জাইবাই পারক্লোরাইড		... ১ গ্রেণ।
	গ্লিসারিন	...	.. ১ ড্রাম।
	একোয়া	...	... ১ ড্রাম।

১০ মিনিম মাত্রায় ত্বকনিম্নে পিচকারী করিতে হইবে।

Tetanus, টেটেনস্।

ধনুষ্টঙ্কার।

স্নায়ুমণ্ডলের যে পীড়াতে মুখের ও গ্রীবার পেশীর আক্ষেপ বশত হনুদ্বয় আবদ্ধ হইয়া যায় এবং যাহাতে অবশেষে অন্যান্য পেশীর আক্ষেপ বশতঃ দেহ ধনুর আকৃতির ন্যায় আকুঞ্চিত হইতে থাকে, তাহাকে ধনুষ্টঙ্কার কহে।

ইহা ৪ প্রকার যথা—(১) ইডিওপ্যাথিক বা স্বয়ং জাত।

(২) ট্রমেটিক বা অভিঘাতিক। (৩) পিওর পারেল বা প্রসবান্তে ধনুষ্টঙ্কার। (৪) টেটেনস নিয়েনেটোরম্ বা নবজাত শিশুর ধনুষ্টঙ্কার।

কারণ—এক প্রকার বীজাণু (Tetanus bacilus) দেহে প্রবেশ করিয়া এই রোগ উৎপন্ন করে। ডাঃ নিকোলেয়ার এই বীজাণুর প্রথম আবিষ্কারক। অনুবীক্ষণ দ্বারা দেখিলে এই বীজাণু গোলাকার, অগ্রভাগবিশিষ্ট ক্ষুদ্র যষ্টির ন্যায় দেখায়, এবং এই ক্ষুদ্র যষ্টি আবার শেষে সূক্ষ্ম সূত্রে পরিণত হয়। এই বীজাণু হইতে এক প্রকার টোমেইন বিষ নিঃসৃত হয়, ইহাই ধনুষ্টঙ্কারের মূল কারণ। ভূমির উপরস্তরে এবং দূষিত তরল পদার্থে এই বীজাণু দেখিতে পাওয়া যায়।

লক্ষণ—প্রথম সূচনাবস্থায় মুখের এক প্রকার বিকৃতিভাব লক্ষিত হয়, ওষ্ঠ দুইটি ঈষৎ চাপা, যেন রোগী ইচ্ছাপূর্ব্বক দুইটী অধর চাপিয়া রহিয়াছে। এই লক্ষণের প্রতি প্রথমত হয়ত অনেকে দৃষ্টি নিক্ষেপ করেন না, কিন্তু অনেক সময় গ্রীবার ও মুখের মাংসপেশীর আকুঞ্চনের পূর্ব্বেই উহা লক্ষিত হয়। ইহা এত সামান্য যে সচরাচর ইহার উপর মন আকৃষ্ট হয় না। ধনুষ্টঙ্কারের স্পষ্ট প্রকাশ অবস্থায়, প্রথমে রোগী অনেক স্থলে গ্রীবার পশ্চাতে বেদনা ও কাঠিন্য অনুভব করে। ক্রমশঃ গ্রীবা অচল ও মস্তক পশ্চাৎদিকে এবং তৎপরে হনুস্তম্ভ আকৃষ্ট হয় ও গলাধঃকরণে কষ্ট হইয়া থাকে। ইহার সঙ্গে সঙ্গে বা কিয়ৎক্ষণ পরে দেহের পেশী কঠিন হয়, এবং পরিণামে হস্ত, অক্ষিগোলক ও জিহ্বার পেশী আক্রান্ত হইতে পারে। রোগ যতই বৃদ্ধি হইতে থাকে, পেশী সকল ততই দৃঢ়, সটান ও কঠিন হইতে থাকে। দেহ সচরাচর কখন পৃষ্ঠদিকে ধনুকাকারে বক্র হয়, কখন সরল-

ভাবে বিস্তৃত হয় এবং কখন বা সম্মুখদিকে অথবা পার্শ্বদিকে বক্র হয়। উদরোর্দ্ধ প্রদেশে সাতিশয় কষ্টদায়ক সঙ্কোচন অনুভব হয়, এবং মধ্যে মধ্যে এত কষ্টকর আক্ষেপ হয় যে, রোগী তজ্জন্য বিশেষ যন্ত্রণা অনুভব করে। প্রথমে ঐ আক্ষেপ দীর্ঘকাল অন্তর হয় কিন্তু ক্রমে উহা খুব ঘন ঘন এবং দীর্ঘকাল স্থায়ী হইয়া থাকে। গাত্রে সামান্য বাতাস লাগিলে বা অতি সামান্য শব্দ করিলে রোগীর আক্ষেপ হইতে থাকে, ঐ সময় দেহের পেশী সকল অত্যন্ত দৃঢ় হইয়া উঠে। এবং পৃষ্ঠদেশ কখন কখন এত বক্র হয় যে, কেবল পদমূল এবং মস্তক শয্যার সঙ্গে লাগিয়া থাকে এবং দেহের অন্যান্য অংশ উর্দ্ধে উঠিয়া থাকে। দেখিলে বোধ হয় যে, রোগী বিশেষ যন্ত্রণা অনুভব করিতেছে। শ্বাস প্রশ্বাসীয় পেশীর অচলতা হেতু শ্বাস প্রশ্বাসের অবরোধ হয় এবং সময়ে এমন বোধ হয় যেন প্রায় শ্বাসরোধ হইয়া আসিল। আক্ষেপের সময় রোগী অত্যন্ত উষ্ণতা অনুভব করে ও তাহার ঘর্ম্ম হয়। স্বর অতি দুর্ব্বল, নাড়ী অতিশয় দ্রুতগামী ও ক্ষুদ্র অনুভব হয়, ক্ষুধা হইলেও রোগী গলাধঃকরণে অসমর্থ হয়। নিদ্রা আদৌ হয় না। কনীনিকা প্রসারিত দেখা যায়, কিন্তু বুদ্ধি বৃত্তির কোনরূপ বৈলক্ষণ্য দৃষ্ট হয় না। সচরাচর কোষ্ঠ বদ্ধ থাকে এবং কষ্টের সহিত মূত্র নিঃসরণ হয়। অনেক স্থলে শ্বাস প্রশ্বাসীয় মাংসপেশীর আক্ষেপ বশতঃ শ্বাসরোধ হেতুই রোগীর মৃত্যু হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

রোগীকে সম্পূর্ণ সুস্থিরভাবে রাখা কর্ত্তব্য। কেহ কেহ সম্পূর্ণ অন্ধকার ঘরে রাখিতে বলেন। অন্ধকার ঘরে না রাখিলেও যে ঘরে রোগী থাকিবে, সেই ঘরে বাতাস প্রবেশ করিতে দেওয়া উচিত নয় এবং একজন শুশ্রূষাকারী ব্যতীত অন্য কাহাকেও

সে ঘরে প্রবেশ করিতে দেওয়া অনুচিত, কারণ সামান্য পদশব্দেও আক্ষেপ আরম্ভ হইতে পারে। রোগী গলাধঃকরণ করিতে না পারিলে সরলান্ত্রে পিচকারী দ্বারা পথ্য দিতে হইবে। ঔষধের মধ্যে পটাশ বা সোডা ব্রোমাইড, ক্লোরাল, ক্যানাবিশ ইণ্ডিকা ও ক্যালেবারবিন সর্ব্বাপেক্ষা ফলপ্রদ। পটাশ ব্রোমাইড এবং ক্লোরাল একত্রে ব্যবহার করাই ভাল। পটাশ ব্রোমাইড অপেক্ষা ক্লোরালই অধিক ফলপ্রদ। ইহা ১০—৩০ গ্রেণ মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর প্রয়োগ করা যাইতে পারে। ডাঃ জ্যাক্‌সন্ রোগী দেখিবা মাত্র ১০ গ্রেণ ক্লোরাল, তৎপরে পটাশ ব্রোমাইড এবং ক্লোরাল উভয় ১৫ গ্রেণ মাত্রায় ২।৩ ঘণ্টান্তর ব্যবহার করিতে বলেন। অনেকে ক্যানাবিশ ইণ্ডিকার বিশেষ প্রশংসা করেন। ইহার একষ্ট্রাক্ট ২ গ্রেণ মাত্রা ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার করিতে বলেন। ডাঃ ম্যাক্‌নামারা বলেন যে, পুনঃ পুনঃ অল্প মাত্রায় ক্লোরাল হাইড্রাস না দিয়া, অধিক মাত্রায় একবার দেওয়া ভাল। ক্যালেবারবিন অধিক মাত্রায় না দিলে কোন ফলই হয় না, কিন্তু অধিক মাত্রায় অত্যন্ত অবসাদন হইবার কথা, সুতরাং হৃদ্রোগে বা দুর্ব্বলতা থাকিলে ইহা দেওয়া যুক্তিসঙ্গত নহে। পথ্যের জন্য দুগ্ধ অথবা ব্রথ ব্যবস্থা করা উচিত।

ঔষধ বিষয়ক টীকা।

ইথার—আঘাত জনিত ধনুষ্টঙ্কারে ইহার বাষ্প গ্রহণে আক্ষেপ উপসমিত হইতে দেখা গিয়াছে।

এল্‌কোহল—উত্তেজক ঔষধ যথা—ব্রাণ্ডি অধিক মাত্রায় প্রয়োজনীয়।

এট্রোপিয়া—ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগে আক্ষেপ উপসমিত হয়।

বেলাডনা ডব্‌লিনের সিটি হাঁসপাতালের ডাক্তার হেন্‌রি ফিটজ-গিবন্ একষ্ট্রাক্ট বেলাডনা ½ গ্রেণ মাত্রায় ২।৪ ঘণ্টান্তর প্রয়োগে ট্রমেটিক টেটেনাসে ফল পাইযাছেন।

ক্যানাবিশ ইণ্ডিকা—ইহা একটি মূল্যবান ঔষধ। ইহার টিং ২০—৩০ মিনিম মাত্রায় এবং একষ্ট্রাক্ট ২—৩ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হইযা থাকে।

ক্লোবাল – ইহাও একটি মহামূল্য ঔষধ। সেবনের জন্য ও পিচ-কারী দ্বারা ত্বকনিম্নে প্রয়োগ করা হইযা থাকে। দিবসে ½—১ ঔন্স পর্য্যন্ত সেবন করান যাইতে পাবে এবং পিচকারী দ্বারা ৪০ গ্রেণ মাত্রায় দেওয়া যাইতে পাবে। ডাক্তার ইমবে ইহার সঙ্গে ওপিয়াম দিতে বলেন।

ক্লোরফরম – অনেক সময ইহা আঘ্রাণে আক্ষেপ শীঘ্রই উপসমিত হয়।

ক্লোনিয়াম—ডাঃ হার্লী বলেন অধিক মাত্রায় ইহার সক্স সেবনে বিশেষ ফল পাওয়া গিযাছে।

মর্ফাইন—ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করা হইযা থাকে।

নাইকোটিনা—উভয সেবন জন্য এবং ত্বকনিম্নে পিচকারী দ্বারা ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা অতি সাবধানে ব্যবহার্য্য।

নাইট্রেট অব্ এমিল—আঘাত জনিত ধনুষ্টঙ্কারে ইহার বাষ্প গ্রহণ বিশেষ ফলদায়ক।

নাইট্রো গ্লিসারিন—ইহা রক্তবহা ধমনী সমূহের বিশেষ উত্তেজক। ইহার ১ ফোঁটা ১০০ ফোঁটা জলে দ্রব করিয়া উহার ১—১০ ফোঁটা মাত্রায় সেবন ব্যবস্থা করা যাইতে পারে।

ওপিয়াম—অধিক মাত্রায় ব্যবহার হইয়া থাকে। কেহ কেহ লাইকর ওপিয়াই সিডেটাইভাস ২৫—৪০ মিনিম মাত্রায়

কশেরুকা মজ্জার উপর ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ করিতে বলেন।

প্যারাল্‌ডিহাইড—কখন কখন অধিক মাত্রায় ক্লোবালেব পবিবর্ত্তে ব্যবহৃত হয়।

ফাইজষ্টিগমা—ইহা একটি মূল্যবান ঔষব। ডাঃ ফ্রেসাব দুরুহ রোগে কেবল ত্বকনিম্নে পিচকাবী দ্বাবাই ব্যবহার কবিতে বলেন। ডাঃ ওবাট্‌সন্‌ কিন্তু ইহা অপেক্ষা টিং ক্যালেবাববিন্‌ আভ্যন্তরিক ব্যবহারে ফল পাইয়াছেন।

পটাশ ব্রোমাইড—ইহা ২০—৪০ গ্রেণ মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর ব্যবহার্য্য। ইহা ক্লোবাল সহ ব্যবহারে আবও অধিক ফল দর্শে।

ষ্ট্রিকনিয়া—ইহা $\frac{1}{৬০}$—$\frac{1}{২০}$ গ্রেণ মাত্রায় প্রত্যেক দুই ঘণ্টান্তব ব্যবহারে সময়ে সময়ে ফল দর্শে।

ইউরিথান—ইহা ১০—১৫ গ্রেণ মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর ব্যবহাবে উপকাব দৃষ্ট হইয়াছে।

ব্যবস্থা পত্র।

১। ক্লোবাল হাইড্রাস ... ... ৩০ গ্রেণ।
সিরাপ .. ... ১ ড্রাম।
একোয়া ... .. ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তব সেব্য।

২। একষ্ট্রাক্ট ক্যানাবিশ ইণ্ডিকা ... ২ গ্রেণ।
সিরাপ অথবা মিউসিলেজ .. ১ ড্রাম।
একোয়া .. ... ১ ঔন্স।

একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।

(ডাঃ এ, পি, বস্‌)

৩। টিং ওপিয়াই ... ... ১০ মিনিম।
ক্লোরাল হাইড্রাস ... ... ১৫ গ্রেণ।
একোয়া ... ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ জন ইমবে)

৪। পটাশ ব্রোমাইড ... ... ২৫ গ্রেণ।
ক্লোরাল হাইড্রাস ... ... ১৫ গ্রেণ।
সিরাপ ... . ১ ড্রাম।
একোয়া .. ... ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ২ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ ডব্লিউ, আর, জ্যাক্সন)

৫। ক্লোরাল হাইড্রাস ... ... ১৫ গ্রেণ।
সোডি ব্রোমাইড .. ... ২০ গ্রেণ।
লাইকর মর্ফিয়া ... ... ১০ মিনিম।
স্পিরিট ক্লোরফরম ... ... ১০ মিনিম।
একোয়া ... . ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ৩।৪ ঘণ্টান্তর সেব্য। (ডাঃ মেযার)

৬। পটাশ অথবা সোডা ব্রোমাইড ½—১ ড্রাম।
ক্লোরাল হাইড্রাস ... . ২০ গ্রেণ।
একোয়া .. .. ১ ঔন্স।
একমাত্রা, প্রত্যেক মাত্রা ২।৩ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ বার্ণী ইও)

৭। পাল্‌ভ ফাইজষ্টিগ্‌ মেটা ... ১ ড্রাম।
— রিয়াই ... ... ১ ড্রাম।
২০ পুরিয়া, প্রত্যেক পুরিয়া ৪ ঘণ্টান্তর সেব্য।
(ডাঃ উইলিয়াম কেন্‌উইক

৮। একষ্ট্রাক্ট ফাইজষ্টিগ্মেটিস ... ½ গ্রেণ।
পরিশ্রুত জল ... ২০—৩০ মিনিম।
ত্বকনিম্নে পিচকারী দ্বারা প্রযোজ্য।

(প্রঃ রবার্ট বার্থলো)

Ulcer, অল্সার।

ক্ষত।

পূয়ঃস্রাবী ত্বকবিচ্ছিন্নতাকে ক্ষত কহে।

কারণ—ইহা নিম্নলিখিত দুই প্রকার কারণ বশতঃ উৎপন্ন হইয়া থাকে। (১) বাহ্যিক যথা—আঘাত, রাসায়নিক উত্তেজনা, উত্তাপ, শৈত্য, অধিকক্ষণ স্থায়ী চাপ ইত্যাদি। (২) আভ্যন্তরিক যথা—তরুণ বা পুরাতন প্রদাহ অথবা পরিপুষ্টির হ্রাস বশতঃ বৈধানিক পরিবর্ত্তন।

ক্ষত ৮ প্রকার যথা—(১) হেল্দি অল্সার বা সুস্থ ক্ষত। (২) উইক অল্সার বা ক্ষীণ ক্ষত। (৩) ইণ্ডোলেণ্ট, ক্যালাস অথবা ক্রনিক অল্সার বা একভাবে স্থায়ী পুরাতন ক্ষত। (৪) ইন্‌ফ্লেমড্ বা প্রাদাহিক ক্ষত। (৫) ইরিটেব্‌ল্ বা উত্তেজক ক্ষত। (৬) বিস্তৃত প্রাদাহিক ও বিগলিত ভাবাপন্ন ক্ষত। (৭) ভেরি-কোজ বা কুণ্ডলাকৃতি শৈরিক ক্ষত। (৮) হেমরেজিক বা রক্ত-স্রাবী ক্ষত।

(১) সুস্থ ক্ষত—ইহা ক্ষুদ্র মাংসাঙ্কুর দ্বারা আবৃত দেখা যায় এবং সামান্য স্পর্শজনিত আঘাতেই উহা হইতে রক্তস্রাব হইতে থাকে। ধারগুলি ক্ষতের সঙ্গে সমতল, ক্ষতের চতুষ্পার্শ্বে কোন কাঠিন্য থাকে না এবং উহা হইতে দুর্গন্ধবিহীন সুস্থ পূয়ঃ নির্গত হইতে থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

ইহা অতি সহজেই আরোগ্য হইয়া যায়। ক্ষতযুক্ত স্থান সম্পূর্ণ বিশ্রামে রাখিতে হইবে। এবং সাধারণ পচন নিবারক লোশন দ্বারা ধৌত করিয়া ক্ষীণ কার্ব্বলিক অয়েল বা বোরেসিক এসিড মলম বা অনুত্তেজক পচন নিবারক ঔষধ প্রয়োগ করিবে, অতঃপর এবসর্ব্বেণ্ট কটন দিয়া ব্যাণ্ডেজ বান্ধিয়া দিবে।

(২) উইক বা ক্ষীণ ক্ষত—ইহাতে মাংসাঙ্কুরগুলি বিবর্ণ, স্ফীত এবং ক্ষত ছাড়িয়া উচ্চ হইয়া উঠে, এমন কি ধারগুলি উহাদ্বারা ঢাকিয়া যায়, এবং ক্ষত হইতে পাতলা জলবৎ পূযঃ নির্গত হইতে থাকে, কিন্তু ক্ষতে বেদনা থাকেনা।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথমেই নাইট্রেট অব্ সিল্‌ভার বা নাইট্রিক এসিড দ্বারা মাংসাঙ্কুরের বর্দ্ধন হ্রাস করা উচিত। অতঃপর সঙ্কোচক লোশন, অক্সাইড অব জিঙ্ক, অক্সাইড অব্ জিঙ্ক এবং ষ্টার্চ, ট্যানিক এসিড অথবা নাইট্রেট্ অব্ লেড্ প্রয়োগ করা কর্ত্তব্য। রোগীর স্বাস্থ্য ভঙ্গ হইলে বলকারক ঔষধ এবং তিক্ত সঙ্কোচক ঔষধ ব্যবহার্য্য।

(৩) পুরাতন ক্ষত—এই প্রকার ক্ষতে ধার অপেক্ষা মধ্য-ভাগ অনেক নিচু থাকে, ধারগুলি কঠিন, অসমান, উচ্চ এবং চতুষ্পার্শ্ব কঠিন উচ্চ এবং উহার শিরাগুলি জড়ান জড়ান থাকে। পূয়ঃ অত্যন্ত পাতলা, অম্ল এবং ঈষৎ হরিদ্রাভ জলের ন্যায়। ক্ষতের যন্ত্রণা রাত্রিতে অত্যন্ত বেশী হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

চতুষ্পার্শ্বের এবং ধারের কাঠিন্য নিবারণ জন্য রেজিন, সোপ অথবা রেজিন এবং সোপ প্লাষ্টার একত্রে প্রয়োগ করা যাইতে

পাবে। প্রত্যেকবার প্ল্যাষ্টার পরিবর্ত্তনের সময় ক্ষতের মধ্যভাগ কষ্টিক বা তীব্র উত্তেজক লোশন যথা—২০ ভাগে একভাগ কার্ব্বলিক এসিড দ্রব বা এক ঔন্সে ২০ গ্রেণ ক্লোরাইড অব্ জিঙ্ক দ্রব দ্বারা ধৌত করা উচিত। কেহ কেহ কাঠিন্য দূর করিবার জন্য প্ল্যাষ্টার দিয়া তদুপরি পুল্‌টিস্ প্রয়োগ করিতে বলেন। অনেক দিন স্থায়ী ক্ষতের কাঠিন্যতা কর্ত্তন দ্বারা দূর করাই কর্ত্তব্য।

(৪) উত্তেজক ক্ষত—ইহা স্নায়বিক ধাতুবিশিষ্ট এবং রক্তাল্পতাযুক্ত স্ত্রীলোকদিগের মধ্যে অধিক দেখিতে পাওয়া যায়। ক্ষত প্রায়ই অসমান এবং স্লাফ দ্বারা আবৃত থাকে। ধারগুলি অসম ও চতুষ্পার্শ রক্তবর্ণ এবং চক্‌চকে দেখা যায়, ক্ষত হইতে পাতলা রক্ত মিশ্রিত পূযঃ নির্গত হইতে থাকে ও ক্ষতের অসহ্য যন্ত্রণা হয়। সামান্য একটু জল দিলে ধরে এবং যন্ত্রণা হয়।

চিকিৎসা বিষয়ক টীকা।

প্রথম হইতেই বেদনা দূর করা আবশ্যক। তজ্জন্য ত্বকনিম্নে মর্ফিয়ার পিচকারী, ওপিয়াম সেবন এবং বাহিক প্রয়োগের জন্য ওপিয়াম এবং লেড লোশন ব্যবহার্য্য। সঙ্গে সঙ্গে রোগীর স্বাস্থ্যোন্নতির জন্য বলকারক ঔষধ দেওয়া কর্ত্তব্য। বেদনা নিবারিত হইলেই ক্ষত সহজে আরোগ্য হইবার সম্ভাবনা।

(৫) প্রাদাহিক ক্ষত—সকল প্রকার ক্ষতই প্রদাহযুক্ত হইতে পারে। সচরাচর ইণ্ডোলেণ্ট অনুসারে রোগীর স্বাস্থ্যের বৈলক্ষণ্য বশতঃ এই পরিবর্ত্তন ঘটিতে পারে।

লক্ষণ—ইহাতে ক্ষতের মধ্যভাগে স্লাফ দ্বারা আবৃত থাকে। ধারগুলি স্ফীত, উল্‌টান ও উত্তাপ বিশিষ্ট থাকে। ক্ষত হইতে দুর্গন্ধযুক্ত রক্ত মিশ্রিত পূযঃ নির্গত হয় এবং ঐ পূযঃ যেস্থানে লাগে সেই স্থানের উত্তেজনা হয়। ক্ষতে দব্‌দবে বেদনা থাকে।

ঔষধ বিষয়ক টীকা।

ক্ষতযুক্ত স্থান বিশ্রামে রাখা ও তদুপরি পুলটিশ প্রয়োগ এই দুইটিই প্রধান ঔষধ। কেহ কেহ ক্ষতের চারিধারে ৩।৪টি জলৌকা বসাইতে বলেন। প্রদাহ উপসমিত হইলে সাধারণ চিকিৎসাতেই ক্ষত আরোগ্য হইতে পারে।

(৬) স্লাফিং বা বিগলিত ভাবাপন্ন ক্ষত—যখন প্রদাহযুক্ত ক্ষত বিস্তৃত হয়, তখন উহার ধারগুলি ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হইয়া পচন বৃদ্ধি হইতে থাকে। ক্ষতাংশ কৃষ্ণবর্ণ বা ধূসরবর্ণ স্লাফ দ্বারা আবৃত ও ধারগুলি কাটা কাটা এবং উহার নিম্নে ক্ষয় হইতে থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

ক্ষত স্থান সম্পূর্ণ বিশ্রামে রাখিয়া আভ্যন্তরিক ওপিয়াম সেবন ও বাহ্যিক ওপিয়াম লোশন প্রয়োগে প্রদাহের বিস্তৃতি নিবারিত হইতে পারে। যাহাতে স্লাফ উঠিয়া গিয়া আর না হইতে পারে তাহার চেষ্টা করা উচিত। চারকোল পুলটিশ দ্বারা স্লাফ উঠিয়া যাইতে পারে কিন্তু কখন কখন পুলটিশ ব্যবহারে স্লাফ বৃদ্ধি হয়। আইডফরম বা এবিষ্টল প্রয়োগে অনেক সময় স্লাফ বিদূরিত হয়। টিং বেঞ্জোইন কোঃ সময়ে সময়ে ব্যবহৃত হইয়া থাকে। যদি স্লাফের নীচে বা পার্শ্বে ক্ষত অতি ক্ষীণ হয় তাহা হইলে বাল্সাম পেরু প্রয়োগ করা যাইতে পারে। বেদনা নিবারণার্থ ওপিয়মই একমাত্র ঔষধ।

(৭) ভেরিকোজ বা কুণ্ডলাকৃতি শৈরিক ক্ষত—ইহা জড়ান শিরার উত্তেজনা বশতঃ উৎপন্ন হয়। ইহা প্রায়ই প্রদাহযুক্ত, উত্তেজনা বিশিষ্ট ইণ্ডোলেণ্ট ক্ষত। সামান্য কারণেই ইহা হইতে

রক্তস্রাব হয়। মার্টিনের ইল্যাষ্টিক ব্যাণ্ডেজ ব্যবহারে এই ক্ষতের অবস্থা ভাল হয।

(৮) হেমরেজিক বা রক্তস্রাবী ক্ষত—যে সকল রোগী এনিমিনোবিয়া, স্কার্ব্বি, পুরাতন জণ্ডিস রোগাক্রান্ত হয়, অথবা যাহারা রক্তস্রাবী ধাতুবিশিষ্ট লোক, তাহাদের মধ্যেই এইরূপ ক্ষত দেখিতে পাওয়া যায়। ক্ষত দেখিতে উত্তেজক ক্ষতের ন্যায় এবং ইহা হইতে সর্ব্বদাই অল্প অল্প রক্ত নির্গত হইতে থাকে।

চিকিৎসা বিষয়ক টীকা।

রক্ত প্রধান ধাতুর ও রক্তস্রাবের চিকিৎসা করা সর্ব্বতোভাবে বিধেয়। রক্তস্রাব বন্ধ হইলে ক্ষত সহজেই আরোগ্য হইয়া যায়।

ঔষধ বিষয়ক টীকা।

এল্‌কোহল—ইহা ক্ষতের উত্তম স্থানিক প্রয়োগ।

এলাম—যে সকল ক্ষত হইতে অধিক পরিমাণে স্রাব হয়, উহার উপর ইহার চূর্ণ প্রয়োগে উপকার দর্শে।

আর্জেণ্টাই নাইট্রাস—পুরাতন ক্ষতে ইহা উত্তেজক প্রয়োগরূপে ব্যবহৃত হয়।

এসিষ্টল—কতকগুলি বিশেষ ক্ষতে ইহার চূর্ণ প্রয়োগে উত্তম ফল পাওয়া যায়।

বাল্‌সাম পেরু—অনুত্তেজক ও ক্ষীণ ইত্যাদি ক্ষতে ইহা অতি উত্তম উত্তেজক প্রয়োগ।

বিশমথ—ইহাও একটি উত্তম সঙ্কোচক প্রয়োগ।

বোরেসিক—ইহা একটি অতি মূল্যবান পচন নিবারক ঔষধ।

কেডিনি ওলিয়াম—ইহা তারের এক প্রকার প্রয়োগরূপ। স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

কার্ব্বো লিগ্‌নাই বা চারকোল—বিগলিত ক্ষতে দুর্গন্ধহারকরূপে ব্যবহৃত হয়।

কার্ব্বলিক এসিড—ইহা একটি ক্ষতের মহামূল্য পচন নিবারক ঔষধ। সকল প্রকার ক্ষতেই ইহা ব্যবহৃত হয়।

কার্ব্বনিস সাল্‌ফাইড ইণ্ডোলেণ্ট ক্ষতে বিশেষ উপকারী।

ক্লোরাল হাইড্রাস—দুর্গন্ধযুক্ত তরুণ ক্ষতে ইহা লোশনরূপে ব্যবহৃত হয়।

ক্লোরিন ওয়াটার—বিগলিত দুর্গন্ধযুক্ত ক্ষতে দুর্গন্ধহারকরূপে ব্যবহৃত হয়।

সিঙ্কোনা—কখন কখন সিঙ্কোনা বার্কের চূর্ণ, দুর্গন্ধযুক্ত, ফ্যাক্‌ফেকে বা বিগলিত ক্ষতের উপর প্রয়োগে ক্ষত সুস্থাবস্থা প্রাপ্ত হইতে দেখা গিয়াছে।

কোনিয়াম—অন্যান্য মলম সহ বেদনা নিবারণার্থ ব্যবহৃত হয়।

ক্রিটা প্রেপারেটা—অনেক স্নিগ্ধকারক মলম সহ ব্যবহৃত হইয়া থাকে।

কুপ্রাম—ক্ষীণ বা নিস্তেজ ক্ষতে উত্তেজক প্রয়োগরূপে ব্যবহৃত হয়।

ফক্‌সিন—বেদনাদায়ক ও দুর্গন্ধযুক্ত নিস্তেজ ক্ষতে ডাঃ বোজেন্‌বার্গ ইহার বিশেষ প্রশংসা করেন।

ফক্‌সিন্	...	$\frac{1}{10}$ গ্রেণ।
এলকোহল	...	$\frac{1}{2}$ ঔন্স।
ওয়াটার	...	$\frac{1}{2}$ ঔন্স।

গরম জলে ক্ষত ধৌত করিয়া উপরোক্ত লোশনে লিণ্ট ভিজাইয়া প্রয়োগ করিবে।

গ্লিসাবিন—শুদ্ধ গ্লিসারিন অথবা গ্লিসারিন এবং কার্ব্বলিক এসিড অনেক সময উত্তম স্থানিক প্রয়োগরূপে ব্যবহৃত হয়।

হাইড্রার্জাইবাই পারক্লোরাইড—ক্ষত ধৌতের ইহ উত্তম পচন নিবারক ঔষধ।

আইডফরম—ইহা একটি মহামূল্য পচন নিবারক ঔষধ। ইহাব চূর্ণ বিস্তৃত, বেদনাজনক অথবা বিগলিত ক্ষতে প্রয়োগ কবিলে তৎক্ষণাৎ উপকাব দৃষ্ট হয়।

নাইট্রিক এসিড—নাইট্রিক এসিড ডিল অসুস্থ ক্ষতে উত্তেজক প্রয়োগরূপে ব্যবহৃত হইয়া থাকে।

ওপিযাম—উত্তেজক ক্ষতে ইহাব লোশন উত্তেজনা এবং বেদনা নিবাবণেব জন্য ব্যবহৃত হইয়া থাকে।

পিক্স লিকুইড বা টাব—দুর্গন্ধযুক্ত নিস্তেজ ক্ষতে ইহার মলম সময়ে সময়ে ব্যবহৃত হয়।

প্লম্বাম—গোলার্ডস লোশন কখন কখন ওপিযাম সহ স্থানিক প্রযোগরূপে ব্যবহৃত হয।

পটাশি পাবম্যানগেনাস—ইহা অতি উত্তম পচন নিবাবক, দুর্গন্ধ-হাবক এবং মৃদু উত্তেজক স্থানিক প্রযোগ।

কুইনি সাল্ফাস্—ডাঃ সি. আই, উইলিযাম পুবাতন ক্ষতে নিম্ন-লিখিত স্থানিক প্রযোগেব বিশেষ প্রশংসা কবেন।

কুইনি সাল্ফ	...	১ ড্রাম।
আইডফরম	...	২০ গ্রেণ।

ক্ষতে ছড়াইয়া দিতে হইবে।

বিসমিন—নিস্তেজ ও বিগলিত ক্ষতে ইহা প্রয়োগে উপকার দর্শে।

স্যালল এবং সেলিসিলিক এসিড—স্থানিক উত্তেজক, প্রয়োগরূপে

ব্যবহৃত হয়। ড্রেসিং দিবার পূর্ব্বে নিম্নলিখিত চূর্ণ স্থানিক প্রয়োগ জন্য ব্যবহৃত হয়।

স্যালল	...	১ ভাগ।
ষ্টার্চ	...	২ ভাগ।

সোডিয়াই বাইবোরাস—মিঃ থমসন গ্রিন্ পুরাতন ক্ষতে নিম্নলিখিত লোশনের প্রশংসা করেন।

সোডিয়াই বাইবোরাস	...	½ ড্রাম।
টিং লেভিণ্ডিউলি কোঃ	...	১½ ড্রাম।
গ্লিসারিন	..	১½ ঔন্স।
একোয়া	...	৬ ঔন্স।

সাল্‌ফাইড্ অব্ ক্যাল্‌সিয়াম—যদি ক্ষত হইতে জলবৎ পাতলা অসুস্থ পূয়ঃ নির্গত হয়, তাহা হইলে ডাঃ রিঙ্গার বলেন যে, ইহা প্রয়োগে পূয়ের অবস্থা উন্নতি হয়।

সাল্‌ফিউরাস এসিড—ইহার দ্রব ক্ষত ধৌত জন্য ব্যবহৃত হয়।

ট্যানিক এসিড—বর্দ্ধিত মাংসাঙ্কুরবিশিষ্ট ও অধিক পূয়স্রাবী ক্ষতে ইহা প্রয়োগে কখন কখন উপকার দর্শে।

জিন্সাই সাল্‌ফাস্—ইহা একটি উত্তেজক ও সঙ্কোচক ঔষধ। ইহা প্রয়োগে স্রাবের হ্রাস এবং ক্ষতের অবস্থা ভাল হয়।

ব্যবস্থা পত্র।

লোশন।

কার্ব্বলিক এসিড লোশন।

১। এসিড কার্ব্বলিক	...	...	২৪ গ্রেণ।
পরিশ্রুত জল	...	...	১ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

২। কার্ব্বলিক এসিড ... ... ১ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ৮ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

লোশিও পার্‌মেনগ্যানেটিস বা কণ্ডিজ লোশন।

৩। কণ্ডিজ ফ্লুইড . . ১ ড্রাম।
অথবা, লাইকর পটাশি পারমেনগ্যানাস ১ ড্রাম।
একোয়া . ৫ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

লোশিও হাইড্রার্জাইরাই পারক্লোরাইড।

৪। হাইড্রার্জাইরাই পারক্লোরাইড ... ১ গ্রেণ।
এমন মিউরাস ... ... ৬ গ্রেণ।
পরিশ্রুত জল ... . ৬ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

লোশিও আর্জেণ্টাই নাইট্রাস।

৫। আর্জেণ্টাই নাইট্রাস ... ৪০—৬০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

লোশন, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

লোশিও কুপ্রাই সাল্‌ফাস্।

৬। কুপ্রাই সাল্‌ফাস্ ... ১০—২০ গ্রেণ।
পরিশ্রুত জল ... ... ১ ঔন্স।

লোশন, অসুস্থ মাংসাঙ্কুরে এবং ইণ্ডোলেণ্ট ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

৭।	জিঙ্কাই সাল্‌ফাস্	... ...	১৬ গ্রেণ।
	টিং লেভেণ্ডিউলি কোঃ	... ...	১ ড্রাম।
	স্পিঃ রোজ মেবিনি	... ...	১ ড্রাম।
	একোয়া	... ...	৮ ঔন্স।

লোশন, অসুস্থ মাংসাঙ্কুব সহ দুর্ব্বল ক্ষতে অতি উত্তম স্থানিক প্রয়োগ। (মিঃ এরিকসন)

৮।	আইডফরম	... ...	১ ড্রাম।
	এল্‌কোহল	... ...	২ ঔন্স।
	গ্লিসারিন	... ..	৪ ঔন্স।

প্রথমে ক্ষত উপরোক্ত লোশন দ্বারা ধৌত করিয়া আইডোফরম চূর্ণ ছড়াইয়া দিবে। (ডাঃ পাবিটা)

৯।	ব্রোমিনাই	.. ..	১ ড্রাম।
	একোযা	.. ...	২ ঔন্স।
	পটাশ ব্রোমাইড	...	৩০ গ্রেণ।

লোশন, স্লাফিং এবং বিগলিত ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য। (ডাঃ আই, এইচ, ব্রিণ্টন)

ক্লোবাল লোশন।

১০।	ক্লোবাল	... ...	৪ ড্রাম।
	একোযা	..	১ পাইন্ট।

লোশন, দুর্ব্বল এবং স্লাফিং ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য। (ডাঃ টি, এস্, ডাউসি)

১১।	ক্লোবাল	... ...	৪ ড্রাম।
	গ্লিসারিন	... ...	১ ঔন্স।
	ওযাটার	... ..	১৬ ঔন্স।

দুর্ব্বল এবং স্লাফিং ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

(ঐ)

১২। ক্লোবাল ... ... ৪ ড্রাম।
ক্লোবিনেটেড্ জিঙ্ক লোশন ... ৪ ড্রাম।
ওযাটাব ... . ৬ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য ব্যবহার্য্য। (ঐ)

১৩। ক্লোবাল ... ... ৪ ড্রাম।
লাইকব ফেরি পাবক্লোবাইড ... ২ ড্রাম।
স্থানিক প্রয়োগেব জন্য ব্যবহার্য। (ঐ)

১৪। ক্লোবাল ... ... ৪ ড্রাম।
একোয়া .. ... ১ ঔন্স।
স্থানিক প্রযোগেব জন্য ব্যবহার্য্য।

১৫। লাইকব সোডি ক্লোবিনেটি .. ৪ ঔন্স।
একোযা ... ... ৮ ঔন্স।
লোশন, স্থানিক প্রযোগেব জন্য ব্যবহার্য্য।

১৬। আইডফবম ... ... ১৫ গ্রেণ।
ইথাবিস ... ... ১ ড্রাম।
দুরূহ এবং উত্তেজক ক্ষতে স্থানিক প্রযোগেব জন্য ব্যবহার্য্য।

১৭। আইডফবম ... ... ৫ গ্রেণ।
ফ্লেক্সাইল্ কলোডিয়ান .. ১ ড্রাম।
উপদংশ জনিত ক্ষতে স্থানিক প্রযোগেব জন্য ব্যবহার্য্য।

১৮। হাইড্রার্জাইবাই ক্লোবাইড কবোসাইভাস ৩ গ্রেণ।
স্পিবিট ফ্রুমেণ্টাই .. ... ১ পাইণ্ট।
ইণ্ডোলেণ্ট এবং স্ক্রফিউলা জনিত ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

১৯। পেপ্‌সিন্ ... ... ½ ঔন্স।
এসিড ল্যাক্‌টিক্ .. ... ১ ড্রাম।
একোয়া ... ... ৩½ ঔন্স।

ফ্যাজিডেনিক এবং ক্যানসারাস ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

২০। এমিলাই ... .. ১ ঔন্স।
লাইকর আইওডাই .. .. ১ ঔন্স।
গ্লিসারিন ... ... ২ ঔন্স।
একোয়া ... .. ২ ঔন্স।

দুর্গন্ধময় অপরিষ্কৃত ক্ষতে স্থানিক প্রযোজ্য।

২১। ক্যাল্‌সিয়াই ক্লোরাইড . ১ ড্রাম।
পাল্‌ভ্‌ ওপিয়াই .. ... ১½ ড্রাম।
পরিশ্রুত জল ... ... ৫ ঔন্স।

ইণ্ডোলেণ্ট ক্ষতে লিণ্ট ভিজাইয়া প্রয়োগ করিতে হইবে।

অয়েল বা তৈল।

২২। কার্ব্বলিক এসিড ১ ড্রাম।
অলিভ অয়েল . ... ১ ঔন্স।

সুস্থ ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

২৩। আইডফরম . ½—১ ড্রাম।
অলিভ অয়েল ... ... ১ ঔন্স।

উত্তাপ দ্বারা দ্রব করিয়া স্থানিক প্রয়োগ করিতে হইবে।

২৪। বাল্‌সাম পেরু ... ... ১ ঔন্স।
অয়েল রিসিনি .. ... ২ ঔন্স।

শয্যাক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

(ডাঃ আর, আই, গ্রেবর্ন্)

২৫। ওলিয়াই কেডিনাই ... ... ১ ঔন্স।
পাল্ভ ক্যাল্সিস্ সাল্ফেট্স্ ... ৬ ঔন্স।

ক্ষতে পূয়ঃ নিঃসরণ অধিক হইলে, ইহা ছড়াইয়া দিয়া তদুপরি ড্রেসিং দিতে হইবে।

মলম।

২৬। জিঙ্কাই অক্সাইড ... ৮০ গ্রেণ।
বেঞ্জোয়েটেড্ লার্ড অথবা সিম্পল মলম ১ ঔন্স।

সুস্থ ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

২৭। বোরেসিক এসিড ... ... ১ ভাগ।
কোমল প্যারাফিন ... ৪ ভাগ।
কঠিন প্যারাফিন ... ... ২ ভাগ।

প্রথমে প্যারাফিন গলাইয়া পরে বোরাসিক এসিড মিশ্রিত করিতে হইবে।

সার জেসফ্ লিষ্টার্স বোরেসিক এসিড মলম।

২৮। শ্বেত মোম ... ... ১ ভাগ।
প্যারাফিন ... ... ২ ভাগ।
এমণ্ড অয়েল ... ... ২ ভাগ।
বোরাসিক এসিড ... ... ১ ভাগ।

প্রথমে প্যারাফিন এবং মোম গলাইয়া পরে বোরাসিক এসিড এবং এমণ্ড অয়েল মিশ্রিত করিতে হইবে।

২৯। প্যারাফিন ... ... ৫ ভাগ।
ভেসিলিন ... ... ৫ ভাগ।
বোরেসিক এসিড ... ... ২ ভাগ।

স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য। (ডাঃ মার্টিণ্ডল)।

৩০। আইডফরম ... ... ১ ড্রাম।
বেঞ্জোয়েটেড লার্ড ... ... ৯ ড্রাম।
মলম, স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

৩১। আইডফরম ... ... ১ ড্রাম।
অয়েল ইউক্যালিপ্টাস ... ১ ঔন্স।
মৃদু সন্তাপে দ্রব করিয়া—
প্যারাফিন ... ... ২ ঔন্স।
ভেসিলিন ... ... ২½ ঔন্স।
মিশ্রিত করিয়া শীতল হইলে পর স্থানিক প্রয়োগ করিতে হইবে।

৩৩। আইডফরম ... ... ১ ভাগ।
বাল্‌সাম্ পেরু ... ... ২ ভাগ।
ভেসিলিন অথবা লার্ড ... ... ৮ ভাগ।
মলম, ঔপদংশিক ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়।

৩৪। এরিষ্টল ... ১—২ ড্রাম।
ইণ্ডোলেণ্ট ক্ষতে ছড়াইয়া দিতে হইবে।

৩৫। আইওডল্ ... ... ১ ভাগ।
ভেসিলিন ... ... ৫ ভাগ।
মলম, ইণ্ডোলেণ্ট ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য

৩৬। রিসর্সিন ... ২০—৪০ গ্রেণ।
ভেসিলিন ... .. ১ ঔন্স।
মলম, ঔপদংশিক স্লাফিং এবং ইণ্ডোলেণ্ট ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

৩৭। অঙ্গুয়েণ্টাম রেজিনি ... ... ১ ভাগ।
বাল্সাম্ পেরু ... ... ১ ভাগ।

মলম, সিনাইল ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

(সার জেমস প্যাজেট)।

৩৮। ক্রিয়েজোট ... ... ২০ মিনিম।
অঙ্গুয়েণ্টাম্ রেজিনি ... ... ১ ঔন্স।
লার্ড ... ... ১ ঔন্স।

মলম, ইণ্ডোলেণ্ট এবং স্লাফিং ক্ষতে উত্তম স্থানিক প্রয়োগ।

ডাঃ কার্কল্যাণ্ডের মলম।

৩৯। এম্প্ল্যাষ্ট্রাম্ প্লম্বাই .. ... ১ ঔন্স।
ক্রিটা প্রিপারেটা ... ... ½ ঔন্স।
অয়েল অলিভ ... ... ½ ঔন্স।
এসিড এসিটিক ... ... ½ ঔন্স।
প্লম্বাই এসিটাস .. .. ২০ গ্রেণ।

উত্তেজক ক্ষতে বেশ স্নিগ্ধকারক প্রয়োগ।

৪০। বাল্সাম্ পেরু ... ... ৪ ড্রাম।

দুর্ব্বল এবং ইণ্ডোলেণ্ট ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

৪১। টিং বেঞ্জোইন কোঃ ... ১—২ ড্রাম।
অঙ্গুয়েণ্টাম জিঙ্কাই ... ... ১ ঔন্স।

মলম, ইণ্ডোলেণ্ট এবং স্লাফিং ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

৪২। টিং বেঞ্জোইন কোঃ ... ২—৪ ড্রাম।

স্লাফিং ক্ষতে স্থানিক প্রয়োগের জন্য ব্যবহার্য্য।

ব্যবস্থা-সংগ্রহ দ্বিতীয় ভাগ।

সমাপ্ত।

ভ্রম সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২৯	১৯	বিবৃদ্ধি	বর্দ্ধিত
৩৫	১৩	ব্রঘ্ন	ব্রগ্ন
৩৭	৩	প্রভুতি	প্রভৃতি
৩৮	৫	হইবে	কিন্তু যদি
৪০	২১	মাংশাঙ্কুব	মাংসাঙ্কুব
৬৩			২০ নং ব্যবস্থা পত্রের ঔষধ ধৌত করিবার জন্য।
৯৬	৭	ওযাবট্	ওযার্ট
৯৮	২২	হস্তে	হস্তে
১০৮			১০নং ব্যবস্থা পত্রেব ঔষধ ১২ পুরিয়া প্রস্তুত কবিয়া, প্রত্যেক পুবিয়া ১৫।৩০ মিনিট অন্তর সেব্য।
১২০	২৩	ইউডিক্যালিপ্টাস্	ইউক্যালিপ্টাস্
১৩৯	৭	২৩ মিনিম	২।৩ মিনিম
১৪১	২	প্রয়োষ্য	প্রয়োজ্য
১৪৩	৩	শ্লেষ্মিক	শ্লৈষ্মিক
১৬২	২২	কেত্তলিন	ক্রিওলিন
১৬৬	২৫	কম্পান্বিত	কম্পান্বিত
১৯০	২১	পরেক্লোরাইড	পাবক্লোরাইড
১৯৯	১৯	ব্রেমিটিণ্ট	রেমিট্টেণ্ট

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২০০	২৪	ষ্ট্যাকিলোমা	ষ্ট্যাফিলোমা
২৩৩	৮	সমষ্টি	সমষ্টি ও ঔষধ
২৪৯	৪	দুরিভূত	দুরীভূত
২৫১			৬নং ব্যব্যস্থা পত্রের ঔষধ পিচকাবী দিবাব জন্য।
২৫৯	১৮	ভাল্‌তায়	ভাল্‌ভায়
২৬৮	৯	২১	২।১
২৬৮	১৫	দেথেতে	দেখিতে
২৭৪	১	ক্রমাবিয়া	ক্রামারিয়া
২৮২	১০	অমাবশ্যা	অমাবস্যা
২৯১	১৬	২৩	২।৩
২৯১	১	Bites of Stings	Bites and Stings
২৯৫	১১	ফাট্‌ফোট	ফাট্‌ফাট্
৩০৯	৮	শঙ্গে	সঙ্গে
৩১১	৭	প্যাঙ্কিবিয়াটিকাস্	প্যাঙ্ক্রিয়াটিকাস্
৩২১	১৮	ইউক্যালিণ্টাস্	ইউক্যালিপ্টাস্
৩৩৬	৬	৮ ড্রাম	১ ড্রাম
৩৩৬			৭ নং ব্যবস্থা পত্রেব ঔষধ এক মাত্রা।
৩৩৮	৩	গাগিযা	লাগিয়া
৩৫৯	৯	সাজ্জা	সার্জ্জা
৩৬৭	৯১	সিম্পিসিস	সিম্পি্সিস
৩৬৮	৯	প্রাতঃকালীনি	প্রাতঃকালীন
৩৭০			২।৩নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩৭৭			১।৩।৪নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।
৩৭৮			৭,৮।৯নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।
৩৮০			১৬নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।
৩৮৪	১০	স্রেণীবদ্ধ	শ্রেণীবদ্ধ
৪১২			৫নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।
৪১৯	৮	টাইকোফাইটিনা	ট্রাইকোফাইটিনা
৪২৫			১নং ব্যবস্থা পত্রের ঔষধ প্রত্যহ তিন মাত্রা সেব্য।
৪২৯	২৪	শুস্কতা	শুষ্কতা
৪৩০	১	স্বেতবর্ণ ঈষদুষ্ট	শ্বেতবর্ণ ঈষদুষ্ণ
ঐ	ঐ	দুষ্ঠ	দুষ্ট
৪৩৪	১২	কার্ব্বনিক	কার্ব্বলিক
৪৩৭			১৫নং ব্যবস্থা পত্রের ঔষধ স্থানিক প্রয়োগের জন্য।
৪৩৯			২৬নং ব্যবস্থা পত্রের ঔষধ কবল করিবার জন্য।
৪৫৩	১০	অবশম্ভাবী	অবশ্যম্ভাবী
৪৫৬			১৬নং ব্যবস্থা পত্রে অথবা, সিরাপ সার্জ্জা কোঃ" বাদ দিতে হইবে।

ডাঃ বি, বি, চাটুর্জ্জি এম, বি, প্রণীত

"ব্যবস্থা-সংগ্রহ"।

প্রথম ভাগ।

মূল্য ২৲ টাকা।

ইহাতে প্রত্যেক ঔষধ চিকিৎসা রোগের ব্যবহৃত ঔষধের তালীকা, নূতন ঔষধের মাত্রা, ক্রিয়া ও প্রয়োগরূপ, ঔষধ বিষয়ক টীকা, চিকিৎসা, আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগ এবং ব্যবস্থাপত্র লিখিত হইয়াছে।

নিম্নলিখিত ঠিকানায় প্রাপ্তব্য।

ডাঃ বি, বি, চাটুর্জ্জি এম্, বি, মেডিক্যাল অফিসার দিঘাপতিয়া রাজ ষ্টেট। পোঃ আঃ দিঘাপতিয়া, জেলা রাজসাহী।
বাবু গুরুদাস চট্টোপাধ্যায়, বেঙ্গল মেডিক্যাল লাইব্রেরি। নং ২০১ কর্ণওয়ালীস ষ্ট্রীট, কলিকাতা।

প্রশংসা পত্র।

১। ডাক্তর বি. বি, চাটুর্জ্জি প্রণীত "ব্যবস্থা-সংগ্রহ" নামক পুস্তকখানি অতি উত্তম হইয়াছে, ইহা প্রত্যেক হস্পিট্যাল এসিষ্ট্যান্টের এক এক খানি রাখা কর্ত্তব্য।

(স্বাঃ) জি, ফ্রেঞ্চ, মুলান এম, ডি,
সিভিল সার্জ্জন, রাজসাহী।

২। ডাঃ বি, বি, চাটুর্জ্জি কৃত ব্যবস্থাসংগ্রহে লিখিত নূতন ঔষধ গুলির ও সমস্ত রোগের ব্যবস্থা পত্র বিশদরূপে লিখিত হইয়াছে। চিকিৎসা-ব্যবসায়ীগণ বিশেষত নেটিব ডাক্তারগণ যাঁহারা বহুমূল্যের পুস্তক ক্রয় করিতে অক্ষম তাঁহাদের পক্ষে ইহা বড়ই আদবেব হইয়াছে।

(স্বাঃ) গুরুচবণ দাসগুপ্ত এল, এম, এস,
সিভিল মেডিক্যাল অফিসাব
পোর্ট ব্লেযাব আণ্ডেমান দ্বীপ।

৩। "ব্যবস্থা-সংগ্রহ" পাঠে প্রীত হইলাম। চিকিৎসা ব্যবসায়ীগণ মধ্যে যাঁহাবা অন্য পুস্তক বা চিকিৎসকেব সাহায্য গ্রহণ কবিতে পাবেন না, তাঁহাদেব পক্ষে ইহা বিশেষ উপকাবী হইয়াছে। আমি নিজ ব্যবহাবার্থ ইহা সর্ব্বদা সঙ্গে বাখিব।

(স্বাঃ) এস্, কে, বায চৌধুবী এম, বি,
বারুইপুব।

৪। "ব্যবস্থা-সংগ্রহ" অতি উত্তম হইযাছে। আমার মর্তে, বাঙ্গালা ভাষায়, এই প্রকাবের পুস্তকেব মধ্যে ইহাই সর্ব্বোৎকৃষ্ট।

(স্বাঃ) কে, আচার্য্য এম্, বি,
রাজসাহী।

৫। আপনাব প্রণীত "ব্যবস্থা-সংগ্রহ" পাঠে প্রীত হইলাম। ইহাতে নূতন নূতন ঔষধেব প্রযোগরূপ, মাত্রা ও সম্মিলন বিশদ ভাবে লিখিত হইয়াছে। মফস্বলস্থ চিকিৎসকগণ এই পুস্তকস্থিত ব্যবস্থা-পত্র সাহায্যে উত্তমরূপে যাবতীয় রোগের চিকিৎসা করিতে পারিবেন বলিয়া আহ্লাদিত হইয়াছি।

(স্বাঃ) জে, এন্, গাঙ্গুলী বি, এ, এম্, বি,
২৪ পরগণা :

৬। আপনার পুস্তক উৎকৃষ্ট হইয়াছে। চিকিৎসা-ব্যবসায়ী-গণের মধ্যে যাঁহারা ইংরাজী ভাষা জানেন না তাঁহাদের পক্ষে বিশেষ আবশ্যকীয় হইয়াছে।

(স্বাঃ) সি, এন, চৌধুরী এল্, এম্, এস্,

রাজসাহী।

৭। "ব্যবস্থা-সংগ্রহ" নামক পুস্তক যাঁহাদের জন্য অভিপ্রেত তাঁহাদের পক্ষে অতি উত্তম হইয়াছে।

(স্বাঃ) পি, সি, সিংহ।

শিক্ষক বাঁকীপুর মেডিক্যাল স্কুল।

৮। ডাঃ বি, বি, চাটুর্জ্জি প্রণীত "ব্যবস্থা-সংগ্রহ" নামক পুস্তক চমৎকার হইয়াছে। ইহা দেশমধ্যে পঞ্জিকার ন্যায় আদৃত হইবে এবং ইহাদ্বারা চিকিৎসকগণের বহুদিনের অভাব পূরণ হইবে আশা করি।

(স্বাঃ) জি, এন, দেব, বি, এ, বি, এল,

ডায়মণ্ড হারবার।

৭। আপনার "ব্যবস্থা-সংগ্রহ" নামক পুস্তক চমৎকার হইয়াছে। ইহাদ্বারা এলোপ্যাথিক্ চিকিৎসকগণের বিশেষ উন্নতি হইবে।

(স্বাঃ) এ, এল, বসু ভি, এল, এম্, এস্,

রাহা, দাতব্য চিকিৎসালয়।

১০। "ব্যবস্থা-সংগ্রহ পাঠে সুখী হইলাম। এপর্য্যন্ত এই রূপ সুন্দর ব্যবস্থা পুস্তক প্রস্তুত হয় নাই।

(স্বাঃ) এস্, আব্দুল লতিফ

এসিষ্ট্যাণ্ট ডাক্তার, দাতব্য চিকিৎসালয়

ডিব্রুগড়।

১১। ডাঃ বি, বি, চাটুর্জ্জি প্রণীত "ব্যবস্থা-সংগ্রহ" অতি উত্তম হইয়াছে। বাঙ্গালা ভাষায় এমন উৎকৃষ্ট ব্যবস্থা পুস্তক আর নাই। চিকিৎসা ব্যবসায়ী মাত্রেই ইহার সাহায্যে অনায়াসে সকল রোগের চিকিৎসা করিতে পারিবেন।"

(স্বাঃ) শ্রীঅনাথনাথ সেন
হস্পিটাল এসিষ্টাণ্ট
ঝুনাগতি ডিস্পেন্সরী, যশোহর।

১২। মহাশয়! আপনার সংগৃহীত ব্যবস্থা-সংগ্রহ খানির ব্যবস্থানুসারে যে কয়েকটি ব্যাবাম আমি চিকিৎসা করিলাম তাহার প্রত্যেকটিতেই আনন্দজনক ফল প্রাপ্ত হইয়াছি।

(স্বাঃ) শ্রীকামদানাথ চক্রবর্ত্তী
ডাক্তার, শ্যামনগর।

ব্যবস্থা-সংগ্রহ।

দ্বিতীয় ভাগ।

বা

অস্ত্রচিকিৎস্য রোগ, চক্ষুরোগ, কর্ণরোগ, দন্তরোগ, নাসিকা রোগ বা গলরোগ ও চর্ম্মরোগ ইত্যাদির নিদান, লক্ষণ, চিকিৎসা ও ঔষধ বিষয়ক টীকা এবং ব্যবস্থাপত্র।
